

# The Faculty Journal of Arts

Volume 39 □ June 2025



*The Faculty Journal of Arts*  
Rajshahi University



DOI Prefix

<https://doi.org/10.64487/FJARU.V39>



*The Faculty Journal of Arts*  
Rajshahi University

Vol. 39  
June 2025



Published by  
Professor Dr. Muhammad Belal Hossain  
Dean, Faculty of Arts  
University of Rajshahi  
Rajshahi-6205

Cover Design  
Md. Saidul Islam Shadu

Printed by  
Uttoran Offset Printing Press  
Kadirgonj, Rajshahi-6100

Price : Tk. 600.00 \$ 5

Contact Address  
Chief Editor, *Faculty of Arts*  
Deans Complex  
University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

E-mail: dean.arts@ru.ac.bd  
<https://www.ru.ac.bd/arts/publications/>  
[www.ru.ac.bd/arts](http://www.ru.ac.bd/arts)

DOI Prefix  
<https://doi.org/10.64487/FJARU.V39>

## **EDITORIAL BOARD**

### **Chief Editor**

Professor Dr. Muhammad Belal Hossain  
Dean, Faculty of Arts  
University of Rajshahi

### **Members**

|                                                                                       |                                                                                         |
|---------------------------------------------------------------------------------------|-----------------------------------------------------------------------------------------|
| Professor Dr. Nilufar Ahmed<br>Chairman<br>Department of Philosophy                   | Professor Dr. Md. Shafiqul Islam<br>Chairman<br>Department of Islamic Studies           |
| Professor Dr. Md. Sherezzaman<br>Chairman<br>Department of History                    | Dr. Sanjida Moeed<br>Chairman<br>Department of Music                                    |
| Professor Dr. Md. Mominul Islam<br>Chairman<br>Department of English                  | Professor Dr. Mir Mehbub Alam<br>Chairman<br>Department of Theatre                      |
| Professor Professor A K M Masud Raza<br>Chairman<br>Department of Bangla              | Professor Dr. Md. Shafiullah<br>Chairman<br>Department of Persian Language & Literature |
| Professor Dr. Munshi Monzurul Haque<br>Chairman<br>Dept. of Islamic History & Culture | Professor Dr. Sheikh Md. Nuruzzaman<br>Chairman<br>Department of Sanskrit               |
| Professor Dr. Md. Jahidul Islam<br>Chairman<br>Department of Arabic                   | Professor Dr. Muhammad Shahidul Islam<br>Chairman<br>Department of Urdu                 |

## **Message from the Chief Editor**

The 39<sup>th</sup> volume of The Faculty Journal of Arts, University of Rajshahi is being published with as many as 25 research articles contributed by the faculty members of Philosophy, History, English, Bengali, Islamic History & Culture, Arabic, Islamic Studies, Music, Persian Language & Literature, Sanskrit and Urdu Departments.

The articles are of diverse nature and it is our expectation that they will come to the use of the students and researchers of various disciplines, specially of the Faculty of Arts. As the Chief Editor I am thankful to all of the contributors for choosing our journal to be their publishing outlet, and let me also congratulate them on their valuable publications.

The publication of the journal is the outcome of collective efforts of all the scholar members of the editorial board as well as the learned reviewers. They have ungrudgingly helped me in its publication, and I remain grateful to them for their cooperation.

Last but not least, I thank the concerned officers and other supporting staffs of the Faculty for their assistance and also the employees of the Uttoran Offset Printing Press for their support.

**Professor Dr. Muhammad Belal Hossain**

Chief Editor and Dean

Faculty of Arts

University of Rajshahi

Rajshahi-6205, Bangladesh.

## সূচিপত্র

|                                                  |                                                                                                                                                            |     |
|--------------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-----|
| Md. Jakaria Hossen<br>Dr. Sumaiya Khanom         | ভাষা-আন্দোলনে আনিসুজ্জামানের অংশগ্রহণ ও পর্যবেক্ষণ<br>[Anisuzzaman's Participation and Observations in the Language Movement]                              | 7   |
| Dr. Mahamuda Akter                               | আল মাহমুদের কবিতায় লোকায়ত বিশ্বাস ও সংস্কারের চালচিত্র<br>[Portrayal of Folk Belief and Rituals in the Poems of Al Mahmud]                               | 15  |
| Dr. Muhammad Ekramul Islam                       | কবি আবু তাম্মামের কাব্যের শৈল্পিক বৈশিষ্ট্য: একটি তাত্ত্বিক বিশ্লেষণ<br>[The Artistic Features of Poet Abu Tammam's Poetry: An Analitical Study]           | 27  |
| Dr. Abu Saleh Mohammad Toha                      | আরবি অনুবাদ সাহিত্যের বরণ্য মহান প্রতিভা: কৃতি ও কৃতিত্ব<br>[Great Geniuses of Arabic Translation Literature: Works and Achievements]                      | 37  |
| Dr. Chalekujjaman Khan<br>Dr. Muh. Belal Hossain | আব্বাসীয় যুগের যুহদ কাব্যের বিষয়বস্তু: একটি পর্যালোচনা<br>[THE THEMES OF THE ZUHD POETRY OF ABBASID ERA: A REVIEW]                                       | 49  |
| Md. Abdullah                                     | সহিহুল বুখারির হাদিসে বর্ণনালংকার : একটি পর্যালোচনা<br>[Rhetorical Ornament in the Hadithes of Sahih Al-Bukhari: A Review]                                 | 57  |
| Md. Shahinul Islam                               | আল-খুলাফাউর রাশিদুন-এর রাজনৈতিক খুতবাসমূহ: একটি পর্যালোচনা<br>[POLITICAL SERMONS OF AL-KHULAFUR RASHIDUN: A REVIEW]                                        | 69  |
| Md. Basirullah                                   | আল-‘ইকদুল ফারীদ: পরিচিতি ও বিষয়বৈচিত্র<br>[AL-IQDUL FARID: INTRODUCTION AND VARIETY OF THEMES]                                                            | 79  |
| Md. Neayamul Haque                               | হাসসান ইব্ন ছাবিত রা. এর কাব্যে রাসূল প্রশস্তি : একটি পর্যালোচনা<br>[Eulogy of Prophet Muhammad in the Poetry of Hassan ibn Sabit (Ra)]                    | 89  |
| Dr. Muhammad Mahbubur Rahman                     | হাদীস শাস্ত্রে আল-ইসনাদের গুরুত্ব: একটি পর্যালোচনা<br>[The Importance of Al-Isnad in Hadith: An Overview]                                                  | 101 |
| Md. Yeamin Hossain                               | আধুনিক বিশ্বে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা: সমস্যা ও সমাধানের উপায়<br>[Establishment of Islamic Statement in the Modern World: Problems and Ways to Solution] | 119 |
| Habibur Rahman                                   | বাংলাদেশে ধর্মীয় সহিষ্ণুতা বৃদ্ধিতে আন্তঃধর্মীয় সংলাপের ভূমিকা<br>[The Role of Interreligious Dialogue in Promoting Religious Tolerance in Bangladesh]   | 143 |
| Dr. Md. Moniruzzaman<br>Dr. S. M. Abdus Salam    | ফাদওয়া তুকানের রোমান্টিক কাব্য<br>[Fadwa Tuqan's Romantic Poetry]                                                                                         | 153 |
| Gulshan Akter                                    | মুসলিম চিকিৎসাবিজ্ঞানের সূচনা ও প্রমবিকাশ<br>[The Beginning & Development of Muslim Medical Science]                                                       | 165 |
| Rumana Ferdousi                                  | আবু নুওয়াসের কবিতায় ইসলামী মূল্যবোধ<br>[Islamic Values in the Poetry of Abu Nuwas]                                                                       | 181 |

|                       |                                                                                                                                                                                                         |     |
|-----------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-----|
| Dr. Baby Biswas       | মালতীমাধব প্রকরণে সমাজভাবনা<br>[SOCIAL CONCEPT IN THE PRAKARANA<br>OF MALATIMADHAVA]                                                                                                                    | 191 |
| Muhammad Alamgir, PhD | বাংলা উপন্যাসে বেদে সম্প্রদায়ের যৌনজীবন (১৯৪৯-২০১৪)<br>[The Sexual Life of the Bede Community in Bengali<br>Novels (1949-2014)]                                                                        | 201 |
| Md. Abdus Salam       | পিটার ব্রুকের নাট্যনির্দেশনা প্রক্রিয়া: নাট্যশৈলী নির্মাণে নিরন্তর<br>নিরীক্ষাধর্মী অনুসন্ধান<br>[Peter Brook's Directorial Process: A Relentless<br>Exploratory Pursuit in Crafting Theatrical Style] | 215 |
| Md. Mohsin Ali        | উন্নয়ন নাট্যচর্চায় বেসরকারি সংস্থা : সম্ভাবনার ক্ষেত্র অনুসন্ধান<br>[Role of Non-Governmental Organizations in Development<br>Theatre Practice: Exploring Field of Possibilities]                     | 227 |
| Dr. Md. Rafiqul Islam | সহীহ মুসলিম : পরিচিতি ও পর্যালোচনা<br>[Sahih Muslim : Introduction and Review]                                                                                                                          | 235 |

## ভাষা-আন্দোলনে আনিসুজ্জামানের অংশগ্রহণ ও পর্যবেক্ষণ

### [Anisuzzaman's Participation and Observations in the Language Movement]

Md. Jakaria Hossen

PhD Fellow, Institute of Bangladesh Studies, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

Dr. Sumaiya Khanom

Professor, Department of Bangla, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

#### ARTICLE INFORMATION

The Faculty Journal of Arts

Rajshahi University

Volume 39, June 2025

ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A1>

Received : 23 February 2025

Received in revised: 30 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

Keywords:

Language Movement, Anisuzzaman, Participation, Observation

#### ABSTRACT

This paper explores the role of Anisuzzaman in the Bengali Language Movement, emphasizing his active participation and observations. It examines his contributions, including the publication of the first booklet on the movement, and his efforts in mobilizing public opinion. The study highlights his role in breaking Section 144 and providing strategic direction during crucial phases of the movement. Based on historical sources and personal accounts, the research offers insights into his influence on the socio-political dynamics of the era, illustrating his commitment to linguistic and national identity.

#### ১. ভূমিকা

১৯৫২ সালে ভাষা-আন্দোলনের ঘটনাসমূহের সঙ্গে আনিসুজ্জামান (১৯৩৭-২০২০) সরাসরি যুক্ত ছিলেন। জানুয়ারির শেষে এই আন্দোলনের সূচনা থেকে শুরু করে একুশে ফেব্রুয়ারির ঐতিহাসিক ঘটনার আগে ও পরে আন্দোলনে সক্রিয় থেকে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। পরবর্তীকালে ১৯৫৩ সালের একুশে ফেব্রুয়ারিকে কেন্দ্র করে গণমানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে शामिल হন এবং ১৯৫৫ সালের আন্দোলনেও তিনি জড়িত ছিলেন। এছাড়া ভাষা-আন্দোলন পরবর্তী সময়ে বাংলা ভাষার বিরুদ্ধে সকল ষড়যন্ত্রের প্রতিবাদে তিনি অগ্রণী ভূমিকা পালন করেন। একইসাথে সর্বস্তরে বাংলা ভাষা প্রচলনের দাবি ও বাংলা ভাষার মর্যাদা রক্ষায় আনিসুজ্জামান সর্বদা সোচ্চার ছিলেন। কারণ তিনি নিজেকে ভাষা-আন্দোলনের প্রজন্ম বলে দাবি করতেন।<sup>১</sup> ফলে মাতৃভাষার অধিকার প্রতিষ্ঠায়, সাংস্কৃতিক পট-পরিবর্তনে, বাঙালি জাতীয়তাবাদের বিকাশে, অসাম্প্রদায়িক মনোভাব বিস্তারে এবং সর্বোপরি, স্বাধিকার ও স্বাধীনতা আন্দোলনে ভাষা-আন্দোলনের প্রভাব সম্পর্কে তিনি সচেতন ছিলেন। ভাষা-আন্দোলনের প্রভাব সম্পর্কে তাঁর এসব পর্যবেক্ষণ বিভিন্ন রচনায় উঠে এসেছে। এই গবেষণা প্রবন্ধে আনিসুজ্জামানের ভাষা-আন্দোলনে অংশগ্রহণ ও তাঁর ভূমিকা সম্পর্কে বিশ্লেষণ করা হয়েছে। পাশাপাশি, ভাষা-আন্দোলন পরবর্তী এই আন্দোলনের প্রভাব সম্পর্কে তাঁর পর্যবেক্ষণ সম্পর্কে মূল্যায়ন করা হয়েছে।

#### ২. আনিসুজ্জামানের ভাষা-আন্দোলনে অংশগ্রহণ

ভাষা-আন্দোলনের সূচনা হয় দেশভাগের পর ১৯৪৮ সালে, তমুদ্দিন মজলিস ও ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রভাষা-সংগ্রাম-পরিষদের নেতৃত্বে। আনিসুজ্জামান আন্দোলনের এই পর্বে অংশগ্রহণ করেননি। কারণ মুসলিম ছাত্রলীগের এক নেতা তাঁকে বুঝিয়েছিলেন যে, এই ধর্মঘট পাকিস্তানের অস্তিত্বের জন্য হুমকি। তাই তিনি স্থির করেছিলেন, ‘পাকিস্তান রক্ষার জন্য আমি ধর্মঘটে যাব না’।<sup>২</sup> তবে ভাষা-আন্দোলনের প্রথম পর্বে আনিসুজ্জামান দূরে থাকলেও ধীরে-ধীরে রাজনৈতিকভাবে সচেতন হওয়ার পর যুবলীগের কর্মী হিসেবে তিনি বায়ান্নর ভাষা-আন্দোলনের সাথে নিবিড়ভাবে যুক্ত হন। এ প্রসঙ্গে তিনি বলছেন, ‘১৯৪৮ সালে রাষ্ট্রভাষা-আন্দোলনে যোগ দেইনি। নিজের সে ক্ষতি পুষিয়ে নিয়েছিলাম ১৯৫২ সালে’।<sup>৩</sup> এসময়ে ভাষা-আন্দোলনের পুস্তিকা লেখা, আন্দোলনের কর্মসূচি ঠিক করার গোপন সভাগুলোতে অংশগ্রহণ, আন্দোলনের সময় বক্তৃতা লিখে দেওয়া, যুবলীগ অফিসের দায়িত্ব গ্রহণ প্রভৃতি কাজের মাধ্যমে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এছাড়া আন্দোলনের নানা ঘটনা সম্পর্কে অভিজ্ঞতা থেকে তাঁর দেওয়া বর্ণনাসমূহ ইতিহাসের অমূল্য সম্পদ।

ভাষা-আন্দোলনের শুরুতেই আনিসুজ্জামান রাষ্ট্রভাষা-আন্দোলন/কী ও কেন শিরোনাম একটি পুস্তিকা লেখেন। এটিই ছিল ভাষা-আন্দোলনে লেখা প্রথম পুস্তিকা।<sup>৪</sup> আট পৃষ্ঠার এই প্রচারপত্র বের হয় যুবলীগ থেকে। সর্বদলীয় রাষ্ট্রভাষা-সংগ্রাম-পরিষদ থেকে রাষ্ট্রভাষা-আন্দোলন সম্পর্কে একটি প্রচার পুস্তিকার জন্য প্রথম এই দায়িত্ব দেয়া হয়েছিল মোহাম্মদ তোয়াহাকে। তবে তিনি কাজটি করতে না পারায় অলি আহাদের নির্দেশে আনিসুজ্জামান এই কাজটি করেন। একটি সাক্ষাৎকারে ভাষা-আন্দোলনে তাঁর সবচেয়ে বড় অর্জন সম্পর্কে জিজ্ঞেস করায় উত্তরে আনিসুজ্জামান এই পুস্তিকা লেখাকে তাঁর সবচেয়ে বড় অর্জন বলে মনে করেছেন।<sup>৫</sup>

আনিসুজ্জামান ভাষা-আন্দোলনের বায়ান্ন পর্বে আন্দোলনের সূচনাকাল জানুয়ারির শেষ থেকেই নানা কাজে জড়িয়ে পড়েন। ১৯৫২ সালের ২৭ জানুয়ারি প্রধানমন্ত্রী লিয়াকত আলী উদ্দুকে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা করার পুনরুজ্জীবিত প্রতিবাদে ৩০ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রভাষা-সংগ্রাম-পরিষদ ছাত্র-ধর্মঘট, মিছিল ও সভা করে। গঠিত হয় ‘সর্বদলীয় রাষ্ট্রভাষা-সংগ্রাম-পরিষদ’।<sup>১৫</sup> ৩০ জানুয়ারি সর্বদলীয় রাষ্ট্রভাষা-সংগ্রাম-পরিষদের এই ঐতিহাসিক সভায় আনিসুজ্জামান উপস্থিত ছিলেন। সংগ্রাম পরিষদে ছিলেন আওয়ামীলীগ, খিলাফতে রব্বানী পার্টি, যুবলীগ, ছাত্রলীগ, ঢাকা বিশ্ববিদ্যালয় সংগ্রাম-পরিষদ, ঢাকা মেডিকেল কলেজ ছাত্র সংসদের নেতৃবৃন্দ। ৩০ জানুয়ারি প্রধানমন্ত্রীর বক্তব্যের প্রতিবাদে ঢাকার সকল শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট পালিত হয়। সর্বদলীয় সংগ্রাম-পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী ৪ ফেব্রুয়ারি ঢাকা শহরে ছাত্র ধর্মঘট ও বিক্ষোভ মিছিল হয়। ৪ ফেব্রুয়ারি প্রতিবাদ দিবসের পরে ১১ ও ১৩ ফেব্রুয়ারি সাফল্যের সঙ্গে পতাকা দিবস পালিত হয়।<sup>১৬</sup> তবে সর্বদলীয় রাষ্ট্রভাষা-সংগ্রাম-পরিষদ বাজেট অধিবেশনের প্রথম দিন ২১ ফেব্রুয়ারি ধর্মঘট, সভা, বিক্ষোভ-মিছিল ও জগন্নাথ হলের মিলনায়তনে সভা করার ঘোষণা দেন।<sup>১৭</sup> এ সময়ে সব শিক্ষা প্রতিষ্ঠানের মতো জগন্নাথ কলেজেও রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হলে আনিসুজ্জামান কলেজের ছাত্র সংগ্রাম পরিষদের সদস্য হন।<sup>১৮</sup> তিনি একুশে ফেব্রুয়ারিকে সামনে রেখে চোঁঠা ফেব্রুয়ারি ছাত্র ধর্মঘট ও বিক্ষোভ এবং এগারোই ফেব্রুয়ারিতে পতাকা দিবস পালন করেন। আন্দোলনের কর্মসূচির অংশ হিসেবে পোগোজ স্কুল ও সেন্ট গ্রেগরিজ স্কুলে ধর্মঘট করানো, তহবিল সংগ্রহের জন্য ট্রেনে চাঁদা উঠানো প্রভৃতি কাজের সঙ্গে যুক্ত ছিলেন। এই সময়েই তিনি ভাষা-আন্দোলনের পক্ষে জনমত সংগ্রহ করতে গিয়ে রাষ্ট্রভাষা-আন্দোলনের প্রতি সাধারণ মানুষের জনসমর্থনের ব্যাপকতা উপলব্ধি করেন।<sup>১৯</sup>

২০ ফেব্রুয়ারি বিকেলে ১৪৪ ধারা জারি হলে সর্বদলীয় রাষ্ট্রভাষা-সংগ্রাম-পরিষদের জরুরি সভা বসে। আনিসুজ্জামান এই সভায় উপস্থিত ছিলেন। সভায় ১৪৪ ধারা ভাঙার পক্ষে-বিপক্ষে মতামত আসে। ১১-৪ ভোটে সিদ্ধান্ত হয়, ২১ তারিখের কর্মসূচি প্রত্যাহার করা হবে এবং এর ব্যত্যয় ঘটলে সর্বদলীয় সংগ্রাম-পরিষদ বিলুপ্ত হবে।<sup>২০</sup> কর্মসূচি প্রত্যাহারের বিপক্ষে যারা ছিলেন তাঁদের নাম তিনি তাঁর স্মৃতিকথায় উল্লেখ করেছেন।

যারা কর্মসূচি প্রত্যাহার করার বিরুদ্ধে অর্থাৎ ১৪৪ ধারা ভঙ্গ করার পক্ষে ভোট দিয়েছিলেন, তাঁদের মধ্যে অলি আহাদ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের আহবায়ক আবদুল মতিনকে জানতাম। অন্যদের নাম পরে জেনেছিলাম: ফজলুল হক মুসলিম হল ছাত্র-সংসদের সহ-সভাপতি শামসুল আলম এবং ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্র-সংসদের সহ-সভাপতি গোলাম মওলা।<sup>২১</sup>

আনিসুজ্জামানেরও এসময় মনে হয়েছিলো ১৪৪ ধারা ভঙ্গ করা হোক। এই আলোচনা থেকে স্পষ্ট হয় যে, ভাষা-আন্দোলনের সময় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নানা মতানৈক্য ছিল এবং আন্দোলন পরিচালনার কৌশল নিয়ে বিতর্ক চলছিল। এ প্রসঙ্গে ভাষাসংগ্রামী আহমদ রফিক তাঁর গ্রন্থে বলেন,

মওলানা ভাসানীর অনুপস্থিতির কারণে জনাব আবুল হাশিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সংগ্রাম পরিষদের সভায় সব রাজনৈতিক নেতা এবং অধিকাংশ ছাত্রনেতা ১৪৪ ধারা অমান্য করে সরকারের সঙ্গে সংঘাতে যেতে রাজি হননি। স্বয়ং সভাপতিও তাঁদের সমর্থন করে বক্তব্য দেন।<sup>২২</sup>

যদিও সংখ্যাগরিষ্ঠ অংশ কর্মসূচি প্রত্যাহারের সিদ্ধান্ত নেয়, তবুও ২১ ফেব্রুয়ারি আন্দোলনের চরম মুহূর্তে কিছু নেতা কঠোর অবস্থান গ্রহণ করেন, যা পরবর্তী সময়ে ভাষা-আন্দোলনের গুরুত্বপূর্ণ বাঁকবদল ঘটায়।

একুশে ফেব্রুয়ারিতে আনিসুজ্জামান তাঁর পরিবারের সম্মতিতেই আন্দোলনে যোগ দিয়েছিলেন। এমনকি এদিন সকালবেলা তাঁকে আর তাঁর একদল বন্ধুকে খাইয়ে তাঁর মা আন্দোলনে পাঠিয়েছিলেন। জানতে চেয়েছিলেন, পুলিশ ধরলে কী করতে হবে।<sup>২৩</sup> জীবনের ঝুঁকি নিয়ে ১৪৪ ধারা ভঙ্গ করে আন্দোলনে গিয়ে তিনি পুলিশি আক্রমণের মুখে হতবিস্মল আন্দোলনকারীদের একত্রিত করতে অনভিজ্ঞ হয়েও মাইকে সাহস করে বক্তৃতা দিতে শুরু করেন। এ সময়ে তিনি মোহাম্মদ তোয়াহার জন্যও বক্তৃতা লিখে দেন। এছাড়া হতাহত ছাত্রদের হাসপাতালে নিতে সহায়তা করেন।<sup>২৪</sup> পুলিশি গ্রেপ্তারের মুখে যুবলীগের নেতারা আত্মগোপনে চলে গেলে আনিসুজ্জামানের ওপর অলি আহাদ যুবলীগ অফিসের দায়িত্ব প্রদান করেন এবং তাঁকে গ্রেফতার এড়ানোর নির্দেশ দেন। ফলে তিনি অন্যদের মত ১৪৪ ধারা ভঙ্গ করে দশ জনের মিছিলে যাননি।<sup>২৫</sup>

২১ ফেব্রুয়ারিতে আন্দোলনে অংশগ্রহণের পাশাপাশি এ দিনের গুরুত্বপূর্ণ ঘটনাগুলো পর্যায়ক্রমে আনিসুজ্জামান তাঁর রচনায় উল্লেখ করেছেন। আন্দোলনের দিন ১৪৪ ধারা উপেক্ষা করে ছোটো-ছোটো দলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের দিকে লোক জমায়েত শুরু হয়। আগের দিন সর্বদলীয়-সংগ্রাম-পরিষদের সভায় ১৪৪ ধারা না ভাঙার যে সিদ্ধান্ত নেয়া হয়েছিল তার বিরুদ্ধে শোভাযাত্রা প্রতিবাদ করে। ১৪৪ ধারা ভাঙার পক্ষে বক্তৃতায় জনগণ সমর্থন দেয়। সিদ্ধান্ত হয় ১৪৪ ধারা ভাঙার।<sup>২৬</sup> ১৪৪ ধারা ভাঙায় ২০ ফেব্রুয়ারির সভার পূর্বসূচী অনুযায়ী সর্বদলীয়-রাষ্ট্রভাষা-সংগ্রাম-পরিষদ বিলুপ্ত হয়ে যায়। যারা ১৪৪ ধারা ভাঙবে তাদের লম্বা লাইনে দাঁড় করিয়ে নামের তালিকা করা হয়। এ সময়ে নিশ্চিত গ্রেপ্তার জেনেও দশ জন করে মিছিল নিয়ে রাস্তায় নেমে পড়ে।<sup>২৭</sup> মিছিল বেরোনোর পর পুলিশ ছাত্রদের উপর লাঠিচার্জ করে। এতে

উদ্ভেজনা আরো বৃদ্ধি পায়। পুলিশ ও ছাত্ররা মুখোমুখি অবস্থান নেয়। এ সময়ে আন্দোলনকারীদের পক্ষ থেকে পরিষদ ভবনে গিয়ে এম.এল.এ-দের প্রতিশ্রুতি আদায়ের চেষ্টা করা হয়। কিন্তু পুলিশের লাঠিচার্জ ও কাঁদানে গ্যাসে আন্দোলনকারীরা ফিরে আসে। ধীরে-ধীরে পরিস্থিতি আরো খারাপের দিকে চলে যায়। বেলা তিনটার দিকে পুলিশ গুলি চালালে মৃত্যুর সংবাদ চারদিকে ছড়িয়ে পড়ে। এদিন তিনজন শহীদ হন।<sup>১৯</sup> আনিসুজ্ঞামান এই ঘটনার বর্ণনায় বলছেন –

বেলা তিনটের একটু পরে গুলি চললো। আহতদের ধরাধরি করে জরুরি বিভাগে নেওয়া হলো। প্রথমে সবাই হতচকিত, তারপর বিক্ষোভ উঠলো চরমে। একটু পরপরই একেকজনের মৃত্যুর সংবাদ – কখনোবা নিছক গুজব – ছড়িয়ে পড়তে লাগলো। প্রথমে তিনজন শহীদদের নাম আমরা শুনি – আবুল বরকত, সালাহউদ্দীন ও সালাম। পরে বোঝা যায়, রফিকউদ্দীনকেই ভুল করা হয়েছিলো সালাহউদ্দীন বলে – তার মাথার খুলি উড়ে গিয়েছিল।<sup>২০</sup>

এই ঘটনায় ভাষা-আন্দোলন আরো বেগবান হয়। এটি প্রমাণ করে যে, সাধারণ ছাত্র ও জনগণের ইচ্ছাই আন্দোলনের গতি নির্ধারণ করেছিলো। আনিসুজ্ঞামানের বর্ণনা থেকে বোঝা যায়, পুলিশি দমননীতি ভাষা-আন্দোলনকে দমিয়ে রাখতে পারেনি, বরং শহিদদের আত্মত্যাগ আন্দোলনকে আরও বেগবান করেছে। আন্দোলনকারীদের সাহসিকতা ও আত্মত্যাগ পরবর্তী সময়ে বাংলাদেশের স্বাধিকার আন্দোলন ও মুক্তিযুদ্ধের অনুপ্রেরণা হয়ে ওঠে।

২১ ফেব্রুয়ারির নৃশংসতার পরও ২২ থেকে ২৫ ফেব্রুয়ারি আন্দোলন যেভাবে স্তিমিত না হয়ে আরো গতি পায় সে প্রসঙ্গগুলো আনিসুজ্ঞামান বর্ণনা করেছেন। ২২ ফেব্রুয়ারির মিছিলে পুলিশের একাধিক স্থানে গুলি, ত্রুদ্ধ জনতার সরকার সমর্থিত পত্রিকা ‘সংবাদ’ ও ‘মর্নিং নিউজ’ আন্দোলন-বিরোধী সংবাদ প্রচার করায় তাদের অফিসে হামলা চালানো ও পুড়িয়ে দেওয়া এবং সকালে মেডিকেল কলেজ প্রাঙ্গণে ভাষা শহীদদের জন্য গায়েবানা জানাজা প্রভৃতি প্রসঙ্গগুলো তিনি তুলে ধরেন।<sup>২১</sup> পরে অলি আহাদের নেতৃত্বে সভা ও মিছিল হয়। ২২ ফেব্রুয়ারিতে পূর্ববঙ্গ ব্যবস্থাপক পরিষদের সভায় বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা স্বীকৃতি দেওয়ার সুপারিশ করা হলেও পাকিস্তান গণপরিষদ তা স্থগিত রাখে। সর্বদলীয় রাষ্ট্রভাষা-সংগ্রাম-পরিষদ ভেঙে গেলে এ পর্যায়ে ভাষা-আন্দোলনের নেতৃত্বে অলি আহাদ চলে আসেন এবং এ সময়ে যুবলীগের বিভিন্ন স্থানীয় নেতারাও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন বলে আনিসুজ্ঞামান উল্লেখ করেন।<sup>২২</sup> তাঁদের মধ্যে দিনাজপুরে দবিরুল ইসলাম ও নুরুল হুদা কাদের বখশ, রাজশাহীতে আতাউর রহমান, কুষ্টিয়ায় আসহাবুল হক, নোয়াখালীতে খাজা আহমদ, সিলেটে নুরুর রহমান, নারায়ণগঞ্জে শামসুজ্জোহা ও শফি হোসেন খান উল্লেখযোগ্য। এই ঘটনা স্পষ্ট করে যে, ২১ ফেব্রুয়ারির রক্তক্ষয়ী সংঘর্ষের পরেও আন্দোলন থেমে যায়নি, বরং আরও বিস্তৃত হয়ে নতুন নেতৃত্বের হাতে চলে যায়।

২৩ ফেব্রুয়ারি দেশব্যাপী সাধারণ হরতালের ডাক দেওয়া হয় ও মানুষ সেই ডাকে সাড়া দিয়ে ধর্মঘটকে সফল করে। আনিসুজ্ঞামান জগন্নাথ কলেজের হয়ে এদিন ধর্মঘটের পক্ষে প্রচারকাজ চালান। তাঁর বাবাও আন্দোলনের কাজে গাড়ি ব্যবহার করতে দেন।<sup>২৩</sup> শহীদদের স্মৃতি রক্ষায় যে জায়গায় গুলি চলেছিল ২৩ তারিখ মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজের ছাত্ররা মিলে সেখানে রাতারাতি শহীদ মিনার গড়ে তোলে।<sup>২৪</sup> শহিদ মিনার উদ্বোধন কালে শহিদ শফিউরের পিতা উপস্থিত ছিলেন। শহিদ মিনার দেখতে সাধারণ মানুষের ঢল নামে এবং যার যা সামর্থ্য অনুযায়ী টাকা পয়সাও দান করেন। আনিসুজ্ঞামানের মা এসময় তাঁর মৃত মেয়ের সোনার অলংকার শহিদ মিনারে দান করেন।<sup>২৫</sup> ২৩ ফেব্রুয়ারি নারায়ণগঞ্জেও শহিদদের হত্যার প্রতিবাদে সভা-সমাবেশ-বিক্ষোভ অনুষ্ঠিত হয়। এর ফলে খান সাহেব ওসমান আলী তাঁর পুত্ররা ছাড়াও অনেক নেতা-কর্মী গ্রেপ্তার হন। মূলত এদিন থেকেই সারাদেশে ব্যাপকভাবে গ্রেপ্তারের পালা শুরু হয়; রাজনৈতিক নেতাদের মধ্যে আবুল হাসিম, আব্দুর রশিদ তর্কবাগীশ, খয়রাত হোসেন, মনোরঞ্জনধর, মাদার বখশ প্রমুখ গ্রেপ্তার হন। পরদিন ২৪ ফেব্রুয়ারি পুলিশ অতর্কিতভাবে প্রবেশ করে শহিদ মিনার ভেঙে ফেলে। সেই স্মৃতি প্রসঙ্গে আনিসুজ্ঞামান বলেন,

২৪ তারিখের বড়ো ঘটনা ঢাকা মেডিক্যাল কলেজ-হস্টেলের প্রাঙ্গণে পুলিশের অতর্কিত প্রবেশ ও শহীদ মিনার ভেঙে ফেলা। ঘটনাটি ঘটে আমাদেরই চোখের সামনে। পুলিশ আসার খবর পেয়ে আমরা কয়েকজন হাসপাতালের প্রাঙ্গণে লোহার রেলিং ধারে অকুস্থলের যতোটা সম্ভব কাছে সমবেত হই। শেরওয়ানি-পাজামা-পর্যায়ী দীর্ঘদেহী ইমাদুল্লাহ রেলিংয়ের শিক ধরে সজলচক্ষে ও রুদ্ধকণ্ঠে চিৎকার করছিলেন, ‘ক্যামেরা, ক্যামেরা, কেউ একজন ক্যামেরা নিয়ে এসো। ওরা শহীদ মিনার ভেঙে ফেলছে – ছবি তুলে রাখো, ছবি তুলে রাখো।’ ওই মুহূর্তে সত্যিই মনে হয়েছিলো, মিনারের ওপর যত আঘাত তা আমাদের গায়ে এসে পড়ছে।<sup>২৬</sup>

২৫ ফেব্রুয়ারির ধর্মঘটের দিনে আনিসুজ্ঞামান প্রচারপত্র বিলি করেন।<sup>২৭</sup> এছাড়া তিনি উল্লেখ করেন, এদিনই অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধের ঘোষণা আসে। শাসকগোষ্ঠী আন্দোলন দুর্বল করতে ছাত্রদের হল ছাড়তে বাধ্য করে। পুলিশ এবং সেনাবাহিনী দিয়ে প্রোভোস্টের অনুমতি ছাড়াই হলে খানাতল্লাশি চালায়। একইভাবে মেডিকেল কলেজ হোস্টেলে এবং জগন্নাথ কলেজেও পুলিশ অতর্কিত প্রবেশ করে মাইক ছিনিয়ে নেয়। এভাবে সেনাবাহিনী ও পুলিশের যৌথ অভিযানে আন্দোলনের প্রধান নেতাদের নামে গ্রেফতারি পরোয়ানা জারি করে কাগজে বিজ্ঞপ্তি দিয়ে তাদের আত্মসমর্পণের নির্দেশ দিয়ে নেতাকর্মীদের দমনে সফল হয়।<sup>২৮</sup> এর ফলে ফেব্রুয়ারি শেষ নাগাদ আন্দোলন দুর্বল হয়ে পড়ে। মার্চে আর আন্দোলন সেভাবে টিকে থাকেনি। সারাদেশে গ্রেপ্তার করার ফলে সর্বদলীয় রাষ্ট্রভাষা-সংগ্রাম-পরিষদ নেতৃত্বহীন হয়ে

পড়ে। এপ্রিলে শেষ নতুন কমিটি গঠন করা হলেও তা কার্যকর ভূমিকা রাখতে পারেনি। দমননীতির ফলে পাঁচ মার্চ আহুত ধর্মঘট সফল হয়নি। আবার ৭ মার্চ সর্বদলীয় সংগ্রাম পরিষদের সভার সবাইকে গ্রেফতার করলে আন্দোলন অনেকটা স্তিমিত হয়ে পড়ে।

আনিসুজ্ঞামানের ভাষ্যমতে, ভাষা-আন্দোলনে প্রকাশ্যে যুবলীগ নেতৃত্বদান করলেও আড়ালে থেকে কমিউনিস্ট পার্টি সক্রিয় প্রভাব রেখেছিল। তিনি তাঁর লেখায় আন্দোলনে তাদের ভূমিকা প্রসঙ্গে আলোচনা করেছেন। কমিউনিস্ট পার্টি গোপনে অন্য সংগঠনের মাধ্যমে আন্দোলনে সহায়তা করতো। যুবলীগের নেতৃবৃন্দের অনেকেই ছিলেন কমিউনিস্ট। ফলে যুবলীগের কোনো সাংগঠনিক সিদ্ধান্তে সেসব নেতাদের মাধ্যমে কমিউনিস্টরা প্রভাব ফেলতেন।<sup>১৯</sup> ২০ ফেব্রুয়ারির সভায় পরদিন ১৪৪ ধারা ভঙ্গ করার ব্যাপারে পার্টি থেকে কী সিদ্ধান্ত আসে তার জন্য অপেক্ষা করা হয়েছিলো। ‘অলি আহাদ চান ১৪৪ ধারা ভাঙতে, তোয়াহার বক্তব্য অস্পষ্ট, আসলে তিনি অপেক্ষা করছিলেন কমিউনিস্ট পার্টির সিদ্ধান্তের জন্যে’।<sup>২০</sup> এছাড়া ভাষা-আন্দোলন চলাকালে পার্টিও গোপন নেতাদের তৎপরতা; বিশেষত শহীদুল্লা কায়সার যে ভূমিকা পালন করেন, তা আনিসুজ্ঞামান তাঁর লেখায় উল্লেখ করেছেন।

২১ ফেব্রুয়ারিতে ১৪৪ ধারা ভঙ্গ করাই যে সংগত ছিল, তা মেনে নিয়ে, গোপন কমিউনিস্ট পার্টি এখন আন্দোলন বেগবান করার চেষ্টা করে। তাদের পক্ষ থেকে শহীদুল্লা কায়সার মেডিক্যাল কলেজ হস্টেলের কেন্দ্রীয় নেতাদের সাথে যোগাযোগ রাখতেন। সে-সময়ে তাঁর সঙ্গে আমার দেখা হয়নি, তবে কমিউনিস্ট পার্টির আর যে-দুজনকে অধিকাংশ সময়ে মেডিক্যাল কলেজ হস্টেলে দেখেছি, তাঁদের মধ্যে একজন হস্টেলেরই বাসিন্দা মনজুর হোসেন ও অপরজন সাদেক খান।<sup>২১</sup>

ভাষা-আন্দোলনে ঢাকা মেডিকেল কলেজ হোস্টেলের ভূমিকা আনিসুজ্ঞামান তাঁর রচনায় উল্লেখ করেছেন। যুবলীগ অফিসের পরই ঢাকা মেডিকেল কলেজের এই হোস্টেল আন্দোলনের সময় এটি কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছিলো। আনিসুজ্ঞামান লিখেছেন: ‘আন্দোলনের কেন্দ্রবিন্দু হয়ে দাঁড়িয়েছিল মেডিকেল কলেজ হোস্টেল, নেতারা যে যখন পারতেন এখানে আসতেন বৈঠকও এখানেই বসতো; এখান থেকেই কর্মসূচি ছড়িয়ে পড়তো সারাদেশে’।<sup>২২</sup> শহিদ মিনার নির্মাণেও মেডিকেল কলেজের ছাত্ররাই অগ্রণী ভূমিকা পালন করে বলে তিনি উল্লেখ করেন।

১৯৫৩ সালে মহাসমারোহে একুশে ফেব্রুয়ারি উদযাপিত হয়েছিলো। আনিসুজ্ঞামান বর্ণনা করেছেন, হাজার হাজার মানুষ, নারী-পুরুষ, বালবৃদ্ধ – খালি পায়ে আজিমপুর কবরস্থানে শহিদ বরকত ও শফিউর রহমানের সমাধিতে এবং মেডিকেল কলেজে ছাত্রাবাসের সামনে প্রথম গুলি বর্ষণের জায়গায় নিবেদন করে।<sup>২৩</sup> প্রভাত ফেরিতে গান গেয়ে নারীরাও কবরস্থানে ফুল দিতে গেলে নারীদের ব্যাপারে কবরস্থানের লোকেরা আপত্তি জানালেও পরে তা টেকেনি। ১৯৫৩ সালের ২১ ফেব্রুয়ারির সংগঠিত উদ্যোগের চেয়ে মানুষ স্ব-ইচ্ছায় অংশগ্রহণ করেছিলো। ক্ষোভ এবং শোক প্রকাশের চেয়ে বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার দাবি ছিল তখন মুখ্য। এ প্রসঙ্গে আনিসুজ্ঞামান লেখেন –

১৯৫৩ সালের একুশে ফেব্রুয়ারিতে, আমার মনে হয়, সংগঠিত উদ্যোগের চাইতে মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ছিল বেশি। সংগঠনের ব্যানার ছিল, কিন্তু পাড়া ও মহল্লার পোস্টার ছিল অধিক। ক্ষোভ ও শোক প্রকাশের চেয়ে বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবি ছিল তীব্রতর। মনে হচ্ছিল তখনই এই দাবি অপ্রতিরোধ্য হয়ে উঠেছে এবং মুসলিম লীগের কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকারের বিরুদ্ধে মানুষের মনে যথেষ্ট উত্তাপ সঞ্চিত হয়েছে।<sup>২৪</sup>

এ বছর প্রকাশিত ভাষা-আন্দোলন নিয়ে সাহিত্য-সংকলনের ক্ষেত্রে হাসান হাফিজুর রহমানের ‘একুশে ফেব্রুয়ারি’, প্রথম ও কালজয়ী।<sup>২৫</sup> ‘একুশে ফেব্রুয়ারি’ শীর্ষক এই সংকলনে আনিসুজ্ঞামান একটি গল্প লেখার পাশাপাশি এর উৎসর্গপত্রও লেখেন সেটি তাঁর হাতের লেখায় ছাপা হয়। এই উৎসর্গপত্রে লিখেছিলেন,

যে অমর দেশবাসীর মধ্যে থেকে  
জন্ম নিয়েছে একুশের শহীদেরা  
যে অমর দেশবাসীর মধ্যে অটুট  
হয়ে রয়েছে একুশের প্রতিজ্ঞা—  
তাঁদের উদ্দেশ্যে<sup>২৬</sup>

১৯৫৫ সালের একুশে ফেব্রুয়ারি পালন সরকার কর্তৃক নিষিদ্ধ করা হয়েছিলো। ভাষা-আন্দোলনে শহীদদের জন্য শোক প্রকাশ, ধর্মঘট, মিছিল ও সভা করা যাবে না এই ছিল সরকারি আদেশ। তবে একুশে ফেব্রুয়ারি উদযাপনে ১৯৫২ সালের মতোই ছাত্ররা আগেই সিদ্ধান্ত নেয় আদেশ অমান্য করার। পুলিশও আগে থেকেই ঢাকাসহ সারাদেশ থেকে ছাত্রনেতা, যুবনেতা ও শ্রমিকনেতাদের গ্রেপ্তার করে। তবে একুশের দিন প্রতিবাদ থামানো যায়নি। পুলিশের ছাত্রদের লাঠিচার্জ এবং অসংখ্য ছাত্রদের গ্রেফতার সত্ত্বেও আনিসুজ্ঞামান এদিন মিছিলে অংশগ্রহণ করেন। ‘একুশের সকালবেলায় কলা ভবনের মাথায় এবং হলগুলোতে কালো পতাকা উড়ালো। আমরা ক্লাস না করে প্রাঙ্গণে জড়ো হলাম, স্লোগান দেওয়া হলো ‘রাষ্ট্রভাষা বাংলা চাই’।<sup>২৭</sup>

### ৩. ভাষা-আন্দোলনের প্রভাব পর্যবেক্ষণ

আনিসুজ্ঞামানের পর্যবেক্ষণ অনুসারে, ভাষা-আন্দোলনের প্রভাবেই বাঙালি জাতীয়তাবাদী চেতনার উন্মেষ এবং মানুষের মধ্যে অসাম্প্রদায়িক মনোভাবের বিস্তার ঘটেছে। এছাড়া এ আন্দোলনের কারণেই সম্ভব হয়েছে মাতৃভাষার অধিকার প্রতিষ্ঠা, সাংস্কৃতিক পট-পরিবর্তন এবং স্বাধিকার ও স্বাধীনতা অর্জন। একুশে ফেব্রুয়ারিতে শহিদ হওয়া ছাত্রদের আত্মত্যাগ বাঙালি জাতির আত্মবিশ্বাস ও আত্মপরিচয়ের সংকেত হিসেবে কাজ করেছে। একইসাথে ভাষা-আন্দোলনের সফলতা জনগণের মধ্যে একতাবদ্ধ শক্তির ধারণা তৈরি করেছে, যা পরবর্তীতে রাজনৈতিক ও সামাজিক আন্দোলনগুলোকে শক্তি জোগায়। এই একতা বাঙালির মধ্যে একটি দৃঢ় জাতীয় ঐক্য প্রতিষ্ঠা করতে সাহায্য করে, যা স্বাধীনতা সংগ্রামে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

#### ৩.১ মাতৃভাষার অধিকার প্রতিষ্ঠা

ভাষা-আন্দোলনে মূলত বাংলা ভাষাকে রাষ্ট্রভাষায় রূপান্তরিত করাই ছিল মূল দাবি। ভাষা-আন্দোলনের কারণেই ১৯৫৬ সালে পাকিস্তানের শাসনতন্ত্রে বাংলাকে শর্তসাপেক্ষে উর্দুর সাথে রাষ্ট্রভাষার স্বীকৃতি দেওয়া হয়েছিলো। আনিসুজ্ঞামান তাঁর “পঞ্চগশ বছরের অবিরাম স্বপ্ন” প্রবন্ধে পাকিস্তান আমলে সে স্বীকৃতির কথা উল্লেখ করেছেন। তবে সেটি যে প্রকৃত স্বীকৃতি ছিল না, সে কথা বলতেও তিনি ভোলেননি। আনিসুজ্ঞামান বলছেন, ‘পাকিস্তানের দুটি সংবিধান ১৯৫৬ ও ১৯৬২ তে আমাদের সে দাবি পূরণ হয়েছিলো তবে দুবারই শর্ত ছিল কুড়ি বছর পর তার প্রয়োগ হবে’।<sup>৮৭</sup> তবে বাংলাদেশের মানুষকে এতদিন অপেক্ষা করতে হয়নি। একান্তরে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে দেশ স্বাধীন হওয়ার পর গণমানুষের আকাঙ্ক্ষার ভিত্তিতে বাংলার সাংবিধানিক স্বীকৃতি মেলে। ১৯৭২ সালে গৃহীত বাংলাদেশের সংবিধানে সহজ, সরল, স্পষ্ট উক্তি করা হয়: ‘প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা’।<sup>৮৮</sup> এটিকে আনিসুজ্ঞামান একুশে ফেব্রুয়ারির বিজয় হিসেবে দেখেছেন।

পাকিস্তান শাসকগোষ্ঠী বিভিন্ন পর্যায়ে বাংলা বর্ণমালা পরিবর্তন করে আরবি ও রোমান হরফে লেখার প্রচেষ্টাসহ বাংলা বানান সংস্কারের চেষ্টার নামে মাতৃভাষার উপর যতবার আঘাত করার চেষ্টা করেছে ততবার এদেশের সচেতন বাঙালি জনগণ একুশের চেতনায় উদ্বুদ্ধ হয়ে তা প্রতিরোধ করেছে। ১৯৬২ সালের হরফ-সংস্কার কমিটি, বাংলা কলেজের বাংলা বর্ণমালা সংস্কার সাধন প্রচেষ্টা প্রভৃতির বিপরীতে ছাত্র, শিক্ষক ও লেখকরা প্রতিবাদ করেন। মাতৃভাষার বিরুদ্ধে এসব ষড়যন্ত্রের প্রতিবাদে আনিসুজ্ঞামান উল্লেখ করেন ১৯৭১ এর ২১ ফেব্রুয়ারিতে ক্রিসমাস ট্রির মতো বাংলা হরফের ছোটগাছ বর্ণতরুর মাধ্যমে অভিনব প্রতিবাদ প্রসঙ্গে।<sup>৮৯</sup>

এছাড়া ভাষা-আন্দোলন বাঙালি জাতির মধ্যে গভীরভাবে ভাষার প্রতি সচেতনতা ও ভালোবাসার অনুভূতি সৃষ্টি করেছিলো। এই আন্দোলনের ফলে বাংলা ভাষার বিরুদ্ধে পাকিস্তানি শাসকগোষ্ঠীর ষড়যন্ত্রের প্রকৃতি ও উদ্দেশ্য জনগণের কাছে স্পষ্ট হয়ে ওঠে, যা বাঙালি জনগণের মধ্যে ভাষার প্রতি একটি সংগ্রামী মনোভাব গড়ে তোলে।<sup>৯০</sup> ফলে একুশে ফেব্রুয়ারির আত্মত্যাগের মাধ্যমে ভাষা ও সংস্কৃতির প্রতি পূর্ব-পাকিস্তানের বাঙালি মুসলমানের ভালোবাসা আরও বৃদ্ধি পায়।

#### ৩.২ সাংস্কৃতিক পট-পরিবর্তন

আনিসুজ্ঞামান মনে করেন, ভাষা-আন্দোলনের ফলেই মুসলিম বাঙালিদের মধ্যে ভাষাগত ও সংস্কৃতিগত আত্মপরিচয় সম্পর্কে সচেতনতা সৃষ্টি হয়েছিলো।<sup>৯১</sup> ফলে একুশে ফেব্রুয়ারির পর সারাদেশে এক ব্যাপক সাংস্কৃতিক চেতনার সঞ্চার হয়েছিলো। গতি পেয়েছিল সংস্কৃতি সাধনায়। ভাষা-আন্দোলনের পূর্ববর্তী ও পরবর্তী সাংস্কৃতিক সম্মেলন প্রভৃতির পারস্পরিক সাফল্যের তুলনা করলে যে এর প্রমাণ পাওয়া যাবে সে কথা আনিসুজ্ঞামান উল্লেখ করেন। এছাড়া সাংস্কৃতিক উদ্যমসমূহের সঙ্গে জনসাধারণের গভীর সম্পর্কের কথা তিনি ব্যাখ্যা করেছেন। উদাহরণ হিসেবে তিনি বলেছেন বাংলা ভাষার উন্নতির জন্য বাংলা একাডেমির প্রতিষ্ঠার ব্যাপারে জনসাধারণের উদ্যোগ ও আগ্রহের কথা। আনিসুজ্ঞামান ভাষা-আন্দোলনের অব্যবহিত পর লেখা একটি প্রবন্ধে মনে করেছেন, ভাষা ও সংস্কৃতির প্রতি দেশের সাধারণ মানুষের এই চেতনাবোধ ও সমর্থন সংস্কৃতিবিদদের সৃষ্টিতে প্রেরণা দিয়েছিল এবং সংস্কৃতি সাধনায় সকলে উদ্বুদ্ধ হয়েছিলো। বাংলা সংস্কৃতির এই ইতিবাচক পরিবর্তন প্রসঙ্গে তিনি লিখছেন,

একুশে ফেব্রুয়ারির পর তাই বিপুল উৎসাহ ও উদ্দীপনা নিয়ে বিভিন্ন সাংস্কৃতিক সমাবেশ ঘটেছে, উদ্ভব হয়েছে ছোট-বড় নানা সাংস্কৃতিক প্রতিষ্ঠানের এবং আবির্ভাব ঘটেছে নানা পত্রপত্রিকার। বাংলা ভাষার প্রতি আগ্রহ এবং এর পঠন-পাঠন ও চর্চা ক্রমশ দ্রুতগতিতে এগিয়ে চলেছে।<sup>৯২</sup>

পাকিস্তান আমলে বাংলা সাহিত্য-সংস্কৃতিকে হিন্দু-ঐতিহ্য ঘেঁষা ট্যাগ দিয়ে বিভিন্নভাবে দমিয়ে রাখার চেষ্টা করা হয়। আনিসুজ্ঞামানের ভাষ্যমতে, একজন কবি প্রস্তাব করেন নজরুল-কাব্যের অবাস্তব অংশ মানে হিন্দু ঐতিহ্যমণ্ডিত অংশ বাদ দিয়ে নজরুল রচনাবলি পূর্ব বাংলায় প্রকাশ করা হোক।<sup>৯৩</sup> তিনি আরো উল্লেখ করেন, এ সময়ে বেতার থেকে কীর্তন-শ্যামাসঙ্গীতের প্রচার বন্ধ হয়েছিলো। উনিশ শতকের নাট্যকার ও সংগীত রচয়িতাদের সৃষ্টির প্রচারে, সরকার প্রচারিত সাহিত্য পত্রে মুসলমান লেখক বিচার করে প্রচার করা হতো। এমনকি ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের পাঠ্যসূচিতেও পরিবর্তনের আহ্বান জানানো হয়। তবে শিক্ষিত সাধারণ মানুষ সাংস্কৃতিক ঐতিহ্য প্রসঙ্গে পুরনো বক্তব্যকে প্রত্যাখ্যান করে। কেননা ভাষা-আন্দোলনের ফলে সাম্প্রদায়িক রাজনীতির শোচনীয় পরাজয় ঘটেছিল।

সরকারি সমর্থনে বাংলা সংস্কৃতি চর্চায় নানা বিরোধিতার বিপরীতে পূর্ব-পাকিস্তানে বাংলা সংস্কৃতি সাধনায় যে আরো গতি পায় তা আনিসুজ্ঞামান তাঁর “রাষ্ট্রভাষা ও প্রাসঙ্গিক বিতর্ক” প্রবন্ধে আরো বিস্তারিতভাবে তুলে ধরেন। বাংলা সংস্কৃতিকে দমিয়ে রাখার বিপরীতে সাংস্কৃতিক জাগরণের কারণে ঐতিহ্য প্রীতি ও কিছুটা প্রতিবাদ থেকেই ঋতু-উৎসব ও বাংলা নববর্ষ-উদযাপন, পুরোনো বাংলা গানের আসর, কীর্তন শ্যামা সংগীত থেকে শুরু করে মুকুন্দ দাসের গান, এমনকি চর্যাপদের সুর বসিয়েও গান গাওয়া হয়েছে। এছাড়া এ সময়ে রবীন্দ্রনাথ, মধুসূদন, বিদ্যাসাগর আরো জনপ্রিয়তা পায়। ১৯৬৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের উদ্যোগে ‘ভাষা ও সাহিত্য সপ্তাহ ১৩৭০’ উদযাপিত হয়। সাত দিনের এই উদ্যোগটি বেশ সাড়া ফেলে। এছাড়া বাংলা সংস্কৃতি চর্চায় রবীন্দ্র জয়ন্তীতে বাধা, রবীন্দ্র সংগীত ও নাটকের প্রচার বন্ধ, ভারতীয় পুস্তক পুনর্মুদ্রণ নিষিদ্ধের মাধ্যমে বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ সম্পদের সঙ্গে পূর্ব বাংলার মানুষের নিরবচ্ছিন্ন যোগাযোগ ব্যাহত করার চেষ্টা করা হয়। তবে সকল অপচেষ্টার বিরুদ্ধে ভাষা-আন্দোলনের চেতনায় উদ্বুদ্ধ জাতির সম্মিলিত প্রচেষ্টায় পূর্ব-বাংলা সাংস্কৃতিক চেতনার বহমান ধারা তারা থামিয়ে রাখতে পারেনি।

### ৩.৩ বাঙালি জাতীয়তার বিকাশ

ভাষা-আন্দোলন বাঙালি জাতীয়তাবাদের বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে, কারণ এটি বাঙালির ভাষাগত, সাংস্কৃতিক ও রাজনৈতিক চেতনার উন্মেষ ঘটায়। পাকিস্তানি শাসকগোষ্ঠীর দমননীতি ও বাংলাকে উপেক্ষার বিরুদ্ধে এই আন্দোলন বাঙালিদের মধ্যে ঐক্য ও স্বতন্ত্র জাতিসত্তার বোধ জাগ্রত করে। এর ফলে পরবর্তী সময়ে স্বায়ত্তশাসনের দাবি জোরদার হয় এবং মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীন বাংলাদেশের জন্ম সম্ভব হয়। এ প্রসঙ্গে আনিসুজ্ঞামান লেখেন,

পাকিস্তানি শাসকদের আঘাতে আঘাতে ভাষাগত ও সংস্কৃতিগত আত্মপরিচয় সম্পর্কে আমরা ক্রমে সচেতন হয়েছি এবং বাঙালি জাতীয়তাবাদী ভাবধারার বিকাশ ততোই আমাদের মধ্যে ঘটেছে। প্রতিবছর একুশে ফেব্রুয়ারি উদযাপনের মধ্য দিয়েই শুধু এ-ভাবধারার পুষ্ট হয়নি। বাংলা নববর্ষ-উদযাপন, ঋতু-উৎসব-পালন, রবীন্দ্রনাথের সাহিত্য ও সংগীতচর্চা প্রভৃতি ক্ষেত্রে যতো বেশি সরকারি বাধা এসেছে, রোমান হরফে বাংলা লেখার কিংবা বাংলা বর্ণমালা-সংস্কারের উদ্যোগ নিয়ে সাংস্কৃতিক ঐতিহ্য থেকে আমাদের যত দূরে সরাবার চেষ্টা হয়েছে, ততোই আমরা নিজেদের বাঙালিত্বকে সজোরে আঁকড়ে ধরেছি।<sup>৪৫</sup>

আনিসুজ্ঞামানের এই বক্তব্য থেকে স্পষ্ট হয় যে, ভাষা-আন্দোলন শুধু ভাষার অধিকারের জন্য সংগ্রাম ছিল না, এটি ছিল বাঙালি জাতিসত্তার বিকাশের ভিত্তি। একুশে ফেব্রুয়ারির উদযাপন, বাংলা নববর্ষ, রবীন্দ্রনাথের সাহিত্য ও সংগীতচর্চা, ঋতু উৎসবসহ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের ওপর বিধিনিষেধ আরোপ করা হলেও, এসব বাধাই বাঙালিকে তার নিজস্ব পরিচয় আরও দৃঢ়ভাবে গ্রহণ করতে উৎসাহিত করেছে। ফলে ভাষা-আন্দোলন কেবল ভাষার অধিকার প্রতিষ্ঠার মধ্যে সীমাবদ্ধ থাকেনি, এটি বাঙালি জাতীয়তাবাদের জাগরণ ও বিকাশের অন্যতম নিয়ামক শক্তি হয়ে উঠেছিল।

### ৩.৪ অসাম্প্রদায়িক মনোভাবের বিস্তার

আনিসুজ্ঞামান তার “বায়ান্নর ভাষা-আন্দোলন ও ধর্মনিরপেক্ষতা” প্রবন্ধে ভাষা-আন্দোলনের সাথে বাঙালির অসাম্প্রদায়িক মনোভাবের যে উন্মেষ ঘটেছিল তা ব্যাখ্যা করেছেন। এ আন্দোলনে উর্দুর আধিপত্য প্রত্যাখ্যান করার সঙ্গে সঙ্গে দেশের মানুষ ধর্মের নামে শোষণ ও উৎপীড়ন এবং ধর্ম নিয়ে রাজনীতিকে প্রত্যাখ্যান করেছিল। আনিসুজ্ঞামান লেখেন, ‘ভাষা-আন্দোলনের পরে অসাম্প্রদায়িক ছাত্র ও রাজনৈতিক সংগঠনের আত্মপ্রকাশ কিংবা প্রতিষ্ঠিত ছাত্র ও রাজনৈতিক দলের অসাম্প্রদায়িকরণ সম্ভবপর হয়েছিল শুধু নয়, অনিবার্য হয়ে পড়েছিল।’<sup>৪৬</sup> এ সময়ে যুবলীগ ও কমিউনিস্টদের জ্যেষ্ঠ নেতারা স্থির করেন অসাম্প্রদায়িক ছাত্র সংগঠন গড়ে তোলার। এভাবেই ছাত্র ইউনিয়নের আত্মপ্রকাশ ঘটে মূলত ভাষা-আন্দোলনের কারণেই। যদিও অসাম্প্রদায়িক একটি ছাত্র সংগঠনের প্রয়োজনীয়তা ও এবিষয়ক আলোচনা ভাষা-আন্দোলনের পূর্ব থেকেই হয়েছিলো তবুও ভাষা-আন্দোলনের কারণে এই সংগঠনের প্রতিষ্ঠা ত্বরান্বিত হয়। একইভাবে ছাত্র সংগঠনের পাশাপাশি রাষ্ট্রভাষা-আন্দোলনের পরে ঠিক তেমনি করে একটি অসাম্প্রদায়িক রাজনৈতিক দল গঠনের কথা উঠে। এর ফলে মূলত ভাষা-আন্দোলনের প্রভাবেই গঠিত হয় গণতন্ত্রী দল।

অসাম্প্রদায়িকতার বহিঃপ্রকাশ রাজনৈতিক অন্য দলগুলোর ক্ষেত্রেও ঘটতে থাকে, আওয়ামী মুসলিম লীগের ‘মুসলিম’ বাদ দিয়ে দলের নামকরণ করতে হয়। এমনকি আওয়ামী লীগের নেতারা ১৯৫৬ সালে পাকিস্তানের শাসনতন্ত্র রচনার কালে রাষ্ট্রের ইসলামী প্রজাতন্ত্র নামকরণের আপত্তি জানান। এছাড়া আনিসুজ্ঞামান মনে করেন যে, ভাষা-আন্দোলনের ফলে জাগ্রত অসাম্প্রদায়িকতার কারণেই ১৯৬৪ সালের সাম্প্রদায়িক দাঙ্গা প্রতিরোধে সকলে সচেতনতার পরিচয় দিয়েছিল। এমনকি এই সচেতনতা থেকেই পাকিস্তান আমলে আর কোনো সাম্প্রদায়িক দাঙ্গা সংঘটিত হয়নি।<sup>৪৭</sup>

### ৩.৫ স্বাধিকার ও স্বাধীনতা অর্জন

ভাষা-আন্দোলনের সফলতা বাঙালির স্বাধিকার ও স্বাধীনতা অর্জনে অনুপ্রেরণা হিসেবে কাজ করে। ফলে ভাষা-আন্দোলনের প্রভাবে পূর্ব-বাংলার রাজনীতিতে পরিবর্তন আসে। দেশভাগের পর মুসলিম লীগের যে নিরঙ্কুশ জনসমর্থন

ছিল সে পরিস্থিতি বদলে যায় চারিদিকে মুসলিম লীগ বিরোধী ভাবাবেগ প্রবল হয়। এ সময়ে সরকার সমর্থকরা অনেকটা নিষ্প্রভ হয়ে যায়। পরবর্তী সময়ে পূর্ব-পাকিস্তানের মুসলিম লীগ আর তাদের আগের অবস্থানে ফিরে যেতে পারেনি। আনিসুজ্ঞামান তাঁর রচনায় বলেছেন,

আন্দোলন পরবর্তী বন্ধের পরে কলেজ যখন আবার খুললো তখন আন্দোলনের রেশ না থাকলেও মুসলিম লীগ বিরোধী ভাবাবেগ খুব প্রবল ছিল। সরকার সমর্থকরা সেই চুপসে গেলো, সে-অবস্থার আর পরিবর্তন হয়নি।<sup>৪৮</sup>

মুসলিম লীগের একচ্ছত্র আধিপত্য দুর্বল হয়ে পড়ে এবং তাদের বিরোধী শক্তিগুলো আরও সুসংগঠিত হয়ে ওঠে। যা বাঙালির স্বাধিকার আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

পাকিস্তান সরকার রবীন্দ্রনাথ ঠাকুরকে বাঙালি সংস্কৃতির অংশ হিসেবে মেনে নিতে চায়নি এবং তাঁর জন্মশতবার্ষিকী উদযাপনে বাধা দেয়। কিন্তু বাঙালিরা ভাষা-আন্দোলনের চেতনায় উদ্বুদ্ধ হয়ে সরকারকে উপেক্ষা করে ব্যাপকভাবে রবীন্দ্রজয়ন্তী পালন করে, যা সাংস্কৃতিক স্বাধিকার প্রতিষ্ঠার প্রতীক হয়ে ওঠে। রবীন্দ্র জন্মশতবার্ষিকী পালনে সরকারি বাধাকে এদেশের একদল সাংস্কৃতিক সচেতন মানুষ যেভাবে মোকাবেলা করেছিলেন তাকে আনিসুজ্ঞামান ভাষা-আন্দোলনের সাথে তুলনা করেছেন। ভাষা-আন্দোলন থেকে বাঙালিরা লড়াই করার মনোবল পেয়েছিল এ প্রসঙ্গে আনিসুজ্ঞামান বলেন,

বাধা দিলে বাধবে লড়াই এই মনোভাব কাজ করেছিলো সেদিন। তখন মনে হয়েছিলো, এখনো মনে হয় সকল প্রতিকূলতার বিরুদ্ধে আমরা সেদিন জয়ী হয়েছিলাম ভাষা-আন্দোলনের মতো আরেকটি আন্দোলনে।<sup>৪৯</sup>

বায়ান্নর ভাষা-আন্দোলন বাঙালির মধ্যে জাতীয়তাবোধ ও প্রতিবাদী চেতনা গড়ে তোলে। ভাষা-আন্দোলন দেখিয়ে দেয় যে সংগঠিত প্রতিরোধের মাধ্যমে শাসকগোষ্ঠীর অন্যায় নীতির বিরুদ্ধে জয় সম্ভব। স্বৈরশাসনের বিরুদ্ধে গণআন্দোলনেও ভাষা-আন্দোলনের চেতনা কাজ করেছিল। ১৯৫২ সালের ভাষা-আন্দোলন শাসকগোষ্ঠীর অন্যায় দমননীতির বিরুদ্ধে রুখে দাঁড়ানোর শিক্ষা দেয়। পরবর্তীকালে আইয়ুব খানের সামরিক শাসনের বিরুদ্ধে ছাত্র আন্দোলন, শিক্ষা আন্দোলন এবং ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান সেই একই চেতনায় পরিচালিত হয়।<sup>৫০</sup> এ প্রসঙ্গে আনিসুজ্ঞামানের মতো ভাষাসংগ্রামী আহমদ রফিকও একই কথা বলেছেন,

এ কথা সত্য যে পঞ্চাশ থেকে ষাটের দশকজুড়ে একুশের চেতনা ‘শহীদ দিবস’ পালনের মধ্য দিয়ে আধিপত্যবাদী পাকিস্তানি শাসক শক্তির বিরুদ্ধে রাজনৈতিক সাংস্কৃতিক লড়াইয়ের প্রেরণা জুগিয়েছে। গণতান্ত্রিক মূল্যবোধের প্রকাশ ঘটতে সাহায্য করেছে। স্বৈরশাসন বা সামরিক শাসনও তা রুখতে পারেনি। তাই একুশের ভাষা আন্দোলন শুধু ভাষার অধিকার প্রতিষ্ঠার লড়াই ছিল না, ছিল গণতান্ত্রিক লড়াইয়ের নেপথ্য শক্তি। এ শক্তির ধারাবাহিকতায় সম্ভব হয়েছিল ঊনসত্তরের গণ-আন্দোলন, এমনকি সামরিক বাহিনীর বিরুদ্ধে একান্তরের স্বাধীনতায়ুদ্ধ। আর ওই যুদ্ধের মধ্য দিয়ে জন্ম নেয় স্বাধীন ভাষিক রাষ্ট্র বাংলাদেশ।<sup>৫১</sup>

সর্বোপরি, ভাষা-আন্দোলন সকল প্রতিকূলতার বিরুদ্ধে যেমন লড়াইয়ের সাহস যুগিয়েছে তেমনি মুক্তিযুদ্ধের ক্ষেত্রেও জুগিয়েছে লড়াইয়ের সেই সাহস। কারণ বাঙালি জাতীয়তাবোধ ও লড়াই করার মানসিকতা এই দুইয়েরই উৎস ছিল ভাষা-আন্দোলন। আনিসুজ্ঞামান ভাষা-আন্দোলনকে বাংলাদেশ প্রতিষ্ঠার ভিত্তি হিসেবে উল্লেখ করেছেন-‘এই নতুন জাতিসত্তার সূচনা ১৯৫২-তে, রাষ্ট্রভাষা-আন্দোলনের ভাষাপ্রীতি, আত্মত্যাগ, জাতিগত ঐক্যবোধের মধ্য দিয়ে। ১৯৫২-তে যার সূচনা, ১৯৭১-এ তার প্রতিষ্ঠা’।<sup>৫২</sup> বায়ান্নর ভাষা-আন্দোলন মুক্তিযুদ্ধের আদর্শিক ভিত্তি তৈরি করে, কারণ এটি বাঙালির মধ্যে স্বাধিকারের চেতনা জাগিয়ে তোলে। ভাষার অধিকার প্রতিষ্ঠার সংগ্রাম ধীরে-ধীরে রাজনৈতিক স্বাধীনতার দাবিতে রূপ নেয়, যা ছয় দফা আন্দোলন, গণঅভ্যুত্থান এবং শেষ পর্যন্ত ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে পরিণত হয়। ভাষা-আন্দোলন বাঙালিকে লড়াই করার সাহস ও ঐক্যের শিক্ষা দেয়, যা মুক্তিযুদ্ধের বিজয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

## ৪. উপসংহার

ভাষা-আন্দোলনে আনিসুজ্ঞামানের ভূমিকা ছিল বহুমাত্রিক ও গভীর তাৎপর্যপূর্ণ। এই আন্দোলনে প্রথম প্রচারপত্র রচনার মাধ্যমে তিনি আন্দোলনের বুদ্ধিবৃত্তিক ভিত্তি গঠনে সাহায্য করেছেন। পাশাপাশি ২১ ফেব্রুয়ারির ঘটনাপ্রবাহে তার সক্রিয় উপস্থিতি এবং আহতদের সহায়তা প্রদানের মাধ্যমে তার সাহসিকতা ও মানবিক দিক উন্মোচিত হয়। এছাড়া ভাষা-আন্দোলন শুধু মাতৃভাষার অধিকার প্রতিষ্ঠার সংগ্রাম ছিল না; এটি ছিল বাঙালি জাতিসত্তার আত্মদর্শন ও আত্মপ্রতিষ্ঠার পথচলার সূচনা। আনিসুজ্ঞামানের পর্যবেক্ষণ অনুসারে, এই আন্দোলনের মাধ্যমেই বাঙালির মধ্যে জাতীয়তাবাদী চেতনার উন্মেষ ঘটে এবং অসাম্প্রদায়িক মনোভাব বিকশিত হয়। ভাষা শহিদদের আত্মত্যাগ জাতির আত্মপরিচয় ও আত্মবিশ্বাস গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে, যা পরবর্তীকালে সাংস্কৃতিক পট-পরিবর্তনসহ স্বাধিকার আন্দোলন থেকে স্বাধীনতা সংগ্রামের পথে বাঙালিকে অগ্রসর করে।

## তথ্যনির্দেশ

- <sup>১</sup> মাজহারুল ইসলাম ও আবদুল্লাহ নাসের সম্পা., দীপ্তমণীয়া (ঢাকা: অন্যপ্রকাশ, ২০১৫), পৃ. ৬৮।
- <sup>২</sup> আনিসুজ্জামান, কাল নিরবধি (ঢাকা: সাহিত্যপ্রকাশ, ২০০৩), পৃ. ১২২।
- <sup>৩</sup> আনিসুজ্জামান, “গৌরবের সেই মুহূর্তগুলো”, মহামানবের সাগরতীরে (ঢাকা: প্রথমা প্রকাশন, ২০২১), পৃ. ১৫৫।
- <sup>৪</sup> বিশ্বজিৎ ঘোষ, “আনিসুজ্জামান কালের কথক”, উত্তরাধিকার, (ঢাকা: বাংলা একাডেমি, জুন, ২০২০), পৃ. ৮১।
- <sup>৫</sup> দীপ্তমণীয়া, পৃ. ৬৮।
- <sup>৬</sup> বদরুদ্দীন উমর, “ভাষা আন্দোলন”, বাংলাদেশের ইতিহাস ১৭০৪-১৯৭১, সিরাজুল ইসলাম সম্পা., (ঢাকা: বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ১৯৯৩), পৃ. ৩৫৬-৫৭।
- <sup>৭</sup> রফিকুল ইসলাম, ভাষা আন্দোলন ও শহীদ মিনার (ঢাকা: আনন্দ, ১৯৮২), পৃ. ১৭।
- <sup>৮</sup> বদরুদ্দীন উমর, পূর্ববাংলার ভাষা-আন্দোলন ও তৎকালীন রাজনীতি, তৃতীয় খণ্ড (ঢাকা: সুবর্ণ, ১৯৮৪), পৃ. ১৯১।
- <sup>৯</sup> কাল নিরবধি, পৃ. ১৭০।
- <sup>১০</sup> “গৌরবের সেই মুহূর্তগুলো”, মহামানবের সাগরতীরে, পৃ. ১৫৬।
- <sup>১১</sup> আনিসুজ্জামান, “আবুল হাশিম,” স্মরণ ও বরণ (ঢাকা: চন্দ্রাবতী একাডেমি, ২০১৮), পৃ. ২৭।
- <sup>১২</sup> কাল নিরবধি, পৃ. ১৭৩।
- <sup>১৩</sup> আহমদ রফিক, ভাষা আন্দোলন (ঢাকা: প্রথমা প্রকাশন, ২০০৯), পৃ. ৪২।
- <sup>১৪</sup> আনিসুজ্জামান, “জীবনে আমার কোন খেদ নেই”, প্রথম আলো, ২৯ অক্টোবর, ২০১৭।
- <sup>১৫</sup> “গৌরবের সেই মুহূর্তগুলো”, মহামানবের সাগরতীরে, পৃ. ১৫৮।
- <sup>১৬</sup> কাল নিরবধি, পৃ. ১৭৫।
- <sup>১৭</sup> তদেব, পৃ. ১৭৪।
- <sup>১৮</sup> পূর্ববাংলার ভাষা-আন্দোলন ও তৎকালীন রাজনীতি, তৃতীয় খণ্ড, পৃ. ২২২।
- <sup>১৯</sup> “ভাষা আন্দোলন”, বাংলাদেশের ইতিহাস ১৭০৪-১৯৭১, পৃ. ৩৫৬-৫৭।
- <sup>২০</sup> কাল নিরবধি, পৃ. ১৭৫-৭৬।
- <sup>২১</sup> “ভাষা আন্দোলন,” বাংলাদেশের ইতিহাস ১৭০৪-১৯৭১, পৃ. ৩৬৩।
- <sup>২২</sup> কাল নিরবধি, পৃ. ১৭৮।
- <sup>২৩</sup> পূর্ববাংলার ভাষা-আন্দোলন ও তৎকালীন রাজনীতি, তৃতীয় খণ্ড, পৃ. ৩০০-৩০১।
- <sup>২৪</sup> রফিকুল ইসলাম, ভাষা আন্দোলন ও শহীদ মিনার, পৃ. ৭০।
- <sup>২৫</sup> আবুল হাসনাত, “স্বরূপসকানী আনিসুজ্জামান”, আবুল হাসনাত সম্পা., আনিসুজ্জামান স্মরণ, (বেঙ্গল পাবলিকেশন্স, ঢাকা. ২০২১), পৃ. ৩৮৮।
- <sup>২৬</sup> কাল নিরবধি, পৃ. ১৮১।
- <sup>২৭</sup> তদেব।
- <sup>২৮</sup> তদেব, পৃ. ১৮১-৮২।
- <sup>২৯</sup> নুরুল ইসলাম, বাংলাদেশের কমিউনিস্ট পার্টির চল্লিশ বছর (ঢাকা: জাতীয় সাহিত্য প্রকাশনী, ১৯৮৮), পৃ. ১৯।
- <sup>৩০</sup> কাল নিরবধি, পৃ. ১৭৩।
- <sup>৩১</sup> তদেব, পৃ. ১৭৯।
- <sup>৩২</sup> তদেব, পৃ. ১৭৮।
- <sup>৩৩</sup> তদেব, পৃ. ২০৯।
- <sup>৩৪</sup> তদেব, পৃ. ২১০।
- <sup>৩৫</sup> আনিসুজ্জামান, “হাসান হাফিজুর রহমান,” চেনা মানুষের মুখ (ঢাকা: প্রথমা প্রকাশন, ২০১৩), পৃ. ১৬৪।
- <sup>৩৬</sup> আনিসুজ্জামান, “একুশের চেতনা”, জাতীয় অধ্যাপক আনিসুজ্জামানের শিক্ষাচিন্তা ও প্রগতিশীল ভাবনা, এ. এন. রাশেদা, সম্পা., পৃ. ৮৩।
- <sup>৩৭</sup> কাল নিরবধি, পৃ. ২৫৬।
- <sup>৩৮</sup> আনিসুজ্জামান, “পঞ্চাশ বছরের অবিরাম স্বপ্ন”, গৌরবের সেই মুহূর্তগুলো, পৃ. ১১।
- <sup>৩৯</sup> আনিসুজ্জামান, “রাষ্ট্রভাষা ও প্রাসঙ্গিক বিতর্ক”, আত্মপরিচয়, ভাষা-আন্দোলন, স্বাধীনতা (ঢাকা: চন্দ্রাবতী একাডেমি, ২০১৫), পৃ. ১৪৮।
- <sup>৪০</sup> আনিসুজ্জামান, “বায়ান্নর ভাষা-আন্দোলন ও ধর্মনিরপেক্ষতা”, আত্মপরিচয়, ভাষা-আন্দোলন, স্বাধীনতা, পৃ. ১৩৮।
- <sup>৪১</sup> “একুশে ফেব্রুয়ারি ও আমাদের সাংস্কৃতিক চেতনা”, প্রথম আলো, ২১ ফেব্রুয়ারি ২০২২।
- <sup>৪২</sup> আনিসুজ্জামান, “আমাদের মুক্তিসংগ্রাম ও সংবিধানের মূলনীতি”, বাঙালি ও বাংলাদেশ (ঢাকা: মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাইং লিঃ, ২০১৪), পৃ. ১১০।
- <sup>৪৩</sup> “একুশে ফেব্রুয়ারি ও আমাদের সাংস্কৃতিক চেতনা”, প্রথম আলো, ২১ ফেব্রুয়ারি ২০২২।
- <sup>৪৪</sup> আনিসুজ্জামান, “রাষ্ট্রভাষা ও প্রাসঙ্গিক বিতর্ক”, আত্মপরিচয়, ভাষা-আন্দোলন, স্বাধীনতা, পৃ. ১৪০-১৪১।
- <sup>৪৫</sup> বাঙালি ও বাংলাদেশ, পৃ. ১১০।
- <sup>৪৬</sup> আনিসুজ্জামান, “বায়ান্নর ভাষা-আন্দোলন ও ধর্মনিরপেক্ষতা”, আত্মপরিচয়, ভাষা-আন্দোলন, স্বাধীনতা, পৃ. ১৫৮।
- <sup>৪৭</sup> বাঙালি ও বাংলাদেশ, পৃ. ১১০।
- <sup>৪৮</sup> কাল নিরবধি, পৃ. ১৮৫।
- <sup>৪৯</sup> তদেব, পৃ. ৩৪১।
- <sup>৫০</sup> “একুশের চেতনা”, আত্মপরিচয়, ভাষা-আন্দোলন, স্বাধীনতা, পৃ. ১৫৫।
- <sup>৫১</sup> আহমদ রফিক, ভাষা আন্দোলন, পৃ. ৮৫-৮৬।
- <sup>৫২</sup> “বাংলাদেশ, বাঙালি ও বাংলাদেশি,” বাঙালি ও বাংলাদেশ, পৃ. ১১৮।

## আল মাহমুদের কবিতায় লোকায়ত বিশ্বাস ও সংস্কারের চালচিত্র [Portrayal of Folk Belief and Rituals in the Poems of Al Mahmud]

Dr. Mahamuda Akter

Associate Professor, Department of Bangla, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

### ARTICLE INFORMATION

The Faculty Journal of Arts  
Rajshahi University  
Volume 39, June 2025  
ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A2>

Received : 23 February 2025

Received in revised: 30 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

#### Keywords:

Al Mahmud, Poetry, Folk belief and Rituals

### ABSTRACT

In modern Bengali poetry, Al Mahmud (1936-2021) was recognized as a renowned poet of the 50s. A significant basis for distinguishing poet Al Mahmud from other contemporary poets in poetic judgment is that his poetry is rich in various elements of folklore, folk life, and culture. By artistic presentation of various folk elements Al Mahmud tried to be focused and remained committed on establishing communism, optimism, and positive life in his poetry, instead of hostile life. Folk beliefs and rituals are essential to folk life and culture as they are highly, respectfully used, and practiced elements in worshipping a better rural or citizen life. Although Al Mahmud is a modern, civilized poet, he has enormously cast the folk elements like folk beliefs and rituals in his poems intentionally or unintentionally. The eternal affection for the folk elements of Al Mahmud highly encouraged me to investigate the existence, nature, distribution, and significance of folk beliefs and rituals in his poetry.

প্রাচীনকাল থেকেই মানুষ সংঘবদ্ধ জীবনযাপনে অভ্যস্ত। এই সংঘবদ্ধ জীবনের উৎসব-আনন্দ-বেদনার ক্ষণমুহূর্তে জন্ম হয় কবিতার। প্রাচীন সমাজে মানুষের মৌলিক চাহিদা ও অর্থনৈতিক স্বাবলম্বনে যে সংঘবদ্ধ কর্মযজ্ঞ (যেমন পশুশিকার, কৃষিকাজ) পরিচালিত হতো; সেই কায়িক শ্রমের ক্লান্তি ও একঘেয়েমি দূর করে কর্মপ্রেরণা যোগাতো সংগীতময় কাব্য। এজন্যই কাব্যের একটি অনন্য বৈশিষ্ট্য হচ্ছে সংগীতময়তা। প্রয়োজনের তাগিদে আবির্ভূত হলেও কাব্যের মধ্যেই লোকসংস্কৃতির সুপ্ত অভিজ্ঞানের বীজ অঙ্কুরিত হতে দেখা যায়। কৃষিনির্ভর মানুষের দৈনন্দিন ক্রিয়াকর্মে, বিবিধ আচার-অনুষ্ঠানে লোকসংস্কৃতির উপস্থিতি বহুকাল থেকেই লক্ষণীয়। এ ছাড়াও নদী, সাগর, খাল-বিলের সাথে সংশ্লিষ্ট মানুষের সংস্কার-বিশ্বাস, আচার-কর্মে লোকসংস্কৃতির প্রচ্ছন্ন প্রভাব বিদ্যমান। কাজেই ‘লোকসংস্কৃতি যেমন মানুষের আদি এবং মৌলিক সম্পদ, কবিতাও তেমনি মানুষের সাহিত্যধারার আদি অর্জনরূপে পরিগণিত হয়। এই সৃষ্টি উৎসবিচারে কবিতা ও লোকসংস্কৃতি পরস্পর বিশেষভাবে ওতপ্রোত।’<sup>১</sup> ফলে প্রাচীন যুগ থেকে কবিগণ চৈতন্য-অবচেতনে জাতির আদি ঐতিহ্য, বিশ্বাস, মূল্যবোধ টিকিয়ে রাখতে লোকসংস্কৃতির বিচিত্র অনুষঙ্গের সমন্বয়ে কাব্য রচনা করেছেন।

ঐতিহ্যের শিকড়ে প্রত্যাবতন করে বাঙালি জাতীয়তাবাদ প্রতিষ্ঠায় আত্মসচেতনতাবোধ জাগ্রত করে কবিতা রচনায় অগ্রগামী ভূমিকা পালন করেন পঞ্চাশ দশকের কবি-সাহিত্যিকবৃন্দ। তাঁরা আধুনিক প্রকরণে, স্বতন্ত্রকাব্য ভাষা ও নতুন জাতীয়তাবাদী ভাবধারা যুক্ত করে বাংলাদেশের কবিতার নবযাত্রা সূচনা করেন। তিরিশের কবিদের প্রেম, প্রকৃতি, মানবতাবাদ, প্রগতিধর্মিতা, জগৎ ও জীবন এবং জসীমউদ্দীনের লোকায়ত জীবনভাবনাকে আত্মীকরণে পঞ্চাশের কবিরা বাংলা কবিতার আবহমান দেশজ ঐতিহ্যকে কবিতায় সম্প্রসারণ করে সফলতা অর্জন করেন। এ সময়ের উল্লেখযোগ্য কবি হলেন আবদুল গণি হাজারী (১৯২১-১৯৭৬), আবু জাফর ওবায়দুল্লাহ (১৯৩৪-২০০১), শামসুর রাহমান (১৯২৯-২০০৬), হাসান হাফিজুর রহমান (১৯৩২-১৯৮৩), সৈয়দ শামসুল হক (১৯৩৫-২০১৬), আলাউদ্দিন আল আজাদ (১৯৩২-২০০৯), আল মাহমুদ (১৯৩৬-২০১৯), শহীদ কাদরী (১৯৪২-২০১৬) প্রমুখ। এক্ষেত্রে আধুনিক প্রকরণে লোকায়ত জীবনবোধ ও ঐতিহ্য অন্তর্ভুক্ত করে ভিন্নমাত্রার কবিতা সৃষ্টিকারী শক্তিমান কবি আল মাহমুদ। তিরিশের দশকের কাব্যপ্রবণতার ধারায় অনুপ্রাণিত ও এলিয়টিং প্রভাবে প্রভাবান্বিত কবি আল মাহমুদ প্রথম থেকেই লোকঐতিহ্য অনুরাগী কাব্য রচনায় ব্রতী হন। লোকায়ত বাংলার বিস্তীর্ণ মাঠ-ঘাট-চর, প্রাকৃতিক দৃশ্যাবলি, নদীকেন্দ্রিক জনজীবনের সংগ্রাম, কৃষাণ-কৃষাণীর প্রেম-বিরহ-দুঃখ-আনন্দ, উৎসব, ক্রীড়া প্রভৃতি বিষয়কে উপজীব্য করে লিখেছেন একের পর এক শিল্পসফল কাব্যগ্রন্থ। পরম মমতায় কবিতায় তুলে এনেছেন লোকায়ত জীবন ও সংস্কৃতির নানা প্রসঙ্গ যেমন: লোকসাহিত্য, লোকসংগীত, লোকশিল্প, লোকনৃত্য, লোককৌতুক, লোকবিজ্ঞান ও প্রযুক্তি, লোকোচ্চারণ, প্রবাদ, ধাঁধা, লোকনাম-খেতাব-উপাধি, লোকবিশ্বাস ও সংস্কার ইত্যাদি। তবে কবিতায় লোকায়ত বিশ্বাস ও সংস্কার রূপায়ণে অনন্য স্বাক্ষর রেখেছেন কবি আল মাহমুদ। জীবিকা ও প্রতিষ্ঠার তাগিদে গ্রাম ছেড়ে নগরে স্থায়ী হলেও কবিতায় কবির গ্রামীণ

জীবনাভিজ্ঞতার নান্দনিক প্রয়োগ লক্ষ করা যায়। তাঁর কবিতায় লোকায়ত বিশ্বাস ও সংস্কারের অন্তর্নিহিত তাৎপর্য নিরূপণার্থে লোকায়ত বিশ্বাস ও সংস্কারের তাত্ত্বিক দিকটি কিছুটা বিশ্লেষণ করা প্রয়োজন।

লোকায়ত জীবন ও সমাজের একটি অপরিহার্য অংশ লোকবিশ্বাস ও লোকসংস্কার। ইংরেজি 'Folk belief' ও 'Superstition'-এর বাংলা প্রতিশব্দ হিসেবে 'লোক-বিশ্বাস' ও 'লোক-সংস্কার' গৃহীত হয়েছে। তবে ইংরেজি 'Superstition'-এর আভিধানিক বাংলা অর্থ 'কুসংস্কার'। ফলে 'Superstition' শব্দে লোকসংস্কারের সমগ্রতা ধরা পড়ে না। কেননা লোকসংস্কারের মন্দ দিক যেমন রয়েছে তেমনি ভালো দিকও আছে। তাই প্রবন্ধের ইংরেজি শিরোনামে আমরা 'Superstition' শব্দটির স্থলে 'Ritual' ব্যবহার করেছি। 'Ritual' এর বাংলা অর্থ 'আচার' বা 'ক্রিয়াকলাপ'। লোকসংস্কারেও সংহত সমাজের বিশ্বাস, মূল্যবোধ, ক্রিয়াকর্ম, আচার-আচরণ যুক্ত থাকে।

লোকায়ত সমাজে লোকবিশ্বাস ও লোকসংস্কারের পরিশীলন ও লালন-পালন হয়ে থাকে। লোকবিশ্বাস ও লোকসংস্কার ব্যক্তিমানসে কাছাকাছি দুটি উপলব্ধি। এ সম্পর্কে গবেষকের মন্তব্য,

লোকবিশ্বাস মূলতঃ লোক-সংস্কারের ক্ষেত্রে একটি স্তর মাত্র। কারণ লোক-বিশ্বাসে কোনও বিশেষ বস্তু, ঘটনা বা মানসিকতার স্বীকৃতি দেয়া হয়। অন্যদিকে লোকবিশ্বাস যদি লোক সমাজের জীবনাচরণে কার্যকরীভাবে প্রকাশ পায়, যদি তা ক্রিয়া ও অনুষ্ঠানে রূপায়িত হয়, তাহলে তা পরিণত হবে লোক-সংস্কারে। একটি বিশ্বাস একজন নিরক্ষর ব্যক্তির মনে যতক্ষণ অবস্থান করে, ততক্ষণ তা লোক-বিশ্বাসই বটে। কিন্তু যে মুহূর্তে তা সামাজিক স্বীকৃতি পায়, সমাজবদ্ধ মানুষের কার্যকলাপে যখন যথার্থ স্ফূর্তি লাভ করে তখন তা পরিণত হয় লোক সংস্কারে।<sup>১</sup>

অর্থাৎ লোকসংস্কার একটি জাতির দীর্ঘদিনের লালিত-চর্চিত বিশ্বাসের সমষ্টি যা ঐতিহ্য বা পরম্পরায় সেই জাতিকে প্রভাবিত করে প্রবাহিত হতে থাকে। প্রকৃতপক্ষে 'লোকবিশ্বাস হচ্ছে সেইসব বিশ্বাস যা কোনো বস্তু ও ঘটনার কার্যকারণ সম্পর্ক নির্ণয় অপেক্ষা অলৌকিক ও প্রথাগত বিশ্বাসকেই গুরুত্ব' দিয়ে থাকে। উদাহরণস্বরূপ বলা যায়, লোকসমাজে বিপদ-আপদ কিংবা রোগমুক্তি কামনায় অদৃষ্টশক্তি, যেমন পির বা লৌকিক দেবদেবীর উপর নির্ভর করা হয়। চৈত্র মাসে বিয়ে না করা, বাড়ি থেকে বেরোনোর সময় না ডাকাও লোকবিশ্বাসেরই প্রভাবজাত। যদিও সুশীল সমাজের কাছে তা অন্ধবিশ্বাস কিন্তু লোকসমাজে তাই বদ্ধবিশ্বাসে রূপান্তরিত। কোনো যুক্তি কিংবা বিজ্ঞানভিত্তিক মতামতের গুরুত্ব সেখানে অর্থহীন। আর 'যে সংস্কারগুলো সমাজে দীর্ঘদিন প্রচলিত থাকার ফলে পারিবারিক ও সামাজিক জীবনে নানাবিধ অনুষ্ঠানের মাধ্যমে কার্যকর রূপ লাভ করে তাকেই লোকসংস্কারের মর্যাদায় অভিষিক্ত করা হয়।'<sup>২</sup> লোকবিশ্বাস যুক্তি-বুদ্ধির উর্ধ্বে লোকমানসের অন্তর্ভুক্ত থেকে ঐতিহ্যনুসারে প্রবাহিত হয়ে থাকে; আর লোকসংস্কার লোকচৈতন্যের সমষ্টিক বিশ্বাসের রূপ। লোকবিশ্বাস ও লোকসংস্কারের সূক্ষ্ম পার্থক্য বিশ্লেষণ করেছেন লোকগবেষক বরুণকুমার চক্রবর্তী। তাঁর মন্তব্য প্রণিধানযোগ্য,

সংহত এক জনসমষ্টি যে বিশেষ আচার আচরণ এবং ক্রিয়াদিকে কর্তব্য অকর্তব্য বলে বিবেচনা করে, যেগুলির সঙ্গে শুভাশুভবোধ জড়িত, তাই হ'ল লোক-বিশ্বাস। লোক-বিশ্বাসের সঙ্গে ঐতিহ্যের সম্পর্ক খুবই কম, নেই বললেই চলে। কিন্তু লোক-সংস্কার হল সেইসব আচার-আচরণ এবং ক্রিয়াকলাপ যেগুলি পালনীয় কিংবা বর্জনীয় বলে সংহত জনসমষ্টি শুধু বিশ্বাস করে না, ব্যবহারিক জীবনে তা মেনেও চলে। লোক-সংস্কারের সঙ্গে ঐতিহ্যের সম্পর্ক অত্যন্ত ঘনিষ্ঠ। লোক-বিশ্বাস খুব সাম্প্রতিককালের হতে পারে বা হয়ও। কিন্তু লোক-বিশ্বাস এবং লোক-সংস্কার উভয়েরই মূলে কাজ করে মূলতঃ ঐহিক শুভাশুভবোধ। তবে লোক-বিশ্বাস যেক্ষেত্রে একান্তভাবে একটা ধ্যান ধারণা, মানসিক ক্রিয়া মাত্র, সেক্ষেত্রে লোক-সংস্কারের সঙ্গে কিছু আচার-আচরণ প্রত্যক্ষভাবে যুক্ত।<sup>৩</sup>

এ থেকে বোঝা যায় যে, আপাতদৃষ্টিতে লোকবিশ্বাস ও লোকসংস্কার অভিন্ন বলে মনে হলেও উভয়ের মধ্যে সূক্ষ্ম পার্থক্য আছে। বিভিন্ন ধরনের লোকবিশ্বাস ও সংস্কার লোকসমাজে বিদ্যমান যেমন, জাদু, জ্যোতিষগণনা, লোকঔষধ, মন্ত্র, শুভাশুভের চিহ্ন, বিভিন্ন বিধি-নিষেধ ইত্যাদি। তবে শুধু লোকসমাজ নয়, শহরেও বিশ্বাস-সংস্কারের বিভিন্ন পরিচয় মেলে। শিক্ষা-দীক্ষা, জ্ঞান-বিজ্ঞান, দর্শনের যুক্তিতেও লোকবিশ্বাস ও সংস্কার হার মানে না। তাই বলা যায়,

কালপরম্পরায় এগিয়ে আসতে আসতে মানুষ তার প্রাচীন বিশ্বাস, মূল্যবোধ ও সংস্কারকে বর্জন করে নতুন জ্ঞান, জীবনধারা ও সংস্কৃতি অঙ্গনে প্রবেশ করেছে— কিন্তু তবু সভ্যতার সুউচ্চ শিখরে দাঁড়িয়ে আজো মানুষ গর্ব করে বলতে পারে না যে, আদিম সমস্ত বিশ্বাস ও সংস্কারকে সে সম্পূর্ণ বর্জন করতে সমর্থ হয়েছে। এমনকি সুসভ্য ও জ্ঞান বিজ্ঞানে সুউন্নত সমাজে পর্যন্ত লোকবিশ্বাস ও লোকসংস্কারের প্রভাব আজো বিদ্যমান-বহু ক্ষেত্রে এগুলোকে চেষ্টা করেও সমাজদেহ থেকে সম্পূর্ণ বর্জন করা সম্ভব হয় নি অথবা কোন কোন ক্ষেত্রে স্বইচ্ছায় বর্জনের কোন চেষ্টাই হয় নি।<sup>৪</sup>

কেননা, বৈরী পরিবেশে নিরুপায় ও অসহায় মানুষ শিক্ষা-দীক্ষা, যুক্তি-বুদ্ধির উর্ধ্বে অলৌকিকতা ও অসাধ্যের কাছে আত্মসমর্পণ করে। আর এখানেই লোকবিশ্বাস ও সংস্কারের উৎস নিহিত রয়েছে।

মঙ্গলময় জীবন কামনার্থে লোকায়ত জীবন ও সংস্কৃতিতে পরম শ্রদ্ধার সাথে চর্চিত ও লালিত হয় বিবিধ লোকায়ত বিশ্বাস ও সংস্কার। বাংলাদেশের কবিরাজ কবিতায় নান্দনিকতা সৃষ্টিতে চেতন-অবচেতনে লোকায়ত বিশ্বাস ও সংস্কারকে কাব্যে সম্পৃক্ত করেন। তবে বাংলা কবিতায় লোকায়ত জীবন ও সংস্কৃতিচেতনার অন্তর্ভবন লক্ষ করা যায় চর্যাপদ থেকেই। মূলত

সহজিয়া বৌদ্ধধর্মাবলম্বীদের সাধনতন্ত্রের গূঢ়ার্থ প্রকাশে চর্যাপদ রচিত হলেও ‘চর্যাপদে তৎকালীন লোকায়ত জীবনের সমাজধর্ম, জীবিকা, শ্রম, বিশ্বাস, কর্ম, আনন্দ, সংস্কার, ধর্মীয় জীবনাচরণ, পারিবারিক তথা দৈনন্দিন জীবনের সামগ্রিক পরিচয় বিধৃত।’<sup>৭</sup> এর মধ্যে ‘চর্যাপদে’ লোকায়ত বিশ্বাস ও সংস্কারের প্রভাব সুস্পষ্ট। লোকায়ত সমাজে অমঙ্গল/অশুভের উপস্থিতির প্রমাণ মেলে দুই-সংখ্যক চর্যায়। এই চর্যায় বর্ণিত গ্রামীণ সমাজে কামরূপকে<sup>৮</sup> তন্ত্র-মন্ত্রের উৎস হিসেবে বিশ্বাস করা হতো। এখনও লোকমানুষ তন্ত্র-মন্ত্র শেখার আদর্শ স্থান হিসেবে কামরূপ কামাখ্যার প্রসঙ্গ উত্থাপন করে থাকে। এই পদে তৎকালীন নারীর স্বভাব বিশ্লেষণে প্রসঙ্গক্রমে চর্যাকার কামরূপের কথা উচ্চারণ করেন,

দিবসহি বহুড়ী কাউহি ডর ভাই  
রাতি ভইলে কামরু জাই ॥<sup>৯</sup>

মধ্যযুগের প্রথম কাব্য নিদর্শন ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের চরিত্র ও প্রেক্ষাপট লোকজীবন নির্ভর হওয়ায় এতে লোকায়ত বিশ্বাস ও সংস্কারের প্রতিফলন লক্ষ করা যায়। বিশেষ করে লোকায়ত সমাজে যাত্রাকালে কিংবা কোন মঙ্গলদায়ক কাজের শুরুতে শুভাশুভ চিহ্ন বিচার করার প্রবণতা পাওয়া যায় ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যে। লোকায়ত সমাজে হাঁচি দেওয়া, শেয়াল দেখা, কাক দেখা বা ডাক শোনাকে অশুভ বলে গণ্য করা হয়। ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যেও অশুভ চিহ্নের প্রতি বিশ্বাস অনুরণিত হতে দেখা যায়। আবার বাংলা সাহিত্যে মধ্যযুগের সার্থক কাব্যপ্রয়াস ‘বৈষ্ণব পদাবলি’তে বিভিন্ন পদে লোকায়ত বিশ্বাস ও সংস্কারের নানা প্রসঙ্গ যেমন বাম চোখ কাঁপা শুভ ইঙ্গিত, কাক-পাখি কাছে এসে বসা, মুখের পান পড়ে যাওয়াকে শুভচিহ্ন হিসেবে গণ্য, মান পর্বে অভিশাপের ধারণার প্রতি বিশ্বাসের বহিঃপ্রকাশ, পুণ্যফলে আকাজক্ষিত বস্ত্র লাভ, দিব্য দেওয়া ইত্যাদির পরিচয় পাওয়া যায়।

মঙ্গলকাব্য ও রোমাঞ্চময়ী প্রণয়োপাখ্যানেও লোকায়ত বিশ্বাস ও সংস্কারের প্রতি আস্থার প্রকাশ লক্ষ করা যায়। লোকায়ত জীবন ও সংস্কৃতিতে কুলক্ষণ, মৃত ব্যক্তিকে ঘিরে সংস্কার পালন, যাত্রাকালে পেছন দেখা/ডাকা, বাম/ডান চোখ কঁপে ওঠাকে শুভ/অশুভ ভাবা, স্বর্ণ গোখিকা দেখাকে কুলক্ষণ, ভূত তাড়ানোর তন্ত্র-মন্ত্রে বিশ্বাস, ঘি-দই নিয়ে এবং ফুলের ডালি হাতে মালিকে দেখা শুভলক্ষণ ইত্যাদি লোকবিশ্বাস ও সংস্কার এসব কাব্যে প্রত্যক্ষ করা যায়। প্রাচীন ও মধ্যযুগের কাব্যের ধারাবাহিকতায় বাংলা সাহিত্যের প্রথম আধুনিক কবি মাইকেল মধুসূদন দত্তের (১৮২৪-১৮৭০) কাব্যে লোকায়ত বিশ্বাস ও সংস্কারের বিভিন্ন অনুষঙ্গ যেমন মন্ত্র, জ্যোতিষ গণনা, জন্ম ও যাত্রাকালে সুলক্ষণ-কুলক্ষণ, তিথি-নক্ষত্রের অবস্থান, শুভাশুভ চিহ্ন ইত্যাদির উপর বিশ্বাস স্থাপন করতে দেখা যায়। উদাহরণস্বরূপ মেঘনাদবধ কাব্যের সপ্তমসর্গে বিবৃত হয়েছে,

... ... লক্ষাপুরে কেন বা শূনিছি  
রোদন-নিলাদ দূরে, হাহাকার ধ্বনি?  
বামেতর আঁখি মোর নাচিছে সতত;  
কাঁদিয়া উঠিছে প্রাণ! না জানি, স্বজনি,  
হায় লো, না জানি আজি পড়ি কি বিপদে?<sup>১০</sup>

মধুসূদনের পর রবীন্দ্রনাথ ঠাকুরের (১৮৬১-১৯৪১) বিভিন্ন কবিতায় শনির দশা, রাহুর গ্রাস, শাপ-অভিশাপ, মনস্কামনা পূরণে দেব-দেবী কিংবা প্রাকৃতিক/অপ্রাকৃতিক শক্তির আনুকূল্য লাভে বিভিন্ন আচার-ক্রিয়া-অনুষ্ঠান মানত ও পালন, পূর্বজন্মের পাপে অমঙ্গল সাধন, তন্ত্র-মন্ত্র ও যাত্রাকালে শুভাশুভ চিহ্নে বিশ্বাসসহ বহুবিধ সংস্কার পালন লক্ষণীয়। ‘কথা’ কাব্যের “দেবতার গ্রাস” কবিতা তার উজ্জ্বল উদাহরণ। এখানে মানবহিতৈষী কবি রবীন্দ্রনাথ ঠাকুর লোকায়ত সমাজে অহরহ ঘটে যাওয়া লোকবিশ্বাসে আস্থা প্রকাশের পাশাপাশি লোকায়ত বিশ্বাস ও সংস্কারকে অন্ধভাবে পালন করার প্রতি বিদ্রূপ প্রদর্শন করেছেন।

মূলত তিরিশের দশকের কবিরা বাংলা কবিতায় আধুনিকতার রূপরেখা স্থাপন করলেও, তাঁদের প্রভাব কেবল ভাষা ও শৈলীতে সীমাবদ্ধ ছিল না; সমাজ-বাস্তবতা ও সংস্কৃতিচেতনায়ও তা গভীরভাবে প্রতিফলিত হয়েছে। সেই সময়ের কবিতায় মানবতাবোধ, প্রেম, প্রকৃতি ও সামাজিক সংকট একত্রিত হয়ে নতুন কাব্যভঙ্গি তৈরি করেছে। এই ধারার মধ্যে জসীমউদ্দীন (১৯০৩-১৯৭৬) বাংলা কবিতায় লোকসংস্কৃতির নানা অনুষঙ্গ সার্থকভাবে প্রয়োগ করে এক অনন্য কাব্যধারা সৃষ্টি করেছেন। তাঁর কবিতায় গ্রামীণজীবনের কঠোর, কঠিন, নির্মম ও সংগ্রামী বাস্তবতা শুধু নন্দনবোধের উপকরণ নয়, বরং এক গভীর সমাজ-সংস্কৃতির দলিল হিসেবে প্রতিভাত হয়েছে। গ্রামীণ মানুষের বিশ্বাস, আচার, উৎসব, মূল্যবোধ ও জীবনসংগ্রামের চিত্রায়ণের মধ্য দিয়ে তিনি বাংলার লোকজ মানসচিত্রকে সাহিত্যিক মর্যাদা দিয়েছেন। তাঁর কাব্যে লোকায়ত বিশ্বাস ও সংস্কার (যেমন দিব্য প্রদান, যাদুটোনা, তন্ত্র-মন্ত্র, তুকতাক, তাবিজ-কবজ, শিরনি মানত, ঘরের চালে ছুতুম ডাকাকে অশুভ ভাবা ইত্যাদি) শুধু বিষয়বস্তুর অংশ নয়, বরং একটি সাংস্কৃতিক বিশ্বদৃষ্টির প্রকাশ। এই কারণেই জসীমউদ্দীন “পল্লিকবি” হিসেবে বাংলা সাহিত্যে স্বতন্ত্র মর্যাদা অর্জন করেছেন। উদাহরণস্বরূপ,

ঘরের চালেতে ছুতুম ডাকিছে অকল্যাণ এ সুর  
মরণের দূত এল বুঝি হায় হাঁকে মায় দূর-দূর।<sup>১১</sup>

মূলত তিরিশের দশকের কবিবৃন্দ এবং জসীমউদ্দীনের লোকজ কাব্যধারা পরবর্তী প্রজন্মের কবিদের ওপর গভীর প্রভাব ফেলেছে। আল মাহমুদ, শামসুর রাহমান, ওমর আলী, সৈয়দ শামসুল হক, নির্মলেন্দু গুণ, –প্রত্যেকেই এই উত্তরাধিকারের ভেতর থেকে নিজেদের কাব্যস্বাতন্ত্র্য স্থাপন করেছেন। উদাহরণস্বরূপ, আল মাহমুদের কবিতায় লোকজ অনুষ্ণ, মিথ ও ঐতিহ্য আধুনিক রাজনৈতিক ও সামাজিক বোধের সঙ্গে মিলিত হয়েছে, আর শামসুর রাহমানের কবিতায় শহুরে চেতনার ভেতরেও গ্রামীণ ভাষা ও আবেগের ছায়া পরিলক্ষিত হয়। এইভাবে জসীমউদ্দীনের লোকজ কাব্যধারা ও তিরিশের দশকের আধুনিক কাব্যচেতনার সংমিশ্রণ বাংলাদেশের কবিতা ও কবির মধ্যে এক ধারাবাহিক, আবহমান সংস্কৃতি গড়ে তুলেছে– যেখানে গ্রাম, শহর, আধুনিকতা, লোকায়ত জীবন ও নাগরিকচেতনা সমানভাবে সহাবস্থান করেছে।

এই ধারাবাহিকতার পরিপ্রেক্ষিতে আধুনিক বাংলা কবিতায় বিংশ শতাব্দীর পঞ্চাশের দশকের অন্যতম প্রধান কবি আল মাহমুদের কবিতায় লোকায়ত বিশ্বাস ও সংস্কারের বিভিন্ন দিকের বিস্তৃত চিত্রায়ণ দেখা যায়। তিরিশের দশকের কাব্যপ্রভাবে পঞ্চাশের দশকের কবিরা যখন নগরকেন্দ্রিক জীবন-জটিলতা, অবক্ষয়, নৈরাশ্যভরা জগতে বিচরণ করে কাব্য রচনায় নিবিষ্ট ছিলেন; তখন আল মাহমুদ আধুনিক প্রকরণে আবহমান গ্রামবাংলার ঐতিহ্য, দেশজতা, মানবতা, প্রেম, সমকালীন জীবনবাস্তবতা, সাম্যবাদ ইতিহাস ও জাতিসত্তার বিষয়কে একত্রিত করে এক গভীর সাংস্কৃতিক পরিসর নির্মাণ করেছেন। মূলত, ‘স্বদেশচেতনা ও স্বকাল নিঃসরিত হৃদয়-অনুভবকে আলিঙ্গন করে আল মাহমুদের কাব্যযাত্রার শুরু’।<sup>১২</sup> তাঁর কবি প্রতিভা একদিকে নাগরিক আধুনিকতার ভাবনাকে ধারণ করেছে, অন্যদিকে গ্রামীণ সংস্কৃতি, লোকবিশ্বাস ও ঐতিহ্যের শিকড়ে দৃঢ়ভাবে প্রোথিত থেকেছে। তাঁর প্রথম কাব্যগ্রন্থ *লোক লোকান্তর* (১৯৬৩) প্রকাশের মাধ্যমে বাংলা কবিতায় নতুন এক কণ্ঠের আগমন ঘটে। পরবর্তীকালে *কালের কলস* (১৯৬৬), *সোনালী কাবিন* (১৯৭৩), *মায়াবী পর্দা দুলে ওঠো* (১৯৭৬), *অষ্টবাদীদের রান্নাবান্না* (১৯৮০), *আরব্য রজনীর রাজহাঁস* (১৯৮৩), *বখতিয়ারের ঘোড়া* (১৯৮৫), *দ্বিতীয় ভাঙন* (১৯৮৯) প্রভৃতি গ্রন্থে তাঁর কাব্যচেতনার বিবর্তন স্পষ্ট হয়ে ওঠে। এসব কাব্যে ইতিহাসচেতনা, জাতীয় পরিচয়, ধর্মীয় প্রতীক ও লোকজ বিশ্বাসের গভীর উপস্থিতি তাঁর কবিতাকে একটি স্বতন্ত্র নন্দনবোধে উন্নীত করেছে। আল মাহমুদের কাব্যভাষা তাই একই সঙ্গে ঐতিহ্যনির্ভর ও আধুনিক–যেখানে লোকসংস্কৃতির মাটি ও ইতিহাসের প্রতিধ্বনি মিলেমিশে এক অনন্য কবিসত্তার রূপ ধারণ করেছে।

আল মাহমুদের কবিতায় লোকায়ত বিশ্বাস ও সংস্কার কেবল বিষয়বস্তুর উপাদান নয়, বরং তাঁর কাব্যদর্শনের মূল কাঠামো। তাঁর *লোক লোকান্তর*, *সোনালী কাবিন*, *মায়াবী পর্দা দুলে ওঠো*, *আরব্য রজনীর রাজহাঁস* ও *দ্বিতীয় ভাঙন*–এর কবিতাগুলোতে গ্রামীণ সমাজের বিশ্বাস, নিয়তি, পাপ-পুণ্যের ধারণা, অভিশাপ ও আদর্শের ভাষা এক ধরনের লোকধর্মীয় দর্শনে রূপ নেয়। যার ফলস্বরূপ তাঁর কবিতায় লোকায়ত বিশ্বাস ও সংস্কারের অনিবার্য অনুষ্ণ জাদু, জাদুকর, জাদুমন্ত্রপুত দ্রব্যাদি ও মন্ত্রতন্ত্র ইত্যাদির বিচিত্র বিন্যাস লক্ষ করা যায়। লোকায়ত জীবন ও সংস্কৃতিতে রোগ-ব্যাদি, সুখ-দুঃখ, শান্তি-সফলতা, শত্রুর বিনাশ ও যাবতীয় অমঙ্গলের হাত থেকে রক্ষা পেতে জাদুর প্রয়োগ করা হয়ে থাকে। কেননা আবহমানকাল ধরেই জাদু লোকসমাজের প্রাত্যহিক কর্মপ্রক্রিয়ার প্রচলিত অভ্যাস। আল মাহমুদ মানসিক প্রশান্তি লাভে জাদু, জাদুকর ও মন্ত্রকে উপমান চিত্ররূপে কবিতায় ব্যবহার করেছেন,

... ...  
সতর্ক আত্মার ওপর কড়ির মতন  
দুটি চোখ অনুভবের জাদু দিয়ে  
পাশাপাশি সাজিয়ে রেখেছি।  
নিসর্গের ফাঁকে ফাঁকে যখন বিষণ্ণ হাওয়ার রোদন  
দুঃখের নিঃশ্বাস ফেলে, আমি সেই  
ধ্বনির জাদুকর।<sup>১৩</sup>

এখানে নাগরিক কবি নগরের ক্লান্তি, অবসাদ, নৈরাশ্য, অস্থিরতা দূরীকরণে জাদুকর হয়ে মন্ত্র ও জাদুর আশ্রয়ে লোকায়ত প্রকৃতিতে ফিরে আসার আকাঙ্ক্ষা ব্যক্ত করেন। প্রকৃতির অবিরত নির্মল সৌন্দর্যে মুগ্ধ কবি প্রকৃতির বিষণ্ণতাকে ভালোবেসে নিজের দুঃখবোধ ভুলে যান; হয়ে যান প্রকৃতির বিষণ্ণতা সৃষ্টিকারী ধ্বনির জাদুকর। লোকজ বিশ্বাস ও সংস্কার-অনুরাগী আল মাহমুদ প্রকৃতি ও প্রাণীর বিবর্তন ধারার বৈজ্ঞানিক প্রক্রিয়াকে নান্দনিক ও লোকজ আবহদানে ‘জাদুমন্ত্র’ শব্দ যোগ করেন “প্রকৃতি” নামক কবিতায়,

বুঝিবা স্বপ্নের ঘোরে আইল বাঁধা জমিনের ছক  
বৃষ্টির কুয়াশা লেগে অবিশ্বাস্য জাদুমন্ত্রবলে  
অকস্মাৎ পাল্টে গেলো। ত্রিকোণ আকারে যেন  
ফাঁক হয়ে রয়েছে মৃন্ময়ী।

... ...  
ক্রমাগত উঠে এসে মাছ পাখি পশু আর মানুষের ঝাঁক  
আমার চেতনা জুড়ে খুঁটে খায় পরস্পর বিরোধী আহার।<sup>১৪</sup>

উল্লিখিত কবিতায় প্রকৃতিতে বসবাসকারী বৈচিত্র্যময় প্রাণীজগতের পারস্পরিক বিরোধের নিখুঁত চিত্র অঙ্কনে কবি জাদুমন্ত্রের ব্যঞ্জনা সৃষ্টি করেন। মূলত প্রকৃতিতে বাস্তুসংস্থান (Ecology) প্রাকৃতিক বৈশিষ্ট্য ধরে রাখার নিয়মতান্ত্রিক উপায় হলেও লোকায়ত সমাজে এই চলমান প্রক্রিয়া বিস্ময়ের বস্তু; লোকচেতন্যে তা জাদুর কারসাজি। লোকসমাজের এই বিশ্বাস কবি দার্শনিক অভিনিবেশে কবিতায় প্রতিফলিত করেছেন। জাদুটোনা, মন্ত্রতন্ত্র ও অলৌকিক শক্তিতে বিশ্বাস লোকায়ত সমাজের সাধারণ বৈশিষ্ট্য। বহুবছর ধরে লোকায়ত জীবনে এগুলো চর্চিত হয়ে আসছে। মন্ত্রের প্রতি অগাধ বিশ্বাস থেকে কবি “মন্ত্র” শিরোনামে কবিতাও লিখেছেন। আবার “অসীম সাহস” নামক কবিতায় ফররুখ আহমেদের অবদানের প্রশংসার্থে তাঁর কবিতার ধ্বনিকে মন্ত্রের ধ্বনির সাথে তুলনা করেছেন। তবে মন্ত্রের তাৎপর্যময় উপস্থাপনা লক্ষ করা যায় কবির “রবীন্দ্রনাথ” কবিতায়,

এ কেমন অন্ধকার বঙ্গদেশ উত্থান রহিত  
নৈশপের মন্ত্রে যেন ডালে আর পাখিও বসে না।  
নদীগুলো দুঃখময়, নির্পতঙ্গ মাটিতে জন্মায়  
কেবল ব্যাঙের ছাতা, অন্যকোন শ্যামলতা নেই।<sup>১৫</sup>

কবি সমকালীন স্বদেশের সামাজিক ও রাজনৈতিক দুঃসময়ের নিখুঁত চিত্র এঁকেছেন অনেকটা টি. এস. এলিয়টের ‘The Waste Land’ কাব্যের ভঙ্গিতে। বৈশাখের নিষ্ফলা প্রকৃতির মতো চারদিকে স্তিমিতার খরা, সংস্কৃতিহীনতা, দেশজুড়ে অবিশ্বস্ততার হাওয়া, নিঃশব্দতাকে কবি মন্ত্রপুত নিঃশব্দ হিসেবে আখ্যায়িত করেছেন। কবির কাব্যচেতনার উজ্জ্বল জায়গা জুড়ে রয়েছে মন্ত্র। তাই দেশের দুঃসময়ে তিনি মন্ত্রের আশ্রয় গ্রহণ করেছিলেন। জীবনের প্রারম্ভিক পর্যায়ে আল মাহমুদ সাম্যবাদী আদর্শে শ্রেণিহীন সমাজ গঠনের প্রতি দৃঢ় বিশ্বাসী ছিলেন। ইতিহাস ও সাম্যবাদী চেতনার মিশ্রণে স্বদেশে শোষণহীন, সুখ নিরাপদ সমাজগঠনের স্বপ্নে কবি আবহমান বাংলার লোকজ মন্ত্রের স্মৃতিকে শিকড় হিসেবে পুনরুদ্ধার করেন,

শ্রমিক সাম্যের মন্ত্রে কিরাতের উঠিয়েছে হাত  
হিয়েনসাঙের দেশে শান্তি নামে দেখো প্রিয়তমা,  
এশিয়ায় যারা আনে কর্মজীবী সাম্যের দাওয়াত  
তাদের পোশাকে এসো এঁটে দিই বীরের তকোমা।  
আমাদের ধর্ম হোক ফসলের সুখম বস্টন,  
পরম স্বস্তির মন্ত্রে গেয়ে ওঠো শ্রেণীর উচ্ছেদ,  
এমন প্রেমের বাক্য সাহসিনী করো উচ্চারণ  
যেনো না ঢুকতে পারে লোকধর্মে আর ভেদাভেদ।<sup>১৬</sup>

উল্লেখ্য, স্বদেশে সুখম বস্টননীতি প্রতিষ্ঠার লক্ষ্যে কবি কবিতায় আদিম জনগোষ্ঠী ‘কিরাত’<sup>১৭</sup>দের প্রসঙ্গ আনেন। তারা যৌথ শ্রম ও জীবনযাপনে অভ্যস্ত ছিলেন। বৈষম্যহীন সমাজ প্রতিষ্ঠায় কবি প্রিয়তমাকে সঙ্গী করে সাম্যবাদের কর্মীদের বীর খেতাবেও ভূষিত করতে চান। কবির কাছে এটাই লোকধর্ম। প্রকৃতপক্ষে কবি আল মাহমুদ লোকায়ত জীবন ও সংস্কৃতির বিশ্বস্ত ধারক ও বাহক। ফলে তাঁর কবিতায় আধুনিকতা ও সাম্যবাদের পাশাপাশি আবহমান বাংলার লোকঐতিহ্যের শিল্পিত উৎসারণ যুক্তিযুক্ত ও স্বাভাবিক।

দেশ ও দেশের মানুষের প্রতি অকৃত্রিম মমত্ববোধ এবং নদীকেন্দ্রিক চিন্তা-চেতনা কবির লোকায়ত জীবন ও সংস্কৃতি ভাবনারই পরিচায়ক। সাম্প্রতিক কালে জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন ষড়যন্ত্রে বাংলাদেশের প্রধান নদীগুলো, বিশেষ করে প্রমত্ত পদ্মা আজ মৃতপ্রায়। কবির মনে হয়েছে, মন্ত্রবলে বিশাল অজগর যেমন সুতায় পরিবর্তিত হয়, তেমনি এক অশুভমন্ত্রে প্রলয়ঙ্করী পদ্মা পরিণত হয়েছে ক্ষীণকায় দড়িতে। কারণ হিসেবে তিনি পার্শ্ববর্তী দেশ ভারতের সঞ্জীবনী নদীর উজানে নির্মিত ফারাক্কা বাঁধের প্রসঙ্গ উল্লেখ করেন। এটি পদ্মার প্রবাহমানতা রুখে দিয়েছে। স্বদেশপ্রেমী কবি পদ্মাসহ অন্যান্য বড় নদীর বেহাল দশায় শঙ্কিত ও উদ্বিগ্ন হয়ে লোকায়ত বিশ্বাস ও সংস্কারের অনুষ্ণ মন্ত্রের কুফলে বিশ্বাসী হয়ে ওঠেন,

মা-গঙ্গার শাড়ি খুলে ফারাক্কায় গঙ্গা পূজারীরা  
বেঁধেছে প্রবাহমান সঞ্জীবনী নদীর উজান,  
কখনো ডেকেছি যারে যমুনা, জাহ্নবী, সদানীরা  
মানুষের ধর্মকর্মে, রূপকে, গাথায় চলমান-  
হে পদ্মা প্রলয়ঙ্করী, কীর্তিনাশা, ভৈরবী সুন্দরী;  
এখন সে নিন্দা যায় শামুকের খেলের ভিতর,  
যেন এক অজগরী মন্ত্রবলে হয়ে গেছে দড়ি,  
যারে নিয়ে মজা করে গুটিকয় ব্রাহ্মণ ইতর।<sup>১৮</sup>

মন্ত্রের কুফলে শঙ্কিত হলেও কবি নদীর শ্রোতস্বিনীরূপ ফিরে পাওয়ার উপায় হিসেবে মন্ত্র ও তুচ্ছতার প্রতিই আস্থা রেখেছেন। যদিও নদীর শীর্ণকায় রেখা কবিকে সংশয়বিদ্ধ করে, তবুও কবি চেতন-অবচেতনে মন্ত্র ও তুচ্ছতার কার্যকর প্রয়োগে নদীর গতিশীলতা ফিরিয়ে আনার আশাবাদ ব্যক্ত করেন “শুধু চোখ তার পিস্টন” কবিতায়।

অশুভ ও অকল্যাণ থেকে রক্ষা পেতে তাবিজ-কবজ-মাদুলির ব্যবহার লোকায়ত বিশ্বাস ও সংস্কারের গুরুত্বপূর্ণ অনুষঙ্গ। আল মাহমুদের মনেও তাবিজ-কবজ-মাদুলি সংক্রান্ত লোকবিশ্বাস প্রচ্ছন্ন থাকতে দেখা যায়। ফলে শৈশবের দুঃস্বপ্ন দেখে ভয় পাওয়া কবির মানসলোকে মায়ের বেঁধে দেওয়া রূপোর মাদুলি লোকায়ত জীবন ও সংস্কৃতির অনুষঙ্গ হয়ে সঞ্চারিত হয় কবিতায়,

স্বপ্নের আঘাতে আমি সারারাত ঘুমাতে পারি না  
অথচ বালককালে মা আমার দক্ষিণ বাজুতে  
রূপোর মাদুলী তুই বেঁধেছিলি স্বপ্ন না দেখার,  
তবু কেন জননী গো খোয়াবের অসুখ সারে না!<sup>১৯</sup>

সমকালীন সামাজিক ও রাজনৈতিক নৈরাজ্যের প্রতিকার বিধানেও কবি রূপোর মাদুলি ব্যবহারে সমাজে শান্তি আনয়নের প্রত্যাশা ব্যক্ত করেন “স্বপ্নের উৎপাত” কবিতায়।

সমাজে মানবরূপী দানবের উচ্ছেদে কবি দিগ্বিজয়ী বীর আমীর তৈমুরের মতো সাহসী যোদ্ধা হতে চান “দিগ্বিজয়ী খঞ্জরাজা” কবিতায়। এ সাহসী কাজে সাহস যোগাতে কবির রয়েছে মায়ের আশীর্বাদ-অঙ্কিত লোহার বলয় অর্থাৎ তাবিজ কিংবা মাদুলি। লোকায়ত বিশ্বাস অনুযায়ী জাগতিক সংকট ও প্রতিকূলতা এড়াতে মাদুলি/তাবিজের রয়েছে অলৌকিক ক্ষমতা। মাতৃদণ্ড লোহার বলয় নিয়ে কবি সাহিত্যজগতে নতুন সৃজনে ব্যাপ্ত হতে চান,

বাছতে  
বীরের সদগতির জন্য মায়ের দোয়াঙ্কিত লোহার বলয়।  
.....  
আমি খোঁড়া রাজা আমীর তৈমুর।  
মানুষের নতুন মানবিক উদ্ভাবনার জন্যে, ছন্দ ও নতুন কবিতার জন্য চাই যুদ্ধ।  
চাই  
মানবরূপী দানবের উচ্ছেদ।<sup>২০</sup>

ঐতিহ্যসচেতন কবি আল মাহমুদের কবিতায় লোকঐতিহ্যের অনুষঙ্গে ত্রিাশীল হয়ে ওঠে মৃত্যুভাবনা। প্রকৃতির স্বাভাবিক নিয়মে মানুষ কৈশোর-যৌবন পেরিয়ে বার্ধক্যে উপনীত হয়। কবির ক্ষেত্রেও এ নিয়মের ব্যত্যয় ঘটেনি। কবি এখন আর টগবগে তরুণের ন্যায় দাঁড়াতে পারেন না। কিন্তু কবিতাচর্চার জন্যে তিনি আরো অনেকদিন পৃথিবীতে শক্ত হয়ে দাঁড়াতে চান। তাই অসাবধানতাবশত হারিয়ে যাওয়া কালো তাগার<sup>২১</sup> অনুসন্ধানে জিজ্ঞাসু হয়ে ওঠেন, যা যৌবনের শক্তি ও সামর্থ্যের সুরক্ষায় মা বেঁধে দিয়েছিলেন,

একটা যৌবন। আমি সোনার টাকায় তা পরিশোধ করেছি  
তবু সে আমার সবচেয়ে গোপন যে  
কালো তাগার ঘুনসিটি বেঁধে দিয়েছিলেন আমার মা  
জানত না কেউ।  
.....  
তবুও আমি উঠে দাঁড়াতে চাই  
কলমে, কালিতে, সুরমায় আঁকা দুটি মাত্র চোখ  
কী ডাগর, কী অমর,  
আর কী অসহায়?<sup>২২</sup>

লোকায়ত জীবন ও সংস্কৃতিতে শাপ-অভিশাপ সম্পর্কিত বিশ্বাস গুরুত্বের সাথে আচারিত হয়ে থাকে। মূলত কোনো ব্যক্তি ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা তৈরি হলে যে ব্যক্তির কারণে এরূপ ঘটনা ঘটেতে পারে বা ঘটে, তার প্রতি অভিসম্পাত ক্ষতিগ্রস্ত ব্যক্তির মুখে উচ্চারিত হয়ে থাকে। লোকায়ত সমাজে লোকমানসের স্বাভাবিক প্রবণতা অনুযায়ী এতে ক্ষতিগ্রস্ত ব্যক্তি এক ধরনের মানসিক সাঙ্কনা খুঁজে পায়। আল মাহমুদেরও শাপ-অভিশাপজনিত প্রচ্ছন্ন বিশ্বাস বিভিন্ন কবিতায় ব্যাপ্ত হয়ে আছে,

নখের আঁচড়ে কারা লিখে রেখে গেছে কারো প্রিয়তম নাম।  
নাম, যেন পাষাণ ফাটিয়ে দেয়া কয়েকটি ছোবল।  
সব কান্না ফিরে আসে, ফিরে আসে  
শাপ-অভিশাপ;  
ঘৃণায় ছিটিয়ে দেয়া থুতুতে পিচ্ছিল  
দেয়াল তেমনি থাকে আমাদের মাথার ওপরে।<sup>২৩</sup>

কবিতাটিতে চিত্রশিল্পী মর্তুজা বশীরের (১৯৩২-২০২০) সাহসী চিত্রকর্মের মূল্যায়ন প্রসঙ্গে কবি শাপ কিংবা অভিশাপ ফিরে আসায় বিশ্বাসের চিত্র অঙ্কন করেন। লোকায়ত সমাজের প্রবল বিশ্বাস হচ্ছে অভিশাপ বংশপরম্পরায় ফিরে ফিরে আসে। আল মাহমুদেরও কবিতালোকে অভিশাপের অশুভ ছায়া প্রভাব বিস্তার করে আছে।

প্রাচীনকাল থেকেই লোকায়ত সমাজে ‘বশ’ সংক্রান্ত বিশ্বাস ও সংস্কারের বহুল ব্যবহার পরিলক্ষিত হয়। বশীকরণের মূল উদ্দেশ্য অন্যকে নিজের নিয়ন্ত্রণে আনা বা বাধ্য করা। কবিরাজ, হুজুর, বেদে, ওঝা ও সন্ন্যাসীদের সহযোগিতায় বিশেষ মন্ত্র-তন্ত্রে ও জড়িষুটি প্রয়োগে কাউকে বশীভূত করা যায়, এমন বিশ্বাস প্রচলিত লোকসমাজে। আল মাহমুদের লোকমানসে বশীকরণ সংক্রান্ত লোকবিশ্বাস ও সংস্কার লক্ষ করা যায়। তাঁর কবিতায় কোনো কিছু নিয়ন্ত্রণ করা অর্থে ‘বশ’ শব্দের প্রয়োগ দেখা যায়। সমকালীন অন্যান্য, অসাম্য ও রাজনীতির দূরবস্থা প্রকাশে কবি লোকপুরাণ ও বিশ্বাসের উৎকৃষ্ট অবয়ব করেছেন “জোহরা তারার প্রতি” কবিতায়। ইসলাম, ইহুদি ও পারসিক ধর্মগ্রন্থের পাতায় জাদু-মন্ত্রের প্রভাবের কথা জানা যায়। সেখানেই উল্লেখ রয়েছে হারুত-মারুত ফেরেস্তাযুগল ও মানবী জোহরার নাম। জোহরাকে বাবেলের বিষণ্ণ বালিকা আখ্যায়িত করে কবি জোহরার তারা হয়ে যাওয়ার লোকশ্রুতিতে বিশ্বাস স্থাপন করেন। জাদুকরী যুগের মানুষরূপী ফেরেস্তা যুগলের কাছে আকাশে ওঠা-নামার মন্ত্র শিখে জোহরা আকাশে উঠলেও মন্ত্র ভুলে নিচে নেমে আসতে পারেনি। আকাশেই তার দেহ তারায় রূপান্তরিত হয়। যা জোহরা তারা বা শুকতারা নামে পরিচিত। মূলত কবিতাটিতে ফেরেস্তা ও মানবের মধ্যে শ্রেষ্ঠত্ব বিচারে কবি ‘বশ’ শব্দ যুক্ত করে লোকপুরাণ ও লোকবিশ্বাসের গভীর সংযোগ সৃষ্টি করেন,

তবে ছলাকলা শিখে নাও, বশ করো অবশীভূতাকে।

ভুলে যাও পাপপুণ্য অলৌকিক উদ্যানের ফল

একদা আয়ত্ত ছিলো ভুলে যাও, শেখো জাদুটোনা

শিখে নাও রাজনীতি, গুণ্ডহত্যা, পৌর লেনদেন

নির্ভাবন খুন হোক প্রতিদ্বন্দ্বী সকল যুবারা।

তারপর বলো দেখি, আগন্তুক আশ্চর্য প্রাণীরা

আদমের উদ্ভাবন আল্লার মহত্তম শিল্প ছিলো কি না?<sup>২৪</sup>

লোকায়ত জীবন ও সংস্কৃতিতে দিব্য বা দিব্যদান জ্ঞাপনার্থে লোকবিশ্বাস প্রচলিত। ‘গোপনে হোক, প্রকাশ্যে হোক কোন কাজে সততা এবং নিষ্ঠা রাখার জন্য প্রাকৃত ও অপ্ৰাকৃত শক্তির কাছে যে শপথ করা হয়’<sup>২৫</sup> সেটিই দিব্য বা দোহাই দেওয়া। মূলত নিজের বক্তব্যকে জোরালো করা বা কারো কাছে অঙ্গীকারাবদ্ধ হওয়ার স্বার্থে শ্রুতি বা পবিত্র গ্রন্থ বা বিশেষ কোনো ব্যক্তি, বস্তু, প্রাকৃতিক শক্তির নামে দিব্য দেওয়া, শপথ করা, সাক্ষ্য মানা, দোহাই দেওয়া লোকায়ত সমাজের গুরুত্বপূর্ণ সংস্কার। দোহাইকারী তাঁর অঙ্গীকারাবদ্ধ বাক্য পূরণে ব্যর্থ হলে অমঙ্গলের মুখোমুখি হবে বলেও বিশ্বাস রয়েছে গ্রামীণ সমাজে। তাই দেখা যায় ঐতিহ্যানুরাগী কবি আল মাহমুদ লোকপ্রকৃতির নানা অনুঘর্ষের দোহাই দিয়ে শাস্ত ও সত্য প্রেমের আহ্বানে প্রিয়তমার কাছে কাব্যিক সুষমায় অঙ্গীকারাবদ্ধ হন। ফলে তাঁর কাব্যে প্রেম কেবল ব্যক্তিগত অনুভূতি নয়; লোকবিশ্বাসের প্রতীক দিয়ে তা গ্রামীণ সমাজের আবেগ ও সামাজিক চেতনার সঙ্গে একত্রিতভাবে প্রকাশিত হয়েছে। যেমন,

বৃষ্টির দোহাই বিবি, তিলবর্ণ ধানের দোহাই

দোহাই মাছ-মাংস দুগ্ধবতী হালাল পশুর,

লাঙল জোয়াল কাস্তে বায়ুভরা পালের দোহাই

হৃদয়ের ধর্ম নিয়ে কোন কবি করে না কসুর।

কথার খেলাপ করে আমি যদি জবান নাপাক

কোনদিন করি তবে হয়ো তুমি বিদ্যুতের ফলা,

.....

আমার চুম্বন রাশি ক্রমাগত তোমার গতরে

ঢেলে দেবো চিরদিন মুক্ত করে লজ্জার আগল

এর ব্যতিক্রমে বানু এ-মস্তকে নামুক লানৎ

ভাষার শপথ আর প্রেমময় কাব্যের শপথ।<sup>২৬</sup>

‘সাক্ষ্য’ মানা লোকসংস্কৃতির গুরুত্বপূর্ণ অংশ। এর মূলে রয়েছে ব্যক্তি বা প্রকৃতির ক্ষমতা ও কর্তৃত্বের প্রতি মানুষের আনুগত্য প্রদর্শন করা। প্রকৃতপক্ষে গ্রামীণ মানুষ অসহায় হয়ে ব্যক্তি বা প্রাকৃতিক বস্তুকে সাক্ষ্য মেনে প্রতিকূল পরিস্থিতি সামলাতে চায়। আল মাহমুদও তাঁর কাব্যবলয়ে এই লোকবিশ্বাসের বৈচিত্র্যময়তা ব্যবহার করেছেন। প্রকৃতি ও নারীর রয়েছে গোপন সংযোগ। প্রকৃতি যেমন বৃষ্টির জলে সিক্ত হয়ে উর্বর হয়ে ওঠে, তেমনি আদিম বিশ্বাস অনুযায়ী ‘বক্ষ্যা

নারীকে দুটি শ্রোতের সঙ্গমস্থলে স্নান করিয়ে আনলে তার বক্ষ্যাত্ম<sup>২৭</sup> ঘুচে যায়, এবং সে সন্তানবতী হয়। লোকবিশ্বাসের এই দিকটি কবি আরো বিশ্বাসযোগ্য আবহ প্রদানে প্রকৃতিকে সাক্ষী মেনে লোকপরম্পরাকে আধুনিক কাব্যে শিল্পিত রূপদানে সমর্থ হন,

তুমিই দাঁড়িয়ে আছো, আর সবি নত ও নরম  
বৃষ্টির বিধানে সিক্ত এমনকি তোমারও কামিজ  
প্রকৃতি গুছিয়ে দেয় সবুজের সহজ শরম  
আমার আধারে কাঁপে একবিন্দু জীবনের বীজ  
দক্ষিণে দরিয়া সাক্ষী আর উচ্ছে সাক্ষী হিমালয়  
তোমার উচিত শুধু খুলে দেয়া, আর কিছু নয়।<sup>২৮</sup>

পশুপাখির ডাকসংক্রান্ত বিশ্বাসের পরিচয় পাওয়া যায় কবি আল মাহমুদের কাব্যে। পেঁচার ডাক অকল্যাণ ও বিভীষিকার প্রতীক। লোকায়ত সমাজে এ বিশ্বাস গভীরভাবে প্রোথিত, যা প্রজন্ম থেকে প্রজন্মে বহমান। আল মাহমুদের কাব্যেও পেঁচা অশুভ-অমঙ্গল ও অকল্যাণের পাখি বলে প্রতীকায়িত হয়েছে। “কিছু মনে নেই” কবিতায় মা ও ছেলের কথোপকথনের ভেতর দিয়ে গ্রামীণ জীবনের বাস্তবতা ও বিশ্বাসের আন্তঃসম্পর্ক স্পষ্ট হয়ে ওঠে। সচ্ছল বর্তমানের বিপরীতে লোকায়ত মায়ের স্মৃতিচারণে উন্মোচিত হয় অতীতের দারিদ্র্যপীড়িত জীবন, যেখানে পেঁচার ডাক নবজাত শিশুর জন্য অমঙ্গলসূচক বলে ধরা হতো। লোকায়ত সমাজে, “নবজাত শিশুর উপর পেঁচার কুদৃষ্টি পড়লে স্বাস্থ্যহানি”<sup>২৯</sup> এমনকি মৃত্যু ঘটতে পারে বলে বিশ্বাস প্রচলিত। কবি এই বিশ্বাসকে কেবল পুনরাবৃত্ত করেন না; তিনি একে ব্যবহার করেন মানসিক ও সাংস্কৃতিক প্রতীক হিসেবে, যার মাধ্যমে উন্মোচিত হয় লোকজ জীবনের আশঙ্কা, স্মৃতি ও মিথের বাস্তবতায় রূপান্তরিত এক গভীর কাব্যসত্য। যেমন,

পেঁচার ডাকে আমার ভয়, এদিকে তোর কান্না  
ঘরে নেই পুরুষ। তোর বাপ গেছে চরের ধান  
পাহারা দিতে। কে-যেন আজান হাঁকলো  
হাজী শরীয়তের মতো গলা। ধাই মেয়ে  
তোকে দোলাতে দোলাতে বললো,-  
বল লেংটা তুই কোন মসজিদে যাবি?—  
মনে আছে?<sup>৩০</sup>

পেঁচা যেমন অমঙ্গলের-অন্ধকারের প্রতীক স্বরূপ; তেমনি লক্ষ্মীর বাহন<sup>৩১</sup> হিসেবেও পরিচিত। লক্ষ্মীর মূল লক্ষ্য সত্য, প্রেম, পবিত্রতা, ক্ষমা, তপস্যা করা। এজন্য তাকে পেঁচক-ধর্ম পালন করতে হয়। পেঁচার ধর্ম হলো গোপনে বাস করা। দিনের আলোয় চলাফেরা তাঁর জীবনের জন্য হুমকিস্বরূপ। আর লক্ষ্মী হলো ধন-সম্পদের দেবী। এজন্যই ধন-সম্পদের আগমনার্থে “লক্ষ্মীপেঁচা”<sup>৩২</sup> সমাজে আদরণীয়। লোকায়ত সমাজে পুঁজিবাদী শোষণ ও অর্থনৈতিক কূটচক্রের ইস্তিত উন্মোচনে আল মাহমুদ ব্যঙ্গাত্মক ভঙ্গিতে “খরা সনেটগুচ্ছ” কবিতায় ঋণের অর্থপ্রাপ্তির মুহূর্তে লক্ষ্মীপেঁচার প্রতীক যুক্ত করেছেন। এই উল্লেখ কেবল ঐশ্বর্যের সংকেত নয়; বরং পুঁজিবাদী প্রলোভনের অন্তর্লীন বিদ্রূপ-যার মাধ্যমে কবি অর্থনৈতিক শোষণ, সামাজিক বৈষম্য ও লোকজ মূল্যবোধের বিপর্যয়কে তীব্রভাবে চিহ্নিত করেছেন।

পেঁচার ন্যায় কাক ও টিকটিকি অশুভ-অমঙ্গল-অকল্যাণের চিহ্ন হিসেবে পরিচিত। কাকের কর্কশ ডাক নেতিবাচক অর্থে প্রচলিত লোকায়ত জীবনে। ‘রাত্রে কাকের ডাক অধিক অমঙ্গলজনক। গৃহের চারপাশে কাকের দল ঘুরাফিরা করলে অমঙ্গলের চিহ্ন হিসেবে ধরা হয়।’<sup>৩৩</sup> কবি আল মাহমুদ তাঁর কবিতায় নদীমাতৃক বাংলাদেশের পরিবেশগত ও অর্থনৈতিক সংকটকে গভীর প্রতীকে প্রকাশ করেছেন। তিস্তা ও অনুরূপ শ্রোতস্বিনী নদীগুলোর শীর্ণধারায় তিনি দেখিয়েছেন জল-রাজনীতির ষড়যন্ত্রে নিঃশেষিত প্রাকৃতিক ঐশ্বর্যের করুণ পরিণতি। পানির অভাবে কৃষিপ্রধান জনপদে দেখা দেয় দুর্ভিক্ষ ও অনাবৃষ্টি। আর কৃষক সমাজ অনাহারে-অর্ধাহারে হয়ে পড়ে জীবনসংগ্রামে পরাজিত। এই বাস্তবতার পটভূমিতে কবি কাকের অশুভ ডাকের লোকবিশ্বাসকে প্রতীকে রূপ দেন-যেন দারিদ্র্য, অনিশ্চয়তা ও সামাজিক অকল্যাণের সম্মিলিত রূপক। তাঁর কাব্যে ঐতিহ্য, প্রকৃতি ও সমাজচেতনা মিশে যায় এক সমকালীন লোকজ বাস্তবতার তীক্ষ্ণ বয়ানে। যেমন,

কাকের অশুভ ডাকে খা খা করে উঠেছে সংসার  
দুটি পাতা রেল যেন না মেশার শপথের সাপ,  
.....  
খাতার পাতায় কষা যোগফল, পিপাসার জল?  
প্রান্তরের মরানদী শ্রোত চেয়ে ফেলে দীর্ঘশ্বাস  
এবার তোমার তিস্তা খুলে দাও, তোমার তিতাস।<sup>৩৪</sup>

সমকালীন বৈশ্বিক ক্ষমতা বিস্তারের আশ্বাসন ও অস্ত্রযুদ্ধের কুফল প্রকাশে কবি টিকটিকির ডাকের<sup>৩৫</sup> আশ্রয় গ্রহণ করেন। ক্ষেত্র বিশেষে টিকটিকির ডাককে সম্মতিসূচক বলে মান্য করা হয়। বিশেষ করে বক্তার কথোপকথনের সময় টিকটিকির টিকটিক শব্দ সমর্থনযোগ্য ইঙ্গিত বহন করে বলে ভাবা হয়। বক্তার বক্তব্য অসত্য হলেও গ্রামীণ সমাজে তা সদর্থক অর্থে গৃহীত হয়ে থাকে। লোকায়ত সমাজের এ বিশ্বাসকে কবি যুক্ত করেন এভাবে,

আমরা কোনো ঘড়িকেই কালশ্রোত গণনার  
উপযোগী মনে করতে পারছি না। আমরা  
কবির টিকটিক শব্দে ঘুমুতে অভ্যস্ত নই।  
কারণ যে কোনো টিকটিক শব্দ দেয়ালে টিকটিকির  
ঠিকঠাক ডাকের মত সমর্থন ধন্য হয়ে উঠতে পারে।  
আমরা ধ্বংসের, মৃত্যুর, নৈঃশব্দের এবং শহরগুলোর  
কংকাল নিয়ে কাব্য রচনা করতে চাই না।<sup>৩৬</sup>

ভবিষ্যৎবাণী, সৌভাগ্যের লক্ষণ নির্ধারণ, দুর্ভাগ্যের কারণ বিশ্লেষণ ও তার প্রতিকার বিধান-এই সবই গ্রামীণ সমাজে জ্যোতিষশাস্ত্র ও জ্যোতিষীর উপর নির্ভরতার ক্ষেত্র গড়ে তুলেছে। অর্থযোগ-হানি থেকে শুরু করে জীবনের নানা সংকট ও প্রতিকূলতা মোকাবেলায় গ্রামীণ মানুষ জ্যোতিষশাস্ত্রকেই আশ্রয় হিসেবে গ্রহণ করেছে। ফলে এটি কেবল ভাগ্যগণনার বিদ্যা নয়, বরং লোকায়ত সমাজের বিশ্বাসব্যবস্থা ও সাংস্কৃতিক মানসের এক গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে প্রতিষ্ঠা পেয়েছে। আল মাহমুদও ঐকান্তিক সততায় ‘ফলিত জ্যোতিষ’ (দিনকাল, মাস, ঋতু ও প্রাকৃতিক আবহাওয়া অনুযায়ী চাষ পদ্ধতি)-এর বিষয় অর্থাৎ খনা ও তাঁর বচন কাব্যে অন্তর্ভুক্ত করেন। খনা বিদুষী নারী, ভবিষ্যৎদ্রষ্টা ও কৃষি সমাজের ত্রাণকর্তা। চাষাবাদের ক্ষেত্রে তাঁর অভিজ্ঞতাপ্রসূত বচন এখনো গ্রামীণ জীবন ও সংস্কৃতির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে আছে। “প্রকৃতি” কবিতায় বর্ষা ঋতুর আগমন প্রসঙ্গে কবি খনার কথা স্মরণ করেন। বর্ষায় প্রকৃতি নবরূপে সজ্জিত ও উর্বরা হয়ে ওঠে যা লোকায়ত সমাজের জীবন ও জীবিকার উৎকর্ষে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। খনাও তাঁর বচনে বর্ষা ঋতুকে অধিক গুরুত্ব দিয়েছিলেন। কবি তাঁর কবিতায় খনার বচনের যৌক্তিকতা প্রকৃতির বিবর্তন ধারার প্রেক্ষাপটে উপমানচিত্রে অঙ্কিত করেন,

চতুর্দিকে খনার মস্তুর মতো টিপটিপ শব্দে সারাদিন  
জলধারা বরে! জমির কিনার ঘেঁষে পলাতক মাছের পেছনে  
জলডোরা সাপের চলন নিঃশব্দে দেখছি চেয়ে।  
বাহুতে আমার  
আতঙ্কে লাফিয়ে উঠছে সবুজ ফড়িং।<sup>৩৭</sup>

কবির লোকঐতিহ্যপ্রীতির অনবদ্য প্রকাশ লক্ষ করা যায় “খনার বর্ণনা: সনেট পঞ্চক” কবিতায়। এই কবিতায় কবি খনার জীবনী, তাঁর আত্মকথনে প্রকৃতি ও চাষবাস সম্পর্কিত বচনের শুভাশুভ বা কল্যাণচেতনার সুমার্জিত রূপের পরিচয় উন্মোচন করেন। কৃষিনির্ভর আবহমান বাংলায় জীবন-যাপনের প্রধান উপায় শস্য উৎপাদন। এ জন্য আবহাওয়া, ঋতুর বৈশিষ্ট্য, মাটি, অতিবৃষ্টি, অনাবৃষ্টি, খরা, বীজরোপণ, উত্তোলন প্রভৃতি প্রসঙ্গে খনার বচনের গুরুত্ব অপরিণীম। এমনকি বর্তমানে জ্ঞান-বিজ্ঞানের উৎকর্ষ সাধিত হলেও খনার বচনের নির্দেশনা কৃষিনির্ভর জীবনের মূল প্রেরণা ও পাথের। এই বোধের নির্যাস কবি আধুনিক কবিতার শৈলীতে পৃথিবী, নারী ও প্রকৃতির অপূর্ব মেলবন্ধনে সমকালের প্রেক্ষাপটে কবিতায় বিন্যস্ত করেন,

প্রকৃতির ছায়া আমি হে রাজন, আমিই সৃজন  
মনুষ্যের শত্রু ধরি। বুঝি উষ্ম বীর্যের বেদনা,  
ধানে ও কাউনে বাঁচি, রক্ষা করি চাষীর গোধান,  
বরাহের পুত্রবধূ মিহিরের ঠোটকাটা খনা।<sup>৩৮</sup>

ভূত-প্রেত, জিন-অশরীরী-মায়াবী-যোগিনীতে বিশ্বাস লোকায়ত জীবন ও সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ। দীর্ঘদিন ধরে লোকায়ত সমাজে এই সংক্রান্ত বিশ্বাস প্রচলিত। আল মাহমুদেরও লোকমানসে ভূত-প্রেত-জিন-অশরীরী-মায়াবী-যোগিনী সম্পর্কিত বিশ্বাস সুদৃঢ়ভাবে প্রতিষ্ঠিত। বিভিন্ন কবিতায় এ সম্পর্কিত ব্যবহার চোখে পড়ে। যেমন,

ভয়াবহ ভূতের আর্শিতে  
আমাকে পশুর মতো মনে হতে থাকে। ধূসর হাওয়ায়  
পাশব কেশর ওড়ে, অনাচারী বিষয়ী নখর  
নষ্ট করে গাছপাতা নারীশিশু জনতা শহর!<sup>৩৯</sup>

উপর্যুক্ত কবিতায় সমকালীন সময়ের সংকট, অস্থিরতা, ক্ষোভ ও বেদনা কবির দ্বিধাদ্বন্দ্বময় মানসচেতনায় যে নেতিবাচক দৃষ্টিভঙ্গি ও নাগরিক জীবন যন্ত্রণার অনুভব তৈরি করে, তারই শিল্পিত রূপ প্রকাশে কবি ভূতের অনুষঙ্গ ব্যবহার করেন।

কেননা গ্রামীণ জীবন ও সংস্কৃতিতে অমঙ্গল-অহিতকর পরিবেশ সৃষ্টিতে ভূত-প্রেতের হাত রয়েছে বলে বিশ্বাস প্রচলিত রয়েছে। ভূত-প্রেতের মতো মায়াবী জিনে বিশ্বাস লোকায়ত সংস্কারের অন্তর্গত। ইসলামধর্ম অনুযায়ী জিনের অস্তিত্ব রয়েছে পৃথিবীতে। কবি আল মাহমুদের কবিতায় লোকসমাজে প্রচলিত জিনের বিভিন্ন (যেমন: জিনেরা রহস্যময়, অশরীরী, রূপ পরিবর্তনে পারদর্শী, অলৌকিক শব্দ উৎপাদনকারী, বিভীষিকাময় পরিবেশ অবতারণা ও ভীতি প্রদর্শনকারী) বৈশিষ্ট্যাবলির পরিচয় পাওয়া যায়। জিনের অস্তিত্ব সংক্রান্ত বিশ্বাসের প্রাবল্য থেকে জিনের সমস্ত বৈশিষ্ট্য ধারণ করে জিন হওয়ার ইচ্ছা প্রকাশ করেছেন শিশুতোষ ছড়া “হতাম যদি জিন” কবিতায়। উল্লেখযোগ্য দৃষ্টান্ত,

আদম হওয়ার কষ্ট বড়; হতাম যদি জিন  
জিনের দেহে দেখবে না কেউ কায়ার কোন চিন।  
ইচ্ছে মতন বদলে যাওয়ার শক্তি হলে পরে  
বাঘ না বেড়াল যা খুশি হও ঢোকো পড়ার ঘরে।

.....  
জিনের আছর কী মজাদার সবাই ভীতুর ডিম  
ভূতের ডরে সবার বুকেই জমতো ভয়ের হিম।<sup>৪০</sup>

আল মাহমুদের কাব্যবলয়ে ইসলাম ধর্মের বিশ্বাস ও সংস্কার প্রতিবিম্বিত। মূলত সময় পরিক্রমায় কবির আদর্শগত যে আমূল পরিবর্তন সাধিত হয়েছিলো; তারই প্রভাব তাঁর কাব্যদর্শণেও লক্ষ করা যায়। এ প্রসঙ্গে তাঁর বক্তব্য,

দৈবক্রমে জেলখানায় আমি আমার কবি জীবনের সার্থকতা নিয়ে ভেবে দেখার সুযোগ পাই এবং সেমেটিক ধর্মগ্রন্থগুলোর ওপর একটি তুলনামূলক স্টাডি এবং গবেষণার সুযোগ পাই। সেহেতু বৌদ্ধ ও হিন্দু শাস্ত্রগুলো আগেই আমার মোটামুটি আয়ত্ত ছিল, সে কারণে পবিত্র কোরআন সহজেই আমার বোধগম্য হতে থাকে এবং সৌন্দর্যতত্ত্ব সম্বন্ধে আমার ধারণাই পাল্টে যায়। এ সময় আমি ব্যাপকভাবে প্রাচীনকাব্য অধ্যয়ন শুরু করি। একই সাথে সেমেটিক, পারশিয়ান, হিন্দু এবং ল্যাটিন জগৎ আমার কাছে উন্মুক্ত হতে থাকে। এভাবেই যাকে বলে কাব্যের উত্তরাধিকার, আমার মধ্যে সংঘটিত হয়েছে। কেবল একটি দেশ বা ভাষার উত্তরাধিকার নয়, বরং সারা পৃথিবীর সাহিত্যিক উত্তরাধিকার।<sup>৪১</sup>

ফলে তিনি বাংলার লোকায়ত জীবন ও সংস্কৃতিকে ইসলামি মূল্যবোধ, ভাবধারা, ইতিহাস ও ঐতিহ্যের প্রেক্ষাপটে কবিতায় সমন্বয় করেছেন। এ ক্ষেত্রে তাঁর উদ্দেশ্য ছিলো সমকালীন অন্যান্য, অসাম্য, শোষণ-বঞ্চনা ও অমানবিক সমাজের পরিবর্তে ন্যায়নিষ্ঠ, সুখম, শোষণ-বঞ্চনাহীন ও মানবিক মূল্যবোধ সমন্বিত সমাজ গড়ে তোলা। ব্যঞ্জনাময় দীপ্ত ভাষায় তিনি শ্রুষ্ঠা, শ্রুষ্ঠার মহিমা, সৃষ্টিতত্ত্বের উদ্ভব ও ইতিহাস, নবীগণের ত্যাগ-তিতিক্ষা, মহিমা, সৃষ্টিতত্ত্বের উদ্ভব ও ইতিহাস, শ্রুষ্ঠার প্রতি নবীদের আত্মনিবেদন, ভক্তি ও সান্নিধ্যলাভ, কোরআনের মহিমাপূর্ণ কাহিনি, পৃথিবী ধ্বংস থেকে পুনরুত্থান, মুসলিম জীবনাচরণ সর্বোপরি ইসলামের ধর্মীয় মূল্যবোধ অত্যন্ত সততা ও আন্তরিকতায় আলংকারিক অনুশ্রেণী তাঁর কবিতায় প্রাণবন্ত করে তুলেছেন। ফলে ঐতিহ্য ও ধর্মগত বিশ্বাসের যৌথ শিল্পরূপের আকর হয়ে উঠেছে আল মাহমুদের কাব্য-পরিমণ্ডল। যেমন,

তোমার শাড়ির দিকে চোখ গেলে বেড়ে যায় সবুজে ঈমান  
এখনও বুকের কাছে ধরে আছো পাখরকুচির ক’টি পাতা?  
হোক তা চিত্রিত লতা, পোশাকের মুদ্রিত বাগান,

.....  
হ্যাঁ আমি জেনেছি বটে একবিন্দু রক্ত থেকে আমি  
এসেছি তোমার কাছে- এখন যা দমনীয় নয়;  
আমার অক্ষর বুঝি আমার মতোই দ্রুতগামী  
নগরে প্রচার করে পরিপূর্ণ পল্লবের ভয়।  
অথচ ঘূমের মধ্যে কারা যেন, মানুষ না জিন  
আমার কবিতা প’ড়ে ব’লে ওঠে আমিন, আমিন।<sup>৪২</sup>

উপর্যুক্ত কবিতায় অশরীরী জিনের প্রতি আল মাহমুদের বিশ্বাস প্রতিফলিত। লোকায়ত সমাজে ধর্মপ্রাণ মুসলিম জনগোষ্ঠীর কাছে শ্রুষ্ঠার প্রতি ঈমান আনায় প্রবল বিশ্বাসী; কেননা ঈমানই ইসলামের মূল ভিত্তি। আধুনিক কবি এই কবিতায় ঈমান ও আমীন শব্দ প্রয়োগের মাধ্যমে বাংলার বৃহত্তর জনগোষ্ঠীর ধর্মীয় বিশ্বাসে নিজের একাত্মতা ঘোষণা করেন অত্যন্ত কাব্যিক ভঙ্গিমায়।

বাংলার লোকায়ত জীবন ও সংস্কৃতি আদিমকাল থেকেই অসাম্প্রদায়িক চেতনানির্ভর। সব ধর্মের মানুষের সমন্বিত বসবাস পরিলক্ষিত হয় গ্রামীণ সমাজে। বছরের পর বছর জুড়ে এই একত্রে থাকার মূল শ্রেয়ণা ও শক্তি পারস্পরিক সহনশীলতা ও

শ্রদ্ধাবোধ। এই ঐতিহ্যগত প্রেরণায় আল মাহমুদ তাঁর কাব্যে দেব-দেবী, শিবলিঙ্গ, মন্দির, স্বর্গ-নরক, পূজা, পুরোহিত, শ্রাশানঘাট, প্রসাদ, বেদ, পঞ্চমুখ, অপদেবতা, জন্ম-জন্মান্তরবাদ, গায়ত্রীমন্ত্র প্রভৃতি নানা ধর্মীয় অনুষ্ণের উল্লেখ করেন। যেমন,

ভেবেছি তো অন্ধকারে আমি হবো রাতের পুরুত  
আদিম মন্দিরে একা তুমি এসো নগ্নতার দেবী  
মগ্নতার অন্ধকারে আমি যার একমাত্র সেবী,  
ধূপের গন্ধের স্বাদ দেবে এনে এখন যে দূত—  
সে তো শুধু গন্ধবহ পৃথিবীর পুষ্পময় মাস  
পুরানো মন্দির গন্ধে ভরা যার রাতের বাতাস,  
অসহ্য আনন্দ হেনে তোমাকেই করে যে নিখুঁত,  
অথবা হৃদয়ে ঢালে যন্ত্রণার করুণ নির্যাস।<sup>৪৩</sup>

এই কবিতায় হিন্দুধর্মের ঐতিহ্যের ব্যবহারে কবির ব্যক্তি প্রেমের স্বরূপ প্রস্ফুটিত। সনাতন ধর্মাবলম্বীদের পূজা করার পবিত্র স্থান হলো মন্দির। এই মন্দিরের অপরিহার্য অনুষ্ণ দেবী, পুরুত, ধূপের গন্ধ ইত্যাদি। কবি মন্দিরের এই আবহে প্রিয়তমাকে নিয়ে অভিসার করতে চান উল্লিখিত কবিতায়। লোকায়ত ঐতিহ্যে প্রেমের গোপন অভিসার কবির লোকসংস্কৃতিপ্রীতির উৎকৃষ্ট পরিচায়ক।

লোকায়ত জীবন ও সংস্কৃতিতে পার্থিব সংকট, সমস্যা, যন্ত্রণা ও বিভ্রম্বনাকে সহনীয় বা মেনে নেওয়ার প্রবণতা থেকে লোক মানসে নিয়তি সংক্রান্ত বিশ্বাসের জন্ম। ধর্মীয় বিশ্বাসের সঙ্গে ও এর যোগ রয়েছে। কৃষিনির্ভর লোকসমাজে প্রকৃতিনির্ভর মানুষের জীবন অনিশ্চয়তা ও রহস্যে আবৃত; প্রকৃতির অপ্রত্যাশিত বৈশিষ্ট্যের কাছে সে চিরকাল অসহায়। আল মাহমুদের কবিতায় এই বাস্তবতার প্রতিফলন ঘটে নিয়তিবাদী বিশ্বাসের উপস্থিতির মাধ্যমে, যেখানে মানুষের ভাগ্য নির্ধারণে প্রকৃতি এক অদৃশ্য নিয়ন্ত্রক শক্তি হিসেবে প্রতিভাত। যেমন,

মনে হয়, আমি শুরু করি। কিন্তু শেষ করে নিয়তি আমার  
আমি বলি, সকালে দেখি সংবাদপত্রে ছাপা হয়ে  
গেছে যেসব কথাবার্তা সে আমার নয়  
প্রতিবাদ করি না আমি।<sup>৪৪</sup>

লোকসমাজের সমগ্রতা উঠে আসে লোকায়ত জীবন ও সংস্কৃতির নানা প্রসঙ্গ বিশ্লেষণের মাধ্যমে। যার ফলে লোকমানুষের অভ্যাস, চাল-চলন, আনন্দ-বেদনা, মন-মানসিকতা, সংগীত, নৃত্য, নাট্য, খাদ্য, পোশাক, ধর্ম, বিশ্বাস-সংস্কার-আচার সম্পর্কে সম্যক ধারণা অর্জন করা যায়। আল মাহমুদের কাব্যজগতের মূল উপজীব্য মাটি, মানুষ ও লোকঐতিহ্যে প্রত্যাবর্তন। ফলে তাঁর কবিতায় লোকায়ত জীবন ও সংস্কৃতির সমগ্রতা অনিবার্যরূপে প্রতিফলিত হতে দেখা যায়। এক্ষেত্রে অনেক সমালোচক তাঁকে পল্লিকবি জসীমউদ্দীনের উত্তরসূরি হিসেবে গণ্য করে থাকেন। তবে উভয়ের কবিতায় ঐতিহ্য চেতনা শিল্পিত হলেও আঙ্গিক, ভাষা-প্রয়োগ ও জীবনদৃষ্টির স্বতন্ত্রতায় জসীমউদ্দীন যেখানে “পল্লিকবি” রূপে স্বীকৃত, সেখানে আধুনিক কাব্যভাষায় নতুন মাত্রা সংযোজনের মাধ্যমে আল মাহমুদ নিজেকে প্রতিষ্ঠিত করেছেন স্বতন্ত্র আধুনিক কবিসত্তা হিসেবে। চল্লিশের দশকের আহসান হাবীব (১৯১৭-১৯৮৫) কবিতায় লোকায়ত জীবন ও সংস্কৃতি বিশেষ করে লোকবিশ্বাস ও সংস্কারের ব্যঞ্জনাময় প্রয়োগের সূচনা করেছিলেন। পঞ্চাশ দশকে আল মাহমুদ সেই প্রবণতাকে সৌর্য ও সৌগন্ধ্যের ব্যাপকতা দান করেছেন। তাঁর সমকালে আবু জাফর ওবায়দুল্লাহ ও পরবর্তীকালে কবি আসাদ চৌধুরীর কবিতায় গ্রামীণ জীবনে প্রত্যাবর্তনের সুরে লোকবিশ্বাস ও সংস্কারের অনুষ্ণ ধ্বনিত হয়। তবে সমকালীন ও পরবর্তীকালের কবিদের তুলনায় আল মাহমুদের কাব্যে লোকায়ত বিশ্বাস ও সংস্কারের ব্যবহার অধিক পরিণত ও প্রজ্ঞাসম্পন্ন। কেননা লোকবিশ্বাস ও সংস্কারকে তিনি শুধুমাত্র রূপক বা চিত্রকল্পে সীমাবদ্ধ রাখেননি; একে সমাজচেতনা, ধর্মীয় মনস্তত্ত্ব ও ঐতিহাসিক বাস্তবতার অন্তর্নিহিত শক্তি হিসেবে প্রয়োগ করেছেন। ফলে তাঁর কাব্য সমকালীন ও পরবর্তী বাংলা কবিতায় লোকায়ত জীবন ও সংস্কৃতির প্রাণবন্ত প্রয়োগ ও অন্তর্নিহিত সামাজিক অর্থ উদ্ঘাটনে বিশেষ স্থান অধিকার করে। এখানেই কবি আল মাহমুদের স্বাতন্ত্র্য।

#### তথ্যনির্দেশ

<sup>১</sup> অনু হোসেন, *বাংলাদেশের কবিতা : লোকসংস্কৃতির নন্দনতন্ত্র* (ঢাকা, বাংলা একাডেমি, ২০০৭), পৃ. ১৭

<sup>২</sup> আবদুল হাফিজ, *লৌকিক সংস্কার ও মানব সমাজ* (ঢাকা, মুক্তধারা, ১৯৭০), পৃ. ৬১

<sup>৩</sup> মুহম্মদ আবদুল জলিল, *বাংলাদেশের ফোকলোর চর্চার ইতিবৃত্ত* (ঢাকা, অনার্য, ২০১১), পৃ. ৯৮

<sup>৪</sup> তদেব, পৃ. ৯৯

<sup>৫</sup> বরুণকুমার চক্রবর্তী, *লোক-বিশ্বাস ও লোকসংস্কার* (কলকাতা, পুস্তক বিপণি, ২০১৬), পৃ. ২০

- <sup>৬</sup> ময়হারুল ইসলাম, ফোকলোর : পরিচিতি ও পঠন-পাঠন (ঢাকা, বাংলা একাডেমি, ১৯৭৪), পৃ. ৪৮৩
- <sup>৭</sup> রফিকউল্লাহ খান, কবিতা ও সমাজ (ঢাকা, মাওলা ব্রাদার্স, ২০০৭), পৃ. ৩৩
- <sup>৮</sup> ‘কামরূপ বর্তমানে ভারতের আসাম রাজ্য এবং বাংলাদেশের সিলেট বিভাগ এর অংশ ছিল’। দ্র.: [bn.m.wikipedia.org](http://bn.m.wikipedia.org). visited: 05.04.2021
- <sup>৯</sup> Muhammad Shahidullah (ed.), ‘Text 2’, *Buddhist Mystic Songs*, (Dhaka, Mowla Brothers, 2<sup>nd</sup> Edition, 2013), p. 31
- <sup>১০</sup> মাইকেল মধুসূদন দত্ত, ‘মেঘনাদবধ কাব্য’, *মধুসূদন রচনাবলী*, ক্ষেত্র গুপ্ত (সম্পা.), (কলকাতা, সাহিত্য সংসদ, ২০০৪) পৃ. ৯০-৯১
- <sup>১১</sup> জসীমউদ্দীন, ‘পল্লী জননী’, *রাখালি*, (ঢাকা, পলাশ প্রকাশনী, ২০১৬) পৃ. ৯০-৯১
- <sup>১২</sup> নুরউল করিম খসরু, ‘শোকোত্তীর্ণ প্রাণের বাগান, লোক-লোকান্তর : পুনর্বার’, *দশজন কবি*, (ঢাকা, শিল্পতরু প্রকাশনী, ১৯৯২), পৃ. ৪৭
- <sup>১৩</sup> আল মাহমুদ, “পিপাসার মুখ”, ‘লোক লোকান্তর’, *কবিতাসমগ্র-১*, (ঢাকা, অনন্যা, ২০০৯), পৃ. ৩৮-৩৯
- <sup>১৪</sup> ঐ, “প্রকৃতি”, ‘সোনালি কবিন’, *কবিতাসমগ্র-১*, পৃ. ৮৩
- <sup>১৫</sup> ঐ, “রবীন্দ্রনাথ”, ‘কালের কলস’, *কবিতাসমগ্র-১*, পৃ. ৭৯
- <sup>১৬</sup> ঐ, “সোনালি কবিন: ১০”, ‘সোনালি কবিন’, *কবিতাসমগ্র-১*, পৃ. ১০৪
- <sup>১৭</sup> কিরাত জাতির অবস্থান সম্পর্কে জানা যায় এরা “পূর্ব হিমালয়স্থ প্রাচীন কালের দেশ অর্থাৎ উত্তর ও পূর্ব বঙ্গের সীমান্ত রাজ্যগুলো ছিল ‘কিরাত’ জাতির দেশ ও রাজ্য, প্রধানত মঙ্গলয়েড জাতির মানুষের দেশ।” দ্রষ্টব্য: সুনীতিকুমার চট্টোপাধ্যায়, *কিরাত- জনকৃতি*, (কলকাতা, এশিয়াটিক সোসাইটি অব বেঙ্গল, ১৯৫১), পৃ. ৬০-৬৫
- <sup>১৮</sup> আল মাহমুদ, “খরা সনেটগুচ্ছ: ৫”, ‘দোয়েল ও দয়িতা’, *কবিতাসমগ্র-১*, পৃ. ৩৪২
- <sup>১৯</sup> ঐ, “ফেরার পিপাসা”, ‘কালের কলস’, *কবিতাসমগ্র-১*, পৃ. ৫৮
- <sup>২০</sup> তদেব, পৃ. ৮৩-৮৪
- <sup>২১</sup> ‘কোমর ও বাহুতে পরিবেশ সূত্র বিশেষ। তবে কোমরেই তাগা অধিক পরিহিত হওয়ায় একে ‘কোমরমাল’ও বলা হয়ে থাকে। সাধারণতঃ কালো রঙের যে বিশেষ সূত্র তাগায় ব্যবহার করা হয়, তাকে ‘কৈতম’ বলে। লোকবিশ্বাস এই যে, এই তাগা বিভিন্ন প্রকারের অতি-প্রাকৃত শক্তির কু-প্রভাব প্রতিরোধে সক্ষম।’ দ্রষ্টব্য: সঞ্জীব নাথ, “তাগা”, *বঙ্গীয় লোকসংস্কৃতি কোষ*, বরুণকুমার চক্রবর্তী (সম্পা.), (কলকাতা, অর্পণা বুক ডিস্ট্রিবিউটার্স, ২০০৫), পৃ. ২২২
- <sup>২২</sup> আল মাহমুদ, “আরোহন”, ‘নগরের কথা নয় চাষবাসের গল্প’, *কবিতাসমগ্র-২*, পৃ. ২১৬
- <sup>২৩</sup> ঐ, “দোয়াল”, ‘মায়াবী পর্দা দুলে ওঠো’, *কবিতাসমগ্র-১*, পৃ. ১৩৩-৩৪
- <sup>২৪</sup> ঐ, “জোহরা তারার প্রতি”, ‘গ্রহরাস্তের পাশফেরা’, *কবিতাসমগ্র-১*, পৃ. ২৫৮
- <sup>২৫</sup> ওয়াকিল আহমদ, ‘বাংলার লোক-সংস্কৃতি’, (ঢাকা, গতিধারা, ২০০৪), পৃ. ২৭৭
- <sup>২৬</sup> আল মাহমুদ, “সোনালি কবিন: ১৪”, ‘সোনালি কবিন’, *কবিতাসমগ্র-১*, পৃ. ১০৬
- <sup>২৭</sup> ফজলুল হক তুহিন, *আল মাহমুদের কবিতা: বিষয় ও শিল্পরূপ*, পৃ. ২৯৭
- <sup>২৮</sup> আল মাহমুদ, “সনেট: ১”, ‘বখতিয়ারের ঘোড়া’, *কবিতাসমগ্র-১*, পৃ. ১৯৪
- <sup>২৯</sup> তদেব
- <sup>৩০</sup> আল মাহমুদ, “কিছু মনে নেই”, ‘অদৃষ্টবাদীদের রান্নাবান্না’, *কবিতাসমগ্র-১*, পৃ. ১৬২
- <sup>৩১</sup> ‘লক্ষী হলেন একজন হিন্দু দেবী। তিনি ধনসম্পদ, আধ্যাত্মিক সম্পদ, সৌভাগ্য ও সৌন্দর্যের দেবী। বিষ্ণুর পত্নী। তার অপর নাম মহালক্ষ্মী। লক্ষ্মীর বাহন পেঁচা।’ দ্রষ্টব্য: [bn.m.wikipedia.org](http://bn.m.wikipedia.org). visited: 05.03.2021
- <sup>৩২</sup> ‘লক্ষীপ্যাঁচা বা লক্ষীপেঁচা এক ধরনের পেঁচা প্রজাতির পক্ষীবিশেষ। মাঝারি থেকে বৃহৎ আকৃতির হয়ে থাকে এ পাখিটি। শরীরের তুলনায় মুখমণ্ডল অনেকাংশেই বড় হয়ে থাকে। লম্বা পাখনা, ফ্যাকাশে ও হৃদয় আকৃতি মুখের গড়ন এবং বর্গাকৃতির লেজ প্রধান এর বৈশিষ্ট্য। ...শক্তিশালী পায়ের ধাবার সাথে সুতীক্ষ্ণ নখর রয়েছে।’ দ্রষ্টব্য: [bn.m.wikipedia.org](http://bn.m.wikipedia.org). visited: 05.03.2021
- <sup>৩৩</sup> ওয়াকিল আহমদ, *বাংলার লোক-সংস্কৃতি*, পৃ. ২৫৪
- <sup>৩৪</sup> ঐ, “খরা সনেটগুচ্ছ: ৬”, ‘দোয়েল ও দয়িতা’, *কবিতাসমগ্র-১*, পৃ. ৩৪২
- <sup>৩৫</sup> ‘টিকটিকি ও জ্যোতির্বিজ্ঞানী খনা সম্পর্কিত একটি লোকশ্রুতি ব্যাখ্যা প্রচলিত রয়েছে। ‘-কিংবদন্তি আছে খনার কর্তৃত্ব জিহ্বা টুকরো ফেলে দিলে এক টিকটিকি তা খেয়ে নেয়। বরাহমিহির সে-দৃশ্য দেখে টিকটিকিকে আশীর্বাদ করেন- সমস্ত টিকটিকির এই জিহ্বা পাওয়া হোক। মানুষের ভালোমন্দ কথার উত্তরে টিকটিকি শব্দ করলে সেকথা সত্যি হবে। টিকটিকির ডাককে তাই আমরা সত্যি বলে মানি।’ দ্রষ্টব্য: সুভাষ মিত্রী, “লোকায়ত কৃষিভাবনায় ডাক ও খনার বচন”, *লোকসংস্কৃতির বিশ্লেষণ*, দুলাল চৌধুরী ও পল্লব সেনগুপ্ত (সম্পা.) পৃ. ৬৩৭
- <sup>৩৬</sup> আল মাহমুদ, “স্ক্রুপিয়ন”, ‘উড়ালকাব্য’, *কবিতাসমগ্র-২*, পৃ. ৭৭
- <sup>৩৭</sup> ঐ, “প্রকৃতি”, ‘সোনালি কবিন’, *কবিতাসমগ্র-১*, পৃ. ৮৩
- <sup>৩৮</sup> ঐ, “খনার বর্ণনা: সনেট পঞ্চক: ২”, ‘দ্বিতীয় ভাঙন’, *কবিতাসমগ্র-২*, পৃ. ২৫
- <sup>৩৯</sup> আল মাহমুদ, “বিষয়ী দর্পণে আমি”, ‘লোক লোকান্তর’, *কবিতাসমগ্র-১*, পৃ. ১৯
- <sup>৪০</sup> ঐ, “প্রথমার জন্য তিনটি ছড়া: হতাম যদি জিন”, ‘নদীর ভিতরে নদী’, *কবিতাসমগ্র-২*, পৃ. ৫৮
- <sup>৪১</sup> আল মাহমুদ : সাক্ষাৎকার, সাজ্জাদ বিপ্লব (সম্পা.), পৃ. ৭১
- <sup>৪২</sup> ঐ, “সবুজ ঈমান”, ‘মায়াবী পর্দা দুলে ওঠো’, *কবিতাসমগ্র-১*, পৃ. ১৫১-১৫২
- <sup>৪৩</sup> ঐ, “সিফনী”, ‘লোক লোকান্তর’, *কবিতাসমগ্র-১*, পৃ. ২৩
- <sup>৪৪</sup> ঐ, “প্রেম”, ‘বারদগঙ্গী মানুষের দেশ’, *কবিতাসমগ্র-২*, পৃ. ১৬২

## কবি আবু তাম্মামের কাব্যের শৈল্পিক বৈশিষ্ট্য: একটি তাত্ত্বিক বিশ্লেষণ [The Artistic Features of Poet Abu Tammam's Poetry: An Analitical Study]

Dr. Muhammad Ekramul Islam  
Professor, Department of Arabic, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

### ARTICLE INFORMATION

The Faculty Journal of Arts  
Rajshahi University  
Volume 39, June 2025  
ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A3>

Received : 27 February 2025

Received in revised: 16 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

#### Keywords:

Arabic poetry, Abu Tammam, *Dewanul Hamasah*, *Kitabul Wahshiat*, *Fuhulush Shuara*, *Kitabul Ikhtiarat min she'rish Shuarah*. Features. literature. Abbasid period etc.

### ABSTRACT

In the field of Arabic poetry Abu Tammam (796-843 AD.) was one of the illustrious personalities in Abbasid period (750-1258 AD.). Abu Tammam is a name of great poet in the world of Arabic literature. He was Arabic poetry writer, compiler and author of works of literature. Poetry is unfading peace of Arabic literature. poetry has a trace and very interesting of Arablife along with peace and so more. He along with his books *Dewanul Hamasah*, *Kitabul Wahshiat*, *Fuhulush Shuara*, *Kitabul Ikhtiarat min she'rish Shuarah* etc. Has achieved wide ranging acceptance among the literature all over the world. Although Abu Tammam was very good presenting humour is his writing. We also get the social, political and Cultural picture of the Contemporary. I tried to discuss about the short life of Abu Tammam and his Artistic Features of Arabic Poetry.

### ভূমিকা

উমাইয়া খিলাফতের (৬৬১-৭৫০ খ্রি.) পতনের পর ১৩২ হিজরী মোতাবেক ৭৫০ খ্রিষ্টাব্দে আব্বাসীয় খিলাফত প্রতিষ্ঠা লাভ করে। আর আব্বাসীয় যুগেই (৭৫০-১২৫৮ খ্রি.) আবির্ভাব ঘটে আরবী কাব্য সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ কবি আবু তাম্মামের (৭৯৬-৮৪৩ খ্রি.)। আব্বাসীয় খলীফাদের পৃষ্ঠপোষকতায় আরবী কাব্য সাহিত্যের প্রভূত উন্নয়ন সাধিত হয়। উমাইয়া যুগে সাহিত্য তথা জ্ঞান-বিজ্ঞানের যে বীজ বপিত হয়েছিল আব্বাসীয় যুগে তা ফুলে- ফলে সুশোভিত হয়ে বিশ্ব সভ্যতার শীর্ষে উন্নীত হয়েছিল। এ কারণে আব্বাসীয় যুগকে আরবী সাহিত্যের স্বর্ণযুগ বলা হয়। আব্বাসীয় যুগে যে সকল কবি সাহিত্যিকের আবির্ভাব ঘটে তাঁদের মধ্যে অন্যতম কবি আবু তাম্মাম। তাঁর জীবনের অমর ও যুগশ্রেষ্ঠ কাব্যগ্রন্থ হলো ‘দীওয়ানুল হামাসাহ’। যেখানে জাহিলী যুগ থেকে আব্বাসীয় যুগের আরবী সাহিত্যের প্রসিদ্ধ কবিদের কবিতা স্থান পেয়েছে। কবি গ্রন্থটিকে ১০টি অধ্যায়ে বিভক্ত করেছেন। আরবী কাব্য জগতে এটিই প্রথম অধ্যয়নভিত্তিক সংকলিত কাব্য গ্রন্থ। এ গ্রন্থে মোট কবিতার সংখ্যা ৮৮৪টি। আরবী কাব্য সাহিত্যে এটি কালজয়ী গ্রন্থ হিসেবে বিবেচিত। নিরলস কাব্যচর্চা ও তীক্ষ্ণমেধার অধিকারী কবি আবু তাম্মাম আরবী কাব্যসাহিত্যের বিস্তৃত ময়দানে পদচারণা করে স্বীয় কাব্যকে সমৃদ্ধশালী শৈল্পিক মানে উন্নীত করেছেন। তাঁর কবিতার ভাব-ভাষা ও শব্দ চয়ন চমৎকার। তাঁর দীওয়ানুল হামাসাহ গ্রন্থটি আরবী কাব্য প্রেমীদের নিকট অমূল্য সম্পদ হিসেবে পরিগণিত হয়ে আসছে। তাঁর আরেকটি বিখ্যাত সংকলন গ্রন্থ- ফাহলুশ শূ‘আরা, এ গ্রন্থটি সংকলণে তিনি যথেষ্ট বিচক্ষণতা ও নিষ্ঠার পরিচয় দিয়েছেন। তাঁর রচিত কবিতা ও কাব্য সংকলনটি পর্যালোচনা করলে দেখা যায় যে, তাতে কবির হৃদয়ের স্পন্দন খুঁজে পাওয়া যায়। অসাধারণ কাব্য প্রতিভার অধিকারী এই কবির কবিতায় তাঁর মৌলিকতা পরিলক্ষিত হয়। তাঁর রচিত সকল কবিতা সুন্দর, সাবলীল ও কৃত্রিমতা বিবর্জিত। তাঁর ক্ষুরধার লেখনীর মাধ্যমে আরবী কাব্য সাহিত্য দৈন্যতা নিবৃত্ত ও জড়তামুক্ত হয়েছিল। আরবী কাব্য সাহিত্যের শৈল্পিক উৎকর্ষ সাধনে আবু তাম্মাম এর অবদান অনন্য। আরবী সাহিত্যে কবির অসাধারণ অবদান আজো চির অম্লান হয়ে আছে।

### কবি আবু তাম্মামের পরিচয়

কবি আবু তাম্মাম ছিলেন আব্বাসীয় যুগের (৭৫০-১২৫৮ খ্রি.) আরবী সাহিত্য কাব্যজ্ঞানের এক অত্যাশ্চর্য নক্ষত্র। বাল্যকালেই কবি পিতাকে হারান। দরিদ্র পরিবারে জন্ম গ্রহণ করে শৈশব থেকেই তাঁকে জীবিকার তাগিদে ছুটে বেড়াতে হয় দেশ থেকে দেশান্তরে। মুসলিম সভ্যতার স্বর্ণযুগ আব্বাসীয় যুগে যে কয়জন কবি কাব্যচর্চার মধ্য দিয়ে অত্যন্ত জনপ্রিয় উঠেন কবি আবু তাম্মাম ছিলেন তাঁদের অন্যতম। নিজেই মেধা ও যোগ্যতায় তিনি আরবী কাব্য সাহিত্যের ব্যাপক উন্নয়ন সাধন করেন। তাঁর প্রকৃত নাম হাবীব, পিতার নাম আউস এবং উপনাম আবু তাম্মাম।<sup>১</sup> তবে আবু তাম্মাম হিসেবেই তিনি আরবী সাহিত্যজগতে সমধিক পরিচিত। কবি আবু তাম্মাম আব্বাসীয় যুগে দামেশক ও তাবারিয়ার মধ্যবর্তী হাওরানের জাসেম নামক গ্রামে ১৮০ হিজরী মোতাবেক ৭৯৬ খ্রিষ্টাব্দে জন্ম গ্রহণ করেন। আরবী সাহিত্যের বিখ্যাত ইতিহাসবিদ জুরজী যায়দানের মতে সিরিয়ার মামবেজ নামক স্থানে তিনি জন্ম গ্রহণ করেন। কবি নিজেই তাঁর জন্ম সাল সম্পর্কে বলেছেন, مولدى

‘আমার ‘مولد أي سنة ثمان وثمانين ومائة’ তবে কবিপুত্র তাম্মাম বলেন, ‘سنة و تسعين ومائة هجرية’ পিতার জন্ম ১৮৮ হিজরীতে।<sup>১০</sup> অন্য দিকে হান্না আল ফাখুরীর মতে আবু তাম্মাম ১৮০ হিজরী মোতাবেক ৭৯৬ খ্রিষ্টাব্দে জন্ম গ্রহণ করেন।<sup>১১</sup> আবু তাম্মামের পুরো বংশপরিক্রমা হলো- আবু তাম্মাম হাবীব ইবন আওস ইবন হারিস ইবন কায়স ইবন আশায় ইবন ইয়াহইয়া ইবন মুয়াইনা ইবন সাহম ইবন মালহান ইবন মারওয়ান ইবন দুফাফাহ ইবন মুর ইবন সা‘দ ইবন কাহিল ইবন আমর ইবন আদী ইবন আমর ইবনিল হারিছ ইবন আতুয়ী ইবন আদাদ ইবন যায়দ ইবন ইয়াশজুর ইবন আরীব ইবন যায়দ ইবন কাহলান ইবন সাবা ইবন ইয়াশজুর ইবন আরব ইবন কাহতান।<sup>১২</sup>

ঐতিহাসিক আবুল ফিদার মতে তাঁর বংশ পরিক্রমা হচ্ছে- আবু তাম্মাম হাবীব ইবন আওস ইবন হারিস ইবন কায়স ইবন আশায় ইবন ইয়াহইয়া আতুয়ী।<sup>১৩</sup> আবু তাম্মাম সম্পর্কে ড. শাওকী দ্বায়ফ বলেন,

ومن يقرأ شعر أبي تمام وفخره العارم بطائى صليبة وأنه من صميم طي لا دعى فيها ولا من مواليها

‘যে ব্যক্তি তাঁর কবিতা ও ত্বায় গোত্রকে নিয়ে তাঁর শক্তিশালী গৌরবগাথা পাঠ করবে সে এ বিষয়ে সন্দেহ পোষণ করবে না যে, তিনি (আবু তাম্মাম) ত্বায় গোত্রের একজন ক্রুসেডার ছিলেন এবং খাঁটি ত্বায় গোত্রভূক্ত ছিলেন। এ গোত্রের দাবিদার বা মাওয়ালী ছিলেন না।’<sup>১৪</sup>

কবি আবু তাম্মাম ক্রুসেডার হলেও চারিত্রিক দৃষ্টিকোণ থেকে উত্তম চরিত্রের অধিকারী ছিলেন। তাঁর সম্পর্কে ঐতিহাসিক খতীব আল-বাগদাদী বলেন, ‘وكان موصوفاً با لظرف وحسن الأخلاق وكرم النفس’ ‘তিনি (আবু তাম্মাম) ছিলেন কৌতুকপ্রিয় উত্তম চরিত্রের অধিকারী।’<sup>১৫</sup> তিনি অত্যন্ত মেধাবী, প্রখর স্মৃতিশক্তি ও উপস্থিত বুদ্ধির অধিকারী ছিলেন। বর্ণিত আছে যে, তিনি প্রায় ১৪০০০ কবিতা মুখস্ত করেছিলেন।<sup>১৬</sup> ঐতিহাসিক আস-সুলী বলেন,

كان أبو تمام إذا كلمه انسان أجابه قبل انقضاء كلامه كأنه كان علم ما يقول فأعده جوابه

‘যখন কোন ব্যক্তি আবু তাম্মামের সাথে কথা বলত তখন তার কথা শেষ হতে না হতেই তিনি উত্তর দিতেন। যেন সে কী বলবে তা তিনি আগেই জেনে জবাব প্রস্তুত করে রেখেছিলেন। অর্থাৎ তিনি প্রত্যুৎপন্নমতি লোক ছিলেন।’<sup>১৭</sup>

## মৃত্যু

আব্বাসীয় যুগের এই খ্যাতিমান কবি আবু তাম্মামের মৃত্যু সন নিয়ে ঐতিহাসিকদের মধ্যে মতভেদ পরিলক্ষিত হয়। নিম্নে এ বিষয়ে বিভিন্ন ঐতিহাসিকদের মতামত উল্লেখ করা হলো:<sup>১৮</sup>

অধিকাংশ ঐতিহাসিকদের মতে আরবী কাব্য সাহিত্যের এই খ্যাতিমান কবি আবু তাম্মাম ২৩১ হিজরী মোতাবেক ৮৪৩ খ্রিষ্টাব্দে সিরিয়ার মসূলে ইন্তিকাল করেন। কবি পুত্র তাম্মাম বলেন- مات (ابوتمام) في سنة احدى و ثلاثين و مائتين- তাম্মাম বলেন- ‘তিনি (আবু তাম্মাম) ২৩১ হিজরীতে ইন্তিকাল করেন।’

ঐতিহাসিক ইবন খাল্লিকান, শামসুদ্দীন আয-যাহাবী, আবু বকর আস-সুলী, আহমাদ হাসান আয-যাহায়াত, সাইয়িদ আহমাদ আল-হাশিমী, ক্লার্ক ব্রকলম্যান, বৃতরঙ্গসুল-বুস্তানী প্রমুখেরও মত এটিই।

অন্যদিকে হান্না আল-ফাখুরী, আবুল ফিদা, ইবনু জারীর আত-তাবারী, মুহাম্মাদ ইবন আরাফা প্রমুখের মতে আবু তাম্মাম ২২৮ হিজরীতে ইন্তিকাল করেন।<sup>১৯</sup>

আবার জুরজী যায়দান, ড. উমার ফররুখ ও মাখলাদ আল-মুসেলীর মতে ২৩২ হিজরী মোতাবেক ৮৪১ খ্রিষ্টাব্দে আবু তাম্মাম ইন্তিকাল করেন।<sup>২০</sup>

## আরবী কাব্যচর্চায় আবু তাম্মামের জ্ঞানার্জন

আবু তাম্মাম প্রথমে সিরিয়ার হিম্‌স (Hims) নগরে গিয়ে বসবাস ও শিক্ষা লাভ করেন। সেখানে তিনি দারুল হিকমা ও মাসজিদগুলোর পাঠশালা থেকে আরবী ভাষা, ব্যাকরণ, বালাগাত এবং কবিতা রচনার কৌশল শিক্ষা করেন। মূলত হিম্‌স শহরের দায়রুল জিন্ন (دير الجن) নামক স্থান, যা ছিল আরবী কবিদের মিলনকেন্দ্র এখানেই কবির সাহিত্যিক ও বুদ্ধিবৃত্তিক বিকাশ ঘটে। অতঃপর জ্ঞানার্জনের উদ্যোগে বাগদাদ, খুরাসান, নীশাপুর, হিজায়, আর্মেনিয়া, মুসেলসহ বিভিন্ন অঞ্চল ভ্রমণ করে তৎকালীন প্রথিতযশা পণ্ডিতগণের নিকট থেকে আরবী সাহিত্যে বিশেষতঃ আরবী কাব্যে ব্যুৎপত্তি অর্জন করেন।<sup>২১</sup> পিতার মৃত্যুর পর তিনি জীবিকার সন্ধানে দামির্শক ছেড়ে মুসলিম সভ্যতার অন্যতম লীলাভূমি মিসর গমন করেন। সেখানে উপস্থিত হয়ে ‘আমর ইবনুল আসের মসজিদে পানি সরবরাহের কাজে নিয়োজিত হন। উক্ত মসজিদে কবি-সাহিত্যিক, ভাষাবিদ, তাফসীরকারক, বুদ্ধিজীবী জ্ঞানী-গুণী জ্ঞান চর্চার জন্য একত্রিত হতেন। তিনি সারাক্ষণ তাঁদের খেদমতে

নিয়োজিত থাকতেন। প্রাতিষ্ঠানিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হলেও উক্ত মসজিদে আগমনকারী প্রথিতযশা পণ্ডিতদের সাহচর্যে জ্ঞান-সাধনায় নিজেকে সংযুক্ত রাখতেন। কাজের ফাঁকে ফাঁকে মাসজিদের আঙ্গিনায় সমবেত কবি-সাহিত্যিকদের নিকট আরবী কবিতা প্রণয়ন এবং নীতিমালা প্রভৃতি বিষয়ে শিক্ষা লাভ করেন। এ সময় তিনি বহু আরবী কবিতাও কণ্ঠস্থ করেন। সেখানেই তিনি কাব্যচর্চায় গভীর জ্ঞানার্জন করতে সক্ষম হন।<sup>১৭</sup> উল্লেখ্য, কবি আবু তাম্মাম যাদের নিকট থেকে জ্ঞানার্জন করেন তাঁদের মধ্যে আল-আসমা'ঈ (মৃ. ৮৩১ খ্রি.), আবু উবাইদাহ (মৃ. ৮২৫ খ্রি.), আবুল আতাহিয়া (মৃ. ৮২৬ খ্রি.), আবু নুয়াস (মৃ. ৮১৫ খ্রি.), খালাফ আল-আহমার (মৃ. ৮১৫ খ্রি.) প্রমুখের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।<sup>১৮</sup>

### কাব্যিক জ্ঞানার্জনের কলাকৌশল

কর্মজীবনের শুরুতে তিনি মিসর থেকে সিরিয়ায় প্রত্যাবর্তন করেন। এসময় তিনি পূর্ণমাত্রায় কাব্য চর্চায় আত্মনিয়োগ করেন। তিনি বিভিন্ন দেশ বিশেষ করে খুরাসান, নাইসাপুর, হিজাজ, মুসেল, বাগদাদসহ আরবী সাহিত্যচর্চার প্রসিদ্ধ স্থান ভ্রমণ করেন এবং যুগশ্রেষ্ঠ পণ্ডিতদের সংস্পর্শে এসে আরবী কবিতা রচনার কলাকৌশল আয়ত্ত্ব করেন।<sup>১৯</sup> তিনি ছিলেন তীক্ষ্ণ মেধাসম্পন্ন ও প্রখর স্মৃতিশক্তির অধিকারী। আহমাদ আয যাইয়াত বলেন,<sup>২০</sup>

كان أبو تمام فصيحا حلو الكلام فيه متممة يسيرة وكان ذكي الطبع حاضر البديهة قوى الذاكرة

‘আবু তাম্মাম ছিলেন সুমিষ্ট বিশুদ্ধভাষী, তীক্ষ্ণ মেধাসম্পন্ন অসাধারণ স্মৃতিশক্তি ও উপস্থিত জ্ঞানের অধিকারী।’ কবিতায় দক্ষতা লাভের পর তিনি ধনীদেব প্রশস্তিতে কবিতা রচনা করতে থাকেন। তিনি কখনো রাজদরবারে, কখনো প্রাদেশিক শাসনকর্তার আস্তানায়, আবার কখনো বেদুঈনদের পূর্ণ কুঠিরে সময় অতিবাহিত করতেন। তাদের প্রশংসাগাথা রচনা করে অর্থোপার্জন করাকেই তিনি জীবিকা নির্বাহের অন্যতম মাধ্যম হিসেবে গ্রহণ করেন।<sup>২১</sup> কালক্রমে আব্বাসীয় যুগের এই খ্যাতিমান ব্যক্তিত্ব কবি আবু তাম্মাম হাবীব ইবন আউস যুগশ্রেষ্ঠ কবির মর্যাদার আসনে সমাসীন হন। তিনি প্রায় চৌদ্দ হাজার কবিতা মুখস্থ করে খ্যাতির তুঙ্গে আরোহণ করতে সক্ষম হন। আরবী কাব্যের প্রায় সকল শাখাতেই তাঁর পদচারণা ছিল, তবে আরবী সাহিত্যের সমালোচকগণের দৃষ্টিতে কবি আবু তাম্মাম শোকগাথা, প্রশংসাগাথা ও বর্ণনামূলক কবিতা রচনায় অধিক পারঙ্গমতার পরিচয় দিয়েছেন। তাঁর রচিত দীওয়ানের এক তৃতীয়াংশ জুড়ে রয়েছে প্রশংসাগাথা কবিতা। এ ছাড়া তাঁর রচিত সাহসিকতা (الحماسة), কুৎসামূলক (الهجاء), গৌরবগাথা (الفخر), প্রেমমূলক (الغزل), জ্ঞানগর্ভ কবিতা (الحكم), উপমামূলক (التشبيه) প্রভৃতি বিষয় কবিতাকে শৈল্পিক মানে উন্নীত করেছে।<sup>২২</sup>

### আবু তাম্মাম এর রচনাবলি ও কাব্য সংকলনসমূহ

আব্বাসীয় যুগের (৭৫০-১২৫৮ খ্রি.) খ্যাতিমান কবি আবু তাম্মাম এর রচনাবলী ও কাব্য সংকলনসমূহ এতটাই উন্নত ছিল যে, পরবর্তী কবিগণ তাঁর অভিনব কবিতার কলাকৌশল ও উপমা-উৎপ্রেক্ষা অনুকরণ করে নিজেদের কবিতায় ব্যবহার করেন। কবি আবু তাম্মাম কাব্যচর্চার পাশাপাশি অনেকগুলো কাব্যসংকলনও করেছেন। এ ব্যাপারে ঐতিহাসিক বুতরুসুল-বুস্তানী বলেন,<sup>২৩</sup> ‘আবু তাম্মামই প্রথম কবি যিনি গ্রন্থ রচনায় মনোনিবেশ করেছিলেন। ফলে তিনি তাঁর সংকলন গ্রন্থগুলোর দ্বারা প্রসিদ্ধি লাভ করেন।’ নিম্নে কবি আবু তাম্মামের রচনাবলী ও কাব্য সংকলনের একটি তালিকা উপস্থাপন করা হলো:<sup>২৪</sup>

১. দীওয়ানু আবী তাম্মাম (ديوان أبي تمام): এটি কবির নিজের লেখা কাব্যগ্রন্থ। এতে গাযাল বা প্রেম, মাদাহ বা প্রশংসা, ফালসাফাহ বা দর্শন, সিয়াসাহ বা রাজনীতি, হিজা বা ব্যঙ্গ এবং মানবজীবনের নানা দিক প্রতিফলিত হয়েছে।
২. মুখতারু শু‘আরায়িল ‘আরাব (مختار شعراء العرب): এটি বিভিন্ন প্রাচীন ও মধ্যযুগীয় আরব কবিদের শ্রেষ্ঠ কবিতার সংকলন। প্রতিটি কবির থেকে নির্বাচিত অংশের মাধ্যমে আরবী কাব্যের ধারাবাহিকতা ও বৈচিত্র্য দেখানো হয়েছে। সাহিত্যিক বৈশিষ্ট্যের দৃষ্টিকোণ থেকে এটি একটি সাহিত্য সমালোচনামূলক দৃষ্টিভঙ্গির নিদর্শন।
৩. আল-ইখতিয়ারাতু মিন শি‘রিল কাবাইল (الاختيارات من شعر القبائل): এতে প্রাচীন আরবের বিভিন্ন গোত্রের কবিদের কবিতা সংগ্রহ করে তাঁদের সাংস্কৃতিক বৈশিষ্ট্য তুলে ধরা হয়েছে। এটি গবেষণাধর্মী সংকলন হিসেবে অতি মূল্যবান।
৪. আল-ওয়াহশিয়াতু/ আল-হামাসাতুস সুগরা (الوحشيات/ الحماسة السغرى): এটি অল্পপরিচিত কবিদের নির্বাচিত কবিতা নিয়ে তৈরী। এতে বিচিত্র ভাব, মানবিক অনুভূতি, ব্যঙ্গ ও প্রজ্ঞা মিশে আছে। এটি মূলত দীওয়ানুল হামাসাহ এর পরিপূরক গ্রন্থ হিসেবে বিবেচিত।
৫. রাসায়িলু আবী তাম্মাম (رسائل أبي تمام): এতে কবি আবু তাম্মামের রচিত কিছু সাহিত্যিক চিঠি ও ছোট প্রবন্ধ আছে। যা রাজনৈতিক, সমাজ, নৈতিকতা ও সাহিত্যবিষয়ক আলোচনায় ভরপুর।

৬. কিতাবু ফাহলিশ শু'আরা (كتاب فحول الشعر): এতে কবি জাহিলী, মুখাদরাম ও ইসলামী যুগের কবিদের কবিতা চয়ন করে সংকলন করেছেন। এটি একটি সমালোচনামূলক কাব্যগ্রন্থ, যেখানে আরব কবিদের রচনামূলক, ভাবধারা ও ভাষার বৈশিষ্ট্য বিশ্লেষণ করা হয়েছে।
৭. নাকাইদু জারীর ওয়াল আখতাল (نقائض جرير والاخلط): এতে কবি উমাইয়া যুগের (৬৬১-৭৫০ খ্রি.) বিখ্যাত দু'জন কবি জারীর ও আল-আখতালের ২০টি কবিতা সংকলন করেছেন। উল্লেখ্য, কবি জারীর ও আল-আখতাল ছিলেন 'নাকাইদ' ধারার অগ্রগণ্য কবি। আর কবি আবু তাম্মাম তাঁদের উত্তরাধিকার বহন করে এই ধারার কাব্যকে আরো শিল্পিত, দার্শনিক ও অলঙ্কারসমৃদ্ধরূপে রূপান্তর করেন।
৮. দীওয়ানুল হামাসাহ (ديوان الحماسة): এটি আরবী সাহিত্যের ইতিহাসে সর্বাধিক প্রশংসিত গ্রন্থ। এ গ্রন্থে প্রাচীন আরব কবিদের বীরত্ব, আত্মত্যাগ, গৌরব, সহনশীলতা, নৈতিকতা ও জীবনের কঠোর বাস্তবতা নিয়ে রচিত কবিতাগুলো সংকলিত হয়েছে। নিম্নে দীওয়ানুল হামাসাহ (ديوان الحماسة) সম্পর্কে বিস্তারিত আলোচনা উপস্থাপন করা হলো-

দীওয়ানুল হামাসাহ (ديوان الحماسة): এ গ্রন্থটি কবি আবু তাম্মমের বিখ্যাত কাব্য সংকলন। গ্রন্থটি সংকলিত হয়েছিল বর্তমান সিরিয়ার প্রাচীন নগরী হিম্স শহরে ৮৩০-৮৪০ খ্রিষ্টাব্দের মধ্যে এবং তিনি ইস্তিকাল করেন ৮৪৩ খ্রিষ্টাব্দে।<sup>২১</sup> এটি তাঁর জীবনের অবিস্মরণীয় কীর্তি; যা তাঁকে আরবী কাব্য জগতে মর্যাদাপূর্ণ পরিচিতি দান করেছে। গ্রন্থটি সংকলনের একটি প্রসিদ্ধ পটভূমি রয়েছে। তা হলো- একদা কবি আবু তাম্মম খোরাসানের গভর্ণর 'আব্দুল্লাহ ইবন তাহিরের'<sup>২২</sup> সাথে সাক্ষাতের জন্য নাইসাপুর সফর করেন। নাইসাপুর যাত্রার পর আব্দুল্লাহ ইবন তাহির কর্তৃক প্রদত্ত উপঢৌকন অপরিপূর্ণ হওয়ায় এবং তথাকার আবহাওয়া অনুকূল না হওয়ায় তিনি দ্রুত প্রত্যাবর্তনের উদ্দেশ্যে যাত্রা করেন। পথিমধ্যে প্রবল তুষারপাতের ফলে হামাদানে তাঁর যাত্রা বিরতি ঘটে। সেখানে তিনি আবু আল-ওয়ালিদ ইবন সালামাহ<sup>২৩</sup> নামে এক পণ্ডিত ব্যক্তির শরণাপন্ন হন। ইবন সালামাহ কবি আবু তাম্মমের গুণাবলি, যশ ও খ্যাতি শ্রবণ করে অত্যন্ত খুশী হন এবং স্থায়ী গৃহে অবস্থানের জন্য আমন্ত্রণ জানান। ফলে তিনি তাঁর গৃহে আতিথ্য গ্রহণ করেন। ইবন সালামাহর গৃহে বিশাল লাইব্রেরী ছিল। সেখানে আরব ও অন্যান্য কবিদের রচিত বহু গ্রন্থ ছিল। যেহেতু প্রবল তুষারপাতের ফলে রাস্তা বন্ধ হয়ে গিয়েছিল, তাই গ্রীষ্মের আগমনে তা গলে রাস্তা চলার উপযোগী না হওয়া পর্যন্ত তথায় অবস্থান করতে হয়েছিল। কবি প্রচুর অবসর সময় পেয়ে ইবন সালামাহর লাইব্রেরীতে বিশাল গ্রন্থসম্ভার অধ্যয়নের সুযোগ পান এবং গভীর মনোযোগ সহকারে আরবী কাব্যগ্রন্থাবলী অধ্যয়ন করে তা থেকে নির্বাচন করে সুবিশাল পাঁচটি গ্রন্থ সংকলন করেন। তন্মধ্যে যুগশ্রেষ্ঠ কাব্যগ্রন্থ হলো দীওয়ানুল হামাসাহ। এটি কবি আবু তাম্মমের জীবনের অনবদ্য সৃষ্টি।<sup>২৪</sup>

দীওয়ানুল হামাসাহ গ্রন্থটিকে ১০টি অধ্যায়ে বিভক্ত করা হয়েছে। এর প্রথম অধ্যায়ের নাম আল-হামাসাহ; যা গ্রন্থের প্রায় অর্ধাংশ জুড়ে বিস্তৃত। এ অধ্যায়ের নামানুসারে এ গ্রন্থের নাম দেয়া হয়েছে দীওয়ানুল হামাসাহ। আরবী ব্যাকরণের পরিভাষায় যাকে বলা হয় الجزء باسم الكل অর্থাৎ কোন বস্তুর অংশবিশেষের উপর পূর্ণাঙ্গ বিষয়ের নামকরণ। নিম্নে গ্রন্থটির অধ্যায় ভিত্তিক সংক্ষিপ্ত পর্যালোচনা উপস্থাপন করা হলো:

#### ১ম অধ্যায়: আল-হামাসাহ বা বীরত্বগাথা

আলোচ্য অধ্যায়ে সর্বমোট ২৬২ টি কবিতার সংযোজন করা হয়েছে। এতে আরবদের বীরত্বগাথা, প্রতিশোধ গ্রহণে অদম্য স্পৃহা, রণক্ষেত্রে শত্রুর মোকাবেলায় বীরত্বের বিবরণ, দুর্বলের সাহায্যার্থে এবং অত্যাচারীকে দমনে অগ্রণী ভূমিকা পালন ইত্যাদি বিষয়ে বিভিন্ন কবির কবিতায় চমৎকার বৈশিষ্ট্য ফুটে উঠেছে। এ ক্ষেত্রে কবি আল-হারীস ইবন হেলাল আল-কুরা<sup>২৫</sup> রচিত নিম্নের কবিতা পংক্তিগুলো লক্ষণীয়,

تعرض للسيف إذا التقينا \* وجوها لا تعرض للطم  
ولست يخالغ عني ثيابي \* اذا هر الكمأة ولا أرامى  
ولكني يحول المهر تحتي \* الى الغارات بالعضب الحسام

'যুদ্ধের মাঠে তরবারীসহ আমরা এমন কিছু চেহারার মুখোমুখি হই, যে চেহারাগুলোতে কখনো চপেটাঘাত পড়েনি।'  
শত্রুদের অপছন্দ হলেও আমি কখনো আমার অস্ত্র ত্যাগ করি না এবং তীর বর্ষণও বন্ধ করি না।  
বরং অশ্বযুদ্ধের মাঠের দিকে তীক্ষ্ণ তরবারী নিয়ে আমার নীচ থেকে ধাবিত হয়।'

আলোচ্য অধ্যায়ে যে সকল বৈশিষ্ট্য ফুটে উঠেছে তার সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:<sup>২৬</sup>

ক. বীরত্ব ও সাহসিকতার চিত্রন: হামাসাহ শব্দের অর্থই হলো, বীরত্ব, সাহস। এ অধ্যায়ে বীরত্ব, যুদ্ধ-উৎসাহ ও সাহসিকতার বিবরণ রয়েছে।

খ. ভাষা ও শৈলী: সংকলনের কবিতাগুলো উচ্চমানের, সংক্ষিপ্ত অথচ শক্তিশালী ভাষায় রচিত; যা আরবী কবিতার প্রাচীন গাভীর্য ও ফাসাহাত প্রকাশ করে।

গ. সাহিত্যিক গুরুত্ব: আল-হামাসাহ আরবী সাহিত্যের ইতিহাসে অন্যতম শ্রেষ্ঠ সংকলন হিসেবে স্বীকৃত। এটি শুধু কবিতার সৌন্দর্য নয়, বরং আরব সমাজের নীতি, বীরত্ব ও নৈতিক আদর্শও প্রকাশ করে।

ঘ. আল-হামাসাহ এর প্রভাব: পরবর্তীকালে অনেক কবি ও সাহিত্যিক আবু তাম্মামের এই সংকলনের অনুসরণে অনুরূপ কবিতা-সংগ্রহ রচনা করেছেন।

ঙ. কবিতা-সংগ্রহ (Anthology): এটি কোন মৌলিক কাব্য নয়, বরং প্রাচীন আরবী কবিদের রচনাগুলির একটি সংকলন। আবু তাম্মাম বিভিন্ন কবির কবিতা সংগ্রহ করে এতে স্থান দিয়েছেন।

## ২য় অধ্যায়: আল-মারাজী বা শৌকগাথা

উক্ত অধ্যায়ে সর্বমোট কবিতার সংখ্যা ১৪০টি। তাতে যুদ্ধে নিহত ব্যক্তিদের স্মরণে শৌক জ্ঞাপন করা হয়েছে। বিশেষ করে যুদ্ধে নিহত বীর পুরুষ, কবির নিকটাত্মীয় এবং নিজ গোত্রের কোন নেতৃস্থানীয় মর্যাদাসম্পন্ন মৃত ব্যক্তিদের স্মরণে শৌক জ্ঞাপনমূলক কাব্য স্থান পেয়েছে। যেমন কবি ‘আতা আস-সিনদী ওয়াসিতের’<sup>২৮</sup> যুদ্ধে নিহতদের স্মরণে বলেন,<sup>২৯</sup>

الا ان عينا تجد يوم واسط \* عليك بجارى دمعها لجمود  
عشية قام النائحات وشققت \* جيوب بأيدى ماتم وخذود  
فان تمس مهجور الفناء فرما \* اقام به بعد الوفود و وفود  
فانك لم تبعد على متعهد \* بلى كل من تحت التراب بعيد

‘ওয়াসিতের যুদ্ধে তুমি যে দিন নিহত হয়েছিলে সেদিন চোখ কার্পণ্য করে অশ্রু বর্ষণ করেনি।

স্মরণ কর সেই বিকেলের কথা যখন রমণীরা চিৎকার করে বুকের কাপড়গুলো ছিড়ে ফেলছিল এবং নিজেদের গালে চড় মারছিল (বিলাপ করছিল)।

যদিও আজ তোমার বাড়ির বহিরাঙ্গন বিরান হয়ে পড়েছে; অথচ এক সময় এখানে লোক দলে দলে আগমন করত।

যারা মাটির নীচে চলে যায় তারা অনেক দূরে চলে যায়; কিন্তু তোমার স্মরণকারীদের থেকে তুমি বেশী দূরে নও।’

উল্লিখিত কবিতা পংক্তিগুলোতে কবি উমাইয়া খিলাফতের সর্বশেষ শাসক মারওয়ান ইবন হিমারের (মৃ. ৭৫০ খ্রি.) বাহিনীর সাহসী প্রধান সেনাপতি (Commander in Chief) আব্দুল্লাহ ইবন হুবারা আল-ফযারী (عبد الله بن هبيرة الفزاري)-কে স্মরণ করে শৌকগাথা রচনা করেছেন। যিনি ৭৫০ খ্রিষ্টাব্দে উমাইয়া বাহিনী ও আব্বাসীয় খিলাফত প্রতিষ্ঠায় আন্দোলনরত বাহিনীর সাথে ভয়াবহ ওয়াসিতের যুদ্ধে (Battle of Wasit) পরাজিত ও নিহত হন। উপরোক্ত বিখ্যাত প্রধান সেনাপতির মৃত্যুতে কবি অত্যন্ত মর্মান্বিত হন। তাই তিনি স্বীয় হৃদয়ের বিরহ ব্যথা ও শোকানুভূতি করুনভাবে কবিতার মাধ্যমে উপস্থাপন করেছেন।<sup>৩০</sup>

## ৩য় অধ্যায়: আল-আদাব বা শিষ্টাচার

এ অধ্যায়ে সর্বমোট কবিতার সংখ্যা ৫৮টি। এতে কবি আদাব বা শিষ্টাচার সম্পর্কিত প্রশংসনীয় চরিত্র ফুটিয়ে তুলেছেন। প্রাচীন আরবসমাজে শিষ্টাচার ছিল দুর্লভ ও অত্যন্ত গৌরবের বিষয়। এ বিষয়ে তাঁরা অসংখ্য কবিতা রচনা করেছেন। তাঁদের এবং পরবর্তীদের রচিত কবিতা সম্ভার থেকে বাছাই করে অনেক কবিতা এ অধ্যায়ে ‘আবু তাম্মাম সন্নিবেশিত করেন। ইসলামের প্রাথমিক যুগের তৃতীয় স্তরের কবি মিসকীন আদ-দারিমী<sup>৩১</sup> রচিত কবিতা দিয়ে এ অধ্যায়ের সূচনা। এখানে ধৈর্য, সহনশীলতা, সততা, দক্ষতা, যোগ্যতা, প্রশংসনীয় চরিত্র, গোপনীয়তা, উত্তম ব্যবহার, মাধুর্যপূর্ণ নৈতিকতা ইত্যাদি শিষ্টাচারের উজ্জ্বল দৃষ্টান্ত বর্ণনা করা হয়েছে। এ ক্ষেত্রে কবি আল-মুরার ইবন সাঈদ<sup>৩২</sup> রচিত নিম্নের কবিতা পংক্তিদ্বয় লক্ষণীয়,<sup>৩৩</sup>

إذا شئت يوما ان تسود عشيرة \* فبالحلم سدا بالتسرع والشتيم  
والحلم خير فاعلمن مغبة \* من الجلل الا ان تشمس الظلم

‘কখনো তুমি কোন সম্প্রদায়ের নেতা হতে চাইলে ধৈর্য- সহনশীলতা ও জ্ঞান-বুদ্ধি দ্বারা নেতৃত্ব গ্রহণ কর। খারাপ কাজ দ্রুততা করে এবং গাল-মন্দ করে নেতৃত্বে আসীন হয়ো না।

জেনে রাখবে, ধৈর্য- সহনশীলতা অবশ্যই দ্রুততা থেকে উত্তম। তবে অত্যাচার-নির্যাতনের উদ্দেশ্যে রৌদ্র দক্ষ ছাড়া।’

#### ৪র্থ অধ্যায়: আন-নাসীব বা প্রণয়গাথা

এ অধ্যায়ে প্রেমিক-প্রেমিকার প্রণয়মূলক বর্ণনা চমৎকারভাবে ফুটে উঠেছে। এতে সর্বমোট ২৬২ টি কবিতার সমাহার রয়েছে। কবি আবু তাম্মম আরবদের প্রেমগাথাকে সুসমামুখিত করে প্রস্তুতিত করার লক্ষ্যে এ অধ্যায়ে বিভিন্ন কবির প্রেমমূলক কবিতা সন্নিবেশিত করেছেন। যেমন কবি ইননুদ দামীনাহ<sup>৪৪</sup> বলেন,<sup>৪৫</sup>

اما يستفيق القلب الأبرى له \* توهم ضيف من سعاد ومربع  
أخادع عن اطلالها العين إنه \* متى تعرف الأطلال عينك تدفع  
عهد بما وحشا عليها براقع \* وهذى وحوش أصبحت لم تبرقع

‘গ্রীষ্ম-বসন্তে যখন সো’আদের কল্পনা আমার মনে উদয় হয় তখন কেন আমার অন্তর উদ্বেলিত হয়ে উঠবে না?’

আমি তার বাস্তবতা দেখার ব্যাপারে চোখের সাথে ধোঁকাবাজি করি। কারণ যখনই আমার চোখ তার বাস্তবতা দেখে চিনতে পারবে, তখনই অশ্রুসিক্ত হয়ে পড়বে।

সেখানে যখন আমি আমার প্রিয়াকে দেখতাম তখন তাকে হিজাব পরিহিতা দেখতাম। আর আজ হিজাব ছাড়া অনেক বন্য প্রাণী দেখছি।’

#### ৫ম অধ্যায়: আল-হিজা বা ব্যঙ্গ-বিদ্রূপ

এ অধ্যায়ে সর্বমোট কবিতার সংখ্যা ৮০টি। প্রাচীন আরব কবিগণ শত্রুপক্ষের দোষ-ত্রুটি বর্ণনা, তাদেরকে হুমকি প্রদান এবং সমাজে হেয় করার মানসে ব্যঙ্গ কবিতা রচনা করতেন। এ বিষয়ে তাদের রচিত কবিতাসম্ভার থেকে কবি আবু তাম্মম বাছাইকৃত কবিদের হিজা বা ব্যঙ্গ-বিদ্রূপমূলক কবিতা এ অধ্যায়ে সন্নিবেশিত করেছেন। যেমন কবি কা’নাব ইবন উম্মে সাহিব<sup>৪৬</sup> বলেন,<sup>৪৭</sup>

ان يسمعوا ربة طاروا بها فرحا \* منى وما سمعوا من صالح دفنوا  
صم اذا سمعوا خيرا ذكر تبه \* وإن ذكرت بشر عندهم أذنوا  
جهلا علينا وجبنا عن عدوم \* لبست الخلتان الجهل والجن

‘তারা যখন আমার উপর চাপিয়ে দেয়া কোন অপবাদের কথা শোনে তখন তা সানন্দে ছড়িয়ে দেয়। আর আমার কোন গুণের কথা শুনলে তারা তা গোপন করে।

তারা যখন আমার কোন ভালো খবর শুনে তখন তারা বধির হয়ে যায়। আর তাদের সামনে আমার কোন দুঃসংবাদ উল্লেখ করা হলে তারা কান লাগিয়ে শোনে।

তারা আমাদের ব্যাপারে অজ্ঞ এবং শত্রুদের সামনে তারা ভীক। অজ্ঞতা ও ভীকতা নিশ্চয়ই দুটি মন্দ বৈশিষ্ট্য।’

#### ৬ষ্ঠ অধ্যায়: আল-মাদাহ ও আল-আদইয়াফ বা স্তুতিবাদ ও আতিথ্য

এ অধ্যায়ে সংকলিত সর্বমোট কবিতার সংখ্যা ১৪৩টি। প্রাচীন আরবদের চিরাচরিত অভ্যাস আতিথেয়তা আজও পৃথিবীর ইতিহাসে কিংবদন্তি হয়ে আছে। তাদের প্রশংসাবাদও ছিল অত্যন্ত বাস্তবানুগ। এ বিষয়ে তাদের রচিত কাব্যসম্ভার থেকে আবু তাম্মম সংগতিপূর্ণ অনেক কবির কবিতা এ অধ্যায়ে স্থান দিয়েছেন। যেমন কবি মুররা ইবন মাহ্‌কান<sup>৪৮</sup> স্বীয় স্ত্রীকে সম্বোধন করে বলেন,<sup>৪৯</sup>

يا ربة البيت قومي غير صاراة \* ضمي اليك رجال القوم والقربا

‘হে বাড়ীর মালিক (সহধর্মিনী) সসম্মানে দাঁড়িয়ে যাও এবং অতিথিকে হাওদা ও হাতিয়ার নিজের সাথে মিলিয়ে নাও।’

প্রশংসাবাদ কবিতার ক্ষেত্রে আবু তাম্মম রচিত আহমাদ ইবন আল-মু’তাসিমের<sup>৪০</sup> প্রশংসায় বলেন,<sup>৪১</sup>

أقدام عمرو في سماحة حاتم \* في حلم احنف في ذكاء اياس

‘আপনি (আহমাদ ইবন আল-মু’তাসিম) আমার ইবন মা’দিকারিব- এর সাহসিকতা, হাতিম হাম্বির বদান্যতা, আহনাফ ইবন কায়সের ধৈর্য্য ও ইয়াস ইবন মু’আবিয়ার বিচক্ষণতার গুণে গুণান্বিত।’

#### ৭ম অধ্যায়: আস-সিফাত বা বর্ণনা

এ অধ্যায়ে সংকলিত কবিতার সংখ্যা ৪টি। এতে বিভিন্ন বস্তুর সিফাত বা বর্ণনা সম্বলিত কবিতা সংকলিত হয়েছে। এ অধ্যায়ে প্রাকৃতিক সৌন্দর্যের বিষয় অত্যন্ত চমৎকারভাবে উপস্থাপিত হয়েছে। যেমন কবি মালহা আল-জারামী<sup>৪২</sup> বলেন,<sup>৪৩</sup>

يبارى الرياح الحضرميات مزنه \* بمنهر الأرواق ذى قرع رفض  
 يغادر محض الماء ذو هو محضه \* على اثره ان كان للماء من محض  
 يروى العروق الهامدات من البلى \* من العرفج النجدى ذو بادو الهمض

‘এই মেঘ প্রচণ্ড স্বচ্ছ বৃষ্টি নিয়ে হাযরামাউত থেকে চলে আসে। এই ঘন মেঘ উপত্যকার সংকীর্ণ ভূমিতে মুষলধারে স্বচ্ছ বৃষ্টি বর্ষণ করে।

এই মেঘ অনূর্বর ভূমি অতিক্রমকালে তথাকার মৃত বৃক্ষ-গুলা সঞ্জীবিত হয়ে উঠে।

এই মেঘ তার বিশালত্ব ও ভারত্বের কারণে এমনভাবে চলে, যেমনিভাবে ভারী পাথরের সাথে বাঁধা উট কষ্ট করে চলে।’

#### ৮ম অধ্যায়: আস-সাঈ ওয়ান-নুআস বা ভ্রমণ ও প্রশান্তি

এ অধ্যায়ে সংকলিত সর্বমোট কবিতার সংখ্যা ৯টি। এতে বিভিন্ন স্থানে ভ্রমণ এবং ভ্রমণের মাধ্যমে প্রশান্তি লাভের বর্ণনা সম্বলিত কবিতা সন্নিবেশিত করা হয়েছে। যেমন কবি ওয়াকিদ ইবন আল-গাতরীফ আতুদ<sup>৪৪</sup> বলেন,

يقولون لا تشرب نسيئا فانه \* وان كنت حرانا عليك وخيم  
 لنن لين المعذى بماء مويسل \* بغاني جاء اننى لسقيم

‘তারা আমাকে বলেছে তৃষার্ত হলেও তুমি এই পানি মিশ্রিত পান কর না, কারণ এটা তোমার জন্য কঠিন হবে। (আমি জবাবে বললাম) অশ্রু মিশ্রিত এই দুধ তোমাকে রোগাক্রান্ত করলেও আমার কোন ক্ষতি নেই, কারণ আমি তো চূড়ান্ত অসুস্থ।’

#### ৯ম অধ্যায়: আল-মুলাহ বা হাস্যরস

এ অধ্যায়ে সংকলিত কবিতার সংখ্যা ৩৮টি। তৎকালীন আরব সমাজের সাহিত্য পরিমণ্ডলে রসিকতা ও হাসির উদ্বেক পরিলক্ষিত হয়। যেমন কবি আবুল খান্দাক<sup>৪৫</sup> স্বীয় স্ত্রীকে তালাক দেবার সময় বলেন,

أعوذ بالله من ليل يقربنى \* الى مضاجعة كالدلك بالمسد  
 لقد لمست معراها فما وقعت \* مما لمست يدى الا على وتد  
 فى كل عضوها قرن تصك به \* جنب الضجيع فيضحى واهى الجسد

‘আমি আল্লাহর নিকট সেই রাত থেকে মুক্তি চাই, যে রাতে আমাকে দড়ি দিয়ে বেঁধে শোয়ার জন্য নিয়ে যায়। আমি যখন তার (সেই রমণীর) শরীর স্পর্শ করি, তখন মনে হয় আমার হাত কোন শক্ত লৌহ পেরেকের উপর পড়েছে। তার প্রতিটি অঙ্গ যেন শিং, যা দিয়ে শয়নসঙ্গীকে আঘাত করে। আর শয়নসঙ্গীর শরীর তা প্রতিরোধে অক্ষম।’

#### ১০ম অধ্যায়: মায়াম্মাতুন-নিসা বা নারীনিন্দাবাদ

এ অধ্যায়ে সংকলিত কবিতার সংখ্যা ১৮টি। এতে নারীদের দোষত্রুটিসহ বিভিন্ন দিকের বর্ণনা সম্বলিত কবিতা সংকলিত হয়েছে। যেমন কবি উবাইদা<sup>৪৬</sup> বলেন,

منبت بزمرودة كالعصا \* الص وأخت من كندش  
 تحب النساء وتأي الرجال \* وتمشى مع الأخت الأبطيش

‘আমি পরীক্ষায় পড়েছি এমন রমণীর দ্বারা, যার গঠনাকৃতি পুরুষের ন্যায় এবং সে চিলের চেয়েও বড় চোর ও বদমাশ। সে মহিলাদেরকেই পছন্দ করে এবং পুরুষদের অপছন্দ করে, আর বখাটে বদমাশদের সাথে ঘোরোফেরা করে।’<sup>৪৭</sup>

#### উপসংহার

আরবী সাহিত্যের স্বর্ণযুগ আব্বাসীয় আমলের কাব্যগণের নীলাভ আকাশের এক অত্যাশ্চর্য নক্ষত্র কবি আবু তাম্মাম (৭৯৬- ৮৪৩ খ্রি.)। আরবী কাব্য সাহিত্যের প্রায় সকল শাখাতেই তাঁর পদচারণা ছিল। তবে সাহিত্য সমালোচকদের মতে তিনি প্রশংসাগাঁথা, শোকগাঁথা ও বর্ণনামূলক কবিতায় বেশী পারঙ্গমতার পরিচয় দিয়েছেন। আব্বাসীয় আমলে গ্রীক জ্ঞান-বিজ্ঞানের যেসব গ্রন্থ আরবীতে অনূদিত হয়েছিল সেগুলো কবি আবু তাম্মামের নখদর্পণে ছিল। সেজন্য তাঁর কবিতায় জ্ঞানগর্ভ বিষয় ফুটে উঠেছে। তিনি পার্থিব জীবন সম্পর্কে বলেছেন,

فلا تأمن الدنيا وان هي أقبلت \* عليك فما زالت تخون وتغدر

‘যদি দুনিয়া তোমার দিকে অগ্রসর হয় তবুও তুমি দুনিয়াকে নিরাপদ মনে করো না। কারণ সে সর্বদা বিশ্বাসঘাতকতা করে।’

কাব্যচর্চার পাশাপাশি কবি আবু তাম্মাম দীওয়ানুল হামাসাহ সংকলন করে আরবী সাহিত্যের ভাণ্ডারকে সমৃদ্ধ করেছেন। যেখানে জাহিলী যুগ থেকে আব্বাসীয় যুগের প্রসিদ্ধ কবিদের কবিতা স্থান পেয়েছে। তাঁর রচিত কাব্যের শৈল্পিক বৈশিষ্ট্য অত্যন্ত চমৎকারভাবে উপস্থাপিত হয়েছে। নিরলস কাব্যচর্চা ও তিফ্মেখার অধিকারী আবু তাম্মাম আরবী কাব্য সাহিত্যের বিস্তৃত ময়দানে পদচারণা করে স্থায়ী কাব্যকে সমৃদ্ধশালী করেছেন। তাঁর কবিতার ভাব-ভাষা ও শব্দ চয়ন চমৎকার। দীওয়ানুল হামাসাহ ছাড়াও তাঁর আরো কয়েকটি বিখ্যাত সংকলন গ্রন্থ হলো *আল-হামাসাতুস-সুগরা*, *নাকাইদু জারীর ওয়াল আখতাল*, *কিতাবুল ইখতিয়ারাত মিন আশ'আরিল ক্বাবাইল*, *কিতাবুল ইখতিয়ারাত মিন শি'রিশ শু'আরা*। *ফাছলুশ শু'আরা* গ্রন্থটি সংকলনে তিনি যথেষ্ট বিচক্ষণতা ও নিষ্ঠার পরিচয় দিয়েছেন। অসাধারণ প্রতিভার অধিকারী এই কবির কবিতায় তাঁর মৌলিকতা পরিলক্ষিত হয়। তাঁর রচিত সকল কবিতা সুন্দর, সাবলীল ও কৃত্রিমতা বিবর্জিত। তাঁর ক্ষুরধার লেখনীর কারণেই আরবী কাব্য সাহিত্যের দৈন্যতা নিবৃত্ত ও জড়তামুজ্জ হয়েছিল। আরবী কাব্য সাহিত্যের উৎকর্ষ সাধনে বিশেষত: শৈল্পিক কাব্যে আবু তাম্মাম এর অবদান অনন্য ও অসামান্য। মৃত্যুপরবর্তী সময়ে আবু তাম্মামের দীওয়ানসহ তাঁর রচিত বিভিন্ন কবিতার চর্চা ও আলোচনা অব্যাহত আছে আরবী কাব্য জগতে। তিনি চিরস্মরণীয় থাকবেন সকল কাব্য প্রেমিকের হৃদয়ে।

#### টীকা ও তথ্যনির্দেশ

- <sup>১</sup> শামসুদ্দীন আয-যাহাবী, *সিয়ারু আ'লামিন নুব্বালা*, ১১শ খণ্ড (বৈরুত: মুআস্সাসাতুল রিসালাহ, ১৯৮২ খ্রি.), পৃ. ৬৩; জুরজী যায়দান, *তারীখুল আদাবিল লুগাতিল আরাবিয়াহ*, ২য় খণ্ড (বৈরুত: দারু মাকতাবাতিল হায়াত, ১৯৯২ খ্রি.), পৃ. ৩৭৪।
- <sup>২</sup> আবু বকর আহমদ ইবন আলী-খাতীব, *তারীখু বাগদাদ*, ৮ম খণ্ড (বৈরুত: দারুল ফিকর, তা.বি.), পৃ. ২৫২; আবু বকর আস-সুলী, *আখবারু আবী তাম্মাম* (কায়রো: লাজনা তুত তালীফ ওয়াত-তারজমাহ ওয়ান নাশর, পৃ. ১৯৩৭ খ্রি.), পৃ. ২৭২-২৭৩।
- <sup>৩</sup> তদেব।
- <sup>৪</sup> হান্না আল-ফাখুরী, *তারীখুল আদাবিল 'আরাবী*, (বৈরুত: আল-মাতবা'আতুল বুলিসিয়াহ.তা.বি.), পৃ. ৪৮০।
- <sup>৫</sup> আবুল ফিদা হাফিয ইবন কাছীর, *আল-বিদায়াহ ওয়ান নিহায়াহ*, ১০ম খণ্ড (বৈরুত: দারুল কুতুব আল-'ইলমিয়াহ, তা.বি.), পৃ. ৩১২।
- <sup>৬</sup> *তারীখু বাগদাদ*, ৮ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ২৪৮।
- <sup>৭</sup> ড. শাওকী দ্বায়ফ, *আল ফানু ওয়া মাযাহিবুহু ফিশ শি'রিল আরাবী* (কায়রো: দারুল মা'আরিফ, তা.বি.), পৃ. ২১৯।
- <sup>৮</sup> *তারীখু বাগদাদ*, ৮ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ২৪৮।
- <sup>৯</sup> মুহাম্মাদ মাহদী আল-বাসীর, *ফীল আদাবিল আব্বাসী* (বাগদাদ: মাতবা'আতুন নাজাহ, ১৯৪৯ খ্রি.), পৃ. ২০৪।
- <sup>১০</sup> *আখবারু আবী তাম্মাম*, প্রাগুক্ত, পৃ. ৭২।
- <sup>১১</sup> ড. শাওকী দ্বায়ফ, *তারীখুল আদাবিল আরাবী*, ৩য় খণ্ড, প্রাগুক্ত, পৃ. ২৭৪; *সিয়ারু আ'লামিন নুব্বালা*, ১১শ খণ্ড, প্রাগুক্ত, পৃ. ১৭; আহমদ হাসান আয-যাইয়াত, *তারীখু আদাবিল আরাবী* (বৈরুত: দারুল মা'আরিফাহ, ৪র্থ সংস্করণ, ১৯৯৭ খ্রি.), পৃ. ২১২; জুরজী যায়দান, *তারীখু আদাবিল লুগাতিল আরাবিয়াহ*, ১ম খণ্ড, (কায়রো: দারুল হেলাল, ১৯৫৭ খ্রি.), পৃ. ৩৭৪।
- <sup>১২</sup> আনীস আল-মাকদিসী, 'উমারাউশ শি'রিল আরাবী ফীল 'আসরিল 'আব্বাসী (বৈরুত: দারুল 'ইলম লিলমালাদিন, ১৯৮১ খ্রি.), পৃ. ১৮৫।
- <sup>১৩</sup> ড. মো. জাহিদুল ইসলাম, *কবি আবু তাম্মাম ও তাঁর দীওয়ানুল হামাসাহ: একটি পর্যালোচনা* (রাজশাহী বিশ্ববিদ্যালয়: গবেষণা পত্রিকা, কলা অনুষদ, ২০০৬ খ্রি.), পৃ. ৯৯।
- <sup>১৪</sup> উমার রিদা কাহালা, *মু'জামুল মুওয়াল্লিফীন*, ১ম খণ্ড (বৈরুত: মুওয়াস্সাসাতুল রিসালাহ, ১৯৯৩ খ্রি.), পৃ. ৫২৪।
- <sup>১৫</sup> আহমদ হাসান আয-যাইয়াত, *তারীখু আদাবিল আরাবী*, প্রাগুক্ত, পৃ. ২৯০।
- <sup>১৬</sup> প্রাগুক্ত, পৃ. ২৯১।
- <sup>১৭</sup> ড. মো. সেতাউর রহমান, *আব্বাসীয় খলীফা ও সমকালীন কবি মানস* (ঢাকা: মৌমিতা প্রিন্টিং প্রেস, ২০২০ খ্রি.), ৩২৫।
- <sup>১৮</sup> ইবনু আসাকির, *তারীখু দিমাশ্ক আল-কাবীর*, ৪র্থ খণ্ড (বৈরুত: দারু ইহুইয়াইত তুরাছ আল-আরাবী, ১৯৮৭ খ্রি.), পৃ. ২২।
- <sup>১৯</sup> বৃত্তরসুল বুস্তানী, *উদাবাউল 'আরাব ফিল 'উজুরিল 'আব্বাসী* (বৈরুত: দারু নাযীর আববুদ, ১৯৮৯ খ্রি.), পৃ. ৩২৭।
- <sup>২০</sup> 'উমারাউশ শি'রিল আরাবী ফীল 'আসরিল 'আব্বাসী, প্রাগুক্ত, পৃ. ১৯৬ দীওয়ানু আবী তাম্মাম, পৃ. ৪৮৯।
- <sup>২১</sup> ড. শাওকী দ্বায়ফ, *তারীখুল আদাবিল আরাবী*, ৩য় খণ্ড, প্রাগুক্ত, পৃ. ২৭৪।
- <sup>২২</sup> আব্দুল্লাহ ইবন তাহির আল-খুরাসানী ১৮২ হিজরী মোতাবেক ৭৯৮ খ্রিষ্টাব্দে খোরাসান অঞ্চলের বিখ্যাত তহিরিদ বংশে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা ছিলেন তাহির ইবন হুসাইন, যিনি আব্বাসীয় খিলাফতের একজন সেনাপতি ছিলেন। তিনি খলীফা আল-মামুন ও আল-মু'তাসিমের শাসনামলে খোরাসানের গভর্ণর ছিলেন। তিনি গভর্ণর থাকা অবস্থায় ২৩০ হিজরী মোতাবেক ৮৪৪ খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন। মৃত্যুর পর তাঁকে নিশাপুর শহরস্থ কবরস্থানে সমাধিস্থ করা হয়। দ্রষ্টব্য: জুরজী যায়দান, *তারীখুল আদাবিল লুগাতিল আরাবিয়াহ*, ২য় খণ্ড, প্রাগুক্ত, পৃ. ৩৭৭।

- ২০ আবু আল-ওয়ালিদ ইবন সালামাহ ৭৯০ খ্রিষ্টাব্দে আরব উপদ্বীপের নাজদ অঞ্চলে জন্ম গ্রহণ করেন। তাঁর উপাধি আত-ত্বাঈ (الطائي); তিনি আত-ত্বাঈ নামের খাচীন আরব গোত্রের বংশোদ্ভূত ছিলেন। তিনি ছিলেন আরবী সাহিত্য ও ভাষা-বিশারদ, যিনি কবি আবু তাম্মামের শিক্ষক হিসেবে পরিচিত। তিনি সিরিয়ার হিমস শহরে ৮৪০ খ্রিষ্টাব্দে ইন্তিকাল করেন। দ্রষ্টব্য: আবুল বারাকাত আল-আনবারী, *নুহহাতুল আলিববা ফী তাবাকাতিল উদাবা* (বৈরুত: ক্যাথলিক প্রকাশনী, ১৯৬৩ খ্রি.), পৃ. ৯৮-৯৯।
- ২১ জুরজী যায়দান, *তারীখু আদাবিল লুগাতিল আরাবিয়াহ*, ১ম খণ্ড, পৃ. ৩৭৯।
- ২২ কবি আল-হারীস ইবন হেলাল আল-কুরাঈ আরব উপদ্বীপের হেজাজ অঞ্চলে ৬৮৫ খ্রিষ্টাব্দে জন্ম গ্রহণ করেন। তিনি আরবী গদ্য ও পদ্যের প্রারম্ভিক যুগের কবি, যিনি সাহিত্যিক হিসেবে যুক্তি, রস ও ব্যঙ্গের সংমিশ্রণে খ্যাত ছিলেন। তাঁর রচিত কবিতা ছিল সংক্ষিপ্ত অথচ গভীর অর্থবহ। কবি আবু তাম্মাম তাঁর *দীওয়ানুল হামাসা* গ্রন্থে কবি আল-হারীস ইবন হেলালের বেশ কিছু কবিতা সংকলন করেছেন; বিশেষত বীরত্ব ও ধর্মবিষয়ক অধ্যায়ে। আবু তাম্মাম তাঁকে সাহসী কণ্ঠের কবি বলে উল্লেখ করেছেন। আরবী সাহিত্যের এই খ্যাতিমান কবি আব্বাসীয় যুগের (৭৫০-১২৫৮ খ্রি.) প্রারম্ভিক সময় ৭৫৫ খ্রিষ্টাব্দে ইন্তিকাল করেন। দ্রষ্টব্য: বুতরুসুল বুস্তানী, *উদাবাউল 'আরব ফিল 'উছুরিল 'আব্বাসী আববুদ*, পৃ. ৩৩৭।
- ২৩ আবু তাম্মাম, *দীওয়ানুল হামাসাহ*, ১ম প্রকাশ (বৈরুত: দারুল কুতুব আল-ইলমিয়াহ, ১৯৯৮ খ্রি.), পৃ. ২৫।
- ২৪ আহমাদ আল-হাশিমী, *জাওয়াহিরুল আদাব ফী আদাবিয়াতি ওয়া ইনশাই লুগাতিল 'আরব*, ২য় খণ্ড (মিসর: আল-মাকতাবাতুত তিজারিয়াতুল কুবরা, ১৯৭৮ খ্রি.), পৃ. ১৯১।
- ২৫ ওয়াসিত (Wasit) একটি শহরের নাম; যা ইরাকের কুফা ও বসরার মধ্যবর্তী স্থানে অবস্থিত। এ স্থানে ৭৫০ খ্রিষ্টাব্দে উমাইয়া খিলাফতের সর্বশেষ শাসক মারওয়ান ইবন হিমারের (মৃ. ৭৫০ খ্রি.) বাহিনীর সাথে আব্বাসীয় খিলাফত প্রতিষ্ঠায় আন্দোলনরত বাহিনীর সাথে ভয়াবহ যুদ্ধ সংঘটিত হয়। এর মধ্য দিয়েই উমাইয়া খিলাফতের পতন ও আব্বাসীয় খিলাফতের সূচনা ঘটে। দ্রষ্টব্য: শেখ মুহাম্মদ লুৎফের রহমান, *আরব জাতির ইতিহাস* (ঢাকা: স্টুডেন্টস ওয়েজ, ১৯৭৬ খ্রি.), পৃ. ৩৮৬; জালালুদ্দীন আস-সুয়ুতী, *তারীখুল খুলাফা* (মিসর: আল-মাকতাবাতুল মুনিরিয়াহ, ১৩৫১ হি.), পৃ. ২০৬।
- ২৬ আবু তাম্মাম, *দীওয়ানুল হামাসাহ*, প্রাগুক্ত, পৃ. ১৪৩।
- ২৭ জালালুদ্দীন আস-সুয়ুতী, *তারীখুল খুলাফা*, প্রাগুক্ত, পৃ. ২১৩।
- ২৮ মিসকীন আদ-দারিমী: কবির পুরো নাম মিসকীন ইবন আল-আসওয়াদ আদ-দারিমী (مسكين بن الأسود الدارمي)। তিনি ৭২০ খ্রিষ্টাব্দে ইরাকের আদ-দারিমী গোত্রে জন্ম গ্রহণ করেন। তিনি রিছা বা শৌকগাঁথা ও ফাখর বা গৌরবগাঁথা ধারার কবিতা রচনা করতেন। তাঁর বেশ কয়েকটি কবিতা আবু তাম্মাম সংকলিত *আল-হামাসাহ* গ্রন্থে অন্তর্ভুক্ত হয়েছে। তিনি ৭৭০ খ্রিষ্টাব্দে ইন্তিকাল করেন। দ্রষ্টব্য: কার্ল ব্রোকালমান, *তারীখুল আদাবিল 'আরবী*, ১ম খণ্ড (কায়রো: দারুল মা'আরিফ, ১৯৫৯ খ্রি.), পৃ. ৭৯।
- ২৯ আল-মুররা ইবন সাঈদ: তিনি ৭২০ খ্রিষ্টাব্দে ইরাকের তামিম গোত্রের শাখা বানু দারিমী গোত্রে জন্ম গ্রহণ করেন। তিনি একজন মুখাদরাম কবি ও কবি মিসকীন আদ-দারিমীর (মৃ. ৭৭০ খ্রি.) সমসাময়িক। তিনি আদাব বা শিষ্টাচার সম্পর্কে অনেক কবিতা রচনা করেছেন। কবি আবু তাম্মাম তাঁর বেশ কয়েকটি কবিতা স্বীয় *আল-হামাসাহ* গ্রন্থে অন্তর্ভুক্ত করেছেন। তিনি ৭৭০ খ্রিষ্টাব্দে ইরাকের বানু দারিমী গোত্রে ইন্তিকাল করেন। দ্রষ্টব্য: কার্ল ব্রোকালমান, *তারীখুল আদাবিল 'আরবী*, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ৯৭।
- ৩০ আবু তাম্মাম, *দীওয়ানুল হামাসাহ*, প্রাগুক্ত, পৃ. ২০৫।
- ৩১ কবি ইননুদ দামীনাহ: তিনি ৭৩০ খ্রিষ্টাব্দে ইরাকে জন্ম গ্রহণ করেন। তাঁর কবিতা আবু তাম্মামের *আল-হামাসাহ* গ্রন্থের আন-নাসীব অধ্যায়ে অন্তর্ভুক্ত। তাঁর রচিত কবিতায় প্রেম, শৌক ও মানবিক অনুভূতির প্রতিফলন ঘটেছে। তিনি আনুমানিক ৭৭৫ খ্রিষ্টাব্দে ইরাকে ইন্তিকাল করেন। দ্রষ্টব্য: কার্ল ব্রোকালমান, *তারীখুল আদাবিল 'আরবী*, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ১২৫।
- ৩২ আবু তাম্মাম, *দীওয়ানুল হামাসাহ*, প্রাগুক্ত, পৃ. ২৩০।
- ৩৩ কবি কানাব ইবন উম্মে সাহিব (Kanab ibn Umme Sahib) ৭৩৫ খ্রিষ্টাব্দে আরব উপদ্বীপের নাজদ অঞ্চলে জন্ম গ্রহণ করেন; যা বর্তমানে সৌদী আরবের পশ্চিম ও মধ্যভাগে অবস্থিত। তাঁর কাব্য কবি আবু তাম্মামের *আল-হামাসাহ* গ্রন্থে সংরক্ষিত থাকায়, তিনি আরবী কাব্য সাহিত্যের ইতিহাসে একটি উল্লেখযোগ্য নাম। তিনি আল-হিজা বা ব্যঙ্গ-বিদ্রূপ কবিতা রচনায় পারদর্শী ছিলেন। তিনি আনুমানিক ৭৭৫ খ্রিষ্টাব্দে ইরাকে ইন্তিকাল করেন। দ্রষ্টব্য: কার্ল ব্রোকালমান, *তারীখুল আদাবিল 'আরবী*, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ১৩৫।
- ৩৪ আবু তাম্মাম, *দীওয়ানুল হামাসাহ*, প্রাগুক্ত, পৃ. ২৯০।
- ৩৫ কবি মুররা ইবন মাহ্‌কান ৬৭০ খ্রিষ্টাব্দে আরব উপদ্বীপের নাজদ অঞ্চলে জন্ম গ্রহণ করেন; যা বর্তমানে সৌদী আরবের মধ্যাঞ্চলে অবস্থিত। তাঁর রচিত কবিতা নৈতিক শিক্ষা, আত্মমর্যাদা ও শৌর্ষের প্রতীক। আল-মাদাহ অধ্যায়ের কবিতায় কবি মুররা ইবন মাহ্‌কান উচ্চবংশীয় ব্যক্তিদের প্রশংসা ও সমাজে ন্যায়বিচারের চিত্র উপস্থাপন করেছেন। পাশাপাশি আরবদের অতিথী পরায়নতার প্রশংসা করে কবিতা রচনা করেছেন। তিনি ৭২০ খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন। দ্রষ্টব্য: কার্ল ব্রোকালমান, *তারীখুল আদাবিল 'আরবী*, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ১৬৫।
- ৩৬ আবু তাম্মাম, *দীওয়ানুল হামাসাহ*, প্রাগুক্ত, পৃ. ৩২০।
- ৩৭ আহমাদ ইবন আল-মু'তাসিম ১৯৪ হিজরী মোতাবেক ৮১০ খ্রিষ্টাব্দে ইরাকের সামারা অঞ্চলে জন্ম গ্রহণ করেন। তিনি ছিলেন আব্বাসীয় খলীফা আল-মু'তাসিম বিল্লাহ এর পুত্র। আবু তাম্মাম তাঁর বহু কবিতায় আহমাদ ইবন আল-মু'তাসিমের বীরত্ব, উদারতা ও রাজনৈতিক প্রজ্ঞার প্রশংসা করেছেন। তাঁকে সে সময়ের যুবরাজ ও সামরিক নেতা হিসেবে গণ্য করা হতো। তিনি ২৫১ হিজরী মোতাবেক ৮৬৫ খ্রিষ্টাব্দে ইরাকের সামারা অঞ্চলে ইন্তিকাল করেন। দ্রষ্টব্য: আনিস আল-মাকদিসী, *'উমরাউশ শি'রিল আরবী ফীল 'আসরিল 'আব্বাসী*, প্রাগুক্ত, পৃ. ২০৫।
- ৩৮ আবু তাম্মাম, *দীওয়ানুল হামাসাহ*, প্রাগুক্ত, পৃ. ৩২৭।

- <sup>৪২</sup> কবি মালহা আল-জারামী ইসলাম পূর্ব যুগে ৫০০ খ্রিষ্টাব্দে আরব উপদ্বীপের নাজদ অঞ্চলে আল জারম গোত্রে জন্ম গ্রহণ করেন। তিনি ছিলেন আরব মরু-সংস্কৃতির এক বেদুইন কবি। যার কবিতা আবু তাম্মাম সংকলন করেছেন স্বীয় বিখ্যাত গ্রন্থ আল-হামাসাহ (الحماسة)-তে। তিনি ইসলাম পূর্ব যুগে ৫৭৫ খ্রিষ্টাব্দে নিজ গোত্রে মৃত্যুবরণ করেন।। দ্রষ্টব্য: আনাস আল-মাকদিসী, ‘উমরাউশ শি’রিল আরাবী ফীল ‘আসরিল ‘আব্বাসী, প্রাগুক্ত, পৃ. ২২৫।
- <sup>৪৩</sup> আবু তাম্মাম, দীওয়ানুল হামাসাহ, প্রাগুক্ত, পৃ. ৩৩১।
- <sup>৪৪</sup> কবি ওয়াকিদ ইবন আল-গাতরীফ আতুঈ ৭২০ খ্রিষ্টাব্দে ইরাকের আতুঈ গোত্রে জন্ম গ্রহণ করেন। তিনি কবি মিসকীন আদ-দারিমীর (মৃ. ৭৭০ খ্রি.) সমসাময়িক। আস-সা‘ঈ ওয়ান-নুআ‘স বা ভ্রমণ ও প্রশান্তি সম্পর্কে অনেক কবিতা রচনা করেছেন। কবি আবু তাম্মাম তাঁর বেশ কয়েকটি কবিতা স্বীয় আল-হামাসাহ গ্রন্থে অন্তর্ভুক্ত করেছেন। তিনি ৭৭৫ খ্রিষ্টাব্দে ইরাকের আতুঈ গোত্রে ইন্তিকাল করেন। দ্রষ্টব্য: কার্ল ব্রোকালমান, তারীখুল আদাবিল ‘আরাবী, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ১৩৭।
- <sup>৪৫</sup> আবু তাম্মাম, দীওয়ানুল হামাসাহ, প্রাগুক্ত, পৃ. ৩৮১।
- <sup>৪৬</sup> কবি আবুল খান্দাক একজন প্রাচীন আরব কবি। তিনি ইসলাম পূর্ব যুগে ৫৩০ খ্রিষ্টাব্দে আরব উপদ্বীপের হিজাজ অঞ্চলে জন্ম গ্রহণ করেন। তিনি আল-মুলাহ বা হাস্যরস কবিতা রচনায় বেশ পারদর্শী ছিলেন। যার কবিতা আবু তাম্মাম সংকলন করেছেন স্বীয় বিখ্যাত আল-হামাসাহ গ্রন্থে। তিনি ইসলাম পূর্ব যুগে ৫৮৫ খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন।। দ্রষ্টব্য: আনাস আল-মাকদিসী, ‘উমরাউশ শি’রিল আরাবী ফীল ‘আসরিল ‘আব্বাসী, প্রাগুক্ত, পৃ. ২৩৫।
- <sup>৪৭</sup> আবু তাম্মাম, দীওয়ানুল হামাসাহ, প্রাগুক্ত, পৃ. ৩৮৫।
- <sup>৪৮</sup> প্রাচীন আরব কবি উবাইদা ৫৪০ খ্রিষ্টাব্দে ইরাকে জন্ম গ্রহণ করেন। মায়াম্মাতুন-নিসা বা নারী গঞ্জনা প্রশঙ্গে তাঁর অসাধারণ কবিতাগুলো আবু তাম্মামের আল-হামাসাহ গ্রন্থের অন্তর্ভুক্ত। তিনি আনুমানিক ৬১৫ খ্রিষ্টাব্দে ইরাকে ইন্তিকাল করেন। দ্রষ্টব্য: কার্ল ব্রোকালমান, তারীখুল আদাবিল ‘আরাবী, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ১৫৫।
- <sup>৪৯</sup> আবু তাম্মাম, দীওয়ানুল হামাসাহ, প্রাগুক্ত, পৃ. ৪০১।

## আরবি অনুবাদ সাহিত্যের বরণ্য মহান প্রতিভা: কৃতি ও কৃতিত্ব [Great Geniuses of Arabic Translation Literature: Works and Achievements]

Dr. Abu Saleh Mohammad Toha

Associate Professor, Department of Arabic, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

### ARTICLE INFORMATION

The Faculty Journal of Arts

Rajshahi University

Volume 39, June 2025

ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A4>

Received : 20 February 2025

Received in revised: 27 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

Keywords:

Translation, Arabic Translation, Translation-work and Translation-Achievement.

### ABSTRACT

'Translation' is a unique attempt to spread the human and artistic feeling of people. Translation has been practiced in almost all countries in the world. Translation practice is also observed at a significant rate among Arabs. Its journey began since ancient times. Its speed and nature took different forms at different times. Based on the needs and demands of people, Arabic translation literature continued to develop. Although initially limited to oral translation to a limited extent, it gradually entered the written form. The development of Arabic translation was fully established in the Abbasid era. Over the ages prominent Arabic-speaking scholars have transferred knowledge and science created in different languages to Arabic and knowledge created in Arabic to other languages through translation. The achievements and achievements of distinguished literary talents in Arabic translation have not only enriched the Arabic language but also established the Arabic language in a position of excellence in world literature.

### ১. ভূমিকা

মানুষের মানবিক ও শৈল্পিক অনুভব শক্তিকে ছড়িয়ে দেয়ার অনন্য প্রয়াস 'অনুবাদ'। মূলত কোনো লেখনি বা বক্তব্যকে এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তরের প্রক্রিয়াকে 'অনুবাদ' বলে। বিভিন্ন ভাষা ও সংস্কৃতির মানুষের মধ্যে পরস্পরের যোগাযোগ রক্ষায় অনুবাদ সেতুবন্ধনের কাজ করে। অনুবাদের মাধ্যমে বিভিন্ন ভাষাভাষীরা নিজেদের মধ্যে তাদের মতামত, সংস্কৃতি ও সভ্যতা বিনিময় করতে সক্ষম হয়। অনুবাদ বিভিন্ন দেশের মধ্যে সাংস্কৃতিক ও সামাজিক ক্ষেত্রের পাশাপাশি সামরিক ও কূটনীতি সম্পর্কিত লেনদেন ও সহযোগিতার ক্ষেত্রেও প্রসারিত করে। ভৌগোলিক দূরত্বকে জয় করে বিশ্বসমাজের সঙ্গে সংযুক্ত হওয়ার সুযোগ এনে দেয় অনুবাদ। অনুবাদ কোনো গ্রন্থ বা মুদ্রিত পাঠ্যবস্তুর বিশ্বময় টিকে থাকা নিশ্চিত করে। বিশ্বে প্রায় সকল দেশেই অনুবাদ চর্চা হয়েছে। আরবদের মধ্যেও উল্লেখযোগ্য হারে অনুবাদ চর্চা পরিলক্ষিত হয়। প্রাচীনকাল থেকেই এর যাত্রা শুরু হয়। বিভিন্ন সময়ে এর গতি, প্রকৃতি বিভিন্ন আকার ধারণ করে। মানুষের প্রয়োজন ও চাহিদার উপর ভিত্তি করে আরবি অনুবাদ সাহিত্য বিকাশ লাভ করতে থাকে। প্রথম দিকে সীমিত পরিসরে শুধু মৌখিক অনুবাদের মধ্যে সীমাবদ্ধ থাকলেও ধীরে ধীরে তা লিখিতরূপে প্রবেশ করে। আব্বাসীয় যুগে এসে আরবি অনুবাদের বিকাশ পুরোমাত্রায় প্রতিষ্ঠিত হয়। আরবি অনুবাদ সাহিত্যে বরণ্য প্রতিভার কৃতি ও কৃতিত্ব আরবি ভাষাকে সমৃদ্ধ করার পাশাপাশি বিশ্ব সাহিত্যে আরবি ভাষাকে শ্রেষ্ঠত্বের আসনে সমাসীন করেছে। প্রবন্ধে আব্বাসীয় যুগসহ আধুনিক যুগের বরণ্য আরবী অনুবাদকদের জীবন ও অবদান আলোচিত হয়েছে।

### ২. অনুবাদ পরিচিতি

অনুবাদের আরবি হলো، الترجمة (তরজমা)। এই শব্দের উৎপত্তি ফারসি থেকে হলেও পরবর্তীতে আরবিতে ব্যবহার হয়েছে।<sup>১</sup> অর্থ- অন্য ভাষায় ব্যাখ্যা করা।<sup>২</sup> অন্য ভাষায় বর্ণনা করা বা স্পষ্ট করা।<sup>৩</sup> ব্যক্তির অনুবাদ হলো- তার জীবন-বৃত্তান্ত।<sup>৪</sup>

অনুবাদের অনেক সংজ্ঞা রয়েছে। যেমন- ড. ইয়ুয়ুদ্দিন মুহাম্মাদ নাজিব বলেন، الترجمة هي نقل الكلام من لغة الى لغة اخرى. 'অনুবাদ হলো- এক ভাষা থেকে অন্য ভাষায় বক্তব্য ভাষান্তর করা।'<sup>৫</sup>

আবদুল আলিম আস-সাইয়েদ আল-মানসি ও আবদুল্লাহ আবদুর রায্যাক বলেন,

الترجمة تعني نقل الافكار والاقوال من لغة الى اخرى مع المحافظة على روح النص المنقول.

'অনুবাদ মানে প্রেরিত পাঠ্যের চেতনা রক্ষা করে এক ভাষা থেকে অন্য ভাষায় ধারণা এবং বাণী ভাষান্তর করা।'<sup>৬</sup>

মাওজুব ইব্ন আহমাদ আল-জাওয়ালিকী বলেন، الترجمة هي تفسير لسان بلسان اخر. 'অনুবাদ হলো একটি ভাষাকে অন্য ভাষা দিয়ে ব্যাখ্যা করা।'<sup>৭</sup>

এসব পরিভাষাগত সংজ্ঞাগুলোর উপর ভিত্তি করে বলা যায়— অনুবাদ এমন একটি প্রক্রিয়া যা পাঠ্যকে উৎস ভাষা থেকে লক্ষ্য ভাষায় একটি সমতুল্য পাঠ্যে রূপান্তর করে। বিজ্ঞান, কলা এবং তথ্যবিজ্ঞানের মৌখিক বা লিখিত বিষয়গুলোকে স্বেচ্ছায় অন্য ভাষীদের কাছে পৌঁছানোর জন্য অনুবাদ প্রধান ভূমিকা পালন করে।

### ৩. অনুবাদের গুরুত্ব ও প্রয়োজনীয়তা

অনুবাদ মানুষের মধ্যে জ্ঞান এবং সংস্কৃতির বিকাশ ঘটাতে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। গ্রিকরা পাটিগণিত, জ্যোতির্বিদ্যা ও কৃষি বিষয়ক জ্ঞান-বিজ্ঞান অর্জন করতে প্রাচীন মিসরে পণ্ডিতদের পাঠাতো। তাঁরা সেখান থেকে এসব জ্ঞান-বিজ্ঞান অনুবাদ করে দেশে ফিরতো। রোমানরা গ্রিকদের কাছ থেকে সাহিত্য ও দর্শন অনুবাদ করে। আরবরা ল্যাটিন ও গ্রিক থেকে ভাষান্তর করে। মধ্যযুগে এসে ইউরোপীয় দেশগুলো আরবদের কাছ থেকে জ্ঞান আহরণ ও ভাষান্তর করে। অনুবাদের মাধ্যমে বিশ্বের জ্ঞান-বিজ্ঞান এভাবেই ছড়িয়ে পড়ে। আরব ইতিহাসে অনুবাদের ভূমিকার সবচেয়ে স্পষ্ট উদাহরণ দেখা যায়। খলিফারা বুঝতে পেরেছিলেন— প্রথম বিজয়ের যুগে রাস্ত্রীয় সংগঠন, আইন, সংগ্রহ, প্রশাসন ও আর্থিক বিষয়ে বিস্তৃত শূন্যতা পূরণ করতে হবে। এ কারণেই উমাইয়া খলিফা আবদুল মালিক ইব্ন মারওয়ান (৬৮৬-৭০৫ খ্রি.) সরকারি নথিপত্র আরবিতে অনুবাদ করার ব্যবস্থা করেন এবং দ্রুত বাইজান্টিয়ান, পারস্য এবং গ্রিসের ভাষা জ্ঞানসম্পন্ন প্রত্যেককে এই ক্ষেত্রে তাঁদের ভাষায় লিখিত গ্রন্থের অনুবাদ করার নির্দেশ দেন।<sup>৮</sup> এরপর অনুবাদ আন্দোলন প্রসারিত হতে থাকে এবং বিকাশ লাভ করতে থাকে। খলিফা আল-মামুনের শাসনকাল ইতিহাসের সর্বাপেক্ষা গৌরবময় অধ্যায়। এই সময়ে আব্বাসীয় ইতিহাসের জ্ঞান-বিজ্ঞান, শিল্প-সাহিত্য চরম শিখরে উপনীত হয়। আল-মামুনের রাজদরবার হয়ে ওঠে জ্ঞানী-গুণী, দার্শনিক, বিজ্ঞানী, সাহিত্যিক, চিকিৎসক, হাদিসবেত্তা ও মনীষীদের মিলনমেলা। খলিফা উদার হস্তে এসব গুণী ব্যক্তিদের পৃষ্ঠপোষকতা করেন। তিনি সিরিয়া, এথেন্স, এশিয়া, মিসর প্রভৃতি দেশ হতে প্রাচীন গ্রন্থসমূহ সংগ্রহ করেন এবং তা বিখ্যাত পণ্ডিতদের দ্বারা অনুবাদ করিয়ে নেন। প্লেটো, অ্যারিস্টটল, গ্যালেন, হিপোক্রেটাস প্রভৃতি দার্শনিকের গ্রন্থ আরবি ভাষায় অনুবাদ করা হয়। অনুবাদের মাধ্যমে মানুষ একে অপরের সাথে পরিচিত হয়। একদেশের মানুষ অন্যদেশের মানুষের রীতিনীতি, ঐতিহ্য, চিন্তাভাবনা, শিষ্টাচার, আচরণ, ইতিহাস এমনকি তাদের ভূখণ্ড ও ভূগোল সম্পর্কেও জানতে পারে। টলস্টয়, দস্তয়েভস্কি এবং গোর্কির মতো রাশিয়ান লেখকদের অনুবাদের দ্বারা এদেশের মানুষের সাথে তাদের পরিচয়, চরিত্র, জীবনধারা এবং তাদের ভূমির সাথে পরিচয় হয়েছে। একইভাবে ফরাসি বা ইংরেজি সাহিত্যের লেখকদের সাথে পরিচয় হয়েছে অনুবাদের মাধ্যমে। আরবি ভাষা ও সাহিত্যের সাথে এ দেশের মানুষের পরিচয় হয়েছে অনুবাদের মাধ্যমে। পৃথিবীতে অনেক ভাষার মৃত্যু হয়েছে। মৃত্যুর সাথে সাথে অন্য ভাষা তার স্থান দখল করে নিয়েছে। এ মৃত্যু শুধুমাত্র ভাষার ক্ষতির মধ্যেই সীমাবদ্ধ থাকে না; বরং শব্দ, ভাব, জ্ঞান-বিজ্ঞান, সংস্কৃতি এবং ইতিহাসের মৃত্যু হয়। এক্ষেত্রে অনুবাদ মানুষকে সেই জ্ঞান-বিজ্ঞান, সভ্যতা-সংস্কৃতি এবং ইতিহাস-ঐতিহ্য অর্জন এবং সংরক্ষণ করার সুযোগ করে দেয়। যেমন— গিলগামেশের মহাকাব্যের (Epic of Gilgamesh) কথা বলা যায়। এই মহাকাব্যটি প্রাথমিকভাবে সুমেরীয় ভাষায় রচিত হয়েছিল। কিন্তু সে ভাষা হারিয়ে যায়। প্রত্নতাত্ত্বিকরা আজ পর্যন্ত এর মূলমন্ত্র খুঁজে পাননি। তবে আক্কাদিয়ান ভাষায় এর অনুবাদটি আজ পর্যন্ত এটিকে টিকিয়ে রেখেছে।<sup>৯</sup> সংখ্যালঘু অনেক জাতি বাণিজ্য, রাজনীতি, সংস্কৃতি এবং যোগাযোগের জন্য উন্নত জাতি-গোষ্ঠির সাথে সম্পর্ক স্থাপনে অনুবাদের উপর নির্ভর করে। সাংস্কৃতিক যোগাযোগ অর্জনে অনুবাদের ভূমিকা বিশেষভাবে স্পষ্ট হয়, যখন দু'টি মানুষ বা দু'টি জাতির মধ্যে সরাসরি যোগাযোগ হয়। আজকে মানুষ দিনে দিনে একে অপরের কাছাকাছি আসছে। এর কারণ— সাংস্কৃতিক যোগাযোগ প্রক্রিয়া, যার মেরুদণ্ড হলো— অনুবাদ। অনুবাদ বিশ্ব অর্থনীতির গুরুত্বপূর্ণ অংশীদার হওয়া কোম্পানিগুলোর জন্য নতুন বাজারে তাদের নাগাল প্রসারিত করার সুযোগ উন্মুক্ত করছে। এর মাধ্যমে তারা অন্যান্য দেশের গ্রাহক ও অংশীদারদের সাথে যোগাযোগ করতে সক্ষম হচ্ছে।<sup>১০</sup>

### ৪. আরবি অনুবাদ

আরব ভূ-খণ্ড এশিয়ার দক্ষিণ-পশ্চিমে অবস্থিত একটি বিশাল উপদ্বীপ। যা এশিয়া, ইউরোপ ও আফ্রিকা এ তিন মহাদেশের সংযোগস্থলে অবস্থিত। আরবের এ ভৌগোলিক পরিবেশ ও ভূ-প্রকৃতি আরববাসীদের জীবনে বিপুল প্রভাব ফেলেছিল। এর উত্তরে ইরাক, ট্রান্স-জর্ডান ও সিরিয়ার মরুভূমি, দক্ষিণে ভারত মহাসাগর, পূর্বে পারস্য উপসাগর এবং পশ্চিমে লোহিত সাগর রয়েছে। পৃথিবীর মানচিত্রে আরব ভূ-খণ্ড সর্ববৃহৎ উপদ্বীপ। এর আয়তন ১০, ২৭, ০০০ বর্গমাইল (২৬,৫৮, ৭৮১ বর্গকিলোমিটার)। আরব ভূ-খণ্ড তিন দিকে সমুদ্র ও একদিকে স্থল ভাগ দ্বারা বেষ্টিত বলে একে 'জাযিরাতুল আরব' বা আরব উপদ্বীপ বলা হয়।<sup>১১</sup> প্রাচীনকাল থেকেই আরবরা বাণিজ্যের জন্য অন্যান্য দেশে যাতায়াত করতো। তারা শীতকালে শামদেশে এবং গ্রীষ্মকালে ইয়ামানে সফর করতো। ফলে বাণিজ্যিক প্রয়োজনে তাদেরকে পরস্পরের মাঝে ভাব-বিনিময় করতে হতো। দোভাষীর অনুবাদের মাধ্যমেই তা সম্পাদন হতো। মহান আল্লাহ্ তাদের সফরের বিষয়টি পবিত্র কুরআনে উল্লেখ করেছেন। আল্লাহ বলেন,

﴿لَا يَلَاِفُ قُرَيْشٍ \* إِلَّا فِيهِمْ رَحْلَةُ الشَّيْءِ وَالصَّيْفِ \* فَلْيَعْبُدُوا رَبَّ هَذَا الْبَيْتِ﴾

‘কুরাইশের আসক্তির কারণে, তাদের আসক্তি আছে শীত ও গ্রীষ্মের সফরের। অতএব তারা ইবাদত করুক এ ঘরের রবের’।<sup>১২</sup>

এখানে শীত ও গ্রীষ্মের সফরের অর্থ হলো— গ্রীষ্মকালে কুরাইশরা সিরিয়া ও ফিলিস্তিনের দিকে বাণিজ্য সফর করতো। কারণ এ দু’টি দেশ ছিল শীত প্রধান। আর শীতকালে সফর করতো দক্ষিণ আরব তথা ইয়ামানের দিকে। কারণ সেটি উষ্ণতাপ্রবণ এলাকা। এ বাণিজ্যিক যোগাযোগের মাধ্যমেই প্রাচীনকালে এক দেশের সংস্কৃতি অন্য দেশে প্রবেশ করে। এছাড়া হজকে কেন্দ্র করে মক্কায় হজের মৌসুমে নানা অঞ্চলের মানুষের সমাগম হতো। সেখানেও অনেক সময় অনুবাদের প্রয়োজন হতো। তবে অনুষ্ঠানিক অনুবাদ হিসেবে তাওরাত ও ইঞ্জিলের আরবি অনুবাদের কিছু তথ্য পাওয়া যায়।<sup>১৩</sup> ঐতিহাসিক ব্রুকালম্যানের মতে, ইঞ্জিলের আরবি অনুবাদই হলো— প্রথম আরবি অনুবাদ। তিনি বলেন,

إذا صرفنا النظر عن ترجمات قديمة للإنجيل قد ترجع إلى زمن الجاهلية.

অর্থাৎ যদি আমরা ইঞ্জিলের প্রাচীন অনুবাদ অনুসন্ধান করি তা জাহিলি যুগের দিকে ফিরে যাবে।<sup>১৪</sup>

প্রাচীন পারস্য সম্রাট কিসরা যিনি খসরু পারভেজ নামে পরিচিত ছিলেন।<sup>১৫</sup> তাঁর রাজত্বকালে তাঁর দরবারে বিদেশি ভাষা থেকে আরবি ভাষায় এবং আরবি ভাষা থেকে বিদেশি ভাষায় অনুবাদের জন্য একটি বিশেষ দফতর ছিল। এ দফতরে অনুবাদকর্মে নিয়োজিত ছিলেন— য়ায়েদ আল-‘ইবাদী ও তাঁর ছেলে ‘আদী (মৃ. ৫৮৫/৫৮৭ খ্রি.)।<sup>১৬</sup> এছাড়া মক্কার কিছু মানুষ তাওরাত ও ইঞ্জিলের পণ্ডিত ছিলেন। তাঁরা (তাওরাতের ভাষা) ‘হিব্রু’ এবং (ইঞ্জিলের ভাষা) ‘আরামি’ বা ‘ইবরানি’ ভাষায় দক্ষ ছিলেন। তাঁদের মধ্যে অন্যতম একজন ছিলেন ওরাকা ইব্ন নাওফেল<sup>১৭</sup> (মৃ. ৬১০ খ্রি.)। তিনি ইবরানি ভাষা জানতেন। তিনি ইঞ্জিলগ্রন্থকে আরবি অনুবাদ করে আরবদের মাঝে ছড়িয়ে দিতেন।<sup>১৮</sup> ইসলাম পূর্ব-যুগে এভাবে অনুবাদ চর্চা হয়। রাসূলুল্লাহ সা.-এর নবুওয়াত প্রাপ্তির (৬১০ খ্রি.) মাধ্যমে ইসলামের আবির্ভাব হয়। ইসলাম সার্বজনীন দীন। কিয়ামত অবধি সব ভাষা, অঞ্চল, বর্ণ ও গোত্রের সব মানুষের জন্য ইসলাম প্রযোজ্য। ইসলামের নবী মুহাম্মাদ সা. সমস্ত বিশ্ববাসীর জন্য প্রেরিত হয়েছেন। আল্লাহ তা’আলা বলেন,

وَمَا أَرْسَلْنَاكَ إِلَّا كَافَّةً لِّلنَّاسِ بَشِيرًا وَنَذِيرًا وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ

‘আর আমি তো কেবল তোমাকে সমগ্র মানবজাতির জন্য সুসংবাদদাতা ও সতর্ককারী হিসেবে প্রেরণ করেছি; কিন্তু অধিকাংশ মানুষ জানে না’।<sup>১৯</sup> ইসলামের মূল উৎস কুরআনুল কারিম আরবি ভাষায় অবতীর্ণ হয়েছে। মহান আল্লাহ বিশ্বের অসংখ্য ভাষার মধ্যে এই ভাষাকে তাঁর মহাগ্রন্থের ভাষা হিসেবে বেছে নিয়েছেন। আল্লাহ বলেন,

﴿إِنَّا أَنْزَلْنَاهُ قُرْآنًا عَرَبِيًّا لَّعَلَّكُمْ تَعْقِلُونَ﴾

‘আমিই আরবি ভাষায় কুরআন অবতীর্ণ করেছি, যাতে তোমরা উপলব্ধি করতে পারো’।<sup>২০</sup>

রাসূলুল্লাহ সা. আরবিভাষী হওয়ায় তাঁর কথা, কাজ ও সম্মতি হাদিস নামে আরবি ভাষায় বর্ণিত হয়েছে। কাজেই আরবি ইসলাম ধর্মের দাপ্তরিক ভাষা। পৃথিবীর সব মানুষের কাছে ইসলামের বাণী পৌঁছে দিতে অনুবাদের অপরিহার্যতা অতি প্রাসঙ্গিক। ইসলাম বিস্তৃতির সাথে সাথে অনুবাদকর্মও ছড়িয়ে পড়েছে। মুসলমানরা অনেক ভাষায় কুরআনুল কারিম অনুবাদ করতে সক্ষম হয়েছে। দেশ ও জনগণের মধ্যে ধর্মীয় গ্রন্থ এবং সরকারি নথির প্রচারে অনুবাদের বিস্তৃতি ঘটেছে। রাসূলুল্লাহ সা.-এর সময়ে নানা কারণে বিভিন্নভাবে অনুবাদচর্চা হয়েছে। প্রথম দিকে সীমিত পরিসরে শুধু মৌখিক অনুবাদের মধ্যে সীমাবদ্ধ থাকলেও ধীরে ধীরে তা লিখিতরূপে প্রবেশ করে। আব্বাসীয় যুগে এসে অনুবাদের বিকাশ পুরোমাত্রায় প্রতিষ্ঠিত হয়েছে।

## ৫. প্রতিভাবান আরবি অনুবাদকদের কৃতি ও কৃতিত্ব

অনুবাদ সাহিত্যে আরব অনুবাদকদের কৃতি ও কৃতিত্ব অপরিসীম। আরবি ভাষায় জ্ঞান-বিজ্ঞান আমদানি করতে আরবিভাষী অনুবাদকদের ভূমিকা বিশ্বব্যাপী সমাদৃত। এখানে বরণ্য কয়েকজনের সংক্ষিপ্ত পরিচয় তুলে ধরা হলো:

### ৫. ১. ইব্নুল মুকাফ্ফা (৭২৪-৭৫৯ খ্রি.)

ইব্নুল মুকাফ্ফা আব্বাসীয় আমলের প্রথিতযশা একজন সাহিত্যিক, লেখক ও সফল অনুবাদক। পারসিক বংশোদ্ভূত এবং আরব পরিবেশে লালিত— এ পণ্ডিত আরবি ও ফারসি উভয় ভাষাতেই সমান পারদর্শী ছিলেন। ফারসি থেকে আরবি অনুবাদে তাঁর অবদান সর্বমহলে স্বীকৃত। নাম— রুযাবাইহ ইব্ন দাদওয়াইহ।<sup>২১</sup> ইসলাম গ্রহণের পর তিনি তাঁর নাম রাখেন— আবদুল্লাহ, আবু মুহাম্মাদ।<sup>২২</sup> তখন থেকে তিনি পরিচিতি লাভ করেন আবদুল্লাহ ইব্নুল মুকাফ্ফা নামে। তাঁর জন্ম সন নিয়ে বিভিন্ন মত থাকলেও অধিকাংশের বর্ণনা অনুযায়ী তিনি

১০৬ হি. মোতাবেক ৭২৪ খ্রি. পারস্যের ‘জুর’ নামক স্থানে (বর্তমানে ফিরোজাবাদ) জন্মগ্রহণ করেন।<sup>২৩</sup> কর্মজীবনে তিনি একাধারে কবি, সাহিত্যিক, অনুবাদক ও লেখক। তিনি তীক্ষ্ণ মেধার অধিকারী। মনে করা হয়—সাহাবিদের পর অনারবদের মধ্যে তাঁর চেয়ে অধিক বীশজিসম্পন্ন কেউ ছিল না।<sup>২৪</sup> তিনি মাত্র বিশ বছর বয়সে উমাইয়া শাসকদের সচিবের দায়িত্ব পালন করেন। আব্বাসী শাসনামলেও তিনি বসরার গভর্ণর সুলায়মান ইব্ন আলী এবং আহওয়াজের গভর্ণর ঈসা ইব্ন আলীর দরবারে সচিবের দায়িত্ব পালন করেন।<sup>২৫</sup> ঈসা ইব্ন আলী আব্বাসী খলিফা আবু জা‘ফর আল-মানসুরের চাচা ছিলেন। তাদের হাত ধরেই তিনি ইসলাম গ্রহণ করেন।<sup>২৬</sup> বহুমুখী প্রতিভার অধিকারী এ মনীষী মাত্র ৩৬ বছর বয়সে ১৪২ হি. মোতাবেক ৭৫৯ খ্রি. বসরায় মৃত্যুবরণ করেন।<sup>২৭</sup> খলিফা আবু জা‘ফর আল-মানসুর আস-সাফফাহ তাঁর অধীনস্থ বসরার আমির সুফিয়ান ইব্ন মুয়াবিয়া আল-মুহালাবির প্রতি ইব্নুল মুকাফফাকে হত্যা করার নির্দেশ দিয়েছিলেন। নির্দেশ পেয়ে বসরার আমির তাকে হত্যা করেছিলেন।<sup>২৮</sup> নিশ্চিতভাবে জানা যায় না যে, খলিফা কেন তাকে হত্যা করার নির্দেশ দিয়েছিলেন। তবে অনুমান করা হয় যে, তিনি তাঁর সাহসিকতা, ন্যায়পরায়ণতা এবং সংস্কারবাদী দৃষ্টিভঙ্গির কারণে খলিফার ক্রোধের শিকার হন।<sup>২৯</sup>

আরবি অনুবাদে তাঁর অবদান: তিনি আরবি সাহিত্যজগতে অনুবাদের মাধ্যমে ব্যাপক আলোড়ন সৃষ্টি করেন। অন্যান্য সভ্যতার মধ্যে যা কল্যাণকর মনে করেছেন তিনি আরবি অনুবাদ করেছেন। তাঁর মৌলিক ও অনূদিত অনেক গ্রন্থ রয়েছে। নিম্নে তাঁর কয়েকটি প্রসিদ্ধ গ্রন্থের<sup>৩০</sup> আলোচনা করা হলো—

১. কালিলা ওয়া দিমনা (كليلة ودمنة): এ গ্রন্থটি ইব্নুল মুকাফফাকে বিশ্বময় পরিচিত করেছে। তিনি এটি পাহলভি (প্রাচীন ফারসি) ভাষা থেকে আরবি ভাষায় অনুবাদ করেন। পশুপাখির ভাষায় শিক্ষামূলক সুবিখ্যাত এ গল্পগ্রন্থটি অনুবাদের মাধ্যমে তিনি আরবি সাহিত্যে শিল্পকলা ও সুকুমার সাহিত্যের বিপ্লব ঘটিয়েছেন। তাঁর এ অনুবাদ থেকে গ্রন্থটি পরবর্তীতে পৃথিবীর প্রায় ৪০টি ভাষায় অনূদিত হয়েছে।<sup>৩১</sup>

২. কিতাবু মাযদাক (كتاب مزدك): এটি মূলত পারসিক ধর্মসংস্কারক মাযদাকের জীবনীগ্রন্থ।

৩. সিয়াকু মুলুকিল আজম (سير ملك العجم): এটি পাহলভি ভাষায় রচিত ইতিহাসমূলক গ্রন্থ ‘খোদাইনামা’-এর আরবি অনুবাদ।

৪. কিতাবুল আইন (كتاب العين): এটি পাহলভি ভাষায় রচিত ‘আঈন নামা’ গ্রন্থের আরবি অনুবাদ। এ গ্রন্থটি ‘কিতাবুর রুসুম’ (كتاب الرسوم) নামেও অভিহিত করা হয়।

৫. কিতাবুত তাজ ফী সীরাতি আনুশিরওয়ান (كتاب التاج في سيرة انوشروان): পাহলভি ভাষায় রচিত বাদশাহ আনুশিরওয়ানের জীবন-চরিত্রগ্রন্থের আরবি অনুবাদ।

৬. আলমাদখাল (الملخل): পরপোরিওস রচিত ইসাগোজি (ايساغوجي) গ্রন্থটির আরবি অনুবাদ।

৭. তারিখু মুলুকুল ফারস (تاريخ ملوك الفرس): এটি সাসানী সাম্রাজ্যের অভ্যুদয় থেকে পতন পর্যন্ত সময়ের ধারাবাহিক ইতিহাস সম্বলিত গ্রন্থটির আরবি অনুবাদ। ঐতিহাসিক তাবারী والملوك والامم তারিখ গ্রন্থের সাসানী জাতির ইতিহাস রচনায় এ গ্রন্থের উপর নির্ভর করেছেন।

৮. আইননামা (اين نامه): এটি ইব্নুল মুকাফফা অনূদিত আরেকটি গ্রন্থ। এটি পারস্য সাম্রাজ্যের আইন ও শাসনব্যবস্থা এবং পারসিক জাতির ধর্মীয় ও রাষ্ট্রীয় আচার-উৎসব ও সামাজিক রীতিনীতি সম্পর্কিত এক গুরুত্বপূর্ণ দলিল। এ ছাড়াও তিনি অ্যারিস্টটলের যুক্তিবিদ্যাবিষয়ক তিনটি গ্রন্থের আরবি অনুবাদ করেন।

৫. ২. জরজীস ইব্ন বখতিশু (মৃ. ৭৬৯ খ্রি.)

আব্বাসী আমলে আরবি অনুবাদের অগ্রগতিতে বখতিশু’ পরিবারের অনন্য অবদান রয়েছে। এ পরিবারের যারা আরবি অনুবাদে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন— জরজীস ইব্ন বখতিশু’ তাদের অন্যতম। নাম— জরজীস ইব্ন বখতিশু। তিনি আবু জিব্রাইল উপনামে পরিচিত ছিলেন। বখতিশু পরিবারে তিনিই সবচেয়ে বিখ্যাত ব্যক্তি ছিলেন। তাঁর জন্ম সাল জানা যায় না। তিনি সিরিয়ার জুন্দিশাপুর হাসপাতালে কর্মরত একজন চিকিৎসক ছিলেন। ১৪৮ হিজরিতে খলিফা মানসুরের আহ্বানে সাড়া দিয়ে তিনি বাগদাদে চলে আসেন এবং খলিফা মানসুরের ব্যক্তিগত চিকিৎসক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি খলিফা হারুন, আমীন, মামুন, আল-মু‘তাহিম, আল-ওয়াছিক ও আল-মুতাওয়াঙ্কিলের খিদমতে কাজ করেন। তিনি চিকিৎসা বিষয়ে অসাধারণ অবদানের জন্য প্রচুর অর্থ উপার্জন করেন, যার সমকক্ষ অর্থ উপার্জন করা আর কারো পক্ষে সম্ভব হয়নি।<sup>৩২</sup> বহুমুখী প্রতিভার অধিকারী এ চিকিৎসক ১৫২ হি. মোতাবেক ৭৬৯ খ্রি. ইন্তেকাল করেন।<sup>৩৩</sup>

আরবি অনুবাদে তাঁর অবদান: খলিফা মানসূরের ব্যক্তিগত চিকিৎসক হিসেবে দায়িত্ব পালনকালে বাগদাদের চিকিৎসালয় ‘বিমারিস্তান’-এর চিকিৎসাদের অধ্যয়নের জন্য চিকিৎসাবিষয়ক গ্রিক ও ফারসি গ্রন্থাবলি আরবিতে অনুবাদ করেন।<sup>৪৪</sup> বিভিন্ন বিষয়ে তাঁর অনেক রচনা রয়েছে। তার মধ্যে অন্যতম হলো- ‘কিতাবুল আখলাত’। এছাড়া তাঁর চিকিৎসাবিষয়ক ‘কিতাবুল কুলাশ’ গ্রন্থটি হুনাইন ইব্ন ইসহাক আরবি ভাষায় অনুবাদ করেন। বাগদাদে এটি চিকিৎসাবিষয়ক প্রথম আরবি অনূদিত গ্রন্থ।<sup>৪৫</sup>

#### ৫. ৩. ইয়াহইয়া ইব্ন বাতরিক (মৃ. ৮১৫ খ্রি.)

ইয়াহইয়া ইব্ন বাতরিক- আব্বাসীয় যুগের একজন চিকিৎসাবিদ এবং খলিফা মামুনের সহযোগী ছিলেন। তিনি ল্যাটিন (বর্তমান রোমকদের) ভাষায় পারদর্শী ছিলেন। তিনি ইয়াহইয়া ইব্ন বাতরিক। তাঁর জন্ম সন সম্পর্কে তেমন কিছু জানা যায় না।<sup>৪৬</sup> কর্মজীবনে তিনি একজন চিকিৎসক ছিলেন। তবে জ্ঞান-বিজ্ঞান ও অনুবাদের প্রতি খুবই অনুরাগী ছিলেন। তিনি ২০০ হি. মোতাবেক ৮১৫ খ্রি. মৃত্যুবরণ করেন।<sup>৪৭</sup>

আরবি অনুবাদে তাঁর অবদান: তিনি খুব সফলভাবে অনেক নামি-দামি গ্রন্থের আরবি অনুবাদ করেছেন। তিনি তাঁর সম্পর্কে ইব্ন জুলজাল বলেন- *كان امينا على الترجمة حسن التعدي للمعاني وترجم كثيرا من كتب العوائل* অর্থাৎ তিনি অনুবাদে বিশ্বস্ত, অর্থ উপস্থাপন করার ক্ষেত্রে যথাযথ এবং প্রাচীন অনেক গ্রন্থ অনুবাদ করেছেন।<sup>৪৮</sup> তাঁর কয়েকটি গ্রন্থ<sup>৪৯</sup> নিম্নরূপ:

১. কিতাবুস সিয়াসাহ্ ফী তাদবীরির রিয়াসাহ্ (كتاب السياسة في تدبير الرئاسة): এটি মূলত, অ্যারিস্টটলের Politics গ্রন্থ। তিনি কিতাবুস সিয়াসাহ্ ফী তাদবীরির রিয়াসাহ্ (كتاب السياسة في تدبير الرئاسة) নামে আরবিতে অনুবাদ করেন।
২. আল-মাক্বলাতুল ‘আশার (المقولات العشر): এটি অ্যারিস্টটলের Categories গ্রন্থ। তিনি আল-মাক্বলাতুল ‘আশার (المقولات العشر) নামে আরবিতে অনুবাদ করেন।
৩. কিতাবুস আরবায়াহ (كتاب الاربعة): এটি টলেমির একটি গ্রন্থ। তিনি কিতাবুস আরবায়াহ (كتاب الاربعة) নামে আরবিতে অনুবাদ করেন।
৪. মুহাওয়ারাতু তিমাওয়াস (محاورة تيمائوس): এটি প্লেটোর Timaeus গ্রন্থ। তিনি মুহাওয়ারাতু তিমাওয়াস (محاورة تيمائوس) নামে আরবিতে অনুবাদ করেন।

#### ৫. ৪. সাহাল ইব্ন হারুন (মৃ. ৮৩০ খ্রি.)

পারসিক বংশোদ্ভূত প্রখ্যাত এ মনীষী আব্বাসীয় যুগের সমসাময়িক পণ্ডিতদের অন্যতম। তিনি একাধারে একজন কবি, সাহিত্যিক ও দার্শনিক। নাম- সাহাল ইব্ন হারুন। তিনি ইরাকের বসরা নগরীর নিকটবর্তী ‘দাস্তামিস্তান’ নামক স্থানে হিজরি দ্বিতীয় শতাব্দীর প্রথম দিকে জন্মগ্রহণ করেন।<sup>৪০</sup> বসরা তৎকালীন ইসলামি বিশ্বের জ্ঞান-বিজ্ঞানের প্রাণকেন্দ্র ছিল। তিনি সেখানেসহ আরব নগরী বাগদাদ, দামিস্ক ও মক্কায় জীবনের সিংহভাগ সময় অতিবাহিত করেন।<sup>৪১</sup> বাগদাদে তাঁর জ্ঞান-বিজ্ঞানে দক্ষতা, মেধা ও বিচক্ষণতা ছড়িয়ে পড়লে খলিফা হারুনের দরবারে বিভিন্ন পদে অধিষ্ঠিত হন। প্রথমে তিনি ইয়াহইয়া ইব্ন খালিদ আল-বারমাকির (১২০-১৯০ হি.) ‘কাতিব’ (লেখক) হিসেবে দায়িত্ব পালন করেন। ইয়াহইয়া ইব্ন খালিদ আল-বারমাকির পর তিনি তাঁর স্থান দখল করেন। খলিফা হারুন তাঁকে তৎকালীন শিক্ষা, সাহিত্য, সংস্কৃতি ও জ্ঞান-বিজ্ঞানের প্রাণকেন্দ্র ‘বাইতুল হিকমাহ’<sup>৪২</sup>-এর কাতিব (লেখক) এবং এর গ্রন্থসমূহের রক্ষণাবেক্ষণের দায়িত্ব প্রদান করেন। খলিফা হারুনের পর খলিফা মামুন তাঁকে প্রথমে তাঁর গ্রন্থাগার- ‘খাজানা তুল মামুন’ এবং পরবর্তীতে ‘বাইতুল হিকমাহ’ পরিচালনার দায়িত্ব প্রদান করেন।<sup>৪৩</sup> তিনি ৮৩০ খ্রি. বাগদাদে মৃত্যুবরণ করেন।<sup>৪৪</sup>

আরবি অনুবাদে তাঁর অবদান: তাঁর তত্ত্বাবধানে ‘বাইতুল হিকমাহ’ থেকে গ্রিক, রোমান ও ভারতীয় ভাষার অনেক মৌলিক গ্রন্থাবলি আরবি করা হয়।<sup>৪৫</sup> তাঁর অনূদিত গ্রন্থের মধ্যে উল্লেখযোগ্য হলো- ১. তাদবীরুল মালিক ওয়ার রিয়াসাত (تدبير الملك والرياسة), ২. আল-আখওয়াত (الاخوات), ৩. আল-মাসাইল (المسائل), ৪. রিসালাতুল বুখলি (رسالة البخل)

#### ৫. ৫. মুহাম্মদ ইব্ন মুসা আল-খাওয়ারজমী (৭৮০-৮৫০ খ্রি.)

বাগদাদের বিখ্যাত অনুবাদক, অন্যতম গণিতবিদ, জ্যোতির্বিদ ও ইতিহাসবিদ হলেন- মুহাম্মদ ইব্ন মুসা আল-খাওয়ারজমী। তিনি গণিতশাস্ত্রের অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। তাঁকে বীজগণিতের জনক বলা হয়। নাম- আবু আবদুল্লাহ মুহাম্মদ ইব্ন মুসা আল-খাওয়ারজমী। তিনি ৭৮০ খ্রি. মোতাবেক ১৬৪ হি. জন্মগ্রহণ করেন।<sup>৪৬</sup> আব্বাসী খলিফা মামুনের সাথে তাঁর যোগাযোগ হলে তিনি বাইতুল হিকমাহয় এসে কাজে নিয়োজিত হন। প্রথমে তিনি গ্রিক গ্রন্থ সংগ্রহ ও অনুবাদের দায়িত্ব পালন করেন। পরে জ্ঞান-বিজ্ঞানের বিচক্ষণতার জন্য খলিফা মামুন তাঁকে ‘বাইতুল হিকমাহ’-এর প্রধান নিযুক্ত করেন।<sup>৪৭</sup> তিনি ৮৫০ খ্রি. মোতাবেক ২৩৫ হি. মৃত্যুবরণ করেন।<sup>৪৮</sup>

আরবি অনুবাদে তাঁর অবদান: তিনি গণিত, জ্যোতির্বিদ্যা ও ভূগোলবিষয়ক অনেক গ্রন্থ আরবিতে অনুবাদ করেন। তাঁর গ্রন্থসমূহের মধ্যে ‘হিসাবুল জাবার ওয়াল মুকাবালাহ্’ (حساب الجبر والمقابلة) বিশেষভাবে উল্লেখযোগ্য। কারণ- এ অনুবাদটির মাধ্যমেই আরবদের মাঝে বীজগণিত ও শূন্যের পরিচিতি ঘটেছে। তিনি গণিতশাস্ত্র বিশেষত ‘আল-জাবরা’ তথা বীজগণিত গবেষণায় প্রসিদ্ধি লাভ করেন। বীজগণিতকে তিনি গণিতশাস্ত্র হতে স্বতন্ত্র একটি বিষয় হিসেবে প্রতিষ্ঠা করেন। তিনি বাইতুল হিকমাহ্য় গণিতকে নতুনভাবে প্রতিষ্ঠা করেন।<sup>৪৯</sup> তাঁকে প্রথম মুসলিম গণিতবিদ হিসেবে গণ্য করা হয়। তিনিই প্রথম ভারতীয় সংখ্যা ও গণনা পদ্ধতি গ্রহণ করে তাঁর রচনাবলিতে ব্যবহার করেন। তিনি খলিফা মানসূরের সময় ভারতীয় জ্যোতির্বিদ্যা বিষয়ে আরবি অনুদিত ‘আস-সিন্দু হিন্দ আল-কাবীর’ (السند هند الكبير) গ্রন্থটি ‘আস-সিন্দু হিন্দ আস-সাগীর’ (السند هند الصغير) নামে পুনরায় অনুবাদ করেন।

#### ৫. ৬. ইউহান্না ইব্ন মাসুভীয়াহ (৭৭৭-৮৫৭ খ্রি.)

জুন্দিশাপুর ও বাগদাদের একজন বিখ্যাত চিকিৎসক, অনুবাদক এবং খ্রিষ্টধর্মাবলম্বী পণ্ডিত হলেন- ইউহান্না ইব্ন মাসুভীয়াহ। নাম- আবু যাকারিয়া ইয়াহইয়া ইব্ন মাসুভীয়াহ। তিনি ইউহান্না ইব্ন মাসুভীয়াহ নামে পরিচিত। তিনি ৭৭৭ খ্রিষ্টাব্দে ইরাকের কুফা নগরীতে জন্মগ্রহণ করেন।<sup>৫০</sup> তিনি খলিফা হারুন, আমীন ও মামুনের দরবারে জ্ঞান-বিজ্ঞানের খেদমত করেন। তিনি খলিফা হারুনের নির্দেশে মুসলিম বিজয় পরবর্তী আঙ্কারা ও আন্দুরিয়াসহ রোমান সাম্রাজ্যের চিকিৎসা বিষয়ক প্রাচীন গ্রন্থাবলি আরবিতে অনুবাদ করেন। তাঁর পরামর্শে খলিফা ‘বাইতুল হিকমাহ্’ প্রতিষ্ঠা করেন এবং তাঁকে এর অনুবাদ বিভাগের পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করেন। তাঁর তত্ত্বাবধানে কয়েকজন লেখক কাজ করতেন। তিনি হিজরি দ্বিতীয় শতাব্দীর প্রথমার্ধে প্রাচীন গ্রন্থাবলির যথাযথ অনুবাদ করে পরিচিতি লাভ করেন।<sup>৫১</sup> খলিফা মামুন ৮৩০ খ্রি. তাঁকে ‘বাইতুল হিকমাহ্’-এর পরিচালক নিয়োগ করেন। তিনি খলিফা মুতাওয়াঙ্কিল পর্যন্ত দায়িত্ব পালন করেন। তিনি খলিফা মুতাওয়াঙ্কিলের শাসনকালে ৮৫৭ খ্রিষ্টাব্দে সামিরা শহরে ইন্তিকাল করেন।<sup>৫২</sup>

#### ৫. ৭. আল-কিন্দী (৮০১-৮৭৩ খ্রি.)

মুসলিমদের মধ্যে দর্শনশাস্ত্র প্রচলনের পথিকৃৎ এবং আরবদের প্রথম দার্শনিক হিসেবে পরিচিত একজন সফল অনুবাদক হলেন- আলকিন্দী। তিনি গ্রিক ও সুরিয়ানি ভাষায় দক্ষ ছিলেন। নাম- আবু ইউসুফ ইয়াকুব ইব্ন ইসহাক আল-কিন্দী। তিনি আল-কিন্দী উপাধিতে পরিচিত ছিলেন। তিনি ইরাকের কুফা নগরীতে ৮০১ খ্রি. মোতাবেক ১৮৫ হিজরিতে জন্মগ্রহণ করেন।<sup>৫৩</sup> তিনি ছোট বেলায় কুফায় ইমাম আজম আবু হানিফা রহ.-এর মজলিসে বসতেন। খলিফা হারুন ও মাহদীর শাসনকালে তাঁর পিতা কুফার শাসক ইসহাকের সাথে বাগদাদে লালিত পালিত হন। বসরা ও বাগদাদে জ্ঞান অর্জন করেন। তিনি খলিফা মামুন ও আল-মুতাছিমের সময়ে বাগদাদে গ্রিক গ্রন্থের অনুবাদক ও ব্যাখ্যাকার হিসেবে কাজ করেন। ইসলামি বিশ্বে তিনি গ্রিক, পারসিক ও ভারতীয় দর্শনে পাণ্ডিত্যের জন্য সুখ্যাতি অর্জন করেন। তাঁর সম্পর্কে ইবনে নাদীম বলেন,

كان فاضل دهره وواحد عصره في معرفة العلوم القديمة بأسرها ويسمى فيلسوف العرب وكتبه في علوم مختلفة

‘তিনি তাঁর যুগের সবচেয়ে সম্মানী ও প্রাচীন জ্ঞান-বিজ্ঞানে খুব সহজে একক আধিপত্য বিস্তারকারী। তাকে আরবদের দার্শনিক বলা হয়। বিভিন্ন বিষয়ে তাঁর গ্রন্থ রয়েছে।’<sup>৫৪</sup>

তিনি খলিফা মামুনের শাসনকালে বাগদাদে অবস্থান করেন এবং বাকি জীবন সেখানে কাটিয়ে ৮৭৩ খ্রি. মোতাবেক ২৬০ হিজরিতে বাগদাদে মৃত্যুবরণ করেন।

আরবি অনুবাদে তাঁর অবদান: তিনি গ্রিকদের অনেক গ্রন্থ বিশেষত অ্যারিস্টটলের দর্শনবিষয়ক গ্রন্থসমূহের আরবি অনুবাদ করেন। এসব গ্রন্থ অনুবাদের ক্ষেত্রে তিনি সমকালীন পাঠকদের বোধগম্য রীতি অবলম্বন করার ফলে সকলেই তা সহজে গ্রহণ করেন।<sup>৫৫</sup> তিনি ছিলেন একাধারে দার্শনিক, বিজ্ঞানী, গণিতবিদ, সঙ্গীতজ্ঞ, পদার্থবিজ্ঞানী, মনোবিজ্ঞানী, জ্যোতির্বিজ্ঞানী, রসায়নবিদ ও যুক্তিবিদ। ইবনে নাদীম তার লেখা ৩৬১টি গ্রন্থকে মোট ১৭টি গ্রুপে ভাগ করেছেন।<sup>৫৬</sup> তাঁর উল্লেখযোগ্য অনুবাদের মধ্যে রয়েছে টলিমির ‘আল-মাজিস্তি’ এবং জালিয়ানুসের ‘আল-আদভিতুল মুফরাদাহ’।

#### ৫. ৮. হুনাইন ইব্ন ইসহাক (৮০৯-৮৭৭ খ্রি.)

খলিফা মামুনের সময়কালের বিখ্যাত চিকিৎসক ও অন্যতম অনুবাদক এই মনীষী বাগদাদের রাজদরবারের চিকিৎসক ও বাইতুল হিকমাহ-এর অনুবাদ বিভাগের পরিচালক ছিলেন। নাম- হুনাইন ইব্ন ইসহাক আল-ইবাদী। উপনাম- আবু য়ায়েদ। তিনি ৮০৮ খ্রি. সিরিয়ার আল-হিরা অঞ্চলে জন্মগ্রহণ করেন।<sup>৫৭</sup> হুনাইন- ইউহান্না ইব্ন

মাসুভীয়াহ এর কাছ থেকে জ্ঞান অর্জন করেন। তিনি সমকালীন প্রধান চারটি ভাষা- গ্রিক, ফারসি, সুরইয়ানি ও আরবিতে দক্ষ ছিলেন।<sup>৫৮</sup> ফলে মাত্র ১৭ (সতের) বছর বয়সে অনুবাদকর্মে আত্মনিয়োগ করেন। প্রথমে জুন্দিশাহপুর বিদ্যালয়ের অন্যতম অনুবাদক ছিলেন। দক্ষতার বলে তিনি সমকালীন অনুবাদকদের নেতৃত্ব প্রদান করেন। খলিফা হারুন ‘বাইতুল হিকমাহ’ প্রতিষ্ঠার সময় তাঁকে অনুবাদ বিভাগের দায়িত্ব প্রদান করেন।<sup>৫৯</sup> শুধু বাইতুল হিকমাহ-এর গ্রন্থ অনুবাদেই তিনি তুষ্ট হননি। বরং প্রাচীন গ্রন্থ সংগ্রহের জন্য ইরাকের বিভিন্ন অঞ্চল, এশিয়ার মাইনর, সিরিয়া ও রোম ভ্রমণ করেন এবং জ্ঞান-বিজ্ঞানের মৌলিক গ্রন্থসমূহ সংগ্রহ করেন। তিনি ৬২০ খ্রি. মৃত্যুবরণ করেন।<sup>৬০</sup>

আরবি অনুবাদে তাঁর অবদান: তিনি একজন সফল অনুবাদক ছিলেন। আসলে তাঁর পরিবারটাই ছিল জ্ঞান-বিজ্ঞানে সমৃদ্ধ একটি পরিবার। তাঁর পরিবারের আরো অনেকে অনুবাদকর্মে আত্মনিয়োগ করেন। এ বংশটিকে ‘মাদরাসাতু হুনাইন’ তথা একটি প্রতিষ্ঠান হিসেবে গণ্য করা হয়।<sup>৬১</sup> তাঁর অনুবাদের প্রশংসা করে তাঁর শিক্ষক মাসুভীয়াহ বলেন,

إن هذا الذي فعله لا يستطيع عقل بشري أن يصوغه تلك الصناعة الرائعة، إنه والله إلهام من الروح القديم.

অর্থাৎ তিনি যে চমৎকার কাজ করেছেন- তার অনুরূপ কোনো কিছু আবিষ্কার করা মানুষের জ্ঞান দ্বারা সম্ভব নয়। এতো স্রষ্টার পক্ষ থেকে ইলহাম বা প্রত্যাদেশ।<sup>৬২</sup>

তিনি জালিয়ানুস (১২৯-২০০ খ্রি.), অ্যারিস্টটল (৩৮৪-৩২২ খ্রি. পূ.), প্লেটো (৪২৭-৩৪৭ খ্রি. পূ.), হিপোক্রেটিস (৪৬০-৩৭০ খ্রি. পূ.) ও টলেমির (১০০-১৭০ খ্রি.) এর গ্রন্থসমূহ আরবি অনুবাদ করেন। অবশ্য জালিয়ানুসের অঙ্গ-ব্যবচ্ছেদ বিষয়ক গ্রন্থসমূহ তাঁর অনুবাদে প্রাধান্য পেয়েছে।<sup>৬৩</sup> তিনি প্রায় ৩০টি গ্রন্থ রচনা করেন এবং প্রায় ১১২টি গ্রন্থ অনুবাদ করেন। তাঁর উল্লেখযোগ্য অনূদিত গ্রন্থ<sup>৬৪</sup> হলো-

১. কিতাবুন ফীল ইজাম (كتاب في العظام), ২. কিতাবুন ফীল ‘উরুফু (كتاب في العروق), ৩. কিতাবুল ‘ইলাল ওয়াল আমরাদ (كتاب البض), ৪. কিতাবুত তাশরীহ (كتاب التشریح), ৫. কিতাবুন নাবদিল কাবীর (كتاب النبض), ৬. কিতাবুন ফী ‘ইলমি আবক্বারাতু বিত-তাশরীহ (كتاب في علم أبقراط بالتشريح), ৭. কিতাবু ফী তাশরীহির রিহম (كتاب في تشريح الرحم), ৮. কিতাবুন ফী হারাকাতিস সাদরি ওয়ার রিআত (كتاب حركة الصدور الرئة), ৯. তাফসীর কিতাবিল জানীনি লি-আবকারাত (تفسير كتاب الجنين لأبقراط), ১০. কিতাবুল বাউল (كتاب البول)

৫. ৯. কুসতা ইবন লাওকা আল-বাল‘আকী (৮২০-৮৯৯ খ্রি.)

আবুস সাকার ইসমাঈল ইবন বুলবুল কুসতা ইবন লাওকা। তবে তিনি কুসতা ইবন লাওকা নামেই পরিচিত ছিলেন। তিনি ৮২০ খ্রিষ্টাব্দে লেবাননের বা‘লাবাক শহরে জন্মগ্রহণ করেন।<sup>৬৫</sup> তিনি পশ্চিমাদের কাছে ‘কন্সটেবুলাস’ (Constabulas) নামেও পরিচিত ছিলেন।<sup>৬৬</sup> সিরিয়ার এ খ্রিষ্টান পণ্ডিত- গণিত, জ্যোতির্বিদ্যা, প্রকৃতিবিদ্যা, পদার্থবিজ্ঞান, উদ্ভিদবিজ্ঞান ও যুক্তিবিদ্যায় পারদর্শী ছিলেন। তিনি আরবি, সুরইয়ানি ও গ্রিক ভাষায় দক্ষ ছিলেন। তিনি বাইজেন্টাইন সাম্রাজ্যের বিভিন্ন অঞ্চল পরিভ্রমণ করেন এবং গ্রিক ও সুরইয়ানি গ্রন্থের আরবি অনুবাদে শ্রেষ্ঠত্বের পরিচয় দেন। খলিফা আবু জা‘ফর আল-মনসুর (১৩৬-১৫৭ হি./৭৫৮-৭৭৪খ্রি.) বাগদাদ থেকে বাইজেন্টাইন সম্রাটের কাছে গ্রিক বইয়ের অনুবাদের জন্য প্রেরিত সবচেয়ে গুরুত্বপূর্ণ বৈজ্ঞানিক মিশনগুলোর একটির নেতৃত্বে ছিলেন- কুসতা ইবন লাওকা। সম্রাট খলিফার অনুরোধে সাড়া দিয়েছিলেন এবং মিশনটি ইউক্লিডের ফাভামেন্টালসহ অনেক বই পেয়েছিল।<sup>৬৭</sup> তাঁর মৃত্যু সাল নিয়ে একাধিক মত পাওয়া যায়। এক বর্ণনায় তিনি ২৮৬ হি. / ৮৯৯ খ্রি. মৃত্যুবরণ করেন। অন্য বর্ণনা মতে তিনি ৩১০ হি. / ৯২২ খ্রি. মৃত্যুবরণ করেন। আরেক বর্ণনায় মতে তিনি ৩০০ হি. / ৯২০ খ্রি. আর্মেনিয়ায় মৃত্যুবরণ করেন।<sup>৬৮</sup>

আরবি অনুবাদে তাঁর অবদান: তিনি প্রাচীন অনেক গ্রন্থ সংগ্রহ করে তা আরবি অনুবাদ করেন। বিভিন্ন বিষয়ে তাঁর প্রায় ১২টি অনুবাদগ্রন্থ রয়েছে। এছাড়াও চিকিৎসা, ইতিহাস, দর্শন, প্রকৌশল, সাহিত্য ও ধর্মীয় বিষয়ে তাঁর শ খানেক বই রয়েছে। আরবি অনূদিত গ্রন্থের মধ্যে অন্যতম হলো,

১. ইউক্লিডস-এর ‘কিতাবুল উসুল’ (كتاب الاصول), ২. প্লেটোর ‘উসুলুল হান্দাসাহ’ (اصول الهندسة), ৩. কিতাবুন ফীল ফাল্লাহাতিল ইউনানিয়াহ্ আও আর-রুমিয়াহ্ (كتاب في الفلاحة اليونانية أو الرومية), ৪. কিতাবু তাহরীরিল মাসাকিনি বিল-ফালাক (كتاب تحرير مساكن بالفلك), ৫. কিতাবু তাহরীরি কিতাবিল আকরিলিছাওজুসইউস (كتاب تحرير كتاب الأكرلثاوذوسوس)

৫. ১০ সাবিত ইবন কারাহ (৮২৬-৯০১ খ্রি.)

আবুল হাসান সাবিত ইবন কারাহ ইবন মারওয়ান। তিনি ২২১ হিজরি মোতাবেক ৮২৬ খ্রিষ্টাব্দে মতান্তরে ২৩১ হিজরি মোতাবেক ৮৩৬ খ্রিষ্টাব্দে দাজলা ও ফুরাত নদীর তীরবর্তী তুরক্কে হারান শহরে জন্মগ্রহণ করেন।<sup>৬৯</sup> তিনি আরবি ভাষার পাশাপাশি সুরইয়ানি ও গ্রিক ভাষায় দক্ষ ছিলেন। আল-খাওয়ারিজমীর সাথে তাঁর সাক্ষাৎ হলে তিনি

তঁার জ্ঞান-গবেষণায় মুখ্য হয়ে খলিফা আল-মু'তাসীম-এর কাছে নিয়ে যান। খলিফা তাঁকে উপযুক্ত মর্যাদা ও উপঢৌকন প্রদান করেন।<sup>৭০</sup> তিনি যুক্তিবিদ্যা, গণিত, জ্যোতির্বিদ্যা ও চিকিৎসাশাস্ত্রে খ্যাতি অর্জন করেন। তিনি ২৮৮ হিজরি মোতাবেক ৯০১ খ্রিষ্টাব্দে বাগদাদে মৃত্যুবরণ করেন।<sup>৭১</sup>

আরবি অনুবাদে তঁার অবদান: তিনি বিভিন্ন বিষয়ে ১৫০টি গ্রন্থ আরবিতে অনুবাদ করেন।<sup>৭২</sup> তঁার অনূদিত গ্রন্থের অধিকাংশই গণিত বিষয়ে ছিল। তিনি গ্রিক গণিতবিদ ইউক্লিডিস (মু. ৩০০ খ্রি. পূ.), আর্কিমিডিস (২৮৭-২১২ খ্রি. পূ.), (২৬২-১৯০ খ্রি. পূ.), ইউটুকিউস (৪৮০-৫৪০ খ্রি.)- এর জ্ঞান-বিজ্ঞান বিষয়ক আবিষ্কারসমূহের আরো সমৃদ্ধি করেন। তাঁকে আরবের ইউক্লিডিস বলা হতো।<sup>৭৩</sup> তঁার উল্লেখযোগ্য অনুবাদের<sup>৭৪</sup> মধ্যে রয়েছে- ১. কিতাবুল মাদখাল ইলা ইলমিল 'আদদ (كتاب المدخل الى علم العدد), ২. গ্যালান রচিত- কিতাবুল কীমুস (كتاب القيموس), ৩. টলেমী রচিত- কিতাবু জিওগ্রাফিয়া ফিল মা'মুরাতি ওয়া ছিফাতিল আরদ (كتاب جغرافيا في المعمورة وصفة الأرض), ৪. আর্কিমিডিস রচিত- কিতাবুল উসুলিল হান্দাসাহ্ (كتاب الاصول الهندسة), ৫. আপোল্লোনিয়ুস রচিত- ক. রিসালাতুন ফিল মাখরুতাত (رسالة في المخروطات), খ. রিসালাতুন ফিদ দাওয়াইরিল মুতামাস্‌সাহ্ (رسالة في الدوائر المتماثلة), ৬. কিতাবুল আশকালিল কাররিয়াহ্ (كتاب الاشكال الكرية), ৭. কিতাবুল কারাতিল মুতাহারিরকাহ্ (كتاب الكرة المتحركة)

#### ৫. ১১ আবু বিশ্বর মুতী ইবন ইউনুস (৮৭০-৯৪০ খ্রি.)

আবু বিশ্বর মুতী ইবন ইউনুস। তিনি ৮৭০ খ্রি. বাগদাদের নিকটবর্তী নাস্তুরি অঞ্চলে জন্মগ্রহণ করেন।<sup>৭৫</sup> তিনি গ্রিক বংশোদ্ভূত ছিলেন। খলিফা রাদী-এর শাসনকালে বাগদাদে লালিত-পালিত হন। খ্রিষ্টাব্দ ৯৪০ খ্রি. মৃত্যুবরণ করেন।<sup>৭৬</sup>

আরবি অনুবাদে তঁার অবদান: ৩২০ হি. সালে তিনি বাগদাদে একটি অনুবাদ কেন্দ্র প্রতিষ্ঠা করেন। তিনি যুক্তিবিদ্যা পারদর্শী ছিলেন। তিনি অ্যারিস্টটল, পুরফেরী ও থিমিস্তিয়াস ও অ্যাথ্রোডিয়াস আলেকজান্ডরের অনেক বই আরবি অনুবাদ করেন।<sup>৭৭</sup> তঁার উল্লেখযোগ্য অনুবাদের<sup>৭৮</sup> মধ্যে রয়েছে- আল-বুরহান (البرهان) : এটি অ্যারিস্টটলের Posterior Analytics গ্রন্থ যা ইসহাক ইবন হুনাইন কর্তৃক সুরইয়ানি অনুবাদ থেকে তিনি আরবি অনুবাদ করেন। ফান্নুশ শি'র (فن الشعر) : এটিও এরিস্টটলের Poetics গ্রন্থ যাকে সুরইয়ানি অনুবাদ থেকে তিনি আরবি অনুবাদ করেন। এছাড়াও তিনি অ্যাথ্রোডিয়াস আলেকজান্ডারের Metaphysics, On Generation and Corruption, De Caelo, On Providence আরবি অনুবাদ করেন।

#### ৫. ১২ আল-জাহিয় (৭৭৩-৮৭০ খ্রি.)

আবু উসমান আমর ইবন বাহর আল-বসরী আল-কিনানী। তবে তিনি বিস্ফারিত চোখের জন্য আল-জাহিয় নামে বেশি পরিচিত।<sup>৭৯</sup> তিনি ১৫৫ হিজরিতে আক্বাসীয়া খলিফা মাহদির শাসনামলে (৭৭৫-৭৮৫ খ্রি.) বসরায় জন্মগ্রহণ করেন।<sup>৮০</sup> তিনি ৭৭৬ থেকে ৮৩৮ খ্রিষ্টাব্দের মধ্যে আক্বাসীয়া যুগে বসরায় বাস করতেন।<sup>৮১</sup> তিনি আরবি ভাষা ও সাহিত্যের পণ্ডিত এবং তাদের অন্যতম ছিলেন, যাদের প্রভাবে আরবি গদ্য সমৃদ্ধ হয়েছিল। তিনি শব্দগুলোকে অভিযোজিত করেছিলেন এবং শৈল্পিকরূপ দিয়েছিলেন। আরবি ভাষাবিজ্ঞানের সমৃদ্ধিতে তঁার জীবনের বড় অংশ অতিবাহিত হয়েছে। সাধারণত তিনি খুব রসিক ছিলেন এবং খলিফাদের সাথে তোষামোদ করতেন।<sup>৮২</sup> আল-জাহিয় হেমোলাইটিক রোগে ভুগছিলেন। কিন্তু জ্ঞান-বিজ্ঞানের প্রতি তঁার আবেগের তীব্রতা ছিল অপ্রতিরোধ্য। তঁার অসুস্থতা তাঁকে জ্ঞানচর্চা থেকে বিরত রাখতে পারেনি। ২৫৫ হিজরির কোনো এক রাতে এক দোকানে বই পড়ার সময় তঁার ওপর বই পড়ে যায় এবং তিনি চাপা পড়ে মারা যান।<sup>৮৩</sup>

আরবি অনুবাদে তঁার অবদান: তিনিই প্রথম অনুবাদ সাহিত্যের প্রতি নজর দিয়ে এটিকে একটি বিজ্ঞান হিসেবে কথা বলেছিলেন। অনুবাদের নানা শর্ত নির্ধারণ করেছিলেন এবং অনুবাদ অনুশীলন করেছিলেন। তিনি অ্যারিস্টটলের দ্য বুক অফ অ্যানিমালস (كتاب الحيوان) নামে আরবিতে অনুবাদ করেছিলেন, যা এ বিষয়ে আরবিতে প্রথম বই ছিল। তঁার সবচেয়ে বিখ্যাত বইগুলোর মধ্যে রয়েছে- ১. আল-বায়ান ওয়া-তাবয়ীন (البيان والتبيين), ২. কিতাবুল বুখালা (كتاب البخلاء), ৩. কিতাবুল গিলমান (كتاب الغلمان), ৪. কিতাবু মাসায়িলিল কুরআন (كتاب مسائل القرآن), ৫. কিতাবুল কিমিয়া (كتاب الكيمياء)

#### ৫. ১৩ আহমাদ আমীন (১৮৮৬-১৯৫৪ খ্রি.)

তিনি একাধারে সাহিত্যিক, অনুবাদক, গবেষক, ফকাহবিদ, হাদীসবিশারদ, মুহাদ্দিস, ঐতিহাসিক, দার্শনিক ও মিশরীয় লেখক হিসেবে প্রসিদ্ধি অর্জন করেছিলেন। নাম-আহমাদ আমীন ইবরাহীম আত-ত্বব্বাখ। কায়রোর

মানশিয়া মহল্লায় ১ অক্টোবর ১৮৮৬ খ্রিষ্টাব্দে মোতাবেক ১৩০৪ হিজরিতে জন্মলাভ করেন।<sup>৮৪</sup> তিনি আলেকজান্দ্রিয়ার রাতিবপাশা বিদ্যায়তনে পাঠদানের মাধ্যমে তাঁর কর্মজীবনের সূচনা করেন।<sup>৮৫</sup> এরপর আবার তিনি পড়ালেখায় অভিনিবেশ করেন এবং ১৯১১ খ্রিষ্টাব্দে আইন বিষয়ের ওপর উচ্চতর সনদ অর্জন করেন। পরবর্তীতে কিছুদিন শিক্ষকতার পর ১৯১৩ খ্রিষ্টাব্দে বিচার বিভাগের বিচারিক পেশায় আত্মনিয়োগ করেন। আবার ১৯২৬ খ্রিষ্টাব্দে কায়রো বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনায় মনোনিবেশ করেন। পরবর্তীতে তিনি সরকারি-বেসরকারি বিভিন্ন পদে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। ২৭ রমজান ১৩৭৩ হিজরি মোতাবেক ৩০ মে ১৯৫৪ খ্রিষ্টাব্দে তিনি ইনতিকাল করেন।<sup>৮৬</sup>

আরবি অনুবাদে তাঁর অবদান: তিনি নানা বিষয়ে লেখালেখির পাশাপাশি আরবি অনুবাদেও উল্লেখযোগ্য অবদান রেখেছেন। তিনি পূর্বসূরী বিদগ্ধজনদের বুদ্ধিবৃত্তিক ইসলামী চর্চাকে আধুনিক কালে বিস্তৃত করার প্রয়াস দেখিয়েছেন এবং সে সব উপাদানসমূহকে আরবি, ফারসি, গ্রিক ও হিন্দি ভাষায় ছড়িয়ে দিতে প্রচেষ্টা চালিয়েছেন। তাঁর অনূদিত গ্রন্থের মধ্যে উল্লেখযোগ্য হলো: ১. কিস্সাতুল ফালসাফাহ্ আল-ইউনানিয়াহ্ (قصة الفلسفة اليونانية) বা গ্রিক দর্শনের ইতিহাস। এটি Will Durant রচিত ইংরেজি গ্রন্থ The Story of Philosophy-এর অনুবাদ। আহমদ আমীন ও জুহদি দাফার সহযোগিতায় আরবিতে অনূদিত এ গ্রন্থ আরব পাঠকদের ইউরোপীয় দর্শনের সাথে পরিচিত করার ক্ষেত্রে ঐতিহাসিক ভূমিকা রাখে। ২. আল-ইশতিরাকিয়াহ্ (الاشتراكية) বা সমাজতন্ত্র। পাশ্চাত্য রাজনৈতিক দর্শনের বইগুলোর ভিত্তিতে সমাজতন্ত্রের ধারণা ব্যাখ্যা করে অনুবাদ ও সংক্ষিপ্তসার আকারে রচিত এ গ্রন্থটি একটি বিশ্লেষণাত্মক রচনা। ৩. ইলমুন-নাফস (علم النفس) বা মনোবিজ্ঞান। ইউরোপীয় মনোবিজ্ঞানের পরিচয়ধর্মী কয়েকটি গ্রন্থ থেকে অনূদিত অংশ নিয়ে তিনি একত্রে একটি পাঠ্যরূপে উপস্থাপন করেন। ৪. কিস্সাতুল আদাব ফিল-‘আলম (قصة الأدب في العالم) বা বিশ্বসাহিত্যের গল্প। এটি পাশ্চাত্য সাহিত্য ইতিহাসের ওপর ভিত্তি করে প্রণীত একটি অনুবাদ-সংকলন, যেখানে তিনি ইউরোপীয় সাহিত্য প্রবণতা আরবি পাঠকদের জন্য ব্যাখ্যা করেন। এছাড়া আহমদ আমীন والنشر والترجمة والناشر (লাজনাতে তাআলিফ ওয়াত-তারজামাহ্ ওয়ান-নাশর) সংগঠনের অন্যতম প্রতিষ্ঠাতা ছিলেন। এটি মিশরে প্রতিষ্ঠিত একটি জ্ঞানচর্চা কেন্দ্র, যার মূল লক্ষ্য ছিল- পাশ্চাত্য জ্ঞান ও সাহিত্য আরবিতে অনুবাদ করে মুসলিম বিশ্বে বুদ্ধিবৃত্তিক জাগরণ সৃষ্টি করা। এই প্রতিষ্ঠানের মাধ্যমে শতাধিক গুরুত্বপূর্ণ গ্রন্থ অনূদিত হয়।

#### ৫. ১৪ মুস্তাফা লুতফী আল-মানফালুতী (১৮৭৬-১৯২৪ খ্রি.)

তিনি একাধারে একজন মিশরীয় কবি, গল্পকার, সাহিত্যিক ও অনুবাদক। আস-সাইয়িদ মুস্তাফা লুতফী ইব্ন মুহাম্মাদ লুতফী ইব্ন হাসান ইব্ন হাসান লুতফী আল-মানফালুতী। মিশরের মানফালুত নগরে ৩ ডিসেম্বর ১৮৭৬ খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন। তাঁর বাবা মানফালুত নগরীর বিচারক ছিলেন।<sup>৮৭</sup> তিনি সাংবাদিকতা ও পত্রিকা সম্পাদনার মধ্য দিয়ে কর্মজীবনে প্রবেশ করেন।<sup>৮৮</sup> উত্তরকালে সরকারি চাকরিতে যোগদান করেন। ২ জুন ১৯২৪ খ্রিষ্টাব্দ মোতাবেক ১০ জিলহজ ১৩৪২ হিজরি সালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।<sup>৮৯</sup>

আরবি অনুবাদে তাঁর অবদান: তিনি গল্পকার হিসেবে প্রসিদ্ধি লাভ করলেও আরবি অনুবাদ সাহিত্যে তাঁর অবদান চোখে পড়ার মতো। তাঁর প্রসিদ্ধ গল্পগ্রন্থ ‘আল ‘আবারাত’ (العبرات)-এর মধ্যে ৫টি গল্প তিনি অন্য ভাষা থেকে আরবিতে অনুবাদ করেছেন। সেগুলো হলো- ১. ‘আশ-শুহাদা’ (الشهداء), ২. ‘আয-যিকরা’ (الذكرى), ৩. ‘আল-জাযা’ (الجزاء), ৪. ‘আদ-দাহিয়াহ্’ (الضحية), ৫. ‘আল-ইস্তিকাম’ (الانتقام)। তাঁর আরেকটি গল্পগ্রন্থ ‘আন-নাযরাত’ (النظرات)-এর কয়েকটি গল্পও অন্যান্য ভাষা থেকে আরবিতে ভাষান্তর করা হয়েছে।

#### ৫. ১৫ মুহাম্মাদ ‘ইনানী (১৯৩৯ - ২০২৩ খ্রি.)

ড. মুহাম্মাদ ‘ইনানী। তিনি ৪ ফেব্রুয়ারি, ১৯৩৯ সালে মিসরের বুহায়রা জেলার অন্তর্গত রশীদ নামক অঞ্চলে জন্মগ্রহণ করেন।<sup>৯০</sup> তিনি ছিলেন একজন অনুবাদক, নাট্যকার এবং সাহিত্য সমালোচক। তাকে عميد المترجمين (Dean of translators) এবং شيخ المترجمين (Sheikh of translators) নামে অভিহিত করা হয়। তিনি ১৯৫৯ সালে কায়রো বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজি ভাষা ও সাহিত্যে স্নাতক সম্পন্ন করেন। ১৯৭০ সালে লন্ডন বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স এবং ১৯৭৫ সালে রিডাং বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। কর্মজীবনে তিনি কায়রো বিশ্ববিদ্যালয়ে ইংরেজি ভাষা ও সাহিত্যের অধ্যাপক ছিলেন। ৩ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দে দীর্ঘ অসুস্থতায় পতিত হয়ে ৮৪ বছর বয়সে মারা যান।<sup>৯১</sup>

(Paradise Lost) الفردوس المفقود ٢، (Three texts from English Theatre) ثلاثة نصوص من المسرح الإنجليزي ٣، (The Merchant of Venice) تاجر البندقية ٤، (Romeo and Juliet) روميو وجوليت ٨، (Richard - II) ريتشارد الثاني ٩، (New Birthday, "Al-Tali Haili") عيد ميلاد جديد «التلى هيليلى» ١٠، (Julius Caesar) يوليوس قيصر ٩، (King Lear) الملك لير ١٠، (A Midsummer Night's Dream) حلم ليلة صيف ١١، (Discourse and the change of social) الخطاب والتغير الاجتماعي ١٢، (Covering Islam) تغطية الإسلام ١٣، (Henry - VIII) الثامن هنري ١٤، (The Strange Case of Dr. Jekyll and Mr. Hyde) القضية الغريبة للدكتور جيكل ومستر هايد ١٥، (Storm) العاصفة ١٦، (Twelfth Night: Or Whatever You Want) الليلة الثانية عشرة: أو ما شئت ١٧، (The Intellectual and the Authority) بناء الثقافات: مقالات في الترجمة الأدبية ١٨، (Empty noise) ضجة فارغة (١٩)، (Olive) زيتون ٢٠، (Faust: An image of a poetic play by the poet Goethe) فاوست: صورة مسرحية شعرية للشاعر جوته (٢١)، (Kensuke Kingdom) مملكة كنسوكي (٢٢)

অনুবাদ মানবসভ্যতার এক অনন্য সেতুবন্ধন, যা কেবল ভাষান্তরের মাধ্যমে ভাবের আদান-প্রদান ঘটায় না, বরং জাতি, সংস্কৃতি, জ্ঞান ও সভ্যতার মধ্যকার সংযোগ স্থাপন করে। ইতিহাসের ধারায় অনুবাদই এমন এক শক্তিশালী মাধ্যম, যার মাধ্যমে মানুষ পৃথিবীর এক প্রান্ত থেকে অন্য প্রান্তে নিজেদের চিন্তা, সাহিত্য, দর্শন ও বিজ্ঞানকে পৌঁছে দিতে সক্ষম হয়েছে। অনুবাদের মাধ্যমেই মানবসভ্যতা ক্রমে জ্ঞানের আলোকিত পথে অগ্রসর হয়েছে, সাংস্কৃতিক ও নৈতিক মূল্যবোধের আদান-প্রদান ঘটেছে এবং ভিন্ন জাতি ও ধর্মের মানুষ পারস্পরিক বোঝাপড়ার পরিবেশ সৃষ্টি করেছে। আরবি অনুবাদের ইতিহাস বিশ্লেষণ করলে দেখা যায়, ইসলামপূর্ব যুগে সীমিতভাবে শুরু হলেও ইসলামের আবির্ভাবের পর অনুবাদের জগতে এক নবদিগন্তের সূচনা ঘটে। কুরআনুল কারিম ও হাদিসের সার্বজনীন বার্তা প্রচার, শাসনব্যবস্থা, চিকিৎসাবিজ্ঞান, দর্শন, সাহিত্য ও প্রশাসনিক প্রয়োজনে আরবি অনুবাদের বিস্তৃতি ঘটে। বিশেষত আব্বাসীয় যুগে অনুবাদ আন্দোলন এক স্বর্ণযুগের সূচনা করে এ সময়ের পণ্ডিত, দার্শনিক, চিকিৎসক, বিজ্ঞানী ও অনুবাদকগণ জ্ঞান-বিজ্ঞানের প্রতিটি শাখায় অসাধারণ কৃতিত্বের পরিচয় দেন। খলিফা আল-মামুন প্রতিষ্ঠিত ‘বাইতুল হিকমাহ’ হয়ে ওঠে বিশ্বের প্রথম জ্ঞান-বিনিময় কেন্দ্র, যেখানে গ্রিক, ফারসি, রোমান ও ভারতীয় জ্ঞানের ভান্ডার অনুবাদের মাধ্যমে আরবি ভাষায় সংরক্ষিত হয়। ইব্নুল মুকাফফা, জরজীস ইব্ন বখতিশু, ইয়াহইয়া ইব্ন বাতরিক, সাহাল ইব্ন হারুন ও মুহাম্মদ ইব্ন মুসা আল-খাওয়ারিজমীর মতো প্রতিভাবান অনুবাদকগণ আরবি ভাষা ও সাহিত্যে যে অনন্য অবদান রেখেছেন, তা শুধু ইসলামি জ্ঞান-বিজ্ঞানের বিকাশেই নয়, বরং সমগ্র মানবজাতির জ্ঞানচর্চার ইতিহাসে এক গৌরবোজ্জ্বল অধ্যায় হিসেবে লিপিবদ্ধ হয়েছে। তাঁরা অনুবাদের মাধ্যমে গ্রিক দর্শন, পারসিক ইতিহাস, রোমান চিকিৎসাশাস্ত্র ও ভারতীয় গণিতকে আরব সংস্কৃতির সাথে যুক্ত করে একটি সমন্বিত জ্ঞানতন্ত্র সৃষ্টি করেছিলেন। ফলে অনুবাদ শুধু একটি ভাষা বা জাতির সীমার মধ্যে সীমাবদ্ধ থাকেনি; বরং মানবজাতির সম্মিলিত বুদ্ধিবৃত্তিক অগ্রগতির বাহন হয়ে উঠেছে। অনুবাদের কারণে আজ বিশ্বের প্রতিটি মানুষ অন্য ভাষা, সংস্কৃতি ও ভাবধারার সাথে পরিচিত হতে পারছে, পারস্পরিক বোঝাপড়ার নতুন দিগন্ত উন্মোচিত হচ্ছে। তাই বলা যায়, অনুবাদ মানব সমাজের জ্ঞানের ধারক ও বাহক, সভ্যতার রক্ষাকবচ এবং আন্তর্জাতিক সম্প্রীতির অমূল্য বন্ধন। বিশেষ করে আরবি অনুবাদ সাহিত্যের অবদান পৃথিবীর ভাষা ও সংস্কৃতির ইতিহাসে এক যুগান্তকারী অধ্যায়। এটি ইসলামি জ্ঞানের প্রভাবকে বৈশ্বিক পরিসরে ছড়িয়ে দিয়েছে এবং ইউরোপীয় নবজাগরণের ভিত্তি রচনা করেছে। অনুবাদের এই ঐতিহ্য আমাদের মনে করিয়ে দেয় যে, জ্ঞান কখনো একক জাতির সম্পদ নয়; বরং এটি মানবজাতির যৌথ উত্তরাধিকার। সুতরাং অনুবাদের ধারাবাহিক চর্চা ও বিকাশ বজায় রাখা মানবতার ঐক্য, জ্ঞান ও প্রজ্ঞার পথ সুগম করার জন্য অপরিহার্য। অতএব, অনুবাদ কেবল ভাষার রূপান্তর নয়, বরং মানব সভ্যতার বিকাশ ও পারস্পরিক বোঝাপড়ার স্থায়ী ভিত্তি।

১ আল-মদিনা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পাঠ্যক্রম, *আল-আদাবুল মুকারান*, পার্ট- ১ (মালেশিয়া: আল-মদিনা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, তা. বি.), পৃ. ৫২।

২ আবু বকর মুহাম্মদ ইবন ইয়াহিয়া আল-সোলি, *কিতাবুল আদাবিয়াত* (বাগদাদ: 'আরব লাইব্রেরি, ১৩৪১ হি.), পৃ. ১৮৬।

৩ ইবন মানযুর, *লিসানুল 'আরব*, ২য় খণ্ড (বেরুত: দারুল জিল, ১৯৮৮ খ্রি.), পৃ. ৩১৬।

৪ মাজমা'উল লুগাহ আল- 'আরাবিয়াহ, *আল-মু'জামুল ওয়াসিত*, ১ম খণ্ড (আলেকজান্দ্রিয়া: দারুদ-দা'ওয়াহ, ২০০৪ খ্রি.), পৃ. ৮৩।

৫ ড. ইয়ুদ্দিন মুহাম্মাদ নাজিব, *আসাসুত তারজামাত মিনাল ইনজিলিযিয়াহু ইলাল 'আরাবিয়াহু ওয়া বিল 'আকস* (কায়রো: মাকতাবাতু ইবন সিনা, ২০০৫ খ্রি.), পৃ. ৭।

- <sup>৬</sup> আবদুল 'আলিম আস-সাইয়েদ আল-মানসী ও 'আবদুল্লাহ আবদুর রায্যাক ইবরাহীম, *কিতাবুত তারজামাহ: উসুলুহা ওয়া মাবদাউহা ওয়া তাতিবিকাউহা* (রিয়াদ: দারুল মিররিখ, ১৯৭৭ খ্রি.), পৃ. ৪।
- <sup>৭</sup> মাওছব ইবন আহমাদ আল-জাওয়ালিনী, *শারহ আদাবিল কাতিব লি ইবন কুতাইবা* (বৈরুত: দারুল কিতাবিল 'আরাবী, তা. বি.), পৃ. ৩২।
- <sup>৮</sup> মারিয়ম সালামা কার, ড. নাজিব গাযাবী অনূদিত, *আত-তারজামাহ ফীল 'আসরিল 'আব্বাসী* (দামিশক: মানসুরাতু ওয়ারাতুছ ছাক্বাফাহ, ১৯৯৮ খ্রি.), পৃ. ১১-১২।
- <sup>৯</sup> ড. মুহাম্মদ আবুল মুহাসিন 'আসফুর, *মা'আলিমু হিদারাতিশ শারকিল আদনা আল-কুদিম* (কায়রো: দারুল নাহদা আল-'আরাবিয়াহ, ১৪০৮ হি./১৯৮৭ খ্রি.), পৃ. ২২০-২২২।
- <sup>১০</sup> প্রাগুক্ত, পৃ. ৩২৮।
- <sup>১১</sup> P. K. Hitti, *History of the Arabs* (London: Macmillan Education Ltd. 1989), P. 14.
- <sup>১২</sup> সুরা কুরাইশ, আয়াত: ১-৩।
- <sup>১৩</sup> মুহাম্মদ আবদুর রহমান মারহাবা, *আল-জামি' ফী তারীখিল 'উলুম 'ইনদাল 'আরব* (বৈরুত: মানসুরাত 'উয়াইদাত, ১৯৯৮ খ্রি.), পৃ. ১৯০।
- <sup>১৪</sup> কার্ল ব্রুকালমান, আস-সাইয়্যিদ ইয়াকুব বকর ও ড. রামাদান 'আবদ আল-তাওয়াব অনূদিত, *তারীখুল আদাব আল-'আরাবী*, ৪র্থ খণ্ড (মিসর: দারুল মা'আরিফ, ১৯৭৫ খ্রি.), পৃ. ৯০।
- <sup>১৫</sup> তিনি ছিলেন স্যাসানীয় সাম্রাজ্যের শেষ মহারাজা যিনি ৫৭৯ সাল থেকে ৬২৮ সাল পর্যন্ত রাজত্ব করেন। তিনি চতুর্থ হরমজিদ-এর পুত্র এবং প্রথম খসরুর নাতি ছিলেন। তিনিই পারস্যের শেষ রাজা যিনি ইরানে মুসলিম বিজয়ের পূর্বে একটি দীর্ঘ সময় রাজত্ব করেছিলেন। তিনি নিহত হওয়ার পাঁচ বছর পর পারস্যে মুসলিম বিজয়ের সূচনা হয়। [https://bn.wikipedia.org/wiki/দ্বিতীয়\\_খসরু](https://bn.wikipedia.org/wiki/দ্বিতীয়_খসরু)।
- <sup>১৬</sup> মোহাম্মদ শহীদুল ইসলাম, *আরবী অনুবাদ সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ* (ঢাকা: বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মুজুরি কমিশন, ২০১৯ খ্রি.), পৃ. ২।
- <sup>১৭</sup> ওয়ারাকা ইবন নাওফেল ছিলেন একজন আরব ধর্মযাজক এবং রাসূলুল্লাহ (সা.)-এর প্রথম স্ত্রী খাদিজা বিনতে খুওয়াইলিদ (রা.)-এর চাচাতো ভাই। তিনি প্রাক-ইসলামি যুগে খ্রিস্টধর্ম গ্রহণ করেছিলেন এবং খ্রিস্টীয় ধর্মের বিভিন্ন দর্শন সম্পর্কে গভীর জ্ঞান অর্জন করেছিলেন। [https://bn.quora.com/ওয়ারাকা\\_ইবন\\_নাওফেল](https://bn.quora.com/ওয়ারাকা_ইবন_নাওফেল)।
- <sup>১৮</sup> আরবী অনুবাদ সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ, পৃ. ২।
- <sup>১৯</sup> সুরা সাবা, আয়াত: ২৮।
- <sup>২০</sup> সুরা ইউসুফ, আয়াত: ২।
- <sup>২১</sup> আবদুল্লাহ ইবনুল মুকাফ্ফা, *কালিলা ওয়া দিমনা* (বৈরুত: দারুল মাকতাবাতিল হিলাল, ১৯৯৮ খ্রি.), পৃ. ৭।
- <sup>২২</sup> বুতরুস আল-বুসতানী, *উদাবাউল 'আরব*, ২য় খণ্ড (বৈরুত: দারুল নাযীর আব্বুদ, তা. বি.), পৃ. ১৩৬।
- <sup>২৩</sup> হান্না আল-ফাখুরী, *তারীখুল আদাব আল-আরাবী* (বৈরুত: আল-মাতব'আতুল বুলিসিয়াহ, তা. বি.), পৃ. ৪৩৬; *কালিলা ওয়া দিমনা*, পৃ. ৭।
- <sup>২৪</sup> ইবন খাল্লিকান, *ওয়াইয়াতুল আ'ইয়ান ওয়া আনবাউজ জামান* (মিসর: মাকতাবাতুন নাহদাহ আল-মিসরিয়াহ, ১৯৪৮ খ্রি.), পৃ. ৪১৪।
- <sup>২৫</sup> হান্না আল-ফাখুরী, *তারীখুল আদাব আল-আরাবী*, পৃ. ৪৩৬; ড. শাওকী দায়ফ, *তারীখুল আদাবিল আরাবী*, ৩য় খণ্ড (মিসর: দারুল মা'আরিফ, ১৯৭২), পৃ. ৫০৭; উমর ফাররুখ, *তারীখুল আদাবিল আরাবী* (বৈরুত: ১৯৮৫), পৃ. ৫১।
- <sup>২৬</sup> ইসমাদিল মুহাম্মদ, *তারিখুল ফিকরিল 'আরাবী* (মিসর: মুয়াসাসাতুল হিনদাবী, ১৯২৮ খ্রি.), পৃ. ২৯।
- <sup>২৭</sup> ইবন খাল্লিকান, *ওয়াইয়াতুল আ'ইয়ান ওয়া আনবাউজ জামান*, পৃ. ৪১৪; ড. শাওকী দায়ফ, *তারীখুল আদাবিল আরাবী*, পৃ. ৫০৯; সম্পাদনা পরিষদ, *ইসলামি বিশ্বকোষ*, ৪র্থ খণ্ড (ঢাকা: ই. ফা. বা, ১৯৮৮ খ্রি.), পৃ. ৩৪৩।
- <sup>২৮</sup> যিরাকলী, *আল-আ'লাম* (বৈরুত: দারুল ইলম লিল-মালাইন, ১৯৮০ খ্রি.), পৃ. ১৪০।
- <sup>২৯</sup> *কালিলা ওয়া দিমনা*, পৃ. ৮।
- <sup>৩০</sup> ইবন নাদীম, *আল-ফহরিস্ত* (বৈরুত: দারুল মা'রিফাহ, ১৯৯৪ খ্রি.), ১ম সংস্করণ, পৃ. ১৫০।
- <sup>৩১</sup> D. L. O'Leary, *Arabic though and its place in History* (London: 1939), p. 106.
- <sup>৩২</sup> জামাল উদ্দিন আলী ইবন ইউসুফ আল-ফাফাফী, *তারীখুল খুলাফা* (বাগদাদ: মাকতাবাতুল মুহাম্মা, তা. বি.), পৃ. ১০০-১৩২।
- <sup>৩৩</sup> আরবী অনুবাদ সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ, পৃ. ৯১।
- <sup>৩৪</sup> ফয়াদ ইউসুফ ক্বাজানজি, *উসুলুছ ছাক্বাফাতিস সুরইয়ানিয়াহ ফী বিলাদি মা বাইনান নাহরাইন* (বাগদাদ: ২০১০ খ্রি.), পৃ. ১৬৯।
- <sup>৩৫</sup> ড. রিহাব খাদার 'আকাভী, *আল-মু'জিয ফী তারীখিত তিক্বী 'ইনদাল আরব* (বৈরুত: দারুল মানাহিল ত্ববা'আতি ওয়ান নাশর, ১৯৯৫ খ্রি.), পৃ. ১৭৯।
- <sup>৩৬</sup> আরবী অনুবাদ সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ, পৃ. ৯২।
- <sup>৩৭</sup> প্রাগুক্ত, পৃ. ৯২।
- <sup>৩৮</sup> ইবনু আবি উসাইবিয়াহ, *'উইনুল আমবা ফী ত্ববকাতিল আতিক্বা*, ২য় খণ্ড (বৈরুত: মাকতাবাতুল হায়াত, ১৯৬৫ খ্রি.), পৃ. ১৭৪।
- <sup>৩৯</sup> জর্জ তারাবিশী, *মু'জামুল ফালাসিফা* (বৈরুত: দারুল তুলীয়াহ, ২০০৬ খ্রি.), ৩য় সংস্করণ, পৃ. ৭৪২।
- <sup>৪০</sup> আরবী অনুবাদ সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ, পৃ. ৯৩।
- <sup>৪১</sup> ইবনে আদে রাব্বিহি আল-আন্দালুসী, *আল-'ইকদুল ফারিদ*, ২য় খণ্ড (বৈরুত: দারুল কুতুব আলইলমিয়াহ, ১৪০৪ হি.), পৃ. ১৪।
- <sup>৪২</sup> বাইতুল হিকমাহ ছিল আব্বাসীয় খিলাফতের যুগে প্রতিষ্ঠিত এক অনন্য জ্ঞানকেন্দ্র, যা বাগদাদে অবস্থিত ছিল। খলিফা হারুনুর রশিদ এটি প্রতিষ্ঠা করেন এবং তাঁর পুত্র আল-মামুনের শাসনামলে এটি অনুবাদ, গবেষণা ও বিজ্ঞানচর্চার প্রধান কেন্দ্র হিসেবে গড়ে ওঠে। এখানে গ্রিক, ফারসি, সংস্কৃত ও সিরিয়াক ভাষা থেকে দর্শন, চিকিৎসা, গণিত, জ্যোতির্বিদ্যা প্রভৃতি বিষয়ে শত শত গ্রন্থ আরবিতে অনূদিত হয়। এই প্রতিষ্ঠান মুসলিম জ্ঞানতত্ত্ব ও বিজ্ঞানচর্চার ইতিহাসে এক যুগান্তকারী ভূমিকা পালন করে। [https://bn.wikipedia.org/wiki/বাইতুল\\_হিকমাহ](https://bn.wikipedia.org/wiki/বাইতুল_হিকমাহ)।
- <sup>৪৩</sup> Hitti, Philip K, *History of the Arabs* (London: Macmillan, 1970), P-88; মুহাম্মদ রেজা-ই-করীম, *আরব জাতির ইতিহাস*, ঢাকা: বাংলা একাডেমি, ২০০৮ খ্রি.), পৃ. ২১৮; ড. এম. আবদুল কারেম, *মুসলিম কীর্তি*, ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, ২০১০ খ্রি.), পৃ. ২২৯-২৩০; আকবর শাহ নজিবাবাদী, *ইসলামের ইতিহাস*, ২য় খণ্ড, অনুবাদ: আবদুল মতিন জালালাবাদী ও আবদুল্লাহ বিন সাদ্দ জালালাবাদী, ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, ২০০৮ খ্রি.), পৃ. ৮।
- <sup>৪৪</sup> আহমাদ ফারিদ, *'আসরুল মামুন* (কায়রো: দারুল কুতুব আল-মিসরিয়াহ, ১৯২৭ খ্রি.), ১ম খণ্ড, পৃ. ৩৭৫।
- <sup>৪৫</sup> আরবী অনুবাদ সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ, পৃ. ৯৪।

- ৪৫ প্রাণ্ডক্ত।
- ৪৬ প্রাণ্ডক্ত।
- ৪৭ [https://ar.wikipedia.org/wiki/موسى\\_الحواري](https://ar.wikipedia.org/wiki/موسى_الحواري)
- ৪৮ আরবী অনুবাদ সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ, পৃ. ৯৫।
- ৪৯ ফাদিল মুহাম্মাদ আল-হুসাইনী, আফাকুল হাদারাতিল 'আরাবিয়াহ আল-ইসলামিয়াহ (জর্ডান: দারুস শারক, ২০০৬ খ্রি.), ১ম সংস্করণ, পৃ. ৩৫৫।
- ৫০ আরবী অনুবাদ সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ, পৃ. ৯৬।
- ৫১ জামাল উদ্দিন আলী ইবন ইউসুফ আল-কুফাতী, আখবারুল উলামা বি আখবারিল হুকামা (লিবিজিক: ১৯০৩খ্রি.), পৃ. ৩৮০-৩৮১।
- ৫২ মুওয়াফী ওসমান, আত-তাইয়ারাতুল আজনাবিয়াতু ফিশ শিরিল 'আরাবী (আলেকজান্দ্রিয়া: দারুল মারিফাহ আল-জাসি'ইয়াহ, ১৯৯৫ খ্রি.), পৃ. ১১৮।
- ৫৩ আরবী অনুবাদ সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ, পৃ. ৯৮।
- ৫৪ আল-ফিহরিস্ত, পৃ. ৩১৫।
- ৫৫ আলী আব্দুল্লাহ আল-ফিদা, আল-'উলুমুল বাহসাহ ফিল হাদারাতিল 'আরাবিয়াহ আল-ইসলামিয়াহ (বৈরুত: মুয়াসসা'াতুর রিসালা, ১৯৮৩ খ্রি.), পৃ. ৭২।
- ৫৬ আহমদ ফাওয়াদ আল-আহওয়ানী আল-কিন্দী, ফাইলাসুফুল 'আরব (আল-কুহিরাহ: আল-মুআসসা'াতুল মিসরিয়াহ আল-'আম্মাহ লিত-তালীফ ওয়াত তারজামাহ ওয়াত ত্বিবা'আতি ওয়ান-নাশর, তা. বি.), পৃ. ৭৯।
- ৫৭ আরবী অনুবাদ সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ, পৃ. ১০১।
- ৫৮ আখবারুল উলামা বি আখবারিল হুকামা, পৃ. ১৭১-১৭৪।
- ৫৯ আরবী অনুবাদ সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ, পৃ. ১০২-১০৩।
- ৬০ আহমদ আমীন, দুহাল ইসলাম, ১ম খণ্ড (বৈরুত: দারুল কিতাব আল-'আরাবী, ১৯৩৩ খ্রি.), পৃ. ২৮৫।
- ৬১ নাজীব আবদুর রহমান হিকমাত, দিরাসাতু ফী তারীখিল উলুম 'ইন্দাল 'আরব (ইরাক: জামি'আতুল মুসিল, ১৯৯৭), পৃ. ২৩।
- ৬২ জিগরীদ ছনকাহ, ফারুক বাইদুন অনূদিত, শামসুল 'আরব তুসাতাউ 'আলাল গারব (বৈরুত: মানশুরাতু মাতবা'ইত তিজারাহ, ১৯৬৪খ্রি.), পৃ. ৩৮২।
- ৬৩ রাইহান খাদার 'উকাভী, আল-মু'যিজ ফী তারীখিত ত্বিবি 'ইন্দাল 'আরব (বৈরুত: দারুল মানাহিল লিত-ত্বিবা'আতি ওয়ান নাশর ওয়াত তাওজি, ১৯৯৫খ্রি.), পৃ. ১৭১।
- ৬৪ আরবী অনুবাদ সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ, পৃ. ১০৫।
- ৬৫ প্রাণ্ডক্ত, পৃ. ১০৬।
- ৬৬ <http://www.ektab.com/قسطنطين-لوف-البعلبي>
- ৬৭ আবদুল লতিফ, আস-সিরাতুন নববিয়াহ ওয়াত-তারিখুল ইসলাম, পৃ. ৩০৯।
- ৬৮ আরবী অনুবাদ সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ, পৃ. ১০৭।
- ৬৯ প্রাণ্ডক্ত।
- ৭০ [http://mawdoo3.com/ثابت\\_بن\\_قرة](http://mawdoo3.com/ثابت_بن_قرة) (10/05/2023)
- ৭১ আরবী অনুবাদ সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ, পৃ. ১০৭।
- ৭২ আল-ফিহরিস্ত, পৃ. ৩৩৩; আফাকুল হাদারাতিল 'আরাবিয়াহ আল-ইসলামিয়াহ, পৃ. ৮৮।
- ৭৩ আলী আবদুল্লাহ আদ-দিফা, আল-'উলুমুল বাহছাহ ফিল হাদারাতিল 'আরাবিয়াহ আল-ইসলামিয়াহ (বৈরুত: মুয়াসসা'াতুর রিসালাহ, ১৯৮৩ খ্রি.), ২য় সংস্করণ, পৃ. ১৭৫-১৭৭।
- ৭৪ [http://www.mawhoon.net/?p=4343J\(10/05/2023\)](http://www.mawhoon.net/?p=4343J(10/05/2023))
- ৭৫ আরবী অনুবাদ সাহিত্যের উৎপত্তি ও ক্রমবিকাশ, পৃ. ১১০।
- ৭৬ প্রাণ্ডক্ত।
- ৭৭ আল-ফিহরিস্ত, পৃ. ৬৫।
- ৭৮ [https://en.wikipedia.org/wiki/Abu\\_Bishr\\_Matta\\_ibn\\_Yunus\(07/05/2023\)](https://en.wikipedia.org/wiki/Abu_Bishr_Matta_ibn_Yunus(07/05/2023))
- ৭৯ ড. আবু সাঈদ মুহাম্মদ তোহা, আরবি ভাষাতত্ত্ব (ঢাকা: ছালেহা প্রকাশনী, ২০২৩ খ্রি.), পৃ. ৩৮।
- ৮০ 'ইলমুত তারজামাহ ওয়া দাওরুহ ফী ইছরাইল লুগাতিল 'আরাবিয়াহ ওয়া আদাবিহা, পৃ. ১১২।
- ৮১ আরবি ভাষাতত্ত্ব, পৃ. ৩৯।
- ৮২ ড. শাওকী দায়ফ, তারীখুল আদাবিল আরাবী, ৪র্থ খণ্ড, পৃ. ৫৮৭-৫৯১।
- ৮৩ মানাহিজু জামি'য়াতিল মাদীনাহ আল-'আলামিয়াহ, উসুলুল বাহসিল আদাবী ওয়া মাসাদিরুহ, ১ম খণ্ড (মালয়েশিয়া: জামিয়াতিল মাদীনাহ আল-'আলামিয়াহ, তা. বি.) পৃ. ৭১।
- ৮৪ ড. মুহাম্মাদ রজব আল-বাইয়ুমী, আহমাদ আমীন মুয়ায়রিরখুল ফিকরিল ইসলামী, (দামেশক: দারুল কলম, ১ম সংস্করণ, ২০০১ খ্রি.), পৃ. ৯।
- ৮৫ মুহাম্মাদ ইউসুফ কোকেন, আ'লামুন-নাসরি ওয়াশ'শি'র ফিল 'আসরিল 'আরাবী আল-হাদীস, ৩য় খণ্ড (মাদ্রাজ: হাফিয হাউজ প্রিন্টার্স এন্ড পাবলিশার্স, ১৯৮৪ খ্রি.), পৃ. ৭১।
- ৮৬ আস-সায়েদ মুসা আবু যিকরা, আল-মাক্বাল ওয়া তাতাউওয়াকুহ ফীল আদাবিল মু'আছির, (কায়রো: দারুল মা'আরিফ, ১৯৮২ খ্রি.), পৃ. ১৭১।
- ৮৭ মুহাম্মাদ ওয়াযিহ রশীদ আল-হাসানী আন-নাদভী, আ'লামুল 'আদাব আল 'আরাবী ফিল 'আসরী আল-হাদীস, (লন্ডন: দারুল রশীদ, ২০০৯ খ্রি.), পৃ. ৯৫।
- ৮৮ মাজীদ আত-তুরাদ, মুত্তাফা লুতফী আল-মানফালুতী ওয়ান নায়রাত, ১ম খণ্ড, (বৈরুত: মাকতাবাতুল মা'আরিফ, ২০০৬ খ্রি.), পৃ. ৫-৬।
- ৮৯ হান্না আল-ফাখুরী, আল-জামি' ফী তারীখিল আদাবিল 'আরাবী: আল-আদাবুল হাদীস (বৈরুত: দারুল জীল, ১ম সংস্করণ, ১৯৮৬ খ্রি.), পৃ. ২০১।
- ৯০ [https://www.marefa.org/محمد\\_عناني](https://www.marefa.org/محمد_عناني)
- ৯১ [https://www.marefa.org/محمد\\_عناني](https://www.marefa.org/محمد_عناني)
- ৯২ <https://www.hindawi.org/contributors/84758179/>; [https://www.marefa.org/محمد\\_عناني](https://www.marefa.org/محمد_عناني)

## আব্বাসীয় যুগের যুহদ কাব্যের বিষয়বস্তু: একটি পর্যালোচনা [THE THEMES OF THE ZUHD POETRY OF ABBASID ERA: A REVIEW]

Dr. Chalekujjaman Khan

Associate Professor, Department of Arabic, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

Dr. Muh. Belal Hossain

Professor, Department of Arabic, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

### ARTICLE INFORMATION

*The Faculty Journal of Arts*

Rajshahi University

Volume 39, June 2025

ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A5>

Received : 13 February 2025

Received in revised: 16 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

Keywords:

Introduction to Arabic zuhd poetry, Content of zuhd poetry, Characteristics of zuhd poetry.

### ABSTRACT

Zuhd (mysticism) is an important theme in Arabic poetry. Its influence on poetry is noticeable. In every era, there have been some poets and writers who, having recognized Allah, abandoned worldly delusions and hoped for eternal success and endless blessings in the Hereafter. Poets have expressed their disassociation from worldly life through poetry. Islam has encouraged human beings to adopt the principle of zuhd in their lives. Even if we examine the life style of the Prophet Muhammad (peace be upon him) and his companions, we see that they adopted zuhd in their own lives and called others towards zuhd. Zuhd poetry was widely practiced and developed during the Abbasid era (750-1258AD). Among the topics on which zuhd poets composed poems during this era, notable ones are: detachment from worldly life, seeking forgiveness from Allah, trust in Allah and expressing gratitude for His blessings, calling for the monotheism of Allah, fear of God, remembrance of death, belief in the Hereafter, and Paradise and Hell, etc. The language of zuhd poetry in this era was simple. The poets' style of expression was unsurpassed. They refrained from mentioning the beloved and reminiscing about her at the beginning of the qasidah. Zuhd poets did not accept poetry as a means of earning. Among the poets who made significant contributions to zuhd poetry in the Abbasid era was poets Abu Nuwas, Abul Atahiyah, Abdullah Ibnul Mubarak, Abul 'Ala al-m'arri, etc. Zuhd poetry of the Abbasid era is a significant chapter in Arabic literature. The contribution of zuhd poets in this era will be unforgettable in the history of Arabic literature. The appeal of zuhd poetry written by the poets of this era will be equally appreciated from the present generation to the next generation. This article will focus on the zuhd poetry of the Abbasid period.

### ভূমিকা

আরবী কবিতায় যুহদ (দুনিয়ার প্রতি অনাসক্তি) একটি গুরুত্বপূর্ণ প্রসঙ্গ। কবিতায় এর প্রভাব লক্ষণীয়। প্রত্যেকটি যুগেই এমন কিছু কবি ও সাহিত্যিকের আবির্ভাব হয়েছে যারা আল্লাহর পরিচয় প্রাপ্ত হয়ে পার্থিব মোহ ত্যাগ করে আখিরাতের চিরস্থায়ী সফলতা ও অফুরন্ত নেয়ামতের প্রত্যাশী হয়েছেন। কবিগণ পার্থিব জীবনের প্রতি তাদের অনাসক্তিকে কবিতার মাধ্যমে ফুটিয়ে তুলেছেন। ইসলাম মানব জীবনে যুহদের নীতি অবলম্বন করতে উদ্বুদ্ধ করেছে। এমনকি বিশ্বনবী সা. ও সাহাবায়ে কেরামদের জীবনাদর্শ পর্যালোচনা করলে দেখা যায় তারা নিজেদের জীবনে যুহদ অবলম্বন করেছেন এবং অন্যদেরকে যুহদের দিকে আহ্বান করেছেন। আব্বাসীয় যুগে যুহদ কবিতার ব্যাপক চর্চা ও বিকাশ ঘটে। এ যুগে যুহদ কবিগণ যে সকল বিষয়ের উপর কবিতা রচনা করেছেন তার মধ্যে উল্লেখযোগ্য হলো- পার্থিব জীবনের প্রতি অনাসক্তি, আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা, আল্লাহর উপর ভরসা ও তার প্রদত্ত নেয়ামতের উপর সন্তুষ্টি প্রকাশ, আল্লাহর একত্ববাদের প্রতি আহ্বান, খোদাভীতি, মৃত্যুর স্মরণ, আখিরাতের প্রতি বিশ্বাস ও জান্নাত-জাহান্নাম প্রভৃতি। এ যুগে যুহদ কবিতার ভাষা ছিল সহজ-সরল। কবিদের প্রকাশভঙ্গিতে লৌকিকতা ছিল অনুপস্থিত। তারা কাসীদার শুরুতে প্রেয়সীর বাস্তবতা ও তার স্মৃতিচারণ থেকে বিরত থেকেছেন। যুহদ কবিগণ কবিতাকে উপার্জনের মাধ্যম হিসেবে গ্রহণ করেন নি। আব্বাসীয়

যুগে যে সকল কবিগণ যুহদ কবিতায় উল্লেখযোগ্য অবদান রাখেন তাদের মধ্যে কবি আবু নুওয়াস (৮১৪খ্রি.)<sup>১</sup>, আবুল আতাহিয়াহ (৮২৬খ্রি.)<sup>২</sup>, আব্দুল্লাহ ইবনুল মুবারক (৭৯৭খ্রি.)<sup>৩</sup>, আবুল আ'লা আল-মাআ'ররী (১০৫৭খ্রি.)<sup>৪</sup> প্রমুখ। আব্বাসীয় যুগের যুহদ কবিতা আরবী সাহিত্যের উল্লেখযোগ্য অধ্যায়। এ যুগে যুহদ কবিদের অবদান আরবী সাহিত্যের ইতিহাসে অবিস্মরণীয় হয়ে থাকবে।

### যুহদ কবিতার পরিচিতি

যুহদ শব্দটি আরবী زهد শব্দ থেকে উদ্ভূত। এটি يفتح يسمع و يكرم বাব থেকে ব্যবহৃত হয়। এর আভিধানিক অর্থ: তপস্যা, সন্ন্যাস, সংসার ত্যাগ ও উপেক্ষা ইত্যাদি।<sup>৫</sup> زهد শব্দের কর্তৃবাচক বিশেষ্য (اسم الفاعل) হলো (زاهد)। যার অর্থ হল: সাধক, সন্ন্যাসী, সংসারত্যাগী ও দরবেশ। زاهد এর বহুবচন الواسط গ্রন্থকার বলেন, زَهْدٌ فِيهِ وَعْنُهُ أَىْ أَعْرَضَ الزُّهْدُ هُوَ جِدُّ الرُّغْبَةِ وَالْحَرُصُ عَلَى الدُّنْيَا<sup>৬</sup>। [সে কোন কিছু থেকে বিমুখ হলো ও কোন বস্তুকে তুচ্ছ জ্ঞান করে ছেড়ে দিল।] পারিভাষিক অর্থে যুহদ (زهد) হলো- পার্থিব জীবনের প্রতি অনাসক্তির কারণে একে তুচ্ছ মনে করে আখিরাতের জীবনকে চিরস্থায়ী বিশ্বাস করে গুনাহ থেকে বেঁচে থাকা। إِبْرَاهِيمُ بْنُ أَبِي حَسْبٍ زَاهِدٌ-এর পরিচয়ে বলেন,<sup>৭</sup> الزُّهْدُ هُوَ جِدُّ الرُّغْبَةِ وَالْحَرُصُ عَلَى الدُّنْيَا<sup>৮</sup>। [যুহদ হলো-পার্থিব জীবনের প্রতি অনাকাংখা ও অনাসক্তিবোধ করা।] ড. ইয়াহয়া শামী (১৯৩৫-২০২১খ্রি.) বলেন,<sup>৯</sup> هُوَ الْكَفُّ عَنِ الْمَحَارِمِ وَالتَّوْبَةُ إِلَى اللَّهِ وَهُوَ الْقَنَاعَةُ وَالْإِكْتِفَاءُ بِالْحَاجَةِ وَالرِّضَى بِالْقَلِيلِ وَصَرْفُ النَّظَرِ عَنْ مَحْرَجِ الْحَيَاةِ وَزَيْنَتِهَا وَهِيَ نَفْسُ النَّفْسِ عَنِ الْهَوَىٰ وَتَخْلِيَةُ الْقَلْبِ وَصِفَائِهِ وَرَفْتِهِ وَشَفَائِهِ<sup>১০</sup>।

[যুহদ হলো; হারাম বিষয়সমূহ থেকে বেঁচে থাকা, আল্লাহর দিকে ফিরে আসা, অল্পে তুষ্ট থাকা, জীবনের চাকচিক্যতা থেকে বিমুখ হওয়া, কামনা-বাসনা থেকে নফসকে বিরত রাখা ও অন্তরকে পরিশুদ্ধ করা।]

মোট কথা যুহদ হলো, আত্মার পরিশুদ্ধতা, চারিত্রিক মাধুর্যতা এবং চিরস্থায়ী সফলতার আশায় নিজের বাহ্যিক ও অভ্যন্তরকে পূনঃগঠন করা।<sup>১১</sup> ইবনু কাইয়্যাম আল-জাওযিয়া (১২৯২-১৩৫০খ্রি.) তাঁর الفوائد গ্রন্থে যুহদকে কয়েকটি ভাগে বিভক্ত করেন। যথা- ক. যুহদ ফিল হারাম (الزُّهْدُ فِي الْحَرَامِ) অর্থাৎ হারাম ও নিষিদ্ধ কর্ম থেকে পরহেয করা। আর এটি সকল ইমানদারের জন্য ফরয। খ. যুহদ ফিশ শুবহাত ((الزُّهْدُ فِي الشُّبُهَاتِ)) সন্দেহযুক্ত কর্ম থেকে পরহেয করা। আর সন্দেহযুক্ত কর্ম থেকে পরহেয করা। আর সন্দেহযুক্ত কর্ম থেকে পরহেয করা কখনো ওয়াজিব আবার কখনো মুস্তাহাব। গ. যুহদ ফিল ফুযুল ((الزُّهْدُ فِي الْفُضُولِ)) অতিরিক্ত কর্ম থেকে পরহেয করা। যেমন অধিক কথা বলা, অধিক প্রশ্ন করা ও অধিক খাওয়া ইত্যাদি থেকে বেঁচে থাকা। আর উত্তম পরহেযগারী হলো নিজের পরহেযগারীকে গোপন রাখা।<sup>১২</sup>

### যুহদ সম্পর্কে ইসলামের দৃষ্টিভঙ্গি

যুহদ তথা ইহলৌকিক জীবনকে তুচ্ছ মনে করে পারলৌকিক জীবনকে অগ্রাধিকার দেয়া ইসলামের অন্যতম শিক্ষা। ক্ষণস্থায়ী পৃথিবীর প্রতি মায়া-ভালবাসা চিরস্থায়ী সফলতা বয়ে আনতে পারেনা। পার্থিব জগতের চাকচিক্য ও সৌন্দর্যতা পরিত্যাগ করতে ইসলাম মানুষকে শিক্ষা দান করে। মহান আল্লাহ ইরশাদ করেন,<sup>১৩</sup> ﴿وَمَا الْحَيَاةُ الدُّنْيَا إِلَّا مَتَاعُ الْغُرُورِ﴾ [পার্থিব জীবন প্রতারণার উপকরণ ছাড়া আর কিছু নয়।] পার্থিব ধন-সম্পদ আর সন্তান সন্ততি যেন মানুষকে আখিরাতের জীবন ও আল্লাহর স্মরণ থেকে গাফেল করে না রাখে আল-কোরআনে এ বিষয়ে দ্ব্যর্থহীন ঘোষণা এসেছে।<sup>১৪</sup> দুনিয়ার জীবন স্থায়ী জীবন নয়। মৃত্যুর মাধ্যমে এ জীবনের পরিসমাপ্তি ঘটবে। প্রত্যেক প্রাণীকে মৃত্যুর স্বাদ আস্বাদন করতে হবে। আল্লাহর প্রতি অগাধ বিশ্বাস ও সৎকর্ম সম্পাদনের প্রতি গুরুত্বারোপ করে আল-কোরআনে অনেক আয়াত অবতীর্ণ হয়েছে। ঈমান ও সৎকর্মই আখিরাতের জীবনে মানুষকে চূড়ান্ত সফলতা দান করতে পারে। পার্থিব ধন-সম্পদ, বিত্ত-বৈভব আর ক্ষমতা আখিরাতের জীবনে কোন উপকারে আসবে না। একমাত্র সৎকর্মই আল্লাহর নিকট উত্তম প্রতিদান পাওয়ার ক্ষেত্রে আশার সঞ্চার করে। আল্লাহ তায়ালা ইরশাদ করেন,

﴿الْمَالُ وَالْبَنُونَ زِينَةُ الْحَيَاةِ الدُّنْيَا وَالْبَاقِيَاتُ الصَّالِحَاتُ خَيْرٌ عِنْدَ رَبِّكَ ثَوَابًا وَخَيْرٌ أَمَلًا﴾<sup>১৫</sup>

[ধনসম্পদ ও সন্তান-সন্ততি পার্থিব জীবনের সৌন্দর্য এবং স্থায়ী সৎ কর্মসমূহ আপনার পালনকর্তার কাছে প্রতিদান প্রাপ্তি ও আশা লাভের জন্য উত্তম।]

পার্থিব জীবনে যারা সৎকর্মশীল মহান আল্লাহ তাদেরকে অপার শান্তি ও চিরস্থায়ী জান্নাতের প্রতিশ্রুতি প্রদান করেছেন।<sup>১৬</sup> বিশ্বনবী মুহাম্মাদ সা.-এর জীবন চরিত ছিল আল কোরআনে বর্ণিত উত্তম আখলাক বিশিষ্ট। তিনি তার জীবদ্দশায় অর্থ-বিত্ত, সহায়-সম্পদ ও প্রাচুর্যের প্রতি আগ্রহী ছিলেন না। তার খাবার ছিল অধিকাংশ সময় জবের রুটি, বিছানা ছিল খেজুর পাতার ছালের তৈরি চাটাই। তিনি আমাদেরকে এ শিক্ষা দিয়ে গেছেন যে, পার্থিব জীবন হলো একজন আরোহীর কোন গাছের নিচে কিছু সময় বিশ্রাম নেয়ার মত। যে কিছু সময় আরাম নিয়ে সেই বৃক্ষের ছায়া ত্যাগ করল।<sup>১৭</sup> মহানবী সা.

বলেন, <sup>১৬</sup>الدُّنْيَا سَجْنُ الْمُؤْمِنِ وَجَنَّةُ الْكَافِرِ, [পার্থিব জীবন একজন ঈমানদারের জন্য কারাগার এবং একজন কাফিরের জন্য জাহান্নাম সদৃশ।] যুহদ তথা দুনিয়ার ব্যাপারে পরহেযগারী অবলম্বন করা আল্লাহর সন্তুষ্টি লাভের অন্যতম মাধ্যম। একদা এক ব্যক্তি বিশ্বনবী সা.-এর নিকট এসে বলল; হে আল্লাহর রাসূল সা.! আপনি আমাকে এমন আমল শিক্ষা দেন যা পালন করলে আল্লাহ তায়ালা ও সকল মানুষ আমাকে ভালবাসবে। উত্তরে বিশ্বনবী সা. বলেন,

إِهْدِ فِي الدُّنْيَا يُحِبَّكَ اللَّهُ، وَإِهْدِ فِيمَا عِنْدَ النَّاسِ يُحِبُّكَ النَّاسُ.<sup>১৭</sup>

[তুমি দুনিয়ার ব্যাপারে পরহেযগারী অবলম্বন কর আল্লাহ তোমাকে ভালবাসবেন। আর মানুষের হকের ব্যাপারে পরহেযগারী অবলম্বন কর তাহলে মানুষেরা তোমাকে ভালবাসবে।]

#### আব্বাসীয় যুগের যুহদ কবিতার বিষয়বস্তু

আব্বাসীয় যুগের আরবী কবিতার অন্যতম শাখা হলো যুহদ কবিতা। যে সকল কবিগণ আখিরাতে বিশ্বাসী ছিলেন, তারা পার্থিব জীবনকে পরকালের তুলনায় তুচ্ছ মনে করতেন। ফলে তারা ইহলৌকিক জীবন থেকে বিমুখ ছিলেন। তারা পার্থিব জীবনকে অস্থায়ী ও মূল্যহীন বলে আখ্যায়িত করেছেন। তাদের যুহদ কবিতায় আধ্যাত্মিকতার প্রতি আহবান আল্লাহর ক্ষমা ও অনুগ্রহ প্রার্থনা, পারস্পরিক সদুপদেশ প্রদান, আল্লাহর প্রতি ভরসা, মৃত্যু ও আখিরাতের স্মরণ প্রভৃতি বিষয় অন্তর্ভুক্ত ছিল। নিম্নে যুহদ কবিতার বিষয়বস্তু সম্পর্কে সবিস্তারে আলোকপাত করা হলো:

##### ক. পার্থিব প্রাচুর্য ও ঐশ্বর্য ত্যাগের আহবান

আব্বাসীয় যুগের যুহদ কবিতার অন্যতম বিষয় ছিল কবিগণ তাদের কবিতার মাধ্যমে পার্থিব প্রাচুর্য ও ঐশ্বর্যের প্রতি নিজেদের অনাগ্রহ ও জনগণকে দুনিয়ার মোহ ত্যাগ করার প্রতি উদাত্ত আহবান জানিয়েছেন। কবিগণ নিজেদের ধর্ম বিশ্বাসকে অকপটে স্বীকার করেছেন এবং তা বিশ্ববাসীর কাছে তুলে ধরেছেন। কারণ তারা জানেন যে, পৃথিবীতে স্থায়ী ভাবে বসবাস ও অবস্থানের সুযোগ নেই। দুনিয়ার সকল নেয়ামত ধ্বংসশীল ও ক্ষণস্থায়ী। পার্থিব নেয়ামত ধ্বংসশীল আর আখিরাতের নেয়ামত চিরস্থায়ী। এমন ঘোষণা মু'আল্লাকার মুসলিম কবি লাবীদ ইবন রাবী'আ (৫৬০-৬৬১খ্রি.)-এর কবিতায় পাওয়া যায়। তিনি বলেন,

أَلَا كُلُّ شَيْءٍ مَا خَلَا اللَّهَ بَاطِلٌ \* وَكُلُّ نَعِيمٍ لَا مَحَالَةَ زَائِلٌ<sup>১৮</sup>

[নিশ্চয়ই আল্লাহ তায়ালা ব্যতীত সব কিছুই ধ্বংসশীল। আর সকল নেয়ামত নিঃসন্দেহে বিনষ্ট হবে।]

কবি আবুল আতাহিয়াহ বলেন,

إِنَّمَا الدُّنْيَا غُرُورٌ كُلُّهَا \* مِثْلُ لَمْعِ الْآلِ فِي الْأَرْضِ الْفَقَارِ<sup>১৯</sup>

[নিশ্চয়ই পৃথিবীটা পুরোটাই প্রবঞ্চনা ছাড়া আর কিছুই না। মরুভূমিতে মরীচিকার চাকচিক্যের মত।]

কবি উল্লিখিত পংক্তিতে পার্থিব জীবনের বাস্তব প্রতিচ্ছবি তুলে ধরেছেন। তিনি উল্লেখ করেন; পৃথিবীটা ধোকা বৈ কিছুই না। মানুষ দুনিয়ার মোহে পড়ে আখিরাতকে ভুলে যায়। অথচ দুনিয়াটা যেমন ক্ষণিকের তেমনি প্রবঞ্চনার। কবি দুনিয়ার জীবনকে মরুভূমিতে মরীচিকার সাথে তুলনা করেছেন। মরীচিকা যেমন মানুষকে ধোকা দেয় ঠিক তেমনি দুনিয়াও মানুষকে ধোকা দেয়। কবি আবুল আতাহিয়াহ (৭৪৮-৮২৬খ্রি.) দুনিয়ার মোহ ত্যাগ করার প্রতি উদ্বুদ্ধ করে বলেন-

تَجَرَّدْ مِنَ الدُّنْيَا فَإِنَّكَ إِنَّمَا \* وَقَعْتَ إِلَى الدُّنْيَا وَأَنْتَ مُجَرَّدٌ

فَلَا تَحْمَدِ الدُّنْيَا وَلَكِنْ ذَمِّهَا \* وَمَا بَالُ شَيْءٍ ذَمَّهُ اللَّهُ يُحْمَدُ<sup>২০</sup>

[তুমি দুনিয়া থেকে মুক্ত হয়। কারণ যখন তুমি দুনিয়ায় অবস্থান করবে তখনো তুমি একা। অতঃপর তুমি দুনিয়ার প্রশংসা করো না বরং নিন্দা কর। যে বস্তুর নিন্দা স্বয়ং আল্লাহ করেছেন তার প্রশংসা করা কেমন হয়?]

কবি আবুল 'আলা আল-মা'আররী বলেন,

تَعَبَ كُلُّهَا الْحَيَاةُ فَمَا أَعْجَبُ \* إِلَّا مَنْ رَاغِبٍ فِي زُرْدِيَادٍ

وَاللَّيْبُ اللَّيْبُ مَنْ لَيْسَ يَغْتَرُّ \* يَكُونُ مُصِيرُهُ لِلْفَسَادِ<sup>২১</sup>

[জীবন আসলে ক্লান্তি ও কষ্টে ভরা, তবু আমি বিস্মিত হই, যারা এই জীবনের আরও বৃদ্ধি কামনা করে তাদের দেখে! বুদ্ধিমান সেই ব্যক্তি, যে এই মায়াজালের ধোকা পড়ে না, কারণ তার গন্তব্য তো অবশেষে পচন ও ধ্বংস।]

কবি পংক্তিদ্বয়ে বলেন; জীবন বড়ই যন্ত্রণাময়, তবুও মানুষ বেঁচে থাকতে চায়, এটাই আমার কাছে ভীষণ অদ্ভুত লাগে। প্রকৃত জ্ঞানী মাত্রই বিশ্বাস করে, জীবন ক্ষণস্থায়ী; তাই অহংকার বা ভ্রান্তিতে না পড়াই প্রজ্ঞা।

#### খ. ক্ষমা প্রত্যাশা

মানুষ যৌবন ও শয়তানের প্ররোচনায় অনেক সময় ভুল করলেও পরবর্তীতে সে অনুতপ্ত হয় এবং আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করে আল্লাহর প্রিয় বান্দা হয়ে ওঠে। আব্বাসীয় যুগের কতিপয় কবি যারা নিজেদের অতীত জীবনের ভুল ও পাপের অনুশোচনা করে আল্লাহর কাছে ক্ষমা চেয়ে কবিতা রচনা করেছেন। তারা কবিতার মাধ্যমে নিজেদের কৃতপাপের জন্য অনুতপ্ত হয়েছেন। তারা গুনাহের জন্য তাওবাও করেছেন। ক্ষমাশীল আল্লাহ তাওবাকারীদের তাওবা কবুল করেন মর্মে কোরআন ও হাদীসে বর্ণিত হয়েছে। আব্বাসীয় কবি আবু নুওয়াস (৭৫৬-৮১৪খ্রি.) বলেন,

يَا رَبِّ إِنِّ عَظُمْتُ ذُنُوبِي كَثْرَةً \* فَلَقَدْ عَلِمْتُ بِأَنَّ عَفْوَكَ أَعْزَمُ  
أَدْعُوكَ رَبِّي كَمَا أُمِرْتُ تَضَرَّعًا \* فَإِذَا رَدَدْتَ يَدَيَّ فَمَنْ ذَا يَرْحَمُ<sup>২১</sup>

[হে আমার রব! আমার গুনাহ সমূহ যখন অধিক পরিমাণ হয়ে যায়। নিশ্চই আমি জানি আপনার ক্ষমা আমার গুনাহের চেয়ে মহান। হে আমার পালনকর্তা! আমি বিনয়ের সাথে আপনার কাছে মুনাজাত ও প্রার্থনা করি। যদি আপনি আমার হাতকে ফিরিয়ে দেন (দোআ কবুল না করেন) তাহলে কে আছে আমার উপর অনুগ্রহ করবে?]

উল্লিখিত পংক্তিতে কবি আবু নুওয়াস কায়মানোবাক্যে দয়াময় আল্লাহর কাছে মোনাজাত করেন। আল্লাহর কাছে অতীতের ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেন। তিনি বলেন- মানুষের ক্ষমা চাওয়া ও অনুগ্রহ প্রাপ্তির জন্য মহান আল্লাহ ব্যতীত কোন সত্তা নেই।

#### গ. আল্লাহর উপর ভরসা ও তার নেয়ামতের প্রতি সন্তুষ্টি

আল্লাহর উপর ভরসা করা ঈমানদারের জন্য অত্যাৱশ্যক। পার্থিব জীবনে আল্লাহর পক্ষ থেকে বান্দার প্রতি যা কিছু বরাদ্দ হয়, তার উপর সন্তুষ্টি থাকা ঈমানের অন্যতম শাখা। আব্দুল্লাহ ইবনুল মুবারক রহ: (৭৩৬-৭৯৭ খ্রি.) বলেন,

أَرَى أَنَا لَأَدْنَى الدِّينِ قَدْ فَتَعُوا \* وَلَا أَرَاهُمْ رَضُوا بِالْعَيْشِ بِالدُّنْيَا  
فَاسْتَعْنِ بِاللَّهِ عَنِ دُنْيَا الْمُلُوكِ كَمَا \* اسْتَغْنَى الْمُلُوكُ بِدُنْيَاهُمْ عَنِ الدِّينِ<sup>২২</sup>

[আমি অনেক মানুষকে দেখেছি যারা নূন্যতম দ্বীন নিয়ে সন্তুষ্ট। অথচ আমি তাদেরকে নিকৃষ্ট কিছুতে খুশি হতে দেখিনি। রাজা-বাদশার দুনিয়া থেকে বিমুখ হয়ে আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা কর। যেমন রাজা-বাদশাগণ দ্বীন থেকে বিমুখ হয়ে দুনিয়ার মুখাপেক্ষী হয়েছে।]

#### ঘ. আল্লাহর একত্ববাদের প্রতি আহবান

দ্বীনের প্রধান শিক্ষা হলো আল্লাহ এক ও অদ্বিতীয়। তার কোন শরীক বা অংশীদার নেই। তার সমকক্ষ কেউ নেই। পৃথিবীতে যা কিছু আছে সবকিছু আল্লাহর সৃষ্টি। আর আল্লাহ হলেন এসব কিছুর স্রষ্টা। কবিগণ তাদের কবিতার মাধ্যমে আল্লাহর একত্ববাদের বাণী তুলে ধরেছেন। যেমন কবি আবুল আতাহিয়াহ আল্লাহর একত্ববাদের ঘোষণা করে বলেন,

وَفِي كُلِّ شَيْءٍ لَّهُ آيَةٌ \* تَذُلُّ عَلَى أَنَّهُ الْوَاحِدُ<sup>২৩</sup>

[পৃথিবীর প্রত্যেকটি সৃষ্টির মাঝে আল্লাহর নিদর্শন বিদ্যমান। নিদর্শনগুলো এক আল্লাহর অস্তিত্বের স্বাক্ষর বহন করে।] কবি আবুল আতাহিয়াহ একজন আখিরাতে বিশ্বাসী কবি ছিলেন। তিনি বিশ্বাস করেন যে, সৃষ্টিজগতের প্রতিটি বস্তুই আল্লাহর অস্তিত্বের কথা স্মরণ করিয়ে দেয়। মহান আল্লাহর পরিচয় লাভের জন্য অসংখ্য ও অগণিত নিদর্শন তিনি সৃষ্টি করে রেখেছেন। আল্লাহর নিদর্শনসমূহ তাঁর একত্ববাদের প্রমাণ বহন করে।

#### ঙ. আল্লাহভীতি

পার্থিব জীবনে একজন বিশ্বাসী মানুষের জন্য খোদাভীরুতার গুণ অর্জন করা অত্যাৱশ্যক। কারণ খোদাভীরু ব্যক্তি আল্লাহর হুকুম মত জীবন অতিবাহিত করে। সে আল্লাহর ভয়ে কখনো তার অবাধ্য হয় না। আল-কোরআনে তাকওয়া অর্জন করার প্রতি গুরুত্বারোপ করে অনেক আয়াত অবতীর্ণ হয়েছে। আল্লাহ তায়ালা ইরশাদ করেন,

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ حَقَّ تَقَاتِهِ وَلَا تَمُوتُوا إِلَّا وَأَنتُمْ مُسْلِمُونَ﴾<sup>২৪</sup>

[হে ঈমানদারগণ! তোমরা আল্লাহকে যথাযথ ভয় কর এবং মুসলমান না হয়ে মৃত্যু বরণ করোনা।]

কবি আবুল আতাহিয়াহ মানুষকে কবিতার মাধ্যমে খোদাভীতির প্রতি আহবান করেছেন। তিনি বিশ্বাস করেন মানুষের প্রকৃত সম্মান খোদাভীরুতার গুণ অর্জন করার মধ্যে। তিনি বলেন,

مَنْ طَلَبَ الْعِزَّ لِيَقْبَى بِهِ \* فَإِنَّ عِزَّ الْمَرْءِ تَقْوَاهُ<sup>২৬</sup>

[যে সম্মানের সাথে বেঁচে থাকার জন্য সম্মান অনুসন্ধান করে। সে যেন মনে রাখে মানুষের প্রকৃত সম্মান তার খোদাতীর্থতার মাঝে।] কবি বিশ্বাস করেন, যে যত বেশি আল্লাহ ভীরু, সে তত বেশি সম্মানিত মানুষ। মহান আল্লাহ অধিক আল্লাহ ভীরু মানুষকে সর্বাধিক সম্মানিত বলে অভিহিত করেন।<sup>২৭</sup>

#### চ. মৃত্যুর স্মরণ

মৃত্যু পার্থিব জীবনের অপ্রিয় সত্য। প্রত্যেক প্রাণীকে একদিন মৃত্যুর স্বাদ গ্রহণ করতে হবে। মৃত্যু অনিবার্য। কাঁচঘেরা মজবুত ঘরে থাকলেও মৃত্যু পাকড়াও করবে। মৃত্যুর উপর বিশ্বাস রাখা প্রত্যেক মুমিনের জন্য অত্যাবশ্যিক। কবি আবুল আতাহিয়াহ কবিতার মাধ্যমে মানুষকে মৃত্যুর কথা স্মরণ করিয়ে দিচ্ছেন। তিনি বলেন,

الْمَوْتُ بَابٌ وَكُلُّ النَّاسِ دَاخِلُهُ \* فَلَيْتَ شِعْرِي يَعْدُ الْبَابَ مَا الدَّارُ<sup>২৮</sup>

[মৃত্যু একটি দরজা আর প্রত্যেকটি মানুষকে সেই দরজা দিয়ে প্রবেশ করতে হবে। কিন্তু হায়! জানতে ইচ্ছে করে, ওই দরজার পরে কোন ঘর? (সে ঘর হয় জান্নাত অথবা জাহান্নাম)]

কবি আবুল 'আলা আল-মা'আররী তার কবিতায় পার্থিব জীবনের বাস্তবতা ব্যাখ্যা করেছেন। তিনি বলেন,

كُلُّ ذِكْرٍ مِنْ بَعْدِهِ نَسِيَانٌ \* وَتَغِيْبُ الْأَثَارُ وَالْأَعْيَانُ  
إِنَّمَا هَذِهِ الْحَيَاةُ عَنَاءٌ \* فَلْيُخْبِرْكَ عَنْ أَذَاهَا الْعِيَانُ  
مَا يَحْسُ التُّرَابُ ثِقَلًا إِذَا دُوسَ \* وَلَا الْمَاءُ يَتَغَيَّبُ الْجُرْيَانُ  
نَفْسٌ يَعْدُ مِثْلُهَا يَنْقَضَى \* فَتَمُرُّ الدُّهُورُ وَالْأَحْيَانُ<sup>২৯</sup>

[প্রতিটি স্মৃতি একদিন মানুষ ভুলে যায়। অদৃশ্য হয় চিহ্নসমূহ আর মানুষজন। এই জীবন তো শুধু কষ্টেরই নাম। যে নিজে দেখেছে, সেই বলতে পারবে তার যাতনা। মাটিও অনুভব করে না কোনো ভার, যখন তাতে লাশ শোয়ানো হয়। আর পানিও ক্লান্ত হয় না অবিরাম বয়ে চলায়। এক প্রাণ যায়, আরেক আসে, এভাবেই সময় চলে যায়। যুগ-যুগান্তর কেটে যায় অনন্ত ঘূর্ণিতে।]

কবি উল্লিখিত পংক্তিমাল্য বলেন; পৃথিবীতে কোনো কিছু স্থায়ী নয়। মানুষ, তার কাজ, তার খ্যাতি সবই একসময় মুছে যায়। জীবন আসলে দুঃখ-যন্ত্রণা আর পরিশ্রমের সমষ্টি, যিনি জীবন কাটিয়েছেন তিনিই জানেন তার কষ্ট। প্রকৃতি নির্বিকার। মৃত্যু, জীবন, দুঃখ এসব তার কাছে কোনো বিষয় নয়; সে চলতে থাকে নিজের নিয়মে। মানুষের জীবন ক্ষণস্থায়ী, প্রজন্ম আসে-যায়, কিন্তু সময়ের প্রবাহ থামে না।

#### ছ. আখিরাতের প্রতি বিশ্বাস

আখিরাতের প্রতি বিশ্বাস ঈমানের অন্যতম শাখা। পার্থিব জীবন অতিবাহিত করে মানুষ মৃত্যুর দ্বারা আখিরাতের জীবনে প্রবেশ করে। আখিরাতের জীবনের শুরু আছে কিন্তু শেষ নাই। অনন্তকালের পরকালীন জীবনের সুখ ও শান্তি নির্ভর করে পার্থিব জীবনের উত্তম কাজের উপর। যে দুনিয়াতে আল্লাহর প্রতি বিশ্বাসের সাথে উত্তম কাজ সম্পাদন করবে আল্লাহ তায়ালা তার মৃত্যুর পরবর্তী জীবনের সুখ ও সফলতার প্রতিশ্রুতি প্রদান করেছেন। কবি আবুল আতাহিয়াহ বলেন,

وَسِقَامٌ ثُمَّ مَوْتُ نَازِلٌ \* ثُمَّ قَبْرٌ وَنُزُولٌ وَجَلْبٌ  
وَحَسَابٌ وَكِتَابٌ حَافِظٌ \* وَمَوَازِينٌ وَنَارٌ تَلْتَهُبُ  
وَصِرَاطٌ مَنْ يَقَعُ عَنْ حِدِّهِ \* فَإِلَى خَزْيٍ طَوِيلٍ وَنَصَبٍ<sup>৩০</sup>

[অতঃপর অসুস্থতা, তারপর মৃত্যু অবধারিত। তারপর কবরে অবতরণ। তারপর হিসাব এবং সুরক্ষিত কিতাব। তারপর পাপ-পুণ্যেও পরিমাপ করা হবে এবং অগ্নি প্রজ্জ্বলিত হবে। অতঃপর পুলসিরতের প্রাপ্ত থেকে যে নিম্নে পতিত হবে, সে দীর্ঘ অপমান ও কষ্টে পতিত হবে।]

#### জ. জান্নাত ও জাহান্নাম

মহান আল্লাহ আখিরাতে মানুষের ভাল-মন্দ কর্মের বিচার করবেন। যারা পার্থিব জীবনে আল্লাহর প্রতি ঈমান ও উত্তম কর্মের মাধ্যমে তার সন্তুষ্টি অর্জন করবে আল্লাহ তাদেরকে শেষ বিচারের পর চিরস্থায়ী জান্নাত প্রদান করবেন। আর যারা আল্লাহর প্রতি অবিশ্বাস ও মন্দ কর্মের মাধ্যমে তার অসন্তুষ্টি অর্জন করবে আল্লাহ তাদেরকে পরকালে চিরস্থায়ী জাহান্নামে প্রবেশ করাবেন। কবি আবুল আতাহিয়াহ তার কবিতার মাধ্যমে জান্নাত ও জাহান্নামের বর্ণনা তুলে ধরেছেন। কবি বলেন,

الدَّارُ حَتَّىٰ خُلِدَ إِنْ عَمِلْتَ بِمَا \* يُرْضِي الْإِلَهَ وَإِنْ قَصَّرْتَ فَالْآثَارُ<sup>৩১</sup>

[যে কাজ আল্লাহকে সন্তুষ্ট করে তা যদি তুমি করতে পার, তাহলে চিরস্থায়ী জ্ঞান হবে তোমার ঠিকানা। আর যদি তা থেকে কমতি কর তবে ঠিকানা হবে জাহান্নাম।]

### যুহদ কবিতার শিল্পরূপ

যুহদ কবিতা আরবী কবিতার বিশেষ একটি শাখা। আব্বাসীয় যুগে কতিপয় কবির দ্বারা যুহদ কবিতার ব্যাপক চর্চা হয়। তারা যুহদ কাব্যে অসাধারণ অবদান রাখেন। তাদের কবিতার ভাষা ছিল সহজ-সরল ও শব্দ চয়ন ছিল অলংকারপূর্ণ। তারা তাদের কবিতায় উপমা-উদাহরণ ও উৎপ্রেক্ষার ব্যবহার করেছেন। তাদের প্রকাশভঙ্গিতে লৌকিকতা ছিল অনুপস্থিত। যুহদ কাব্যের অন্যতম শৈল্পিক দিক হলো যুহদ কবিগণ গীতিকবিতার শুরুতে প্রেমিকার বাস্তবতা ও প্রেমসীর স্মৃতিচারণ থেকে বিরত থাকেন। তারা তাদের কাসীদার সূচনা থেকে শেষ পর্যন্ত যুহদ সংক্রান্ত বিষয়কে অধিক প্রাধান্য দিয়েছেন।<sup>৩২</sup> পার্থিব জীবনের প্রতি অনাসক্তির কারণে চাকচিক্যময় ও প্রাচুর্যভরা জীবন তাদেরকে আকৃষ্ট করতে পারেনি। বিভিন্ন যুগেই অধিকাংশ কবিগণ রাজা বাদশা, রাজন্যবর্গ ও নেতৃস্থানীয় লোকদের প্রশংসায় অথবা উপটোকন পাওয়ার আশায় কবিতা রচনা করেছেন। কিন্তু কবিগণ যুহদ কবিতা রচনায় কখনো কোন কিছু পাওয়ার প্রত্যাশা করেন না। ফলে যুহদ কবিতা সবসময় কোন ব্যক্তির প্রশংসা ও উপহার প্রাপ্তির আশা থেকে মুক্ত।<sup>৩৩</sup>

إِنَّمَا مَا أَعْدَلَك \* مَلِيكَ كُلِّ مَنْ مَلَك  
لِّيَكْ فَذُ لِيَّتْ لَكَ \* لِيَّتْكَ إِنَّ الْحَمْدَ لَكَ<sup>৩৪</sup>

[হে আমাদের মাবুদ! আপনি কতই না ন্যায়পরায়ণ। আপনি সকল রাজাদের রাজা। আমি উপস্থিত, আমি আপনার জন্য উপস্থিত হয়েছি। আমি উপস্থিত, সকল প্রশংসা একমাত্র আপনার জন্যই।]

যুহদ কবিতার অন্যতম বৈশিষ্ট্য হলো; কবিগণ তাদের কবিতা রচনায় বিভিন্ন ওয়ন বা ছন্দ ব্যবহার করেছেন। যেমন কবি আবুল আতাহিয়াহ এর কাসীদাগুলো কামিল, ওয়াফির, বাছীত ও রামাল ছন্দে রচিত। আর কবি আবু নুওয়াস তার যুহদ কবিতা রচনায় খণ্ডিত ছন্দ ব্যবহার করেন। বিশেষ করে তিনি মুতাকারিব ও রামাল ছন্দে কবিতা রচনা করেন।<sup>৩৫</sup> যুহদ কবিতার অন্যতম বৈশিষ্ট্য হলো কবিগণ যুহদ কবিতা রচনায় সহজ-সরল বর্ণনা ও সাবলিল প্রকাশভঙ্গির আশ্রয় নিয়েছেন। আর পাঠকবৃন্দ যেন সহজেই কবিতার মর্মার্থ উপলব্ধি করতে পারে এ ব্যাপারে তারা সতর্ক থাকতেন।<sup>৩৬</sup> কখনো যুহদ কবিগণ মিথ্যা ও বানোয়াট গল্পের ধারে কাছেও যান না। তারা সর্বদা সত্য বর্ণনা সরল ভাবে তুলে ধরেন।<sup>৩৭</sup> যুহদ কবিতা আব্বাসীয় সাহিত্যের এক বিশাল স্থান দখল করে আছে। এ যুগের কবিগণ যুহদ কবিতায় অসাধারণ অবদান রাখেন।

### উপসংহার

আরবি সাহিত্যের প্রতিটি যুগেই যুহদ (পৃথিবীর প্রতি অনাসক্তি) মূলক কাব্যের ধারা উপস্থিত ছিল। কবিদের মধ্যে যারা আল্লাহর প্রতি অগাধ বিশ্বাস ও তাঁর রাসুলের সা. আদর্শের অনুসারী ছিলেন তাঁরা তাঁদের কবিতায় স্বীয় বিশ্বাস ও কর্মের ছাপ রেখেছেন। বিশেষ করে আব্বাসীয় যুগের কতিপয় কবি যুহদ কবিতার চর্চা ও বিকাশে বিশেষ অবদান রাখেন। তারা যুহদ কবিতা রচনায় উল্লেখযোগ্য প্রসিদ্ধি লাভ করেন। আরবি কাব্য সাহিত্যের ইসলামি ভাবধারার মধ্যে উল্লেখযোগ্য হলো যুহদ তথা দুনিয়ার প্রতি অনাসক্তিমূলক কবিতা রচনা করা। যুহদ মানব জীবনের এমন এক চিন্তাধারা যার দ্বারা মানুষ দুনিয়ার মোহ ত্যাগ করে আধিরাতমুখী হয়। এটি মানুষের কর্ম ও চিন্তা চেতনায় ব্যাপক পরিবর্তন সাধন করে। আরবি কবিতায় এ চিরন্তন ধারাটি অন্যান্য যুগের তুলনায় আব্বাসীয় যুগে অধিক বিকশিত হয়। এ যুগের কবিদের রচিত হয় অসংখ্য যুহদ কবিতা সাহিত্যের ইতিহাসে একটি স্বতন্ত্র শিল্পের রূপ ধারণ করে। এ যুগের কবিদের রচিত যুহদ কবিতার আবেদন অতীত প্রজন্ম থেকে পরবর্তী প্রজন্ম পর্যন্ত সমান ভাবে মূল্যায়িত হবে।

### তথ্যনির্দেশ

<sup>১</sup> আব্বাসীয় যুগের অন্যতম প্রথিতযশা কবি হলেন আবু নুওয়াস। তার প্রকৃত নাম আবু আলী আল-হাসান ইবন হানী আল-হাকামী। তিনি আব্বাসীয় খলীফা আবু জাফর আল-মানসুরের শাসনামলে ৭৬২ খ্রিষ্টাব্দে ইরানের খুজিস্থানের এক পল্লীতে জন্ম গ্রহণ করেন। কবি অল্প বয়সে পিতৃহারা হন, ফলে তিনি তার মাতার তত্ত্বাবধানে প্রতিপালিত হন। তিনি বাল্যকালে সম্পূর্ণ পবিত্র কুরআন মুখস্থ করেন। পরবর্তীতে তিনি বাসরার জামে মসজিদে সমকালীন কবি সাহিত্যিক ও মনীষীদের জ্ঞানের আসরে যোগ দেন। কবি কর্ম জীবনে সুনির্দিষ্ট কোন পেশার সাথে জড়িত ছিলেন না। তিনি খলীফা ও শাসকবর্গের দরবারে অর্থোপার্জনের জন্য ঘুরে বেড়াতেন। রাজন্যবর্গের উদ্দেশ্যে প্রশংসামূলক কবিতা রচনা করে উপটোকন লাভ করতেন। তিনি বার্মাকীদের উদ্দেশ্যে প্রশংসাগীতি রচনা করে আর্থিক ভাবে সমৃদ্ধ হন। খলীফা আল-আমীন তাকে রাজকবির মর্যাদা দান করেন। কবি মদ্যপানে অভ্যস্ত ছিলেন এবং বাগদাদের প্রধান মদ্যশালায় তার অবাধ বিচরণ ছিল। কবি তার যৌবনকালে ভোগবিলাস এবং আনন্দ ফুর্তিদেই ব্যস্ত ছিলেন। তিনি একজন স্বভাবকবি হওয়ায় সমকালীন কবিদের মাঝে তিনি অন্যতম শ্রেষ্ঠ কবির মর্যাদা পান। কবি আবু নুওয়াস তার জীবন সায়াহ্নে এসে অতীত জীবনের প্রতি অনুতপ্ত হয়ে ধর্মের প্রতি ঝুঁকে পড়েন। তিনি আল্লাহর নিকট তওবা করে যুহদকেন্দ্রিক বেশ কিছু

- কবিতা রচনা করেন। তার কবিতায় আল্লাহর একত্ববাদ, আল্লাহর রহমতের প্রত্যাশা, নিজ কৃতকর্মের অনুশোচনা ও মৃত্যুসহ নানান বিষয় ফুটে ওঠে। ঐতিহাসিক আহমাদ হাসান আয-যাইয়াত-এর মতে, কবি আবু নুওয়াস ১৯৯ হিজরীতে বাগদাদে মৃত্যু বরণ করেন। দ্র: হান্না আল-ফাখুরী, *আল-মু'জাম ফিল আদাবিল আরাবী, আল-আদাবুল কাদীম* (বৈরুত: দারুল মা'রিফাহ, ১৯৯৭ খ্রি.), পৃ. ২৭৩।
- ২ কবি আবুল আতাহিয়াহ আব্বাসী যুগের আরবী মরমী কাব্যের অন্যতম জনপ্রিয় কবি। তাকে মরমী কাব্যের প্রবর্তক হিসেবে বিবেচনা হয়। কবি ৭৪৮ খ্রিষ্টাব্দে কুফার একটি পল্লীতে জন্ম গ্রহণ করেন। তিনি তার শৈশবকাল কুফাতে অতিবাহিত করেন। কবি পারিবারিক অভাব-অনটনের কারণে কষ্টকর জীবন কাটান। বাল্যকাল থেকেই কবি প্রখর স্মৃতিশক্তির অধিকারী ছিলেন। তিনি মরু অঞ্চলের বেদুঈনদের সাথে চলাফেরা করে বিপুল আরবী ভাষা আয়ত্ত করেন। যা পরবর্তীতে কবিতা রচনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আব্বাসী খলীফা আল-মাহদীর খিলাফত কালে কবি বাগদাদ গমন করেন এবং খলীফার প্রশংসাগীতি রচনা করেন। খলীফা এক সময় তাকে দরবারী কবির মর্যাদা দেন এবং অনেক আর্থিক উপঢৌকন প্রদান করেন। কবি আবুল আতাহিয়াহ জীবনের শেষ সময়ে মরমী কবিতার প্রতি ঝুঁক পড়েন। তিনি স্বীয় চিন্তা-চেতনা ও ভাবধারার উৎস হিসেবে ইসলামের মৌলিক শিক্ষাকে গ্রহণ করেন। ফলে তার কাব্যে তাওহীদ, রিসালাত, আখিরাত, মৃত্যু, জান্নাত ও জাহান্নাম ইত্যাদি বিষয়ের আলোচনা স্থান পায়। কবি তার ব্যক্তি জীবনের প্রথমার্ধে ধর্মের ব্যাপারে উদাসীন থাকলেও শেষ জীবনে মরমীবাদে প্রবেশ করে একজন ধর্মনিষ্ঠ ব্যক্তিতে পরিণত হন। কবি আবুল আতাহিয়াহ ৮২৭ খ্রিষ্টাব্দে বাগদাদে ইন্তিকাল করেন। দ্র: শাওকী দায়ফ, *তারীখুল আদাবিল আরাবী, আল-আসরুল আব্বাসী আল-আওয়াল* (কায়রো: দারুল মা'আরিফ, ১৯৬৬ খ্রি.), পৃ. ২২০-২৩০, উমার ফারুক, *তারীখুল আদাবিল আরাবী*, ২য় খণ্ড (বৈরুত: দারুল ইলম লিল মালারিন, ১৯৮৯ খ্রি.), পৃ. ১৯০-১৯৫।
- ৩ ইসলামী সভ্যতার ইতিহাসে আব্দুল্লাহ ইবনুল মুবারক (রহ.) এমন এক অনন্য ব্যক্তিত্ব, যিনি একাধারে ছিলেন হাদীস বিশারদ, ফকীহ, দার্শনিক চিন্তাদিদ এবং স্বনামধন্য কবি। তাঁর জীবন ও সাহিত্যচর্চায় ইসলামি নৈতিকতা, জ্ঞানচর্চা ও সমাজসচেতনতার অপর সমন্বয় সাধন করেছেন। কবিতার মাধ্যমে তিনি ঈমান, তাওহীদ ও আখলাকের প্রতি আহবান জানিয়েছেন। আব্দুল্লাহ ইবনুল মুবারক (রহ.) ৭১৮ খ্রিষ্টাব্দে তুর্কিস্তানে জন্মগ্রহণ করেন। তিনি অল্প বয়সেই কুরআন হিফজ করেন এবং হাদীস, ফিকহ, ভাষা, সাহিত্য ও ইতিহাসে বিশেষ পারদর্শিতা অর্জন করেন। তাঁর শায়খদের মধ্যে ইমাম মালিক (৭১১-৭৯৫ খ্রি.), সুফিয়ান আস-সাওরি (৭১৬-৭৭৮ খ্রি.) ও আবু হানিফার (৬৯৯-৭৬৭ খ্রি.) মতো আলেমগণ অন্তর্ভুক্ত। ইবনুল মুবারক শুধুমাত্র হাদীস বা ফিকহের পণ্ডিতই ছিলেন না; তিনি ছিলেন আরবী ভাষা ও সাহিত্য-শ্রেণী একজন মার্জিত কবিও। তাঁর কবিতায় জ্ঞান, ত্যাগ, আল্লাহভীতি, আত্মসমালোচনা এবং মানবিক বোধ গভীরভাবে প্রতিফলিত হয়েছে। তাঁর কবিতা নীতিনির্ভর ও হৃদয়স্পর্শী, যাতে ছিল আত্মিক জাগরণের আহবান। ইবনুল মুবারক মরমী ধারার কাব্য চর্চার অন্যতম পথিকৃৎ। তাঁর কবিতা পরবর্তীকালে সুফি ও যুহদ কবিদের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে ওঠে। তাঁর কবিতা একদিকে যেমন ধর্মীয় অনুপ্রেরণা জুগিয়েছে, তেমনি আরবী সাহিত্যেও যুক্ত করেছে নতুন দার্শনিক মাত্রা। তাঁর কবিতা আজও মানবমুক্তি, ন্যায়, পরকাল-চেতনা ও আল্লাহভীতির এক জাহত দৃষ্টান্ত হয়ে আছে। দ্র: ড. শাওকী দায়ফ, *তারীখুল আদাবিল আরাবী, আল-আসরুল আব্বাসী আল-আওয়াল*, পৃ. ৪০২-৪০৬।
- ৪ আবুল 'আলা আল-মা'আররী আব্বাসী যুগের অন্যতম শ্রেষ্ঠ কবি। তিনি ৯৭৩ খ্রিষ্টাব্দে সিরিয়ার আলেক্সান্দ্রিয়া শহরের নিকটে একটি গ্রামে জন্ম গ্রহণ করেন। তিনি অল্প বয়সে দৃষ্টি শক্তি হারান। তিনি ছোট বেলা থেকেই অসাধারণ স্মৃতিশক্তি ও বুদ্ধিমত্তার অধিকারী ছিলেন। কবি তার পিতার কাছে প্রাথমিক শিক্ষা গ্রহণ করে আলেক্সান্দ্রিয়া শহরে গমন করেন এবং মুহাম্মাদ ইবন আব্দুল্লাহর নিকট আরবী ভাষা, সাহিত্য এবং হাদীস শাস্ত্রে জ্ঞানার্জন করেন। কবি পরবর্তীতে জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখায় পাণ্ডিত্য অর্জন করেন। তিনি তাঁর জ্ঞানের জগতে আরো শানিত করতে বাগদাদ গমন করেন। তিনি সেখানে সমকালীন পণ্ডিত, সূফী-সাধক, কবি, সাহিত্যিক ও মনীষীদের সাহচর্যে জ্ঞানার্জন করেন। কবি আবুল 'আলা আল-মা'আররী এক সময় দর্শন শাস্ত্রের পণ্ডিত হয়ে ওঠেন। এ সময় বিশেষ করে আত্মা, দেহ-সৃষ্টিজগত, মৃত্যু ইত্যাদি বিষয়ে গভীর চিন্তা-ভাবনা করেন। এ ভাবে তিনি আধ্যাত্মিকতায় ডুবে যান এবং মরমী কবিতা চর্চা করেন। তাঁর কবিতার দার্শনিক চিন্তা-ভাবনার বহিঃপ্রকাশ ঘটে। তাঁর কাব্যসমগ্র *الزوميات* নামক গ্রন্থে সংরক্ষিত আছে। এই মহান কবি ১০৫৭ খ্রিষ্টাব্দে ইন্তিকাল করেন। দ্রঃ হান্না আল-ফাখুরী, *তারীখুল আদাবিল আরাবী, আল-আদাবুল কাদীম*, পৃ. ৮৪৩-৮৫০; ড. কামাল ইয়াযিজী, *আবুল 'আলা আল-মা'আররী ও লুমিয়্যাতুহ* (বৈরুত: দারুল জীল, ১৯৯৮ খ্রি.), পৃ. ৫৪।
- ৫ ড. মুহাম্মাদ ফজলুর রহমান, *আরবী বাংলা ব্যবহারিক অভিধান* (ঢাকা: রিয়াদ প্রকাশনী, ২০১৮ খ্রি.), পৃ. ৩০৮।
- ৬ *আল-মু'জামুল ওয়াসীত* (দেওবন্দ: জাকারিয়া বুক ডিপো, ২০০১ খ্রি.), পৃ. ৪০৩; ইমাম ওয়াকী ইবনুল জাররাহ, *কিতাবু যুহদ* (মদীনা মুনাওয়া: মাকতাবাতু দার, ১৯৮৪ খ্রি.), পৃ. ১২৩।
- ৭ ইবন মানযুর, *লিসানুল আরাব*, ৪র্থ খণ্ড (কায়রো: মাকতাবাতু দারুল মা'আরিফ, ১৯৮০ খ্রি.), পৃ. ১৮০।
- ৮ ড. ইয়াহয়া শামী, *আরওয়াউ মা-খীলা ফিয যুহদ* (বৈরুত: দারুল ফিকরিল আরাবী, ১৯৯২ খ্রি.), পৃ. ৫।
- ৯ আব্দুল কাদির ঈসা, *হাকাইকুন আনিত-তাসাউউফ* (আলেক্সান্দ্রিয়া: ওয়ারাতুল ই'লাম, ২০০৭ খ্রি.), পৃ. ১৬।
- ১০ *কিতাবু যুহদ*, পৃ. ১২৫।
- ১১ সূরাহ আল-হাদীদ, আয়াত: ২০।
- ১২ সূরাহ আল-মুনাফিকুন, আয়াত: ৯।
- ১৩ সূরাহ আল-কাহাফ, আয়াত: ৪৬।
- ১৪ আল্লাহ তায়ালা বলেন, ﴿إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ كَانَتْ لَهُمْ جَنَّاتُ الْفِرْدَوْسِ نُزُلًا﴾ [যারা বিশ্বাস স্থাপন করে ও সৎ কর্ম সম্পাদন করে, তাদের অভ্যর্থনার জন্যে আছে জান্নাতুল ফেরদৌস। সেখানে তারা চিরকাল থাকবে, সেখান থেকে স্থান পরিবর্তন করতে চাইবে না।] দ্রঃ সূরাহ আল-কাহাফ, আয়াত: ১০৭-১০৮।
- ১৫ মহানবী সা. বলেন, مَا أَتَا فِي الدُّنْيَا إِلَّا كَرَاكِبٍ اسْتَظَلَّ تَحْتِ شَجَرَةٍ ثُمَّ رَاحَ وَتَرَكَهَا।
- ১৬ ইমাম তিরমিযী, *সুনানু তিরমিযী* (রিয়াদ: বাইতুল আফকারিদ দাওলিয়াহ লিতাওয়া'ী' ওয়ান নাশরি, তা.বি.), হাদিস নং-২৩২৪।
- ১৭ ইমাম বায়হাকী, *ঔ আবুল ঈমান* (মাতবা'আতু দারুল ইহয়াইল কুতুবিল ইলমিয়াহ, তা.বি.), হাদীস নং-৪১০২।
- ১৮ লাবীদ ইবন আবী রাবীআহ, *আদ-দীওয়ান* (বৈরুত: দারু সাদির, তা.বি.), পৃ. ১৩২।

- 
- ১৯ আবুল আতাহিয়াহ, আদ-দীওয়ান (বৈরুত: দারু বৈরুত, ১৯৮৬ খ্রি.), পৃ. ১৮১।
- ২০ প্রাগুক্ত, পৃ. ১২৮।
- ২১ সিরাজুদ্দীন মুহাম্মাদ, আয-যুহদ ফিশ শিরিল আরাবী, পৃ. ৫৮।
- ২২ প্রাগুক্ত, পৃ. ২৯।
- ২৩ শাওকী দায়ফ, তারীখুল আদাবিল আরাবী আল-আসরুল আক্বাসী আল-আওয়াল (কায়রো: দাবুল মাআরিফ, ৮ম সংস্করণ তা.বি.), পৃ. ৪০৫; মুহাম্মাদ উছমান জামাল, আবদুল্লাহ ইবনুল মুবারক আল-ইমাম আল-কুদওয়াহ (দিমাশক: দারুল কলম, ৪র্থ সংস্করণ, ১৯৯৭ খ্রি.), পৃ. ১৮০।
- ২৪ সিরাজুদ্দীন মুহাম্মাদ, আয-যুহদ ফিশ শিরিল আরাবী, পৃ. ৩৪।
- ২৫ সূরাহ আলে ইমরান, আয়াত: ১০২।
- ২৬ সিরাজুদ্দীন মুহাম্মাদ, আয-যুহদ ফিশ শিরিল আরাবী, পৃ. ৪৭।
- ২৭ ইরশাদ হচ্ছে, ﴿إِنَّ أَوْلَىٰكُمْ عِنْدَ اللَّهِ تَفَكُّمٌ﴾ “নিশ্চয়ই তোমাদের মধ্যে আল্লাহর নিকট অধিক সম্মানিত ব্যক্তি হলো যে তোমাদের মধ্যে অধিক খোদাভীর।” দ্রঃ সূরাহ আল-হুযরাত, আয়াত: ১৩।
- ২৮ আবুল আতাহিয়াহ, আদ-দীওয়ান, পৃ. ১৬৮।
- ২৯ আবুল ‘আলা আল-মা‘আররী, আল-লুযুমিয়াত, ১ম খণ্ড (কায়রো: মাকতাবাতুল হিলাল, ১৯২৪ খ্রি.), পৃ. ১৬৮।
- ৩০ সিরাজুদ্দীন মুহাম্মাদ, আয-যুহদ ফিশ শিরিল আরাবী, পৃ. ৪৯।
- ৩১ আবুল আতাহিয়াহ, আদ-দীওয়ান, পৃ. ১৬৮।
- ৩২ মুহাম্মাদ দায়ফ, শিরুয যুহদ ফিল আসরিল ‘আক্বাসী (মুআসসাসাতুল মুখতার লিননাশরি, ২০০৫ খ্রি.), পৃ. ৫৪৩-৫৪৮।
- ৩৩ প্রাগুক্ত, পৃ. ৫৯৩-৬২৪।
- ৩৪ ‘আলী আহমাদ আয-যুবায়দী, যুহদিয়াতু আবী নুওয়াস (কায়রো: মাতবা‘আতু কুসাতাতুমা, ১৯৫৯ খ্রি.), পৃ. ৮০।
- ৩৫ মুজাহিদ মোস্তফা বাহজাত, আত-তাইয়্যারুল ইসলামী ফী শিরিল ‘আসরিল ‘আক্বাসী আল-আওয়াল (ওয়ারাতুল আওকাফ ওয়াশ শূয়ুনিদ দীনিয়াহ, ১৯৮২ খ্রি.), পৃ. ৭২৫-৭৫৩।
- ৩৬ মুহাম্মাদ দায়ফ, শিরুয যুহদ ফিল ‘আসরিল ‘আক্বাসী, পৃ. ৩২৫।
- ৩৭ মুজাহিদ মোস্তফা বাহজাত, আত-তাইয়্যারুল ইসলামী ফী শিরিল ‘আসরিল ‘আক্বাসী আল-আওয়াল, পৃ. ৭৭৬-৭৮৩।

## সহিহুল বুখারির হাদিসে বর্ণনালংকার : একটি পর্যালোচনা [Rhetorical Ornament in the Hadiths of Sahih Al-Bukhari: A Review]

Md. Abdullah

PhD Fellow, Department of Arabic, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

### ARTICLE INFORMATION

The Faculty Journal of Arts

Rajshahi University

Volume 39, June 2025

ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A6>

Received : 23 February 2025

Received in revised: 20 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

### Keywords:

Imam Bukhari, Sahih Al-Bukhari, 'Ilm Al-Bayan, Tashbih, Majaz, Kinayah.

### ABSTRACT

Among the great personalities who enriched the knowledge of Hadith, Imam Bukhari (RA) was one of them. During the third century of the Islamic Hijra calendar, several Hadith scholars made relentless efforts to perfect the science of Hadith. Among them, Imam Bukhari (RA) was one of the most notable. During this period, he compiled the world-renowned Hadith collection Al-Jami' al-Sahih, commonly known as Sahih Al-Bukhari. The language of the Prophet (SM) was simple, eloquent, and concise. He never spoke unnecessarily and conveyed deep meanings with very few words. His speech was adorned with beautiful rhetoric. Therefore, the analysis of the ornamentation of the Hadith is a highly important and necessary subject. The way of expressing a thought in various forms according to the demands of the situation is called 'Ilm al-Bayan. Arabic rhetoric has specific principles, such as 'Tashbih' (simile), 'Majaz' (Allegory), and 'Kinayah' (metonymy). In this essay, we will attempt to analyze the rhetoric of Hadith by identifying these significant principles and examining their usage in the Hadith of Sahihul Bukhari.

### ১. ভূমিকা

আল-হাদিস হলো অপঠিত ওহি, যা রাসূলুল্লাহ সা.-এর অন্তরে প্রক্ষিপ্ত হয়েছে। শরিয়তের উৎসগ্রন্থ হিসেবে পবিত্র কুরআনের পরই হাদিসের স্থান। ইসলামি শরিয়তের পরিভাষায় হাদিস বলতে রাসূলুল্লাহ সা.-এর বাণী, কর্ম ও মৌন সম্মতিকে বুঝায়। এতদ্ব্যতীত সাহাবি এবং তাবি'য়ীদের কথা, কাজ এবং অনুমোদনকেও হাদিস বলে গণ্য করা হয়। এখানে হাদিস বলতে মূলত এককভাবে রাসূল সা.-এর বাণীকেই বুঝানো হয়েছে। হিজরী তৃতীয় শতকে যে সকল হাদিসবেত্তার অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে হাদিসশাস্ত্র উৎকর্ষতা লাভ করে ইমাম বুখারি রহ. ছিলেন তাঁদের অন্যতম। এই সময়ে তিনি লিপিবদ্ধ করেন জগদ্বিখ্যাত হাদিস গ্রন্থ 'আল-জামি'উস সহিহ', যা সহিহুল বুখারি নামে সর্বাধিক পরিচিত। রাসূল সা.-এর মুখের ভাষা ছিল অত্যন্ত সাবলীল ও প্রাঞ্জল। তিনি কখনোই প্রয়োজনের অতিরিক্ত কথা বলতেন না। অল্প কথায় বেশি ভাব প্রকাশ করতেন। এজন্য তাঁকে 'জাওয়ামিউল কালিম' বলা হয়। তাঁর বাণী ছিল অলংকারপূর্ণ। তাই রাসূল সা.-এর বাণী বা আল-হাদিসের অলংকার বিশ্লেষণ একটি অতি প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ বিষয়। একটি ভাবকে বিভিন্ন পদ্ধতিতে অবস্থার চাহিদা মোতাবেক বর্ণনার পছন্দকে علم البيان বা বর্ণনালংকার বলে। আরবি অলংকার শাস্ত্রে বর্ণনালংকারের কিছু সুনির্দিষ্ট সূত্র রয়েছে। যেমন الكناية, المجاز, التشبيه ইত্যাদি। আলোচ্য প্রবন্ধে আমরা বর্ণনালংকারের উল্লেখযোগ্য সূত্রের পরিচয় তুলে ধরে সহিহুল বুখারির হাদিসের মাঝে সেগুলোর ব্যবহার পর্যালোচনার মাধ্যমে হাদিসের বর্ণনালংকার বিশ্লেষণ করার প্রয়াস পাবো।

### ২. ইমাম বুখারি রহ.-এর সংক্ষিপ্ত জীবন পরিচয়

ইমাম বুখারি রহ. ছিলেন একজন বিশ্ববিশ্রুত হাদিস বিশারদ। ইমাম বুখারি রহ.-এর আসল নাম- মুহাম্মাদ। উপনাম- আবু 'আব্দুল্লাহ। উপাধি- আমীরুল মুমিনীন ফিল হাদিস। বংশধারা- মুহাম্মাদ বিন ইসমাইল বিন ইবরাহীম বিন মুগীরা বিন বারদযবা।<sup>১</sup> ইমাম বুখারি রহ. মুসলিম অধ্যুষিত এবং ইসলামি সংস্কৃতি ও সভ্যতার লীলাকেন্দ্র বুখারা নগরে আব্বাসীয় খলিফা আল-আমিন-এর শাসনামলে ১৯৪ হিজরী ১৩ই শাওয়াল শুক্রবারের দিন জুমু'আর সালাতের পর জন্মগ্রহণ করেন।<sup>২</sup> ইবন কাসির রহ. বলেন, 'ইমাম বুখারি রহ.-এর শৈশবকালেই তাঁর পিতা মারা যান। অতঃপর তাঁর মায়ের তত্ত্বাবধানেই তিনি লালিত পালিত হন। তিনি মকতবে পড়াকালীন আল্লাহ তা'আলা তাঁর অন্তরে হাদিস মুখস্থের ইচ্ছা জাগ্রত করেন। তিনি দশ বছরের বালক থাকাবস্থায় প্রসিদ্ধ হাদিসের গ্রন্থগুলো পড়া শেষ করেন। এমনকি বলা হয়ে থাকে, তিনি সাত বছরের বালক থাকাবস্থায় ধারাবাহিকভাবে সাত হাজার হাদিস মুখস্থ করেন।'<sup>৩</sup>

ইমাম বুখারি রহ. হাদিস শিক্ষা করার জন্য তাঁর বিভিন্ন শহরের সফর সম্পর্কে বলেন, ‘আমি মক্কা, মদিনা, কূফা, বসরা, ওয়াসিতু, বাগদাদ, সিরিয়া, মিশর প্রভৃতি জনপদের এক হাজারেরও বেশী শায়খের সাথে যুগের পর যুগ ধরে দীর্ঘ ছেচল্লিশ বছরের অধিক সময় ধরে বহুবার সাক্ষাৎ করেছি। আমি সিরিয়া, মিশর ও আল-জাযীরার শায়খগণের সাথে ২ বার এবং বসরার শায়খগণের সাথে ৪ বার মূলকাত করেছি। মক্কা-মদিনায় ছয় বছর অবস্থান করেছি। আর আমি কত বার যে কূফা ও বাগদাদে প্রবেশ করেছি, তার হিসাবই রাখিনি।’<sup>৪৪</sup> ইমাম বুখারি রহ.-এর ছাত্র সংখ্যা ছিলেন লক্ষাধিক। মুহাম্মাদ ইবন ইউসুফ আল-ফিরাবরি রহ. বলেন, ইমাম বুখারি রহ.-এর নিকট থেকে সহিহুল বুখারি শ্রবণ করেছেন ৭০ হাজার ছাত্র। তাঁর উল্লেখযোগ্য ছাত্রের মধ্যে রয়েছে, ইমাম মুসলিম, তিরমিযি, নাসাঈ প্রমুখ।<sup>৪৫</sup> ইমাম বুখারি রহ. ২৫৬ হিজরীতে শনিবারের দিন ঈদুল ফিতরের রাতে এশার ছালাতের সময় মারা যান। তাকে ঈদুল ফিতরের দিন যোহরের সালাতের পর দাফন করা হয়। তখন তার বয়স হয়েছিল ১৩ দিন কম ৬২ বছর।<sup>৪৬</sup>

### ৩. সহিহুল বুখারির সংক্ষিপ্ত পরিচিতি

যদিও ওলামায়ে কেরামের নিকট গ্রন্থটি ‘সহিহুল বুখারি’ বা ‘আল-জামি‘উস সহিহ’ নামে পরিচিতি লাভ করেছে। কিন্তু তার আসল নাম, الْجَامِعُ الْمُسْنَدُ الصَّحِيحُ الْمَخْتَصَرُ مِنْ أُمُور رَسُولِ اللَّهِ وَسُنَّهِ وَأُذُنِهِ ‘রাসূলুল্লাহ সা.-এর যাবতীয় ব্যাপার, কাজকর্ম, সুনাত ও সমকালীন অবস্থা সম্পর্কে নির্ভুল সনদযুক্ত হাদিস সমূহের সংক্ষিপ্ত ও পূর্ণাঙ্গ সংকলন’।<sup>৪৭</sup> মুহাম্মাদ মুহাম্মাদ আবু যাহব রহ. বলেন, ‘ইমাম বুখারি রহ. যখন গ্রন্থটি লেখা শেষ করলেন, তখন ইমাম আহমাদ ইবন হাম্বল, ইয়াহইয়া ইবন মাদ্ঈন, ‘আলি ইবন মাদিনি রহ. প্রমুখ মুহাদ্দিসের নিকট তা পেশ করলে, সকলেই তার প্রশংসা করেন। চারটি হাদিস ব্যতীত তাঁর সকল হাদিসের সহিহ হওয়ার ব্যাপারে তারা স্বীকৃতি দেন। ইমাম উকাইলি বলেন, এই ৪টি হাদিসে ইমাম বুখারি রহ.-এর কথাই সঠিক। তথা এই ৪টি হাদিসও সহিহ।’<sup>৪৮</sup>

ইমাম বুখারি রহ. ছয় লক্ষ হাদিস থেকে যাচাই-বাছাই এবং নির্বাচনের মাধ্যমে পূর্ণ ১৬ বছরে ‘আল-জামি‘উস সহিহ’ গ্রন্থটি সংকলন করেন। ইবন আস-সালাহ ও নববি রহ.-এর মতে, পুনরুল্লেখ সহ ‘জামি‘উস সহিহ’ গ্রন্থের হাদিস সংখ্যা হবে ৭২৭৫টি। পুনরুল্লেখ ছাড়া হাদিস সংখ্যা হবে ৪০০০টি।<sup>৪৯</sup>

### ৪. علم البيان-এর পরিচয় ও সহিহুল বুখারির হাদিসে এর ব্যবহার

এটি আরবি অলংকার বিদ্যার একটি অন্যতম শাখা। علم البيان অলংকার শাস্ত্রের এমন একটি গুরুত্বপূর্ণ বিষয় যার মাধ্যমে একটি ভাব বা অর্থকে বিভিন্ন পদ্ধতিতে অবস্থার চাহিদা মোতাবেক বর্ণনার পস্থা জানা যায়।

#### علم البيان এর পরিচয়

علم البيان একটি যৌগিক শব্দ। প্রথমটি علم, এর মূলবর্ণ (ع-ল-ম)। এটি اسم এবং একবচন। বহুবচন علوم। অর্থ: জ্ঞান, তথ্য, বিদ্যা, বিজ্ঞান, শাস্ত্র, তত্ত্ব ইত্যাদি। দ্বিতীয়টি البيان, এটি (ب-ই-ন) মূলবর্ণ হতে বাবে ضرب এর মাসদার। অর্থ: বর্ণনা করা, প্রকাশ করা, উজ্জল করা, বিবরণ, বিশ্লেষণ, সাবলিল আলোচনা যা অন্তরের ভাবকে ব্যক্ত করে ইত্যাদি।<sup>৫০</sup>

علم البيان এর সংজ্ঞায় تلخيص গ্রন্থকার বলেন,

هو علم يعرف به إيراد المعنى الواحد بطرق مختلفة في وضوح الدلالة عليه.<sup>৫১</sup>

‘ইলমুল বায়ান এমন একটি বিজ্ঞান, যার মাধ্যমে একই অর্থকে বিভিন্ন উপায়ে স্পষ্টভাবে প্রকাশ করার পদ্ধতি সম্পর্কে জানা যায়’।

#### সহিহুল বুখারিতে علم البيان এর ব্যবহার

রাসূলুল্লাহ সা. ‘জাওয়ামি‘উল কালিম’ ছিলেন। সহিহুল বুখারির হাদিসে علم البيان এর ব্যাপক ব্যবহার লক্ষ্য করা যায়। এতে ব্যাপকভাবে التشبيه (সাদৃশ্য), المجاز (রূপক) ও الكناية (ইঙ্গিত) ইত্যাদির ব্যবহার রয়েছে। এখানে আমরা ধারাবাহিকভাবে সহিহুল বুখারির হাদিসে علم البيان এর ব্যবহার দেখানোর প্রয়াস পাব ইনশা-আল্লাহ!

#### التشبيه এর পরিচয় ও সহিহুল বুখারির হাদিসে এর ব্যবহার

আরবি ভাষা ও সাহিত্যে التشبيه একটি গুরুত্বপূর্ণ সংযোজন। ইলমুল বালাগাতের এক বিশাল অঙ্গন জুড়ে এর বিচরণ। এটি একটি চমৎকার ও উন্নতমানের বাকরীতি। এর মাধ্যমে বক্তব্য আরো অধিক স্পষ্ট হয় এবং বাক্য সৌন্দর্যপূর্ণ হয়।

হাদিসে নববিত্তে ব্যাপকভাবে এর ব্যবহার লক্ষ্য করা যায়। এ পর্যায়ে التشبيه এর পরিচয় তুলে ধরে সহিছল বুখারির হাদিসে এর ব্যবহার আলোচনা করা হলো।

### التشبيه এর পরিচয়

التشبيه শব্দটি মূলবর্ণ (ش-ب-ه) হতে বাবে التفعيل এর মাসদার। এটি একবচন। বহুবচন تشبيهات বা تشابه। এটি التشبيه এর সমার্থক। যার অর্থ: উপমা দেয়া, উদাহরণ দেয়া, তুলনা করা, সাদৃশ্য প্রতিপাদন ইত্যাদি। تشابه শব্দের পরে ب সীলাহ আসলে উপমা দেয়া, উদাহরণ দেয়ার অর্থ প্রদান করে থাকে। যেমন বলা হয়ে থাকে, شبه الشيء بالشيء অর্থাৎ ‘একটি বিষয়কে অন্য একটি বিষয়ের সঙ্গে তুলনা করা হয়েছে’।<sup>১২</sup>

التشبيه এর সংজ্ঞায় ‘আলি আল-জারিম ও মুস্তাফা আমিন বলেন,

التشبيه: بيان أن شيئاً أو أشياء شاركت غيرها في صفة أو أكثر، بأداة هي الكاف أو نحوها ملفوظة أو ملحوظة.<sup>১৩</sup>

‘التشبيه হলো এমন বর্ণনা দেওয়া যে, একটি বস্তু বা একাধিক বস্তু একটি গুণ কিংবা একাধিক গুণে অন্যের সাথে উচ্চারিত বা অনুচ্চারিত كاف অথবা তার মত অন্য কোন অব্যয় দ্বারা সম্পৃক্ত হবে’।

উপমার (উপমার) أداة التشبيه ৩, (উপমান) التشبيه به ২, (উপমেয়) التشبيه ১। যথা: ১. التشبيه (উপমার) ৩, (উপমান) التشبيه به ২, (উপমেয়) التشبيه ১। প্রথমের দু’টিকে التشبيه طرفা বলা হয়।<sup>১৪</sup>

১. التشبيه (উপমেয়): বাক্যে যাকে (অন্যের সাথে) তুলনা করা হয় তাকে التشبيه বলে।

২. التشبيه (উপমান): যার সাথে তুলনা করা হয়, তাকে التشبيه به বলে। এ দু’টিকে التشبيه طرفা (উপমার দু’পার্শ্ব) বলে।

৩. التشبيه (উপমার অব্যয়): এটি এমন একটি অক্ষর বা শব্দ, যা সাদৃশ্যের অর্থ প্রদান করে। যেমন: كَأَنَّ، نَحْوُ، مِثْلُ। যেমন বলা হয়ে থাকে، العلم كالنور في الهداية, ‘পথপ্রদর্শনে বিদ্যা আলোর ন্যায়।’ আলোচ্য উদাহরণে العلم শব্দটি أداة التشبيه হলো ك وَأوجه التشبيه শব্দটি التشبيه به, الهداية শব্দটি التشبيه به, النور

৪. التشبيه (উপমার ক্ষেত্র, তুলনার দিক): এটি এমন একটি গুণের নাম যাতে التشبيه به ও التشبيه উভয়ই শরীক থাকে।<sup>১৫</sup> নিম্নে সহিছল বুখারিতে কোথায় التشبيه এর অলংকার নিহিত রয়েছে সে সম্পর্কে আলোকপাত করা হল।

### سহিছল বুখারিতে التشبيه এর ব্যবহার

التشبيه এর সংজ্ঞার আলোকে সহিছল বুখারির হাদিসের মধ্যে অনেক বাক্য পাওয়া যায়, যেগুলোর মাঝে التشبيه এর ব্যবহার ঘটেছে। এ পর্যায়ে হাদিসের এমন কিছু উদ্ধৃতি পর্যালোচনা করা হলো, যার মধ্যে التشبيه এর বর্ণনালংকার ফুটে উঠেছে।

নবী সা. এর বাণী: ١٦ ‘أَنْ تَعْبُدَ اللَّهَ كَأَنَّكَ تَرَاهُ’ ‘তুমি এমনভাবে আল্লাহর ইবাদত করবে যেন তুমি তাকে দেখছো।’ উক্ত হাদীছে التشبيه এর অলংকার ফুটে উঠেছে। এখানে عبادة الله ‘বান্দার ইবাদত’-এর সাথে التشبيه أداة হিসেবে (كَأَنَّ) দ্বারা ব্যক্তির رؤية الله হওয়া মুশাব্বাহ এবং ব্যক্তির رؤية الله হওয়া মুশাব্বাহ বিহী। ইমাম নববি রহ. বলেন, রাসূলুল্লাহ সা.-এর প্রদত্ত বক্তব্য جوامع الكلم এর অন্তর্ভুক্ত। কেননা আমাদের কেউ যখন ইবাদতে দাঁড়িয়ে এটা ধরে নিবে যে, তাকে তাঁর রব দেখছেন, তখন কখনোই তার খুযু, খুশু বিনষ্ট হবে না। যেন এর দ্বারা উদ্দেশ্য হলো, তুমি সকল অবস্থায় আল্লাহকে পর্যবেক্ষণকারী জেনে তাঁর ইবাদত করবে।<sup>১৭</sup>

আবু হুরায়রা রা. বর্ণনা করেন, দরিদ্র লোকেরা নবী সা.-এর নিকটে এসে অভিযোগ করলেন, يُصَلُّونَ كَمَا نَصَلَّى، وَيُصُومُونَ<sup>১৮</sup> ‘তারা আমাদের মত সালাত আদায় করছেন ও আমাদের মত সিয়াম পালন করছেন।’ উক্ত হাদিসে সম্পদশালীর সালাতের সাথে সাদাক্বাহ আদায়ে অক্ষম অসম্পদশালী ব্যক্তির সালাতের সাদৃশ্য দেওয়া হয়েছে। আবার

كُنْ فِي الدُّنْيَا كَأَنَّكَ غَرِيبٌ، أَوْ عَابِرُ سَبِيلٍ ١٩

রাসূলুল্লাহ সা.-এর বাণী: <sup>২৮</sup> كَأَنَّ عَيْنَهُ عَيْنَةُ طَافِيَةٍ إِنَّ الْمَسِيحَ الدَّجَالَ أَعْوَرَ الْعَيْنِ الْيُمْنَى، كَأَنَّ عَيْنَهُ عَيْنَةُ طَافِيَةٍ 'নিশ্চয় আল্লাহ কানা নন। সাবধান! মসিহ দাজ্জালের ডান চোখ কানা এবং তার চোখটি যেন গুচ্ছ থেকে। ভেসে ওঠা আঙ্গুর।' আলোচ্য হাদিসে (ع) হরফে তাশবিহর মাধ্যমে كَأَنَّ الْمَسِيحَ الدَّجَالَ أَعْوَرَ الْعَيْنِ الْيُمْنَى বাক্যকে عَيْنَةُ طَافِيَةٍ এর সাথে তাশবিহ দেওয়া হয়েছে। এভাবে সহিহুল বখারির হাদিস পর্যালোচনা করলে দেখা যায়, সেখানে অনেক হাদিসের মাঝে تشبيه এর ব্যবহার ঘটেছে।

### الحجاز এর পরিচয়

অন্যান্য ভাষার ন্যায় আরবি ভাষাতেও الحجاز এর ব্যবহার খুবই সমাদৃত। পবিত্র কুরআন ও হাদিসে এর চমকপ্রদ ব্যবহার বিদ্যমান। এমনকি আরবদের দৈনন্দিন কথোপকথন ও সাহিত্যচর্চায় বিভিন্ন ক্ষেত্রে الحجاز এর বহুল ব্যবহার লক্ষ্য করা যায়। মূলত الحجاز শব্দটি مفعول এর ওজনে جواز থেকে উৎকলিত। মূলবর্ণ ج-و-ز যার অর্থ- অতিক্রম, পথ, বারান্দা, রূপক ইত্যাদি।<sup>২৯</sup>

الحجاز ঐ শব্দকে বলে যেটি এমন অর্থে ব্যবহৃত হয়, যে অর্থের জন্য ঐ শব্দটিকে গঠন করা হয়নি এবং এরূপ ব্যবহারে উভয় অর্থের মধ্যে কোন না কোন সম্পর্ক বিদ্যমান থাকে এবং এমন ইঙ্গিত (قرينة) থাকে যা তার মূল অর্থ গ্রহণে বাধা প্রদান করে।

الحجاز এর সংজ্ঞায় ‘আলি আল-জারিম ও মুস্তাফা আমিন বলেন,

هو اللفظ المستعمل في غير ما وضع له لعلاقة مع قرينة مانعة من إرادة المعنى الحقيقي.<sup>৩০</sup>

‘প্রকৃত অর্থ গ্রহণে বাধাদানকারী কোন ইঙ্গিত বিদ্যমান থাকার শর্তে মূল ও রূপক অর্থের মাঝে কোন সম্পৃক্ততার কারণে শব্দকে তার প্রকৃত অর্থ বাদ দিয়ে রূপক অর্থে ব্যবহার করা।’

প্রকৃত ও রূপক অর্থের মাঝে একটি علاقة বা সম্পৃক্ততার প্রয়োজন হয়। যা সাধারণত المشابهة বা সাদৃশ্য হয়ে থাকে। তবে কখনও কখনও علاقة টি المشابهة ছাড়া অন্য কিছুও হতে পারে। আর قرينة বা ইঙ্গিত কখনও لفظية আবার কখনও حالية হয়ে থাকে। الحجاز এর মধ্যে ইতোপূর্বে الحجاز এর যে সংজ্ঞা দেওয়া হয়েছে সেটাই اللغوي الحجاز এর এর সংজ্ঞা। আর العقلي الحجاز এর সংজ্ঞায় ‘আলি আল-জারিম ও মুস্তাফা আমিন বলেন,

الحجاز العقلي هو إسناد الفعل أو ما في معناه إلى غير ما هو له لعلاقة مع قرينة مانعة من إرادة الإسناد الحقيقي.<sup>৩১</sup>

‘প্রকৃত অর্থ গ্রহণে বাধাদানকারী ইঙ্গিত থাকার কারণে فعل বা فعل এর উপযুক্ত বিষয় ব্যতিরেকে অন্য কোন কিছুর প্রতি সম্পর্ক করে দেওয়াকে العقلي الحجاز বলা হয়।’

الحجاز المرسل ২. الاستعارة ১. যথা: الحجاز اللغوي আবার দু’প্রকার। যথা:

الحجاز المرسل এর পরিচয় সম্পর্কে অলংকার শাস্ত্রে বলা হয়েছে,

الحجاز المرسل كلمة استعملت في غير معناها الأصلي لعلاقة غير المشابهة مع قرينة مانعة من إرادة المعنى الأصلي.<sup>৩২</sup>

‘প্রকৃত অর্থ গ্রহণে বাধাদানকারী ইঙ্গিত থাকলে المشابهة বা সাদৃশ্য ভিন্ন আর কোন সম্পর্কের কারণে প্রকৃত অর্থ বাদ দিয়ে অন্য কোন অর্থে ব্যবহৃত শব্দকে المرسل الحجاز বা মুক্ত রূপকালংকার বলে।’<sup>৩৩</sup>

الاستعارة এর পরিচয় সম্পর্কে অলংকার শাস্ত্রে বলা হয়েছে,

الاستعارة من الحجاز اللغوي، وهي تشبيه حذف أحد طرفيه، فعلاقتها المشابهة دائما.<sup>৩৪</sup>

‘প্রকৃত অর্থ গ্রহণে বাধাদানকারী ইঙ্গিত থাকলে المشابهة বা সাদৃশ্য ভিন্ন আর কোন সম্পর্কের কারণে প্রকৃত অর্থ বাদ দিয়ে অন্য কোন অর্থে ব্যবহৃত শব্দকে المرسل الحجاز বা মুক্ত রূপকালংকার বলে।’<sup>৩৫</sup>

আরবি অলংকারশাস্ত্রবিদগণ الاستعارة-কে কয়েকটি ভাগে ভাগ করেছেন।

প্রথমত: الاستعارة এর একটি অংশ উল্লেখ করা বা উহ্য রাখার বিবেচনায় এটি দু’প্রকার। ১. مكنية ২. تصريحية। অলংকার শাস্ত্রের পরিভাষায় تصريحية বলা হয়, وهي ما صرح فيها بلفظ المشبه به ‘যাতে মশেবে শব্দিকভাবে উল্লেখ থাকে।’<sup>৩৬</sup> আর مكنية হলো، وهي ما حذف فيها المشبه به و رمز له بشئ من لوازمه ‘যাতে মশেবে উহ্য থাকে এবং মশেবে এর জন্য আবশ্যকীয় কোন কিছুর দ্বারা ইঙ্গিত করা হয়।’<sup>৩৭</sup>

দ্বিতীয়ত: শাব্দিক বিবেচনায় الاستعارة দু'প্রকার। যথা: ১. التبعية. ২. الأصلية।

تكون الاستعارة أصلية إذا كان اللفظ الذي جرت, 'আলি আল-জারিম ও মুস্তাফা আমিন বলেন, الأصلية: এর পরিচয় সম্পর্কে 'যে শব্দের الاستعارة হয় সে শব্দটি যদি جامد হয়, তবে তাকে الاستعارة أصلية বলা হয়।<sup>৮৮</sup>

التبعية: এর পরিচয় সম্পর্কে 'আলি আল-জারিম ও মুস্তাফা আমিন বলেন,

تكون الاستعارة تبعية إذا كان اللفظ الذي جرت فيه مشتقا أو فعلا.<sup>৮৯</sup>

'যে শব্দের الاستعارة হয়, সে শব্দটি যদি مشتق বা فعل হয়, তবে তাকে الاستعارة التبعية বলা হয়।'

তৃতীয়ত: অনুকূল বিষয়ের বিবেচনায় الاستعارة তিন প্রকার। যথা: ১. المطلقة. ২. المجردة. ৩. المرشحة।

অলংকারশাস্ত্রের পরিভাষায় المرشحة হলো, المشبه به এর আনুসঙ্গিক বিষয় উল্লেখ থাকলে তাকে الاستعارة المرشحة বলে।<sup>৯০</sup>

অলংকারশাস্ত্রের পরিভাষায় المجردة হলো, المشبه به এর আনুসঙ্গিক বিষয় উল্লেখ না থাকলে তাকে الاستعارة المجردة বলে।<sup>৯১</sup>

অলংকারশাস্ত্রের পরিভাষায় المطلقة হলো, المشبه به أو المشبه, المشبه به এর আনুসঙ্গিক কোন বিষয়ের উল্লেখ না থাকলে তাকে الاستعارة المطلقة বলে।<sup>৯২</sup>

الاستعارة, الاستعارة التمثيلية: তরিক্ব استعمل في غير ما وضع له لعلاقة المشابهة مع قرينة مانعة من إرادة معناه الأصلي কোন ইঙ্গিত থাকলে المشابهة এর কারণে কতিপয় যৌগিক শব্দ রূপক অর্থে ব্যবহার করাকে الاستعارة التمثيلية বলে।<sup>৯৩</sup>

সহিহুল বুখারিতে المجاز ব্যবহার

হাদিসের মাঝে রাসূল সা. এর অনেক উক্তি রয়েছে, যে গুলোতে المجاز এর ব্যবহার লক্ষ্য করা যায়। এ পর্যায়ে হাদিসের কিছু উদ্ধৃতি তুলে ধরে সে গুলোর মাঝে المجاز এর ব্যবহার পর্যালোচনা করা হলো।

রাসূলুল্লাহ সা.-এর বাণী: <sup>৯৪</sup> 'فَمَنْ كَانَتْ هِجْرَتُهُ إِلَى دُنْيَا يُصِيبُهَا أَوْ إِلَى امْرَأَةٍ يَنْكِحُهَا فَهَاجِرٌ إِلَى مَا هَاجَرَ إِلَيْهِ'। প্রত্যেক কাজ নিয়তের সাথে সম্পর্কিত। আর মানুষ তার নিয়ত অনুযায়ী ফল পাবে। তাই যার হিজরত হবে দুনিয়া লাভের অথবা নারীকে বিয়ে করার উদ্দেশ্যে- সেই উদ্দেশ্যেই হবে তার হিজরতের প্রাপ্য।' উক্ত হাদিসে রাসূলুল্লাহ সা. মুমিন ব্যক্তির আমলের ক্ষেত্রে কিছু নীতিমালা স্থির করেছেন। আমলের ক্ষেত্রে মূল হল, উদ্দেশ্য বিশুদ্ধ হওয়া। যখন আমলের ক্ষেত্রে নিয়ত বিশুদ্ধ হবে তখন সে আমল গ্রহণযোগ্য হবে। আলোচ্য হাদিসে এই বিষয়টির দিকে ইঙ্গিত করা হয়েছে (المجاز) বা রূপকভাবে। যেমন রাসূলুল্লাহ সা. বলেছেন, (إِلَى دُنْيَا) 'দুনিয়ার উদ্দেশ্যে' এর মধ্যে (مجاز مرسل) 'মুক্ত রূপকালংকার'<sup>৯৫</sup> এর প্রয়োগ ঘটেছে। একইভাবে (أَوْ إِلَى امْرَأَةٍ يَنْكِحُهَا) -এর মধ্যে (مجاز مرسل) -এর প্রয়োগ ঘটেছে। আবার (يُصِيبُهَا) -এর মধ্যে (استعارة مكنية) 'ইঙ্গিতসূচক উৎপ্রেক্ষালংকার'-এর প্রয়োগ ঘটেছে।

রাসূলুল্লাহ সা.-এর বাণী:

ثُمَّ يَبْعَثُ اللَّهُ مَلَكًا فَيُؤَمِّرُ بِأَرْبَعِ كَلِمَاتٍ، وَيَقَالُ لَهُ: أَكْتُبْ عَمَلَهُ، وَرِزْقَهُ، وَأَجَلَهُ، وَشَقِيٍّ أَوْ سَعِيدٍ.<sup>৯৬</sup>

'অতঃপর আল্লাহ একজন ফেরেশতা প্রেরণ করেন। আর তাঁকে চারটি বিষয়ে আদেশ দেয়া হয়। তাঁকে বলা হয়, তার 'আমল, তার রিয়ক, তার আয়ু এবং সে কি পাপী হবে না নেককার হবে তা লিপিবদ্ধ করত'।' উক্ত হাদিসে أَرْبَعِ كَلِمَاتٍ মূলত مجاز হিসেবে ব্যবহার হয়েছে। কেননা শিশু তার মায়ের গর্ভে অবস্থানকালে সে জানতে পারেনা যে, সে

সৌভাগ্যবান হবে নাকি দুর্ভাগ্য হবে। দুনিয়ার জীবনে আসার পরেই কেবল তার রিযিক, বয়স, কর্ম ও সৌভাগ্য ও দুর্ভাগ্য নির্ধারিত হয়। রাসূলুল্লাহ সা.-এর বাণী,

أَلَا وَإِنَّ فِي الْجَسَدِ مُضَغَةً إِذَا صَلَحَتْ صَلَحَ الْجَسَدُ كُلُّهُ، وَإِذَا فَسَدَتْ فَسَدَ الْجَسَدُ كُلُّهُ، أَلَا وَهِيَ الْقَلْبُ.<sup>৭</sup>

‘জেনে রাখ, শরীরের মধ্যে একটি মাংসের টুকরা আছে, তা যখন ঠিক হয়ে যায়, গোটা শরীরই তখন ঠিক হয়ে যায়। আর তা যখন খারাপ হয়ে যায়, গোটা শরীরই তখন খারাপ হয়ে যায়। জেনে রাখ, সে মাংসের টুকরোটি হল কলব।’ হাদিসে المضغة-কে-القلب এর সাথে তাশবিহ দেওয়া হয়েছে। এখানে القلب শব্দকে الاستعارة التصريحية হিসেবে ব্যবহার করা হয়েছে। আবার কখনও কখনও مجاز مرسل হিসেবেও ব্যবহার করা হয়। কেননা তাতে الجزء দ্বারা الكل উদ্দেশ্য নেওয়া হয়।

রাসূলুল্লাহ সা.-এর বাণী: <sup>৪৮</sup> بَنِي الْإِسْلَامِ عَلَى خَمْسٍ ‘ইসলামের ভিত্তি পাঁচটি।’ উক্ত হাদিসের خَمْسٍ ‘ইসলামের ভিত্তি পাঁচটি।’ উক্ত হাদিসের خَمْسٍ ‘ইসলামের ভিত্তি পাঁচটি।’ উক্ত হাদিসের خَمْسٍ ‘ইসলামের ভিত্তি পাঁচটি।’ উক্ত হাদিসের خَمْسٍ ‘ইসলামের ভিত্তি পাঁচটি।’ উক্ত হাদিসের خَمْسٍ ‘ইসলামের ভিত্তি পাঁচটি।’

রাসূলুল্লাহ সা.-এর বাণী: <sup>৪৯</sup> ثَلَاثٌ مِنْ كُنْ فِيهِ وَجَدَ خَلَاوَةَ الْإِيمَانِ ‘তিনটি গুণ যার মধ্যে থাকে, সে ঈমানের স্বাদ পায়।’ উক্ত হাদিসে استعارة এর প্রয়োগ ঘটেছে। কেননা এতে ঈমানদার ব্যক্তির মধ্যে তিনটি গুণ থাকাকে রূপকভাবে ঈমানের স্বাদ পাওয়ার সাথে তুলনা দেওয়া হয়েছে।

রাসূলুল্লাহ সা.-এর বাণী: <sup>৫০</sup> تِلْكَ الرُّؤْيَاةُ الْإِسْلَامُ، وَذَلِكَ الْعَمُودُ عَمُودُ الْإِسْلَامِ، وَتِلْكَ الْغُرُؤَةُ غُرُؤَةُ الْوُثْقَى ‘এ বাগান হল ইসলাম, আর স্তম্ভটি হল ইসলামের খুটিসমূহ (করনীয় মৌলিক বিষয়াদি), কড়াটি হল (কুরআনে উল্লেখিত) “উরওয়াতুল উসকা” (শক্ত ও অটুট কড়া)।’ উক্ত হাদিসে غُرُؤَةُ الْوُثْقَى, عَمُودُ الْإِسْلَامِ, رُؤْيَاةُ الْإِسْلَامِ তিনটি استعارة এর প্রয়োগ ঘটেছে। কেননা এতে রূপকভাবে প্রশস্ত ও সবুজ বাগানকে ইসলামের সাথে, লোহার স্তম্ভকে ইসলামের রূকনের সাথে এবং স্তম্ভের উর্ধ্বে থাকা শক্ত কড়াকে “উরওয়াতুল উসকার সাথে তুলনা দেওয়া হয়েছে।

রাসূলুল্লাহ সা.-এর বাণী: <sup>৫১</sup> لَا يَزِيهِ زَجُلٌ رَجُلًا بِالْفُسُوقِ، وَلَا يَزِيهِ بِالْكَفْرِ ‘একজন অপর জনকে ফাসিক বলে যেন গালি না দেয় এবং একজন আর একজনকে যেন কাফির বলে অপবাদ না দেয়।’ উক্ত হাদিসে استعارة এর প্রয়োগ ঘটেছে। কেননা এতে يَزِيهِ শব্দকে রূপকভাবে গালি দেওয়া ও অপবাদ দেওয়া অর্থে ব্যবহার করা হয়েছে।

রাসূলুল্লাহ সা. এর বাণী: <sup>৫২</sup> فَهُوَ رَدٌّ ‘কেউ আমাদের এই শরিয়াতে সংগত নয় এমন কিছু অনুপ্রবেশ ঘটালে তা প্রত্যাখ্যান করা হবে।’ উক্ত হাদিসে, (فَهُوَ رَدٌّ)-এর মধ্যে مجاز عقلي-এর প্রয়োগ ঘটেছে। এখানে مصدر (শব্দমূল) উল্লেখ করে اسم مفعول (কর্মবাচ্য বিশেষ্য) এর অর্থ উদ্দেশ্য করা হয়েছে। অর্থাৎ رد (মাসদার)-কে مردود (ইসমে মাফ‘উল) অর্থে ব্যবহার করা হয়েছে। ইমাম বুখারি রহ. অধ্যায় রচনা করেছেন,

بَابُ قَوْلِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: الدِّينُ النَّصِيحَةُ: لِلَّهِ وَلِرَسُولِهِ وَلِلْأَئِمَّةِ الْمُسْلِمِينَ وَعَامَّتِهِمْ.<sup>৫৩</sup>

‘অধ্যায়: নাবী সা.-এর বাণী: ‘দ্বীন হলো কল্যাণ কামনা করা আল্লাহর সন্তুষ্টির জন্য, তাঁর রাসূলের জন্য, মুসলিম নেতৃবৃন্দের জন্য এবং সমগ্র মুসলিমের জন্য।’ এখানে (الدِّينُ النَّصِيحَةُ) এর মধ্যকার النَّصِيحَةُ শব্দটি النص শব্দমূল থেকে গ্রহণ করা হয়েছে, যার অর্থ- সেলাই করা। অতঃপর কল্যাণকামীর কর্মকে কাপড়ের ছিদ্র সিলাইকারীর সাথে তাশবিহ দেওয়া হয়েছে। এরপর النص শব্দকে الاستعارة হিসেবে الرجل حال الرجل বা মানুষের অবস্থার সংশোধন করা অর্থে ব্যবহার করা হয়েছে, অতঃপর النص শব্দ থেকে النَّصِيحَةُ শব্দের উৎপত্তি হয়েছে الاستعارة التبعية এর পদ্ধতিতে।

রাসূলুল্লাহ সা.-এর বাণী: <sup>৫৪</sup> فَإِذَا فَعَلُوا ذَلِكَ عَصَمُوا مِنِّي دِمَاءَهُمْ وَأَمْوَالَهُمْ إِلَّا بِحَقِّ الْإِسْلَامِ ‘তারা যদি এ কাজগুলো করে, তবে আমার পক্ষ থেকে তাদের জান ও মালের ব্যাপারে নিরাপত্তা লাভ করল; অবশ্য ইসলামের বিধান অনুযায়ী যদি কোন কারণ থাকে, তাহলে স্বতন্ত্র কথা।’ এখানে دِمَاءَهُمْ এর মধ্যে مجاز مرسل এর ব্যবহার হয়েছে। কেননা বাক্যে الجزء দ্বারা الكل উদ্দেশ্য করা হয়েছে।

রাসূলুল্লাহ সা.-এর বাণী: <sup>৫৫</sup> لَا يَحِلُّ دَمُ امْرِئٍ مُسْلِمٍ ‘কোন মুসলিমকে হত্যা করা বৈধ নয়।’ এখানে دَمُ এর মধ্যে مجاز مرسل এর ব্যবহার হয়েছে। কেননা বাক্যে الجزء দ্বারা الكل উদ্দেশ্য।

### الكناية এর পরিচয়

الكناية অলংকার বিজ্ঞানের এক অনন্য দিক। বক্তা এর মাধ্যমে নানা প্রমাণাদিসহ চাহিদা মোতাবেক বক্তব্য উপস্থাপন করে থাকেন। এছাড়া الكناية এর মাধ্যমে মন্দ বা শ্রুতিকটু বক্তব্যও সুন্দরভাবে ব্যক্ত করা যায়। সহিছল বুখারির অনেক স্থানে এর ব্যবহার লক্ষ্য করা যায়। এ পর্যায়ে الكناية এর পরিচয় তুলে ধরে সহিছল বুখারিতে এর ব্যবহার নিয়ে আলোচনা করা হলো। আরবি الكناية শব্দটি মূল অক্ষর (ك-ن-ي) হতে উৎকলিত, যার বহুবচন كُنَايَاتٌ। যার অর্থ- ইঙ্গিত, পরোক্ষভাবে উল্লেখ, লক্ষণ ইত্যাদি।<sup>৫৬</sup> الكناية ঐ শব্দকে বলে যার আসল অর্থ (معني حقيقي) বাদ দিয়ে আবশ্যিক অর্থ (معني لازمي) গ্রহণ করা হয়। তবে তার আসল অর্থ (معني حقيقي) গ্রহণ করাও বৈধ। অলংকার শাস্ত্রের পরিভাষায় الكناية বলা হয়,

الكناية لفظ أطلق و أريد به لازم معناه مع جواز إرادة ذلك المعني.<sup>৫৭</sup>

‘এমন শব্দকে বলা হয়, যা দ্বারা শব্দটির আবশ্যিক অর্থ গ্রহণ করা যায়, তবে মূল অর্থ গ্রহণ করাও বৈধ।’ যেমন মহান আল্লাহ বলেন, ‘فِي قُلُوبِهِمْ مَّرَضٌ’ তাদের অন্তরসমূহে রয়েছে ব্যাধি।’ রোগ মূলত শরীরে হয়ে থাকে। উক্ত আয়াতে রোগ (مرض) বলে নিফাকের প্রতি ইঙ্গিত (كناية) করা হয়েছে।

كناية মূলত عنه مكني এর বিবেচনায় তিন প্রকার। কেননা مكني কখনও صفة হয়, কখনও موصوف হয়, আবার কখনও نسبة হয়ে থাকে।<sup>৫৮</sup>

১. الصفة عن الكناية : যে কناية তে مكني হয়ে থাকে

২. الموصوف عن الكناية : যে কناية তে مكني হয়ে থাকে

৩. النسبة عن الكناية : যে কناية তে مكني হয়ে থাকে

### সহিছল বুখারিতে الكناية এর ব্যবহার

الكناية এর সংজ্ঞার আলোকে হাদিসের মাঝে এমন অনেক বাক্য পাওয়া যায়, যেগুলোর মাঝে الكناية এর ব্যবহার পরিলক্ষিত হয়। এ পর্যায়ে হাদিসের কিছু উক্তি তুলে ধরে সেগুলোর মাঝে الكناية এর ব্যবহার পর্যালোচনা করা হলো। যেমন রাসূলুল্লাহ সা.-এর বাণী:

فَمَنْ كَانَتْ هِجْرَتُهُ إِلَى اللَّهِ وَرَسُولِهِ فَهَاجَرَتْهُ إِلَى اللَّهِ وَرَسُولِهِ، وَمَنْ كَانَتْ هِجْرَتُهُ لِلدُّنْيَا يُصِيبُهَا، أَوْ امْرَأَةٍ يَنْزَوِجُهَا، فَهَاجَرَتْهُ إِلَى مَا هَاجَرَ إِلَيْهِ.<sup>৫৯</sup>

‘অতএব যার হিজরত হবে আল্লাহ ও তাঁর রাসূল সা.-এর উদ্দেশ্যে, তার হিজরত আল্লাহ ও তাঁর রাসূল-এর উদ্দেশ্যে হয়েছে বলেই গণ্য হবে। আর যার হিজরত হয় দুনিয়া হাসিলের জন্য বা কোন নারীকে বিয়ে করার জন্য, তার হিজরত সে উদ্দেশ্যেই গণ্য হবে যে উদ্দেশ্যে সে হিজরত করেছে।’ উক্ত হাদিসে (فَمَنْ كَانَتْ هِجْرَتُهُ إِلَى اللَّهِ وَرَسُولِهِ) দ্বারা একনিষ্ঠভাবে আল্লাহ তায়ালার জন্য قصد বা ইচ্ছা করা উদ্দেশ্য। এখানে الكناية এর পদ্ধতিতে الإخلاص উদ্দেশ্য করা হয়েছে এবং كناية عن صفة এর প্রয়োগ ঘটেছে। এছাড়া (فَهَاجَرَتْهُ إِلَى اللَّهِ وَرَسُولِهِ) দ্বারা الكناية এর পদ্ধতিতে দূরবর্তী অর্থ গ্রহণ করা হয়েছে। তা হলো, হিজরতের মর্যাদা এবং মহান আল্লাহর নিকটে হিজরতের মূল্যায়ন ও এর শুভ পরিণতি। অতঃপর (فَهَاجَرَتْهُ إِلَى مَا) দ্বারা كناية এর পদ্ধতিতে দূরবর্তী অর্থ ‘দুনিয়া’ ও ‘নারী’ গ্রহণ করা হয়েছে। তাই বলা যায়, এখানে كناية عن صفة এর প্রয়োগ ঘটেছে।

রাসূলুল্লাহ সা.-এর বাণী: <sup>৬০</sup> مَا يَكُونُ بَيْنَهُ وَبَيْنَ الْجَنَّةِ إِلَّا ذِرَاعٌ، فَيَسْبِقُ عَلَيْهِ كِتَابُهُ : ‘তার ও জান্নাতের মাঝে মাত্র এক হাত তফাৎ থাকে, এমন সময় তার ‘আমলনামা তার উপর জয়ী হয়।’ উক্ত হাদিসে الكناية এর প্রয়োগ ঘটেছে। আসল অর্থ (معني حقيقي) বাদ দিয়ে আবশ্যিক অর্থ (معني لازمي) গ্রহণ করা হয়েছে। এখানে নিকটবর্তী ও প্রকাশ্য অর্থানুযায়ী আমলের স্তর সাপেক্ষে ব্যক্তি ও জান্নাতের মাঝে এক হাত পরিমাণ দূরত্ব থাকাকে উদ্দেশ্য করা হয় নি। বরং এখানে كناية ‘ইঙ্গিতসূচক’

হওয়ার দিক দিয়ে দূরবর্তী অর্থ হিসেবে **تصوير القرب من الوقوع** তথা জান্নাতে পতিত হওয়ার নিকটবর্তী সময়ের প্রতিচ্ছবি তুলে ধরা উদ্দেশ্য। রাসূলুল্লাহ সা.-এর বাণী:

أَلَا وَإِنَّ فِي الْجَسَدِ مُضْغَةً إِذَا صَلَحَتْ صَلَحَ الْجَسَدُ كُلُّهُ، وَإِذَا فَسَدَتْ فَسَدَ الْجَسَدُ كُلُّهُ، أَلَا وَهِيَ الْقَلْبُ. ٦٢

‘জেনে রাখ, শরীরের মধ্যে একটি মাংসের টুকরো আছে, তা যখন ঠিক হয়ে যায়, গোটা শরীরই তখন ঠিক হয়ে যায়। আর তা যখন খারাপ হয়ে যায়, গোটা শরীরই তখন খারাপ হয়ে যায়। জেনে রাখ, সে মাংসের টুকরোটি হল অন্তর।’ উক্ত হাদিসে (إِذَا صَلَحَتْ) এর মধ্যে আসল অর্থ (معني حقيقي) বাদ দিয়ে আবশ্যিক অর্থ (معني لازمي) গ্রহণ করা হয়েছে। এখানে নিকটবর্তী ও প্রকাশ্য অর্থানুযায়ী **صاحبة** বা সুস্থ মাংসপিণ্ড উদ্দেশ্য করা হয়নি। বরং এখানে **عن موصوف** এর পদ্ধতিতে দূরবর্তী অর্থ হিসেবে **حسن الإيمان و سلامة القلب** তথা সুস্থ অন্তর ও সুন্দর ঈমান উদ্দেশ্য নেওয়া হয়েছে।

এছাড়াও (صَلَحَ الْجَسَدُ) এর মধ্যেও আসল অর্থ (معني حقيقي) বাদ দিয়ে আবশ্যিক অর্থ (معني لازمي) গ্রহণ করা হয়েছে। এখানে নিকটবর্তী ও প্রকাশ্য অর্থানুযায়ী **الأمراض** বা রোগ থেকে মুক্ত সুস্থ শরীর উদ্দেশ্য করা হয়নি। বরং এখানে **عن موصوف** এর পদ্ধতিতে দূরবর্তী অর্থ হিসেবে **أخلاقه و أعماله في طاعة** তথা ব্যক্তির আনুগত্য, আমল ও আখলাক ধারণ করা উদ্দেশ্য নেওয়া হয়েছে।

অতঃপর (إِذَا فَسَدَتْ) এর মধ্যেও আসল অর্থ (معني حقيقي) বাদ দিয়ে আবশ্যিক অর্থ (معني لازمي) গ্রহণ করা হয়েছে। এখানে নিকটবর্তী ও প্রকাশ্য অর্থানুযায়ী **الضرر** বা অসুস্থ অঙ্গ উদ্দেশ্য করা হয়নি। বরং এখানে **عن موصوف** এর পদ্ধতিতে দূরবর্তী অর্থ হিসেবে **النجس والكفران بالله** তথা আল্লাহকে অস্বীকার ও সন্দেহ করা উদ্দেশ্য নেওয়া হয়েছে।

এছাড়াও (فَسَدَ الْجَسَدُ كُلُّهُ) এর মধ্যেও আসল অর্থ (معني حقيقي) বাদ দিয়ে আবশ্যিক অর্থ (معني لازمي) গ্রহণ করা হয়েছে। এখানে নিকটবর্তী ও প্রকাশ্য অর্থানুযায়ী **كله مريض** পুরো শরীর বিভিন্ন রোগ দ্বারা অসুস্থ উদ্দেশ্য করা হয়নি। বরং এখানে **عن موصوف** এর পদ্ধতিতে দূরবর্তী অর্থ হিসেবে **صاحبه للمعصية والفجور** তথা ব্যক্তির পাপ ও অন্যায় কাজে সম্পৃক্ত থাকা উদ্দেশ্য নেওয়া হয়েছে।

রাসূলুল্লাহ সা.-এর বাণী: ٦٣ ‘যে ব্যক্তি আমার কোন ওলির সঙ্গে শত্রুতা রাখবে, আমি তার সাথে যুদ্ধ ঘোষণা করি।’ উক্ত হাদিসে (أَذْنَتْهُ بِالْحَرْبِ) এর আসল অর্থ (معني حقيقي) বাদ দিয়ে আবশ্যিক অর্থ (معني لازمي) গ্রহণ করা হয়েছে। এখানে নিকটবর্তী ও প্রকাশ্য অর্থানুযায়ী চলমান যুদ্ধ ও পদাতিক বাহিনী উদ্দেশ্য করা হয়নি। বরং এখানে **عن موصوف** এর পদ্ধতিতে দূরবর্তী অর্থ হিসেবে (কাফিরদের প্রতি) আল্লাহর শত্রুতা, ত্রোধ ও লাঞ্ছনা উদ্দেশ্য নেওয়া হয়েছে।

ইবনে ওমর রা.-এর উক্তি: ٦٤ ‘তুমি সন্ধ্যায় উপনীত হলে আর ভোরের অপেক্ষা করো না এবং ভোর উপনীত হলে আর সন্ধ্যার অপেক্ষা করো না।’ উক্ত হাদিসে আসল অর্থ (معني حقيقي) বাদ দিয়ে আবশ্যিক অর্থ (معني لازمي) গ্রহণ করা হয়েছে। এখানে নিকটবর্তী ও প্রকাশ্য অর্থানুযায়ী ব্যক্তি যখন সকাল পাবে তখন সে আর রাত পাবেনা এবং যখন রাত পাবে তখন আর দিন পাবেনা উদ্দেশ্য করা হয়নি। বরং এখানে **عن موصوف** এর পদ্ধতিতে দূরবর্তী অর্থ হিসেবে **الاستعداد للموت والرحيل** তথা মৃত্যু ও প্রস্থানের প্রস্তুতি নেওয়া উদ্দেশ্য করা হয়েছে।

রাসূলুল্লাহ সা.-এর বাণী: ٦٥ ‘প্রকৃত মুমিন একই গর্ত থেকে দু’বার দংশিত হয় না।’ উক্ত হাদিসে **الكناية** এর প্রয়োগ ঘটেছে। আসল অর্থ (معني حقيقي) বাদ দিয়ে আবশ্যিক অর্থ (معني لازمي) গ্রহণ করা হয়েছে। এই হাদিস দ্বারা কোন মুমিন ব্যক্তি যেন গর্তে হাত না দেয় এই অর্থ হওয়া খুবই বিরল ও দূরবর্তী অর্থ। বরং এখানে আবশ্যিকভাবে অর্থ হবে, নিশ্চয় প্রশংসিত মুমিন সে ব্যক্তি যিনি কখনোই গাফিল হোন না। তিনি খুবই বুদ্ধিমান হোন, যাকে কেউ ধোঁকা দিতে পারেনা।

রাসূলুল্লাহ সা.-এর বাণী:

إِذَا اسْتَيْقَظَ أَحَدُكُمْ مِنْ نَوْمِهِ فَلْيُغْسِلْ يَدَهُ قَبْلَ أَنْ يُدْخِلَهَا فِي وَصْوِهِ، فَإِنَّ أَحَدَكُمْ لَا يَدْرِي أَيْنَ بَاتَتْ يَدُهُ. ٦٦

‘তোমাদের কেউ যখন ঘুম থেকে জাগে তখন সে যেন উয়র পানিতে হাত ঢুকানোর পূর্বে তা ধুয়ে নেয়; কারণ তোমাদের কেউ জানে না যে, ঘুমন্ত অবস্থায় তার হাত কোথায় থাকে।’ উক্ত হাদিসে الكناية এর প্রয়োগ ঘটেছে। আসল অর্থ (معني) বাদ দিয়ে আবশ্যিক অর্থ (معني لازمي) গ্রহণ করা হয়েছে। এখানে নিকটবর্তী ও প্রকাশ্য অর্থানুযায়ী ঘুম থেকে জাগ্রত হওয়ার পর তিন বার হাত ধৌত করা ব্যতীত পাঠ্রে হাত দেওয়া নিষেধ হওয়া উদ্দেশ্য নয়। বরং এখানে কناية ‘ইঙ্গিতসূচক’ হওয়ার দিক দিয়ে দূরবর্তী অর্থ হিসেবে নোংরা কাজ থেকে বেঁচে থাকা ও বুঝে শুনে অল্প কথা বলাকে উদ্দেশ্য করা হয়েছে।

রাসূলুল্লাহ সা.-এর বাণী: ٦٧ مَنْ يَضْمَنْ لِي مَا بَيْنَ حَيِّهِ وَمَا بَيْنَ رَجُلَيْهِ أَضْمَنْ لَهُ الْجَنَّةَ ٦٧ ‘যে ব্যক্তি আমার (সম্ভষ্টির) জন্য তার দু’চোয়ালের মধ্যবর্তী বস্তু (জিহবা) এবং দু’ উরুর মাঝখানের বস্তু (লজ্জাস্থান) এর হিফায়ত করবে আমি তার জন্য জান্নাতের দায়িত্ব গ্রহণ করব।’ উক্ত হাদিসে, عن نسبة الكناية (সম্পর্ক থেকে পরোক্ষ উল্লেখ) এর প্রয়োগ ঘটেছে। আসল অর্থ (معني حقيقي) বাদ দিয়ে আবশ্যিক অর্থ (معني لازمي) গ্রহণ করা হয়েছে।

#### উপসংহার

পরিশেষে বলা যায়, রাসূলুল্লাহ সা. ছিলেন সর্বোত্তম বাগ্মী। মর্যাদাগত দিক দিয়ে পবিত্র কুরআনের পরই সহিছল বুখারির স্থান। আরবি অলংকার শাস্ত্রে علم البيان বা বর্ণনালংকার একটি গুরুত্বপূর্ণ বিষয়। সহিছল বুখারিতে বর্ণিত প্রত্যেকটি হাদিসের মাঝে অলংকার শাস্ত্রের বিভিন্ন সূত্রের ব্যবহার হয়েছে। সহিছল বুখারির হাদিসের পরিধি অনেক বিস্তৃত হওয়ায় বর্ণনালংকারের সকল সূত্র বিশ্লেষণ করে হাদিসে সেগুলোর ব্যবহার পর্যালোচনা করা কঠিন। তাই আলোচ্য প্রবন্ধে অলংকার শাস্ত্রের বর্ণনালংকারের উল্লেখযোগ্য কিছু সূত্রের পরিচয় তুলে ধরে সহিছল বুখারিতে বর্ণিত হাদিসের মাঝে সেগুলোর ব্যবহার পর্যালোচনা সংক্ষিপ্তাকারে তুলে ধরা হয়েছে।

#### টীকা ও তথ্যনির্দেশ

- <sup>১</sup> মুহাম্মাদ মুহাম্মাদ আবু যাহুউ, আল-হাদিস ওয়াল মুহাদিসুন (রিয়াদ: ইদারাতুল বুহুছিল ইলমিয়াহ ওয়াল ইনশা ওয়াদ দা’ওয়াতি ওয়াল ইরশাদ, ২য় সংস্করণ, ১৪০৪ হি./১৯৮৪ খৃ.), পৃ. ৩৫৩।
- <sup>২</sup> খতীব বাগদাদী, তারিখে বাগদাদ, ২য় খণ্ড (বৈরুত: দারুল কুতুব আল-ইলমিয়াহ, ১ম সং, ১৪১৭ হি.) পৃ. ৩২৪; ইবন হাজার আল-আসকালানী, ছদা আস-সারী, ২য় খণ্ড (বৈরুত: দারুল রিসালাহ আল-আলামিয়াহ, ১ম সং, ২০১৩ খৃ.), পৃ. ৫২৭।
- <sup>৩</sup> ইবন কাসীর, আল-বিদায়া ওয়াল নিহায়া, (দারুল ফিকর, প্রকাশ: ১৯৮৬ খৃ.) ১১তম খণ্ড, পৃ. ২৫।
- <sup>৪</sup> ইবন আসাকির, তারিখে দিমাশক, ৫২তম খণ্ড, (দারুল ফিকর, ১৯৯৫ খৃ.), পৃ. ৫৮; ইমাম যাহাবী, সিয়রু ‘আলামিন নুবালা, ১২তম খণ্ড (আর-রিসালাহ প্রকাশনী, ৪র্থ সং, ১৯৮৫ খৃ.), পৃ. ৪০৭।
- <sup>৫</sup> আবু যাকারিয়া মহিউদ্দীন ইয়াহইয়া ইবনে শারফ আন-নববী, তাহযীবুল আসমা ওয়াল লুগাত, ১ম খণ্ড (বৈরুত: দারুল কুতুব আল-ইলমিয়াহ, তা.বি), পৃ. ৭৩।
- <sup>৬</sup> ইবনে আদী, আছামী, (বৈরুত, লেবানন: দারুল বাশাইর আল-ইসলামিয়াহ, ১ম সং, ১৪১৪ হি./১৯৯৪ খৃ.), পৃ. ৬২।
- <sup>৭</sup> ইমাম নববী, তাহযীবুল আসমা ওয়াল লুগাত, ১ম খণ্ড, পৃ. ৭৩।
- <sup>৮</sup> আবু যাহব, আল-হাদীছ ওয়াল মুহাদিছুন পৃ. ৩৭৮।
- <sup>৯</sup> আবু যাকারিয়া মহিউদ্দীন ইয়াহইয়া ইবনে শারফ আন-নববী, তাহযীবুল আসমা ওয়াল লুগাত, ১ম খণ্ড (বৈরুত: দারুল কুতুব আল-ইলমিয়াহ, তা.বি), পৃ. ৭৫।
- <sup>১০</sup> আবুল ফযল মাওলানা আব্দুল হাফিয বালয়াবী, মিসবাহুল লুগাত, (ঢাকা: ইসলামিয়া কুতুবখানা, তা. বি.), পৃ. ৬৩৮ ও ৬৭; ড. মুহাম্মদ ফজলুর রহমান, আধুনিক আরবি-বাংলা অভিধান [আল-মু’জামুল ওয়াফী], (ঢাকা: রিয়াদ প্রকাশনী, ২০০৫), পৃ. ৭১৪ ও ২৩৮।
- <sup>১১</sup> সা’দ উদ্দীন মাস’উস ইবন ওমর আত-তাফতযানী, তালখিসুল মিসর, (মিসর: মাতবা’তুত তাওহীদ, ১৯৫৪ খৃ.), পৃ. ১২৮।
- <sup>১২</sup> আবুল ফযল মাওলানা আব্দুল হাফিয বালয়াবী, মিসবাহুল লুগাত, (ঢাকা: ইসলামিয়া কুতুবখানা, তা. বি.), পৃ. ৪৪৯; আধুনিক আরবি-বাংলা অভিধান [আল-মু’জামুল ওয়াফী], পৃ. ২৮৪।
- <sup>১৩</sup> ‘আলি আল-জারিম ও মুস্তাফা আমিন, আল-বালাগাতুল ওয়াযিহাহ, (ঢাকা: চকবাজার, মোহাম্মদী লাইব্রেরী, তা.বি.), আল-বালাগাতুল ওয়াযিহাহ, পৃ. ১৭।
- <sup>১৪</sup> তদেব।
- <sup>১৫</sup> প্রফেসর ড. মু. নকিবুল্লাহ, আরবি অলংকারবিজ্ঞান, (রাজশাহী: সাফিউল্লাহ, ২য় সং, ২০১৮ খ্রি.) পৃ. ১৬২।
- <sup>১৬</sup> আবু আব্দুল্লাহ মুহাম্মাদ ইবন ইসমাঈল আল-বুখারি, সহিছল বুখারি, (দার তাওকু আন-নাযাত, ১ম সং, ১৪২২ হি.), হাদিস নং- ৫০।

- ১৭ আবু যাকারিয়া মহিউদ্দীন ইয়াহইয়া ইবনে শারফ আন-নববী, আল-মানহায ফি শারহ সহীহিল মুসলিম, ১ম খণ্ড, (বৈরুত: দার ইইয়াউত তুরাস আল-আরাবী, ২য় সং, ১৩৯২ হি.), পৃ. ১৫৭।
- ১৮ সহিহুল বুখারি, হাদিস নং- ৮৪৩।
- ১৯ তদেব, হাদিস নং- ৬৪১৬।
- ২০ তদেব, হাদিস নং- ২৯৪২।
- ২১ তদেব, হাদিস নং- ২৯৪২।
- ২২ তদেব, হাদিস নং- ৩৩৩৬।
- ২৩ তদেব, হাদিস নং- ১৪২৭।
- ২৪ তদেব, হাদিস নং- ৬১৩৩।
- ২৫ তদেব, হাদিস নং- ২৪৯৩।
- ২৬ তদেব, হাদিস নং- ৬০৪৭।
- ২৭ সহিহুল বুখারি, হাদিস নং- ৫৩৫৩।
- ২৮ তদেব, হাদিস নং- ৭৪০৭।
- ২৯ আধুনিক আরবি-বাংলা অভিধান [আল-মু'জামুল ওয়াফী], পৃ. ৮৯৮।
- ৩০ আল-বালাগাতুল ওয়াযিহাহ, পৃ. ৬১।
- ৩১ তদেব।
- ৩২ আল-বালাগাতুল ওয়াযিহাহ, পৃ. ১০০।
- ৩৩ তদেব, পৃ. ৯৪।
- ৩৪ তদেব, পৃ. ৯৪।
- ৩৫ তদেব, পৃ. ৬৫।
- ৩৬ তদেব।
- ৩৭ তদেব।
- ৩৮ তদেব, পৃ. ৭২।
- ৩৯ তদেব।
- ৪০ তদেব, পৃ. ৭৭।
- ৪১ তদেব।
- ৪২ তদেব।
- ৪৩ তদেব, পৃ. ৮৪।
- ৪৪ সহিহ বুখারি, হাদিস নং- ১।
- ৪৫ পরিভাষায় মرسল مجاز হয়, যে معني مستعمل فيه এবং معني موضوع له -এ مجاز হয়, এর মধ্যে تشبيه এর সম্পর্ক ছাড়া অন্য কোন সম্পর্ক বিদ্যমান থাকে। দ্রষ্টব্য: প্রফেসর ড. মু. নকিবুল্লাহ, আরবি অলংকারবিজ্ঞান, পৃ. ১৯০।
- ৪৬ সহিহুল বুখারি, হাদিস নং-৩২০৮।
- ৪৭ তদেব, হাদিস নং- ৫২।
- ৪৮ তদেব, হাদিস নং- ৮।
- ৪৯ তদেব, হাদিস নং- ১৬।
- ৫০ তদেব, হাদিস নং- ৩৮১৩।
- ৫১ তদেব, হাদিস নং- ৬০৪৫।
- ৫২ তদেব, হাদিস নং- ২৬৯৭।
- ৫৩ তদেব, ১ম খণ্ড, পৃ. ২১।
- ৫৪ তদেব, হাদিস নং- ২৫।
- ৫৫ তদেব, হাদিস নং- ৬৮৭৮।
- ৫৬ আধুনিক আরবি-বাংলা অভিধান [আল-মু'জামুল ওয়াফী], পৃ. ৮৩৮।
- ৫৭ আল-বালাগাতুল ওয়াযিহাহ, পৃ. ১০৭।
- ৫৮ তদেব।
- ৫৯ হাফনী বেগ নাসিফ, আদ-দুরুল বালাগাহ, (ঢাকা: মাকতাবাতুল হিরা, তা. বি.), পৃ. ১১৬-১১৭।
- ৬০ সহিহুল বুখারি, হাদিস নং- ৫৪।
- ৬১ তদেব, হাদিস নং- ৩২০৮।
- ৬২ তদেব, হাদিস নং- ৫২।
- ৬৩ তদেব, হাদিস নং- ৬৫০২।
- ৬৪ তদেব, হাদিস নং- ৬৪১৬।
- ৬৫ তদেব, হাদিস নং- ৬১৩৩।
- ৬৬ তদেব, হাদিস নং- ১৬২।
- ৬৭ তদেব, হাদিস নং- ৬৪৭৪।



## আল-খুলাফাউর রাশিদুন-এর রাজনৈতিক খুতবাসমূহ: একটি পর্যালোচনা [POLITICAL SERMONS OF AL-KHULAFUR RASHIDUN: A REVIEW]

Md. Shahinul Islam

Mphil Fellow, Department of Arabic, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

### ARTICLE INFORMATION

The Faculty Journal of Arts  
Rajshahi University  
Volume 39, June 2025  
ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A7>

Received : 19 February 2025

Received in revised: 15 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

### Keywords:

Al-Khulafaur Rashidun, Context, Various Political Sermons, Art form.

### ABSTRACT

Language is one of the greatest gifts from Allah to humankind. Like all other languages of the world, Arabic possesses a rich and diverse literary heritage, among which khutbah literature holds a significant position. From the earliest stages of human civilization, people have recognized the power of speeches as a means to express ideas, influence others and communicate thoughts, emotions and visions in an effective and captivating manner. When refined and polished speech becomes eloquent, persuasive and aesthetically appealing. Political speeches, in particular, have always played a vital role in leadership and governance. A close examination of Al-Khulafaur Rashidun clearly demonstrates this. Their sermons addressed contemporary challenges, wars, governance issues, political leadership, public awareness, and various crises with remarkable wisdom and clarity. Their language was eloquent, pure and rich in rhetorical excellence. These sermons stand out as literary masterpieces, not only serving the needs of their own era but also offering invaluable knowledge, guidance, moral instruction, and inspiration for all generations to come.

### ভূমিকা

ভাষা মানুষের জন্য আল্লাহর পক্ষ থেকে শ্রেষ্ঠ উপহার। পৃথিবীর অন্যান্য ভাষার মত আরবী ভাষারও একটি সমৃদ্ধ সাহিত্যভাণ্ডার রয়েছে। এ সাহিত্যের অন্যতম গুরুত্বপূর্ণ শাখা হলো খুতবা সাহিত্য। মানুষ পৃথিবীতে আগমনের পর থেকেই নিজেদের প্রয়োজনেই খুতবা বা ভাষণের গুরুত্ব উপলব্ধি করে। তাঁরা নিজেদের চিন্তা-চেতনা, ধ্যানধারণা ও মতাদর্শ দ্বারা অন্যকে প্রভাবিত করার জন্য ভাষণকে অন্যতম মাধ্যম হিসেবে গ্রহণ করে। মানুষ তার আবেগ-অনুভূতি, চিন্তা ও কল্পনাকে বক্তব্যের মাধ্যমে অতি সুন্দর ও সার্থক ভাবে প্রকাশ করে অন্যদেরকে মুগ্ধ করে। বক্তব্য পরিপাটি ও পরিমার্জিত হলে তা হয়ে ওঠে সাবলীল ও শ্রুতিমধুর। মানুষ নেতৃত্ব ও শাসনকার্য পরিচালনার জন্য রাজনৈতিক ভাষণকে অধিক কার্যকর মনে করে। বিশেষত আল-খুলাফাউর রাশিদুন-এর খুতবাসমূহের প্রতি লক্ষ্য করলে তা সহজেই অনুমেয়। খলিফাগণ তাঁদের সমসাময়িক সমস্যা, যুদ্ধ-বিগ্রহ, রাষ্ট্র পরিচালনা, জনসচেতনতা সৃষ্টি ও নেতৃত্বসহ যাবতীয় সংকট এই খুতবার মাধ্যমে সমাধান করেছেন। তাঁদের ভাষা ছিল প্রাজ্ঞ, বিশুদ্ধ ও বাগিতায় পরিপূর্ণ। তাঁদের খুতবাসমূহ ছিল সাহিত্যিক শিল্পগুণে অনন্য। এসব খুতবা শুধু সমসাময়িক সমাজের জন্যই নয় বরং পরবর্তী সকল প্রজন্মের জন্য জ্ঞান, শিক্ষা, উত্তম উপদেশ ও প্রেরণার অমূল্য ভাণ্ডার হিসেবে বিবেচিত হয়।

### রাজনৈতিক খুতবার পরিচয়

রাজনৈতিক খুতবার আরবী প্রতিশব্দ হচ্ছে السِّيَاسِيَّةُ الْخُطْبَةُ। আল-খুতবা (الْخُطْبَةُ) আল-খিতাবা (الْخُطَابَةُ) শব্দদুটি একই অর্থে ব্যবহৃত হয়। আরবী, উর্দু, ফার্সী এমনকি বাংলা ভাষাতেও এ শব্দ দুটির ব্যবহার পাওয়া যায়। الْخُطْبَةُ শব্দটি বাবে نَصْرٌ এর مُصَدَّرٌ বা ক্রিয়ামূল। এটি একবচন, এর বহুবচন الْخُطَبَاتُ ও الْخُطَبَاتُ। আভিধানিক অর্থ: উপদেশ, খুতবা, কথা, বাণী ও ভাষণ।<sup>১</sup> الْخُطْبَةُ শব্দটি بِأَبْ مُفَاعَلَةٌ-এর مصدر বা ক্রিয়ামূল হিসেবেও ব্যবহৃত হয়। পবিত্র কুরআনে একাধিক স্থানে শব্দটি এ অর্থে ব্যবহৃত হয়েছে। যেমন: لَا يَمْلِكُونَ مِنْهُ خِطَابًا<sup>২</sup> [তারা আল্লাহর সাথে কথা বলার অধিকার রাখেনা।] অপর এক স্থানে এসেছে, فَصَلَّ الْخُطَابُ [এমন সংক্ষিপ্ত ও সারগর্ভ কথা যা অতি স্পষ্ট।] আর السِّيَاسِيَّةُ অর্থ-শাসন করা,

পরিচালনা করা, চালানো। সুতরাং **الخطبة السياسية** অর্থ হবে রাজনৈতিক কথাবর্তা। মনীষীগণ খুতবার পারিভাষিক সংজ্ঞা বিভিন্নভাবে উপস্থাপন করেছেন। মাহমুদ ইবন জা'ফর বলেন- জনসমাবেশে রাষ্ট্রের কোন গুরুত্বপূর্ণ বিষয়ে যে ভাষণ প্রদান করা হয় তাই রাজনৈতিক খুতবা।<sup>৪</sup> মুহাম্মদ ইসমাইল 'আলী (১৮৬৮-১৯৩৭খ্রি.) বলেন, **الخطبة السياسية: هي الخطبة التي تُلَقَى في شأن من شؤون الدولة أو الخاصة بتوجيه أمور الدولة والحكومة، سواء فيما يتعلق بأمور محلية داخلية أم بأمور دولية خارجية.**<sup>৫</sup>

[রাজনৈতিক খুতবা হলো, রাষ্ট্র ও সরকার পরিচালনার সাথে সম্পর্কিত প্রদত্ত বক্তৃতা। চাই তা আঞ্চলিক বিষয় হোক বা বহির্মুখী আন্তর্জাতিক বিষয় হোক।]

মোট কথা রাজনৈতিক খুতবা বলতে বুঝায়, কোন রাজনৈতিক সমাবেশে রাজনৈতিক নেতা-কর্মীদের মাঝে যে খুতবা উপস্থাপন করা হয়। এ জাতীয় খুতবায় রাষ্ট্র ও রাষ্ট্রের প্রজা সম্পর্কিত বিষয়সমূহ স্থান পায়। যথা- বিচার ব্যবস্থা, অর্থনৈতিক সমৃদ্ধি, যুদ্ধ ও শান্তিচুক্তি, ন্যায়পরায়ণতা, মানবাধিকার, বিশৃঙ্খলা দমন ইত্যাদি। রাজনৈতিক খুতবা প্রদানের ক্ষেত্রে খতীবকে কতিপয় বিশেষ জ্ঞানের অধিকারী হতে হয়। আর তা হলো, রাষ্ট্রের আইন-কানুন, জাতীয় ও আন্তর্জাতিক কূটনৈতিক নীতিমালা, রাষ্ট্রের জনসাধারণের অধিকার ইত্যাদি। খতীবকে ব্যক্তিস্বার্থ ও অহংকার মুক্ত দেশপ্রেমিক হতে হয়। সাহসিকতা ও প্রমাণনির্ভর কথা বলার যোগ্যতা থাকতে হয়।

খুতবার ইতিহাস অতিপ্রাচীন। এটি মূলত মানব সৃষ্টির সূচনা লগ্ন হতেই শুরু হয়েছে। বাকশক্তির অধিকারী মানব জাতির সৃষ্টির সাথে সাথেই তাদের প্রয়োজনের তাগিদে খুতবা সাহিত্যের উদ্ভব ঘটে। গবেষকদের মতে, খুতবা সাহিত্যের সূচনা প্রাচীন গ্রীক জাতি থেকে। যা খৃষ্টপূর্ব সপ্তম শতাব্দীতে শুরু।<sup>৬</sup> জাহিলী যুগে খুতবার বিকাশ ধারা আরো গতিলাভ করে। এমনকি খতীবদের মর্যাদা বহুগুণ বৃদ্ধি পায়। ড. শাওকী দাইফ বলেন, **إن منزلة الخطيب في الجاهلية كانت فوق منزلة الشاعر**, [জাহিলী যুগে খতীবদের মর্যাদা ছিল কবিদের উপরে।] এ যুগে খুতবা সাহিত্যে যারা প্রসিদ্ধি লাভ করেছিলেন তাদের মধ্যে অন্যতম হলেন, কুস বিন সাইদা (মৃ. ৬০০খ্রি.), আকসাম ইবন সাইফী (মৃ. ৬১২খ্রি.), উতবা ইবন আবি রাবী'আ (মৃ. ৬৭৬খ্রি.) প্রমুখ। মহানবী সা.-এর নবুওয়াত প্রাপ্তির পর অন্যান্য নবীদের ন্যায় তিনি বক্তৃতার মাধ্যমে মানুষকে দ্বীনের প্রতি আহবান করেন। খুতবা দাওয়াতের অন্যতম মাধ্যম হয়ে উঠে। ড. শাওকী দাইফ বলেন,<sup>৭</sup> **إِذْ أَخَذْنَا الرَّسُولَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ،** [আর যখন রাসূল সা. বক্তৃতাকে দ্বীন প্রচারের মাধ্যম হিসেবে গ্রহণ করে ছিলেন।] রাসূল সা. দীর্ঘ তেইশ বছর মক্কা ও মদিনার জনগণকে একক ও সমষ্টিগতভাবে তার আকর্ষণীয় বক্তৃতার মাধ্যমে দ্বীনের দিকে আহবান জানান।<sup>৮</sup> বিশেষত বিদায় হজ্জে আরাফার ময়দানে রাসূল সা.-এর প্রদত্ত ভাষণ চিরদিন মানুষের কাছে অনুসরণীয় হয়ে থাকবে। বিশ্বনবী সা.-এর ওফাতের পর সাহাবীগণের মধ্যে আল-খুলাফাউর রাশিদুন যথাক্রমে আবু বকর সিদ্দীক, 'উমার ইবনুল খাত্তাব, 'উছমান ইবনুল 'আফফান এবং 'আলী ইবন আবি তালিব রা. ইসলামি খিলাফতের দায়িত্বভার গ্রহণ করেন। তাঁরা প্রত্যেকে উম্মানের বক্তা হিসেবে খ্যাতিলাভ করেন।<sup>৯</sup> তাঁদের মাধ্যমে খুতবার ব্যাপক চর্চা ও বিকাশ লাভ হয়। তাঁরা রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে খুতবার উপর নির্ভর করতেন। রাজনৈতিক বিভিন্ন খুতবার মধ্যে রয়েছে, খিলাফতের দায়িত্ব গ্রহণকালে প্রদত্ত খুতবা, আনুগত্যের শপথ নেওয়ার খুতবা, বিরোধ মীমাংসা বিষয়ে খুতবা, খিলাফত গ্রহণ বিষয়ে রাজনৈতিক খুতবা এবং প্রজাদের সাথে তার সম্পর্ক উন্নয়ন, রাজনৈতিক দৃষ্টিভঙ্গি ও কর্মপরিকল্পনা ব্যাখ্যা করে প্রদত্ত খুতবা। খলিফাগণ এ জাতীয় খুতবার মাধ্যমে জনসমর্থন ও লোকদের সন্তুষ্টি অর্জন করতে সক্ষম হন।

#### আল-খুলাফাউর রাশিদুন-এর রাজনৈতিক খুতবাসমূহ

##### আবু বকর রা.-এর রাজনৈতিক খুতবা

ইসলামের প্রথম খলিফা আবু বকর রা.-এর আসল নাম আব্দুল্লাহ।<sup>১০</sup> উপাধি সিদ্দীক ও আতীক। পিতার নাম 'উছমান ও তার উপাধি আবু কুহাফা। মাতার নাম উম্মুল খাইর। তিনি ছিলেন কুরাইশ বংশের তাইম গোত্রের অন্তর্ভুক্ত। তিনি ৫৭২ মতান্তরে ৫৭৩ খ্রিষ্টাব্দে জন্ম গ্রহণ করেন। পুরুষদের মধ্যে তিনিই প্রথম ইসলাম গ্রহণ করেন। তিনি রাসূল সা.-এর সাথে অনেক যুদ্ধে অংশ গ্রহণ করেছিলেন। তাঁর খিলাফতের স্থায়িত্ব ছিল দুই বছর তিন মাস। তিনি ১৩হিজরী/ ৬৩৪ খ্রিষ্টাব্দে ইন্তিকাল করেন। রাসূল সা.-এর রওজার পার্শ্বে তাঁকে দাফন করা হয়। মৃত্যুর সময় তাঁর বয়স ছিল ৬৩ বছর।<sup>১১</sup>

##### ক. বিশ্বনবী সা.-এর ওফাতের পর প্রদত্ত খুতবা

৬৩২ খ্রিষ্টাব্দে রাসূল সা.-এর ওফাতের পর পরবর্তী নেতৃত্ব নিয়ে সাহাবীদের মধ্যে নানা মত পার্থক্য দেখা দেয়। তাঁদের অনেকেই রাসূল সা.-এর ইন্তিকালকে স্বাভাবিকভাবে মেনে নিতে পারছিলেন না। আবু বকর রা. এ উদ্ভূত পরিস্থিতিতে শান্ত ও স্বাভাবিক করার জন্য একটি যুগান্তকারী বক্তব্য প্রদান করেন। তিনি বক্তব্যের শুরুতে আল্লাহর প্রশংসা ও রাসূল সা.-এর প্রতি দরুদ পেশ করেন। তারপর বিশ্বনবীর সা. উত্তম আখলাক ও সৎচরিত্রের বর্ণনা দেন। অতপর আল্লাহর নবীর প্রতি

সাহাবীদের অকৃত্রিম ভালোবাসার কথা ব্যক্ত করেন। মুহাম্মদ সা. একজন মানুষ, তাই তিনি ইত্তিকাল করবেন এ কথাটি উপস্থিত সকলকে উপলব্ধি করানোর চেষ্টা করেন। তিনি তাঁর বক্তব্যে বলেন,

يَا أَيُّهَا النَّاسُ، مَنْ كَانَ يُعْبُدُ مُحَمَّدًا فَإِنَّ مُحَمَّدًا قَدْ مَاتَ، وَمَنْ كَانَ يُعْبُدُ اللَّهَ فَإِنَّ اللَّهَ حَيٌّ لَا يَمُوتُ.<sup>১০</sup>

[হে লোক সকল! যে মুহাম্মদ এর ইবাদত করে সে যেন মনে রাখে যে মুহাম্মদ মৃত্যুবরণ করেছেন। আর যে আল্লাহর ইবাদত করে নিশ্চয় আল্লাহ চিরঞ্জীব তিনি কখনো মৃত্যু বরণ করবেন না।]

তিনি তার বক্তব্যে আরো বলেন,

وَخَلَفَ فِيكُمْ كِتَابَهُ وَسُنَّةَ نَبِيِّهِ، فَمَنْ أَخَذَ بِمَا عَرَفَ، وَمَنْ فَرَّقَ بَيْنَهُمَا أَنْكَرَ.<sup>১১</sup>

[তিনি রেখে গেছেন আল্লাহর কিতাব ও নবী সা. এর সুন্নাহ সূতরাং যে এ দুটি গ্রহণ করেছে সে মেনে নিয়েছে। আর যে উহার মধ্যে পার্থক্য সৃষ্টি করেছে সে অস্বীকার করেছে।]

তাঁর এই প্রজ্ঞাপূর্ণ বক্তৃতার ফলে সাহাবীদের মধ্যে বিশৃংখলাপূর্ণ পরিস্থিতি শান্ত হয়। সকল সাহাবী অনুধাবন করতে সক্ষম হন যে, নবী সা. প্রকৃত পক্ষেই ইত্তিকাল করেছেন। আর তিনি উম্মতের জন্য আল্লাহর কিতাব ও তাঁর সুন্নাহ রেখে গেছেন।

#### খ. রিদাদর যুদ্ধের সময় প্রদত্ত খুতবা

নবী সা.-এর ওফাতের পর কিছু মুসলিম নিজ ধর্ম ইসলাম ত্যাগ করতে শুরু করে। তারা ছাগল ও উটের যাকাত দিতে অসম্মতি জানায়। এমনকি তারা ফরজ যাকাতের অংশ দিতে অস্বীকার করে, এমতাবস্থায় খলীফা আবু বকর রা. অন্যান্য সাহাবীদের সাথে পরামর্শ করেন। ধর্মত্যাগীদের বিরুদ্ধে যুদ্ধের ঘোষণা করেন। উদ্ধৃত পরিস্থিতি সম্পর্কে আবু বকর রা. সকলের সামনে একটি জ্বালাময়ী বক্তব্য পেশ করেন। তিনি তার ভাষণে বলেন,

يَا أَيُّهَا النَّاسُ! إِنْ كَثُرَ أَعْدَاؤُكُمْ، وَقَلَّ عَدَدُكُمْ، رَكِبَ الشَّيْطَانُ مِنْكُمْ هَذَا الْمَرْكَبَ. وَاللَّهُ لَيُظْهِرَنَّ اللَّهُ هَذَا الدِّينَ عَلَى الْأَذْيَانِ كُلِّهَا، وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ، قَوْلُهُ الْحَقُّ، وَوَعْدُهُ الصِّدْقُ... وَاللَّهُ يَا أَيُّهَا النَّاسُ، لَوْ مَنَعُونِي عَقْلًا لَجَاهَدْتُهُمْ عَلَيْهِ، وَاسْتَعْنَتْ عَلَيْهِمُ بِاللَّهِ، وَهُوَ خَيْرُ الْمُعِينِينَ.<sup>১২</sup>

[হে মানুষ! তোমাদের শত্রু সংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং তোমাদের সংখ্যা কমে গেছে। শয়তান তোমাদেরকে এই পরিস্থিতিতে উপনীত করেছে। আল্লাহর কসম! আল্লাহ অবশ্যই এই দীনকে সকল ধর্মের উপর বিজয়ী করবেন। যদিও মুশরিকরা তা অপছন্দ করে। তাঁর (আল্লাহর) কথা এবং প্রতিশ্রুতি সত্য। হে লোকসকল! আল্লাহর কসম, তারা যদি আমাকে একটি দড়ির বাঁধন (যাকাতের একটি অতি সামান্য জিনিস) দিতে অস্বীকার করে, তবুও আমি তার ব্যাপারে তাদের বিরুদ্ধে জিহাদ করব। আর আমি তাদের বিরুদ্ধে আল্লাহর সাহায্য কামনা করব আর আল্লাহই সর্বোত্তম সাহায্যকারী।]

আবু বকর রা.-এর এ খুতবা শুনে মুসলিম সমাজ নিশ্চিত হয়ে যায় যে, নতুন খলিফা দ্বিধাহীন নন; বরং তিনি ইসলামের হুকুম, রাষ্ট্রের নিরাপত্তা ও মুসলমানদের ঐক্য রক্ষায় অত্যন্ত দৃঢ় ও নীতিবান। তাঁর নির্দেশে বিদ্রোহ দমন শুরু হলে অল্প সময়েই দেশে আবার শৃঙ্খলা, শান্তি ও একতা ফিরে আসে। এই খুতবার ভাষার গভীরতা, স্পষ্টতা এবং তাঁর দৃঢ় নেতৃত্ব আজও মুসলিম বিশ্বের জন্য এক অনুপ্রেরণার দৃষ্টান্ত হিসেবে গণ্য হয়।

#### গ. আনসার ও মুহাজিরদের মাঝে সম্প্রীতি স্থাপনে প্রদত্ত খুতবা

রাসূল সা.-এর ওফাতের পর খলিফা নির্বাচনের জন্য আনসার ও মুহাজির সাহাবাগণ সাকিফা বনী সা'আদাতে সমবেত হন। খতীবগণ তাঁদের মতামত পেশ করতে শুরু করেন এবং অধিকাংশের মতামতের ভিত্তিতে আবু বকর রা. কে খলিফা হিসেবে মনোনীত করা হয়।<sup>১৩</sup> তিনি হামদ ও ছানার পর এক রাজনৈতিক ভাষণ প্রদান করেন। তিনি তাদের পারস্পরিক বিরোধ নিরসনে বক্তব্য পেশ করেন। তিনি বলেন,

وَأَنْتُمْ يَا مُعَشَّرَ الْأَنْصَارِ! مَنْ لَا يَنْكُرُ فَضْلَهُمْ فِي الدِّينِ، وَلَا مُسَابَقَتَهُمْ الْعَظِيمَةَ فِي الْإِسْلَامِ، رَضِيَ اللَّهُ أَنْصَارًا لِدِينِهِ وَرَسُولِهِ، وَجَعَلَ إِلَيْكُمْ هِجْرَتَهُ، وَفِيكُمْ جُلَّةَ أَرْوَاحِهِ وَأَصْحَابِهِ، فَلَيْسَ بَعْدَ الْمُهَاجِرِينَ الْأَوَّلِينَ عِنْدَنَا بِمَنْزِلَتِكُمْ، فَتَحَرُّ الْأَمْراءُ وَأَنْتُمْ الْأَزْراءُ، لَا تَفْتَنَانِي بِمَشَاوِرَةٍ وَلَا تُقْضَى دُونَكُمْ الْأُمُورُ.<sup>১৪</sup>

[আর হে আনসার সম্প্রদায়! ধর্মের ক্ষেত্রে তোমাদের মর্যাদা ও ইসলামে তোমাদের অগ্রগামী হওয়া অনস্বীকার্য। আল্লাহ তোমাদের প্রতি সন্তুষ্ট যে, তার দীন ও রাসূলের প্রতি তোমরা সাহায্যকারী। তোমাদের প্রতি তাঁকে হিজরত করিয়েছেন। তোমাদের মাঝে রয়েছে তার সম্মানিত স্ত্রী ও সাহাবাগণ। সূতরাং প্রথম হিজরতকারীদের পরে তোমাদের সমমর্যাদার কেউ নেই। যদিও আমরা খলিফা তোমরাই সেই খেলাফতের পরামর্শ দাতা। তোমাদের পরামর্শ ছাড়া কোন কাজ করা হবেনা।]

#### ঘ. নেতৃত্ব ও আনুগত্যের জন্য প্রদত্ত খুতবা

আবু বকর রা.-এর এই রাজনৈতিক খুতবার মধ্য দিয়ে আনসারদের সাথে মুহাজিরদের সম্পর্ক আরো দৃঢ় হয়। ফলে তাঁকে রাষ্ট্র পরিচালনায় সকলেই সম্মিলিতভাবে সহযোগিতা করেন। তাই অবস্থার পরিপেক্ষিতে এ খুতবাটি ছিল এক তাৎপর্যপূর্ণ

রাজনৈতিক খুতবা। মদিনার খিলাফত ব্যবস্থার প্রাণশক্তি ছিল আনসার ও মুহাজিরগণ। তাই খিলাফতে আরোহণের পর আবু বকর রা. আনসার ও মুহাজিরদের ইসলামের জন্য অবদান ও তাদের পারস্পরিক অধিকার সংরক্ষণে এক রাজনৈতিক ভাষণ প্রদান করেন,

أَيُّهَا النَّاسُ: نَحْنُ الْمُهَاجِرُونَ، أَوَّلُ النَّاسِ إِسْلَامًا، وَأَكْرَمُهُمْ أَحْسَابًا، وَأَوْسَطُهُمْ دَارًا، وَأَحْسَنُهُمْ جُوهًا، وَأَكْثَرُ النَّاسِ وَلَادَةً فِي الْعَرَبِ، وَأَمْسَهُمْ رَحْمًا بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَسْلَمْنَا قَبْلَكُمْ، وَقَدَّمْنَا فِي الْقُرْآنِ عَلَيْكُمْ، فَقَالَ تَبَارَكَ وَتَعَالَى: "وَالسَّابِقُونَ الْأَوَّلُونَ مِنَ الْمُهَاجِرِينَ وَالْأَنْصَارِ وَالَّذِينَ اتَّبَعُوهُمْ بِإِحْسَانٍ" فَتَحْنُ الْمُهَاجِرُونَ وَأَنْتُمْ الْأَنْصَارُ، إِخْوَانُنَا فِي الدِّينِ، وَشُرَكَائُنَا فِي الْفَيْءِ، وَأَنْصَارُنَا عَلَى الْعَدُوَانِ، أَوْثَقُكُمْ وَأَوْاسِيَتُمْ، فَجَزَاؤُكُمْ اللَّهُ خَيْرًا، فَتَحْنُ الْأَمْوَاءَ، وَأَنْتُمْ الْوُزَرَاءُ، لَا تَدِينُ الْعَرَبَ إِلَّا هَذَا الْحَيَّ مِنْ قُرَيْشٍ، فَلَا تَنْفُوا عَلَى إِخْوَانِكُمْ مَا مَنَحَهُمُ اللَّهُ مِنْ فَضْلِهِ.<sup>১৮</sup>

[হে লোক সকল! আমরাই মুহাজির ইসলাম গ্রহণকারী প্রথম মানুষ, পদমর্যাদায় সবচেয়ে সম্মানিত, পরিবারের ক্ষেত্রে মধ্যম পন্থী। সর্বোত্তম চেহারার অধিকারী। আরবদের মাঝে সবচেয়ে বেশী জনগোষ্ঠী। আল্লাহর রাসুলের প্রতি সবচেয়ে দয়ালু। আমরা তোমাদের পূর্বে ইসলাম গ্রহণ করেছি। কুরআনে তোমাদের উপর আমাদের প্রাধান্য দেওয়া হয়েছে। আল্লাহর বাণী: মুহাজির ও আনসারদের থেকে যারা সবার আগে ইমানের দাওয়াত গ্রহণ করেছে এবং যারা পরে নিষ্ঠাসহকারে তাদের অনুসরণ করেছে আল্লাহ তাদের প্রতি সন্তুষ্টি হয়েছেন। তার পরেও আমরা মুহাজির আর তোমরা আনসার। দ্বীনের ক্ষেত্রে আমরা ভাই ভাই। খারাজ ও বিনা যুদ্ধে অর্জিত সম্পদে আমরা সকলেই অংশিদার। শত্রুর মুকাবালায় আমরা সাহায্যকারী। তোমরা আশ্রয় ও সাক্ষ্য দিয়েছ। আল্লাহ তোমাদের উত্তম প্রতিদান দান করুন। আমরা কখনো এ ঋণের কথা ভুলে যাবনা।]

আবু বকর রা. এ খুতবা ছিল মুসলমানদের পারস্পরিক উদ্বেজনা প্রশমনের জন্য উপযুক্ত ভাষণ, যা ঐক্যের দিকে ফিরিয়ে আনে। আবু বকর রা.-এর নরম আচরণ অথচ দৃঢ় যুক্তিপূর্ণ বক্তব্যের মাধ্যমেই অবশেষে আনসাররা সম্মত হন এবং মুসলিম উম্মাহ বিশৃঙ্খলা থেকে রক্ষা পায়। এই খুতবাটি মুসলিম ইতিহাসে নেতৃত্ব, প্রজ্ঞা, সংকট সমাধান ও ভ্রাতৃত্ব স্থাপনে উপমা তুল্য।

#### ‘উমার রা.-এর রাজনৈতিক খুতবা

উমার রা. ছিলেন ইসলামের জন্য নিবেদিত প্রাণ। তিনি একজন ন্যায়পরায়ণ শাসক ও ইসলামের দ্বিতীয় খলিফা। উমার ইবনুল খাত্তাব রা.-এর কুনিয়াত ছিল আবু হাফছ।<sup>১৯</sup> তিনি কুরাইশ বংশের আদী গোত্রে ৫৮৩ খ্রিষ্টাব্দে জন্ম গ্রহণ করেন।<sup>২০</sup> নুবওয়াতের ৬ষ্ঠ বছরে ২৬ বছর বয়সে ইসলাম গ্রহণ করেন। ‘উমার রা. বদরসহ সব যুদ্ধে রাসূল সা.-এর সঙ্গে অংশ গ্রহণ করেন তাবুক ব্যতীত। আবু বকর রা.-তার শাসনামলে ‘উমার রা. কে মদীনার বিচারক নিযুক্ত করেন। তিনি ৬৩৪ খ্রিষ্টাব্দে খলিফা নির্বাচিত হন। তিনি অত্যন্ত ন্যায়পরায়ণ ও আল্লাহভীরু খলিফা ছিলেন। তাঁর আমলে ইসলামি রাষ্ট্র পৃথিবীর বৃহৎ অংশে বিস্তৃত হয় এবং প্রশাসন সুবিন্যস্ত হয়। তাঁর ইচ্ছার সমর্থনে আল্লাহ তা‘আলা পবিত্র কুরআনের বহু আয়াত নাখিল করেন যা তাঁর উচ্চ মর্যাদার প্রমাণ। তিনি ২৪ হি./৬৪৪ খ্রিষ্টাব্দে শাহাদত বরণ করেন। তাঁকে আবু বকর রা. এর রওজার পার্শ্বে দাফন করা হয়।<sup>২১</sup>

#### ক. খলিফার দায়িত্ব গ্রহণকালে প্রদত্ত খুতবা

উমার রা. খলিফা হিসেবে দায়িত্ব গ্রহণের পর মিসরে উঠে প্রথম যে ভাষণটি প্রদান করেন। ইসলামের ইতিহাসে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। ‘উমার রা. খুতবার শুরুতে আল্লাহর হামদ ও ছানা পেশ করেন। তারপর মানুষকে আল্লাহ ও শেষ বিচার দিনের স্মরণ করিয়ে দিয়ে বলেন,

يَا أَيُّهَا النَّاسُ: إِنِّي قَدْ وَلَّيْتُ عَلَيْكُمْ، وَلَوْلَا رَجَاءُ أَنْ أَكُونَ خَيْرَكُمْ لَكُمْ، وَأَفْوَاكُم عَلَيْكُمْ، وَأَشَدُّكُمْ اسْتِطْلَاعًا بِمَا يَتَوَبُّ مِنْ مُهْمٍ أَمُورَكُمْ، مَا تَوَلَّيْتُ ذَلِكَ مِنْكُمْ.<sup>২২</sup>

[হে মানব মণ্ডলি! আমি আপনাদের উপর কর্তৃত্বের অধিকারী হয়েছি। যদি আমার এ আশা না থাকতো যে, আমি হবো আপনাদের সবচেয়ে বেশী কল্যাণকামী, আপনাদের উপর সবচেয়ে বেশী ক্ষমতাবান এবং আপনাদের গুরুত্বপূর্ণ বিষয়সমূহের ভার সর্বাধিক বহণকারী, তাহলে আমি এ দায়িত্ব গ্রহণ করতাম না।]

উমার রা.-এর উল্লিখিত ভাষণটি শুধুমাত্র কিছু আর্কষণীয় শ্লোগান ও তেজোদীপক শব্দেরই সমষ্টি নয়; বস্তুত এটাই হচ্ছে ইসলামী খিলাফতের নীতিমালা। খলিফা ‘উমার রা. এই নীতিমালা খুব দৃঢ়তার সাথে পালন করেন। এ ক্ষেত্রে কোন প্রকার পক্ষপাতিত্ব করেননি। তিনি জনগণকে সমালোচনার অবাধ অধিকার প্রদান করেছিলেন। ফলে একজন সাধারণ নাগরিক খলীফার সমালোচনা করতে বিন্দুমাত্র পরোয়া করত না। কেবল পুরুষ নাগরিকগণই এই সুযোগ ভোগ করতে পারত তা নয়, নারীরাও এই ক্ষেত্রে বিন্দুমাত্র পশ্চাদপদ ছিলনা। ‘উমার রা.-এর আলোচ্য ভাষণটি সংক্ষিপ্ত হলেও এতে রাজনৈতিক নেতৃত্বের গুণাবলি সুস্পষ্টভাবে পরিলক্ষিত হয়। তাঁর দক্ষতা, যোগ্যতা দিয়ে বিভিন্ন রাষ্ট্র ও প্রদেশের শাসনকর্তাদের নিকট ফরমান জারি করেন।<sup>২৩</sup>

#### খ. রাষ্ট্রের কর্মচারীদের উদ্দেশ্যে ভাষণ

রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে রাষ্ট্রের কর্মচারীদের দায়িত্বশীলতা ও কর্মতৎপরতা খুবই গুরুত্বপূর্ণ। তাঁরা সুশৃঙ্খল ও দায়িত্বশীল হলে রাষ্ট্র যন্ত্র সুন্দরভাবে পরিচালিত হয়। তাই খলীফা ‘উমার রা. রাষ্ট্রের কর্মচারীদের উদ্দেশ্যে একটি নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। তিনি তাঁর ভাষণে বলেন,

أَلَا وَإِنِّي إِنَّمَا أُنَبِّئُكُمْ دِينَكُمْ وَدِينَكُمْ وَسُنَّتَكُمْ، وَلَا أُنَبِّئُكُمْ لِيُضْرَبُوا ظُهُورُكُمْ، وَيَأْخُذُوا أَمْوَالَكُمْ، فَمَنْ رَأَى شَيْئًا مِنْ ذَلِكَ فَلْيَرْفَعْهُ إِلَيَّ، فَوَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَا أَقْصِيَنَّكُمْ مِنْهُ. فَقَامَ عُمَرُ بْنُ الْعَاصِ فَقَالَ: يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ، أَرَأَيْتَ إِنْ بَعَثْتَ عَامِلًا مِنْ عُمَّالِكَ، فَأَذْبَ رَجُلًا مِنْ رَعِيَّتِهِ فَضَرَبَهُ، أَتَقْصِيَنَّ مِنْهُ؟ قَالَ: نَعَمْ، وَالَّذِي نَفْسُ عُمَرَ بِيَدِهِ لَا أَقْصِيَنَّ مِنْهُ، فَقَدْ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْصُرُ مِنْ نَفْسِهِ.<sup>২৪</sup>

[আমি কেবল আমার কর্মীদের তোমাদের ধীন ও সুন্যাহ শিক্ষা দেওয়ার জন্য পাঠাই। আমি তাদের তোমাদের জবরদস্তি করতে এবং তোমাদের টাকা-পয়সা লুট করতে পাঠাই না। যে কেউ এরকম কিছু দেখে, সে যেন আমাকে তা জানায়, কারণ যার হাতে আমার প্রাণ তার শপথ, আমি এর প্রতিশোধ নেব। আমার ইবনুল ‘আস দাঁড়িয়ে বললেন, “হে আমিরুল মুমিনীন! আপনার কি অভিমত? যদি আপনি আপনার একজন কর্মীকে তার প্রজাদের একজনকে ভদ্রতা শিক্ষা দেওয়ার জন্য পাঠান এবং সে তাকে মারধর করে তাহলে আপনি কি তার কাছ থেকে প্রতিশোধ নেবেন? তিনি বললেন, হ্যাঁ, যার হাতে উমারের প্রাণ তার কসম! আমি তার কাছ থেকে প্রতিশোধ নেব। কারণ আমি আল্লাহর রাসূলকে দেখেছি, নিজে প্রতিশোধ নিতেন।]

‘উমার রা.-এর প্রশাসনিক ঘোষণাটি কেবল নিয়ম-কানুনের ব্যাখ্যা নয়; এটি রাষ্ট্রচিন্তা, নেতৃত্ব ও সামাজিক ন্যায়বোধের এক অনন্য দিকনির্দেশনা। এতে প্রতিফলিত হয়েছে রাষ্ট্রপ্রধান, মন্ত্রী, আমলা এবং সাধারণ জনগণের মধ্যে এক গভীর সম্পর্ক, তাদের দায়িত্ব ও কর্তব্যের স্বচ্ছ ধারাবাহিকতা এবং সামাজিক ন্যায়বোধ। এই ঘোষণার মাধ্যমে উমার রা.-এর রাজনৈতিক সাম্যবোধ, দায়িত্ববোধ এবং উদার দৃষ্টিভঙ্গি এত সহজে এবং এত প্রাঞ্জলভাবে ফুটে উঠেছে যে, তা আজও নেতা ও জনগণের জন্য একটি চিরন্তন অনুপ্রেরণার উৎস। তাঁর শব্দ ও ভাবের সরলতা, যুক্তির গভীরতা এবং নেতৃত্বের দৃঢ়তা এই খুতবাকে কেবল প্রশাসনিক দলিলই নয়; বরং সামাজিক ন্যায়, রাষ্ট্রীয় শৃঙ্খলা এবং মানবিক মূল্যবোধের এক অমর শিক্ষা ও দৃষ্টান্ত।

#### ‘উছমান ইবন আফফান রা.-এর রাজনৈতিক খুতবা

উছমান ইবন আফফান রা. ইসলামের তৃতীয় খলীফা ছিলেন। তাঁর উপাধি আবু আমর ও আবু আব্দুল্লাহ। তিনি উমাইয়া বংশের একজন সম্মানিত ব্যক্তি ছিলেন। তিনি ৫৭৬খ্রি./৬৪৪খ্রি. সনে আমূল ফিল (৫৭১খ্রি.) এর পরে জন্ম গ্রহণ করেন।<sup>২৫</sup> তিনি রাসূল সা.-এর দুই কন্যাকে বিবাহ করেন তাই তাকে যুন্নুয়াইন উপাধি দেওয়া হয়। ‘উমার রা.-এর ইত্তিকালের তিন দিন পর ৬৪৪ খ্রিষ্টাব্দে/২৪ হিজরীর তিনি খিলাফতের দায়িত্ব গ্রহণ করেন।<sup>২৬</sup> তাঁর খিলাফত কাল ছিল প্রায় বার বছর। তাঁর খিলাফত কালেই পবিত্র কুরআনের বিক্ষিপ্ত কপিগুলোকে সংগ্রহ, সংকলন ও একত্র করে বর্তমান কুরআন মাজিদের রূপ দেওয়া হয়। পরে বসরা, কুফা, মিসরসহ কিছু এলাকার কুচক্রীমহল তাঁর প্রতি বিদ্রোহী হয়ে উঠে এবং পবিত্র কুরআন তিলায়াতরত অবস্থায় হিজরী ৩৫ সনে জিলহজ্জ মাসের ১৮ তারিখে তাঁকে শহীদ করেন। সে সময় তাঁর বয়স হয়েছিল ৮৩ বছর।<sup>২৭</sup>

#### ক. খলিফার দায়িত্ব গ্রহণকালে প্রদত্ত খুতবা

খলিফা ‘উমার রা.-এর ইত্তিকালের পর পরবর্তী খলিফা কে হবেন এ নিয়ে ছয়জন সাহাবীর সমন্বয়ে একটি শুরা কাউন্সিল গঠন করা হয়। এর সদস্যরা হলেন ‘উছমান ইবন আফফান, ‘আলী ইবন আবি তালিব, আব্দুর রহমান ইবন আউফ, সাদ ইবন আবি ওয়াক্কাস, তালহা ইবন উবায়দুল্লাহ ও জুবায়ের ইবনুল আওয়াম রা.। তাছাড়া আব্দুল্লাহ ইবন ‘উমার রা. যিনি তাঁদের সাথে ছিলেন উপদেশ প্রদানের জন্য, ভোট দানের জন্য নয়।<sup>২৮</sup> দীর্ঘ আলোচনা-পর্যালোচনা পর আব্দুর রহমান ইবন আউফ রা. ঘোষণা করেন যে, লোকেরা ‘উছমান রা.-এর খেলাফতকে স্বীকার করছেন এবং আমি নিজেও তার প্রতি অনুগত্যের অঙ্গিকার করছি তখন সমস্ত মুসলিম এগিয়ে এসে তাঁর হাতে বাই‘আত গ্রহণ করেন। এবং বাই‘আত গ্রহণের পর ‘উছমান রা. লোকদের উদ্দেশ্যে ভাষণ দেন,

إِنكُمْ فِي دَارِ الْقُلْعَةِ، وَفِي الْبَقِيَّةِ أَعْمَارٍ، فَبَادِرُوا أَجَالَكُمْ بِخَيْرٍ مَا تَفْدِرُونَ عَلَيْهِ، فَلَقَدْ أَتَيْتُمْ صَبِيحَتُمْ أَوْ مَسِيَّتُمْ إِلَّا وَأَنَّ الدُّنْيَا طُوِيَتْ عَلَى الْغُرُورِ، فَلَا تَغُرَّرُكُمْ الْحَيَاةُ الدُّنْيَا، وَلَا يَغُرَّنَّكُمْ بِاللَّهِ الْغُرُورُ، إِعْتَبِرُوا بِمَنْ مَضَى ثُمَّ جَدُّوا وَلَا تَغْفُلُوا، فَإِنَّهُ لَا يَفْعَلُ عَنْكُمْ، أَيْنَ أَبْنَاءُ الدُّنْيَا

وَإِخْوَانُهَا الَّذِينَ أَثَرُوهَا وَعَمَّرُوهَا، وَتَنْتَعُوهَا طَوِيلًا، أَلَمْ تَلْفُظْهُمْ؟ اذْمُؤُوا بِالْدُنْيَا حَيْثُ رَمَى اللَّهُ بِهَا، وَاطْلُبُوا الْآخِرَةَ فَإِنَّ اللَّهَ قَدْ ضَرَبَ مَثَلًا، وَالَّذِي هُوَ خَيْرٌ فَقَالَ عَزَّوَجَلَّ: اضْرِبْهُمْ مَثَلِ الْحَيَاةِ الدُّنْيَا كَمَا أَنْزَلْنَاهُ مِنَ السَّمَاءِ.<sup>৯৫</sup>

[(হে লোক সকল) তোমরা একটি অস্থায়ী ঘরে আছো। জীবনের অবশিষ্ট দিনগুলো তোমরা পূরণ করছো। মৃত্যুর পূর্বেই তোমরা নেক কাজ করে নাও। সকাল-সন্ধ্যা যে কোন সময় মৃত্যু চলে আসতে পারে। সাবধান! দুনিয়া পুরোটাই ধোঁকা। লক্ষ্য রেখো! যেন তোমরা ধোঁকা না খাও। শয়তান যেন আল্লাহর ব্যাপারে ধোঁকায় ফেলে না দেয়, বিগত লোকদের মাধ্যমে শিক্ষা অর্জন করো। দুনিয়াদাররা কোথায় গেল? যারা এক সময় দুনিয়ার পাগল ছিল। যারা দুনিয়া আবাদ করেছিল, তাতে উন্নতি, অগ্রগতি সাধন করেছিল। তারা কিছুকাল মাত্র ভোগ করেতে পেরেছিল। তারা কি দুনিয়া ছেড়ে যায়নি? তোমরা দুনিয়াকে নিক্ষেপ কর যেমনি আল্লাহ নিক্ষেপ করেছেন। এবং আখেরাতের প্রত্যাশী হও। আল্লাহ তায়ালা উত্তম উপমা পেশ করেছেন। আল্লাহ বলেন, (হে নবী) আপনি তাদের জন্য দুনিয়ার জীবনের দৃষ্টান্ত পেশ করুন আর তা হলো আকাশ হতে বর্ষিত পানির মত।]

#### খ. বিদ্রোহ দমনে প্রদত্ত খুতবা

‘উছমান রা. এর খেলাফত কালে ইসলামী রাষ্ট্রের মধ্যে বিভিন্ন সময় আন্দোলন ও বিদ্রোহের সৃষ্টি হয়। তিনি আলোচনা, পরামর্শ ও রাজনৈতিক দূরদর্শিতার মাধ্যমে তার সমাধান খুঁজে বের করেন।<sup>৯৬</sup> এবং তিনি ইসলামের আমানত খেলাফতের ব্যাপারে অত্যন্ত মজবুত ছিলেন। বিদ্রোহের সময় তিনি নিজেকে সহজ সরলভাবে উপস্থাপন করেন এবং বলেন,

فَقَالَ عُمَانُ: أَمَا أَنْ أَتَبَرَّأَ مِنَ الْإِمَارَةِ، فَإِنْ أَنْ تَصْلُبُونِي أَحَبُّ إِلَيَّ مِنْ أَنْ أَتَبَرَّأَ مِنْ أَمْرِ اللَّهِ عَزَّ وَجَلَّ وَخِلَافَتِهِ. وَأَمَّا فَوَلُكُمُ ثَقَاتِلُونَ مِنْ ذَوِي، فَإِنِّي لَا أَمُرُ أَحَدًا بِقِتَالِكُمْ، فَمَنْ قَاتَلَ ذَوِي فَإِنَّمَا قَاتَلَ بَعِيرٍ أَمْرِي. وَلَعْمَرِي لَوْ كُنْتُ أُرِيدُ قِتَالَكُمْ، لَقَدْ كَتَبْتُ إِلَى الْأَجْنَادِ، فَقَادُوا الْجُنُودَ، وَبَعَثُوا الرِّجَالَ، أَوْ لَحَقْتُ بِبَعْضِ أَطْرَافِي بِمِصْرٍ أَوْ عِرَاقٍ. فَاللَّهُ اللَّهُ فِي أَنْفُسِكُمْ، فَأَبْقُوا عَلَيْهَا، إِنْ لَمْ تَبْقُوا عَلَيْهَا فَاتَّقُوا اللَّهَ جَلَّ وَعَزَّ، فَإِنْ تَقَوَاهُ جُنَّةٌ مِنْ بَاسِهِ وَوَسِيلَةٌ عِنْدَهُ. وَاحْذَرُوا مِنَ اللَّهِ الْغَيْبِ، وَالزُّمُوا جَمَاعَتَكُمْ، لَا تُصَيِّرُوا أَحْرَابًا، "وَادْكُرُوا نِعْمَةَ اللَّهِ عَلَيْكُمْ إِذْ كُنْتُمْ أَعْدَاءً فَأَلَّفَ بَيْنَ قُلُوبِكُمْ، فَأَصْبَحْتُمْ بِنِعْمَتِهِ إِخْوَانًا".<sup>৯৭</sup>

[আল্লাহর আদেশ ও তার খেলাফতের মহান দায়িত্বের অবহেলার চেয়ে আমার প্রাণ উৎসর্গ হওয়া আমার কাছে অধিক শ্রেয়। তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করতে আমি কাউকে আদেশ দিব না তাই আমি ব্যতীত যে কেউ যুদ্ধ করবে সে আমার আদেশ ছাড়াই যুদ্ধ করবে। যদি আমি তোমাদের সাথে যুদ্ধ চাইতাম তাহলে সেনা প্রধানদের নিকট লিখিত নির্দেশ পাঠাতাম, তারা যুদ্ধে লোক পাঠাতো অথবা আমি নিজেও মিসর, ইরাক অথবা অন্য কোন দলে অংশগ্রহণ করতাম। (যেহেতু তা হয়নি) অতএব তোমরা আল্লাহকে ভয় কর। নিশ্চয় আল্লাহভীতি বিপদ হতে বাঁচার ঢাল স্বরূপ এবং আল্লাহর নৈকট্য অর্জনের মাধ্যম। তোমরা জামা'আতকে আঁকড়ে ধর ও দলে-উপদলে বিভক্ত হয়োনা। আল্লাহ তায়ালা বলেন, তোমাদের উপর আল্লাহর নেয়ামতকে স্মরণ কর, যখন তোমরা পরস্পর শত্রু ছিলে অতঃপর তোমাদের অন্তরে আল্লাহ তায়ালা সম্প্রীতি স্থাপন করেছেন ফলে তোমরা তাঁরই নিয়ামতে পরস্পরে ভাই-ভাই হয়ে গেছ।]

আলোচ্য খুতবার মধ্যে ‘উছমান রা.-এর রাজনৈতিক প্রজ্ঞা ও ব্যক্তিত্ব ফুটে উঠেছে। একজন রাজনীতিবিদ রাষ্ট্র প্রধান খিলাফতের মহান দায়িত্বকে তাঁর জীবন থেকেও বেশী ভালোবাসেন। এবং প্রজাদের সামনে নিজেকে অকপটে তুলে ধরে বিদ্রোহ দমনে কুরআন-সুন্নাহর আলোকে সচেষ্ট থাকেন।

#### ‘আলী রা.-এর রাজনৈতিক খুতবা

‘আলী ইবন আবি তালিব রা. ইসলামের চতুর্থ খলীফা। তাঁর উপাধি ছিল আসাদুল্লাহ। কুনিয়াত আবু তুরাব ও আবুল হাছান। তিনি রাসূল সা.-এর নুবুওয়াতের দশ বছর পূর্বে মক্কা মুকাররামায় জন্ম গ্রহণ করেন।<sup>৯৮</sup> বালকদের মধ্যে তিনি প্রথম ইসলাম গ্রহণ করেন। তিনি রাসূল সা. এর চাচাত ভাই এবং জামাতা। তিনি মাত্র ৮-১০ বছরে ইসলাম গ্রহণ করেন।<sup>৯৯</sup> ৩৫ হিজরীতে খিলাফতের দায়িত্বভার গ্রহণ করেন। ৪০ হিজরী ১৭ই রমজান শুক্রবারে কুফায় ইবন মূলজিমের আঘাতে শাহাদাত বরণ করেন।<sup>১০০</sup> ঐতিহাসিক আল-ওয়াকিদী বলেন, ব্রাহ্মণতাই তাঁকে দাফন করা হয় এবং তাঁর কবর অদৃশ্য করে দেওয়া হয়।<sup>১০১</sup>

#### ক. খিলাফতের দায়িত্ব গ্রহণকালে প্রদত্ত খুতবা

৩৫ হিজরী ১৮ জিলহজ্জ/ ৬৫৬ খ্রিস্টাব্দে একদল দুর্বৃত্তের হাতে খলীফা ‘উছমান ইবনে আফফান রা. শাহাদাত বরণ করেন। সে সময় যে সকল নেতৃস্থানীয় সাহাবী মদিনায় উপস্থিত ছিলেন তারা খলীফা নির্বাচনে সমবেত হন। যোগ্যতা, দক্ষতা,

সাহসিকতা, সমরাভিযান ও নিকট আত্মীয়ের ভিত্তিতে ‘আলী ইবনে আবি তালিবকে সবচেয়ে যোগ্যতা সম্পন্ন বিবেচনা করেন। তাই তারা ‘আলী রা.-এর হাতে বাই‘আত নিতে অগ্রহী হন কিন্তু ‘আলী রা. প্রথমে রাজি না হলেও নেতৃত্ব দানকারী সকল সাহাবীদের অনুরোধে সে সময়ের নাজুক অবস্থা দুরীকরণ, ইসলামি রাষ্ট্রের ভিত্তি মজবুতকরণ, বিদ্রোহীদের দমনার্থে খেলাফতের দায়িত্ব গ্রহণ করেন।<sup>৩৬</sup> পরবর্তী জুমু‘আর দিনে ‘আলী রা. মিম্বারে আরোহণ করেন। তিনি তাঁর খুতবায় আল্লাহর হামদ ও ছানা পাঠ করেন তারপর বলেন,

إِنَّ اللَّهَ تَعَالَى أَنْزَلَ كِتَابًا هَادِيًا بَيْنَ فِتْنٍ فِيهِ الْحَيَرُ وَالشَّرُّ، فَخُذُوا بِالْحَيَرِ وَدَعُوا الشَّرَّ. إِنَّ اللَّهَ حَرَّمَ حَرَامًا مَجْهُولًا، وَأَخْلَلَ حَلَالًا غَيْرَ مَذْهُولٍ، وَفَضَّلَ حُرْمَةَ الْمُسْلِمِ عَلَى الْحَرَمِ كُلِّهَا، وَشَدَّ بِالْإِخْلَاصِ وَالتَّوْحِيدِ حُقُوقَ الْمُسْلِمِينَ، وَالْمُسْلِمُ مَنْ سَلِمَ الْمُسْلِمُونَ مِنْ لِسَانِهِ وَيَدِهِ إِلَّا بِالْحَقِّ...<sup>৩৭</sup>

[আল্লাহ তায়ালা পথ পদর্শক এক কিতাব নাযিল করেছেন। তাতে ভাল ও মন্দ বিশদভাবে বর্ণনা করেছেন। সুতরাং তোমরা যা ভাল তা গ্রহণ কর আর যা খারাপ তা পরিহার কর। আল্লাহ অনেক অজানা বিষয়কে হারাম করেছেন এবং অনেক বিষয়কে হালাল করেছেন। আর মুসলমানদের মর্যাদাকে সকল মর্যাদার উপর শ্রেষ্ঠত্ব দিয়েছেন। মুসলমানদের অধিকারসমূহকে ইখলাছ ও তাওহীদের মাধ্যমে দৃঢ় করেছেন। মুসলমান ঐ ব্যক্তি যার জিহবা ও হাত থেকে অন্য মুসলমান নিরাপদ থাকে তবে ন্যায়সঙ্গত বিষয় হলে ভিন্ন কথা।] এবং আল্লাহর বাণী,

وَأَذْكُرُوا إِذْ أَنْتُمْ قَلِيلٌ مُسْتَضْعَفُونَ فِي الْأَرْضِ تَخَافُونَ أَنْ يَتَخَفَتَكُمْ النَّاسُ، فَأَوَّاكُمْ وَأَيَّدَكُمْ بِنَصْرِهِ وَزَوَّدَكُمْ مِنَ الطَّيِّبَاتِ لَعَلَّكُمْ تَشْكُرُونَ.<sup>৩৮</sup>

[যখন পৃথিবীতে তোমরা সংখ্যায় অল্প ও শক্তিতে দুর্বল ছিলে এবং এ আশঙ্কা করছিলে যে, লোকেরা তোমাদেরকে থাবা মেয়ে নিয়ে যাবে। তখন তিনি তোমাদেরকে আশ্রয় দান করেছেন, আপন সাহায্য দ্বারা তোমাদের শক্তি যুগিয়েছেন, এবং উত্তম খাদ্য দ্বারা তোমাদের রিযিক দান করেছেন যাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর।]

বলাবাহুল্য আমিরুল মুমিনীনের এ খুতবা ছিল পূর্ণ স্থান কাল উপযোগী। ঠিক সংবেদনশীল স্থানটিতেই আঘাত করেছিলেন এবং মূল ব্যাধিস্থলটিতেই অঙ্গুলি স্থাপন করেছিলেন। কেননা ইতিহাসের সেই ক্রান্তিলগ্নে মুসলিম উম্মাহ যে ভয়াবহ বিপর্যয়ের শিকার হয়েছিল তাহলো মুসলমানের জান-মাল ও ইজ্জত-আবরূর অসম্মান ও নিরাপত্তাহীনতা। তাই তিনি আল্লাহর জমিনে আল্লাহর বান্দাদের ব্যাপারে এমনকি পশুপাখিদের ব্যাপারেও আল্লাহর ভয় জাহত করার সকল প্রচেষ্টা ব্যয় করেছিলেন।

#### খ. জিহাদ ও দেশ রক্ষার গুরুত্বে প্রদত্ত খুতবা

খিলাফতের শুরুর সময়ে মুসলিম সমাজ নানা অস্থিরতার মধ্য দিয়ে যাচ্ছিল। একদিকে অভ্যন্তরীণ মতভেদ অন্যদিকে রাজনৈতিক টানাপোড়নে।<sup>৩৯</sup> এই সময় শামের গভর্নর মুয়াবিয়া এবং তার অনুসারীদের সাথে ‘আলী রা. এর বাহিনীর সংঘর্ষের পটভূমি তৈরি হয়।<sup>৪০</sup> যখন ‘আলী রা.-এর সৈন্যদের মধ্যে দ্বিধা ও অনীহা দেখা দেয় তখন তিনি খুতবায় জিহাদকে একটি পূত-পবিত্র দায়িত্ব হিসেবে বর্ণনা করেন যা কেবল যুদ্ধ নয়, বরং অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ানো, ন্যায় প্রতিষ্ঠা এবং ইসলামের সার্বভৌমত্ব রক্ষার প্রতীক। ‘আলী রা. তাঁর সেনাদের মধ্যে যে অলসতা, ভোগবিলাস ও দুনিয়ার প্রতি আসক্তি দেখেছিলেন, তার বিরুদ্ধে তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করেন। এই খুতবা কেবল সামরিক আহ্বান নয়, বরং আত্মশুদ্ধিরও আহ্বান যে, জিহাদ শুরু হয় আত্মা থেকে এবং বিস্তৃত হয় সমাজ পর্যন্ত। অতঃপর এক দীর্ঘ খুতবা প্রদান করেন।<sup>৪১</sup> খুতবার অংশ বিশেষ প্রদত্ত হলো,

أَمَّا بَعْدُ، فَإِنَّ الْجِهَادَ بَابٌ مِنْ أَبْوَابِ الْجَنَّةِ، فَتَحَهُ اللَّهُ لِمَنْ أَحْبَبَهُ، وَأُولَئِكَ أَوْلِيَانِي، وَهُوَ لِبَاسُ الْقُوَى، وَدَرَعُ اللَّهِ الْحَصِينَةُ، وَجُنَّتُهُ الْوَيْفَةُ، فَمَنْ تَرَكَهُ رَغْبَةً عَنْهُ أَلْبَسَهُ اللَّهُ ثَوْبَ الدَّلِيلِ، وَثَمَلَهُ الْبَلَاءُ، وَذَيْتُ الصَّغَارِ وَالْقَمَاءَةِ وَضُرِبَ عَلَى قَلْبِهِ بِالْأَسْهَابِ وَأُذِيلَ الْحَقُّ مِنْهُ بِتَضْيِيعِ الْجِهَادِ، وَسِيمَ الْحَسَنِ، وَمُنِعَ النَّصْفَ، أَلَا وَإِنِّي قَدْ دَعَوْتُكُمْ إِلَى قِتَالِ هَؤُلَاءِ الْقَوْمِ لَيْلًا وَنَهَارًا، وَسِرًّا وَإِعْلَانًا، وَقُلْتُ لَكُمْ: اغْزَوْهُمْ قَبْلَ أَنْ يَغْزَوْكُمْ، فَوَاللَّهِ مَا غَزِيَ قَوْمٌ قَطُّ فِي غَيْرِ دَارِهِمْ إِلَّا ذُلُّوا، فَتَوَاكَلْتُمْ وَتَخَذَلْتُمْ حَتَّى شُنْتُ عَلَيْكُمْ الْغَارَاتِ وَمَلِكْتُ عَلَيْكُمْ الْأَوْطَانَ.<sup>৪২</sup>

[হে মানুষ! শুনে রাখো! জিহাদ জান্নাতের এক বিশেষ দরজা। মহান আল্লাহ এটি উন্মুক্ত করেছেন কেবল তাঁর ঘনিষ্ঠ বন্ধু ও প্রিয় বান্দাদের জন্য। জিহাদ হলো তাকওয়ার বর্ম, আল্লাহর অটল দুর্গ, আর তাঁর শক্তিশালী ঢাল। যে ব্যক্তি তা অবহেলা করে দূরে সরে যায়, আল্লাহ তাকে অপমানের পোশাক পরিয়ে দেন, দুর্ভাগ্যের স্রোতে নিক্ষেপ করেন, লাঞ্ছনা ও হীনতার শৃঙ্খলে বেঁধে দেন, তার অন্তরকে কাপুরুষতার অন্ধকারে ঢেকে দেন, আর সত্য ও ন্যায় তার হাত থেকে ছিনিয়ে নেওয়া হয়। তখন সে হয়ে যায় অবমাননার পাত্র, ন্যায় থেকে হয় বঞ্চিত, অপমানের ভারে নুয়ে পড়ে। হে জনগণ! আমি তোমাদেরকে বারবার আহ্বান করেছি দিনে ও রাতে, গোপনে ও প্রকাশ্যে। আমি বলেছি: ‘তাদেরকে আক্রমণ করো, এর আগে যে তারা তোমাদের উপর আক্রমণ চালায়।’ আল্লাহর কসম! কোনো জাতি নিজের ঘরে বসে আক্রান্ত হয়েছে অথচ

তারা পরাজিত হয়নি এমন ঘটনা কখনো ঘটেনি। কিন্তু তোমরা অবহেলা করলে, পরস্পরের উপর দায়িত্ব ঠেলে দিলে, দুর্বলতা দেখালে এমনকি তোমাদের ঘরে ঘরে হামলা হলো, আর তোমাদের ভূ-খণ্ড শত্রুর হাতে চলে গেল।]

‘আলী রা. এই খুতবার মাধ্যমে মানুষের স্বভাবজাত ক্রটিগুলো তুলে ধরে জিহাদের প্রতি উৎসাহিত করেন। তিনি বলেন জিহাদ অপমান-অপদস্থতা থেকে নিজ জাতিকে রক্ষা করার শ্রেষ্ঠ হাতিয়ার। শুধু তাই নয় সর্বোপরি আল্লাহর সন্তুষ্টি অর্জন করে জান্নাতে যাওয়ার সহজ পথ।

#### আল-খুলাফাউর রাশিদুন-এর খুতবার শিল্পরূপ

রাজনৈতিক খুতবার অনেক শৈল্পিক বৈশিষ্ট্য রয়েছে। বিভিন্ন খুতবার মধ্যে আমরা তা দেখতে পাই। আল-খুলাফাউর রাশিদুন-এর যুগে যে রাজনৈতিক শৈল্পিক বৈশিষ্ট্য পাওয়া যায় তা নিম্নরূপ।

#### শব্দগত বৈশিষ্ট্য

আল-খুলাফাউর রাশিদুন আবু বকর, উমার, ‘উছমান র ও ‘আলী রা. তাঁরা সকলে আরবী ভাষাভাষি ছিলেন। তৎকালীন আরবের প্রথানুযায়ী শৈশবকাল হতে আরবী ভাষা চর্চায় নিমগ্ন ছিলেন। ফলে জুম‘আ ও দু-ঈদের খুতবাসহ অন্যান্য খুতবায় তাঁদের ব্যবহৃত আরবী ভাষা ছিল অত্যন্ত সহজ সাবলীল ও প্রাঞ্জল। শব্দচয়ন ও বাক্যগঠনে তাঁদের ছিল অসামান্য অবদান। আল্লামা জাহিয যথার্থই বলেন: “রাসূল সা. এমন এক জাতির কাছে আগমণ করেন যাদের সুনামের অনুঘটক হলো বাকপটুতা, শব্দালংকার, উপস্থাপনা আর বাগ্মিতার জন্য তাঁরা গৌরব বোধ করতেন। সমাজে যদি কোন ব্যক্তি এগুলো হতে বঞ্চিত হত সে সম্মান ও মর্যাদা পেত না।<sup>৪৭</sup> মাহমুদ শুকরী আল-আলুসী খুলাফা রাশিদা যুগের খুতবার ভাষা-বৈশিষ্ট্য ও আঙ্গিক সম্পর্কে বলেন,<sup>৪৮</sup> *فَهِيَ الْغَايَةُ فِي الْفَصَاحَةِ وَالْمُنْتَهَى فِي الْبَرَاغَةِ وَالْبَلَاغَةِ* [এ সকল খুতবা বিশুদ্ধতায় চূড়ান্ত পর্যায়ে এবং উৎকর্ষতা ও আলঙ্কারিক সাজ-সজ্জায় চূড়ান্ত সীমানায় পৌঁছেছিল।]

সাজা: একই মাত্রা ও পরিমিতিতে কথার ধারাবাহিকতাকে সাজা বলে।<sup>৪৯</sup> বিশ্বনবী সা. মদিনায় আগমনের পর প্রথম যে সকল খুতবা দিতেন তার মধ্যে নিম্নের অন্তর্মিলসমৃদ্ধ খুতবাটি উল্লেখযোগ্য।

قَالَ: يَا أَيُّهَا النَّاسُ، أَفْشُوا السَّلَامَ، وَأَطْعِمُوا الطَّعَامَ، وَصَلُّوا الْأَرْحَامَ، وَصَلُّوا بِاللَّيْلِ وَالنَّاسُ نِيَامٌ، تَدْخُلُوا الْجَنَّةَ بِسَلَامٍ<sup>৪৭</sup>

[হে মানবমন্ডলি! তোমরা সালামের প্রসার ঘটাও, মানুষকে আহার করাও, আত্মীয়তার বন্ধন অটুট রাখ, মানুষ যখন রাতে ঘুমিয়ে থাকে নামায পড়। ফলশ্রুতিতে নিরাপদে ও শান্তিতে জান্নাতে প্রবেশ করবে।] সাজা তৈরিতে লৌকিকতা থাকে বিধায় পরবর্তীতে নবী সা. সাজা তৈরি নিষেধ করেন। এবং তাঁকে প্রশ্ন করা হলে বলেন, আল্লাহর বাণী, <sup>৪৯</sup> وَمَا أَتَا مِنَ الْمُتَكَلِّفِينَ ﴿٨٩﴾ [আমি কৃতিমতা প্রদর্শনকারীদের অন্তর্ভুক্ত নই।] তাই ‘উমার রা. এর দরবারে সুবহার আল-আবদীর সাজা সমৃদ্ধ ভাষণ, পছন্দ করেননি। তাকে প্রশ্ন করেন *أَسْجَاعَ أَنْتَ أَمْ مَخْرَجٌ*? তুমি কী কোন সাজা তৈরি করছ না সংবাদ দিচ্ছ? খুলাফা রাশিদার যুগে ভগ্ন নবী দাবিদার মুসায়লামাতুল কাযযাবের কিছু খুতবায় সাজা দেখা যায়। সে খুতবার দুটি বাক্য *لِمَنْ سَمِعَ، سَمِعَ اللَّهُ*।<sup>৪৮</sup> আল্লাহ শুনে তার কথা যে তাঁর কথা শুনে। তিনি তাকে ভালো আহার করান, যখন সে ক্ষুধার্ত হয়।]

প্রবাদ বাক্যের ব্যবহার: মানবসমাজের দীর্ঘ দিনের অভিজ্ঞতালব্ধ জীবন সত্যের স্মারক কোন জনপ্রিয় বিদ্রূপাত্মক সংক্ষিপ্ত উক্তি প্রবাদ বলে।<sup>৪৯</sup> প্রবাদ বাক্যের ব্যবহার রাজনৈতিক খুতবার আরেকটি ঘটনা। রাজনৈতিক খুতবায় প্রবাদ বাক্যের ব্যবহার শ্রোতার হৃদয় অনুরণিত করে, অর্থের প্রতি গুরুত্বারোপ করে। প্রবাদ বাক্যের আরবী হল *أَمْثَالُ*। *أَمْثَالُ* এর *الْحِكْمَةُ* ও *الْأَمْثَالُ*। *يُؤْتَى الْحِكْمَةُ مَنْ*। শব্দটি পবিত্র কুরআনে এসেছে।<sup>৫০</sup> আল্লাহ যাকে চান হিকমাহ দান করেন। আর যাকে হিকমাহ দান করা হয় বস্তুত তাকে অনেক কল্যাণ দান করা হয়। আবু বকর রা. এই হিকমার অধিকারী ছিলেন। রাসূল সা.-এর ওফাতের পর বিভিন্ন জাতি ইসলাম হতে বিচ্ছিন্ন হয়েছিল আবু বকর রা. হিকমার প্রজ্ঞার দ্বারাই একত্রিত করেছিলেন।<sup>৫১</sup> তিনি ঐক্য ছড়িয়ে দিয়েছিলেন তার জ্বলন্ত উদাহরণ রিদ্বার যুদ্ধ।<sup>৫২</sup>

## উপসংহার

পরিশেষে বলা যায় প্রাক ইসলামী যুগে খুতবা সাহিত্যের যে বীজ অঙ্কুরিত হয়েছিল আল-খুলাফাউর রাশিদুন-এর যুগে এসে তা বিভিন্ন শাখা-প্রশাখায় প্রস্ফুটিত হয়। তাঁরা খুতবার চর্চা ও বিকাশে অসাধারণ অবদান রাখেন। তাঁরা সকলেই বিশুদ্ধভাষী বাগ্মী ছিলেন। বিভিন্ন সময় ও প্রেক্ষাপটে নানান বিষয়ে খুতবা প্রদান করেছেন। আল-খুলাফাউর রাশিদুন-এর খুতবাসমূহ পর্যালোচনা করলে যতটুকু জানা যায় তাঁদের খুতবাসমূহ ছিল সহজ-সরল, সুন্দর শব্দচয়ন, আকর্ষণীয় বাকবিন্যাস এবং সাববীল ভাবার্থবোধক। তাঁরা বিভিন্ন ঘটনা, অভিযান পরিচালনা, সেনাপতিদের উপদেশ এবং তাওহীদ, রিসালত ও আখিরাতে কেন্দ্রিক বহু বক্তৃতা দিয়েছেন, যা চির দিন স্মরণীয় ও অনুকরণীয় হয়ে থাকবে। আল-খুলাফাউর রাশিদুন কর্তৃক প্রদত্ত রাজনৈতিক খুতবাসমূহ আজও আমাদের প্রেরণার উৎস হয়ে আছে। তাঁদের খুতবাসমূহ যেমনি শিক্ষা ও উপদেশ গ্রহণে গুরুত্বপূর্ণ তেমনি আরবী ভাষা ও সাহিত্যের অমূল্য সম্পদ হয়ে থাকবে।

## টীকা ও তথ্যনির্দেশ

- <sup>১</sup> ইসলামী বিশ্বকোষ, সম্পাদনা পরিষদ, ১০ম খণ্ড (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ১৯৯১ খ্রি.), পৃ. ১২৪।
- <sup>২</sup> সূরাহ আন-নাবা: ৩৮।
- <sup>৩</sup> সূরাহ আস-সাদ: ২০।
- <sup>৪</sup> মাহমুদ ইবন জা'ফর, *কিতাব আন-নাকুদ আন-নাছর* (কায়রো: দারুল আল-কুতুব আল-মিসরিয়া, ১৯৩৩ খ্রি.), পৃ. ৮৩-৮৪।
- <sup>৫</sup> মুহাম্মদ ইসমাইল 'আলী, *ফানু আল-খিতাবা ওয়া মাহারাত আল-খাতীব* (কায়রো: দার আল-কালিমা, ১৯১৬ খ্রি.) পৃ. ২৫৯।
- <sup>৬</sup> ড. আহমাদ মুহাম্মদ আল-হুফী, *ফানু আল-খিতাবা* (কায়রো: দারুল ফিকরিল আরাবী, ১৯৭২ খ্রি.), পৃ. ৩।
- <sup>৭</sup> ড. শাওকী দাইফ, *আল-ফানু ওয়া মাযাহিরুহ ফিন নাসরিল আরাবী* (মিসর: দারুল মা'আরিফ, ১৯৪৬ খ্রি.), পৃ. ২৮।
- <sup>৮</sup> শাওকী দাইফ, *তারীখুল আদাবিল 'আরবী*, ১ম খণ্ড (মিসর: দারুল মা'আরিফ, ১৯৭৬ খ্রি.), পৃ. ১০৬।
- <sup>৯</sup> ইসলামী বিশ্বকোষ, সম্পাদনা পরিষদ, *হযরত রাসূলে করীম (সা): জীবন ও শিক্ষা* (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ২০০৮ খ্রি.), পৃ. ১২৪।
- <sup>১০</sup> ড. মুহাম্মদ মুজীবুর রহমান, আরবী সাহিত্যের ইতিহাস, ২য় খণ্ড, পৃ. ৮৫।
- <sup>১১</sup> আবু উমার ইউসুফ ইবন আব্দুল বার, *আল-ইত্তি'য়াব ফি আসমাইল আসহাব*, ২য় খণ্ড (মিসর: আল-মাকতাবা আত-তিজারিয়াহ, ১৯৩৯ খ্রি.), পৃ. ২৩৪।
- <sup>১২</sup> ইবন আল-জাওযী, *আল-মুত্তাযাম ফী তারীখিল মূলুক ওয়াল উমাম*, ৪র্থ খণ্ড (বৈরুত: দারুল কুতুবিল আলামিয়া, ১৯৯২ খ্রি.), পৃ. ৫৩; আবুল হাসান আর-রাওহী, *বুলগাতুয যোরাফা ফী তারীখিল খুলাফা* (কায়রো: ইদারাতু তাহকীকিল মাখতুতাত ওয়া কুতুবিত তুরাছ, ২০০৪ খ্রি.), পৃ. ১০৮-১০৯।
- <sup>১৩</sup> ইবন আব্দ রাব্বিহ, *আল-ইকদুল ফরীদ*, ৪র্থ খণ্ড (বৈরুত: দারুল কুতুবিল ইলমিয়া, ১৯৮৩ খ্রি.), পৃ. ১৫০।
- <sup>১৪</sup> আহমাদ যাকী সাফওয়াত, *জামহারাত খুতাবিল আরাব*, ১ম খণ্ড, (মিসর: মাতবা'আত মুত্তাফা আলবানী আল-হালাবী, ১৯২৩ খ্রি.), পৃ. ৯০-৯১।
- <sup>১৫</sup> আহমাদ যাকী সাফওয়াত, *জামহারাত খুতাবিল আরাব*, পৃ. ৯০-৯১।
- <sup>১৬</sup> ইবন কাছির, *আল-বিদায়া ওয়ান-নিহায়া*, ৫ম খণ্ড (বৈরুত: দারুল মা'আরিফ, ১৯৯২ খ্রি.), পৃ. ২৪৮।
- <sup>১৭</sup> আহমাদ যাকী সাফওয়াত, *জামহারাত খুতাবিল আরাব*, ১ম খণ্ড, পৃ. ৬৩।
- <sup>১৮</sup> ইবন আব্দ রাব্বিহ, *আল-ইকদুল ফরীদ*, ৪র্থ খণ্ড (বৈরুত: দারুল কুতুবিল ইলমিয়া, ১৯৮৩ খ্রি.), পৃ. ১৫০; আহমাদ যাকী সাফওয়াত, *জামহারাত খুতাবিল আরাব*, পৃ. ৬৩।
- <sup>১৯</sup> বদরুদ্দীন আল-আয়নী, *উমদাহ আল-কারী*, ১৬ খণ্ড (কায়রো: ৭৬২ হি.) পৃ. ১৯২।
- <sup>২০</sup> ইবন আব্দুল বার, *আল-ইত্তি'য়াব*, ২য় খণ্ড (কায়রো: মাকতাবাত আন-নুহদা, ১৯৬০ খ্রি.), পৃ. ৪৫০।
- <sup>২১</sup> আল-মুনতযাম ফী তারীখিল মূলুক ওয়াল উমাম, *প্রাগুক্ত*, পৃ. ১৩১; আল ই'য়াকুবী, *তারীখু ইয়াকুবী*, ২য় খণ্ড (বৈরুত: দারুল বৈরুত, ১৯৬০ খ্রি.), পৃ. ১৩৯।
- <sup>২২</sup> আহমাদ যাকী সাফওয়াত, *জামহারাত খুতাবিল আরাব*, ১ম খণ্ড, পৃ. ৮০; তারীখ আত-তাবারী, ৫ম খণ্ড, পৃ. ২৫; শরহ ইবন আবিল হাদিদ, ৩য় খণ্ড, পৃ. ১২৪।
- <sup>২৩</sup> কাজী মুহাম্মদ ইবন আহমাদ কানআনী, *তারীখুল খুলাফা আর-রাশিদা* (বৈরুত: মুআসসাসাতুল মাআরিফ, ১৪১৭ হি.), পৃ. ১১৭।
- <sup>২৪</sup> আহমাদ যাকী সাফওয়াত, *জামহারাত খুতাবিল আরাব*, ১ম খণ্ড, পৃ. ৮৭; ইবন আব্দ রাব্বিহ, *আল-ইকদুল ফরীদ*, ৪র্থ খণ্ড, *প্রাগুক্ত*, পৃ. ১৫০।
- <sup>২৫</sup> সাদিক উজ্জুন, *'উছমান ইবন আফফান* (রিয়াদ: আদ-দার আস-সাউদিয়াহ, ১৯৯০ খ্রি.), পৃ. ৪৫।
- <sup>২৬</sup> শায়খ ওয়ালী উদ্দীন মুহাম্মদ ইবন আব্দুল্লাহ, *আসমাউর রিজাল* (ঢাকা: আর.আই.এস. পাবলিকেশন্স, ২০০২ খ্রি.) পৃ. ৬১।
- <sup>২৭</sup> আহমাদ ইবন ইয়াকুব, *তারীখু ইয়াকুবী* (মাতবা'আতুল গারা, ১৩৫৮ হি.), পৃ. ১৬২-১৬৬; আল-মুনতযাম ফী তারীখিল মূলুক ওয়াল উমাম, *প্রাগুক্ত*, পৃ. ৩৩৪; ফী তারীখিল খুলাফা, *প্রাগুক্ত*, পৃ. ১২৩।
- <sup>২৮</sup> কাজী মুহাম্মদ ইবন আহমাদ কানআনী, *তারীখুল খিলাফা আর-রাশিদা*, পৃ. ২৫২।
- <sup>২৯</sup> আহমাদ যাকী সাফওয়াত, *জামহারাত খুতাবিল আরাব*, ১ম খণ্ড, পৃ. ১০০; মুহাম্মদ ইবন জারীর আত-তাবারী, *তারীখ আত-তাবারী*, ৫ম খণ্ড, পৃ. ৪৩।

- 
- <sup>৩০</sup> কাজী মুহাম্মদ ইবন আহমাদ কানআনী, *তারীখুল খুলাফা আর-রাশিদা*, পৃ. ২৫৩।
- <sup>৩১</sup> আহমাদ যাকী সাফওয়াত, *জামহারা তু খুতাবিল আরাব*, ১ম খণ্ড, পৃ. ১০৪-১০৫।
- <sup>৩২</sup> ইবন সা'য়াদ, *আত-তাবাকাত আল-কুবরা*, প্রাগুক্ত, ৩য় খণ্ড, পৃ. ১৫।
- <sup>৩৩</sup> ইবন আব্দুল বার, *আল-ইত্তি'য়াব*, প্রাগুক্ত, ৩য় খণ্ড, পৃ. ৩০।
- <sup>৩৪</sup> ইবন সা'য়াদ, *আত-তাবাকাত আল-কুবরা*, প্রাগুক্ত, ১ম খণ্ড, পৃ. ১১-১২।
- <sup>৩৫</sup> ফী তারীখিল খুলাফা, প্রাগুক্ত, পৃ. ২৯- ৩০; তারীখু ইয়াকুবী, প্রাগুক্ত, পৃ. ১৭৮।
- <sup>৩৬</sup> কাজী মুহাম্মদ ইবন আহমাদ কানআনী, *তারীখুল খুলাফা আর-রাশিদা*, পৃ. ৩৪১।
- <sup>৩৭</sup> সাইফ ইবন উমার, *আল-ফিতনা ওয়া ওয়াকিআতিল জামাল* (দারুন নাফাইস, ১৯৯৩ খ্রি.), পৃ. ৯৫।
- <sup>৩৮</sup> সূরাহ আল-আনফাল, আয়াত: ২৬।
- <sup>৩৯</sup> আব্দুস সাত্তার, *'আলী ইবন আবি তালিব*, প্রাগুক্ত, পৃ. ৩৫৮-৩৬০।
- <sup>৪০</sup> ইবন কাছির, *আল-বিদায়া ওয়া আন-নিহায়া*, ৭ম খণ্ড (বৈরুত: মাকতাবাতু আল-মা'আরিফ, ১৯৯২ খ্রি.), পৃ. ২২৬-২৩০।
- <sup>৪১</sup> ইবন আব্দ রাব্বীহ, *আল-'ইকদুল ফরীদ*, ৪র্থ খণ্ড (বৈরুত: দার আল-কুতুব আল-'ইলমিয়াহ, ১৯৮৩ খ্রি.), পৃ. ১৬০।
- <sup>৪২</sup> আব্বাশ শরীফ রিদা, *নাহজুল বালাগাহ* (বৈরুত: মুআসাসাতুল মা'আরিফ, ১৯৯০ খ্রি.), পৃ. ১৪০; আহমাদ যাকী সাফওয়াত, *জামহারা তু খুতাবিল 'আরব*, ১ম খণ্ড, পৃ. ২৪০।
- <sup>৪৩</sup> আল-জাহিয়, *আল-বায়ান ওয়াত তাবয়ীন*, প্রাগুক্ত, ১ম খণ্ড, পৃ. ২৪।
- <sup>৪৪</sup> মাহমুদ শুকরী আল-আলুসী, *বুলুগ আল-আরব*, ৩য় খণ্ড (মিসর: দার আল-কিতাব, ২০০৯ খ্রি.), পৃ. ১৮৯।
- <sup>৪৫</sup> মুরতাজা যুবাইদী, *তাজুল 'আরুস*, ৫ম খণ্ড (মিসর: আল-মাতবা'আতুল খাইরিয়াহ ২০০১ খ্রি.), পৃ. ৩৭৫।
- <sup>৪৬</sup> ইবন আব্দ রাব্বীহ, *আল-'ইকদুল ফরীদ*, ৩য় খণ্ড, পৃ. ১৪৩।
- <sup>৪৭</sup> সূরাহ আস-সোয়াদ, আয়াত: ৩৮।
- <sup>৪৮</sup> ইবন জারীর তাবারী, *তারীখু আত-তাবারী*, পৃ. ৪৯৮।
- <sup>৪৯</sup> আব্দুল কাদির আর-রাজী, *আল-আমছাল ওয়াল হিকাম* (দামেস্ক: মাজমাউ আল-লুগাতিল আরবিয়া, ১৯৮২ খ্রি.), পৃ. ১৪।
- <sup>৫০</sup> সূরাহ আল-বাকারাহ, আয়াত: ২৬৯।
- <sup>৫১</sup> আত-তাবারী, *তারীখুল উমাম ওয়াল মুলুক* (রিয়াদ: বায়তু আফকারিদ-দাওলিয়াহ, ৩১০ হি.), পৃ. ২২১।
- <sup>৫২</sup> ইমাম মোহাম্মদ আবু যাহরা, *আল-খিতাবা উছুলুহা তারীখুহা* (কায়রো: দারুল ফিকরিল আরবী, ১৯৩৪ খ্রি.) পৃ. ২৬৭।

## আল-‘ইকদুল ফারীদ: পরিচিতি ও বিষয়বৈচিত্র [AL-IQDUL FARID: INTRODUCTION AND VARIETY OF THEMES]

Md. Basirullah

PhD Researcher, Department of Arabic, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

### ARTICLE INFORMATION

The Faculty Journal of Arts  
Rajshahi University  
Volume 39, June 2025  
ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A8>

Received : 30 January 2025

Received in revised: 30 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

#### Keywords:

Introduction, Nomenclature, variety of themes,  
Biography, Characteristics, Review.

### ABSTRACT

Ibn ‘Abd Rabbih was a prominent poet and literary scholar of Muslim Spain, born in 860 AD in Córdoba. He gained recognition for his poetry, particularly his panegyrics dedicated to various rulers from Muhammad I to Caliph An-Nasir. His most famous work, Al-Iqdul Farid (The Unique Necklace), is a 25-volume literary encyclopedia covering a wide range of topics, including history, politics, literature, philosophy, and science. Each volume is named after a precious gem. The book became a cornerstone of Arabic literature, widely published and studied, solidifying Ibn ‘Abd Rabbih’s legacy as a major literary figure.

### ভূমিকা

স্পেনে মুসলিম শাসনকাল (৭১১-১৮৯২খ্রি.) প্রায় আট শতাব্দী ব্যাপী বিস্তৃত ছিল। মুসলিম শাসনের এই দীর্ঘ সময়ে স্পেন তথা আল-আন্দালুস (الأندلس) শিক্ষা, সাহিত্য, দর্শন, জ্যোতির্বিদ্যা, চিকিৎসা, স্থাপত্য ও কৃষিবিজ্ঞানে এক অনন্য নবজাগরণের যুগ উপহার দেয়। এ সময় অসংখ্য মাদ্রাসা, গ্রন্থাগার ও বিজ্ঞানকেন্দ্র প্রতিষ্ঠিত হয়। কর্ডোভার বিশ্ববিদ্যালয় ছিল ইউরোপের প্রথম দিককার উচ্চ বিদ্যাপীঠ গুলোর অন্যতম। যেখানে গণিত, চিকিৎসা, জ্যোতির্বিদ্যা, দর্শন ও সাহিত্য পাঠদান হতো। আবুল-কাশিম আয-যাহরাবি (৯৩৬-১০১৩ খ্রি.) একটি বিশ্ববিখ্যাত চিকিৎসা বিশ্বকোষ রচনা করেন। আল-মাজরিতি ও ইবন আল-সামহ গ্রিক জ্যোতির্বিদ্যার নতুন ব্যাখ্যা দেন এবং আধুনিক ত্রিকোণমিতির ভিত্তি স্থাপন করেন। ইবন হাজম, ইবন তুফায়েল ও ইবন রুশদের দর্শনচিন্তা মধ্যযুগীয় ইউরোপে যুক্তিবাদী চিন্তার নবযুগের সূচনা করে। একই সঙ্গে আন্দালুসিয়ান কবিরা যেমন ইবন ‘আদ রাব্বিহ, ইবন জায়দুন ও ইবন খাফাজা প্রাচ্য ও পাশ্চাত্যের সাহিত্যরুচির সেতুবন্ধন ঘটান। মুসলিম স্পেনের আরবি সাহিত্যের ইতিহাসে ইবন ‘আদ রাব্বিহ এক উজ্জ্বল নক্ষত্র। তিনি একাধারে কবি ও সাহিত্যিক ছিলেন। তৎকালীন স্পেনের রাজধানী কর্ডোভায় ৮৬০ খ্রিস্টাব্দে তিনি জন্মগ্রহণ করেন। অল্প বয়সেই জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখায় দক্ষতা অর্জন করেন। তাঁর পিতা রাজপ্রাসাদের কর্মচারী হওয়ার সুবাদে তিনিও রাজপ্রাসাদে নিজের জায়গা করে নেন। সেখানে তিনি প্রথম মোহাম্মদ (মৃ. ২৭৩ হি.)-এর শাসনকাল হতে খলিফা আন-নাসির (৩০০-৩৫০ হি.)-এর শাসনকালের মধ্যবর্তী বিভিন্ন খলিফা, আমির ও রাজন্যবর্গের প্রশংসায় অসংখ্য কবিতা রচনা করেন। তিনি আল-ইকদুল ফারীদ নামে এক জগদ্বিখ্যাত আরবি সাহিত্য ও ইতিহাসকোষ সংকলন করেন। এই বর্ণাঢ্য গ্রন্থটিতে কাব্য, বক্তৃতা, বাগধারা, নীতিকথা, ইতিহাস ও ইসলামি সংস্কৃতির বিভিন্ন বিষয় সংরক্ষিত রয়েছে। গ্রন্থটি রচনার ক্ষেত্রে তিনি বিভিন্ন ধর্মগ্রন্থ, সাহিত্য ও ইতিহাসের উৎসমূল থেকে উপাদান গ্রহণ করেন। এছাড়া আরো কিছু গ্রন্থ ও কাব্য রচনার মাধ্যমে তিনি আরবি সাহিত্যে অসামান্য অবদান রাখেন। তাঁর লিখিত প্রাণ্ড কবিতা গুলো নিয়ে আধুনিক কালে এসে ড. মুহাম্মদ আত-তুনজী ও ড. রিদওয়ান আদ-দায়া স্বতন্ত্র দুটি দীওয়ান সংকলন করেন। আরবি সাহিত্যে তিনি মূলত কবি হিসেবে পরিচিতি লাভ করলেও গদ্য সাহিত্যেও তাঁর অবদান কম নয়।

### লেখক পরিচিতি

আরবি সাহিত্যের অমর কীর্তি আল-ইকদুল ফারীদ গ্রন্থের লেখক হলেন ইবন ‘আদ রাব্বিহ। তাঁর প্রকৃত নাম আহমদ। পিতার নাম মোহাম্মদ ও দাদার নাম ইবন ‘আদ রাব্বিহ।<sup>১</sup> তাঁর নসব নামা হলো- আবু ওমর আহমদ ইবন মোহাম্মদ ইবন ‘আদ রাব্বিহ ইবন হাবিব ইবন হুদাইর ইবন সালিম।<sup>২</sup> তাঁর উপাধি শিহাব উদ্দিন ও উপনাম আবু উমর। দাদার নাম অনুসারে তিনি সমাধিক পরিচিতি লাভ করেন।<sup>৩</sup> মুসলিম স্পেনের রাজধানী কর্ডোভা নগরীতে জন্ম বলে তিনি আল কুর্তুবি নামেও পরিচিত। তাঁর দাদা ছিলেন স্পেনের দ্বিতীয় উমাইয়া খলিফা হিশাম ইবন আব্দুর রহমানের দাস।<sup>৪</sup> তিনি ১০ই রমজান, ২৪৬ হি. মোতাবেক ২৯ শে নভেম্বর, ৮৬০ খ্রিস্টাব্দে স্পেনের কর্ডোভায় জন্ম গ্রহণ করেন<sup>৫</sup> এবং সেখানেই বেড়ে ওঠেন। শৈশবের প্রারম্ভিক সময়ে তিনি দারিদ্র্যের মধ্যে জীবন যাপন করেন। কিন্তু পরে পিতার কল্যাণে রাজদরবারে প্রবেশের সুযোগ পান। ফলে যুবরাজ, রাজ পরিবার, আমির-উমারা, সেনাপতিসহ বিভিন্ন রাজন্য ব্যক্তিবর্গের দরজা তাঁর

জন্য খোলা ছিল।<sup>৮</sup> ছোটবেলা থেকেই ইবন 'আব্দ রাব্বিহ'র জ্ঞান অর্জনের প্রতি টান ছিল।<sup>৯</sup> প্রাথমিক শিক্ষা লাভের পর তিনি চিকিৎসা ও সংগীত বিষয়ে জ্ঞান অর্জন করেন। অতঃপর তৎকালীন কর্ভোভার বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের কাছ থেকে প্রভূত জ্ঞান অর্জন করেন। তাঁর শিক্ষকগণের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন কর্ভোভার প্রখ্যাত শিক্ষাবিদ বাকি ইবন মাখলাদ (৮১৭-৮৮৯খ্রি.), বিখ্যাত হাদীস বিশারদ ইবন ওয়াদা (মৃ. ৮৯৯খ্রি.) এবং প্রসিদ্ধ ভাষাবিদ আব্দুস সালাম (মৃ. ৮৯৯খ্রি.)। তিনি তাঁদের থেকে ফিকহ, ইলমে হাদিস, ভাষা, ইতিহাস ও সাহিত্যের বিভিন্ন শাখা-প্রশাখা, স্পেনের রাজনৈতিক, সামাজিক, শিক্ষা ও সংস্কৃতি বিষয়ে জ্ঞান অর্জন করেন।<sup>১০</sup> তৎকালীন মুসলিম স্পেনের জনগণ আরবী ভাষা ও সংস্কৃতিকে আপন করে নিয়েছিলেন। ফলে তাদের ইতিহাস-ঐতিহ্য, ভাষা ও সংস্কৃতির মূল উৎস ছিল আরবদের ইতিহাস ঐতিহ্য ও সংস্কৃতি। সুতরাং ইবন 'আব্দ রাব্বিহ' আরবদের ইতিহাস অধ্যয়নের প্রতি আকৃষ্ট হন। আরবদের প্রাচীন ইতিহাস থেকে শুরু করে সমকালীন ইতিহাসের গ্রন্থগুলো অল্প সময়ের মধ্যেই পড়ে ফেলেন। অতঃপর হজ পালন এবং আরবের আর্থ-সামাজিক, শিক্ষা-সংস্কৃতিক বিষয়ে বাস্তব জ্ঞান অর্জনের জন্য তিনি আরব অঞ্চল ভ্রমণ করেন।<sup>১১</sup> তিনি আরবের পবিত্র ঐতিহাসিক স্থানসমূহও ভ্রমণ করেন এবং আরবের কবি, সাহিত্যিক ও জ্ঞানী-গুণী ব্যক্তিবর্গের সাহচর্য ও সান্নিধ্য লাভ করেন। এ থেকে লব্ধ অভিজ্ঞতার একটি সুন্দর বিবরণী তিনি তাঁর রচিত আল-'ইকদুল ফারীদ গ্রন্থে সন্নিবেশ করেন।<sup>১২</sup> আরবের ইতিহাস বিষয়ে প্রভূত জ্ঞান অর্জনের সাথে সাথে তিনি অনেক আরবী কবিতা ও দীওয়ান মুখস্ত করেন এবং আরবী গদ্যের প্রায় সকল শাখা যেমন- আমছাল, হিকাম, সাজা, মাকামা, খুতবা, রাসায়িল, কাওয়্যেদ প্রভৃতি বিষয়ে জ্ঞান লাভ করেন।

ইবন 'আব্দ রাব্বিহ'র কর্মজীবন সম্পর্কে বিস্তারিত জানা যায় না। যৌবনে তিনি মদ পান ও সঙ্গীতে আসক্ত, ভোগবিলাসে মত্ত, কর্মহীন যুবক ছিলেন।<sup>১৩</sup> জীবিকার তাকিদে পরে বাবার হাত ধরে রাজ দরবারে গমন করেন। আমির মোহাম্মদ (মৃ. ৮৮৬খ্রি.), তাঁর পুত্র মুনির (মৃ. ৮৮৮খ্রি.) ও আব্দুল্লাহ (৯১২খ্রি.) এবং খলিফা আব্দুর রহমান আন নাসিরের (মৃ. ৯৬১খ্রি.) দরবারে তাদের প্রশংসামূলক কবিতা রচনা করে পর্যাণ্ড সম্পদ উপার্জন করেন।<sup>১৪</sup> মূলত গদ্য-পদ্য সাহিত্য চর্চা করে তা থেকে উপার্জন করাই ছিল তার পেশা। শেষ পর্যায়ে এসে এই সাহিত্যিক পক্ষাঘাতে আক্রান্ত হয়ে চলাচলের ক্ষমতা হারিয়ে ফেলেন।<sup>১৫</sup> দীর্ঘদিন দুর্বিসহ কষ্ট ভোগ করে ৮২ বছর বয়সে ১৮ই জমাদিউল উলা ৩২৮ হিজরী মোতাবেক ৯৪০খ্রি. ৩০ শে মার্চ কর্ভোভার মৃত্যুবরণ করেন।<sup>১৬</sup>

### আল-ইকদুল ফারীদ পরিচিতি

আব্বাসীয় শাসনামলের অনুকরণে তৎকালীন মুসলিম স্পেনে ও সাধারণত দুই ধরনের আরবি সাহিত্য কোষ রচনা হত। প্রথমত: আরবি সাহিত্যের ইতিহাস কোষ। দ্বিতীয়ত: আরবি সাহিত্যকোষ।<sup>১৭</sup> দ্বিতীয় ধারার সাহিত্যিকদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন ইবন আব্দ রাব্বিহ আল-আন্দালুসী। তার রচিত জগদ্বিখ্যাত সাহিত্য কোষটির নাম আল-ইকদুল ফারীদ বা অনন্য কণ্ঠহার।<sup>১৮</sup> এতে গ্রন্থাকার নির্বাচিত গদ্য, পদ্য, ইতিহাস, সংবাদে চমুকাংশ, সঙ্গীত, অলংকার শাস্ত্র, সাহিত্য সমালোচনা, নীতিকথা প্রভৃতি বিষয় ভুলে ধরেন।<sup>১৯</sup>

### আল-ইকদুল ফারীদ রচনার উদ্দেশ্য ও নামকরণ

লেখক কয়েকটি উদ্দেশ্যে আলোচিত গ্রন্থটি রচনা করেন। তা হলো- স্পেনের জনগণকে প্রাচ্যের সাহিত্যের সাথে পরিচয় করিয়ে দেওয়া। কারণ প্রাচ্য থেকে প্রাপ্ত খবরাখবর ও সাহিত্য স্পেনীয়রা সানন্দে গ্রহণ করত। একই সাথে স্পেনের ঐতিহ্য, সভ্যতা ও সাহিত্যের সাথে প্রাচ্যের মানুষকে পরিচয় করিয়ে দেওয়া। সেই সাথে প্রাচ্যের লেখক, কবি, সাহিত্যিক, ঐতিহাসিক, রাজা-বাদশাহদের পরিচয় করিয়ে দেওয়া। স্পেনের জনগণের আত্মবিশ্বাসকে শক্তিশালী করা এবং প্রাচ্যের সাথে প্রতিযোগিতার সক্ষমতা জানান দেওয়া।<sup>২০</sup> আল-'ইকদুল ফারীদ গ্রন্থটিকে লেখক العقد নামে অভিহিত করেন। তাঁর সমসাময়িক ও দীর্ঘকাল পরেও গ্রন্থটি এ নামেই পরিচিত ছিল। ইবন শারফ আল-কাইরওয়ানী, ফাতাহ ইবন খাকান (মৃ. ৫২৯ হিজরী) ইবন বাসসাম (মৃ. ৫৪২হি.) তাঁদের লেখনীতে এ গ্রন্থটিকে শুধু العقد নামেই উল্লেখ করেন। পরবর্তীতে আল-মুসাততরাফ গ্রন্থাকার আবশীহী (৭৯০-৮৫০হি.) প্রথমে গ্রন্থের নামের শেষে الفريد (অলংকার বা কণ্ঠহার) শব্দটি জুড়ে দেন।<sup>২১</sup> তখন থেকেই গ্রন্থটি আল-ইকদুল ফারীদ (العقد الفريد) নামে পরিচিতি লাভ করে।

### আল-ইকদুল ফারীদ এর বিষয়বৈচিত্র্য

ইবন 'আব্দ রাব্বিহ' তাঁর এই অনবদ্য গ্রন্থের বিষয়বস্তু উপস্থাপনে বিশেষ পাণ্ডিত্যের পরিচয় দেন। তিনি আল-ইকদুল ফারীদ গ্রন্থে প্রাচীন রাজা-বাদশাহদের কাহিনী, কবি-সাহিত্যিকদের জীবনী, আরবদের ইতিহাস-ঐতিহ্য, সাহিত্য-সংস্কৃতি, প্রবাদ-প্রবচন, জ্ঞান-বিজ্ঞান, নীতিকথা, উপদেশ, মরমীবাদ, যুদ্ধ- বিগ্রহ, শোকগাথা, আরবদের বংশ কৌলিন্য, বক্তৃতা, অলঙ্কার শাস্ত্র, ছন্দ বিজ্ঞান, সঙ্গীত শাস্ত্র, রম্য প্রভৃতি বিষয়ে আলোকপাত করেন।<sup>২২</sup> আল-'ইকদ শব্দের অর্থ নেকলেস বা কণ্ঠহার।<sup>২৩</sup> আর কণ্ঠহার স্বর্ণ, হিরা, জহরত, মনি-মুক্তা, দামী পাথর দিয়ে তৈরি করা হয়। সুতরাং গ্রন্থের নামকরণের

সার্থকতায় লেখক অধ্যায় বিন্যাস ও অধ্যায়ের নামকরণেও অভিনবত্ব দেখিয়েছেন। তিনি তাঁর এই সুবিশাল গ্রন্থটিকে ২৫টি অধ্যায়ে বিভক্ত করেন এবং প্রতিটি অধ্যায়কে ভিন্ন ভিন্ন মনিমুক্তা, বা মূল্যবান পাথরের নামে নামকরণ করেন। অতঃপর প্রতিটি অধ্যায়কে বিষয়বস্তু অনুসারে দুটি পরিচ্ছেদে বিভক্ত করেন।<sup>২২</sup> এভাবে অধ্যায়গুলোকে মালার মত একটির পর একটি সাজিয়ে যেন সুগঠিত একটি কণ্ঠহার তৈরি করেন।<sup>২৩</sup>

#### রাজা-বাদশা ও শাসন ব্যবস্থা সংক্রান্ত অধ্যায় (كتاب اللؤلؤة في السلطان)

লেখক আল-ইকদুল ফারীদ এর প্রথম অধ্যায়ের নামকরণ করেন كتاب اللؤلؤة في السلطان নামে। লؤلؤة অর্থ মুক্তা, মোতি, মুক্তাদানা।<sup>২৪</sup> এই অধ্যায়ে প্রশাসন ব্যবস্থা সংক্রান্ত আলোচনা স্থান পেয়েছে।<sup>২৫</sup> অর্থাৎ রাজা-বাদশাদের সাথে সম্পর্কিত বিষয় সমূহ যেমন- তাদের আনুগত্যের প্রয়োজনীয়তা, রাজা-বাদশাদের মনস্তত্ত্ব, তাদের রাগ-অনুরাগের বিষয়, তাদের অনুসারীদের জন্য উপদেশাবলী, রাজ কর্মচারী নিয়োগের বিধিমালা, ন্যায় বিচার, অন্যায়ের প্রতিকার, ইমাম ও বিচারকদের গুণাবলী ও ন্যায়পরায়ণতা প্রভৃতি বিষয়।<sup>২৬</sup> রাজা-বাদশাদের আনুগত্য প্রসঙ্গে লেখক উল্লেখ করেন,

ينبغي لمن خدم السلطان ألا يغتر به إذا رضي ولا يتغير له إذا سخط ولا يستقل ما حملة ولا يلحف في مسالته<sup>২৭</sup>

[শাসকের সেবক হবে স্থির, সংযত, দায়িত্বশীল ও আত্মমর্যাদাশীল। প্রশংসায় অহংকার করবে না, নিন্দায় হতাশ হবে না।]

#### যুদ্ধ-বিগ্রহ সংক্রান্ত অধ্যায় (كتاب الفريدة في الحروب)

লেখক আল-ইকদুল ফারীদ এর দ্বিতীয় অধ্যায়ের নামকরণ করেন كتاب الفريدة في الحروب ওمدارأمرها নামে। فريدة শব্দের অর্থ মূল্যবান রত্ন, বহুমূল্য মুক্তা।<sup>২৮</sup> এই অধ্যায়ে যুদ্ধ সংক্রান্ত আলোচনা স্থান পেয়েছে। যেমন: যুদ্ধের কার্যাবলী, যুদ্ধক্ষেত্রে ধৈর্য ও সাহসিকতা, চক্রান্ত, সেনাপতিদের উপদেশ, বংশীয় কৌলিন্য, বিরোধীদের প্রতিরোধ, ঘোড়ার গুণাবলী, ঘোড়া সারিবদ্ধকরণ, যুদ্ধান্তের বর্ণনা, শত্রু বাহিনীকে পর্যবেক্ষণ, শত্রু বাহিনীর হাত থেকে নিজেকে রক্ষার কলাকৌশল প্রভৃতি।<sup>২৯</sup> যেমন তিনি উল্লেখ করেন,

الحرب: رحي، ثقافها الصبر؛ وقطبها المكر، ومدارها الاجتهاد<sup>৩০</sup>

[ধৈর্য হল যুদ্ধের চাকা, এর কেন্দ্র হল কৌশল এবং এর মূল চালিকা শক্তি হল পরিশ্রম।]

#### বদান্যতা সংক্রান্ত অধ্যায় (كتاب الزبرجدة في الأجواد والأصفاد)

লেখক আল-ইকদুল ফারীদ এর তৃতীয় অধ্যায়ের নামকরণ করেন كتاب الزبرجدة في الأجواد والأصفاد নামে। زبرجدة অর্থ গোমেদ, স্ফটিক, পীতবর্ণের মনি বিশেষ।<sup>৩১</sup> এই অধ্যায়ে লেখক বদান্যতা ও দানশীলতার সাথে সম্পর্কিত বিষয়গুলো আলোচনা করেন। যেমন, উদারতার প্রশংসা ও কূপণতার নিন্দা, ভালো কাজের প্রশংসা, অনুগ্রহ করার প্রতি উৎসাহ দান, কল্যাণকামিতা, কোনো কিছু চাওয়ার ভদ্রতা, দান-দক্ষিণা পাওয়ার যোগ্য লোক, জাহিলী ও ইসলামী যুগের বদান্যতা, বদান্যতার স্তর, বাদশাহদের দানশীলতা প্রভৃতি বিষয়।<sup>৩২</sup> যেমন তিনি উল্লেখ করেন,

إذا أقبلت عليك الدنيا فأنفق منها، فإنها لا تنقى؛ وإذا أدبرت عنك فأنفق منها فإنها لا تبقى<sup>৩৩</sup>

[দুনিয়া যখন তোমার দিকে আসে (অনুগত থাকে) তবে তা থেকে ব্যয় কর (দান কর)। কেননা এটি শেষ হবে না। আর যখন দুনিয়া তোমার থেকে মুখ ফিরিয়ে নেয়, তখনও তা দান কর। কেননা, দুনিয়া ক্ষণস্থায়ী।]

#### প্রতিনিধি দল সংক্রান্ত অধ্যায় (كتاب الجمانة في الوفود)

লেখক আল-ইকদুল ফারীদ এর চতুর্থ অধ্যায়ের নামকরণ করেন كتاب الجمانة في الوفود নামে। جمانة অর্থ মুক্তা, মুক্তো, মোতি, মুক্তাদানা।<sup>৩৪</sup> লেখক এই অধ্যায়ে প্রতিনিধি দল প্রেরণ সংক্রান্ত বিষয়াবলি তুলে ধরেন। যেমন- রাসূল সা., খলিফা, রাজা-বাদশাহদের দরবারে আগত প্রতিনিধি দলের মর্যাদা কেমন হবে, তারা কিভাবে সংক্ষিপ্ত ও অর্থপূর্ণ ভাষায় কথা বলবে, বিশেষ করে আগত প্রতিনিধি ও যার নিকট এসেছে তার বক্তৃতা কেমন হবে এবং প্রতিটি প্রতিনিধি দলে সবচেয়ে বাগ্মী, বুদ্ধিমান, সুন্দর উপস্থাপক কিভাবে নির্বাচন করবে প্রভৃতি গুরুত্বপূর্ণ আলোচনার অবতারণা করেন।<sup>৩৫</sup>

#### রাজা-বাদশাহদের সাথে সম্বোধন সংক্রান্ত অধ্যায় (كتاب المرجانة في مخاطبة الملوك)

লেখক আল-ইকদুল ফারীদ এর পঞ্চম অধ্যায়ের নামকরণ করেন كتاب المرجانة في مخاطبة الملوك নামে। مرجانة অর্থ প্রবাল, মুক্তাদানা।<sup>৩৬</sup> এই অধ্যায়টি পূর্বোক্ত অধ্যায়ের সাথে সামঞ্জস্যপূর্ণ। এখানে রাজা-বাদশাহদের সম্বোধনের নিয়মাবলী আলোচিত হয়েছে। এমনকি সম্বোধনের ভাষা, রাজা-বাদশাহদের প্রতি সম্মান প্রদর্শন, রাজা-বাদশাহদের হাতে চুম্বন প্রথা, রাজাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ, বিমুখতা, কৈফিয়ৎ, অনুগ্রহ প্রার্থনা, স্বীকৃতি আদায় প্রভৃতি বিষয়ে আলোচনা করেন।

কোনো চুক্তি বা পৃষ্ঠপোষকতার ব্যাপারে তাদের সতর্কতা অবলম্বন এবং ক্ষমা, উৎসাহ-অনুপ্রেরণা, রাজাদের চিঠিপত্রের একটি পরিচ্ছেদ দিয়ে অধ্যায়টি শেষ হয়েছে।<sup>৩৭</sup> যেমন তিনি উল্লেখ করেন,

كيف زمانك يا معن ؟

قال : يا أمير المؤمنين أنت الزمان؛ فإن صلحت صلح الزمان، وإن فسدت فسد الزمان<sup>৩৮</sup>

[হে মা'য়ান! তোমার সময় কেমন যাচ্ছে? জবাবে তিনি বললেন, হে আমিরুল মোমিনীন! আপনিই তো সময়! সুতরাং আপনি ভাল থাকলে সময় ভালো আছে। আপনি খারাপ থাকলে সময়ও খারাপ।]

জ্ঞান ও শিষ্টাচার সংক্রান্ত অধ্যায় (كتاب اليقوتة في العلم والأدب)

লেখক আল-ইকদুল ফারীদ এর ষষ্ঠ অধ্যায়ের নামকরণ করেন **كتاب اليقوتة في العلم والأدب** নামে। **اليقوتة** অর্থ ইয়াকুত পাথর, নীলকান্তমণি।<sup>৩৯</sup> এই অধ্যায়ে লেখক ধর্মীয় জ্ঞান ও সদাচারণের মূলনীতি সমূহ আলোচনা করেন। পূর্ববর্তী অধ্যায়গুলোর চেয়ে এ অধ্যায়টি লেখক বেশি বিস্তৃত করেছেন। বলা যায় আল-ইকদুল ফারীদ-এর সবচেয়ে বড় অধ্যায় এটি। জ্ঞান ও আচরণ প্রসঙ্গ দিয়ে অধ্যায়টি শুরু করেন। অতঃপর জ্ঞানার্জন করতে, সংরক্ষণ করতে ও জ্ঞানের পথে অবিচল থাকতে উৎসাহিত করেন। জ্ঞানার্জন মহৎ কাজ, জ্ঞানার্জনের শর্ত সমূহ, জ্ঞানীদের সম্মান-মর্যাদা বাড়ানো, জ্ঞানার্জন ও জ্ঞানের বিভিন্ন বিষয় বর্ণনা করেন। অতঃপর তিনি শিষ্টাচারের সাথে সম্পর্কিত অনেক গুরুত্বপূর্ণ বিষয়ের উপরে দীর্ঘ জ্ঞানগর্ভ ও যুক্তিপূর্ণ আলোচনা করে রাসূল সা. এর শিষ্টাচারের দিকে অগ্রসর হন।<sup>৪০</sup> যেমন তিনি উল্লেখ করেন,

العلم خير من المال : العلم يحرسك وأنت تحرس المال، والمال تنقصه النفقة<sup>৪১</sup>

[সম্পদ থেকে জ্ঞান উত্তম, জ্ঞান তোমাকে রক্ষা করে, আর তুমি সম্পদকে রক্ষা করো, অথচ সম্পদ খরচ করলে কমে যায় কিন্তু জ্ঞান কমে না]

প্রবাদ-প্রবচন সংক্রান্ত অধ্যায় (كتاب الجوهرة في الأمثال)

লেখক আল-ইকদুল ফারীদ এর সপ্তম অধ্যায়ের নামকরণ করেন **كتاب الجوهرة في الأمثال** নামে। **الجوهرة** অর্থ মণি, মাণিক্য, জহরত।<sup>৪২</sup> এই অধ্যায়ে লেখক আরবি প্রবাদ-প্রবচন সংক্রান্ত আলোচনা করেন। অধ্যায়ের শুরুতে লেখক আল্লাহ তায়ালায় প্রশংসা ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রতি দরদ পাঠ করেন। অতঃপর জ্ঞানী ও সাধারণ মানুষ যে সকল প্রজ্ঞাপূর্ণ (প্রবাদ) কথা বলে গেছেন তা আলোচনা করেন। যেমন: আত্মীয়তা, প্রতিবেশী ও উদারতা প্রভৃতি বিষয়ের সাথে সম্পর্কিত প্রবাদ আলোচনা করেন।<sup>৪৩</sup> যেমন বলা হয়েছে,<sup>৪৪</sup> **إِنَّ الْبِلَاءَ مُؤَكَّلٌ بِالْمُنْطِقِ** [বিপদ ভাষার সঙ্গেই সংযুক্ত থাকে। অর্থাৎ কথার কারণেই বিপদ আসে]

উপদেশ ও দুনিয়ার প্রতি অনাসক্তি বিষয়ক অধ্যায় (كتاب الزمردة في المواعظ والزهد)

লেখক আল-ইকদুল ফারীদ এর অষ্টম অধ্যায়ের নামকরণ করেন **كتاب الزمردة في المواعظ والزهد** নামে। **زمردة** অর্থ পান্না, মরকত, মণি।<sup>৪৫</sup> এই অধ্যায়ে লেখক ধর্মোপদেশ, মরমীবাদ প্রসঙ্গে আলোচনা করেন এবং তার সাথে সম্পর্কিত বিষয়াবলী আলোচনা করেন। আল্লাহ তায়ালা, নবীগণ, লেখক ও জ্ঞানীগণ কর্তৃক প্রদত্ত ধর্মোপদেশ, আলেমগণ ও খলিফাগণের মধ্যকার উপদেশাবলী, মরমীবাদ, দুনিয়ার বৈশিষ্ট্য, আখেরাতে প্রতি উৎসাহ প্রদান ও ভয় প্রদর্শন, তওবা, অনুতাপ প্রভৃতি বিষয় তুলে ধরেন।<sup>৪৬</sup> যেমন তিনি উল্লেখ করেন,

من خاف الله أخاف الله منه كل شيء ، ومن خاف الناس أخافه الله من كل شيء<sup>৪৭</sup>

[যে ব্যক্তি আল্লাহকে ভয় করে, আল্লাহ তার ভয় সমস্ত কিছুর মাঝে দিয়ে দেন। আর যে ব্যক্তি মানুষকে ভয় করে, আল্লাহ তার মনে সব কিছুর ভয় ধরিয়ে দেন।]

শোকগাথা বিষয়ক অধ্যায় (كتاب الدرة في المعازي والمراثي)

লেখক আল-ইকদুল ফারীদ এর নবম অধ্যায়ের নামকরণ করেন **كتاب الدرة في المعازي والمراثي** নামে। **درة** অর্থ মুক্তা, মুক্তাদানা।<sup>৪৮</sup> এই অধ্যায়ে তিনি শোক প্রকাশ ও শোকগাথা প্রসঙ্গে আলোচনা করেন। শোকগাথা, সমবেদনা, সান্তনা কঠিন হৃদয়কে হালকা ও জমাট অশ্রুকে প্রবাহিত করতে লেখক দুঃখ প্রকাশ করেন। মৃত্যুর সময় কী করণীয় তা তুলে ধরেন। যেমন- তালকিন দেওয়া, কারা মৃত্যুকে ভয় পায়। অতঃপর তিনি বেশ কিছু শোকগাথা রচনা করেন, যা হৃদয়কে দুঃখ ভরাক্রান্ত করে তোলে।<sup>৪৯</sup> যেমন কান্না প্রসঙ্গে উল্লেখ করেন,

فَلَمَّا بَكَينَاهُ لِحَقِّ لَنَا وَلَمَّا تَرَكْنَا ذَاكَ لِلصَّبْرِ  
وَلَمَّا جَمَدَتْ الْغَيُونَ دَمًا وَلَمَّا جَمَدَتْ فَلَمْ تَحْرِ ٥٠

[কান্না আমাদের জন্য স্বাভাবিক। কিন্তু ধৈর্যের কারণে যদি কান্নাকে দমন করি, তবে তা আমাদের জন্য হবে কঠিন পরীক্ষাসম। এমন বেদনায় অশ্রু গড়িয়ে পড়া স্বাভাবিক। আর অধিক শোকে কারো অশ্রু আবার শুকিয়ে যায়।]

বংশধারা ও আরবদের শ্রেষ্ঠত্ব সংক্রান্ত অধ্যায় (كتاب اليتيمة في النسب وفضائل العرب)

লেখক আল-ইকদুল ফারীদ এর দশম অধ্যায়ের নামকরণ করেন كتاب اليتيمة في النسب وفضائل العرب নামে। অর্থ یتیمه। অর্থ অদ্বিতীয় বস্তু, বিস্ময়কর বস্তু।<sup>৫১</sup> লেখক এই অধ্যায়ে সাধারণভাবে মানবজাতির বংশধারা বর্ণনা করেন। বিশেষ করে আরবদের বংশ বৃত্তান্ত ও তাদের সৎ গুণাবলী বর্ণনা করেন। এর মধ্যে কুরাইশ ও তাদের বংশধারা, তাদের সম্রাট ও পণ্ডিত ব্যক্তিদের গুণাবলী, মর্যাদা তুলে ধরেন। অতঃপর এসব বংশের উৎস ধারা ও তাদের শাখা-প্রশাখার মধ্যকার সম্পর্ক দেখিয়েছেন। তারপর গৌড়া গোত্রপ্রীতি বা সংকীর্ণমনা আরবদের বিষয়গুলো তুলে ধরেন। যারা বংশগতি বিদ্যায় কাজ করতে চান, তাদের এই অধ্যায়টি গুরুত্বপূর্ণ।<sup>৫২</sup>

আরবদের বক্তৃতামালা বিষয়ক অধ্যায় (كتاب العسجد في كلام الأعراب)

লেখক আল-ইকদুল ফারীদ এর একাদশতম অধ্যায়ের নামকরণ করেন كتاب العسجد في كلام الأعراب নামে। عسجد অর্থ স্বর্ণ, সোনা, কনক, মনি, জহরত প্রভৃতি।<sup>৫৩</sup> লেখক এই অধ্যায়ে আরব বেদুইনদের বক্তৃতা, কথামালার সন্নিবেশ ঘটিয়েছেন। কোনো পৃষ্ঠপোষকতা ও বাধ্যবাধকতা ছাড়াই আরবদের কথা ছিল মার্জিত ও প্রজ্ঞাপূর্ণ। আরবরা সাধারণত দোয়ার মাধ্যমে কথাবার্তা শুরু করতো। যেমন- বলা হয়ে থাকে তুমি যদি দোয়া শুনতে চাও, তাহলে বেদুইনদের থেকে শুনো। তাদের কথাবার্তা প্রশংসা, বদনাম, প্রেমগাথা, অলংকার, বাগ্মীতা, সংক্ষিপ্ততা, দুর্লভ শব্দ প্রভৃতি বিষয়ে সমৃদ্ধ ছিল। আসামায়ী, আবু মাহদিয়া, আবু আল-জাহরার মত বেদুইন পণ্ডিতদের তথ্য বর্ণনার মধ্য দিয়ে অধ্যায়টি শেষ করেন।<sup>৫৪</sup>

سمعت أعرابياً يقول في دعائه : اللهم إن ذنوبي إليك لا تضرك، وإن رحمتك إياي لا تنقصك ؛ فغفر لي ما لا يضرك ، وهب لي ما لا ينقصك .<sup>৫৫</sup>  
[হে আল্লাহ! আমার পাপসমূহ তোমার কোনো ক্ষতি করবে না, আর তোমার রহমত আমার প্রতি তোমার কিছু কমিয়ে দেয় না। অতএব, আমাকে সে ক্ষমা করো যা তোমার কোনো ক্ষতি করে না, এবং আমাকে তা দান করো যা তোমার কিছু কমিয়ে দেয় না।]

প্রশ্নোত্তর বিষয়ক অধ্যায় (كتاب المجنب في الأجوب)

লেখক আল-ইকদুল ফারীদ এর দ্বাদশতম অধ্যায়টির নামকরণ করেন كتاب المجنب في الأجوب নামে। مجنب অর্থ সেনাদলের পার্শ্বদেশ, বাহু, ডানা।<sup>৫৬</sup> এই অধ্যায়ে তিনি প্রশ্নোত্তরের সাথে সম্পর্কিত বিষয়গুলো আলোচনা করেন। এখানে লেখক এমন কিছু প্রশ্নোত্তরের অবতারণা করেন, যা শ্রোতাকে অবাক করে দেওয়ার সাথে সাথেই প্রশ্নকর্তাকে বোঝা শ্রোতার জন্য কঠিন মনে হবে। এরপর আকিল ও ইবনে আব্বাসের মধ্যকার প্রশ্নোত্তর পর্বটি উল্লেখ করেন। অতঃপর বনু উমাইয়া ও বনু হাশিমের প্রশ্নোত্তর গুলো উল্লেখ করেন। সবশেষে তিনি ব্যঙ্গাত্মক, অহংকার মূলক ও অশ্লীলতা বিষয়ক প্রশ্নোত্তর পর্বটি উল্লেখ করেন।<sup>৫৭</sup> যেমন একটি অনুচ্ছেদে শাসক হাজ্জাজ এবং এক খারেজীর লা-জাওয়াব প্রশ্নোত্তর পর্ব তুলে ধরেন,<sup>৫৮</sup>

وَقَالَ الْحَجَّاجُ لِلرَّجُلِ مِنَ الْخَوَارِجِ : وَاللَّهِ إِنَّكَ مِنْ قَوْمٍ أَبْغَضُهُمْ قَالَ لَهُ : أَدْخَلَ اللَّهُ أَشَدَّنَا بَغْضًا لِمُصَاحِبِهِ الْجَنَّةَ

[হাজ্জাজ এক খারিজি ব্যক্তিকে বললেন, আল্লাহর কসম! তুমি এমন এক কওমের অন্তর্ভুক্ত, যাদের আমি সবচেয়ে বেশি ঘৃণা করি! সে (খারিজি) উত্তর দিল: আমাদের মধ্য থেকে যাকে সবচেয়ে বেশি ঘৃণা করেন, আল্লাহ তাকেই তার সঙ্গীর জন্য (আল্লাহর পথে লড়াই করে) জান্নাতে প্রবেশ করান। খারিজি ব্যক্তি বুঝতে চেয়েছেন, আমরা যতই একে অপরকে ঘৃণা করি না কেন, আল্লাহর হুকুম ও তাকদিরই শেষ কথা। এটি এক ধরনের প্রতিবাদ ও আত্মবিশ্বাসের প্রকাশ। যা শুনে হাজ্জাজ লা-জওয়াব হয়ে যান।

ভাষণ সম্ভার (كتاب الواسطة في الخطب)

লেখক আল-ইকদুল ফারীদ এর ত্রয়োদশতম অধ্যায়টির নামকরণ করেন كتاب الواسطة في الخطب নামে। واسطة শব্দের অর্থ কেন্দ্র, মাঝামাঝি, মধ্যস্থ ব্যক্তি।<sup>৫৯</sup> এটি আগের অধ্যায়ের চেয়ে কম গুরুত্বপূর্ণ নয়। এই অধ্যায়ে লেখক বক্তৃতা ও বাগ্মীতা সম্পর্কে আলোচনা করেন। আরবি সাহিত্যের বিখ্যাত খুতবাসমূহ এখানে সন্নিবেশ করেন। যেমন-রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিদায় হজের ভাষণ, খোলাফায়ে রাশিদিনের উপকারী বক্তৃতাসমূহ, বনু মারওয়ান ও বনু আব্বাসের বক্তৃতা, ইয়াজিদ ইবনে ওয়ালিদের বক্তৃতা, খারেজিদের বক্তৃতা, বিয়ের খুতবা প্রভৃতি। পরিশেষে বেদুইনদের বক্তৃতা সমূহ বর্ণনার মধ্যে দিয়ে লেখক এই অধ্যায়টি শেষ করেন।<sup>৬০</sup>

### পত্র বিনিময় সংক্রান্ত কলাকৌশল (كتاب الخبئة الثانية في التوفيعات)

এটি আল-ইকদুল ফারীদ এর চতুর্দশতম অধ্যায়। লেখক এই অধ্যায়ে পত্র বিনিময় সংক্রান্ত কলাকৌশল বা স্বাক্ষর বিষয়ক আলোচনা করেন। যেমন- স্বাক্ষর প্রদান, পত্রের অংশসমূহ, নামজারি, পত্র লেখার সরঞ্জাম, পত্র লেখকদের সাথে সংশ্লিষ্ট বিষয়াবলী, পত্র সর্ক্ষণকরণে সতর্কতা, লেখায় নাম লিপিবদ্ধকরণ, লেখার ক্ষেত্রে সিল মোহরাঙ্কন, লেখকদের সম্মান ও গুণাবলী বর্ণনা করেন। অতঃপর বিখ্যাত লেখকদের কিছু নমুনা লেখা তুলে ধরেন। সবশেষে লেখায় অলঙ্কার, খলিফা ও আমিরগণের স্বাক্ষর ইত্যাদি বিষয় আলোচনা করেন।<sup>৬১</sup> যেমন তালহা রা. এর প্রতি হযরত আলী রা. এর একটি তাওকীয়াত, <sup>৬২</sup> *الحكم في بيته يؤتى الحكم* [আল্লাহ তা'য়ালার তার গৃহে জ্ঞান, বুদ্ধি ও প্রজ্ঞা বর্ষণ করেন।]

### খলিফাদের ইতিহাস বিষয়ক অধ্যায় (كتاب العسجد الثانية في الخلفاء)

العسجد الثانية অর্থ দ্বিতীয় জহরত। এটি আল-ইকদুল ফারীদ এর পঞ্চদশতম অধ্যায়। লেখক এই অধ্যায়ে পূর্ববর্তী মুসলিম খলিফাগণের দিনকাল ও তাঁদের শাসনামলের এমন কিছু বিষয় তুলে ধরেন, যা ইতিহাসে খুবই গুরুত্বপূর্ণ অথচ কম আলোচিত ছিল। যেমন রাসূল সা. এর বংশপরিচয়, তাঁর মাতৃকুল ও পিতৃকুলের বংশধারা, তাঁর জন্ম-মৃত্যু, গুণাবলী এবং তাঁর সাথে সম্পর্কিত অন্যান্য বিষয়াবলী, অতঃপর হযরত আবু বকর এর খিলাফত থেকে শুরু করে স্পেনের উমাইয়া খেলাফতের শাসনকালের প্রথমার্ধ পর্যন্ত ক্ষমতার উত্থান-পতনের গুরুত্বপূর্ণ বিষয় গুলো তুলে ধরেন।<sup>৬৩</sup>

### যিয়াদ, হাজ্জাজ, তালিবিগণ, বারমাকিগণ প্রসংগ (كتاب البيمة الثانية في زياد)

চারটি ব্যক্তি বা গোষ্ঠীকে নিয়ে লিখিত আল-ইকদুল ফারীদ এর ষোড়শ অধ্যায় এটি। এখানে লেখক যিয়াদ ইবনে আব্বিহ, হাজ্জাজ ইবনে ইউসুফ, তালিবিগণ, বারমাকিগণের বিভিন্ন খবরাখবর, ইতিহাস, বিভিন্ন দেশ ও ব্যক্তির সাথে তাদের আচরণ, কথোপকথন, তাদের রাজনৈতিক দৃষ্টিভঙ্গি, বাগ্মিতা, মনস্তত্ত্ব, রাজ্য পরিচালনা, রাজ্যে শৃংখলা আনয়নে গৃহীত পদক্ষেপসমূহ প্রভৃতি বিষয় আলোচনা করেন। এরপর লেখক আব্বাসী শাসন আমলের বিষয়গুলো বর্ণনা করেন।<sup>৬৪</sup>

### আরবদের দিনলিপি বিষয়ক অধ্যায় (كتاب الدرّة الثانية في أيام العرب ووقائعهم)

আল-ইকদুল ফারীদ এর সপ্তদশ অধ্যায়টি আমাদের বিশেষভাবে প্রাক ইসলামী যুগে আরবদের কাছে নিয়ে যায়। আরবদের সবচেয়ে গুরুত্বপূর্ণ ঘটনাসমূহ আমাদের জন্য লেখক এখানে সহজ পাঠ্য করে সাজিয়েছেন। কায়স যুদ্ধের ঘটনা বর্ণনা দিয়ে লেখক অধ্যায় একটি শুরু করেন। পরবর্তীতে ধারাবাহিকভাবে দাহেশ, আল গুবারা এবং বাসুসের ঘটনা ও দিনলিপিসমূহ এক ঘয়েমী ছাড়াই সহজ-সরল ভাবে উপস্থাপন করেন।<sup>৬৫</sup>

### কবিতার গুণাবলী সংক্রান্ত অধ্যায় (كتاب الزمردة الثانية في فضائل الشعر)

আল-ইকদুল ফারীদ এর অষ্টাদশ অধ্যায় এটি। অধ্যায়টি কবিতার মান-মর্যাদা, ওজন, গুরুত্ব প্রভৃতি জানাতে আমাদের নিয়ে যায় আরবি সাহিত্যের বিভিন্ন যুগের বিভিন্ন শ্রেণির কাব্য কাননে। লেখক এখানে সাহাবা কবি, তাবেরী কবি ও বিখ্যাত আলেমদের কবিতায় মানুষের ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গীর বিষয়টি তুলে ধরে অধ্যায় শুরু করেন। বিশেষ করে প্রেমগাথা, ব্যঙ্গ কবিতা, প্রশংসাগাথা উল্লেখের পাশাপাশি কবিতার দোষ-ত্রুটিও আলোচনা করেন। অতঃপর কবিদের আচরণ, পরহেজগারিতা, কবিতার বহর, রূপকার্থ, একই শব্দের ভিন্নার্থে ব্যবহার, কবিদের উপাখ্যান, কবিদের দোষ-ত্রুটি ইত্যাদি বিষয়ে আলোচনা করেন।<sup>৬৬</sup> যেমন কবিতা সম্পর্কে রাসূল সা. এর একটি উদ্ধৃতি তুলে ধরেন, <sup>৬৭</sup> *ان من الشعر لحكمة* [নিশ্চয়ই কোন কোন কবিতা প্রজ্ঞাপূর্ণ।]

### আরবি কবিতার মাত্রা বিজ্ঞান (كتاب الجوهرة الثانية في أعاريض الشعر)

আল-ইকদুল ফারীদ এর ঊনবিংশ অধ্যায়টি মূলত কবিতার ছন্দ বা মাত্রা বিজ্ঞান সংক্রান্ত। অধ্যায়টি প্রথমত: দুটি প্রধান অংশে বিভক্ত। যার অধীনে অনেকগুলো পরিচ্ছেদ রয়েছে। প্রধান অংশ দুটি হলো আল-ফারশ (الفرش) এবং আল-মাছাল (المحال)। প্রথমটি হলো ভালো-মন্দের দিক থেকে কবিতার উপসর্গ, পুনরাবৃত্তি, ছন্দ পরিবর্তন প্রভৃতি। এই বিষয়গুলোকে লেখক গদ্যের মাধ্যমে মুখস্তযোগ্য করে সংগঠিত করেন এবং দ্বিতীয়ত: উপমার ক্ষেত্রে লেখক ৬৩ ধরনের উপমার সাথে সাথে ৬৩টি উদাহরণও সন্নিবেশ করেন।<sup>৬৮</sup>

### বাদ্য সংগীত ও কণ্ঠ সঙ্গীত বিষয়ক অধ্যায় (كتاب المياقونة الثانية في علم الألحان)

আল-ইকদুল ফারীদ এর বিংশ অধ্যায়টিতে লেখক বাদ্য সংগীত ও কণ্ঠ সঙ্গীত বিষয়ক আলোচনা তুলে ধরেন। সুর-সংগীত নিয়ে মানুষের মধ্যে মতনৈক্য রয়েছে। কিছু মানুষ এটাকে পছন্দ করে, আবার কিছু মানুষ অপছন্দ করে। এ কারণে গ্রন্থকার এই অধ্যায়টিকে সুর সঙ্গীতের আলোচনার জন্য নির্ধারণ করেন। আনন্দের সাথে সুরবিজ্ঞান, সুন্দর কণ্ঠ প্রভৃতি আলোচনার মাধ্যমে অধ্যায়ে প্রবেশ করেন। অতঃপর সঙ্গীতের মূল উৎস, গায়কদের খবরাখবর, সুর-সংগীত দ্বারা প্রভাবিত ব্যক্তিবর্গ গণের স্তবক প্রভৃতি বিষয়ের আলোচনা এসেছে।<sup>৬৯</sup>

## নারীদের গুণাবলী বিষয়ক অধ্যায় (كتاب المرحانة الثانية في النساء وصفاتهن)

আল-ইকদুল ফারীদ এর একবিংশ অধ্যায়ে লেখক নারী ও তাদের বিভিন্ন গুণাবলী প্রসঙ্গে আলোচনা করেন। নারীদের বৈশিষ্ট্য ও নারী সম্পর্কিত বিভিন্ন ঘটনাবলী বর্ণনা করেন। কেননা লেখকের প্রতিটি আলোচনায় নারীদের প্রসঙ্গ এসেছে। সুতরাং বিভিন্ন বিষয়ে নারীদের দৃষ্টিভঙ্গি কী? এ প্রসঙ্গ দিয়ে লেখক অধ্যায়টি শুরু করেন। পরবর্তীতে নারীদের রাগ-অনুরাগের প্রকাশভঙ্গি, নারীদের বৈশিষ্ট্য ও নৈতিকতার প্রশংসা করেন। নারীদের তিনটি খারাপ গুণ, তাদের বিভিন্ন সংবাদ, তালাক, নারীদের ধোঁকা, অজুহাত, তাদের গোপনীয়তা, তাদের প্রতি তিরস্কার, তাদের ভনিতা প্রভৃতি বিষয় আলোচনার মধ্য দিয়ে অধ্যায়টি শেষ করেন।<sup>৭০</sup> বিবাহের জন্য যোগ্য নারীর গুণাগুণ বর্ণনা করতে গিয়ে জনৈক বক্তা বলেন,

ابغني امرأة لا تؤنس جاراً، ولا توهن داراً، ولا تنقب ناراً<sup>৭১</sup>

[আমার জন্য এমন একজন নারী খুঁজে দাও, যে প্রতিবেশীর সঙ্গে অতিরিক্ত না মিশে, বাড়িকে দুর্বল না করে, এবং (সংসারকে কলহের) আগুনে ছিদ্র না করে।]

## মিথ্যা নবী দাবিদার এবং জেদি, বিদ্রোহীদের কাহিনী (كتاب الجمانة الثانية في المنتبين والمرودين)

আলোচ্য গ্রন্থের দ্বাবিংশ অধ্যায়ে লেখক বিভিন্ন ধরনের গল্প-কাহিনীর সামাবেশ ঘটিয়েছেন। এটি সবচেয়ে বিনোদনমূলক অধ্যায়গুলোর একটি। এতে যেমন অনেক উৎকৃষ্ট, সমর্থনযোগ্য উপস্থান সমূহ বর্ণিত হয়েছে। আবার কিছু মিথ্যা নবী দাবিদার এবং জেদি, বিদ্রোহী, ভবঘুরে পথিক, কৃপণ লোকদের গল্প-কাহিনীও উঠে এসেছে। আর এসব গল্পের মধ্য দিয়ে নির্বোধ নারী-পুরুষদের পরিচয় তুলে ধরেন। গল্পের প্রয়োজনে লেখক প্রাসঙ্গিক কবিতার অবতারণাও করেন। মোটকথা পুরোপুরি আনন্দ বিনোদনমূলক অধ্যায় এটি।<sup>৭২</sup>

## জীবজন্তু ও মানব স্বভাব বিষয়ক অধ্যায় (الزبرجدة الثانية بيان طبائع الإنسان كتاب)

আল-ইকদুল ফারীদ এর ত্রয়োবিংশ অধ্যায়ে লেখক মানুষের স্বভাব-প্রকৃতি ও জীবজন্তুর প্রসঙ্গে আলোচনা করেন। অধ্যায়টিকে সমাজতাত্ত্বিক অধ্যায় হিসেবেও ধরা যায়। এতে মানব ও প্রাণী চরিত্রের গভীরতা ও শ্রেষ্ঠত্বের ব্যাপারগুলো আলোচনা করেন। শুরুতে লেখক প্রবৃত্তির প্রকার এবং তার সাথে সম্পর্কিত বিষয়ের বর্ণনা করেন। অতঃপর বিভিন্ন দেশ ও অঞ্চলের কিছু প্রাণী সম্পর্কে আলোকপাত করেন। অতঃপর লেখক মাসজিদুল হারাম, কাবা, মসজিদুল আকসা, মসজিদে নববী প্রভৃতি স্থানসমূহের আলোচনা করেন। তারপর তিনি চিকিৎসা বিজ্ঞান, হিজামা<sup>৭৩</sup>, সেক, জাদু-টোনা, বিষক্রিয়া প্রসঙ্গে আলোচনা করেন।<sup>৭৪</sup> জারির ইবন আব্দুল্লাহ এর উদ্ধৃতি দিয়ে কবি উল্লেখ করেন,

لا تركب حماراً؛ إن كان حديداً أتعب يديك، وإن كان بليداً أتعب رجلك<sup>৭৫</sup>

[গাধার ওপর আরোহণ কর না; যদি এটি চঞ্চল হয়, তবে তোমার হাত ক্লান্ত হবে, আর যদি এটি অলস হয়, তবে তোমার পা ক্লান্ত হবে।]

## খাদ্য ও পানীয় সংক্রান্ত অধ্যায় (كتاب الفريدة الثانية والطعام والشراب)

আল-ইকদুল ফারীদ এর চতুর্বিংশ অধ্যায়ে লেখক খাদ্য ও পানীয় বিজ্ঞান সংক্রান্ত বিষয় আলোচনা করেন। এখানে লেখক আরবদের খাদ্যাভাস আলোচনার পাশাপাশি খাবারের নামসমূহ লিপিবদ্ধ করেন। অতঃপর ঘুম, স্থূলতা ও চলাফেরার উপর খাদ্যের প্রভাব। খাদ্যের প্রকারভেদ, খাদ্যের কোমলতা ও কাঠিন্যতা, ঘনত্ব, উষ্ণতা ও শীতলতা, শুকনো ও ভেজা প্রভৃতি গুণাবলী ধারাবাহিক অধ্যায়ে সাজিয়েছেন। এরপর যেসব খাবারে পুষ্টিমান কম বা বেশি তা ধারাবাহিকভাবে আলোচনা করেন। সবশেষে মানুষের উদরে বিভিন্ন খাদ্যের প্রভাব আলোচনা করেন।<sup>৭৬</sup>

## বিচিত্র কাহিনী (كتاب اللؤلؤة الثانية في الننف والهدايا)

আল-ইকদুল ফারীদ এর পঞ্চবিংশ অধ্যায়টি লেখক কৌতুকপূর্ণ, বিচিত্র কাহিনী দিয়ে সাজিয়েছেন। অধ্যায়ের প্রতিটি ছত্রে আমাদের আত্মাকে প্রশান্ত ও আনন্দদায়ক করতে হাস্য রসাত্মক বিষয় যেমন: ধাঁধা, কৌতুক প্রভৃতি বাছাই করেন।<sup>৭৭</sup>

## আল-ইকদুল ফারীদ এর বৈশিষ্ট্য

## সংশ্লিষ্ট তথ্যের সমাহার

লেখক বিভিন্ন সূত্রে প্রাপ্ত একই ধরনের তথ্যগুলোকে একটি অধ্যায়ে সাজিয়েছেন। এ কারণে ইকদুল ফারীদ গ্রন্থটি অন্যান্য গ্রন্থ থেকে কিছুটা আলাদা। উদাহরণ স্বরূপ; রাজা-বাদশাহদের সাথে সম্পর্কিত সমস্ত বিষয়গুলোকে লেখক এক অধ্যায়ে এনেছেন এবং বিষয়বস্তু ও আন্তঃসম্পর্ক অনুসারে আবার তা ভিন্ন ভিন্ন পরিচ্ছদে সাজিয়েছেন। যাতে লেখকের মুসিয়ানার পরিচয় স্পষ্ট। যেমন রাজা-বাদশাহদের অধিকার, তাদের বৈঠক, মন্ত্রী, গভর্নর, বিচারকগণের কার্যাবলী ইত্যাদি।<sup>৭৮</sup>

## বর্ণনার ধারাবাহিকতা রক্ষা

প্রত্যেকটি অধ্যায়ে ঘটনার পরম্পরা ঠিক রাখতে চেষ্টা করেন। যেমন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি সাল্লাম-এর দরবার থেকে প্রতিনিধি প্রেরণ, তাঁর দরবারে বিভিন্ন অঞ্চল থেকে প্রতিনিধির আগমন, তাদের সংখ্যা, আগমনের বিবরণ, ধারাবাহিকভাবে বর্ণনার ফলে পাঠকের জন্য বইটি পাঠ করা সহজ ও বোধগম্য হয়েছে।<sup>৭৯</sup>

### বর্ণনার স্পষ্টকরণ

লেখক গ্রন্থটিতে স্বীকৃত, নির্ভরযোগ্য উৎসমূল থেকে তথ্য সন্নিবেশ করেন এবং বর্ণনাকারী, অনুলিপিকারদের দ্বারা সংযোজিত, বিকৃত অংশগুলোও উল্লেখ করে স্পষ্ট করেন।<sup>৮০</sup>

### তথ্য যাচাইকরণ

কোন ঘটনা বা বর্ণনা লিপিবদ্ধ করার পূর্বে লেখক তথ্যগুলো একাধিক মাধ্যমে যাচাই করে নিশ্চিত হতেন। যেমন একটি জায়গায় বর্ণিত হয়েছে যে, হযরত মুয়াবিয়া রা. এর মৃত্যুর সময় ইয়াজিদ তার পাশেই ছিলেন কিন্তু লেখক অধিকতর যাচাই করে দেখেন যে, ইয়াজিদ যখন দামেস্ক থেকে অনেক দূরে ছিলেন, তখন মুয়াবিয়া রা. মৃত্যুবরণ করেন।

### ঘটনার বাস্তবতা জিজ্ঞাসা

পৌরাণিক কিংবদন্তি কাহিনী বর্ণনার ক্ষেত্রে লেখক তা যথাযথ ভাবে বর্ণনার পর তাতে বর্ণিত অস্বাভাবিক, অবিশ্বাস্য দিকগুলো নিয়ে প্রশ্ন উত্থাপন করেন। যেমন গ্রন্থের একটি স্থানে এমন একজন ব্যক্তি সম্পর্কে বলা হয়েছে, যিনি কিনা ১৯০ বছর বেঁচে ছিলেন। তারপর তার চুলগুলো কালো হয়, নতুন দাঁত গজায় এবং তিনি যুবক হয়ে ফিরে আসেন। এমন অসামঞ্জস্য ঘটনাবলী বর্ণনার পর তিনি যৌক্তিক প্রশ্ন উত্থাপন করেন।<sup>৮১</sup>

### প্রাচ্য ও পাশ্চাত্যের জ্ঞানের সম্মিলন

লেখক অত্র গ্রন্থে আরব ইতিহাস-ঐতিহ্য বিশদভাবে তুলে ধরার পাশাপাশি স্পেনের সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক ও সাহিত্যিক প্রসঙ্গও আলোচনা করেছেন। মোটকথা, শুধু স্পেনের জ্ঞানের মধ্যে সীমাবদ্ধ থাকেননি। বরং প্রাচ্য ও প্রতীচ্যের প্রাচীন জ্ঞান ভান্ডারের সম্মিলন ঘটিয়েছেন।

### আল-‘ইকদুল ফারীদ সম্পর্কে বিখ্যাত মনীষীদের অভিমত

আরবি সাহিত্যে আল-‘ইকদুল ফারীদ এত গুরুত্বপূর্ণ গ্রন্থ যে, একই সাথে গ্রন্থটি সাহিত্যকোষ ও ঐতিহাসিক গ্রন্থ হিসেবে বিবেচিত হয়ে আসছে। সুতরাং এর সাহিত্যিক, সামাজিক ও ঐতিহাসিক গুরুত্ব রয়েছে। গ্রন্থটির প্রতিটি পরতে পরতে লেখক যে রত্ন সম্ভারের আয়োজন করে রেখেছেন, যা থেকে পাঠক সাহিত্য রস আনন্দন করতে পারবেন। লেখক এখানে জাহিলি, ইসলামী, উমাইয়া, আব্বাসী যুগের দুই শতাব্দিক খ্যাতিমান কবিদের কবিতার শ্লোক, তাঁর রচিত শতাব্দিক প্রশংসাগাথা সহ প্রচুর কবিতা উল্লেখ করেন।<sup>৮২</sup> বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত ঐতিহাসিক, পৌরাণিক ঘটনা, প্রবাদ, রহস্য, রম্যসহ সাহিত্যের অন্যান্য শাখা গুলোর সমৃদ্ধ একটি সংকলন এখানে পাওয়া যায়। যা পাঠককে একদিকে যেমন আনন্দ দেবে অন্যদিকে তার জ্ঞান ভান্ডারকে সমৃদ্ধ করবে।<sup>৮৩</sup> এ ছাড়াও তিনি গদ্য ও পদ্যের অসংখ্য বিষয় এ গ্রন্থে আলোচনা করেন। গ্রন্থটি রচনার ক্ষেত্রে লেখক যেমন আরব রীতির অনুসরণ করেন, তেমনি এর বিষয়বস্তুর অধিকাংশই আরবের বিষয়বস্তুর অনুরূপ।

গ্রন্থটিতে ইতিহাসের এত সমৃদ্ধ আলোচনা স্থান পেয়েছে যে, কখনো কখনো এটিকে ঐতিহাসিক উৎস গ্রন্থ সমূহের একটি বিবেচনা করা হয়। যেন এটি আরবদের সামাজিক, রাজনৈতিক ইতিহাসের প্রামাণ্য এক দলিল। এখানে একেবারে জাহিলি যুগ থেকে আব্বাসী যুগের প্রথমার্ধের সাহিত্য ও ইতিহাসের চুম্বকাংশ একত্রিত করা হয়েছে।<sup>৮৪</sup> বিখ্যাত আরবি সাহিত্যিক সাহিব ইবন আব্বাদ (মৃ. ৯৯৫ খ্রি.) গ্রন্থটি পাঠ করে স্বভাবতই বলে ওঠেন، هذه بضاعتنا ردت إلينا [হিহা তো আমাদেরই সম্পদ, আবার আমাদের কাছেই ফিরে এসেছে।]<sup>৮৫</sup> ইবনে খাল্লিকান গ্রন্থটি সম্পর্কে বলেন،<sup>৮৬</sup> و صنف كتابه

وهومن امهات الكتب فلقد حوي خير ما الف في [তিনি ইকদ গ্রন্থটি রচনা করেন, যেটি আকর্ষণীয়, উপভোগ্য! যা সকল বিষয়কে একত্রিত করেছে। মিসরের প্রখ্যাত সাহিত্যিক ড. তুহা হুসাইন বলেন، وهو من امهات الكتب فلقد حوي خير ما الف في [এটি অনেক গ্রন্থের জননী! এ সংক্রান্ত পূর্ববর্তী গ্রন্থের চেয়ে এটি উত্তম কিছু!]। ঐতিহাসিক

জুরযী জায়দান বলেন، اما العقد فإنه اجل كتب الادب واحواها، او هو كا الخزانة حوت خلاصة العلوم المعصر حتى الطب والموسيقى [আল-‘ইকদ সাহিত্যের সেরা এবং সর্বাধিক বিস্তৃত গ্রন্থের একটি, যা চিকিৎসা ও সংগীত বিভাগসহ সমসাময়িক জ্ঞানের ভান্ডার।]<sup>৮৭</sup> অবশ্য আল-‘ইকদুল ফারীদ সম্পর্কে কিছু নেতিবাচক আলোচনাও রয়েছে। যেমন: গ্রন্থাকার হাদিসের উদ্ধৃতি দেওয়ার ক্ষেত্রে সহীহ হাদিসের সাথে কিছু মিথ্যা ও বানোয়াট হাদিসের সংমিশ্রণ ঘটিয়েছেন। যেমন- “জ্ঞান অর্জন করো যদি চীন দেশেও যেতে হয়।” এই বাক্যটি বিখ্যাত হলেও এটি হাদিস হিসেবে সহীহ নয়, বরং দুর্বল (ضعيف) এবং অনেক মুহাদ্দিস একে মাওযু (বানোয়াট) বলেছেন।<sup>৮৮</sup> অনেক ক্ষেত্রে লেখক অনির্ভরযোগ্য মাধ্যম থেকে প্রাপ্ত বিবরণও গ্রন্থে সন্নিবেশ করেন। যেমন، باب الكرم والسخاء অধ্যায়ে তিনি হাতেম তায়-এর উদারতা বর্ণনায় এমন কিছু কাহিনী বর্ণনা করেন, যেখানে বলা হয়েছে হাতেম তায় একবার তার পরিবারের শেষ উটটিও মেহমানদের ভোজের জন্য জবাই করে দেন। ঐতিহাসিকভাবে এসব বর্ণনা অতিরঞ্জিত এবং আদব সাহিত্যে প্রচলিত ‘আখলাকি গল্প’, যার প্রমাণিক সন্দেহ নেই। কিন্তু লেখক এগুলো তথ্য হিসেবে তুলে ধরেন।<sup>৮৯</sup> বিভিন্ন স্থানে কৌতুক ও হাস্যরসাত্মক বিষয়ের আধিক্যও লক্ষ্যণীয়। কিছু জায়গায় অশ্লীল শব্দ এড়িয়ে যেতে পারেননি লেখক।<sup>৯০</sup>

## উপসংহার

ইবন আব্দ রাব্বিহ-এর আল-ইকদুল ফারীদ আরবি আদব ও বালাগাত চর্চার ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ সংকলনমূলক গ্রন্থ। এতে কবিতা, প্রবাদ, রাজনৈতিক বক্তব্য, নীতিবাক্য, কৌতুক ও ব্যক্তিত্ব-চরিত্র বিশ্লেষণসহ বিভিন্ন সাংস্কৃতিক উপাদানের সমাহার দেখা যায়। গ্রন্থটি মধ্যযুগীয় আরবি মানসিকতা, দরবারি সংস্কৃতি এবং আরব সভ্যতার সাহিত্যিক রুচি অনুধাবনে মূল্যবান উৎস হিসেবে বিবেচ্য। এতে কদাচিৎ সহীহ, দুর্বল ও ভিত্তিহীন রেওয়ায়েতের সংমিশ্রণও পরিলক্ষিত হয়; একইসাথে কিছু ঐতিহাসিক অতিরঞ্জন ও রসিকতা ভিত্তিক কিছু অশোভন শব্দও রয়েছে। সুতরাং, এর ব্যবহারকারীর জন্য সমালোচনামূলক পাঠভঙ্গি অপরিহার্য। সব মিলিয়ে, আল-ইকদুল ফারীদ সাহিত্য ইতিহাসের দৃষ্টিতে সমৃদ্ধ, আর তথ্য ও রেওয়ায়েত নির্ভরতার ক্ষেত্রে সতর্ক পাঠের দাবি রাখে। এটি উৎস নয়, বরং তুলনামূলক ও বর্ণনাভিত্তিক গবেষণার সহায়ক উপাদান হিসেবে অধিক উপযোগী।

## টীকা ও তথ্যনির্দেশ

- <sup>১</sup> ড. ইহসান আব্বাস, *তারীখুল আদাবিল 'আরাবী 'আসরু সিয়াদাতি কুরতুবা* (বৈরুত: দারুস সাকাফা, ১৯৬৯খ্রি.), পৃ. ৪৬।
- <sup>২</sup> ড. সামি আল-আনি, *দিরাসাতু ফিল আদাবিল আন্দালুস* (বাগদাদ: আল-মুস্তানসিরিয়া বিশ্ববিদ্যালয়, ১৯৭৮খ্রি.), পৃ. ২৬৫।
- <sup>৩</sup> তদেব।
- <sup>৪</sup> ড. মোহাম্মদ আত-তুনজী, *দীওয়ানু ইবন 'আব্দ রাব্বিহ মা'আ হায়াতিহি ওয়া শি'রিহি* (বৈরুত: দারুল কুতুব আল-আরাবী, ১৯৯৩খ্রি.), পৃ. ১১।
- <sup>৫</sup> ড. আহমদ দাইফ, *বালাগাতুল 'আরাব ফিল আন্দালুস* (তিউনিসিয়া: দারুল মা'আরিফ লিততবা'আত ওয়া লিন নাশরি, ১৯৯৮খ্রি.), পৃ. ১০৭।
- <sup>৬</sup> ড. মোহাম্মদ রিদওয়ান আদ-দায়া, *ফিল আদাবিল আন্দালুসিয়া* (দামিষ্ক: দারুল ফিকর, ২০০০খ্রি.), পৃ. ৩০০।
- <sup>৭</sup> তদেব।
- <sup>৮</sup> উমার ফাররুখ, *তারীখুল আদাবিল আরাবী*, ৪র্থ খণ্ড (বৈরুত: দারুল ইলম লিল মালাইন, ২০০৬খ্রি.), পৃ. ২১০।
- <sup>৯</sup> ড. সামি আল-আনী, *প্রাগুক্ত*, পৃ. ২৬৬।
- <sup>১০</sup> ড. আহমদ আমীন, *যহরুল ইসলাম*, ৩য় খণ্ড (কায়রো: লাজনা তুত তা'লি, ১৯৫৩খ্রি.), পৃ. ৮৫।
- <sup>১১</sup> ইবন 'আব্দ রাব্বিহ, *আল-ইকদুল ফারীদ*, ৫ম খণ্ড (বৈরুত: দারুল কুতুব আল-ইলমিয়া, ১৯৯৭খ্রি.), পৃ. ১৩।
- <sup>১২</sup> আহমদ হায়কাল, *আল-আদাবুল আন্দালুস* (মিসর: দারুল মা'আরিফ, তা.বি.), পৃ. ২২৪।
- <sup>১৩</sup> ইবন খাল্লিকান, *ওয়াফাতুল আ'ইয়ান ওয়া আনবাই আবনা ইয় যামান*, ১ম খণ্ড (বৈরুত: দারু সাদির, তা.বি.), পৃ. ১১০।
- <sup>১৪</sup> উমার ফাররুখ, *প্রাগুক্ত*, ৪র্থ খণ্ড, পৃ. ২১১।
- <sup>১৫</sup> ড. মো. নিজাম উদ্দীন, “ইবন 'আব্দ রাব্বিহ: জীবন ও সাহিত্য সাধন”, *গবেষণা পত্রিকা* (কলা অনুষদ), রাজশাহী বিশ্ববিদ্যালয়, ১৩তম সংখ্যা, ২০০৯ খ্রি., পৃ. ১৬৫।
- <sup>১৬</sup> তদেব, পৃ. ১৬৫-১৬৬।
- <sup>১৭</sup> হানান বিন সাদিরাহ, “আল-ইকদুল ফারীদ লিইবন 'আব্দ রাব্বিহ দিরাসাতু ফিল মাজমুন ওয়াল মানহাজ ওয়াল খাসায়িস”, *গবেষণা অভিসন্দর্ভ*, কুন্সিয়াতুল আদাব ওয়াল লুগাতুল আরাবিয়া, মোহাম্মদ খিদির বিসকরা বিশ্ববিদ্যালয়, আলজেরিয়া, ২০১৫খ্রি., পৃ. ২২; ড. হুসাইন মুনিস, *তারীখুল ফিকরিল আন্দালুস* (মিসর: মাতবা'আতুন নাহদাহ আল-মিসরিয়াহ, ১৯৫৫খ্রি.), পৃ. ২৫৭-২৫৮; ড. আহমদ হায়কাল, *আল-আদাবুল আন্দালুস মিনাল ফাতহি ইলা সুকুতিল খিলাফাহ*, (মিসর: দারুল মা'আরিফ, ১৯৮৫খ্রি.) পৃ. ২৫৬।
- <sup>১৮</sup> ড. উমার ইবরাহিম তাওফীক, *প্রাগুক্ত*, পৃ. ৮৫।
- <sup>১৯</sup> তদেব, পৃ. ২৫৭-২৫৯।
- <sup>২০</sup> ইবন 'আব্দ রাব্বিহ, *আল-ইকদুল ফারীদ*, ১ম খণ্ড (বৈরুত: দারুল কুতুবুল 'আলামিয়াহ, ১৯৮৩খ্রি.) পৃ. ০৪-০৫; আহমদ হায়কাল, পৃ. ২৫৬-২৫৭; ড. হুসাইন মুনিস, *প্রাগুক্ত*, পৃ. ২৫৭-২৫৮।
- <sup>২১</sup> ড. শাওকী দায়ফ ও অন্যান্য, *আল- মু'জামুল ওয়াজীয* (মিসর: মাজমা'উল লুগাতিল 'আরাবিয়া, ২০০৬খ্রি.), পৃ. ৪২৭; ড. মুহা. ফজলুর রহমান, *আল- মু'জামুল ওয়াজীয* (ঢাকা: রিয়াদ প্রকাশনী, চতুর্থ সংস্করণ, ২০০৭খ্রি.), পৃ. ৫৭২।
- <sup>২২</sup> ইবন 'আব্দ রাব্বিহ, *প্রাগুক্ত*, পৃ. ০৭-০৮; সম্পাদনা পরিষদ, *ইসলামী বিশ্বকোষ*, ৪র্থ খণ্ড (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, ২য় সংস্করণ, জুন ২০০৬খ্রি.) পৃ. ১৬৬; ড. তাহের আহমদ মাক্কী, *দিরাসাতু ফী মাসাদিরিল আদাব* (কায়রো: দারুল ফিকহ, ১৯৯৯খ্রি.), পৃ. ২৮৪-২৮৫।
- <sup>২৩</sup> ইবন 'আব্দ রাব্বিহ, *প্রাগুক্ত*, পৃ. ০৫; আহমদ হায়কাল, *প্রাগুক্ত*, পৃ. ২৫৬।
- <sup>২৪</sup> ড. মুহা. ফজলুর রহমান, *প্রাগুক্ত*, পৃ. ৬৮১।
- <sup>২৫</sup> *ইসলামী বিশ্বকোষ*, *প্রাগুক্ত*, পৃ. ২৫৬।
- <sup>২৬</sup> ইবন 'আব্দ রাব্বিহ, *প্রাগুক্ত*, পৃ. ০৯।
- <sup>২৭</sup> তদেব, পৃ. ১৩।
- <sup>২৮</sup> ড. মুহা. ফজলুর রহমান, *প্রাগুক্ত*, পৃ. ৬১০।
- <sup>২৯</sup> ইবন 'আব্দ রাব্বিহ, পৃ. ৮৫।
- <sup>৩০</sup> তদেব।
- <sup>৩১</sup> ড. মুহা. ফজলুর রহমান, *প্রাগুক্ত*, পৃ. ৪৪০।
- <sup>৩২</sup> ইবন 'আব্দ রাব্বিহ, *প্রাগুক্ত*, পৃ. ১৮৮।
- <sup>৩৩</sup> তদেব, পৃ. ১৯০।
- <sup>৩৪</sup> ড. মুহা. ফজলুর রহমান, *প্রাগুক্ত*, পৃ. ৩০৯।
- <sup>৩৫</sup> ইবন 'আব্দ রাব্বিহ, *প্রাগুক্ত*, পৃ. ২৭৪।
- <sup>৩৬</sup> ড. মুহা. ফজলুর রহমান, *প্রাগুক্ত*, পৃ. ৭৫৭।
- <sup>৩৭</sup> ইবন 'আব্দ রাব্বিহ, *প্রাগুক্ত*, ২য় খণ্ড, পৃ. ০৩।

- ৩৮ তদেব, পৃ. ০৮।
- ৩৯ ড. মুহা. ফজলুর রহমান, প্রাগুক্ত, পৃ. ৯৫৩।
- ৪০ ইবন 'আব্দ রাক্বিহ, প্রাগুক্ত, পৃ. ৭৬।
- ৪১ তদেব, পৃ. ৮১।
- ৪২ ড. মুহা. ফজলুর রহমান, প্রাগুক্ত, পৃ. ৩১৭।
- ৪৩ ইবন 'আব্দ রাক্বিহ, প্রাগুক্ত, ৩য় খণ্ড, পৃ. ০৩।
- ৪৪ তদেব, পৃ. ১২।
- ৪৫ ড. মুহা. ফজলুর রহমান, প্রাগুক্ত, পৃ. ৪৪৫।
- ৪৬ ইবন 'আব্দ রাক্বিহ, প্রাগুক্ত, পৃ. ৮১।
- ৪৭ তদেব, পৃ. ৯০।
- ৪৮ ড. মুহা. ফজলুর রহমান, প্রাগুক্ত, পৃ. ৩৮৯।
- ৪৯ ইবন 'আব্দ রাক্বিহ, প্রাগুক্ত, পৃ. ১৮৩।
- ৫০ তদেব, পৃ. ১৯০।
- ৫১ ড. মুহা. ফজলুর রহমান, প্রাগুক্ত, পৃ. ৯৫৫।
- ৫২ ইবন 'আব্দ রাক্বিহ, প্রাগুক্ত, পৃ. ২৬৫।
- ৫৩ ড. মুহা. ফজলুর রহমান, প্রাগুক্ত, পৃ. ৫৬৬।
- ৫৪ ইবন 'আব্দ রাক্বিহ, প্রাগুক্ত, ৪র্থ খণ্ড, পৃ. ০৩।
- ৫৫ তদেব, পৃ. ০৭।
- ৫৬ ড. মুহা. ফজলুর রহমান, প্রাগুক্ত, পৃ. ৭৩১।
- ৫৭ ইবন 'আব্দ রাক্বিহ, প্রাগুক্ত, পৃ. ৮৯।
- ৫৮ ইকদুল ফারীদ, ৪র্থ খণ্ড, পৃ. ১১০।
- ৫৯ ড. মুহা. ফজলুর রহমান, প্রাগুক্ত, পৃ. ৯২৪।
- ৬০ তদেব, পৃ. ১৪৫।
- ৬১ তদেব, পৃ. ২৩৭।
- ৬২ তদেব, পৃ. ২৮৭।
- ৬৩ তদেব, ৫ম খণ্ড, পৃ. ০৩।
- ৬৪ তদেব, পৃ. ২৬৬।
- ৬৫ তদেব, ৬ষ্ঠ খণ্ড, পৃ. ০৩।
- ৬৬ তদেব, পৃ. ১১৮।
- ৬৭ তদেব, পৃ. ১২৩।
- ৬৮ তদেব, পৃ. ২৭০।
- ৬৯ তদেব, ৭ম খণ্ড, পৃ. ০৩-৮৭।
- ৭০ তদেব, পৃ. ৮৮।
- ৭১ তদেব, পৃ. ১১৭।
- ৭২ তদেব, পৃ. ১৫৭-২৪২।
- ৭৩ হিজামা বা কাপিং থেরাপি হলো একটি প্রাচীন চিকিৎসা পদ্ধতি। এতে প্রদাহ নিরাময়ের উদ্দেশ্যে শরীর থেকে দূষিত রক্ত, টক্সিন বের করার জন্য কাচ বা প্লাস্টিকের কাপ ব্যবহার করা হয়।
- ৭৪ তদেব, পৃ. ২৪৩।
- ৭৫ তদেব, পৃ. ২৫৫।
- ৭৬ তদেব, ৮ম খণ্ড, পৃ. ০৩।
- ৭৭ তদেব, পৃ. ৯০।
- ৭৮ হানান বিন সাদিরাহ, প্রাগুক্ত, পৃ. ৩৪।
- ৭৯ আল-ইকদুল ফারীদ, ১ম খণ্ড, পৃ. ২৭৪।
- ৮০ তদেব; ড. তাহের আহমদ মাক্কী, পৃ. ২৮৫-২৮৬।
- ৮১ ইবন 'আব্দ রাক্বিহ, প্রাগুক্ত, ১ম খণ্ড, পৃ. ৩৫।
- ৮২ তদেব, পৃ. ০৪।
- ৮৩ ড. 'আব্দুল কাদির রিজক আত-তাবীল, ইবন 'আব্দ রাক্বিহ ওয়া কিতাবুহু আল-ইকদুল ফারীদ (মিসর: কুল্লিয়াতুদ দিরাসাত আল-ইসলামিয়া আল-আরাবিয়া লিল-বানাত বিসুহাজ, তাবি), পৃ. ৩৫০।
- ৮৪ তদেব, পৃ. ৩৫২।
- ৮৫ আহমদ হাসান আয-যাযাযাত, তারীখুল আদাবিল আরাবী (কায়রো: দারু নাহদা মিসর লিত-তব'য়ি ওয়ান নাশরি, তাবি), পৃ. ৩২৩; ড. 'উমার ইবরাহিম তাওফীক, প্রাগুক্ত, পৃ. ৮৪।
- ৮৬ ইবন খাল্লিকান, প্রাগুক্ত, পৃ. ৩৩।
- ৮৭ ড. 'আব্দুল কাদির রিজক আত-তাবীল, প্রাগুক্ত, পৃ. ৩৫১।
- ৮৮ জুরযী যায়দান, তারীখু আদাবিল লুগাতিল 'আরাবিয়াহ, ২য় খণ্ড (মিসর: মাতবাক্বাহ আল-হিলাল বিল ফাজালাহ, ১৯১২খ্রি.), পৃ. ১৭৩-১৭৪।
- ৮৯ আল-ইকদুল ফারীদ, ২য় খণ্ড, পৃ. ৮৯।
- ৯০ আল-ইকদুল ফারীদ, ১ম খণ্ড, পৃ. ১৯৭।
- ৯১ হুসাইন ইবন রাশদ আল-আফনান, কিতাবুল ইকদ ফিল মিয়ান, মিজাল্লাহু ছইদুল ফাওয়াইদ, পৃ. ০১।

## হাসসান ইবন ছাবিত রা. এর কাব্যে রাসূল প্রশস্তি : একটি পর্যালোচনা [Eulogy of Prophet Muhammad in the Poetry of Hassan ibn Sabit (Ra)]

Md. Neayamul Haque

PhD Researcher, Department of Arabic, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

### ARTICLE INFORMATION

*The Faculty Journal of Arts*

Rajshahi University

Volume 39, June 2025

ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A9>

Received : 17 February 2025

Received in revised: 28 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

Keywords:

Hassan ibn Thabit, Arabic poetry, Eulogy,  
Prophetic praise

### ABSTRACT

Hassan ibn Sabit, a distinguished poet of both the pre-Islamic and Islamic eras, is renowned as the "Poet of the Prophet." While the enemies of Islam composed hateful poetry, the Prophet encouraged his companions to counter them through poetry. Hassan responded with eloquent verses praising the Prophet's virtues and refuting the infidels. His poetry immortalized the Prophet's enlightened life, fostering the genre of Al-Madihur Rasul (Prophetic Praise). This article explores the themes and significance of Hassan ibn Sabit's poetry, emphasizing his undeniable contributions in portraying the Prophet's praiseworthy qualities through poetic rhythm and artistic expression.

### ভূমিকা

রাসূল সা. ছিলেন পৃথিবীবাসীর জন্য পথপ্রদর্শক, উজ্জ্বল আলোকবর্তিকা ও রহমত স্বরূপ। পৃথিবীতে যে সকল ব্যক্তির প্রশংসায় কবিতা রচিত হয়েছে তার মধ্যে রাসূল সা. প্রসঙ্গ সর্বাধিক। আর যে সকল কবি ও সাহিত্যিক রাসূল সা. কে নিয়ে কাব্য রচনা করেছেন তাদের মধ্যে হাসসান ইবন ছাবিত রা. ছিলেন অন্যতম। তিনি ছিলেন রাসূলের সভাকবি। তার কবিতার সংকলন বা দীওয়ানের একটি বিশাল অংশ জুড়ে রয়েছে রাসূল সা. প্রশস্তি। তিনি রাসূলের শারীরিক সৌন্দর্য, মহান চরিত্র, মহৎ গুণাবলি, অলৌকিক ক্ষমতা, মর্যাদা, মাহাত্ম, রিসালাত, তাঁর আদর্শ, যুদ্ধ-বিগ্রহ ইত্যাদি বিষয় শব্দের অভিনব গাঁথুনি, বাক্যের শক্তিশালী গঠন, গতিশীল ও সাবলীল শ্লোকের মাধ্যমে অতি নিপুনতার সাথে কাব্যিক ছন্দে উপস্থাপন করেছেন। তাঁর কাব্যিক শৈলী অতি স্পষ্ট, প্রাঞ্জল, আকর্ষণীয় ও মনোমুগ্ধকর। তিনি রাসূলের প্রতি অগাধ ভালবাসায় অনুপ্রাণিত হয়ে ইহকালীন শান্তি ও পরকালীন জীবনে মুক্তির প্রত্যাশায় রাসূলের প্রশংসায় কবিতা রচনায় আত্মনিয়োগ করেন। পরিচিত হন রাসূলের কবি হিসেবে। আলোচ্য প্রবন্ধে হাসসান ইবন ছাবিত রা.-এর কাব্যে রাসূল প্রশস্তি সম্পর্কে আলোকপাত করার প্রয়াস রয়েছে।

### হাসসান ইবন ছাবিত রা.-এর সংক্ষিপ্ত পরিচিতি

নাম ও বংশ পরিচয় : আরবী কাব্য সাহিত্যে জাহিলী ও ইসলামী উভয় যুগের এক উজ্জ্বল প্রতিভার নাম হাসসান ইবন ছাবিত রা.। তিনি আল খায়রাজ গোত্রের বনু আন নাজ্জার শাখায় জন্মগ্রহণ করেন।<sup>১</sup> তাঁর প্রকৃত নাম হাসসান। আবুল ওয়ালিদ তার প্রসিদ্ধ উপনাম।<sup>২</sup> কবিতার মাধ্যমে কাফিরদেরে অন্তর ক্ষত বিক্ষত এবং মান-সম্মান নষ্ট করে দিতেন বলে তাকে আবুল হুসাম উপনামে ভূষিত করা হয়।<sup>৩</sup> তার পিতার নাম ছাবিত ইবনুল মুনির। মাতার নাম ফুরাইআহ। কেউ কেউ বলেন, ফুরাইআ বিনতে খালিদ।<sup>৪</sup> তাঁর দাদা আল-মুনির ছিলেন খুবই উদার ও শান্তিপ্রিয় মানুষ।<sup>৫</sup> হাসসান ইবন ছাবিত ছিলেন জাহেলী যুগে আনসারদের কবি, নবুওয়্যাতের যুগে রাসূল সা.-এর কবি এবং ইসলামী আমলে সমগ্র ইয়েমেনবাসীর কবি। তিনি হিরা রাজন্যবর্গের চতুর্থ নু'মান ইবন মুনিরের প্রশংসায় কবিতা রচনা করে পদক লাভ করেন। রাসূল সা. তাঁর সাহাবী কবিদের মধ্য থেকে হাসসান ইবন ছাবিত রা. কে সভাকবির মর্যাদা দিয়েছিলেন। তাকে বলা হতো *شاعر الرسول* তথা রাসূলের কবি। রাসূল সা. নিজেও একাধার সাথে কবি হাসসানের কবিতা শুনতেন, কখনো অমনোযোগী হতেন না। তিনি নগর কবিদের (*شاعر المدن*) মধ্যে শ্রেষ্ঠ কবি ছিলেন।<sup>৬</sup>

### জন্ম ও শৈশব

রাসূল সা.-এর জন্মের আট বছর পূর্বে তিনি জন্মগ্রহণ করেন। ড. উমর ফাররুখ তার জন্ম সাল ৫৬৩ খ্রিস্টাব্দ মোতাবেক হিজরী পূর্ব ৬০ বর্ষকে উল্লেখ করেছেন।<sup>৭</sup>

### কর্ম জীবন

হাসসান ইবন ছাবিত শৈশব থেকেই শহুরে পরিবেশে মদীনায়ে লালিত পালিত হন। তিনি গোত্রীয় কবি হিসেবে থাকলেও সিরিয়ার গাসসানী ও হিরার মুনযির রাজদরবারের প্রশংসায় পঞ্চমুখ ছিলেন। এক বছর তাদের দরবারে কাটাতেন আরেক বছর মদীনায়ে কাটাতেন। তাদের কাছ থেকে প্রচুর উপঢৌকন পেয়ে তার অর্থনৈতিক ভাগ্যোন্নয়ন ঘটে। এছাড়াও তিনি জাফনা পরিবারের স্তুতি বর্ণনা করে অনেক কবিতা রচনা করেছেন। এজন্য তিনি ইসলাম গ্রহণের ফলেও তারা ভিন্ন ধর্মালম্বীর সঙ্গেও তার সঙ্গে তাদের সম্পর্ক অত্যন্ত সুন্দর ও গভীর ছিল। জাহেলী যুগে তিনি গাসসানী ও মানাযিরা রাজন্যবর্গের স্তুতি ও প্রশংসাগীতি রচনার করে পুরস্কার লাভ ও খ্যাতি অর্জন করেন।<sup>৮</sup>

মৃত্যু : তিনি উসমান রা.-এর খিলাফতকালে ৬৭৪ খ্রি. সনে ১২০ বছর বয়সে মৃত্যু বরণ করেন।<sup>৯</sup>

### কবিতা ও রাসূল প্রশস্তি

شِعْرُ শব্দটি একবচন, বহুবচনে اشْعَارُ। এর আভিধানিক অর্থ হল অনুভূতি, উপলব্ধি, বিবেক, জ্ঞান, বিচক্ষণতা, চেতনাসক্তি ইত্যাদি। পরিভাষায় আহমাদ হাসান আয-যাইয়্যা (১৩০৩-১৩৮৮ হি.) এর ভাষ্যমতে,

الشعر هو الكلام الموزون المقفى المعبر عن الأخيلة البديعة والصور المؤثرة البليغة وقد يكون نثرا كما يكون نظما.<sup>১০</sup>

কাব্য বা কবিতা সেই ছন্দোবদ্ধ ও মিলযুক্ত বাক্যকে বলে, যা বিরল চিন্তা, নব কল্পনা এবং তাৎপর্যপূর্ণ দৃশ্য ফুটিয়ে তোলে। আর এটা কখনো কখনো গদ্যের মাধ্যমে হয়, আবার কখনো কখনো পদ্যের মাধ্যমে হয়।

আহমাদ আশ-শায়িব (জন্ম: ১৯৬৩ খ্রি.) কবিতার পরিচয় দিতে গিয়ে বলেন,

الكلام الموزون المقفى الذى يصور العاطفة والعقل<sup>১১</sup>

‘জ্ঞান ও অনুভূতি যে অন্ত্যমিল ও ছন্দোবদ্ধ বাক্যের রূপ দান করে তাই কবিতা’। ইংরেজি কবি ওয়ার্ডসওয়ার্থ কবিতার পরিচয় দেন এভাবে, Poetry is the spontaneous overflow of powerful feeling’.<sup>১২</sup> ‘শক্তিশালী অনুভূতির স্বতঃস্ফূর্ত বহিঃপ্রকাশই কবিতা’।

মোট কথা, মানব হৃদয়ের আবেগ, কল্পনা ও ভাবের সংমিশ্রণে সৃষ্ট অনুভূতির অর্থপূর্ণ অন্ত্যমিলযুক্ত ও ছন্দোবদ্ধ বাক্যাবলি দ্বারা সুন্দর কল্পনার অভিব্যক্তিগুলি প্রকাশ ও অভিনব দৃশ্যাবলি চিত্রায়িত করাই হল কবিতা। রাসূল- প্রশস্তি এর আরবী পরিভাষা الْمَدِيْحُ الرَّسُوْلُ (আল-মাদীহুর রাসূল)। الْمَدِيْحُ শব্দটি একবচন। এর বহুবচন الْمَدَائِحُ অথবা الْمَدَائِحُ। এর আভিধানিক অর্থ হল প্রশংসা, গুণগান, স্তুতি, প্রশস্তি, তারিফ, স্তব<sup>১৩</sup>। সুতরাং মুহাম্মাদ সা. এর প্রশংসা ও স্তুতিগাথাই হল আল-মাদীহুর রাসূল। পরিভাষায় : ড. যাকি মুবারক এর ভাষায় রাসূল প্রশস্তি হল,

المديح الرسول في فن من فنون الشعر التي أذاعها التصوف، فهي لون من التعبير عن العواطف الدينية، وباب من الأدب الرفيع لأنّها لا تصدر إلا عن قلوب مفعمة بالصدق والإخلاص<sup>১৪</sup>

আরবী কাব্য সাহিত্যের একটি গুরুত্বপূর্ণ শাখা হল আল-মাদীহ (প্রশংসাগাথা)। জাহেলী যুগের অনেক কবি-সাহিত্যিক মর্যাদাবান ও সম্ভ্রান্ত ব্যক্তির ও তাদের ব্যক্তিগত উত্তম গুণাবলি, ন্যায় পরায়নতা, সাহসিকতা প্রভৃতি কৃতিত্বপূর্ণ কাজের প্রশংসা করে কাব্য রচনা করতেন। উমাইয়্যা যুগে এসে এর ব্যাপকতা আরও বৃদ্ধি পায় এবং পরবর্তীতে আব্বাসীয় যুগে আরবী কাব্যের এ ধারাটি পরিপূর্ণতা লাভ করে।

### হাসসান ইবন ছাবিত রা. এর কাব্যে রাসূল প্রশস্তি

হাসসান ইবন ছাবিত রা. রাসূল প্রশস্তিমূলক কবিতা রচনায় স্বীয় দক্ষতার পরিচয় দেন। রাসূল সা. এর গঠনশৈলী, অবয়ব ও নৈতিক গুণাবলি, গৌরবগাঁথা অর্থাৎ রাসূল প্রশস্তি রচনায় তিনি ছিলেন পুরোধা। কবি হাসসান রাসূলের ভালোবাসায় নিজেকে উৎসর্গ করে দিয়েছেন। তিনি ইহকাল ও পরকালীন মুক্তির জন্য রাসূলই একমাত্র আস্থা তার কবিতার মাধ্যমে তা তুলে ধরেছেন। তিনি রাসূল সা. এর জীবনের বিভিন্ন দিক তুলে ধরে প্রশংসা করেন। যেমন,

রাসূল আগমনের সংবাদ: গোটা বিশ্ব যখন অন্যায়-অবিচার, জুলুম ও নানা কুসংস্কার নিমজ্জিত হয়েছিল ঠিক তখনই হিদায়াতের আলোকবর্তিকা হিসেবে মুহাম্মাদ সা. এর আগমন ঘটেছে।

হাসসান ইবন ছাবিত রা. রাসূলের শুভাগমের কথা কবিতার ছন্দে সুনিপুণভাবে তুলে ধরেছেন। হাসসান বলেন,

نَبِيُّ أُنَانَا بَعْدَ يَأْسٍ وَفُتْرَةٍ \* مِنَ الرُّسُلِ وَالْأَوْتَانِ فِي الْأَرْضِ نُعْبَدُ

فَأَمْسَى سِرَاجاً مُسْتَنِيرًا وَهَادِيًا \* يُلَوِّحُ كَمَا لَحَ الصِّقْلُ الْمُهْنَدُ<sup>১৫</sup>

‘আমাদের কাছে এক নবী আগমন করেছেন নিরাশা ও রাসূলগণের বিরতির পর। আর তখন অবস্থা এই ছিল যে, বিশেষ মূর্তি পূজা করা হত। অতপর তিনি আলোকিত সূর্য ও হিদায়াতকারী রূপে প্রতিভাত হলেন। তিনি ঝলমল করে উঠলেন হিন্দুস্তানী স্বচ্ছ ধারালো তরবারী যেমন ঝলমল করে’।

রাসূলের বংশ পরিচয়: রোম সম্রাট হেরাক্লিয়াস আবু সুফিয়ানকে জিজ্ঞেস করেছিলেন তোমাদের মধ্যে নবী দাবীকারী ব্যক্তির বংশ কেমন? উত্তরে আবু সুফিয়ান বলেছিলেন, ‘هُوَ فِينَا ذُو حَسَبٍ’ ‘তিনি আমাদের মধ্যে উচ্চ বংশীয়’। হেরাক্লিয়াস বলেছিলেন, ‘كَذَلِكَ الرُّسُلُ تُبْعَثُ فِي أَحْسَابٍ قَوْمِهَا’ ‘এভাবেই নবী- রাসূলগণ তার সম্প্রদায়ের সেরা বংশে জন্ম গ্রহণ করেন’।<sup>১৬</sup> রাসূল সা. বিখ্যাত হাশিম বংশের কোরাইশ গোত্রে জন্মগ্রহণ করেন।<sup>১৭</sup> হাসসান তার কবিতার পংক্তিতে বলেন,

لَقَدْ عَلِمَ الْأَقْوَامُ أَنَّ إِبْنَ هَاشِمٍ \* هُوَ الْغَضَنُ ذُو الْأَفْئَانِ لَا الْوَاحِدُ الْوَعْدُ  
وَإِنَّ أَمْرًا كَانَتْ سَمِيَّةً أُمُّهُ \* وَسَمَاءٌ مَخْلُوبٌ إِذَا بَلَغَ الْجُهْدُ<sup>১৮</sup>

জনগণ অবগত আছেন যে, তিনি {মুহাম্মাদ সা.} হাশিমের বংশধর। ইতর আবু সুফিয়ান ব্যতীত, কারণ তার মাতা সুমাইয়া (সে তো এমন দাসী যার গর্ভে মনিবের সন্তান হয়েছে) আর তার দাদী সামরা (সেও উম্মু ওয়ালাদ ছিল) সে দুঃখ কষ্টের সময় পরাভূত হয়।

রাসূল সা. এর মাতুল বংশ ও হাসসান ইবন ছাবিত রা. একই বংশোদ্ভূত হওয়ায় গর্ববোধ করে বলেন,

وَنَحْنُ وَلَدْنَا مِنْ قُرَيْشٍ عَظِيمِهَا \* وَلَدْنَا نَبِيَّ الْحُرِّ مِنْ آلِ هَاشِمٍ<sup>১৯</sup>

‘আমরা বৃহত্তর কুরাইশ -এর সন্তান; কল্যাণময় নবী সা. হাশিম গোত্রে জন্মগ্রহণ করেছেন’।

রাসূলের শারীরিক সৌন্দর্য: রাসূল সা. ছিলেন মধ্যম গড়নের অতীব সুন্দর ও সৃষ্টাম এবং গায়ের রং ছিল উজ্জ্বল ও গৌর গোলাপী<sup>২০</sup> প্রশস্ত বুক ও বৃহৎ আকৃতির মাথা।<sup>২১</sup> সুন্দর পরিপাটি নিকোশ কালো চুল, কোঁকড়ানো ছিলনা, ভাঙ্গাও ছিল না। সামান্য বাঁকানো ছিল। কখনো কখনো তা কাঁথ পর্যন্ত পৌঁছাত।<sup>২২</sup> গোফ ছোট ও দাঁড়ি ছিল দীর্ঘ ও ঘন সন্নিবেশিত।<sup>২৩</sup> প্রফুল্ল অবস্থায় তার মুখমন্ডল চন্দ্রের ন্যায় চমকিত<sup>২৪</sup> রাগান্বিত হলে গুণ্ডয় ডালিমের ন্যায় রক্তিমবর্ণ ধারণ করত।<sup>২৫</sup> কবি রাসূলের দৈহিক সৌন্দর্য ও চারিত্রিক মাধুর্যের সুনিপুণ চিত্র কাব্যিক ছন্দে ফুটে তুলেছেন,

مَتَى يَبْدُ فِي الدَّاحِيِ الْبَهِيمِ حَبِيبُهُ \* يَلُحُّ مِثْلَ مَصْبَاحِ الدَّجَى الْمُتَوَقِّدِ  
فَمَنْ كَانَ أَوْ مَن يَكُونُ كَأَحْمَدٍ \* نِظَامُ حَقٍّ أَوْ نَكَالٍ لِمُلْحَدٍ<sup>২৬</sup>

ঘোর অন্ধকারে যখন তাঁর ললাট বের করা হয় তখন তা অন্ধকারে প্রজ্বলিত বাতির ন্যায় ঝলমল করে। আহমদ সা. -এর মত এরূপ মহান ব্যক্তি বিগত যুগে লক্ষ্য করা যায়নি আর ভবিষ্যতেও আগমন করবে না। যিনি সত্যবাদীদের জন্য সংবিধানতুল্য এবং অস্বীকারকারীদের জন্য দৃষ্টান্ত স্বরূপ।

পূর্ণিমার চাঁদের সাথে তুলনা: পূর্ণিমার চাঁদের চেয়েও বেশি সুন্দর ছিলেন আমাদের নবী মুহাম্মাদ সা.। তিনি ছিলেন গোটা পৃথিবীর মধ্যে সবচেয়ে বেশি সুন্দর, সুদর্শন এবং সুসম দৈহিক গঠনের অধিকারী। জাবের ইবন সামুরা রা. বলেন, আমি একবার পূর্ণিমা রাতে চাঁদের স্নিগ্ধ আলোতে প্রিয় নবীজী সা. কে লাল চাদর ও লুঙ্গি পরিহিত অবস্থায় দেখলাম। তখন আমি একবার আকাশের জোছনা ছড়ানো চাঁদের দিকে এবং একবার প্রিয় নবীর মোবারক চেহারার দিকে তাকাতে থাকলাম। আমার কাছে মনে হল তিনি পূর্ণিমার চাঁদের চেয়েও বেশি সুন্দর।<sup>২৭</sup> হাসসান তাঁর কাব্যিক ছন্দে বলেন,

غَدَاةَ أَتَاهُمْ يَهْوِي إِلَيْهِمْ \* رَسُولُ اللَّهِ كَالْقَمَرِ الْمُنِيرِ  
لَهُ خَيْلٌ مُجَنَّبَةٌ تَعَادِي \* بِفُرْسَانٍ عَلَيْهَا كَالصَّفُورِ<sup>২৮</sup>

‘উজ্জ্বল চন্দ্রের ন্যায় (পূর্ণিমার চাঁদের মত) আল্লাহর রাসূল সা. অতি প্রত্যুষ্ণে তাদের কাছে আগমন করলেন। তাঁর ছিল তেজোদীপ্ত ঘোড়া। যার ফলশ্রুতিতে বাজপাখির ন্যায় দ্রুতগতিতে তাদের মাঝে অবতরণ করলেন’। কবি হাসসান নবী সা. এর চরিত্র সম্পর্কে ইহলোককে ছাপিয়ে উর্ধ্বজগতের আলোকোজ্জ্বল নক্ষত্র ও চন্দ্রের সাথে তুলনা করেছেন।

وَإِذَا وَمَاضٍ شَهَابٌ يُسْتَضَاءُ بِهِ \* بَذْرُ أَنْارٍ عَلَى كُلِّ الْأُمَامِجِيدِ  
مُبَارَكٌ كَضِيَاءِ الْبَذْرِ صُورَتُهُ \* مَا قَالَ كَانَ قُضَاءٌ غَيْرَ مَزْدُودٍ<sup>২৯</sup>

‘বিশ্বস্তায় ও কার্যকারিতায় তিনি (মুহাম্মাদ সা.) এমন এক উজ্জ্বল নক্ষত্র, যা দ্বারা আলোকিত করা হয়। তিনি এমন পূর্ণিমার চন্দ্র, যা প্রতিটি সম্ভ্রান্ত নেতার উপর আলোকদান করে। তাঁর আকৃতি পূর্ণচন্দ্রের জ্যোতির মতো বরকতময়। বিচারিক ক্ষেত্রে তিনি যা বলেন তা খন্ডন যোগ্য নয়’।

شَهِدْتُ بِإِذْنِ اللَّهِ أَنَّ مُحَمَّدًا \* رَسُولُ الَّذِي فَوْقَ السَّمَوَاتِ مِنْ عَلٍ  
وَأَنَّ أَبَا يَحْيَى وَنَحْيَى كِلَاهُمَا \* لَهُ عَمَلٌ فِي دِينِهِ مُتَقَبَّلٌ<sup>৩০</sup>

‘আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহর ইচ্ছায় মুহাম্মাদ সা. এমন রাসূল, যিনি আসমানের উপরেও মর্যাদাসম্পন্ন। আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, ইয়াহইয়া আ. ও তার পিতা (যাকারিয়া-আ.) আল্লাহর দ্বীন অনুযায়ী উভয়ের কর্মগুলো গ্রহণযোগ্য’।

রিসালাত ও খতমে নবুয়্যাত: বিশ্ববাসীর জন্য যুগে যুগে আল্লাহ অনেক নবী রাসূল প্রেরণ করেছেন। আল্লাহ প্রেরিত এসকল নবী রাসূল মানুষকে সৎ পথের দিকে আহ্বান করেছেন এবং অসৎ পথ থেকে মানুষকে বিরত থাকতে নির্দেশ দিয়েছেন। আল্লাহ বলেন, ﴿لَقَدْ بَعَثْنَا فِي كُلِّ أُمَّةٍ رَسُولًا أَنْ اعْبُدُوا اللَّهَ وَاجْتَنِبُوا الطَّاغُوتَ﴾ ‘আল্লাহর ইবাদত করার ও তাগুতকে বর্জন করার নির্দেশ দেয়ার জন্য আমি প্রত্যেক জাতির মধ্যেই রাসূল প্রেরণ করেছি’<sup>৩১</sup>।

কবি হাসসান ইবন ছাবিত ছিলেন মুহাম্মাদ সা.-এর রিসালাতের প্রতি পূর্ণ বিশ্বাসী। হাসসান তার কবিতার মাধ্যমে মুহাম্মাদ সা. যে আল্লাহ প্রেরিত রাসূল ও শেষ নবী এ বিষয়ে অত্যন্ত চমৎকার অভিব্যক্তি বর্ণনা করেছেন, হাসসান নবুওয়্যাত ও রিসালাতের স্বীকৃতি ও সুসংবাদ প্রদান করতঃ বলেন,

أَعْرُ عَلَيْهِ لِلنَّبُوءَةِ خَاتَمٌ \* مِنْ اللَّهِ مَشْهُودٌ يَلُوحُ وَيُشْهَدُ  
وَصَمَّ إِلَهُهُ اسْمَ النَّبِيِّ إِلَى اسْمِهِ \* إِذَا قَالَ فِي الْحُمْسِ الْمَوْدُونَ أَشْهَدُ  
لَهُ مِنْ أَسْمِهِ لِيَجْلُوهُ \* فَدُو الْعَرْشِ مُحَمَّدٌ وَهَذَا مُحَمَّدٌ<sup>৩২</sup>

‘রবের দেয়া নবুওয়্যাতের আংটি যার জ্বলছে অতি, সাক্ষীটি যার স্বয়ং আল্লাহ, সাক্ষ্য হয়ে হরহামেশা হইছে প্রকাশ, দিনে রাতে পাঁচ পাঁচ বার, দরাজ কণ্ঠে মুয়াজ্জিনের আযানের ধ্বনি “আশহাদু” দিচ্ছে প্রমাণ। স্বয়ং রবের নাম জুড়েছে নামের সাথে, আরশে তিনি মাহমুদ আর এখানে মুহাম্মাদ’।

রাসূলের চারিত্রিক বৈশিষ্ট্য: মুহাম্মাদ সা. হলেন মহান চরিত্রের অধিকারী ও আদর্শের জীবন্ত প্রতীক। জন্মের পর হতেই তার মাঝে বিরাজ করেছিল সর্বোত্তম চরিত্র মাধুরী, সর্বোত্তম আদর্শ। তিনি হলেন মহৎ মানুষ ও সর্বোত্তম প্রতিবেশী। বাল্যকাল থেকেই তার স্বভাব ছিল কলুষতা, কাঠিন্য, কর্কশতা ও অহংকার থেকে মুক্ত। তিনি ছিলেন দয়াশীল, শ্রদ্ধাশীল, সহানুভূতিশীল ও ধৈর্যশীল এবং নিষ্কলুষ ও নির্ভেজাল মহামানব। শৈশব থেকে নবী সা. সত্যবাদী ও ন্যায়নিষ্ঠ ছিলেন। তাই আরবের সকলে মিলে তাঁকে উপাধী দিয়েছিল আল-আমীন।<sup>৩৩</sup> তিনি ছিলেন আরব ও অনারবের মধ্যে শ্রেষ্ঠ ভাষাবিদ। হাসসান কাব্যিক ছন্দে রাসূলের চারিত্রিক বৈশিষ্ট্যকে সুন্দরভাবে তুলে ধরেছেন। আবু সুফিয়ানের নিন্দার জবাবে হাসসান বলেন,

أَلَا أُنَبِّئُ أَبَا سُفْيَانَ عَنِّي \* فَأَنْتَ مُجَوِّفٌ حُبِّ هَوَاهُ  
وَعِنْدَ اللَّهِ فِي ذَاكَ الْجَزَاءُ \* هَجَوْتَ مُحَمَّدًا فَأَجَبْتَ عَنْهُ  
أَتَهْجُوهُ وَلَسْتُ لَهُ بِكَفٍّ \* فَشَرُّكُمْ لِحَرْبِكُمَا الْفِدَاءُ<sup>৩৪</sup>

‘কেউ কি আমার পক্ষ থেকে আবু সুফিয়ানকে জানিয়ে দিবে যে, ‘হে আবু সুফিয়ান ! তুমি একজন কাপুরুষ! কপট ও অন্ত:সার শূন্য। কেননা আমাদের তরবারী তাকে করেছে পুরোপুরি দাস। তাই আজ দাসীদের হাতে আবদুদ-দার গোত্রের নেতৃত্বভার পড়েছে। তুমি মুহাম্মাদ সা.-এর নিন্দা করেছ, আর আমি তার উত্তর দিয়েছি, এর জন্য আল্লাহর কাছে রয়েছে আমার প্রতিদান। তুমি এমন একজন ব্যক্তির কুৎসা রটনা করেছ, যার সমকক্ষ তুমি নও। তোমাদের দুইজন তোমাদের ভালোজনের জন্য উৎসর্গ হোক’। হাসসান ইবন ছাবিত রা. আরো বলেন,

هَجَوْتَ مُبَارَكًا بَرًّا حَنِيفًا \* أَمِينُ اللَّهِ شِمْمَتُهُ الْوَفَاءُ<sup>৩৫</sup>

‘তুমি মুহাম্মাদ সা. এর নিন্দা জ্ঞাপন করেছ, যিনি নেককার, একত্ববাদী, আল্লাহর রাসূল, অঙ্গীকারপূর্ণ করাই যার চারিত্রিক বৈশিষ্ট্য’।

وَأَحْسَنُ مِنْكَ لَمْ تَرَ قَطُّ عَيْنِي \* وَ أَجْمَلُ مِنْكَ لَمْ تَلِدِ الْبَسَاءُ  
خُلِقْتَ مُبَرًّا مِنْ كُلِّ عَيْبٍ \* كَأَنَّكَ قَدْ خُلِقْتَ كَمَا تَشَاءُ<sup>৩৬</sup>

‘আমার চোখ আপনার চেয়ে উত্তম কাউকে কখনো দেখিনি। আর আপনার চেয়ে অধিক সুন্দর ব্যক্তিকে কোনো নারী জন্মদান করেননি। আপনাকে সকল দোষ-ত্রুটি থেকে মুক্ত করে সৃষ্টি করা হয়েছে। আপনি যেভাবে চেয়েছেন ঠিক সেভাবেই আপনাকে সৃষ্টি করা হয়েছে’।

كَانَ الصَّبِيَاءُ وَكَانَ الثَّوَرُ نَتَبَعُهُ \* بُعِدَ إِلَهُهُ وَكَانَ السَّمْعُ وَالْبَصَرُ  
فَلَيْتَنَّا يَوْمَ وَارِوَهُ يَمْلَحِدِهِ \* وَالْقَوْمُ فَوْقَهُ الْمَدْرَا<sup>৩৭</sup>

‘তিনি ছিলেন আলোকবর্তিকা এবং জ্যোতির্ময় মানবের ও চক্ষুস্মান। আল্লাহর পর আমরা শুধুমাত্র তাকেই অনুসরণ-অনুকরণ করি। সেদিনের জন্য আমাদের আফসোস! যেদিন তাঁকে কবরে লুকিয়ে রাখা হয়েছে এবং তাকে অদৃশ্য করে ফেলানো হয়েছে। আর তার উপর মাটি নিষ্ক্ষেপ করা হয়েছে (কবরস্ত করা হয়েছে)।

**অনুসরণীয় অনুপম চরিত্রের অধিকারী:** রাসূল সা. অন্যান্য মানুষের ন্যায় ছিলেন না। রাসূল ছিলেন সকল প্রকার মানবিক গুণে গুণান্বিত এক অসাধারণ ব্যক্তিত্ব। তিনি ছিলেন বিনয়ী ও নিরহংকার চরিত্রের মানুষ। তার চারিত্রিক সনদের সত্যায়ন স্বয়ং আল্লাহ তা’আলা করেছেন। আল্লাহ নিজেই তার রাসূলের প্রশংসায় বলেন, *وَإِنَّكَ لَعَلَى خُلُقٍ عَظِيمٍ*, ‘তুমি অবশ্যই মহান চরিত্রের অধিকারী’<sup>৩৮</sup>

فِينَا الرَّسُولُ وَفِينَا الْحَقُّ نَتَّبَعُهُ \* حَتَّى الْمَمَاتِ وَ نَصْرٌ غَيْرُ مَحْذُودٍ<sup>৩৯</sup>

‘আমাদের মধ্যে রয়েছেন রাসূল সা. এবং মৃত্যু পর্যন্ত অনুসরণের জন্যে আমাদের কাছে সত্য বিদ্যমান রয়েছে’। হাসসান আরো বলেন,

مُتَكْرِمًا يَدْعُو إِلَى رَبِّ الْعَالِي \* بَذَلَ النَّصِيحَةَ رَافِعَ الْأَعْمَادِ  
مِثْلَ الْهَلَالِ مُبَارَكًا ذَا رَحْمَةٍ \* سَمَحَ الْحَلِيقَةَ طَيِّبَ الْأَعْوَادِ<sup>৪০</sup>

‘তিনি সুমহান সম্মানযোগ্য ব্যক্তিত্ব, যিনি মহান প্রতিপালকের দিকে আহবানকারী, উপদেশ প্রদানে আল্লাহর বাণী স্বেচ্ছায় উত্তোলনকারী। তিনি চন্দ্র সদৃশ, কল্যাণময়, দয়ালু, চারিত্রিক বদান্যতা ও মৌলিক পবিত্রতায় বিভূষিত’। কবি আরো বলেন,

تَاللَّهِ مَا حَمَلْتُ أَنْثَى وَلَا وَضَعْتُ \* مِثْلَ الرَّسُولِ نَبِيَّ الْأُمَّةِ الْهَادِي  
وَلَا بَرَأَ اللَّهُ خَلْقًا مِنْ بَرِيَّتِهِ \* أَوْفَى بِذِمَّةٍ جَارٍ أَوْ بِمِيعَادِ  
مِنْ الَّذِي كَانَ فِينَا يُسْتَضَاءُ بِهِ \* مَبَارَكُ الْأَمْرِ ذَا عَدْلٍ وَإِشَادِ  
مُصَدِّقًا لِلنَّبِيِّينَ الْأَوَّلَى سَلَفُوا \* وَأُبْذَلَ النَّاسِ لِلْمَعْرُوفِ لِلْجَادِي  
يَا أَفْضَلَ النَّاسِ إِنِّي كُنْتُ فِي نَهْرٍ \* أَصْبَحْتُ مِنْهُ كَمِثْلِ الْمُفْرَدِ الصَّادِي<sup>৪১</sup>

‘আল্লাহর কসম! কোন নারী করেনি গর্ভধারণ, দেয়নি জন্ম এ উম্মতের নবী, পথ-প্রদর্শক রাসূলের মত কাউকে, যে আমাদের মধ্যকার সেই অপেক্ষা প্রতিবেশীর প্রতি বেশি দায়িত্ববান, অধিক ওয়াদা রক্ষাকারী। তার দ্বারা প্রজ্জ্বলিত করা হত আলো, তার সব কাজ ছিল বরকতময়, তিনি ছিলেন ন্যায়পরায়ণ হিদায়েতকারী। তিনি পূর্ববর্তী সকল নবীকে সত্যায়ন করেন, আর সকল মানুষের প্রতি দয়াশীল। হে শ্রেষ্ঠ মানব! আমি ছিলাম নদীর অথৈ পানিতে, এখন ভাঙ্গায় নিঃসঙ্গ তৃষ্ণায় মরি’।

**রাসূলের তাকওয়া, দানশীলতা ও দয়া:** রাসূল সা. এর অসংখ্য নৈতিক গুণাবলীর মধ্যে অন্যতম হল তাকওয়া, দানশীলতা ও দয়া। রাসূল সা. এর নিকট যতক্ষণ তাঁর কাছে কিছু থাকত, ততক্ষণ তিনি দান করতেন। রমাদান মাসে তা হয়ে যেত প্রবাহমান বায়ুর (كَالْرِيحِ الْمُرْسَلَةِ) মত। রাসূলের নিকট কিছু চাওয়া হলে তিনি না বলতেন না।<sup>৪২</sup>

لَا تَعْدَانِي بَعْدَ الْيَوْمِ دَمْعُكُمَا \* إِنِّي مُصَابٌ وَإِنِّي لَسْتُ بِالسَّالِي  
عَلَى رَسُولٍ لَنَا مُحَضٍّ مَشَارِئُهُ \* سَمَحَ الْحَلِيقَةَ عَفًى غَيْرَ مَجْهَالِ  
عَفًى مَكَاسِبُهُ جَزَلَ مَوَاهِبُهُ \* خَيْرَ الْبَرِيَّةِ سَمَحَ غَيْرَ نَكَالِ<sup>৪৩</sup>

‘আমি যে বিপদগ্রস্থ আমি আমাদের রাসূল এর উপর (স্বেচ্ছায় অশ্রু) প্রবাহকারী নই। যার স্বভাব চরিত্র খাঁটি, যিনি বড়ই দানশীল, অতিশয় পবিত্র, অজ্ঞ ও মূর্খ নন। তাঁর উপার্জন সবই পূতঃপবিত্র। তাঁর দান অচেল, তিনি সকল সৃষ্টির সেরা, দয়ালু, দাতা, শান্তিদাতা নন’। কবি রাসূল সা. এর দানশীলতা, দয়া ও তাকওয়ার বিষয়ে আরো বলেন,

أَغْنَى الرَّسُولُ فَإِنَّ اللَّهَ فَضَّلَهُ \* عَلَى الْبَرِيَّةِ بِالتَّقْوَى وَبِالْجُودِ<sup>৪৪</sup>

‘সকল সৃষ্টির প্রভুর রাসূল সা. কেই আমি বুঝতে চাচ্ছি। তিনি (আল্লাহ) তাঁকে সকল সৃষ্টির ওপর তাকওয়া ও দানশীলতার দ্বারা মর্যাদা দিয়েছেন’। অন্য একটি কবিতায় বলেন,

أَنْتَ النَّبِيُّ وَخَيْرُ عَصَبَةِ آدَمَ \* يَا مَنْ يُجُودُ كَفَيْضِلٍ بَحْرٍ زَاخِرٍ<sup>84</sup>

‘আপনি নবী এবং আদম আ.-এর উত্তম ওয়ারিছ। ওগো সেই মহান সত্তা, যিনি অবিরত দান করেন উদার সমুদ্রের দান করার ন্যায়’। রাসূলের দয়া প্রসঙ্গে কবি বলেন,

عَطُوفٌ عَلَيْهِمْ لَا يُنَيِّ جَنَاحَهُ \* إِلَى كَنْفٍ يَخُونُوا عَلَيْهِمْ وَيَمُهِدُ

‘রাসূলুল্লাহ সা. তাদের প্রতি সহানুভূতিশীল ছিলেন। বিশেষভাবে কারো প্রতি ঝুঁকে পড়েনি বরং সমভাবে সবার প্রতি দয়াপরবশ হন যার ফলে তারা সুখ-স্বাচ্ছন্দ্য দিনাতিপাত করতেন’।

**রাসূলের আমানতদারিতা:** রাসূল সা. তাঁর জাতির কাছে নবুয়্যাত লাভের পূর্ব থেকেই বিশ্বস্ত ও আমানতদার হিসেবে প্রসিদ্ধ ছিলেন। তৎকালীন আরবের অনেক মানুষ তাঁর নিকট পার্থিব সম্পদ গচ্ছিত রাখত। অতঃপর তিনি যথাসময়ে তার প্রকৃত হকদারের নিকট বুঝিয়ে দিতেন। নবুয়্যাত প্রাপ্তের পর তাঁর উপর অর্পিত রিসালাতের আমানত তথা দ্বীনের প্রচার-প্রসার তিনি সঠিকভাবে পালন করেছিলেন। বিদায় হজ্জের সময় উপস্থিত জনতার উদ্দেশ্যে আল্লাহকে সাক্ষ্য রেখে বলেছিলেন, হে আল্লাহ! তুমি সাক্ষী থেক, আমি আমার উপর অর্পিত আমানত আমি পৌঁছে দিয়েছি। তার আমানতের দৃষ্টান্ত হাসানান তার কাব্যমালায় ফুটে তুলেছেন,

وَأَتِ الرَّسُولَ فَقُلْ يَا خَيْرَ مُؤْمِنٍ \* لِلْمُؤْمِنِينَ إِذَا مَا عُذِلَ الْبَشَرُ  
غَلَامٌ تُدْعَى سَلِيمٌ وَهِيَ نَارِخَةُ \* أَمَامَ قَوْمٍ هُمْ أَوْثَا وَهُمْ نَصْرُوا<sup>85</sup>

‘তোমরা রাসূলের নিকটে এস। অতঃপর তাঁকে বল, মানুষকে যখন সমান ধরে হিসাব করা হয় তখন মু’মিনদের জন্য তিনি সর্বোত্তম আমানতদার। সুলাইমান গোত্রকে (গণিমতের সম্পদ দেয়ার জন্য) কেন ডাকা হল? তারা তো যুদ্ধ থেকে দূরে ছিল। অথবর্তী ছিল সেইসব গোত্র যারা তাঁকে জায়গা দিয়েছে এবং সাহায্য করেছে’।

**সত্য, সুন্দর ও কল্যাণের প্রতীক:** ইতিহাস সাক্ষ্য দেয় আল্লাহ মানুষকে সত্য ও ন্যায়ের পথে পরিচালিত করার জন্য যুগে যুগে অসংখ্য নবী-রাসূল পৃথিবীতে প্রেরণ করেছেন। তারা নিজ নিজ জাতি ও গোত্রকে আল্লাহর পথে পরিচালিত করার ও সুন্দর ও কল্যাণের দিক নির্দেশনা দিয়েছেন। মহানবী আগমনের ফলে হক বা সত্যের পথ প্রতিষ্ঠিত হয়েছে।

وَقَالَ اللَّهُ قَدْ أَرْسَلْتُ عَبْدًا \* يَقُولُ الْحَقَّ لَيْسَ بِهِ خِفَاءٌ<sup>86</sup>

‘আর আল্লাহ বলেন যে, আমি তো একজন বান্দাকে রাসূলরূপে প্রেরণ করেছি, যিনি সত্য কথা বলেন, তার মধ্যে গোপনীয় বলতে কিছু নেই’।

شَهِدْتُ بِهِ فَقُومُوا صِدْقُهُ \* فَقُلْتُمْ لَا نَقُومُ وَلَا نَشَاءُ<sup>87</sup>

‘আমি তাঁকে (বান্দা মুহাম্মাদ [সা.]-কে সত্য নবী হিসেবে) সাক্ষ্য দিচ্ছি। সুতরাং তোমরা যাও, সত্যায়ন কর (ঈমান আন)। কিন্তু তোমরা বললে, “আমরা তাঁকে মানি না, চাই না” (ঈমান আনব না)’।

هَجَزْتُ مُبَارَكًا بَرًّا حَنِيفًا \* أَمِينَ اللَّهِ شَيْمُهُ الْوَفَاءُ.

فَمَنْ يَهْجُو رَسُولَ اللَّهِ مِنْكُمْ \* وَيَمْدَحُهُ وَيَنْصُرُهُ سَوَاءٌ

فَإِنْ أَبِي وَوَالِدَهُ وَعِزُّنِي \* لِعِرْضِ مُحَمَّدٍ مِنْكُمْ وَقَاءُ<sup>88</sup>

‘তুমি মুহাম্মাদ সা. এর নিন্দা জ্ঞাপন করেছ, যিনি নেককার, নিষ্ঠাবান (একত্ববাদী), সত্যপরায়ন ও আল্লাহর একান্ত বিশ্বস্ত, যার স্বভাবই হচ্ছে অঙ্গীকারপূরণ। তোমাদের মধ্যে যারা রাসূলের নিন্দা জ্ঞাপন করবে এবং যারা তাঁর প্রশংসা ও তাঁর সাহায্য করবে তারা কি কখনো সমান হতে পারে? নিশ্চয়ই আমার পিতা, তার পিতা (আমার দাদা), আমার সম্মান সব কিছু মুহাম্মাদ সা. এর সম্মানের হিফাজতকারী’।

أَمِيرٌ عَلَيْنَا رَسُولُ الْمَلِيَّةِ \* لَكَ أُخْبِبُ بِذَاكَ إِلَيْنَا أَمِيرًا

رَسُولٌ نَصَدِّقُ مَا جَاءَهُ \* مِنَ الْوَحْيِ كَانَ سِرَاجًا مَنِيرًا<sup>89</sup>

‘আল্লাহর রাসূল সা. আমাদের নেতা। এই কারণে নেতা হিসেবে তুমি তাঁকে ভালোবাস। রাসূল সা. জ্যোতির্ময় আলোকোজ্জ্বল ওহীর মাধ্যমে যা কিছু নিয়ে এসেছেন তা আমরা সত্য বলে বিশ্বাস করি’।

**রাসূল সৌভাগ্যের প্রতীক:** মক্কা থেকে রাসূল যখন মদীনায় হিজরত করলেন তখন মদীনাবাসী নিজেদের সৌভাগ্যবান মনে করেছিল। রাসূলকে অভ্যর্থনা দিয়ে মদীনায় স্বাগত জানিয়েছিল। কবি বলেন,

لَقَدْ نَزَلْتُ مِنْهُ عَلَى أَهْلِ يَثْرِبٍ \* رَكَابٌ هُدًى خَلَّتْ عَلَيْهِمْ بِأَسْعَدِ  
نَبِيِّ يَرَى مَا لَا يَرَى النَّاسُ حَوْلَهُ \* وَيَتْلُو كِتَابَ اللَّهِ فِي كُلِّ مَسْجِدٍ<sup>৫১</sup>

‘হেদায়েতের উষ্ট্র বাহন (রাসূল) মদিনবাসীদের উপরে যখন অবতীর্ণ হলেন তখন সৌভাগ্য তাদের উপর আগমন করল। নবী তার চারপাশে যা দেখতে পেতেন সাধারণ মানুষ তা দেখতে পেতেনা এবং প্রত্যেক মসজিদে তিনি আল্লাহর কিতাব তিলাওয়াত করতেন’। কবি অত্যন্ত নিখুতভাবে কাব্যিক ছন্দে আরো বলেন,

وَكُنَّا مُلُوكَ النَّاسِ قَبْلَ مُحَمَّدٍ \* فَلَمَّا أَتَى الْإِسْلَامَ كَانَ لَنَا الْفَضْلُ  
وَأَكْرَمَنَا اللَّهُ الَّذِي لَيْسَ غَيْرُهُ \* إِلَهَ بِأَيَّامٍ مَضَتْ مَا لَنَا شَكْلُ<sup>৫২</sup>

‘মুহাম্মাদ সা. এর পূর্বেও আমরা মানুষের শাসক ছিলাম। অতপর আমাদের নিকট যখন ইসলাম আগমন করল, তখন তাঁর (রাসূল) কারণে আমরা মর্যাদা পেলাম। আল্লাহ যার কোন অংশীদার নেই এবং পূর্বেও যার কোন সাদৃশ্য ছিলনা, তিনি আমাদের (ইসলামের কারণে) সম্মান দান করেছেন’।

পৃথিবী আলোকিতকারী ব্যক্তি মুহাম্মাদ সা.: রাসূল আগমনের কারণে তৎকালীন আরবের জাহেলিয়াত (অন্ধকার) আলোয় আলোকিত হয়েছিল। তার দেখানো পথই সঠিক পথ। হাসসান তার কবিতার মাধ্যমে সেটি সুন্দরভাবে ফুটে তুলেছেন। কবি বলেন,

يَا بَكْرَ آمَنَةِ الْمُبَارَكِ بِكُرْهَا \* وَلَدْنَهُ مُحْصَنَةً بِسَعْدِ الْأَسْعَدِ  
نُورًا أَضَاءَ عَلَى الْبَرِيَّةِ كُلِّهَا \* مَنْ يُهْدِ لِلنُّورِ الْمُبَارَكِ يَهْتَدِ<sup>৫৩</sup>

‘হে! আমিনার দুলাল। তাঁর ছোট দুলালটি অতি বরকতময়, তিনি জন্মগ্রহণ করেছেন সৌভাগ্যবান হয়ে সতী নারীর উদরে। তিনি আলোকিত করেছেন পূর্ণ বসুন্ধরা, যে তাঁর আনীত হিদায়েতের অনুসরণ করবে, সে সঠিক পথপ্রাপ্ত হবে’।

সতর্ককারী ও সুসংবাদ দাতা: রাসূল হলেন সতর্ককারী ও সুসংবাদ দাতা। যা পবিত্র কুরআনের একাধিক আয়াতের মাধ্যমে পাওয়া যায়। আল্লাহ বলেন, হে নবী! আমি আপনাকে পাঠিয়েছি সাক্ষীরূপে এবং সুসংবাদদাতা ও সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে।<sup>৫৪</sup> হাসসান তার কাব্যিক ভাষায় বলেন,

وَأَنْذَرْنَا نَارًا وَبَشَّرَ جَنَّةً \* وَعَلَّمَنَا الْإِسْلَامَ فَاللَّهُ تَحْمَدُ  
وَأَنْتَ إِلَهَ الْخَلْقِ رَبِّي وَخَالِقِي \* بِذَلِكَ مَا عَمَّرْتُ فِي النَّاسِ أَشْهُدُ<sup>৫৫</sup>

‘তিনি আমাদের জাহান্নামের আগুনের ব্যাপারে ভীতি প্রদর্শন করেন এবং জান্নাতের সুসংবাদ দেন। আর আমাদেরকে ইসলাম শিক্ষা দেন। সুতরাং প্রশংসা কেবলমাত্র আল্লাহ তা’আলা জন্য। (হে আল্লাহ!) তুমি সমস্ত সৃষ্টির ইলাহ! তুমি আমার প্রতিপালক ও স্রষ্টা। যতদিন আমি মানুষের মাঝে বেঁচে থাকবো যেন এ সাক্ষ্যই দিয়ে যেতে পারি’।

পূর্ববর্তী রাসূল ও নবীদের সত্যায়নকারী: ইসলামের মহাকবি ও মহানবীর সভাকবি হাসসান ইব্ন ছাবিত রা. রাসূলে সা. এর শ্রেষ্ঠত্ব নিয়ে কাব্যিক ছন্দে চমৎকার অভিব্যক্তি পেশ করেছেন। হাসসান বলেন,

عَيْنُ جُودِي بِذِمِّكَ أَسْبَابُ \* وَلَا تَمَلِّ مِنْ سَخِّ وَإِعْوَالِ  
لَا تَعِدَانِي بَعْدَ الْيَوْمِ دَمْعُكُمْ \* إِنِّي مُصَابٌ وَإِنِّي لَكَسْتُ بِالسَّالِي  
عَلَى رَسُولٍ لَنَا عَحْضٌ مَشَارِبُهُ \* سَمَحَ الْخَلِيقَةَ عَفًى غَيْرَ مَجْهَالِ  
عَفًى مَكَاسِبُهُ جَزَلَ مَوَاهِبُهُ \* خَيْرَ الْبَرِيَّةِ سَمَحَ غَيْرَ نَكَالِ<sup>৫৬</sup>

‘হে নয়ন! তুমি তোমার অশ্রু প্রবাহিত কর অকুপণ ভাবে এবং তুমি কখনো অতিরিক্ত প্রবাহের কারণে ক্লান্ত হয়োনা। আজকের পর থেকে তোমার অশ্রু যেন আমার জন্য কখনো নিঃশেষ হয়ে না যায়। কেননা আমি যে বিপদগ্রস্ত, আমি আমাদের রাসূল সা. এর উপর স্বেচ্ছায় অশ্রু প্রবাহকারী নই। (আমি এমন ব্যক্তির জন্য কাঁদছি) যার স্বভাব-চরিত্র অত্যন্ত স্বচ্ছ বা খাঁটি, যিনি দানশীল, অতিশয় পবিত্র, যিনি অজ্ঞ ও মূর্থ নন। তাঁর উপার্জন সবই পবিত্র ও পরিচ্ছন্ন। তাঁর দান অচেল, তিনি সকল সৃষ্টির সেরা, তিরি অতীব দয়ালু-দাতা, শান্তিদাতা নন। আল্লাহর শ্রেষ্ঠ সৃষ্টি তিনি। কবি অতি মার্জিত ভাষায় রাসূলের প্রশংসা করে’ হাসসান বলেন,

لَيْتَ مَا فِي جَمِيعِ النَّاسِ مُجْتَهِدًا \* مِثْلَ الرَّسُولِ نَبِيِّ الْأُمَّةِ الْهَادِي  
لِللَّهِ مَا حَمَلْتُ أَنْثَى وَلَا وَضَعْتُ \* مِثْلَ الرَّسُولِ نَبِيِّ الْأُمَّةِ الْهَادِي

وَلَا يَرَا اللَّهَ خَلْقًا مِنْ بَرِيَّتِهِ \* أَوْفَى بِذِمَّتِهِ جَارٍ أَوْ بِمِيعَادِ  
مَنْ الَّذِي كَانَ فِينَا يُسْتَضَاءُ بِهِ \* مُبَارَكُ الْأَمْرِ ذَا عَدْلٍ وَإِرْشَادِ  
مُصَدِّقًا لِلنَّبِيِّينَ الْأَوَّلَى سَلَفُوا \* وَ أُنْذِلَ النَّاسُ لِلْمَعْرُوفِ لِلْجَارِي<sup>৭৭</sup>

‘আল্লাহর কসম! কোন নারী গর্ভধারণ করেনি এবং প্রসব করেনি রাসূলের মত কোন ব্যক্তিকে, যিনি উম্মতের পথ প্রদর্শনকারী নবী। আর আল্লাহ তা‘আলা তাঁর অসংখ্য সৃষ্টির মধ্য থেকে তাঁর (নবী) মত কাউকে সৃষ্টি করেননি। যিরি প্রতিবেশীর জিম্মাদারীতে ও প্রতিশ্রুতি পূরণে পরিপূর্ণ। রাসূল সা. এমন ব্যক্তিত্ব সম্পন্ন নবী যার মাধ্যমে পথ নির্দেশনা, ন্যায়পরায়ণতা এবং কল্যাণময় কাজের আলোকোচ্ছটা বিকশিত হয়। যিনি পূর্ববর্তী নবীদের ব্যাপারে এবং দানবীর, কল্যাণময় ও ত্যাগী মানুষদের ব্যাপারে সত্যায়নকারী’।

রাসূল সা. এর বাহনের বর্ণনা: আরবী কাব্য সাহিত্যে বাহনের বর্ণনার মাধ্যমে স্তুতি রচনা করা একটি প্রাচীন রীতি। হাসসান ইবন ছাবিতও বাহনের বর্ণনার মাধ্যমে রাসূলের স্তুতি বর্ণনা করেছেন। মক্কা বিজয়ের প্রাক্কালে হাসসান কাবিতা রচনা করেন। কবি বলেন,

تَطَلُّ جِبَادُنَا مَتَمَطَّرَاتٍ \* ثُلَاطُمُهُنَّ بِالْحُمْرِ النَّسَاءِ  
فَإِمَّا تُعْرِضُونَا عَنَّا اعْتَمَرْنَا \* وَكَانَ الْفَتْحُ وَأُنْكَشَفَ الْبُعَاءُ  
وَالْأَفَاصِرُوا جِلَادِ يَوْمٍ \* يُعِزُّ اللَّهُ فِيهِ مَنْ يَشَاءُ<sup>৭৮</sup>

‘আমাদের উত্তম উর্ধ্বগামী ঘোড়াগুলো অত্যন্ত যুগের সাথে লালিত হয়। সেগুলির মুখমন্ডলে মহিলাগণ ওড়না দিয়ে আঘাত করে থাকে (কোনো প্রকার কষ্ট তারা পায় না)। তাই তোমরা আমাদের রাস্তা থেকে সরে দাঁড়াও। আমরা উমরা পালন করব, বিজয় হবে এবং কা‘বার পর্দা উঠে যাবে। নতুবা তোমরা ধৈর্য ধারণ করে অপেক্ষা কর সেই লড়াইয়ের দিনের, যেদিন আল্লাহ যাকে ইচ্ছা সম্মান দান করবেন’।

غَدَاةً أَتَاهُمْ يَهُوِي إِلَيْهِمْ \* رَسُولُ اللَّهِ كَالْقَمَرِ الْمُنِيرِ  
لَهُ خَيْلٌ مُجَنَّبَةٌ تَعَادِي \* بِفُرْسَانٍ عَلَيْهَا كَالصُّفُورِ<sup>৭৯</sup>

‘তিনি আরো বলেন-উজ্জ্বল চন্দের ন্যায় আল্লাহর রাসূল সা. অতি প্রত্যুষে তাদের কাছে আগমন করলেন। তাঁর (রাসূল) ছিল তেজ্যোদিগু ঘোড়া। যার ফলশ্রুতিতে বাজপাখির ন্যায় দ্রুতগতিতে তাদের মাঝে তিনি অবতরণ করলেন’।

রাসূলের বীরত্ব ও সাহসিকতা: রাসূল সা. ছিলেন সর্বযুগের সর্বকালের সর্বশ্রেষ্ঠ বীর পুরুষ। যুদ্ধের ময়দান সম্মুখ সমরে কোন না কোন ক্ষেত্রে বিখ্যাত বীর পুরুষদেরও পলায়নপরতা পরিলক্ষিত হলেও রাসূলের ক্ষেত্রে এটি কখনই ঘটেনি। কবি হাসসান ইবন ছাবিত রাসূল সা. এর বীরত্ব ও সাহসিকতা ও শক্তিমত্তা প্রভৃতির প্রশংসা করে অসংখ্য কবিতা রচনা করেছেন। যেমন,

مُسْتَشْعِرِي خَلْقِ الْمَاذِي يُقَدِّمُهُمْ \* جَلَدَ النَّجِيزَةَ مَاضٍ غَيْرُ غَدِيدٍ<sup>৮০</sup>

‘তিনি (মুহাম্মাদ সা.) লৌহবর্ম পরিধান কারী। তাদের ওপর তিনি বীরত্ব প্রদর্শন করেন। সাধারণত চামড়া বা শরীর নিয়ে তিনি চলাফেরা ও অতিক্রম করেন; তিনি কাপুরুষ নন’। কবি আরো বলেন,

مَاضٍ عَلَى الْهَوْلِ رَكَّابٌ لِمَا قَطَعُوا \* إِذَا الْكُمَاةُ تَحَامَوْا فِي الصَّنَادِيدِ<sup>৮১</sup>

‘তারা যতটুকু চলছে সে পথ তিনি ভয় ও ত্রাসের ওপর দিয়ে সওয়ার অবস্থায় অতিক্রম করেন, যখন অজ্ঞ লোকেরা বীর যোদ্ধাদের থেকে বিরত থাকে’। মক্কা বিজয়ের দিন মুসলমানদের বীরত্ব, সাহসিকতা, বিজয় এবং আল্লাহ তা‘আলা ও তাঁর রাসূল সম্পর্কে গর্ব করে হাসসান বলেন,

وَجَبْرِيلُ رَسُولُ اللَّهِ فِينَا \* وَرُوحُ الْقُدْسِ لَيْسَ لَهُ كِفَاءُ  
وَقَالَ اللَّهُ قَدْ أَرْسَلْتُ عَبْدًا \* يَقُولُ الْحَقُّ إِنَّ نَفْعَ الْبَلَاءِ  
شَهِدْتُ بِهِ فَقُومُوا صِدْقُهُ \* فَقُلْتُمْ لَا تَقُومُ وَلَا نَشَاءُ<sup>৮২</sup>

‘আমাদের মধ্যে রয়েছেন আল্লাহর দূত জিবরীল আ.। রুহুল কুদুস (জিবরীল) এর সমকক্ষ আর কেউ হতে পারে না। আল্লাহ বলেছেন: আমি আমার বান্দাকে রাসূল হিসেবে পাঠিয়েছি। তিনি সত্য বলবেন। যদি আমরা পরীক্ষায় উত্তীর্ণ হই, (তবেই মুক্তি)। আমি তাঁর সত্যতার সাক্ষ্য দিয়েছি। সুতরাং তোমরা দাঁড়িয়ে তাঁর সত্যতার সাক্ষ্য দাও, কিন্তু তোমরা বললে : না, আমরা তা করবো না এবং আমরা তা চাইও না’।

সামাজিক ও ধর্মীয় সংস্কারক মুহাম্মাদ সা.: রাসূল সা. ছিলেন একজন মহান সংস্কারক। প্রাক ইসলামী যুগে আরবের সামাজিক অবস্থা ছিল অত্যন্ত শোচনীয়। গোত্র কলহ, যুদ্ধ-বিগ্রহ, সামাজিক বিশৃঙ্খলার নৈরাজ্যপূর্ণ অবস্থার মধ্যে নিপতিত ছিল গোটা আরব সমাজ। সামাজিক সাম্য, শৃঙ্খলা, ভদ্রতা, সৌজন্যবোধ, নারীর মর্যাদা ইত্যাদির কোনো অস্তিত্বই ছিল না। সুদ, ঘুষ, মদ, জুয়া, হত্যা, লুণ্ঠন, ব্যভিচার, পাপাচার, অন্যায়-অত্যাচারে গোটা সমাজকাঠামো প্রায় ধসে পড়েছিল। তিনি আগমন করে আরবের বুকে বৈপ্লবিক সংস্কার সাধন করে বিশ্বের ইতিহাসে অতুলনীয় দৃষ্টান্ত স্থাপন করেন। রাসূল সা. সমাজে শান্তি প্রতিষ্ঠার জন্যে পূর্বের বলবৎ 'জোর যার মুল্লুক তার' নীতি পরিহার করার জন্য সাম্য ও ভ্রাতৃত্বভিত্তিক উন্নত ও আদর্শ সমাজ গঠনে পদক্ষেপ গ্রহণ করেন। তিনি যাকাত ব্যবস্থা চালু ও বিচার ব্যবস্থায় সাম্যতা বিধান জারি করেন। আরবের তৎকালীন সময়ের সামাজিক অবক্ষয়ের কথা হাসসান কাব্যিক ছন্দমালায় বলেন,

هَذَاهُمْ بِهِ يَغْدُ الضَّلَالَةَ رِيَّهُمْ \* وَأَرْشَدَهُمْ مَنْ يَتَّبِعَ الْحَقَّ يُرْشِدِ  
وَهَلْ يَسْتَوِي ضَلَالٌ قَوْمٌ تَسْفَهُوا \* عَنَى وَهَذَا يَهْتَدُونَ بِهُنَّيْ

‘পথভ্রষ্টের পরে তাদের প্রতিপালক তাদেরকে (নবীর মাধ্যমে) হেদায়েত করলেন এবং তাদের সঠিক পথ দেখালেন। যে সত্যের অনুসরণ করে সে সঠিক পথ পায়। অন্ধ, মূর্খ, বর্বর, পথভ্রষ্ট সম্প্রদায় এবং হেদায়েতের উপর প্রতিষ্ঠিত সৎপথের পন্থীরা কি সমান হতে পারে’ ?

আরবের তৎকালীন ধর্মীয় অবস্থা পর্যালোচনা করলে দেখা যায় যে, বিশ্বনবী আগমনের পূর্বে তারা ছিল মূর্তিপূজা ও সৌরপূজায় লিপ্ত। ব্যক্তি পূজা, প্রকৃতি পূজা, জড় পূজা এবং নিজের কল্পিত দেব-দেবীর পূজার তাগবলীলায় সর্বত্র মানবতা চির উন্নত শির নত হচ্ছিল তুচ্ছ জিনিসের পদমূলে। ইয়াহুদী ও খ্রিষ্টানদেরও ছিলনা শ্রুতি ও নিয়ন্তা সম্পর্কে সঠিক ধারণা। রাসূলের উপর কুরআন নাযিল করে কুরআনের সুসলিল শ্বাশত বাণীর মাধ্যমে উদাত্ত কঠোর তৌহিদী ঘোষণা সকল ভ্রান্ত বিশ্বাসের ভিত্তিমূলকে প্রকম্পিত করে তুলল। হাসসান বলেন,

فَلَمَّا أَتَانَا رَسُولُ الْمَلِي \* لِكَ بِالْثَوْرِ وَالْحَقِّ يَغْدُ الظُّلْمُ  
رَكْنَا إِلَيْهِ وَلَمْ نَعْصِهِ \* غَدَاةً أَتَانَا مِنْ أَرْضِ الْحَرَمِ<sup>১৪</sup>

‘আল্লাহর রাসূল সা. যখন জ্যোতি (ইসলাম) নিয়ে এবং অন্ধকারের মধ্যে সত্য (কুরআন) নিয়ে আগমন করলেন। আমরা তাঁর দিকে বুকে পড়লাম ইসলামে প্রবিষ্ট হলাম। আর আমরা তাঁর অবাধ্যও হইনি বরং নিষিদ্ধ ভূমি থেকে অতিপ্রতুষে তাঁর দিকে আগমন করলাম’।

#### উপসংহার

প্রবন্ধের বর্ণনা থেকে যে গবেষণালব্ধ ফল উপলব্ধি হয় তাহলো :

নবীপ্রেম ও ইসলামী মূল্যবোধের কাব্যিক প্রতিফলন: হাসসান ইবনে ছাবিত রা. তাঁর কবিতায় নবী মুহাম্মদ সা.-এর চরিত্র, নৈতিকতা, দয়া, এবং মানবিক গুণাবলিকে গভীর শ্রদ্ধা ও ভালোবাসার সাথে উপস্থাপন করেছেন। তাঁর কবিতা নবীর প্রশস্তি তথা আল-মাদিহুর রাসূল ধারার ভিত্তি স্থাপন করে।

কবিতাকে প্রতিরোধের মাধ্যম হিসেবে ব্যবহার: জাহেলি যুগের বিদ্রোহমূলক কবিতার মোকাবিলায় নবী সা.-এর নির্দেশে হাসসান কবিতাকে অস্ত্র হিসেবে ব্যবহার করেন। তাঁর কবিতা ইসলামের শত্রুদের কবিতার জবাব দেয় এবং ইসলামী আদর্শ রক্ষার এক অনন্য সাংস্কৃতিক সংগ্রাম গড়ে তোলে।

সাহিত্যিক ও নান্দনিক উৎকর্ষ: হাসসানের কবিতায় কাব্যিক ছন্দ, উপমা, অলঙ্কার, এবং চিত্রকল্প ব্যবহারে উচ্চমানের নান্দনিকতা প্রকাশ পেয়েছে। তাঁর কবিতা শুধু ধর্মীয় নয়, সাহিত্যিক দিক থেকেও আরবি কাব্যের এক গুরুত্বপূর্ণ মাইলফলক।

#### ঐতিহাসিক ও সামাজিক তাৎপর্য

হাসসান ইবনে ছাবিতের কবিতা নবী যুগের সামাজিক প্রেক্ষাপটে মুসলমানদের মনোবল বৃদ্ধি এবং ঐক্যের বার্তা বহন করেছে। তাঁর কাব্য নবীপ্রেমকে সামাজিক চেতনায় রূপান্তরিত করে, যা ইসলামী সংস্কৃতির একটি স্থায়ী ঐতিহ্য হয়ে ওঠে।

#### উত্তর-প্রজন্মের ওপর প্রভাব

তাঁর রচিত মাদিহুর রাসূল কাব্যধারা পরবর্তীকালে আরবী, ফার্সি ও উর্দু সাহিত্যে নবীপ্রেমমূলক কবিতার প্রেরণা হয়ে ওঠে। পরবর্তী কবিরা তাঁর অনুকরণে নবীপ্রেম, আধ্যাত্মিকতা ও নৈতিকতার খিমে কবিতা রচনা করেছেন।

পরিশেষে বলা যায় যে, রাসূল সা. হলেন পৃথিবীর সবচেয়ে সম্মানিত ব্যক্তি। তার আদর্শ জীবনের বৃহত্তর থেকে বৃহত্তর এবং ক্ষুদ্রতর থেকে ক্ষুদ্রতর পরিলক্ষিত হয়। তিনি ছিলেন মানবতার পুনরুদ্ধারকারী, করুণার আধার, ধৈর্যের প্রতীক, ন্যায়পরায়ন, সুবিচারক, অভিজ্ঞ সেনাপতি, সফল রাষ্ট্রনায়ক, অনলবর্ষী বাগ্মী, মানব প্রেমিক, কঠোর পরিশ্রমী, অতীব নম্র এককথায় পারিবারিক, সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক সকল সমস্যার সৃষ্ট ও সুন্দর সমাধান তার আদর্শ ও বাণীর মধ্যে বিদ্যমান ছিল ও আছে। তার আদর্শ হল সার্বজনীন ও চিরন্তন। রাসূলে জন্ম থেকে শুরু করে তার কর্মময় বর্ণাঢ্য জীবনের নানাদিক অবলম্বন করে হাসসান ইবন ছাবিত রা. অসংখ্য রাসূল প্রশস্তি রচনা করেছেন। তিনি তার কবিতায় রাসূলের গুণগান ও বরকতময় জীবনের নানা ঘটনাপ্রবাহ বর্ণনা করেছেন। তার অতুলনীয় কর্মের দ্বারা তিনি রাসূল প্রশস্তিমূলক কবিতার পথ প্রদর্শক হিসেবে অমর হয়ে রয়েছেন। খ্যাতি অর্জন করেছেন রাসূলের কবি হিসেবে। প্রবন্ধের আলোকে এ কথা প্রতীয়মান হয় যে, হাসসান ইবন ছাবিত রা. এর কাব্যে রাসূল প্রশস্তি সাহিত্যের সকল মান সঠিকভাবে প্রতিফলিত হয়েছে।

#### তথ্যনির্দেশ

- <sup>১</sup> ড. মোহাম্মদ ইসমাইল চৌধুরী, *প্রাচীন আরবি কবিতা: ইতিহাস ও সংকলন* (বাংলাদেশ: আহমদিয়া প্রিন্টিং প্রেস, ২য় সংস্করণ, ২০১৯ খ্রি.), পৃ. ৪৩৯।
- <sup>২</sup> ইবন হাজার আল-আসকালানী, *আল ইসাবাহ ফী তাময়ীযিস সাহাবাহ*, ১ম খণ্ড (বৈরুত: দারুল ফিকর, ১৯৫৮ খ্রি.), পৃ. ৩২৭। মুক্তাদা হাসান আযহারী, *আরবী সাহিত্যের ইতিহাস*, ২য় খণ্ড, অনুবাদ: ড. মুহাম্মাদ মুজীবুর রহমান (রাজশাহী: মুহাম্মাদী প্রকাশনী সংস্থা, জুন '৯৬), পৃ. ৫১।
- <sup>৩</sup> মুক্তাদা হাসান আযহারী, *আরবী সাহিত্যের ইতিহাস*, ২য় খণ্ড, অনুবাদ: ড. মুহাম্মাদ মুজীবুর রহমান (রাজশাহী: মুহাম্মাদী প্রকাশনী সংস্থা, জুন '৯৬), পৃ. ৫১।
- <sup>৪</sup> ইবনুল আছির, *উসদুল গাবাহ ফী মা'রিফতিস সাহাবাহ*, ২য় খণ্ড (বৈরুত: দারুল ইহইয়াউত তুরাসীল 'আরাবী, তাবি), পৃ. ৪।
- <sup>৫</sup> ইবন সল্লাম আল-জুহামী, *তাবাকাতুশ শ'য়ারা* (বৈরুত: দারুল কুতুব আল ইসলামিয়াহ, ১৯৮০ খ্রি.), পৃ. ৮৪।
- <sup>৬</sup> আব্দুল্লাহ ইবনু আবদিল বাররি-আল-ইসতী'আব ফী মা'রিফতিল আসহাব (জর্ডান: দারুল আ'লাম, ১ম সংস্করণ, ২০০২ খ্রি.), পৃ. ১৬৫।
- <sup>৭</sup> ড. উমর ফাররুখ, *তারীখুল আদাবিল 'আরাবী*, ১ম খণ্ড (বৈরুত: দারুল ইলম লিল মালয়িন, ১৯৬৯ খ্রি.), পৃ. ৩২।
- <sup>৮</sup> মুহাম্মাদ আত তুলাজি, *আল মুজামুল মুফাসসাল*, ২য় খণ্ড (বৈরুত: দারুল কুতুব আল ইসলামিয়াহ, ১৯৯৯ খ্রি.), পৃ. ১১৫।
- <sup>৯</sup> শামসুদ্দীন মুহাম্মাদ আয-যাহাবী, *সীয়ারু আ'লামিন নুবালা*, ২য় খণ্ড (বৈরুত: মুআসসাতুল আর রিসালাহ, ১৯৯০ খ্রি.), পৃ. ৫২২; *আশ-শি'র ওয়াশ-শ'য়ারা*, পৃ. ১৩৯।
- <sup>১০</sup> আহমাদ হাসান আয-যাইয়্যাত, *তারীখুল আদাবিল আরাবী* (বৈরুত: দারুল মা'আরিফাহ, ৫ম সংস্করণ, ১৯৯৫ খ্রি.), পৃ. ২৮।
- <sup>১১</sup> আহমাদ আশ-শায়িব, *উসুল নাকদিল 'আদাবী* (কায়রো : আল-মাকতাবাতুন নাহযাহ আল-মিসরিয়াহ, ১৯৯১), পৃ. ৩০৭।
- <sup>১২</sup> Words worth, *Preface to lyrical Ballads in Norton Anthology of English literature*, Vol-II, (New York : Norton, 1962), P. 83.
- <sup>১৩</sup> মাওলানা আব্দুল হাফীয বলয়াবী, *মিসবাছুল লুগাত* (দিল্লী : মাকতাবাদি বুরহান, তাবি), পৃ. ১০।
- <sup>১৪</sup> ড. যাকি মুবারক, *আল মাদায়িছন নাবুবিয়াহ* (বৈরুত: মাকতাবাতুল আসাবিয়াহ, ১৯৩৫ খ্রি.), পৃ. ১৭।
- <sup>১৫</sup> অধ্যাপক আবদা মাহিনা, *দীওয়ান হাসসান ইবন ছাবিত* (বৈরুত: দারুল কুতুবিল ইসমিয়া, ২য় সং, ১৯৯৪ খ্রি.), পৃ. ৫৪।
- <sup>১৬</sup> বুখারী হা: ৪৫৫৩।
- <sup>১৭</sup> আব্বাস সফিউর রহমান মোবারকপুরী, *আর-রাহীকুল মাখতূম* (বাংলাদেশ : তাওহীদ পাবলিকেশন্স, বিশেষ সংস্করণ ২০২০ খ্রি.), পৃ. ৮১।
- <sup>১৮</sup> আব্দুর রহমান আল বারকুকী, *শারহ দীওয়ান হাসসান ইবন ছাবিত আল-আনসারী* (লেবানন: দার আল-কুতুব আল আরাবী, ১৪১০ হি./১৯৯০ খ্রি.), পৃ. ২১২-২১৪।
- <sup>১৯</sup> *দীওয়ান হাসসান ইবন ছাবিত*, প্রাপ্ত: পৃ. ২২৭।
- <sup>২০</sup> বুখারী হা: ৩৫৪৭; মুসলিম হা/২৩৪০
- <sup>২১</sup> *তিরমিযী হা/৩৬৩৭*
- <sup>২২</sup> মাসুদ শরীফ, *স্মাট প্যারেটিং উইথ মুহাম্মাদ সা.* (ঢাকা: গার্ডিয়ান পাবলিকেশন্স, ২০২০ খ্রি.), পৃ. ১৩।
- <sup>২৩</sup> মুসলিম, হা: ২৩৪৪।
- <sup>২৪</sup> বুখারী, হা: ৩৫৫৬
- <sup>২৫</sup> *তিরমিযী*, হা: ২১৩৩
- <sup>২৬</sup> *দীওয়ান হাসসান ইবন ছাবিত*, পৃ. ৬৭।
- <sup>২৭</sup> *তিরমিজী হা: ২৮১১।*
- <sup>২৮</sup> *দীওয়ান হাসসান ইবন ছাবিত*, প্রাপ্ত: পৃ. ১৩৪।
- <sup>২৯</sup> প্রাপ্ত, পৃ. ৫৫-৫৬।
- <sup>৩০</sup> প্রাপ্ত, পৃ. ১৮৯।
- <sup>৩১</sup> *সূরা নাহল: ৩৬।*
- <sup>৩২</sup> *দীওয়ান হাসসান ইবন ছাবিত*, প্রাপ্ত: পৃ. ৫৪।
- <sup>৩৩</sup> আবুল ফজল আল-ইরাকি, *আলফিয়াতুস সিরাতিন নববিয়াহ*, প্রথম খণ্ড (প্রকাশনী নাম বিহীন, ২০০৫ খ্রি.), পৃ. ৩।
- <sup>৩৪</sup> *দীওয়ান হাসসান ইবন ছাবিত*, পৃ. ২০।
- <sup>৩৫</sup> *তদেব।*
- <sup>৩৬</sup> প্রাপ্ত, পৃ. ২১।

- 
- ৩৭ প্রাগুক্ত, পৃ. ১০২।
- ৩৮ সূরা ক্বলাম: ৪।
- ৩৯ দীওয়ানু হাসসান ইবন ছাবিত, প্রাগুক্ত: পৃ.৫৫।
- ৪০ প্রাগুক্ত, পৃ. ৫৬।
- ৪১ প্রাগুক্ত, পৃ. ৬৬।
- ৪২ মুসলিম, হা: ২৩১১।
- ৪৩ আব্দুল্লাহ ইবন হামিদ আল-হামিদ, শি'রুদ দা'ওয়াতিল ইসলামিয়াহ (রিয়াদ: দারুল ইসলাম লিঙ্ক ছাকাফাতি ওয়ান নাছরি ওয়াল ই'লাম, ১৯৮৫ খ্রি.), পৃ. ৩৯৫।
- ৪৪ ইবনু কাছির, আল বিদায়া ওয়ান নিহায়া (মিসর: দারুল ফিকরিল আরাবী, ১৪১৬ হি./১৯৩৩ খ্রি.), ১ম সং, ৩য় খণ্ড, পৃ. ৩৩৬।
- ৪৫ আব্দুর রহমান বারকুকী, প্রাগুক্ত, পৃ. ১৩৩।
- ৪৬ প্রাগুক্ত, পৃ. ১২০।
- ৪৭ ড. আব্দুল জলিল, কবি ও কবিতা সম্পর্কে রাসূল (সা.) ও সাহাবীদের মনোভাব (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, ২০১৬ খ্রি.), পৃ. ৩৫।
- ৪৮ দীওয়ানু হাসসান ইবন ছাবিত, পৃ. ২০।
- ৪৯ প্রাগুক্ত।
- ৫০ প্রাগুক্ত, পৃ. ১২৮।
- ৫১ প্রাগুক্ত, পৃ. ৬০।
- ৫২ প্রাগুক্ত, পৃ. ১৯৩।
- ৫৩ প্রাগুক্ত, পৃ. ৬৫।
- ৫৪ সূরা আহযাব: ৪৫।
- ৫৫ দীওয়ানু হাসসান ইবন ছাবিত, পৃ. ৫৪।
- ৫৬ আব্দুল্লাহ আল হামিদ, আল-হামিদ, আশ শি'র আদ- দা'ওয়াহ আল-ইসলামিয়াহ (রিয়াদ: দারুল ইসলাম লিঙ্ক ছাকাফাতি ওয়ান নাছরি ওয়াল ই'লাম, ১৯৮৫ খ্রি.), পৃ. ৩৯৫।
- ৫৭ দীওয়ানু হাসসান ইবন ছাবিত, পৃ. ৫৪।
- ৫৮ প্রাগুক্ত, পৃ. ১৯।
- ৫৯ প্রাগুক্ত, পৃ. ১৩৪।
- ৬০ প্রাগুক্ত, পৃ. ৫৫।
- ৬১ তদেব।
- ৬২ প্রাগুক্ত, পৃ. ২০।
- ৬৩ প্রাগুক্ত, পৃ. ৬০।
- ৬৪ প্রাগুক্ত, পৃ. ২২১।



## হাদীস শাস্ত্রে আল-ইসনাদের গুরুত্ব: একটি পর্যালোচনা [The Importance of Al-Isnad in Hadith: An Overview]

Dr. Muhammad Mahbubur Rahman

Professor, Department of Islamic Studies, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

### ARTICLE INFORMATION

The Faculty Journal of Arts

Rajshahi University

Volume 39, June 2025

ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A10>

Received : 25 February 2025

Received in revised: 26 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

Keywords:

Al-Hadith, Al-Isnad, Importance.

### ABSTRACT

The chain of transmission of the Hadith to its narrator, along with the systematic arrangement of the narrators, is called *Isnad*. It is a fundamental aspect of Hadith literature. Scholars have divided *Isnad* into several types—among them *Mutasil*, *Munqati*, *Isnadul Ali*, and *Isnadul Nazl* are notable. Additionally, various forms of *Isnad* have been identified. *Isnad* is a distinctive feature of the Ummah of Prophet Muhammad (peace be upon him). The Ummahs of other prophets and messengers could not preserve and transmit the words and messages of their prophet through a reliable chain of narrators. There is no other way to verify or distinguish between authentic and fabricated Hadith except through the chain of *Isnad*. Therefore, *Isnad* plays a vital role in determining the authenticity of Hadith. Its importance is equivalent to that of the foundation of a house or the soul in a human body. A Hadith without *Isnad* has no value or permanence.

### ১. ভূমিকা

ইসলামের মূল উৎস হলো আল-কুরআন ও রাসূলুল্লাহ সা-এর অমিয় বাণী। রাসূলুল্লাহ সা-এর মুখনিঃসৃত বাণীগুলো আমাদের নিকট পর্যন্ত পৌঁছার ক্ষেত্রে সাহায্যে কেবলমাত্র থেকে শুরু করে যে সকল মহামানীয় মাধ্যম হিসেবে কাজ করেছেন, তাঁদেরকেই ইসনাদ বলা হয়। ইসলামের ইতিহাসে হাদীস সংরক্ষণের ক্ষেত্রে ইসনাদের গুরুত্ব ও প্রয়োজনীয়তা অপরিহার্য। এর উপর ভিত্তি করে হাদীসের প্রামাণ্যতা যাচাই করার বিষয়ে অনেকে প্রশ্ন করে থাকে। বিশেষ করে নতুন ফিতনা মুনকিরীনে হাদীস সম্প্রদায়তো রীতি মত এসব বিষয়ে ন্যূনতম জ্ঞান না রেখেও অসংখ্য ধরনের প্রশ্ন ও অভিযোগ উত্থাপন করে। ইসনাদ এ উম্মতের একটি সম্মান জনক বৈশিষ্ট্য। পূর্ববর্তী কোনো উম্মত এ বৈশিষ্ট্যের অধিকারী ছিল না। ইসনাদ মর্যাদাশীল ও তাকীদপূর্ণ সূনাত। অতএব হাদীস ও খবর বর্ণনায় ইসনাদের ওপর নির্ভর করা মুসলিম ব্যক্তির কর্তব্য। আলোচ্য প্রবন্ধে ইসনাদুল হাদীস সম্পর্কে আলোকপাত করার প্রয়াস চালানো হয়েছে।

### ২. ইসনাদুল হাদীসের পরিচয়

#### ২.১ আভিধানিক অর্থ

আল-ইসনাদ *السَّنَدُ* শব্দটি একবচন। এর বহুবচন *أَسَانِيدُ* অর্থাৎ উদ্ধৃতি দেয়া, দুই শব্দের মাঝে পূর্ণ অর্থবহ সংযোগ বা সংযোগসাধন। ইসনাদের শাব্দিক অর্থ *الضَّمُّ* মিলাও, সম্পৃক্ত করা, সংযুক্ত করা, যুক্ত করা, বিশুদ্ধতা, নির্ভরযোগ্যতা। যেমন বলা হয় *فُؤَادٌ أَسَدٌ* এর অর্থ *أَعْتَمَدُ عَلَيْهِ*। সনদকে এই জন্য আল-মু'তামাদ *الْمُعْتَمَدُ* বলা হয়েছে যে, হাদীসের বিশ্বস্ততা একমাত্র এর উপর নির্ভরশীল। *صَعُودٌ* বা আরোহণ অর্থেও এটি প্রয়োগ হয়ে থাকে।<sup>১</sup> যেমন হাদীসে বর্ণিত আছে, *رَأَيْتُ النِّسَاءَ يُسْنِدْنَ فِي الْجَبَلِ* 'বর্ণনাকারী বলেন, আমি উছদের দিনে কুরায়শ মহিলাদেরকে পাহাড়ে আরোহণ করতে দেখেছি। এছাড়া পাহাড় সংলগ্ন নিম্ন সমতল ভূমি থেকে অপেক্ষাকৃত উঁচু ভূমিকেও সনদ বলা হয়। আল-জাওহারী র. (মৃত ৩৯৩ হি./১০০৩ খ্রি.) বলেন, *السَّنَدُ مَا فَابِلَكَ مِنَ الْجَبَلِ وَعَلَا عَنِ السَّفْحِ*। 'নিম্ন সমতল ভূমি অপেক্ষা পাহাড়ের উঁচু ভূমিকে সনদ বলা হয়।<sup>২</sup> ইবন মানযুর আল-ইফরীকী র. (মৃত ৭১১ হি.) বলেন, *السَّنَدُ: مَا ارْتَفَعَ مِنَ الْأَرْضِ*। বলা হয় 'সাধারণ ভূমি থেকে পাহাড় অথবা উপত্যকার উঁচু ভূমিকে সনদ বলা হয়।'<sup>৩</sup>

#### ২.২ পারিভাষিক সংজ্ঞা

হাদীসের মতন (মূল বক্তব্য) পর্যন্ত পৌঁছানোর রাবীদেব ক্রমাধারাকে ইসনাদ বলা হয়। মুহাদ্দিসগণ ইসনাদের পারিভাষিক বিভিন্ন সংজ্ঞা প্রদান করেছেন যার বর্ণনা মূলত একই ধরনের। নিম্নে তার কয়েকটি প্রদত্ত হলো :

১. ইবন হাজার আল-আসকালানী র. (মৃত ৮৫২ হি.) বলেন, الإسناد: حكاية طريق المتن 'হাদীসের মতন পর্যন্ত পৌছার ধারাবাহিকতা বর্ণনা করাকে ইসনাদ বলে।'<sup>৪৮</sup>

২. মান্না আল-কাত্তান (মৃত ১৯৯৯ খ্রি.) বলেন,

فَد يُطْلَقُ الْإِسْنَادُ عَلَى ثَلَاثَةِ الرِّجَالِ الْمُؤَصِّلَةِ لِلْمَتْنِ. فَيَكُونُ هَذَا مُرَادًا لِلْسَّنَدِ

'হাদীসের মূল ভাষ্য পর্যন্ত পৌছার দেয়ার ক্ষেত্রে যে সকল বর্ণনাকারী থাকেন, তাদের ধারাবাহিকতাকেই ইসনাদ বলে। ইসনাদ ও সানাদ শব্দদ্বয় পরস্পর সমার্থবোধক।'<sup>৪৯</sup>

৩. মুহাদ্দিসগণ ইসনাদ শব্দটিকে সনদের অর্থে ব্যাপকভাবে ব্যবহার করেছেন। এ নিরিখে এর সংজ্ঞা হলো- 'মূল হাদীস পর্যন্ত পৌছার জন্য বর্ণনাকারীদের ধারাবাহিক সূত্র।'<sup>৫০</sup>

৪. কোনো কোনো মুহাদ্দিস ইসনাদ শব্দ দ্বারা বুঝিয়েছেন, عَزُو الْحَدِيثِ إِلَى قَائِلِهِ مُسْنَدًا 'কোনো বক্তব্য বা বাণীকে বর্ণনা পরম্পরায় প্রবক্তার প্রতি সম্পর্কযুক্ত করাকে ইসনাদ বলা হয়।'<sup>৫১</sup>

৫. ড. আব্দুল্লাহ শা'বান বলেন,

هُوَ سَلْسَلَةُ الرِّجَالِ الَّذِينَ نَقَلُوا الْحَدِيثَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالَّذِينَ أَسْنَدَ إِلَيْهِمُ الرَّوَايَ حَدِيثَهُ.

'রাসূলুল্লাহ সা থেকে হাদীস বর্ণনাকারীদের ক্রমধারার নামই হলো সনদ।'<sup>৫২</sup>

মুহাদ্দিসগণ সনদকে ইসনাদ শব্দেও ব্যবহার করে থাকেন। মূলত শব্দ দুটি একই অর্থে ব্যবহৃত হয়। এতে মৌলিক কোনো পার্থক্য নেই। তবে কোনো কোনো মুহাদ্দিস ইসনাদ শব্দ দ্বারা বুঝিয়েছেন, عَزُو الْحَدِيثِ إِلَى قَائِلِهِ مُسْنَدًا 'এর অর্থ হলো, 'কোনো বক্তব্য বা বাণীকে বর্ণনা পরম্পরায় প্রবক্তার প্রতি সম্পর্কযুক্ত করাকে ইসনাদ বলা হয়।'<sup>৫৩</sup>

### ৩. ইসনাদের প্রকার

হাদীস বিশারদগণ ইসনাদকে প্রধানত দু'ভাগে বিভক্ত করেছেন। যেমন- ১. আল-মুত্তাসিল (الْمُتَّصِلُ) আল-মুনকাতি (الْمُنْقَطِعُ)।

১. আল-মুত্তাসিল (الْمُتَّصِلُ): যে হাদীস অবিচ্ছিন্ন ধারাবাহিক সূত্রে বর্ণিত (মারফু' হোক কিংবা মাওকুফ) তাকে মুত্তাসিল বলে। অর্থাৎ যে হাদীসের সূত্র থেকে কোনো রাবী বাদ পড়েনি। মুহাদ্দিসগণের পরিভাষায়

هو ما اتصل: يعني ما روي بإسناد متصل بحيث يأخذ كل راو عن من فوقه مباشرة

'মুত্তাসিল সনদের অর্থ হলো, যা অবিচ্ছিন্ন বর্ণনাসূত্রে রিওয়াত করা হয়েছে। সেখানে প্রত্যেক বর্ণনাকারী সরাসরি তাঁর উদ্ধৃতন বর্ণনাকারীর নাম উল্লেখ করেছেন।'<sup>৫৪</sup>

ড. আব্দুর রহমান আল-খুমাইসী বলেন, هو ما اتصل إسناده مرفوعا كان أو موقوفًا 'অবিচ্ছিন্ন ধারাবাহিক সূত্রে বর্ণিত হাদীস চাই তা মারফু' হোক অথবা মাউকুফ হোক তাকে মুত্তাসিল বলা হয়।'<sup>৫৫</sup>

২. আল-মুনকাতি (الْمُنْقَطِعُ): যে সনদ থেকে কোনো রাবীকে ফেলে দেয়া হয়েছে অর্থাৎ বিচ্ছিন্ন সূত্রে বর্ণিত হাদীসকে মুনকাতি বলা হয়। অর্থাৎ কোনো হাদীসের সনদ থেকে কোনো বর্ণনাকারী যদি বাদ পড়ে যায়, যার ফলে সনদের ধারাবাহিকতা বিচ্ছিন্ন হয়ে যায়, তাহলে সেই সনদকে মুনকাতি বলে।

কিছু সংখ্যক মুহাদ্দিস সনদের বর্ণনাকারীদের সংখ্যা বিচারে ইসনাদকে দু'ভাবে বিভক্ত করেন। তা হলো- ১. আল-ইসনাদুল আলী (الْإِسْنَادُ الْعَالِي) ও ২. আল-ইসনাদুল নাযিল (الْإِسْنَادُ النَّازِل)

### ৪.১ আল-ইসনাদুল আলী (الْإِسْنَادُ الْعَالِي) উচ্চতর ইসনাদ

আল-আলী (الْعَالِي) শব্দটি থেকে ইস্ম ফা'ইল-এর সীগাহ, যা التَّنْزِيلُ-এর বিপরীত। অর্থাৎ উঠু, উন্নত, শ্রেষ্ঠ। পরিভাষায় এমন ইসনাদকে আলী ইসনাদ বলা হয়, যাতে রাবীর সংখ্যা এমন ইসনাদের তুলনায় কম যাতে অধিক সংখ্যক রাবীর মাধ্যমে একই হাদীস বর্ণিত হয়েছে। মান্না আল-কাত্তান বলেন,

هُوَ الَّذِي قُلَّ عَدَدُ رِجَالِهِ بِالنِّسْبَةِ إِلَى سَنَدٍ آخَرَ يَرُدُّ بِهِ ذَلِكَ الْحَدِيثَ بَعْدَ أَكْثَرِ .

'এটা এমন ইসনাদ যার বর্ণনাকারীর সংখ্যা কম। তবে এর নِسْبَةِ এর ক্ষেত্রে অধিকসংখ্যক বর্ণনাকারীর শক্তির তুলনায় শক্তি অধিক।'<sup>৫৬</sup> অর্থাৎ এর বর্ণনাকারী কম হলেও বর্ণনাকারীগণ খুবই শক্তিশালী। ফলে অধিক বর্ণনাকারী বিশিষ্ট হাদীসও এর কাছে দুর্বল হয়ে যায়।

কারো কারো মতে এ প্রকারের সংজ্ঞা এরূপ,

وهو ما قرب رجال سنده من رسول الله ﷺ بسبب قلة عددهم إذا قيسوا بسند آخر يرد في ذلك الحديث نفسه بعدد كثير

‘অপর সনদ অপেক্ষা যে সনদের বর্ণনাকারীগণ স্বল্প সংখ্যক হওয়ার কারণে বর্ণনা পরম্পরায় রাসূলুল্লাহ সা-এর নিকটবর্তী, তাকে আল-ইসনাদুল আলী তথা উচ্চতর সনদ বলা হয়।’<sup>১৩</sup>

মোটকথা অধিক সংখ্যক সাধানগ বর্ণনাকারীর তুলনায় কম সংখ্যক মানসম্মতও অধিক বিশ্বস্ত বর্ণনাকারীই ইসনাদে আলী।

## ৪.২ উচ্চতর ইসনাদের গুরুত্ব

মুহাদ্দিসগণের নিকট উচ্চতর সনদের গুরুত্ব অপরিসীম। কেননা এ প্রকার সনদের মাধ্যমে জাল হাদীসের মিশ্রণ থেকে হাদীসকে মুক্ত রাখা যায়। হাদীসের সনদের বর্ণনাকারীর সংখ্যা যদি কম হয় তাহলে হাদীসের বিশুদ্ধতা অধিকতর অকাট্য হয়ে থাকে। এ জন্যই সকল যুগের আলিমগণ উচ্চতর সনদকে গুরুত্বের সাথে অনুসন্ধান করেছেন।<sup>১৪</sup> মহীউদ্দীন আন-নববী (মৃত ৬৭৬ হি.) বলেন, طلب الإسناد العالي ‘উচ্চতর সনদ অনুসন্ধান করা সূনাত।’<sup>১৫</sup> ইমাম আহমাদ ইবন হাম্বল বলেন, উচ্চতর সনদ (الإسناد العالي) অনুসন্ধানের জন্য সাহাবী ও তাবিঈগণ বিভিন্ন অঞ্চল ভ্রমণ করেছেন। বর্ণিত আছে যে, ‘আব্দুল্লাহ ইবন মাস‘উদ (রা)-এর সহচরবৃন্দ কূফা থেকে মদীনায ভ্রমণ করে উচ্চতর সনদের মাধ্যমে উমর রা. থেকে হাদীস গ্রহণ করেছেন।’<sup>১৬</sup> হাফিয আবুল ফাদল আল-মাকদিসী (মৃত ১১১৩ খ্রি.) বলেন, মুহাদ্দিসগণ উচ্চতর সনদের জন্য দুর্গম পথ পাড়ি দিয়েছেন।<sup>১৭</sup> জাবির ইবন আব্দিল্লাহ উচ্চতর সনদ সংগ্রহ করার উদ্দেশ্যে আব্দুল্লাহ ইবন উনায়সের নিকটে শাম দেশ ভ্রমণ করেছিলেন। তিনি এক মাসের পথ অতিক্রম করে সিরিয়ার এক নিভৃত পল্লীতে উপস্থিত হয়ে আব্দুল্লাহ ইবন উনায়সের সাক্ষাৎ লাভ করেন। তিনি তাকে লক্ষ্য করে বললেন, হে উনায়স! আমার নিকট তোমার একটি হাদীস পৌছেছে, যা তুমি রাসূলুল্লাহ সা থেকে শ্রবণ করেছ। আমার ভয় হয় যে, তোমার কাছ থেকে উক্ত হাদীস নিজ কানে শ্রবণ করার পূর্বেই হয়ত আমি মারা যাব। অতঃপর আব্দুল্লাহ ইবন উনায়স নিম্নোক্ত হাদীস তাকে পাঠ করে শুনালেন,

سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: "يَحْشُرُ اللَّهُ الْعِبَادَ، فَيُنَادِيهِمْ بِصَوْتٍ يَسْمَعُهُ مَنْ يَبْعُدُ كَمَا يَسْمَعُهُ مَنْ قُرْبَ: أَنَا الْمَلِكُ، أَنَا الدَّيُّونُ

‘আমি রাসূলুল্লাহ সা-কে এই বলতে শুনেছি যে, আল্লাহ তা‘আলা বান্দাদেরকে হাশরের ময়দানে একত্রিত করবেন এবং তাদেরকে এমন এক আওয়াজে সম্বোধন করবেন, যা নিকট ও দূরে অবস্থিত বা শ্রবণ সমানভাবে শুনতে পাবে। তিনি বলবেন, আমিই মালিক, আমিই অনুগ্রহকারী।’<sup>১৮</sup>

সাহাবীগণের মতো তাবিঈরাও উচ্চতর সনদ লাভের জন্য অনেক দূরের পথ অতিক্রম করেছেন। প্রখ্যাত তাবিঈ বিশর ইবন আব্দুল্লাহ আল-হাদরামী বলেন, একটি হাদীসের জন্য বিভিন্ন শহর ঘুরে বেড়াবার প্রয়োজন হলেও আমরা তাই করতাম।<sup>১৯</sup> আবুল আলিয়া বলেন, ‘আমরা বসরাতে মদীনায অবস্থানরত সাহাবীদের বর্ণিত হাদীস লোক মারফত শুনতে পেতাম, কিন্তু মদীনায অবস্থানকারী সাহাবীদের নিজ মুখ থেকে তা শুনে নেয়ার পূর্বে আমরা কিছুতেই সাব্বনা পেতাম না।’<sup>২০</sup> ড. মাহমুদ আত-তাহান ইসনাদের গুরুত্ব সম্পর্কে বলেন,

والعناية بالإسناد في نقل الأخبار سنة مؤكدة من سنن هذه الأمة، وشعار من شعارها، لذا يجب على المسلم أن يعتمد عليه في نقل الحديث والأخبار. قَالَ ابْنُ الْمُبَارَكِ: "الْإِسْنَادُ مِنَ الدِّينِ، وَلَوْ لَا الْإِسْنَادُ لَفَالَ مَنْ شَاءَ مَا شَاءَ" وَقَالَ الثَّوْرِيُّ: «الْإِسْنَادُ سِلَاحُ الْمُؤْمِنِ».

وتبرز قيمة الإسناد وأهميته في تعريف الواقف عليه برجاله الذين يتألف منهم الاستاد، وذلك بالبحث عن حاكم في كتب تراجم الرواة، كما تظهر أهميته في معرفة اتصاله من انقطاعه. ولولا الإسناد ما عرفنا صحيح الأحاديث والأخبار من مكذوبها. ولتنجراً على اختلاقيها كل مبتدع ومبطل، ولصار الأمر كما قال ابن المبارك: "وَلَوْ لَا الْإِسْنَادُ لَفَالَ مَنْ شَاءَ مَا شَاءَ".

‘হাদীস বর্ণনার ক্ষেত্রে সনদের প্রতি যত্নবান হওয়া এই উম্মাতের একটি গুরুত্বপূর্ণ সূনাত এবং এই উম্মাতের একটি নিদর্শন। অতএব, হাদীস বর্ণনার ক্ষেত্রে মুসলিমদের অবশ্যই এর উপর নির্ভর করতে হবে। ইবনুল মুবারক র. বলেন, ‘ইসনাদ দ্বীনেরই অংশ, এবং যদি ইসনাদ না থাকত, তাহলে যে কেউ যা ইচ্ছা তাই বলত।’ সাওরী র. বলেন: ‘ইসনাদ হলো মু‘মিনের অস্ত্র।’

সনদ বা ইসনাদের মূল্য ও গুরুত্ব স্পষ্ট হয় বর্ণনাকারীদের জীবনীগ্রন্থে তাদের অবস্থান অনুসন্ধান করে, বর্ণনার শৃঙ্খল তৈরিকারী ব্যক্তিদের চিহ্নিত করার মাধ্যমে, একইভাবে ‘ইতিসাল ও ইনকিতা’ পরিচিতির মাধ্যমে ইসনাদ এর মূল্য ও গুরুত্ব স্পষ্ট হয়। ইসনাদ না থাকত, আমরা সহীহ হাদীস ও মিথ্যা হাদীসকে জানতে পারতাম না এবং প্রত্যেক বিদ‘আতী ও মিথ্যাবাদী হাদীস তৈরি করার সাহস পেত এবং বিষয়টি ইবনুল মুবারক র. যেমনটি বলেছিলেন তেমনটিই হতো। তিনি বলেন, ‘এবং যদি ইসনাদ না থাকত, তাহলে যে কেউ যা ইচ্ছা তাই বলত।’<sup>২১</sup>

### ৪.৩ আল-ইসনাদুল আলী (الإِسْنَادُ الْعَالِي)-এর প্রকার

আল-ইসনাদুল আলী দু'প্রকার। যথা :

#### ক. আল-উলুযুল মুতলাক (الْعُلُوُّ الْمُطْلَقُ)

উলুযুল (عُلُوُّ) অর্থ উঁচু, উন্নত। আল-মুতলাক অর্থ সাধারণভাবে উলুযুল মুতলাক অর্থাৎ সাধারণভাবেই যা উঁচু। পরিভাষায় আল-উলুযুল মুতলাক হয়:

هُوَ مَا يَكُونُ عَدَدُ رِجَالِ السَّنَدِ فِيهَا مُنْتَهِيًا إِلَى رَسُولِ اللَّهِ وَسَلَّمَ بِعَدَدِ أَقْلٍ مِنْ سَنَدٍ آخَرَ يَنْتَهِي إِلَيْهِ

‘যে হাদীসের বর্ণনাকারীদের নাম সর্বশেষে রাসূলুল্লাহ সা পর্যন্ত গিয়ে পৌঁছেছে। অন্য সনদ থেকে এ সনদের সংখ্যা খুবই কম।’

খ. আল-উলুযুল নাসবিয়্য (الْعُلُوُّ النَّسَبِيُّ): এ প্রকারের পরিচয়ে বলা হয় :

هُوَ مَا يَكُونُ عَدَدُ رِجَالِ السَّنَدِ فِيهِ قَلِيلًا بِالنِّسْبَةِ إِلَى إِمَامٍ مِنْ أئِمَّةِ الْحَدِيثِ

‘যে হাদীসে বর্ণনাকারীর সংখ্যা কম হয় তবে তার সম্পর্ক হয় হাদীসের ইমামগণের সাথে।’ যেমন- শু‘বা, আমাশ, ইবন জুরাইজ, ছাওরী, মালিক, শাফি‘ঈ, বুখারী, মুসলিম প্রমুখ।<sup>২২</sup>

ড. মাহমুদ আত্-তাহহান (মৃত ২০২২ খ্রি.) আল-ইসনাদুল আলীকে পাঁচ প্রকার বলে উল্লেখ করেছেন। তিনি বলেন,

يُقَسَّمُ الْعُلُوُّ إِلَى خَمْسَةِ أَقْسَامٍ، وَاحِدٌ مِنْهَا عُلُوُّ مُطْلَقٌ، وَالْبَاقِي عُلُوُّ نَسَبِيٌّ.

‘উচ্চ ইসনাদকে পাঁচ ভাগে বিভক্ত করা হয়। তন্মধ্যে এটিকে বলা হয় عُلُوُّ مُطْلَقٌ বা ‘সার্বিকভাবে উচ্চ ইসনাদ’।

অবশিষ্ট ইসনাদগুলোকে عُلُوُّ نَسَبِيٌّ বলা হয়।’

অবশিষ্ট আল-উলুযুল নাসবিয়্য নিম্নরূপ-

- রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকটতম সহীহ ও স্বচ্ছ ইসনাদ।<sup>২৩</sup>
  - হাদীসের ইমামগণের মধ্যে কোনো ইমামের নিকটতম হওয়া, যদিও তারপর থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পর্যন্ত পৌঁছতে রাবীর সংখ্যা অধিক হয়ে পড়ে। যেমন, আ‘মাশ, ইবন জুরায়জ, মালিক প্রমুখের নিকটতম হওয়া সহীহ ও স্বচ্ছ ইসনাদের মাধ্যমে।
  - সিহাহ্ সিভাহ্‌র কোনো একটি অথবা নির্ভরযোগ্য কোনো হাদীস গ্রন্থের রিওয়াতের কাছাকাছি হওয়া। পরবর্তী মুহাদ্দিসগণ এ পদ্ধতির প্রতি অধিক গুরুত্ব আরোপ করেছেন; মুওয়াফিকাহ্, আবদাল, মুসাওয়াত অথবা মুসাফাহা-এর মাধ্যমে।<sup>২৪</sup>
১. আল-মুওয়াফিকাহ্: মুওয়াফিকাহ্ শব্দের অর্থ হলো সামঞ্জস্যশীল হওয়া। পরিভাষায় বলা হয়, কোনো একজন সংকলকের শায়খ পর্যন্ত শায়খের ধারা ছাড়া ভিন্ন একটি ধারায় কম সংখ্যক রাবীর মাধ্যমে পৌঁছ। শায়খের বর্ণিত সনদে তার শায়খ পর্যন্ত পৌঁছতে রাবীর সংখ্যা বেশি হবে।<sup>২৫</sup> এ প্রসঙ্গে মান্না আল-কাত্তান বলেন,

هُوَ الْوَصُولُ إِلَى شَيْخٍ أَخَذَ الْمُصَنِّفِينَ مِنْ غَيْرِ طَرِيقِهِ بِعَدَدِ أَقْلٍ يُمْكِنُ لَوْ رَوَى مِنْ طَرِيقِهِ عَنْهُ .

‘আল-মুওয়াফিকাহ্ হলো, কিতাবের মুসান্নিফের কোনো একজন শায়খ পর্যন্ত পৌঁছ তার নিজস্ব বর্ণনাপদ্ধতি বাদ দিয়ে অন্য পদ্ধতিতে কমসংখ্যক রাবীর মাধ্যমে। তবে তাঁর নিজস্ব পদ্ধতিতেও যদি বর্ণনা করা হয়, তাহলে তাঁর সাথে মিলে যাবে তথা সমতা রক্ষা হবে।’<sup>২৬</sup>

উদাহরণ: ইবন হাজার আল-আসকালানী র. তার ‘শারহু নুখবাতিল ফিকার’<sup>২৭</sup> গ্রন্থে মুওয়াফিকাহ্-এর উদাহরণে উল্লেখ করেছেন যে, ইমাম বুখারী র. একটি হাদীস বর্ণনা করেছেন তার শায়খ কুতায়বা থেকে এবং তিনি বর্ণনা করেছেন ইমাম মালিক র. থেকে। আমরা যদি এ হাদীসটি ইমাম বুখারী র.-এর সনদে বর্ণনা করি তবে কুতায়বা র. পর্যন্ত সনদে রাবীর সংখ্যা দাঁড়াবে ৮ জন। আর আমরা যদি ছবছ হাদীসটি আবুল-আব্বাস আস্-সাররাজ<sup>২৮</sup>-এর সনদে কুতায়বা র. থেকে বর্ণনা করি তবে আমাদের ও কুতায়বা র.-এর মাঝে রাবীর সংখ্যা হবে ৭ জন। আর এতে ইমাম বুখারী র.-এর ছবছ শায়খের (কুতায়বা) সাথে আমাদের মুওয়াফিকাত (মিল) হবে উচ্চ সনদের মাধ্যমে।

২. আল-বাদাল: আল-বাদাল শব্দের অর্থ পরিবর্তে আসা। পরিভাষায় বলা হয় এমন উচ্চ সনদকে যাতে কোনো সংকলকের শায়খের শায়খ পর্যন্ত তার বর্ণিত ধারা ছাড়া অপর একটি ধারায় কম সংখ্যক রাবীর মাধ্যমে পৌঁছানো হয়।<sup>২৯</sup> মান্না আল-কাত্তান বলেন,

هو الوصول إلى شيخ شيخ أخذ المصنفين من غير طريقه بعدد أقل مما لو روى عن طريقه عنه

‘আল-বাদাল হলো, কিতাবের মুসান্নিফের কোনো এক শায়খের শায়খ পর্যন্ত ভিন্ন কোনো পদ্ধতিতে অল্পসংখ্যক রাবী দ্বারা পৌছ।, তবে যদি স্বয়ং তাঁর পদ্ধতিতেও বর্ণনা করা হয় তাহলেও সমতা থাকবে।’<sup>১০০</sup>

**উদাহরণ:** ইবন হাজার আল-আসকালানী র.-এর উদাহরণে বলেন, ‘ওপরে উল্লিখিত (আবুল-আব্বাস আস-সাররাজ-এর) হুবহু ইসনাদটি কা‘নাবী পর্যন্ত পৌছেছে, যিনি মালিক র. থেকে বর্ণনা করেছেন। আর এমতাবস্থায় কুতায়বা র.-এর বদলে কা‘নাবী’<sup>১০১</sup> র. থেকে হাদীসটি বর্ণিত হবে।

**৩. আল-মুসাওয়াহ:** মুসাওয়াহ শব্দের অর্থ সমান সমান হয়ে যাওয়া। পরিভাষায় বলা হয় এমন ইসনাদকে যাতে শুরু থেকে শেষ রাবীর সংখ্যা হবে কোনো একজন সংকলকের ইসনাদের রাবীর সংখ্যার সমান।<sup>১০২</sup> মান্না‘ আল-কাত্তান বলেন, ‘هي استواء عدد الإسناد من الراوي إلى آخره مع إسناد أخذ المصنفين, কোনো একজন মুসান্নিফের ইসনাদের সাথে যদি বর্ণনাকারীর ইসনাদের সংখ্যা শেষ পর্যন্ত সমান সমান হয়ে যায়, তখন তাকে মুসাওয়াহ বলে।’<sup>১০৩</sup>

**উদাহরণ:** ইবন হাজার আল-আসকালানী র.-এর উদাহরণ দিতে গিয়ে বলেন, যেমন, ইমাম নাসাঈ র. (মৃত ৩০৩ হি./৯১৫ খ্রি.) একটি হাদীস বর্ণনা করেছেন যাতে তার থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম পর্যন্ত রাবীর সংখ্যা দাঁড়িয়েছে ১১ জন। অতঃপর হুবহু এ হাদীসটিই অপর একটি ইসনাদে আমরা বর্ণনা করেছি, যাতে আমাদের এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লামের মাঝে রাবীগণের সংখ্যা ১১ জন। এতে আমরা রাবীর সংখ্যার দিক থেকে ইমাম নাসাঈ র.-এর সমান হয়ে গিয়েছি।

**৪. আল-মুসাফাহাহ:** আল-মুসাফাহাহ শব্দের অর্থ হাতে হাত মিলানো। পরিভাষায়, কোনো শায়খের ইসনাদের রাবীগণের সংখ্যা যদি কোনো একজন হাদীস সংকলকের শিষ্যের ইসনাদের রাবীগণের সংখ্যার সমান হয় তবে তাকে আল-মুসাফাহাহ বলা হয়। এ উচ্চ সনদকে الْمُصَافَحَةُ বলার কারণ হচ্ছে, অধিকাংশ ক্ষেত্রেই দুজনের পরস্পর সাক্ষাৎ ঘটলে তারা মুসাফাহা করে থাকে।<sup>১০৪</sup> মান্না‘ আল-কাত্তান বলেন,

هي استواء عدد الإسناد من الراوي إلى آخره مع إسناد أخذ المصنفين.

‘আল-মুসাফাহাহ হলো, কোনো ছাত্রের ইসনাদের সাথে অন্য বর্ণনার কোনো রাবীর সংখ্যায় মিল হওয়াকে মুসাফাহাহ বলে।’<sup>১০৫</sup> আল-মুসাফাহাহর কিছু বৈশিষ্ট্য রয়েছে। যা নিম্নরূপ :

- রাবীর মৃত্যু পূর্বে সংঘটিত হওয়ার কারণে সনদের উচ্চ মর্যাদা লাভ করা। এর উদাহরণ হচ্ছে, ইমাম নববী র.-এর একটি বক্তব্য। তার বক্তব্যটি এই: আমি যে সনদে তিন জন রাবীর মাধ্যমে ইমাম বায়হাকী র. থেকে বর্ণনা করেছি এবং তিনি হাকিম থেকে বর্ণনা করেছেন, আমার এ সনদটি আমার অপর সনদটি থেকে উচ্চ (أعلى) যেটি আমি তিনজন রাবীর মাধ্যমে আবু বকর ইবন খালাফ থেকে বর্ণনা করেছি এবং তিনি বর্ণনা করেছেন হাকিম থেকে। পূর্ববর্তী সনদটি উচ্চ হওয়ার কারণ হচ্ছে, ইমাম বায়হাকী র. ইবন খালাফের পূর্বে ইত্তিকাল করেছেন।<sup>১০৬</sup>
- পূর্বে শ্রবণের কারণে উচ্চ সনদ অর্থাৎ যে শায়খ থেকে পূর্বে হাদীস শ্রবণ করা হয়েছে তার সনদটি উচ্চ সনদ হিসেবে গণ্য হবে, এমন শায়খের সনদের তুলনায় যার থেকে পরে হাদীস শ্রবণ করা হয়েছে।

**উদাহরণ:** দু‘ব্যক্তি একজন শায়খ থেকে শ্রবণ করেন। একজনের শ্রবণ হচ্ছে উপমা স্বরূপ ৬০ বছর ধরে এবং অপর জনের ৪০ বছর ধরে। অথচ দু’জন পর্যন্ত রাবীগণের সংখ্যা সমান সমান। এ ক্ষেত্রে প্রথমটি দ্বিতীয়টির তুলনায় উচ্চ। আর এটি এমন রাবীর ক্ষেত্রে নিশ্চিত বৃদ্ধাবস্থায় যার শায়খের স্মরণ শক্তি সংমিশ্রিত হয়ে পড়েছে অথবা জ্ঞানের ক্রটি দেখা দিয়েছে।

#### ৪.৪ আল-ইসনাদুন নাযিল (الإِسْنَادُ النَّازِلُ) নিম্নতম ইসনাদ

আন-নাযিলُ الْإِسْنَادُ শব্দটি الْكُزْلُ থেকে ইস্ম ফা‘ইল-এর সীগাহ। অর্থ নিম্নতম, নিচু, নিম্নগামী। এমন ইসনাদকে ইসনাদুন নাযিল বলা হয়, যাতে রাবীর সংখ্যা এমন ইসনাদের তুলনায় অধিক যাতে কম সংখ্যক রাবীর মাধ্যমে একই হাদীস বর্ণিত হয়েছে। মান্না‘ আল-কাত্তান বলেন,

هو الذي كثر عدد رجاله بالنسبة إلى سند آخر يروى به ذلك الحديث بعدد أقل

‘এটা হলো এমন সনদ। যার বর্ণনাকারীর সংখ্যা অন্যের সাথে নিসবতের দিক থেকে খুবই বেশি। তবে এ হাদীস অন্য কম বর্ণনাকারীর হাদীস দ্বারা নিম্নগামী হয়ে যায়।’<sup>১০৭</sup> কারণ বেশি সংখ্যক বর্ণনাকারী সাধারণ আর কম সংখ্যক বর্ণনাকারী সাধারণ বর্ণনাকারীর তুলনায় অধিক বিশ্বস্ত ও নির্ভরযোগ্য।

কারো কারো মতে, আল-ইসনাদুন্ নাযিল বলা হয়,

هو مفضول بالنسبة إلى العلو لله إلا أن يكون رجال الإسناد النازل أجل من رجال العالي

‘এটি উচ্চতর সনদের দিক দিয়ে প্রাধান্যপ্রাপ্ত। তবে নিম্নতর সনদের বর্ণনাকারীর সংখ্যা উচ্চতর সনদের বর্ণনাকারীর সংখ্যাক থেকে অনেক বেশি।’<sup>৫৬</sup>

#### ৪.৫ নিম্নতর ইসনাদের প্রকার

নিম্নতর ইসনাদ তিন প্রকার। এগুলো পাঁচটি পছন্দ হয়ে থাকে। যেমন: ক. نزول مسافة مطلق এর পছন্দ হলো একটি। যথা—

১. যে সনদে রাসূলুল্লাহ সা পর্যন্ত বর্ণনা পরম্পরায় রাবীর সংখ্যা বেশি হওয়া। একে نزول مسافة مطلق বলা হয়। খ. نزول مسافة نسبي : এর পছন্দ দু’টি। এক. হাদীসের কোনো ইমাম পর্যন্ত পৌঁছতে সনদে বর্ণনাকারীদের সংখ্যা বেশি হওয়া। দুই. সিহাহ সিভায় বর্ণিত সনদের তুলনায় অপরাপর হাদীস গ্রন্থে বর্ণিত সনদ অপেক্ষাকৃত নিম্নমান হওয়া। গ. نزول صفة : এটি দু’ভাগে বিভক্ত। এক. কোনো শায়খ অপর কোনো শায়খের পরে মৃত্যুবরণ করলে উক্ত শায়খের বর্ণিত সনদকে صفة نزول বলা হয়। দুই. শায়খের নিকট থেকে হাদীস শ্রবণের দিক দিয়ে পরবর্তী হওয়া। যেমন কোনো ব্যক্তি একজন শায়খের নিকট থেকে হাদীস শ্রবণ করেছেন। তিনি ঐ ব্যক্তি অপেক্ষা নিম্নগামী, যিনি উক্ত শায়খের নিকট থেকে তার পূর্বে হাদীস শ্রবণ করেছেন।<sup>৫৭</sup>

#### ৪.৬ নিম্নতর ইসনাদের গুরুত্ব

জমহুর মুহাদ্দিসগণের মতে, الإسناد النازل তথা নিম্নতর সনদ العلو অপেক্ষা নিচুমানের।<sup>৫৮</sup> এ জন্যই প্রখ্যাত মুহাদ্দিস আলী ইবনুল মাদানী বলেন, النزول شوم ‘নিম্ন একটি অশুভ লক্ষণ।’<sup>৫৯</sup> কোনো কোনো মুহাদ্দিসের মতে, যদি الإسناد النازل এ বর্ণনাকারীগণ العالي অপেক্ষা অধিক বিশ্বস্ত হয়, তাহলে এটি العلو অপেক্ষা শ্রেয় হবে। কেননা হাদীস গ্রহণীয় হওয়ার জন্য বর্ণনাকারীগণের ন্যায় পরায়ণ ও বিশ্বস্ত হওয়া প্রয়োজন। এক্ষেত্রে সনদে বর্ণনাকারীগণের সংখ্যা কম না বেশি তা বিবেচ্য নয়। বরং মান সম্মত, আস্থা সম্পন্ন ও বিশ্বস্ত হওয়া জরুরী। এ প্রসঙ্গে প্রখ্যাত মুহাদ্দিস ইবনুল মুবারক র. বলেন, ليس جودة الحديث قرب الإسناد بل جودة الحديث صحة الرجال ‘হাদীসের মানগত দিক শুধু সনদের নিকটবর্তীতার ভিত্তিতে হয় না; বরং এটি বর্ণনাকারীদের বিশ্বস্ততার উপর নির্ভরশীল।’<sup>৬০</sup>

#### ৪.৭ নুযুলের প্রকার সমূহ

নুযূল পাঁচ প্রকারে বিভক্ত, যেগুলো বিপরীতের সংজ্ঞা দ্বারা জানা যায়। অতএব, উচ্চ (العلو) সনদের বিপরীতে একটি নুযূল সনদ বিদ্যমান রয়েছে।

#### ৪.৮ উচ্চ সনদ উত্তম না নিম্ন সনদ?

ক. সহীহ মতানুসারে উচ্চ সনদ নিম্ন সনদের তুলনায় অধিক ফযীলতের অধিকারী। জমহুর আলিম এ অভিমত পোষণ করেন। কেননা, তা হাদীসে অধিক দোষ-ত্রুটির সম্ভাবনাকে বিদূরিত করে। আর নুযূল সনদ উচ্চ সনদের তুলনায় নিরুৎসাহিত। ইবনুল-মাদানী র. বলেন, ‘নুযূল সনদ খারাপের প্রতীক।’ আর এটা তখন হবে যখন উভয় সনদই শক্তির দিক থেকে সমান সমান বিবেচিত হবে।

খ. নিম্ন সনদ যখন উচ্চ সনদের তুলনায় অধিক ফায়দার<sup>৬১</sup> অধিকারী হবে তখন নিম্ন সনদ উচ্চ সনদের তুলনায় অধিক ফযীলতের অধিকারী হবে।

#### ৪.৯ এ বিষয়ে রচিত প্রসিদ্ধ প্রসিদ্ধ গ্রন্থ

আলী সনদ অথবা নাযিল সনদ সম্বলিত বিশেষ বিশেষ সংকলনের অস্তিত্ব খুঁজে পাওয়া যায় না। তবে আলিমগণ এমন কিছু স্বয়ংসম্পন্ন أجزاء (জুযসমূহ) প্রণয়ন করেছেন যেগুলোকে التلخيص নামে আখ্যায়িত করেছেন। তারা এগুলো দ্বারা এমন হাদীসসমূহকে বুঝিয়েছেন যেগুলো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পর্যন্ত পৌঁছতে শুধু ৩ জন রাবী রয়েছেন। এ থেকে ইঙ্গিত পাওয়া যায় যে, আলিমগণ উচ্চ সনদ সমূহের প্রতি গুরুত্ব আরোপ করেছেন। এরূপ ছুলাছিয়াতের মধ্যে অন্যতম হচ্ছে,

ক. ইবন হাজার র. সংকলিত ‘ছুলাছিয়াতুল-বুখারী।’

খ. আস্-সাফ্ফারীনী কর্তৃক প্রণীত ‘ছুলাছিয়াতু আহমাদ ইবন হাম্বল।’<sup>৬২</sup>

#### ৫. ইসনাদের উদ্দেশ্য

ইসনাদুল হাদীস দ্বারা উদ্দেশ্য হলো, হাদীস বর্ণনাকারীদের ধারাবাহিক জীবনচরিত অধ্যয়ন করা এবং তাঁদের মধ্যে কে বেশি শক্তিশালী, কে বেশি দুর্বল এ সম্পর্কে অবগত হওয়া। সাথে সাথে প্রত্যেক বর্ণনাকারী কী কারণে শক্তিশালী এবং কী

কারণে দুর্বল সে সম্পর্কেও অবগত হওয়া। সনদের ধারাবাহিকতা জানার মাধ্যমে ইতিসাল কিংবা ইনকিতা সম্পর্কে উপলব্ধি করা যায়। সনদের অধ্যয়ন বলতে বর্ণনাকারীদের জন্ম, মৃত্যু, জঁ ও তَعْدِيلের সাথে সম্পর্কিত কিনা ইত্যাদিও বুঝানো হয়েছে।<sup>৪৫</sup> ইসনাদুল হাদীস সম্পর্কে শিক্ষালাভ করার পর তখনই দৃঢ় সিদ্ধান্ত গ্রহণ করা যায় যে, সনদটি সহীহ নাকি দুর্বল। তখনই বলা হয়ে থাকে- هَذَا إِسْنَادٌ صَحِيحٌ অথবা هَذَا إِسْنَادٌ ضَعِيفٌ অথবা هَذَا إِسْنَادٌ مُؤْضَعٌ ইত্যাদি।

#### ৬. ইসনাদের স্তর

হাদীসের বিশুদ্ধতা ও দুর্বলতা যাচাইয়ের সর্বোত্তম পদ্ধতি হলো হাদীসের সনদ সম্পর্কে বিস্তারিতভাবে জানা। আর এ সনদ গবেষণার স্তর বা পর্যায় কয়েকটি হতে পারে। যেমন-

১. مَعْرِفَةُ الْحَدِيثِ كَامِلًا بِسَنَدِهِ وَمَتْنِهِ : دِرَاسَةُ الْأَسَانِيدِ তথা সনদসমূহকে অধ্যয়ন করার প্রথম স্তর হলো বর্ণিত হাদীসটির সনদ ও মতন পূর্ণভাবে অবহিত হওয়া। যেমন কোনো গবেষক ইচ্ছা করল খেযাব নিষিদ্ধসূচক হাদীসটি সম্পর্কে সে জানবে। তখন সে গবেষণা করতে করতে সুনানু আবু দাউদে বর্ণিত হাদীসটি খুঁজে পেয়ে যাবে। হাদীসটি নিম্নরূপ, حَدَّثَنَا أَبُو تَوَيْلَةَ، حَدَّثَنَا عُيَيْدُ اللَّهِ، عَنْ عَبْدِ الْكَرِيمِ الْجَزْرِيِّ، عَنْ سَعِيدِ بْنِ جَبْرِ، عَنْ ابْنِ عَبَّاسٍ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَكُونُ قَوْمٌ يَخْضِبُونَ فِي آخِرِ الزَّمَانِ بِالسَّوَادِ، كَخَوَاصِلِ الْحَمَامِ، لَا يَرِيحُونَ رَائِحَةَ الْجَنَّةِ.<sup>৪৬</sup>
২. عُيَيْدُ اللَّهِ كَوْنَهُ حَدَّثَنَا عُيَيْدُ اللَّهِ عَنْ يَحْيَى অথবা حَدَّثَنَا عُيَيْدُ اللَّهِ কোনো হাদীসটি সম্পর্কে জানা থাকতে হবে। অন্যথা রাবীর নাম চিহ্নিত করতে অনেক কষ্ট হয়ে যাবে। হাদীসের গবেষক الرِّجَالُ عِلْمُ ইত্যাদি। এভাবে বললে এর অধ্যয়ন করলে দেখতে পাবেন عُيَيْدُ اللَّهِ নামে দশজনেরও অধিক রাবী সেখানে রয়েছেন। সুতরাং أَبُو تَوَيْلَةَ-এর شَيْخُ দেব দিকে নজর দিলে দেখা যাবে, এখানে عُيَيْدُ اللَّهِ দ্বারা উদ্দেশ্য উদ্দেশ্য। عُيَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍو بْنُ أَبِي الْوَلِيدِ الرَّفِئِيُّ أَبُو وَهَبٍ الْأَسَدِيُّ উদ্দেশ্য। তাই সনদ অধ্যয়নের অন্যতম একটি স্তর হলো, বর্ণনাকারীদের পূর্ণনাম বিশুদ্ধভাবে অবগত হওয়া।
৩. جَرِّحُ وَتَعْدِيلُ وَ أَلْفَاظُ السَّنَدِ وَ أَلْفَاظُ الْجَرِّحِ وَ أَلْفَاظُ التَّعْدِيلِ সনদ অধ্যয়নের তৃতীয় স্তর হলো, রাবীর অবস্থা জানা এবং جَرِّحُ وَ تَعْدِيلُ-এর মধ্যে তার মর্যাদা কী এ বিষয়ে অবহিত হওয়া। এক্ষেত্রে أَلْفَاظُ الْجَرِّحِ ও أَلْفَاظُ التَّعْدِيلِ সম্পর্কে সম্যক অবহিত হওয়া উচিত।
৪. التَّائِيدُ مِنَ اتِّصَالِ السَّنَدِ مِنْ إِنْقِطَاعِهِ : কোনো কোনো সময় দেখা যায়, বর্ণিত হাদীসের সকল রাবীই নির্ভরশীল। কিন্তু হাদীসটির সনদের মধ্যে إِنْقِطَاعُ-এর কারণে দুর্বল। সুতরাং এক্ষেত্রে إِنْصَالِ السَّنَدِ-এর ব্যাপারে পরিষ্কার ধারণা থাকা আবশ্যিক। আর এ বিষয়ে স্পষ্ট ধারণা তখনই অর্জিত হবে যখন রাবীর জন্ম মৃত্যুর তারিখ জানা যায়। অতএব হাদীস বর্ণনা করার ক্ষেত্রে সনদ ও মতন উভয়টিই গুরুত্বপূর্ণ। তাই একজন হাদীসের গবেষককে ইসনাদ তথা সনদ ও মতন উভয় ব্যাপারেই ধারণা রাখা আবশ্যিক।

#### ৭. হাদীস শাস্ত্রে আল-ইসনাদের গুরুত্ব

ইসনাদ বলা হয় কোনো হাদীস বর্ণনা করা হলে বর্ণনাকারীদের যে শৃঙ্খল থাকে সেটাই। যেমন ক থেকে খ বর্ণনা করেছে, এখানে খ থেকে গ, গ থেকে ঘ, ঘ থেকে ঙ। এই ধারাবাহিকতা দেখা যাচ্ছে সেটাই মূলত ইসনাদ বা সনদ। আর এই সনদে বর্ণিত হাদীসের মূল কথা ও তার শব্দ সমষ্টিই হলো মতন।

রাবীদের দোষ-গুণ বিচার, সত্য-মিথ্যা যাচাই এবং হাদীসের বিশুদ্ধতা ‘সনদের’ উপর নির্ভরশীল। ইসনাদের মাধ্যমে মুসলমানগণের ইতিহাস সংরক্ষিত করা হয়। ইসলামের বিভিন্ন ঘটনাবলীর সত্য বা মিথ্যা হওয়া নির্ভর করে মূলত ইসনাদের উপর, সনদ ইসলামের ইতিহাসে সত্য মিথ্যা যাচাইয়ের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি বিষয়। দ্বীনের সংরক্ষণের জন্য ইসনাদের গুরুত্ব ও প্রয়োজনীয়তা অপরিসীম। ড. মাহমুদ আত্-তাহহান ইসনাদের গুরুত্ব সম্পর্কে বলেন,

ইসনাদ হলো এই উম্মাতের একটি পুণ্যময় বৈশিষ্ট্য। পূর্ববর্তী উম্মাতের এই বৈশিষ্ট্য ছিল না, এবং এ কারণেই তাদের আসমানী গ্রন্থগুলো হারিয়ে গেছে এবং বিকৃত হয়েছে, ঠিক যেমন তাদের নবীদের সঠিক বানীসমূহ হারিয়ে গেছে, এবং তাদের জায়গায় এসেছে ভণ্ডদের মিথ্যাচার এবং সুবিধাবাদী বানোয়াট কথা যারা সামান্য মূল্যে আল্লাহর আয়াত বিকিয়ে দেয়।

হাদীস বর্ণনার ক্ষেত্রে সনদের প্রতি যত্নবান হওয়া এই উম্মাতের একটি গুরুত্বপূর্ণ সুনাত এবং এই উম্মাতের একটি শি‘আর। অতএব, হাদীস বর্ণনার ক্ষেত্রে মুসলিমদের অবশ্যই এর উপর নির্ভর করতে হবে।

ইসনাদের মূল্য ও গুরুত্ব স্পষ্ট হয় বর্ণনাকারীদের জীবনীপ্রসঙ্গে তাদের অবস্থান অনুসন্ধান করে, বর্ণনার শৃঙ্খল তৈরিকারী ব্যক্তিদের চিহ্নিত করার মাধ্যমে, একই ভাবে ‘ইত্তিসাল ও ইনকিতা’ পরিচিতির মাধ্যমে ইসনাদ এর মূল্য ও গুরুত্ব স্পষ্ট হয়। ইসনাদ না থাকলে আমরা সহীহ হাদীস ও মিথ্যা হাদীসকে জানতে পারতাম না এবং প্রত্যেক বিদ‘আতী ও মিথ্যাবাদী হাদীস তৈরি করার সাহস পেত এবং বিষয়টি ইবনুল মুবারক র. যেমনটি বলেছিলেন তেমনটিই হতো। তিনি বলেন, ‘এবং যদি ইসনাদ না থাকত, তাহলে যে কেউ যা ইচ্ছা তাই বলত।’<sup>৪৭</sup>

ইসনাদের গুরুত্ব সম্পর্কে মুহাদ্দীসগণ যে সকল মন্তব্য করেছেন তা নিম্নে বর্ণনা করা হলো। এ মন্তব্যগুলো থেকে অনুধাবন করা যায় যে, হাদীস শাস্ত্রে ইসনাদের গুরুত্ব কত।

১. আবু আলী আল-হুসায়ন ইব্ন মুহাম্মদ ইব্ন আহমাদ আল-জিয়ানী র. (মৃত ৪৯৮ হি.) বলেন,

خص الله تعالى هذه الأمة بثلاثة أشياء لم يعطها من قبلها: الإسناد، والأنساب، والإعراب

‘আল্লাহ তা‘আলা এই উম্মতকে তিনটি জিনিস দিয়ে সম্মানিত করেছেন যা তিনি এর পূর্বে কোনো জাতিকে যা দেননি: ইসনাদ, বংশ পরম্পরা এবং ইরাদ (ব্যাকরণ ও বাক্যগঠন)।’<sup>৪৮</sup> অতএব, হাদীস বর্ণনার ক্ষেত্রে প্রত্যেক মুসলমানের জন্য সনদের উপর নির্ভরশীল হওয়া উচিত।

২. মুহাদ্দিস আবদুল্লাহ ইবনুল মোবারক র. (মৃত ১৮১ হি./৭৯৮ খ্রি.) বলেন,

الإِسْنَادُ مِنَ الدِّينِ، لَوْلَا الإِسْنَادُ لَفَلَّ مَنْ شَاءَ مَا شَاءَ

‘ইসনাদ হলো দ্বীনের গুরুত্বপূর্ণ একটি অংশ। যদি ইসনাদ না থাকত, তাহলে যে যা ইচ্ছা তাই বলতে থাকত।’<sup>৪৯</sup>

৩. ইবনুল আছারী র. মৃ. ৬০৬ হি.) বলেন,

اعلم أن الإسناد في الحديث هو الأصل، وعليه الإعتقاد، وبه تعرف صحة الحديث وسقمه.

‘জেনে রাখুন যে, হাদীসের সনদটিই আসল এবং এর উপর নির্ভর করতে হবে এবং এর দ্বারা আপনি এর সত্যতা ও ভ্রান্তি জানতে পারেন।’<sup>৫০</sup>

৪. ইমাম শাফি‘ঈ র. (মৃত ২০৪ হি.) বলেন,

مَثَلُ الَّذِي يَطْلُبُ الْحَدِيثَ بِلَا إِسْنَادٍ كَمَثَلِ خَاطِبٍ لَيْلٍ. يَحْمِلُ حِزْمَةَ الْخُطْبِ فِيهَا أَفْعَى تَلْدَغُهُ وَهُوَ لَا يَذَرِي

‘যে ব্যক্তি সনদ ছাড়া ইলম অর্জন করে তার দৃষ্টান্ত ওই ব্যক্তির মতো, যার মাথায় লাকড়ির বোঝা। আর সেই বোঝার ভেতর লুকিয়ে রয়েছে বিষধর সাপ। অথচ সাপের কথা সে জানতেও পারে না।’<sup>৫১</sup>

৫. ইমাম সুফিয়ান ইব্ন সা‘ঈদ আস-সাওরী র. (মৃত ১৬১ হি.) বলেন,

الإِسْنَادُ سِلَاحُ الْمُؤْمِنِ، فَإِذَا لَمْ يَكُنْ مَعَهُ سِلَاحٌ فَبَيَّ شَيْءٌ يُفَاتِلُ؟

‘ইসনাদ হলো মু‘মিনের অস্ত্র। যদি তোমার সাথে অস্ত্র না থাকে তাহলে তুমি লড়াই করবে কীভাবে?’<sup>৫২</sup>

৬. ইমাম আল-বাসির (হাফি) বলেন,

فالإِسْنَادُ هو قسم أساسي من الحديث، ولذا يقال: إن علم الإسناد هو نصف علوم الحديث، فالإِسْنَادُ هو المسبار الذي يحكم كل ما يقال، والحديث الذي لا سند له كبيت لا سقف له أو لا أساس له.

‘ইসনাদ হাদীসের একটি অপরিহার্য অংশ, অতএব, বলা হয়: হাদীসের চেইন অফ ট্রান্সমিশন হলো হাদীসের জ্ঞানের অর্ধেক, ইসনাদ হলো এমন একটি অনুসন্ধান পদ্ধতি যার দ্বারা যা বর্ণনা করা হয় তার সমস্ত কিছু পরীক্ষা করা হয়, একটি হাদীস যার কোনো সনদ নেই তা হলো একটি বাড়ির মত যার কোনো ছাদ বা ভিত্তি নেই।’<sup>৫৩</sup>

৭. আল-কাদি আইয়াদ র. বলেন,

اعلم أولاً أن مدار الحديث على الإسناد فيهِ تبين صحته ويظهر اتصاله

‘প্রথমে জেনে রাখুন যে হাদীসটির কেন্দ্রবিন্দু হলো বর্ণনার শৃঙ্খল যেখানে এর সত্যতা প্রমাণিত হয় এবং এর সংযোগ প্রদর্শন করা হয়।’<sup>৫৪</sup>

৮. মুহাম্মদ ইবন হাতিম ইবন মুযাফ্ফার র. (মৃত ৩২২ হি./৯৩৫ খ্রি.) বলেন,

إِنَّ اللَّهَ أَكْرَمَ هَذِهِ الْأُمَّةَ وَشَرَّفَهَا وَفَضَّلَهَا بِالْإِسْنَادِ، وَلَيْسَ لِأَحَدٍ مِنَ الْأُمَمِ كَلِمَاتُهَا، قَدِيمُهُمْ وَحَدِيثُهُمْ، إِسْنَادٌ، وَإِنَّمَا هِيَ صُحُفٌ فِي أَيْدِيهِمْ، وَقَدْ خَلَطُوا بَيْنَهُمْ أَخْبَارَهُمْ، وَلَيْسَ عِنْدَهُمْ تَمَيِّزٌ بَيْنَ مَا نَزَلَ مِنَ التَّوْرَةِ وَالْإِنْجِيلِ مِمَّا جَاءَهُمْ بِهِ أَنْبِيَائُهُمْ، وَتَمَيِّزٌ بَيْنَ مَا أَحَقُّهُ بَيْنَهُمْ مِنَ الْأَخْبَارِ الَّتِي أَخَذُوا عَنْ غَيْرِ النَّبَاتِ. وَهَذِهِ الْأُمَّةُ إِنَّمَا تَنْصُ الْحَدِيثَ مِنَ الثَّقَةِ الْمَعْرُوفِ فِي زَمَانِهِ، الْمَشْهُورِ بِالصِّدْقِ وَالْأَمَانَةِ عَنْ مِثْلِهِ حَتَّى تَنْتَاهِيَ أَخْبَارُهُمْ، ثُمَّ يَنْحَثُونَ أَشَدَّ النَّحْثِ حَتَّى يَعْرِفُوا الْأَخْفِظَ فَالْأَحْفَظَ، وَالْأَضْبَطَ فَالْأَضْبَطَ، وَالْأَطْوَلَ مَجَالَسَةً لِمَنْ فَوْقَهُ مِمَّنْ كَانَ أَقَلَّ مَجَالَسَةً. ثُمَّ يَكْتُمُونَ الْحَدِيثَ مِنْ عَشْرِينَ وَجْهًا وَأَكْثَرَ حَتَّى يَهْدِيَهُ مِنَ الْغَلَطِ وَالزَّلَلِ، وَيَضْبُطُوا خُرُوفَهُ وَيَعْدُوهُ عَدًّا. فَهَذَا مِنْ أَعْظَمِ نِعَمِ اللَّهِ تَعَالَى عَلَى هَذِهِ الْأُمَّةِ. نَسْتَوْزِعُ اللَّهَ شُكْرَ هَذِهِ النِّعْمَةِ.

‘আল্লাহ তা’আলা এই উম্মাহকে সম্মানিত করেছেন ও ইসনাদের মাধ্যমে শ্রেষ্ঠত্বের আসনে আসীন করেছেন। প্রাচীন কিংবা নতুন কোনো জাতি এমন নেই, যাদের কাছে ইসনাদের মত মহা গৌরবের অধিকার রয়েছে। তাদের কাছে যা আছে, তা কেবল পাতা-পুস্তকের কিছু সংগ্রহ। তারা তাদের ধর্মীয় গ্রন্থাদির সাথে নিত্যকার কথামালা জুড়ে দিয়েছে। সেগুলোকে কেছা-কাহিনীর সাথে মিশ্রিত করেছে। নবীদের আনীত তাওরাত যবুর এর আসমানি বিধিমালা এবং লোক মুখে ছড়িয়ে থাকা কথাবার্তা তারা আসমানি কিতাবের সাথে গুলিয়ে ফেলেছে, আদতে এ দুয়ের মাঝে এখন পার্থক্য করার মত কোনো প্রামাণ্যাদী তাদের হাতে মজুদ নেই। আর এই উম্মাহ রাসুলের হাদীস গ্রহণ করেছে কেবল এমনসব ব্যক্তিবর্গ থেকে, যারা নির্ভরযোগ্য, সত্যবাদী, ধী-শক্তি সম্পন্ন ও নিজের কালে সুপ্রসিদ্ধ। অতঃপর প্রচণ্ড মাত্রায় তত্ত্ব তাল্লাশ করেছেন, সূত্রে থাকা ব্যক্তিদের স্মৃতিশক্তির বিচারিক ক্ষমতা বিশ্লেষণ করেছেন, উস্তাদের সংশ্রবে কোনো মুহাদ্দিস বেশি সময় যাপন করেছেন আর কার সংশ্রবে কম, এগুলোকেও খুটিয়ে বের করেছেন। এরপর একেকটা হাদীস বিশটিও অধিক সূত্রে লিপিবদ্ধ করেছেন, যাতে ভুলভ্রান্তি ও স্থলন থেকে হাদীসটি পরিশুদ্ধ থাকে। এরপর প্রত্যেক বর্ণনাকারীর নাম ও হাদীসের প্রতিটি কঠিন শব্দকে যের যবর দিয়ে শুদ্ধ রূপটি দেখিয়ে গেছেন। এই কঠিন ও সুদীর্ঘ পরিক্রমা কেবল মাত্র আল্লাহ তা’আলার বিশেষ অনুগ্রহেই সম্ভব হয়েছে।’<sup>৫৫</sup>

৯. মুহাম্মাদ ইবন হিব্বান র. (মৃত ৩৫৪ হি./৯৬৫ খ্রি.) বলেন,

ولسنا بخير أن نحتج بخير لا يصح من جهة النقل في شيء من كتبنا، ولأن فيما يصح من الأخبار بحمد الله ومنه كاف يغني عنا عن الاحتجاج في الدين بما لا يصح منها، ولو لم يكن الإسناد وطلب هذه الطائفة له لظهر في هذه الأمة من تبديل الدين ما ظهر في سائر الأمم، وذلك أنه لم تكن أمة لنبي قط حفظت عليه الدين عن التبديل ما حفظت هذه الأمة، حتى لا يتهدى أن يزداد في سنة من سنن رسول الله ﷺ

‘আর আমরা সনদের দিক থেকে সহীহ নয় এরকম কোনো বর্ণনাই আমাদের কিতাবে উদ্ধৃত করতে স্বাচ্ছন্দ্যবোধ করি না। কারণ যেই বর্ণনাটা আল্লাহর রহমতে, সহীহ হিসেবে আমরা পেয়েছি সেটাই আমাদেরকে ধীনের ভেতরে, যা সঠিক নয় তার বিরোধ থেকে রক্ষা করতে যথেষ্ট। যদি সনদ আর মুক্তিপ্রাপ্ত দলের (তয়িফাতুল মানছুরাহ) এই (সনদকে সংরক্ষণের) প্রচেষ্টা বজায় না থাকতো তবে এই উম্মতের ধীনের ভেতরে বিকৃতি সাধন হতো যেমনটা অন্যান্য জাতির (ইয়াহুদি-খ্রিস্টান) ক্ষেত্রে হয়েছিল। আর সেক্ষেত্রেই অন্যান্য নবীর উম্মতেরা কখনোই তাদের আনীত ধর্মকে বিকৃত থেকে হেফাযত করতে পারেনি যেমনটা এই উম্মতে মুহাম্মাদি করতে পেরেছে। এমনকি এটা সম্ভবপর নয় যে তারা রাসূলুল্লাহ সা-এর সুন্নাতে বিন্দুমাত্র হ্রাস-বৃদ্ধি ঘটাতে পারবে।’<sup>৫৬</sup>

১০. ইবন তাইমিয়াহ র. (মৃত ৭২৮ হি./১৩২৮ খ্রি.) বলেন,

وَعَلِمَ الْإِسْنَادِ وَالرَّوَايَةِ مِمَّا خَصَّ اللَّهُ بِهِ أُمَّةَ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَجَعَلَهُ سُلْمًا إِلَى الدَّرَايَةِ. فَأَهْلُ الْكِتَابِ لَا إِسْنَادَ لَهُمْ يَأْتُرُونَ بِهِ الْمُنْقُولَاتِ، وَهَكَذَا الْمُتَبَدِّلُونَ مِنْ هَذِهِ الْأُمَّةِ أَهْلُ الضَّلَالَاتِ، وَإِنَّمَا الْإِسْنَادُ لِمَنْ أَعْظَمَ اللَّهُ عَلَيْهِ الْمَنَّةَ أَهْلُ الْإِسْلَامِ وَالسُّنَّةِ، يُفَرِّقُونَ بِهِ بَيْنَ الصَّحِيحِ وَالسَّقِيمِ وَالْمُعْجُزِ وَالْقَوِيمِ وَغَيْرِهِمْ مِنْ أَهْلِ الْبِدْعِ وَالْكَفَّارِ إِنَّمَا عِنْدَهُمْ مَنْقُولَاتٌ يَأْتُرُونَهَا بِغَيْرِ إِسْنَادٍ، وَعَلَيْهَا مِنْ دِينِهِمُ الْإِعْتِمَادُ، وَهُمْ لَا يَعْرِفُونَ فِيهَا الْحَقَّ مِنَ الْبَاطِلِ، وَلَا الْحَالِي مِنَ الْعَاطِلِ. وَإِنَّمَا هَذِهِ الْأُمَّةُ الْمَرْخُومَةُ وَأَصْحَابُ هَذِهِ الْأُمَّةِ الْمُعْصُومَةُ: فَإِنَّ أَهْلَ الْعِلْمِ مِنْهُمْ وَالَّذِينَ هُمْ مِنْ أَمْرِهِمْ عَلَى يَقِينٍ، فَظَهَرَ لَهُمُ الصِّدْقُ مِنَ الْمَيِّنِ، كَمَا يَظْهَرُ الصُّبْحُ لِذِي عَيْنَيْنِ. عَصَمَهُمُ اللَّهُ أَنْ يَجْمَعُوا عَلَى خَطَا فِي دِينِ اللَّهِ مَقْضُولٍ أَوْ مَنْقُولٍ، وَأَمْرُهُمْ إِذَا تَنَازَعُوا فِي شَيْءٍ أَنْ يَرُدُّوهُ إِلَى اللَّهِ وَالرَّسُولِ كَمَا قَالَ تَعَالَى: (يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنْكُمْ فَإِنْ تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللَّهِ وَالرَّسُولِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ذَلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا).

‘ইসনাদ ও রিওয়ায়াতের পদ্ধতি এমন একটি নি’আমত যা আল্লাহ তা’আলা মুহাম্মাদ সা.-এর উম্মতকে বিশেষভাবে দান করেছেন এবং যা তিনি উপলব্ধি করার একটি সুযোগ করে দিয়েছেন। অতএব, আহলে কিতাবগণ তাদের বর্ণনা

সম্পর্কে যা প্রেরণ করে তাতে কোনো ইসনাদ নেই। একইভাবে, এই উম্মাহর বিপথগামী বিদাতীদের ক্ষেত্রেও। সুতরাং, ইসনাদ কেবল তাদেরই সুযোগ, যাদের উপর আল্লাহ তা'আলার অনুগ্রহ রয়েছে, অর্থাৎ ইসলামের লোকেরা এবং সুন্নাহর অনুসারী লোকেরা। এর মাধ্যমে তারা সহীহ ও মিথ্যা এবং খারাপ এবং সোজার মধ্যে পার্থক্য করে। বিদাতি ও কাফিরদের কাছে এমন কিছু প্রতিবেদন রয়েছে যা তারা কোনো ইসনাদ ছাড়াই বর্ণনা করে, আর যা তাদের জন্য শুধু তাদের বিশ্বাসের উপর নির্ভর করা হয়। অতএব, তারা মিথ্যা থেকে সত্য জানতে পারে না, এবং এর মধ্যে থেকে সজ্জিত (অলংকার দিয়ে) তা থেকে সত্য জানতে পারে না। এই সৌভাগ্যবান উম্মাহ এবং এই অদম্য জাতির অনুসারীদের জন্য, এর আলিম এবং এর মুত্তাকিরা তাদের নিজেদের এসব বিষয়ে সম্পূর্ণ দৃঢ়বিশ্বাসী। কারণ তাদের কাছে সত্য মিথ্যা থেকে স্পষ্ট, যেমন সকাল মানুষের দুচোখের জন্য পরিষ্কার। আল্লাহ তা'আলা তাদেরকে দ্বীনের যুক্তিভিত্তিক ও ওহীভিত্তিক বিষয়ে ভুল-ভ্রান্তি উপর একমত হওয়া থেকে রক্ষা করেছেন। আর আল্লাহ তা'আলা সংঘাতের সময় তাদেরকে নির্দেশ দিয়েছেন যে, তারা যেন বিষয়টি তাঁর কাছে ও তাঁর রাসূলুল্লাহ সা.-এর উপর্যস্ত করে, যেমনটি এই আয়াতে বলা হয়েছে, 'হে মুমিনগণ, তোমরা আনুগত্য কর আল্লাহর ও আনুগত্য কর রাসূলের এবং তোমাদের মধ্য থেকে কর্তৃত্বের অধিকারীদের। অতঃপর কোনো বিষয়ে যদি তোমরা মতবিরোধ কর তাহলে তা আল্লাহ ও রাসূলের দিকে ফিরাও যদি তোমরা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রাখ। এটি উত্তম এবং পরিণামে উৎকৃষ্টতর।' <sup>৫৭</sup>

অনেকটা একই প্রকারের কথা ইবন হায্ম র.ও নিজের গ্রন্থে <sup>৫৮</sup> এবং ইবনুল আরাবী স্বীয় গ্রন্থে <sup>৫৯</sup> বলেছেন।

সত্যতা জানার পাশাপাশি হাদীস সংগ্রহের এই পদ্ধতিটির আরেকটি সুবিধা আছে, কিছু হাদীস ব্যাখ্যা করা যায়, এবং কিছু বর্ণনাকারী হাদীসের অর্থ বর্ণনা করতে পারেন, বা কিছু অংশ ব্যাখ্যা করতে পারেন। ইমাম আহমাদ ইবন হাম্বল র. বলেন, 'হাদীসের বর্ণনাগুলো একত্রিত না হলে আপনি তা বুঝতে পারবেন না যে হাদীসগুলো একে অপরকে ব্যাখ্যা করে।' <sup>৬০</sup>

আল-হাফিয আবু জারাহ আল-ইরাকী র. বলেছেন,

الحديث إذا جمعت طرقه تبين المراد منه، وليس لنا أن نتمسك برواية وترك بقية الروايات

'কোনো হাদীসকে তার পথে (সবগুলো সূত্রকে) একত্রিত করলে তার অর্থ স্পষ্ট হয়ে যায়, এবং একজন মুসলিম পক্ষান্তরে একটি বর্ণনাকে আঁকড়ে ধরা এবং বাকী বর্ণনা ত্যাগ করা জায়িজ নয় যা এর পরিপূরক হতে পারে বা এর অর্থ স্পষ্ট করতে পারে।' <sup>৬১</sup>

ইমাম মুসলিম র. তাঁর 'আস-সহীহ' গ্রন্থের প্রস্তাবনায় বলেন,

إِنَّا نَعْبُدُ إِلَى جُمْلَةٍ مَّا أَسْنَدَ مِنَ الْأَخْبَارِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَتَقَسَّمُهَا عَلَى ثَلَاثَةِ أَقْسَامٍ، وَثَلَاثُ طَبَقَاتٍ مِنَ النَّاسِ عَلَى غَيْرِ تَكَرُّرٍ، إِلَّا أَنْ يَأْتِيَ مَوْضِعٌ لَا يُسْتَعْنَى فِيهِ عَنْ تَرْدَادِ حَدِيثٍ فِيهِ زِيَادَةٌ مَعْنَى، أَوْ إِسْنَادٌ يَقَعُ إِلَى جَنْبِ إِسْنَادٍ، لَعَلَّه تَكُونُ هُنَاكَ، لِأَنَّ الْمَعْنَى الرَّائِدَ فِي الْحَدِيثِ الْمُتَحْتَاجَ إِلَيْهِ يَقُومُ مَقَامَ حَدِيثٍ تَامٍ، فَلَا بُدَّ مِنْ إِعَادَةِ الْحَدِيثِ الَّذِي فِيهِ مَا وَصَفْنَا مِنَ الزِّيَادَةِ، أَوْ أَنْ يُفَصَّلَ ذَلِكَ الْمَعْنَى مِنْ جُمْلَةِ الْحَدِيثِ عَلَى اخْتِصَارِهِ إِذَا أُمْكِنَ، وَلَكِنْ تَفْصِيلُهُ زَيْدًا عَسَرَ مِنْ جُمْلَتِهِ، فَعَادَتُهُ بِحَيْثُ إِذَا ضَاقَ ذَلِكَ أَسْلَمَ.

'আল্লাহ চান তো হাদীস সংকলনের কাজে আমি একটি নীতি অবলম্বন করে এগিয়ে যাব। আর তা হচ্ছে রাসূলুল্লাহ সা. থেকে যে সব হাদীস অবিচ্ছিন্ন সনদ পরম্পরায় (মুত্তাসিল) বর্ণিত হয়ে আসছে, আমি শুধু সেগুলো থেকেই সংকলন করব। অতঃপর বর্ণনাকারীদের তিনটি স্তর অনুযায়ী হাদীসগুলোকে পূরণ ছাড়া তিন ভাগে বিভক্ত করব বলে ইচ্ছা করেছি। তবে যদি কোনো হাদীসের পুনরুল্লেখ অপরিহার্য হয়ে পড়ে তাহলে ভিন্ন কথা। এর দুটি কারণ-প্রথমত পরবর্তী বর্ণনায় কিছু বাড়তি বিষয় আছে। দ্বিতীয়ত. কোনো বিশেষ কারণে একটি সনদের সমর্থনে আরেকটি সনদ আনার প্রয়োজন হয়। কেননা, একটি বর্ণিত বিষয় একটি পূর্ণ হাদীসে স্থলাভিষিক্ত হয় বলে পুনরায় উল্লেখ করা প্রয়োজন। কিংবা যদি সম্ভব হয়, তাহলে আমরা এ বর্ণিত অংশটুকু সংক্ষিপ্ত আকারে পূর্ণ হাদীস থেকে পৃথক করে বর্ণনা করব। তবে অনেক সময় পূর্ণ হাদীস থেকে সে অংশ পৃথক করা কঠিন হয়ে পড়ে বলে পূর্ণ হাদীসটির পুনরাবৃত্তি করাই নিরাপদ।' <sup>৬২</sup>

সনদের ভিত্তিতে গ্রহণযোগ্যতা যাচাই এবং হাদীসের পদ্ধতি সম্পর্কে কিছু অভিযোগ ও তার জবাব সম্পর্কে সুনির্দিষ্ট বিবরণ উসলে রয়েছে। আলিমগণ ইসনাদ (বর্ণনাকারীদের শৃঙ্খল) এবং মতন (হাদীসের পাঠ্য) অধ্যয়ন করেন এবং এটি গ্রহণ বা প্রত্যাখ্যান করা হবে কিনা তা নির্ধারণ করেন। এই কারণেই রাবীর ধারাবাহিকতার প্রয়োজন যাতে নবী করীম সা.-এর সাথে এমন কিছু যোগ না করা যায়, যা তার বক্তব্য নয়। এখানে হাদীস বিশারদগণ হাদীস গ্রহণের জন্য বর্ণনার শৃঙ্খলকে ভিত্তি

বানিয়েছেন। একটি হাদীস গৃহীত হয় না যদি এটির পরিচ্ছন্ন শৃঙ্খল না থাকে। এর প্রথম কারণ হলো একটি হাদীসের শৃঙ্খল থাকে যা থেকে কেউ নিশ্চিত হতে পারে যে এই হাদীসটি কার নিকট থেকে এসেছে। নবীর হাদীস থেকে মন্দকে দূর করার জন্য, সাহাবীদের সময় থেকে সনদের যাচাই-বাছাই হাদীস বিশারদদের দ্বারা ব্যবহৃত সর্বশ্রেষ্ঠ উপায়।

এটি এমন একটি পদ্ধতি যা থেকে কেউ বর্ণনার সত্যতা, এর শর্ত, প্রকার ও বিধানগুলো জানতে পারে এবং জানতে পারে বর্ণনাকারীদের মর্যাদা, তাদের অবস্থা, বর্ণনাকারীদের ধরন এবং তাদের সাথে সম্পর্কিত সবকিছু।<sup>৬৩</sup> এই পদ্ধতির মাধ্যমে অর্থাৎ সনদের উপর ভিত্তি করে কীভাবে কোনো ঘটনার সত্য মিথ্যা যাচাই করা হয়। এটা অনেক অনেক বড়ো একটি টপিক যা এখানে বলে বুঝানো সম্ভব নয়। এই বিষয়ে অনেক বড়ো বড়ো গ্রন্থেও রয়েছে, হাদীস শাস্ত্রে উসূলগুলো জানতে গেলেই ভালো ভাবে বিষয়টা বুঝতে পারবেন। তারপরও ছোট করে কয়েকটা কথা বলি বুঝানোর জন্য, সনদে সকল রাবী পরিচিত কিনা, সনদের রাবীদের স্মৃতিশক্তি কখন কেমন ছিল, স্মৃতিশক্তি কতটা শক্তিশালী, তারা সত্যবাদী কিনা, তারা মিথ্যা বানোয়াট কাহিনি বলতো কিনা, হাদীস জাল করার কোনো প্রমাণ রয়েছে কিনা, হাদীস বর্ণনায় ভুল করত কিনা, তাদের সত্যবাদিতা কী রকম, তাদের কার যোগ্যতা কেমন, সনদে বিচ্ছিন্নতা রয়েছে কিনা, সনদে কোনো রাবী অন্য রাবীর নাম গোপনকারী কিনা, সনদের রাবীদের যে সিরিয়াল তা অনুসারে বাস্তবে তাদের মাঝে সাক্ষাৎ হয়েছিল কিনা, কোনো রাবী সনদ বা মতন উলটা পাঁটা করে ফেলত কিনা, তারা ব্যক্তি হিসেবে কেমন ছিল, তার উস্তাদ ও ছাত্র কারা কারা ছিল, কেমন আকীদাহ পোষণ করত, কুরআন ও শক্তিশালী কোনো প্রমাণের বিরুদ্ধে যায় কিনা, সমার্থক হাদীস রয়েছে কিনা, রাবী নিজের কথা হাদীসের মতনে প্রবেশ করিয়েছে কিনা ইত্যাদি বহু কিছু বিচার বিবেচনায় এনে তারপর ইসলামে কোনো হাদীস বা ঘটনা সত্য ও কোনটা সত্য নয় তার ফয়সালা দেওয়া হয়। বিষয়টা সংক্ষেপে দেখে খুব সহজ মনে হতে পারে, কিন্তু যখন আরো বিস্তারিত পড়ে দেখবেন তখন বুঝতে পারবেন এর বিশালতা আরো কত বেশি। আরো বহু কিছু রয়েছে যা দুই একটা কথা বলে বুঝানো এত সহজ নয়।

এখন কাফেরদের অনেকে বলতে পারে বা বলেছে মুহাদ্দিসরা নিজেদের পরিচিত রাবীদের বেলায় পক্ষপাতিত্ব করে থাকতে পারে, কিন্তু আমরা রিজালশাস্ত্র ও মুহাদ্দিসগণের করা জারাহ দেখলেই বুঝতে পারি যে মুহাদ্দিসগণ হাদীস নিয়ে এত বেশি কঠোর ছিলেন যে নিজের বন্ধু, নিজের আপন ভাই, নিজের আপন পিতাকে পর্যন্ত হাদীস বর্ণনার ক্ষেত্রে জয়ফ, মুনকার, মিথ্যাবাদী আখ্যায়িত করতে দ্বিধা করেন নি। তারা কখনোই অন্যায় ভাবে পক্ষপাতিত্ব করতেন না।<sup>৬৪</sup> এমনকি আকীদায় ভিন্ন হওয়া শর্তেও শী‘আ রাবীকে হাদীস বর্ণনায় সত্যবাদী, বিশ্বস্ত বলতেও পিছপা হননি।<sup>৬৫</sup>

কিন্তু তারপরও যদি কেউ ভুল করে বা ব্যক্তিগত আক্রোশের কারণে কোনো রাবীর নামে কোনো ভুল আরোপ করেও থাকে তাহলেও অন্য মুহাদ্দিসগণ সেটাকে গ্রহণ না করে যেটা সঠিক সেটাই গ্রহণ করতেন।<sup>৬৬</sup>

আল্লামা আল-মুয়াত্ত্বিমি র. বলেন,

يقول العلامة المعلمي رحمه الله: ‘ولكن هل راعوا العقل في قبول الحديث وتصحيحه؟

أقول: نعم، راعوا ذلك في أربعة مواطن: عند السماع، وعند التحديث، وعند الحكم على الرواة، وعند الحكم على الأحاديث فالمثبتون إذا سمعوا خبراً تمتنع صحته أو تبعد لم يكتبوه ولم يحفظوه، فإن حفظوه لم يحدّثوا به، فإن ظهرت مصلحة لذكره ذكره مع القدر فيه وفي الراوي الذي عليه تبعته. قال الإمام الشافعي في الرسالة (ص ٣٩٩): وذلك أن يستدل على الصدق والكذب فيه بأن يحدث المحدث ما لا يجوز أن يكون مثله أو ما يخالفه ما هو أثبت أو أكثر دلالات بالصدق منه

‘কিন্তু তারা কি কোনো হাদীস গ্রহণ করার সময় এবং এটিকে সঠিক হিসেবে বিবেচনা করার সময় যুক্তির প্রতি মনোযোগ দিয়েছে?

আমি বলছি: হ্যাঁ, তারা চারটি বিষয়ে মনোযোগ দিয়েছিল: যখন তারা হাদীসটি শুনেছিল, যখন তারা এটি বর্ণনা করেছিল, যখন তারা বর্ণনাকারীদের উপর রায় দিয়েছিল এবং যখন তারা হাদীসের উপর রায় দিয়েছিল।

এই ক্ষেত্রে সুদক্ষ পণ্ডিতরা যখন এমন একটি প্রতিবেদন শুনতেন যা ভালো হতে পারে না, বা খুব ভাল হওয়ার সম্ভাবনা ছিল না, তখন তারা এটি লিখে রাখতেন না বা মনে রাখতেন না, এবং যদি তারা এটি মনে রাখতেন তবে তারা এটি অন্যদের কাছে বর্ণনা করতেন না।

যদি কোনো স্বার্থ থাকে যা এটি উল্লেখ করে হাসিল করা যেতে পারে, তবে তারা তা উল্লেখ করতেন এবং প্রতিবেদনের সমালোচনা করে এবং বর্ণনাকারীর দোষ উল্লেখ করতেন (যেন অন্যরা) তা অনুসরণ করে। ইমাম আশ্-শাফি‘ঈ র. আর-রিসালায় (পৃ. ৩৯৯) বলেছেন, একজন বর্ণনাকারী সত্য বলছেন বা মিথ্যা বলছেন কিনা তা নির্দেশ করতে পারে যখন একজন বর্ণনাকারী এমন একটি প্রতিবেদন বর্ণনা করেন যা সত্য হতে পারে না, বা এটি অন্য কোনোও সত্যপ্রতিবেদনের বিপরীত বা এটি প্রমাণ করার জন্য আরও প্রমাণ রয়েছে।<sup>৬৭</sup>

তিনি আরো বিস্তারিত আলোচনা করতে গিয়ে অনেকটা এমন কিছু বলেছেন (নিজের মত করে উপস্থাপন করলাম), বর্ণনাকারীদের মধ্যে এমন একদল আছে যারা যা শোনে এবং বর্ণনা করে সে সম্পর্কে খুব নমনীয়, কিন্তু ইমামগণ (শীর্ষস্থানীয় আলিমরা) বর্ণনাকারীদের সত্যতা যাচাইয়ের জন্য অপেক্ষা করেছেন। আপনি যে হাদীসগুলো গ্রহণযোগ্য নয় সেই ইসনাদে এক বা দুজন বর্ণনাকারী বা একদল বর্ণনাকারী পাবেন যাদের বিষয়ে মুহাদ্দিসিনদের জারাহ রয়েছে। আমরা দুর্বল বর্ণনাকারীদের জীবনীতে বা ত্রুটিপূর্ণ এবং বানোয়াট প্রতিবেদনের কথা বলে এমন বইগুলোতে অর্থাৎ রিজাল শাস্ত্রে এটি প্রচুর পরিমাণে পাই, যাদের সমালোচনা করেছেন ইমামরা ও কার বর্ণনা কেন গ্রহণযোগ্য নয় তা নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন। যেসব আলিম হাদীস পরীক্ষা করেছেন তারা বর্ণনাকারীকে বিশ্বাসযোগ্য বলে গণ্য করতেন না যতক্ষণ না তারা তার বর্ণিত হাদীসগুলোকে একে একে পরীক্ষা করে না দেখেন।

হাদীসের সঠিকতা যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে আলিমগণ অত্যন্ত মনোযোগী, কঠোর ও সতর্ক ছিলেন। যে সকল নেতৃস্থানীয় পণ্ডিতগণ হাদীসগুলো পরীক্ষা করেছিলেন তারা বুঝতে পেরেছিলেন যে তাদের মধ্যে এমন কিছু হাদীস রয়েছে যা কিছু কালাম এবং তাদের অনুসারীদের পক্ষে গ্রহণ করা হয়তো কঠিন হতে পারে, তবে তারা সেগুলোকে ধর্মীয় গ্রন্থ অনুসারে বিশ্বাসযোগ্য যুক্তি অনুসারে বলে মনে করেছেন এবং তা গ্রহণযোগ্য হওয়ার অন্যান্য সমস্ত শর্ত পূরণ করেছিল। তাছাড়া, তারা আল-কুরআনুল কারীমের এমন অনেক আয়াত খুঁজে পেয়েছেন যা এর সাথে সামঞ্জস্যপূর্ণ বা একই ধারণার কথা বলে। এটি কালামের পণ্ডিতদের পক্ষে মনে নেওয়াও কঠিন, তবে হাদীস বিশারদরা জানেন যে নবী করীম সা. কুরআনে বিশ্বাস করতেন এবং অনুসরণ করতেন, তাই এটি খুব সম্ভব যে তিনি এমন কিছু বলবেন যা কুরআনে যা আছে তার অনুরূপ অর্থ বহন করে।<sup>৬৮</sup>

বহু প্রাচ্যবিদের দাবি হাদীস বিশারদগণ নাকি হাদীস গ্রহণের ক্ষেত্রে পক্ষপাতিত্ব করেছেন, যে হাদীসগুলো নিয়ে সমালোচনা বা আপত্তি উঠতে পারে সেই হাদীসগুলো নাকি মুহাদ্দিসগণ লুকিয়ে গেছেন এবং নিজের স্বার্থের হাদীসগুলোর ত্রুটিও নাকি লুকিয়েছেন। এই দাবিটি কতটা হাস্যকর তা কল্পনাশীত। কারণ হাদীস বিশারদগণ যারা ইতিহাস লিখছেন তারা যদি পক্ষপাত করতেন তাহলে স্যাটানিক ভার্চ ও সূরা নাজমের সিজদার বিতর্কিত কাহিনি ইসলামের কোনো ইতিহাসের পাতাতেই থাকত না। যদিও কাহিনিগুলো সত্য নয় তা প্রমাণিত। ঠিক একই ভাবে আরো বলা যায় যেমন মুসলিম লেখকগণ অমুসলিমদের বহু অভিযোগের জবাব দিয়ে থাকেন হাদীস সম্পর্কিত, অনেক য'ঈফ ও জাল হাদীস দেখিয়েও অমুসলিমরা বিভিন্ন অভিযোগ করে থাকে। যদি ইতিহাস সংগ্রহে পক্ষপাতিত্ব করা হতো তাহলে এসব একটাও হাদীস যেগুলো নিয়ে অমুসলিমরা অভিযোগ করে সেগুলোর অস্তিত্ব পাওয়া যেত না। শুধু এই একটি বিষয় দ্বারাই প্রথম অভিযোগটি খণ্ডন হয়ে যায়। আর তাদের দ্বিতীয় অভিযোগটি দেখে মনে হচ্ছে যে সকল হাদীস বিশারদই সম্ভবত নিজের স্বার্থ হাসিলের মত কোনো হাদীস সর্বপ্রথম পাওয়া মাত্রই দুনিয়ার বিভিন্ন প্রান্ত থেকে এসে একত্র হয়ে একই সময়ে একই বিষয়ে সকলে যুক্তি পরামর্শ করে সিদ্ধান্ত নিয়েছে। সকলেই ত্রুটিযুক্ত হাদীসটির ত্রুটি লুকিয়ে যাবেন ও কেউ কোনো কিতাবে সেই ত্রুটি উল্লেখ করবেন না। এই যাবতীয় চিন্তাও আসে কী করে মাথায়! এই দাবিটির মত কিছু ঘটনা যে অসম্ভবই তা একদম কমনসেন্সের বিষয়। কারণ আপনারা নিজেরাই একটু নিজের মস্তিষ্ক ব্যবহার করে চিন্তা করলেই উপলব্ধি করতে পারবেন।

হাদীসের জন্য রিওয়াযাত (বর্ণনা) পরীক্ষার সর্বোত্তম পদ্ধতি অনুসরণ করা হয়েছে। সূক্ষ্মতা ও সাফল্যের বিচারে পাশ্চাত্যের আধুনিকতম ইতিহাস পরীক্ষার পদ্ধতিও এর সঙ্গে তুলনীয় নয়। হাদীস বিশারদগণ সূক্ষ্মাতি সূক্ষ্মভাবে যাচাই বাছাই করে অনুপ্রবেশকৃত মিথ্যা বর্ণনা কর্তন করে বিশুদ্ধ বর্ণনা আমাদের জন্য কিতাব আকারে সাজিয়ে রেখে গেছেন। মুহাদ্দিসগণ কতটা কঠোর ছিলেন হাদীস সংগ্রহ ও বর্ণনার বেলায় তা কল্পনাও করা যায় না। মুহাদ্দিসগণের মাঝে কঠিন নীতি ছিল যেন জেনে শুনে অগ্রহণযোগ্য হাদীসকে সহীহ না বলা হয়।<sup>৬৯</sup> হাদীস কার থেকে বর্ণনা করা হচ্ছে সেই বিষয়ে যত কঠোর ছিলেন মুহাদ্দিসগণ ঠিক তেমনই কার থেকে ইলম নিচ্ছে সেই বিষয়েও কঠোর ছিলেন, কারণ মুহাদ্দিসগণের মতে জ্ঞানই হল ধর্ম, তাই সে কেমন, আকীদাহ কি, গ্রহণযোগ্য কিনা, সত্যবাদী ও হকের উপর আছে কিনা, দলীল দিয়ে ভুল সুধরানোর মনমানসিকতা রাখে কিনা ইত্যাদি বিষয়ে সতর্ক থাকতেন ও থাকতে উপদেশ দিতেন। কার থেকে হাদীস শুনছেন সেই দিকে খেয়াল রাখতেন, সনদ না উল্লেখ করলে তারা সেই হাদীস গ্রহণ করতেন না, এমনকি কেউ সনদ না দিতে চাইলে তার থেকে হাদীসও গ্রহণ করতেন না। আর হাদীস বিশারদদের দক্ষতা, সত্যতা, যোগ্যতা, মেহনত ও প্রচেষ্টা নিয়ে জ্ঞানী ব্যক্তির নিশ্চিন্ত ছিলেন।<sup>৭০</sup>

৯৭ হিজরীতে জন্ম নেওয়া বিখ্যাত ইমাম সুফিয়ান আছ-ছাওরী র. এর মুখ থেকেই এই ইসনাদ পদ্ধতি ও রিজালশাস্ত্রের সফলতা সম্পর্কে শুনে নেওয়া যাক। তিনি বলেন,

عندما اخترع الكذابون أسانيد كاذبة استخدمنا ضدهم تاريخ الرواة

‘যখন মিথ্যাবাদীরা মিথ্যা প্রমাণ করেছিল, তখন আমরা তাদের বিরুদ্ধে বর্ণনাকারীদের ইতিহাস ব্যবহার করেছি।’<sup>৭১</sup>

জানেন কেন এত কঠোরতা? কারণ মুসলিমদের মনে আখিরাতের ভয় রয়েছে ও আল্লাহর রহমত রয়েছে। হাদীস সংকলনের পদ্ধতির বেলায় সকল কার্যক্রম, সতর্কতা কুরআন ও সুন্নাহর দিক-নির্দেশনা অনুসারেই অবলম্বন করা হয়েছিল।<sup>৭২</sup> অপরদিকে অমুসলিমদের থেকে পাওয়া ইতিহাস কেমন? আশা করি আপনারা খুব ভালো করেই জানেন যে তাদের ইতিহাসের সত্যতা প্রমাণের তেমন কোনো আহামরি শক্তিশালী ভিত্তি নেই। বেশির ভাগ ইতিহাসই ঘটনা ঘটে যাওয়ার বহু বছর পরে লিখিত হয়, এমন রেকর্ডও আছে মূল ঘটনার ২.৫-৩ শত বছর পরে সেই ঘটনার বিষয়ে অফিসিয়ালি লিপিবদ্ধ করা শুরু হয়েছিল, ইনশাআল্লাহ এই বিষয়ে পরবর্তীতে কোনো সময় বিস্তারিত আলোচনা করার চেষ্টা করব। অপর দিকে ইসলামে পুরো সুগঠিত একটি সিস্টেম তৈরি হয়েছে ইতিহাস রিজার্ভ করতে গিয়ে, যার সত্যতা প্রমাণের সবচেয়ে শক্তিশালী ভিত্তি রয়েছে। যদি ইসলামের ইতিহাসের উপর কেউ প্রশ্ন তুলে তারাও কেউ অমুসলিমদের ইতিহাসকে সত্য বলার মত কোনো ভিত্তিই দেখাতে পারবে না।

এখন হয়তো অনেকেই বলতে পারে বর্তমানেও তো তাহলে কেউ সনদ বানিয়ে কোনো হাদীস বর্ণনা করতে পারবে! পয়েন্টটা ঠিক কিন্তু এখানেও কিছু বিষয় লক্ষণীয়। কেউ যদি বর্তমানে কোনো জাল হাদীস বানায় ও জাল সনদ বানায় তাহলেও সেটা ধরা পড়ে যাবে, কারণ সেই সনদের ধারাবাহিকতা, রাবীদের যোগ্যতা ইত্যাদিতো সুস্পষ্ট করে লিখাই রয়েছে রিজালশাস্ত্রে। জাল হাদীস বানাতে গেলেই কোনো না কোনো দিক দিয়ে চরম সমস্যার সম্মুখীন হতেই হবে। তারপরও আলোচনা সাপেক্ষে মনে করে নিচ্ছি কেউ রিজাল শাস্ত্রের উপর উচ্চতর দক্ষতা অর্জন করে এমন বানোয়াট সনদ তৈরি করল যাতে কোনো ত্রুটি নেই, তাহলেও হাদীসটি যে জাল তা ধরা পড়ে যাবে। এখন প্রশ্ন আসতেই পারে সেটা কী করে! এর উত্তর একদমই সহজ, কেউ যদি কোনো সনদে কোনো হাদীস বর্ণনা করে নিশ্চয়ই সেটা কোনো না কোনো প্রাচীন হাদীস গ্রন্থে থাকবেই। যদি কোনো কিতাবেই তার উল্লেখ না থাকে তাহলে সহজই প্রমাণিত হয়ে যাবে হাদীসটি বানোয়াট। কারণ বর্তমান যুগ অতীতের সেই হাদীস সংকলনের যুগের মত নয় যেখানে নতুন নতুন সনদে হাদীস বর্ণিত হচ্ছে, অথচ অতীতের কোনো হাদীস শাস্ত্রের কিতাবে যদি তা উল্লেখ না থাকে তাহলে সেই সনদ যে বানোয়াট সেটা খুব সহজেই প্রমাণিত হয়ে যায়। এখন কেউ এটাও বলতে পারে যে অতীতেওতো জাল সনদ বানানোর সুযোগ ছিল! এই কথাটাও চরম বাস্তব এমনকি এই কাজ বহু হাদীস জালকারী করেছেও, আপনারা জাল হাদীস নিয়ে রচিত কিতাবগুলো যদি পড়ে দেখেন তাহলে সেখানেই প্রমাণ পেয়ে যাবেন ইনশাআল্লাহ। কিন্তু মুহাদ্দিসগণ সেগুলোও খুব সহজে বের করতে সক্ষম ছিলেন। কারণ সাধারণ যেকোনো মানুষ থেকে হাদীস গ্রহণ করা হতো না, এবং সাধারণ যেকোনো মানুষ বর্ণনা করলেও তা গ্রহণযোগ্য হতোই না, যাদের বিষয়ে নিশ্চিত হওয়া যেত যে হাদীসের রাবী সে বা তারা তাহলেই তাদের থেকেই হাদীস গ্রহণ করা হত। আর হাদীস গ্রহণ করার পূর্বেই বা পরে আলিমগণ সেই রাবীর বিস্তারিত বায়োডাটা খুঁজে বের করে ফেলতেন, যার মাধ্যমে তারা সেই রাবীর আচার-আচরণ, কর্মকাণ্ড, আকীদাহ, অভ্যাস, চরিত্র, সত্যতা সম্পর্কে খুব সহজেই জেনে যেতেন। সেই রাবী যদি এর আগেও একই কাজ করে থাকে ও সেই সময়ে তাকে যে মুহাদ্দিস দেখেছেন তার জারাহ থেকেও তার জালিয়াতি সম্পর্কে জানতে পারা যায়। এছাড়া তারা যে রাবীদের নামে বানোয়াট সনদ তৈরি করছে তারা যদি সমসাময়িক হতেন অর্থাৎ জীবিত থাকতেন তাহলেতো তারাই স্বীকারোক্তি দিয়ে দিতেন যে হাদীস বানোয়াট। সনদ যে বানোয়াট সেটা মুহাদ্দিসগণ বুঝতে পারতেন। কিন্তু এখানে সংক্ষেপায়ন করা হয়েছে।

আরেকটি অভিযোগ দেখা যায়, হাদীস রাসূলুল্লাহ সা-এর দুই থেকে আড়াইশত বছর পরে সংকলিত করা হয়েছে, এটাই প্রমাণ করে হাদীস সংকলনের পদ্ধতির দুর্বলতা। কিন্তু দুঃখের বিষয় এই যে বা যারা এই অভিযোগ করে থাকে তারা যে চরম অজ্ঞতায় নিমজ্জিত তারা হয়তো নিজেরাও যা কখনো উপলব্ধি করতে পারেন নি। এর কারণ হলো, আমরা অতীতের বহু কিতাব থেকে জানতে পারি ‘সহীফায়ে সাদিকা’ নামক হাদীস সংকলনের কিতাব যা সংকলন করেছেন আব্দুল্লাহ ইবন আমর ইবন আস (রা)। ‘সহীফা হাম্মাম ইবন মুনাবিহ’ যা আবু হুরায়রা রা. এর ছাত্র হাম্মাম ইবন মুনাবিহ সংকলন করেন। তিনি ওহাব ইবন মুনাবিহ এর ভাই ছিলেন। সেই হিসেবে হাদীস গ্রন্থটি হিজরী ৫৮ সালের আগেই সংকলিত।

এছাড়া আরেক সাহাবী আবু মূসা আল আশ‘আরী রা. থেকেও একটি সহীফার কথা জানা যায় যার নাম হল ‘সহীফা আবু মূসা আল আশ‘আরী’। জাবির ইবন আব্দুল্লাহ রা. থেকেও ‘সহীফা জাবের ইবন আব্দুল্লাহ’ নামে একটি হাদীস সংকলনের কিতাব সম্পর্কে জানা যায়। এছাড়া সাহাবীদের থেকে আরো কিছু হাদীসের সংকলন পাওয়া যায় সেগুলো হলো, ‘সহীফাতু সাদ ইবন উবাদা’, ‘সহীফা আব্দুল্লাহ ইবন আবু আওফা’, ‘সহীফা আবু সালামা আল আশজাজি’, ‘কিতাবুছ ছিকাহ’, ‘সহীফায়ে আমর ইবন হাযম’, ‘সহীফায়ে আলী’, ‘সহীফায়ে ওয়ায়েল ইবন হুজর’, ‘সহীফায়ে সামুরা ইবন জুনদাব’, ‘সহীফায়ে আনাস ইবন মালেক’, ‘সহীফায়ে আব্দুল্লাহ ইবন আব্বাস’, ‘সহীফায়ে উমর ইবনুল খাত্তাব’, ‘সহীফায়ে উসমান’, ‘সহীফা আব্দুল্লাহ ইবন মাস‘উদ’, ‘মাজমুয়া মুগীরা ইবন শু‘বা মুসনাদু আবু হুরায়রা’, ‘রিওয়াযাতে আয়েশা সিদ্দীকা’, ‘মাকতুবাতে হযরত নাবি’, ‘সহীফায় বশীর ইবন নাহীক’ ইত্যাদি।<sup>৭৩</sup>

এগুলো ছাড়াও হাদীস গ্রন্থসমূহের মধ্যে ইমাম মালিকের (মৃত ১৭৯ হি.) ‘আল-মুয়াত্তা’ সর্বপ্রথম ও সর্বপ্রধান প্রামাণ্য হাদীসগ্রন্থ। তিনি প্রায় একলক্ষ হাদীস থেকে প্রায় একহাজার নয়শ হাদীস সংকলন করেছেন। এর পূর্বে ইমাম আবু হানীফা (১৮০ হি.) দেশ-দেশান্তরে সফর করে ৪০ হাজার থেকে সহীহ ও আমলযোগ্য আহকামের হাদীসগুলো বাছাই করে তিনি একটি হাদীসের কিতাব লিখেন, যার নাম ‘কিতাবুল আছার’। আল-জামি’ সুফিয়ান আছ-ছাওরী, মুসনাদু উবায়দুল্লাহ ইবন মুসা, মুসনাদুল হুমায়দী, মুসনাদু মুসাদ্দাদ ইবন মাসারহাদ, মুসনাদ আবু দায়ূদ তায়ালিসী ইত্যাদি হাদীসগ্রন্থ এগুলো ইমাম বুখারীর অনেক অনেক পূর্বেই লিখা হয়েছে। এগুলো প্রায় ১০০ থেকে ২০০ হিজরির মধ্যে লিখা হয়েছে। যদিও বহু মুসান্নাফ, সহীফা, মুসনাদ বা হাদীস সংকলনের কিতাব সমূহ কালের বিবর্তনে হারিয়ে গেছে কিন্তু তারপরও আমরা সেগুলোর অস্তিত্ব থাকার কথা পরবর্তী আলিমদের কিতাবাদিতেই পেয়ে যাই, এমনকি সাহাবীগণের সংকলিত বহু হাদীসের কিতাব থেকে হাদীস পরবর্তীতে মুসনাদ আহমদ, মুসনাদদরাকে হাকিম, মুসান্নাফে আবী শায়বাহ, মুসনাদ আল-বাজ্জার, সহীহ ইবন খুযায়মার মত প্রাচীন হাদীস গ্রন্থে সংকলন করা হয়েছিল।

ইসলামী রাষ্ট্রের বিভিন্ন কেন্দ্রে হাদীস সংকলন ও গ্রন্থ প্রণয়ন ও ফিকহি বিষয়ে কাজ করেছেন ও বিভিন্ন কিতাব লিখেছেন, তাদের মধ্যে খুব পরিচিত কিছু মনীষী হলেন, মক্কায় ইবন জুরাইজ (মৃত ১৫০ হি.); ইবন ইসহাক (মৃত ১৫২ হি.), মদীনায় সাঈদ ইবন আবু আরজা (মৃত ১৫৬ হি.), রব্বাই ইবন সুবাইহ (মৃত ১৬০ হি.) ও মালিক ইবন আনাস (মৃত ১৭৯ হি.); বসরায় হাম্মাদ ইবন সালামাহ (মৃত ১৭৬ হি.) ও ইবন আরবাবা; কূফায় সুফিয়ান আছ-ছাওরী (মৃত ১৬১ হি.); সিরিয়ায় আবু আমর আল-আওয়ালী (মৃত ১৫৬ হি.); ওয়াসতে হুশাইম (মৃত ১৮৮ হি.); লাইস ও ইবন লাহইয়া; খুরাসানে আব্দুল্লাহ ইবন মুবারক (মৃত ১৮১ হি.); ইয়ামানে মা’মার (মৃত ১৫৩ হি.); রায় শহরে জারীর ইবন আবদুল হামিদ (মৃত ১৮৮ হি.)।<sup>৭৪</sup> আবদুল্লাহ ইবন মুবারক রা. (মৃত ১৮১ হি.), আবদুল্লাহ ইবন ওহাব (মৃত ১৯৫ হি.); আবদুর রহমান ইবনুল কাসিম (মৃত ১৯১ হি.) ও আশহব (২০৪ হি.), ইসহাক ইবন রাহওয়াই (২৩৮ হি.), ইমাম শা’বী (মৃত ১০৪ হি.), হুশায়ম ইবন বশীর ইবন আবু হাযিম (মৃত ১৮৩ হি.), আবদুর রায়যাক ইবন হাম্মাম আস-সান’আনী (২৩৫ হি.), মা’মার ইবন রাশিদ (মৃত ১৫৪ হি.), আদ-দারিমী (মৃত ২৫৫ হি.), ইমাম মকহুল (মৃত ১৩৪ হি.) আর ইমাম আয-যুহরী র.ও যিনি ১২৩-২৫ হিজরী সনের মধ্যে কোনো এক সময় ইস্তিকাল করেন।

#### ৭. ইসনাদের পদ্ধতি সম্পর্কে বিভিন্ন মনীষীর নিরপেক্ষ মন্তব্য

ইসনাদের পদ্ধতি সম্পর্কে নিরপেক্ষ দৃষ্টিতে কিছু বক্তব্য দেখে আমরা উপলব্ধি করতে পারব। নিম্নে মনীষীগণের মতামত গুলো বর্ণনা করা হলো :

##### ১. খতীব আল বাগদাদী র. লিখেছেন,

لبحث في الإسناد مهم جداً في علم الحديث، من أجل التوصل إلى معرفة الحديث الصحيح من غير الصحيح، إذ إنه كلما ترداد الحاجة يشند نظام المراقبة، فعندما انتشر الحديث بعد وفاة النبي ﷺ اشتد الاهتمام بنظام الإسناد، وعندما بدأ السهو والنسيان يظهران كثر اللجوء إلى مقارنة الروايات، حتى أصبح هذا المنهج مألوفاً معروفاً عند المُحَدِّثِينَ؛ إذ إنه لا يمكن الوصول إلى النص السليم القويم إلا عن طريق البحث في الإسناد، والنظر الموازنة والمقارنة فيما بين الروايات والطرق. من هنا ندرك سر اهتمام المُحَدِّثِينَ بِهِ، إذ جالوا في الآفاق يَنْقُرُونَ أو يبحثون في إسناد، أو يقعون على علة أو متابعة أو مخالفة، وكتاب

‘ভুল হাদীস থেকে সহীহ হাদীসকে আলাদা করার জন্য হাদীসশাস্ত্রে ইসনাদ (চেইন অব ট্রান্সমিশন) নিয়ে গবেষণা খুবই গুরুত্বপূর্ণ, কারণ যখন প্রয়োজন হয় তখন এই গবেষণা/বিশ্লেষণ/পর্যবেক্ষণও জোরদার হয়। রাসূলুল্লাহ সা এর মৃত্যুর পর যখন হাদীসগুলো প্রচারিত হওয়া শুরু করলো, ছড়িয়ে পড়া শুরু করলো, এবং তার মধ্যে অনেকের ভুলে যাওয়া কিংবা কনফিউশন সৃষ্টি হওয়া আরম্ভ হলো, অনেকেই যখন বর্ণনাগুলোর মধ্যে তুলনা করতে আরম্ভ করলেন তখন এই ইসনাদ ব্যবস্থার প্রতি আগ্রহ তীব্রতর হলো লোকদের। কারণ সনদ খোঁজা, বিশ্লেষণ, বর্ণনা ও পদ্ধতির তুলনা করা ছাড়া হাদীসের সঠিক শব্দে [বর্ণনায়] পৌঁছানো সম্ভব নয়। আমরা এখান থেকে বুঝতে পারি মুহাদ্দিসগণের আগ্রহের রহস্য কী। তারা হাদীসের সনদের দুনিয়ায় বিচরণ করতেন, যদি সমস্যা/বৈপরিত্য/বিচ্ছিন্নতা থাকতো তাঁরা নিজেদের কিতাবে তা উল্লেখ করতেন।’<sup>৭৫</sup>

##### ২. ইবনুস সালাহ র. বলেছেন,

হাদীস বিজ্ঞানটি (সংকলনের পদ্ধতি) পুণ্যবিজ্ঞানের মধ্যে সর্বোত্তম এবং বিভিন্ন শাখার মধ্যে সর্বাধিক উপকারী। হাদীস বিজ্ঞানের ভূমিকা প্রভাবশালী। ‘এটি পুরুষদের মধ্যে সম্ভ্রান্তদের দ্বারা পছন্দ করা হয় এবং ভুল ও সম্পূর্ণ বৃত্তি প্রাপ্তদের থেকে সঠিক যাচাইয়ের সাথে সম্পর্কিত সেই আলিমদের প্রতি বোঁক রয়েছে; কেবল অবজ্ঞাহিত এবং এটিকে অপছন্দকারী কেবল তারাই। তাদের বিভিন্ন শাখায় অন্যান্য বিজ্ঞানের ক্ষেত্রে এটি বিশেষত বিস্তৃত বিজ্ঞান, বিশেষত আইনশাস্ত্রে তাদের মধ্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ।’<sup>৭৬</sup>

৩. আবু আব্দুল্লাহ আল-হাকিম র. বলেন,

فَلَوْلَا الْإِسْنَادُ وَطَلَبُ هَذِهِ الطَّائِفَةِ لَهُ، وَكَثْرَةُ مُوَاطَّئِهِمْ عَلَى حِفْظِهِ، لَذَرَسَ مَنَارُ الْإِسْلَامِ، وَلَتَمَكَّنَ أَهْلُ الْإِحْدَادِ وَالْبِدْعِ فِيهِ بِوَضْعِ الْإِحْدَادِ، وَقَلْبِ الْأَسَانِيدِ، فَإِنَّ الْأَخْبَارَ إِذَا تَعَرَّتْ عَنْ وُجُودِ الْأَسَانِيدِ فِيهَا كَانَتْ بُنْزًا.

‘যদি ইসনাদ না থাকত, এবং এই দলটি (মুহাদ্দিসগণ) সেগুলো খোঁজ না করতেন, এবং এটি ধারাবাহিকভাবে এটি মুখস্ত না করত, আর বেশি বেশি উল্লেখ না করতেন তাহলে ইসলামের আলো নিশ্চিহ্ন হয়ে যেতো এবং কাকের ও বিদাতিরা মিথ্যা হাদীস তৈরী করে মিথ্যুকেরা পার পেয়ে যেতো এবং হাদীসের সনদগুলো উলোট পালোট হয়ে যেতো। আর এভাবেই বিদআতির বাতিলের ওপর বিজয়ী হতো। কেননা হাদীসকে যদি সনদের প্রয়োজনীয়তা থেকে বিমুখ করে দেয়া হয় তাহলে সে হাদীস ভিত্তিহীন হয়ে যায়।’<sup>৭৭</sup>

৪. হাঙ্গেরিয়ান ওরিয়েন্টালিস্ট ডা. এলায়স স্প্রিংগার ‘আল-ইসাবাহ’ গ্রন্থের উদ্ধৃতি দিয়ে লিখেন,

‘মুসলিমদের মহাকৃতি তাদের এই জীবনশাস্ত্র, পৃথিবীতে অতীতের কোনো সম্প্রদায় এমন ছিল না, আজও নেই, যারা মুসলমানদের মতো ১২ শতাব্দী ধরে প্রত্যেক জ্ঞানী ব্যক্তির ‘আসমাউর রিজালে’র (বর্ণনাকারীদের জীবনী) সুবিশাল শাস্ত্র লিপিবদ্ধ করেছে। যদি মুসলিমদের রচিত জীবনচরিত না সংগ্রহ করা হয়, আমরা খুব সম্ভবত তার মাধ্যমে আজ পাঁচ লাখ মানুষের জীবনী সম্পর্কে জানা যেতে পরে, দেখা যাবে একটা দশকও নেই এবং এমন একটা স্থানও নেই যা কৃতিপুরুষের জন্ম দেয়নি।’<sup>৭৮</sup>

৫. ড. হুমাম সাঈদ বলেন,

সুতরাং এটি আমাদের কাছে স্পষ্ট হয়ে যায় যে হাদীস বিশারদদের পদ্ধতি কুরআনের পদ্ধতি, যা কুরআন এবং সুন্নাহ থেকে উদ্ভূত, এবং এটি একটি সমালোচনামূলক পদ্ধতি যা ঐতিহাসিক প্রতিবেদনগুলোর সাথে সম্পর্কিত; অন্য কথায়, প্রতিবেদনগুলোর সমালোচনামূলকভাবে পরীক্ষা না করে কোনো একটি বর্ণনা করা হাদীস গ্রহণ করা হয় না, এবং এই হাদীসটি গ্রহণ করার জন্য কোনও পণ্ডিত বা সম্মানিত ব্যক্তির কাছ থেকে বর্ণনা করা যথেষ্ট নয়। বরং এটি অপরিহার্য যে রিপোর্টটি যিনি বলেছিলেন তার গুণাবলী প্রমাণ করা উচিত, সাধারণ নির্দেশিকাগুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা নিশ্চিত করার জন্য সতর্কতার সাথে পরীক্ষা করা উচিত।

ঐতিহাসিক প্রতিবেদনের সাথে সম্পর্কিত এই সমালোচনামূলক পদ্ধতিটি তওরাত এবং গসপেলের ক্ষেত্রে অনুপস্থিত ছিল এবং ইসলামের আগে সমস্ত ঐতিহাসিক বিবরণের ক্ষেত্রে এটি অনুপস্থিত ছিল। অতঃপর ইসলাম বিশ্বকে এই সঠিক পদ্ধতি প্রদান করেছে যার ভিত্তি গবেষণা, পুঙ্খানুপুঙ্খ পরীক্ষা এবং সঠিক চিন্তার উপর ছিল। চার্লস গুইনেভার ঐতিহাসিক ঘটনাগুলো সমালোচনামূলকভাবে পরীক্ষা করার এই পদ্ধতিটিকে বিশ্বাসের উপর ভিত্তি করে গড়েউঠা খ্রিস্টানদের পদ্ধতির সাথে তুলনা করেছিলেন, যা কোনও আলোচনা বা সমালোচনামূলক পরীক্ষা ছাড়াই পূর্ববর্তী প্রজন্মের প্রতিবেদনগুলো গ্রহণ করে।

অনেক গবেষক পবিত্র কুরআন এবং হাদীস বিজ্ঞানের মধ্যে এই পদ্ধতিগত সংযোগকে উপেক্ষা করেছিলেন, অনেকে ভেবেছিলেন যে হাদীস পণ্ডিতদের পদ্ধতিটি এক ধরনের অতুলনীয় প্রতিভার ফলাফল এবং কেবল প্রয়োজনের কারণে বিকশিত হয়েছিল। কিন্তু যে সত্য নিয়ে সন্দেহ করা যায় না তা হলো, হাদীস পণ্ডিতদের পদ্ধতি কুরআনের একটি পদ্ধতি এবং ইসলাম ধর্মের অলৌকিক আকৃতির অন্যতম বহিঃপ্রকাশ। আল্লাহ যেমন তাঁর পবিত্র কিতাবকে কোনো পরিবর্তন বা পরিবর্ধন থেকে রক্ষা করেছেন, তেমনি তিনি সুন্নাহকে সামগ্রিকভাবে সংরক্ষণ করেছেন, বিলুপ্ত হওয়া এবং ভুলে যাওয়া থেকে রক্ষা করেছেন।<sup>৭৯</sup>

৬. ড. খালদুন আল-আহদাব বলেন,

উসুল হাদীসের বিকাশ ছিল যৌক্তিক ভিত্তিতে। যদি তা না হত, তাহলে মুসলিম মানস গঠনে এটি কখনোই এত বড়ো প্রভাব ফেলতে পারত না। উসুল আল-হাদীসের এই যৌক্তিক বিকাশ শুরু হয় পবিত্র কুরআন ও সুন্নাহ-এ বর্ণিত পদ্ধতিগত ও যৌক্তিক নীতি থেকে, যার উপর ভিত্তি করে বর্ণনাকারী এবং তিনি যা বর্ণনা করেছেন তা পরীক্ষা করা, যার উপর ভিত্তি করে উসুল আল-হাদীসের বিজ্ঞান প্রতিষ্ঠিত। জ্ঞানের এই শাখার বিকাশের প্রতিনিধিত্ব করা যেতে পারে এই কারণে যে হাদীস পণ্ডিতরা একটি হাদীস পরীক্ষা করার সময় যুক্তির দিকে মনোযোগ দিয়েছিলেন, চারটি পর্যায়ে এটি কতটা সঠিক তা দেখার জন্য।<sup>৮০</sup>

৭. ড. আব্দুল্লাহ দাইফুল্লাহ আর-রুহাইলি বলেন,

রিপোর্ট যাচাইয়ের বিষয়ে একাডেমিক গাইডলাইন, তথা হাদীস বিশারদগণের পদ্ধতি, অদৃশ্যের বিশ্বাসের উপর ভিত্তি করে নয়, বরং এগুলো হলো যুক্তিসঙ্গত নির্দেশিকা যা যুক্তি, প্রমাণিত ঐতিহাসিক তথ্য, প্রতিবেদনের তুলনা বা অন্যান্য নির্দেশিকা বিবেচনা করে হাদীস পণ্ডিতরা একটি প্রতিবেদনের সত্যতা প্রমাণের বিষয়ে বিকশিত

করেছেন। এই নির্দেশিকাগুলো, যুক্তিসঙ্গত এবং সাধারণ জ্ঞানের উপর ভিত্তি করে স্থাপিত, যেন সমস্ত মানুষ তা বুঝতে এবং গ্রহণ করতে সক্ষম হয়।<sup>৮১</sup>

৮. রেজা আসলান শ্যাচের ম্যাক্সিমামের উদ্ধৃতি দিয়েছেন,

ইসনাদ যত বেশি নিখুঁত, পরবর্তী ঐতিহ্য যাকে তিনি (আসলান) ‘মনস্তাত্ত্বিক কিন্তু নির্ভুল’ বলে অভিহিত করেছেন।<sup>৮২</sup>

৯. ইংলিশ ওরিয়েন্টালিস্ট ডেভিড স্যামুয়েল মার্জেলিওথ বলেন,

মুসলিমদের কাছে ইসনাদ নামের সুসংহত যে ঐতিহ্য আছে, এটা নিয়ে অবশ্যই তারা গর্ব করার অধিকার রাখে।<sup>৮৩</sup>

১০. অস্ট্রিয়ান প্রাচ্যবিদ স্প্রেঞ্জার (Aloys Sprenger) লেখেন,

হাদীস সংকলনের ইতিহাস শুধু মুসলিমদের নয়; বরং গোটা মানব ইতিহাসের এক বিশাল অর্জন। কারণ, বিশ্ব সভ্যতার সামনে মুসলিমরাই কেবল এমন এক জাতি, এক ব্যক্তি [মুহাম্মাদ সা.-এর কথা সংকলন করতে অর্ধ মিলিয়ন (পাঁচ লাখ) মানুষ নিজেদের জীবন উৎসর্গ করে দিয়েছেন। এ সকল মনীষীর জীবনের আদ্যোপাত্ত ইতিহাস বইয়ের পাতায় পাতায় জ্বলজ্বল করতে দেখি।<sup>৮৪</sup>

১১. প্যাট্রিসিয়া ক্রোন উল্লেখ করেছেন যে,

প্রাথমিক ঐতিহ্যবাদীরা এখনও বর্ণনার শৃঙ্খল (ইসনাদ) পরীক্ষা করার পদ্ধতি গুলো বিকাশ করছিল যার পরবর্তী মানগুলো ঐতিহাসিক উপাদানগুলোর কাছাকাছি থাকা সত্ত্বেও ঘাটতিযুক্ত ছিল। পরে যদিও তারা অনবদ্য শৃঙ্খল ধারণ করেছিল, তবে বানোয়াট হওয়ার সম্ভাবনা বেশি ছিল।<sup>৮৫</sup>

## ৮. উপসংহার

মুহাদ্দিসগণ হাদীস সংকলনের যুগে সনদের বিচারের মাধ্যমে হাদীসের বিশ্বস্ততা নির্ণয় করেন। মুহাদ্দিসগণের পদাঙ্ক অনুসরণ করে পরবর্তীকালে ইতিহাস ও সিয়ারবেত্তাগণও ঐতিহাসিক বর্ণনার ক্ষেত্রেও সনদ ব্যবহার করেন। যেমন ইবনু ইসহাকের সীরাত, ওয়াকিদীর আল-মাগাযী, মুহাম্মাদ ইবন সা‘দ-এর তাবাকাত, তাবারীর তারীখুল উমাম ওয়াল মুলুক, খলীফা ইবন খাইয়াতের তারীখ গ্রন্থে সনদের ব্যবহার দেখা যায়। তারা ইতিহাস এবং জীবন-চরিত বর্ণনার ক্ষেত্রেও বিশ্বস্ততার জন্য সনদের ব্যবহার করেছেন। এছাড়া তাফসীর ও আরবী সাহিত্যের বিভিন্ন গ্রন্থেও সনদের ব্যবহার দেখা যায়। তবে হাদীসের সনদের ক্ষেত্রে যেমন চুলচেরা বিশ্লেষণ করা হয়েছে তেমনি ইতিহাস ও আরবী সাহিত্যের ক্ষেত্রে সনদের সুস্বাভাবিক বিশ্লেষণ করা হয়নি।<sup>৮৬</sup> মুহাদ্দিসগণ হাদীসের ইসনাদ সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য এক দেশ থেকে অন্য দেশ পর্যন্ত গমন করেন। এ সফরকে ইসলামে মুস্তাহাব হিসেবে আখ্যায়িত করা হয়েছে। ইমাম বুখারী র. হাদীসের সনদ তথা বর্ণনাকারীদের ব্যাপারে স্পষ্ট ধারণা অর্জনের জন্য বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। কোথাও কারো ব্যাপারে কোনো ত্রুটি পাওয়া গেলে তিনি তাঁর হাদীস গ্রহণ করা থেকে বিরত থেকেছেন। অতএব বলা যায় ইসনাদ সম্পর্কে জ্ঞানলাভ করা হাদীস চর্চাকারীর জন্য অত্যাবশ্যক।

## টীকা ও তথ্যনির্দেশ

- <sup>১</sup> ড. মোহাম্মদ বেলাল হোসেন, ‘উলূমুল হাদীস (ঢাকা: বিআইআইটি, ২০২৪ খ্রি.), পৃ. ২১৯।
- <sup>২</sup> ইসমা‘ঈল ইবন হাম্মাদ আল-জাওহারী, আস-সিহাহ, ২য় খণ্ড (বৈরুত: দারুল ইলম লিল মালাদিন, ৪র্থ সংস্করণ, ১৪০৭ হি./১৯৮৭ খ্রি.), পৃ. ৪৮৯।
- <sup>৩</sup> ইবন মানযুর আল-ইফরীকী, লিসানুল আরার, ৩য় খণ্ড (বৈরুত: দারুল ইলম লিল মালাদিন, ৪র্থ সংস্করণ, ১৪০৭ হি./১৯৮৭ খ্রি.), পৃ. ২২০।
- <sup>৪</sup> ইবনু হাজার আল-আসকালানী, নুখবাতুল ফিকর (বৈরুত: দারুল ইলম লিল মালাদিন, ৪র্থ সংস্করণ, ১৪০৭ হি./১৯৮৭ খ্রি.), পৃ. ২২০।
- <sup>৫</sup> মাদ্রা‘ আল-কাতান, মাবাহিছ ফী উলূমিল হাদীস (কায়রো: মাকতাবাতুল ওয়াহবাহ, ২য় সংস্করণ, ১৪১২ হি./১৯৯২ খ্রি.), পৃ. ৫৮।
- <sup>৬</sup> যাকার আহমাদ উছমানী, মুকাদ্দামাতু ই‘লাউস সুনান, তাহকীক: মুহাম্মদ তাকী উছমানী (করাচী: ইদারাতুল কুরআন ওয়াল উলূম আল-ইসলামিয়াহ, ১৪১৮ হি.), পৃ. ২৬; ড. উমর ইবন হাসান, আল-ওয়ায‘উ ফিল হাদীস, পৃ. ৮।
- <sup>৭</sup> ড. মাহমুদ তাহহান, তায়সীর মুসতাহিল হাদীস (রিয়াদ: মাকতাবাতুল মা‘আরিফ, ১৪২৫ হি./২০০৪ খ্রি.), পৃ. ১৮।
- <sup>৮</sup> ড. আব্দুল্লাহ শা‘বান, কাওয়াইদুল মুহাদ্দিসিন (কায়রো: দারুস সালাম, ১ম সংস্করণ, ২০০৫ খ্রি.), পৃ. ২৬।
- <sup>৯</sup> ড. মাহমুদ তাহহান, তায়সীর মুস্তাহিল হাদীস, পৃ. ১৮।
- <sup>১০</sup> শায়খ মুহাম্মাদ সালিহ আল-উছায়মীন, শারহুল বায়কুনিয়াহ (কায়রো: দারুল আছার, ১ম সংস্করণ, ২০০১ খ্রি.), পৃ. ২৪।
- <sup>১১</sup> আবদুর রহমান আল-খুমাঈসী, মু‘জামু উলূমিল হাদীসিন নাবাবিয়াহ (জিদ্দা : দারু ইবন হায্ম, ২০০০ খ্রি.), পৃ. ১৯৬-১৯৭।
- <sup>১২</sup> মাদ্রা‘ আল-কাতান, মাবাহিছ ফী উলূমিল হাদীস, পৃ. ১৭৮।
- <sup>১৩</sup> ড. মুহাম্মদ সাব্বাগ, আল-হাদীসুন-নববী (আল-মাকতাবুল-ইসলামী, ৪র্থ সংস্করণ, ১৪০৬ হি./১৯৮২ খ্রি.), পৃ. ১৫৫, জামালুদ্দীন আল-কাসিমী, কাওয়াইদু তাহদীছ (দারুল কুতুবিল ইলমিয়াহ, ১৩৯৯ হি.), পৃ. ১০৮।
- <sup>১৪</sup> ড. তাকী উদ্দীন আন-নদভী, ইলমু রিজালিল হাদিস (লৌক: মাকতাবাতুল ফিরদাউস, ১৪০৫ হি./১৯৮৫ খ্রি.), পৃ. ২০।
- <sup>১৫</sup> পূর্বোক্ত।
- <sup>১৬</sup> তাজুদ্দীন আস-সুবকী, তাবাকাতুশ শাফিঈয়াহ আল-কুবরা, ১ম খণ্ড (কায়রো: দারু ইহইয়াইল কুতুবিল-আরাবিয়াহ, তা.বি.), পৃ. ৩১৪।
- <sup>১৭</sup> ড. নূরুদ্দীন আভার, মানহাজুন নাকদি ফী উলূমিল হাদীস (দিমাশক: দারুল ফিকর, ৩য় সংস্করণ, ১৪১৮ হি./১৯৯৭ খ্রি.), পৃ. ৩৫৮।
- <sup>১৮</sup> মুহাম্মাদ ইবন ইসমা‘ঈল আল-বুখারী, সহীছুল বুখারী, ২য় খণ্ড (রিয়াদ : দারুস-সালাম, ২য় সংস্করণ, ১৪১৯ হি./১৯৯৯ খ্রি.), পৃ. ১১১৪।

- ১৯ মুহাম্মদ আবু যাছ, আল-হাদীস ওয়াল মুহাদ্দিছুন (বৈরুত : দারুল কিতাবিল আরাবী, ১৪০৪ হি./১৯৮৪ খ্রি.), পৃ. ১১২; ড. মোহাম্মদ বেলাল হোসেন, 'উলুমুল হাদীস, পৃ. ২২১-২২২।
- ২০ আব্দুল্লাহ ইবন আবদুর রহমান আদ-দারিমী, সুনানুদ দারিমী, ২য় খণ্ড (আল-মামলাকাতুস সাউদিয়াহ: দারুল মুগনী, ১ম সংস্করণ, ১৪১২ হি./২০০০ খ্রি.), পৃ. ৬৪।
- ২১ ড. মাহমুদ আত-তাহহান, উসুলুত তাখরীজ ওয়া দিরাসাতিল আসানীদ (রিয়াদ: মাকতাবাতুল মাআরিফম ২য় সংস্করণ, ১৪১৭ হি./১৯৯৬ খ্রি.), পৃ. ১৩৯।
- ২২ মান্না' আল-কাতান, মাবাহিছ ফী উলুমিল হাদীস, পৃ. ১৭৮।
- ২৩ এমন হাদীস যা বিস্ময়কর ইসনাদে স্বল্প সংখ্যক রাবীর মাধ্যমে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণিত হয়েছে। যদি ইসনাদে কোনো দুর্বল রাবী থাকে তবে তার প্রতি সন্দেহ করা হবে না। বিশেষ করে পরবর্তীকালের কোনো মিথ্যাবাদী যদি সে ইসনাদে থাকে যে সাহাবী থেকে শ্রবণ করেছে বলে দাবী করে। যেমন, ইবন হুদবাহ, দীনার, খারশ, নু'আয়ম ইবন সালিম, ইয়া'লা ইবন আশদাক, আবুদ-দুনয়া আল-আশাজ্জ প্রমুখ। ড. জালালুদ্দীন আস-সুয়ুতী, তাদরীবুর-রাবী ফী শারহি তাকরীবুন নাবাবী, ২য় খণ্ড (দারুল তাইয়েবাহ, তা.বি.), পৃ. ১৬১-১৬২।
- ২৪ ড. মাহমুদ আত-তাহহান, তায়সীর মুস্তালহিল হাদীস, পৃ. ২২৫।
- ২৫ পূর্বোক্ত।
- ২৬ মান্না' আল-কাতান, মাবাহিছ ফী উলুমিল হাদীস, পৃ. ১৭৮।
- ২৭ ইবন হাজার আল-আসকালানী, শারহ নুখবাতিল-ফিকার (ঢাকা: কুতুব খানা রশীদিয়াহ, তা. বি.), পৃ. ৮৯।
- ২৮ তিনি ইমাম বুখারী র.-এর একজন শায়খ। ড. পাদটীকা, তায়সীর মুস্তালহিল-হাদীস, পৃ. ২২৬; উল্লেখ্য, সাররাজ অর্থ চেরাগ বিক্রেতা অথবা চেরাগ তৈরীকারক। তিনি মুসতাজাবুদ-দা'ওয়াহ ছিলেন। তিনি ১১৮ হিজরীতে জন্মগ্রহণ করেন এবং ৩১৩ হিজরীতে ইন্তিকাল করেন। ড. হাশিয়া নুখবাতুল-ফিকার, পৃ. ৮৯।
- ২৯ ড. মাহমুদ আত-তাহহান, তায়সীর মুস্তালহিল হাদীস, পৃ. ২২৬।
- ৩০ মান্না' আল-কাতান, মাবাহিছ ফী উলুমিল হাদীস, পৃ. ১৭৯।
- ৩১ কা'নাবী র. ছিলেন ইমাম বুখারী র.-এর শায়খ। ড. পাদটীকা, তায়সীর মুস্তালহিল-হাদীস, পৃ. ২২৬।
- ৩২ পূর্বোক্ত।
- ৩৩ মান্না' আল-কাতান, মাবাহিছ ফী উলুমিল হাদীস, পৃ. ১৭৯।
- ৩৪ ড. মাহমুদ আত-তাহহান, তায়সীর মুস্তালহিল হাদীস, পৃ. ২২৭।
- ৩৫ মান্না' আল-কাতান, মাবাহিছ ফী উলুমিল হাদীস, পৃ. ১৭৯।
- ৩৬ জালালুদ্দীন আস-সুয়ুতী, তাদরীবুর-রাবী, ২য় খণ্ড, পৃ. ১৬৮।
- ৩৭ মান্না' আল-কাতান, মাবাহিছ ফী উলুমিল হাদীস, পৃ. ১৭৮।
- ৩৮ ড. মুহাম্মদ সাব্বাগ, আল-হাদীসুন নববী, পৃ. ১৫৮।
- ৩৯ ড. নূরুদ্দীন আত্তার, মানহাজুন নাকদি ফী উলুমিল হাদীস, পৃ. ৩৬২; ড. মোহাম্মদ বেলাল হোসেন, 'উলুমুল হাদীস, পৃ. ২২৬।
- ৪০ ড. মাহমুদ তাহহান, তায়সীর মুস্তালহিল হাদীস, পৃ. ৯৮৪।
- ৪১ ড. নূরুদ্দীন আত্তার, মানহাজুন নাকদি ফী উলুমিল হাদীস, পৃ. ৩৬৩।
- ৪২ ড. মোহাম্মদ বেলাল হোসেন, 'উলুমুল হাদীস, পৃ. ২২৬-২২৭।
- ৪৩ যেমন, নিম্ন সনদের রাবীগণ উচ্চ সনদের রাবীগণের তুলনায় অধিক ছিকাহ বা হাফিয় বা ফিকহ-এর ক্ষেত্রে অধিক পারদর্শি।
- ৪৪ মান্না' আল-কাতান, মাবাহিছ ফী উলুমিল হাদীস, পৃ. ১৭৯-১৮০।
- ৪৫ পূর্বোক্ত, পৃ. ১৭৭।
- ৪৬ সুলায়মান ইবনুল আশ'আহ আস-সিজিস্তানী, সুনানু আবী দাউদ, বাবু মাজাআ ফী খিদাবিস সাওয়াদি, ৪র্থ খণ্ড (বৈরুত: আল-মাকতাবাতুল মিসরিয়াহ, তা.বি.), হাদীস নং ৪২১২, পৃ. ৮৭।
- ৪৭ ড. মাহমুদ আত-তাহহান, উসুলুত তাখরীজ ওয়া দিরাসাতিল আসানীদ, পৃ. ১৩৯।
- ৪৮ তাদরিব আল-রাউই, ২য় খণ্ড, পৃ. ১৬০; তাদকিরাত আল-হুফফাজ লিয়-যাহাবী, ৪র্থ খণ্ড, পৃ. ১২৩৩।
- ৪৯ খতীব আল-বাগদাদী, আল-কিফায়াহ ফী ইলমির রিওয়ায়াহ, ১ম খণ্ড (মদীনাতুল মুনাওয়ারাহ, আল-মাকতাবাতুল ইলমিয়াহ, তা.বি.), ৩৯৩; ইবন হাজার আল-আসকালানী, শারহ নুখবাতুল ফিকার, পৃ. ১৫৭; শামসুদ্দীন আস-সাখাবী, ফাতহুল মুগীস বিশারহি আলফিয়াতিল হাদীস আল-ইরাকী, তাহকীক: আলী হুসাইন আলী, ৩য় খণ্ড (মিসর: মাকতাবাতুস সুন্নাহ, ১ম সংস্করণ, ১৪২৪ হি./২০০৩ খ্রি.), পৃ. ৩৩১; নওয়াব সিদ্দীক হাসান খান ভূপালী, আল-হিতাহ ফী যিকরি সিহাহ সিভাহ (বৈরুত: দারুল কুতুবিল ইলমিয়াহ, ১ম সংস্করণ, ১৪০৫ হি./১৯৮৫ খ্রি.), পৃ. ৪২।
- ৫০ ইবনুল আছীর আল-জাযারী, জামিউল উসুল ফী আহাসির রাসূল, ১ম খণ্ড (বৈরুত: দারুল কুতুবিল ইলমিয়াহ, ১ম সংস্করণ, ১৩৮৯ হি./১৯৬৯ খ্রি.), পৃ. ১০৯।
- ৫১ শামসুদ্দীন আস-সাখাবী, ফাতহুল মুগীস বিশারহি আলফিয়াতিল হাদীস আল-ইরাকী, ৩য় খণ্ড, পৃ. ৩৩১; নওয়াব সিদ্দীক হাসান খান ভূপালী, আল-হিতাহ ফী যিকরি সিহাহ সিভাহ, পৃ. ৪২।
- ৫২ শামসুদ্দীন আস-সাখাবী, ফাতহুল মুগীস বিশারহি আলফিয়াতিল হাদীস আল-ইরাকী, ৩য় খণ্ড, পৃ. ৩৩১; ইবনুল আছীর, জামিউল উসুল, ১ম খণ্ড, পৃ. ১০৯; নওয়াব সিদ্দীক হাসান খান ভূপালী, আল-হিতাহ ফী যিকরি সিহাহস আস-সিভাহ, পৃ. ৪২।
- ৫৩ উসুল মানহাজুন-নাকদ আন আহলুল হাদীস, পৃ. ৬১।
- ৫৪ আব্দুল করীম আস-সাম'আনী, আল-ইলমহী ওয়াল-ইসতিমলাই (বৈরুত: দারুল কুতুবিল ইলমিয়াহ, ১ম সংস্করণ, ১৪০১ হি./১৯৮১ খ্রি.), পৃ. ১৯৪।

- ৫৫ আল-খতীব আল-বাগদাদী, *শারাহু আসহাবিল হাদীস*, তাহকীক: ড. মুহাম্মাদ সাঈদ খাতী আওগালী (ইনকারাহ: দারু ইহইয়াইস সুন্নাতুন নাবাবিয়াহ, তা.বি.), পৃ. ৪০; শামসুদ্দীন আস-সাখাবী, *ফাতহুল মুগীস, ফাতহুল মুগীস বিশারহি আলফিয়াতিল হাদীস আল-ইরাকী*, ৩য় খণ্ড, পৃ. ৩৩০।
- ৫৬ মুহাম্মাদ ইবন হিব্বান, *আল-মাজরহীন মিনাল মুহাদ্দিসীন ওয়াদ-দু'আফাই ওয়াল-মাতরকীন*, ১ম খণ্ড (হালব: দারু আল-ওয়াঈ, ১ম সংস্করণ, ১৩৯৬ হি.), পৃ. ৩০।
- ৫৭ ইবন তায়মিয়াহ, *মাজমু'আল ফাতাওয়া*, ১ম খণ্ড (আল-মাদীনাতুন নাবাবিয়াহ: মাজমা'উল মালিক ফাহাদ, ১৪১৬ হি./১৯৯৫ খ্রি.), পৃ. ৯; উদুত আয়াতটি সূরা আন-নিসা, ৪: ৫৯।
- ৫৮ মুহাম্মাদ ইবন হাজম আল-আন্দালসী, *আল-ফিসাল ফিল মিলাল ওয়াল নিহাল*, ২য় খণ্ড (কায়েরো: মাকতাবাতুল খানজী, তা.বি.), পৃ. ৮২-৮৩।
- ৫৯ মুহাম্মাদ আব্দুল হাই আল-কাত্তানী, *ফাহরিসুল ফাহারিস ওয়াল আছবাত ওয়া-মু'জামুল মু'আজিম ওয়াল-মালীখাতু ওয়াল-মুসালালাত*, ১ম খণ্ড (বৈরুত: দারুল গারবিল ইসলামী, ২য় সংস্করণ, ১৯৮২ খ্রি.), পৃ. ৮০।
- ৬০ আল-খতীব আল-বাগদাদী, *আল-জামিল'উল আখলাক আর-রাবী ওয়াল-আদাব আস-সামি'*, তাহকীক: ড. মাহমুদ আত-তাহহান, ২য় খণ্ড (রিয়াদ: মাকতাবাতুল মা'আরিফ, তা.বি.), হাদীস নং ১৬৪০, পৃ. ২১২।
- ৬১ *জারহ আল-তাসরিব*, ৭ম খণ্ড, পৃ. ১৮১।
- ৬২ মুসলিম ইবনুল হাজ্জাজ আল-কুশায়রী, *সহীহ মুসলিম*, তাহকীক: মুহাম্মাদ ফুয়াদ আব্দুল বাকী, ১ম খণ্ড (বৈরুত: দারু ইহইয়াইত তুরাখিল আরাবী, তা.বি.), মুকাদ্দিমাহ, পৃ. ৪; *তাবিয়াত মুহাম্মাদ ফুয়াদ*, ১ম খণ্ড, পৃ. ৪-৫।
- ৬৩ জালালুদ্দীন আস-সুয়ুতী, *তাদরীবুর-রাবী ফী শারহি তাকরীবুন নাবাবী*, ১ম খণ্ড, পৃ. ৪০।
- ৬৪ মুহাম্মাদ ইবন হিব্বান, *আল-মাজরহীন মিনাল মুহাদ্দিসীন ওয়াদ-দু'আফাই ওয়াল-মাতরকীন*, ২য় খণ্ড, পৃ. ১৫; আবু হাতিম আর-রাযী, *আল-জারহ ওয়াল-তা'দীল*, ২য় খণ্ড (বৈরুত: দারু ইহইয়াইত তুরাখিল আরাবী, ১ম সংস্করণ, ১২৭১ হি./১৯৫২ খ্রি.), পৃ. ২৮৯।
- ৬৫ ইউসুফ আল-মিয্বী, *তাহযীবুল কামাল ফী আসমাইর রিজাল*, ১০ম খণ্ড (বৈরুত: দারুল ফিকর, ১৯৯৪ খ্রি.), পৃ. ৪১৪; মুহাম্মাদ ইবন খুযায়মাহ, *সহীহ ইবনু খুযায়মাহ*, ২য় খণ্ড (বৈরুত: আল-মুকতাবাতুল ইসলামী, তা.বি.), পৃ. ৩৭৬।
- ৬৬ মুহাম্মাদ আব্দুল হাই লঙ্কৌতী, *আল-রাফ ওয়াল-তাকমীল ফিল-জারহি ওয়াত-তা'দীল*, তাহকীক: আব্দুল ফাত্তাহ আবু গুন্দাহ (হালব: মাকতাবাতুল মাতবু'আত আল-ইসলামিয়াহ, ৩য় সংস্করণ, ১৪০৭ হি.), পৃ. ৪০৯-৪৩২; শরফ আসহাব আল-হাদীস, পৃ. ৪৩; আল-মুকিজাহ, পৃ. ৮৪।
- ৬৭ আরশীফ মুলতাকা *আহলিল হাদীস*, ২য় খণ্ড (১৪২৯ হি./২০০৮ খ্রি.), পৃ. ৩৩ ও ৭৫; আল-আনওয়ার আল-কাশিফাহ, পৃ. ৬-৭।
- ৬৮ আল-খতীব আল-বাগদাদী, *আল-কিফায়াহ ফী ইলম আর-রিওয়ায়াহ*, পৃ. ৪২৯; আল-আনওয়ার আল-কাশিফাহ, পৃ. ৬-৭।
- ৬৯ মাওকিফুল আকলি ওয়াল ইলমি ওয়াল আলম, ৪র্থ খণ্ড, পৃ. ৮৭; *সহীহ মুসলিম*, ১ম খণ্ড, পৃ. ৭ (ভূমিকায় ইমাম মুসলিম)।
- ৭০ মুসলিম ইবনুল হাজ্জাজ আল-কুশায়রী, *সহীহ মুসলিম*, ১ম খণ্ড, পৃ. ১৪; মুকাদ্দিমাহ *সহীহ মুসলিম*, ১ম খণ্ড, পৃ. ১২; জালালুদ্দীন আস-সুয়ুতী, *তাদরীবুর রাবী*, ২য় খণ্ড, পৃ. ১৬০; শামসুদ্দীন আয-যাহাবী, *মীযানুল ই'তিদাল*, ১ম খণ্ড (বৈরুত: দারুল কুতুবিল ইলমিয়াহ, তা.বি.), পৃ. ৩৪৪; শামসুদ্দীন আয-যাহাবী, *সিয়ারু আ'লামিন-নুবালা*, ১৬শ খণ্ড (বৈরুত: মু'আসাসাতুর-রিসালাহ, ১২শ সংস্করণ, ১৪১৭ হি./১৯৯৬ খ্রি.), পৃ. ৭১।
- ৭১ *উসুল মানহাজ আল নাকদ আনদ আহলিল হাদীস*, পৃ. ৮০।
- ৭২ হাদীসের বিস্তৃতা যাচাই: রাসূলুল্লাহ (সা) এর নির্দেশ ও সাহাবীগণের কর্মপদ্ধতি।
- ৭৩ বিস্তারিত জানতে বিভিন্ন হাদীস সংকলন বিষয়ে কিতাবসমূহ দেখতে পারেন।
- ৭৪ মওলানা মুহাম্মাদ আবদুর রহীম, *হাদীস সংকলনের ইতিহাস* (ঢাকা: খায়রুন প্রকাশনী, ১৬তম মুদ্রণ, ২০১৯ খ্রি.), ৩২৩।
- ৭৫ আরশীফ মুলতাকা *আহলিল হাদীস*, ২য় খণ্ড, পৃ. ২০/৩৭২।
- ৭৬ ইবনুর সালাহ, *উম্মুল হাদীস* (বৈরুত: দারুল ফিকর, তা.বি.), পৃ. ৫।
- ৭৭ মুহাম্মাদ ইবন আবদুল্লাহ আল-হাকিম আন-নায়সাপুরী, *ম'রিফাতু উলুমিল হাদীস*, তাহকীক: সাইয়েদ মু'আযযাম হুসাইন (আল-কাহিরা: দারুল কুতুবিল মিসরিয়াহ, ১৯৩৭ খ্রি.), পৃ. ৬; নওয়াব সিন্দীক হাসান খান ভূপালী, *আল-হিজাহ ফী যিকরিল সিহাহ সিহাহ*, পৃ. ৩৯।
- ৭৮ *খুতবাতু মাদরাস*, পৃ. ৪৫।
- ৭৯ *আল-ফিকর আল-মানহাজি ইন্দাল মুহাদ্দীস*, পৃ. ২৪।
- ৮০ *আতহার ইলম উসুল হাদীস ফী তাশকিল আকল আল-মুসলিম*, পৃ. ১৯।
- ৮১ *হিওয়ার হাওয়ালা মনহাজ আল-মুহাদ্দিসীন ফী নাকদ আর-রিওয়ায়াত সানাদন ওয়া মাতনান*, পৃ. ১২-১৩।
- ৮২ No God But God: The Origins, Evolution, and Future of Islam by Reza Aslan, (Random House, 2005) p.163.
- ৮৩ *আল-মাকালাত আল-ইলমিয়াহ*, পৃ. ২৩৪-২৫৩।
- ৮৪ ১৮৫০ সনে হাফয ইবন হাজার আল-আসকালানী র. লিখিত আল-ইসাবা গ্রন্থটি সম্পাদনায় কলকাতা থেকে প্রকাশ কালে কিতাবটির ভূমিকায় লিখে।
- ৮৫ Patricia Crone, Roman, Provincial and Islamic Law (1987/2002, paperback edition), pp. 23-34.
- ৮৬ আকরাম যিয়া আল-উমরী, *বুহসুন ফী তারীখিস সুন্নাহ* (বৈরুত: ৪র্থ সংস্করণ, ১৯৮৪ খ্রি.), পৃ. ৫৯।

## আধুনিক বিশ্বে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা: সমস্যা ও সমাধানের উপায় [Establishment of Islamic State in the Modern World: Problems and Ways to Solution]

Md. Yeamin Hossain

M.Phil Fellow, Department of Islamic Studies, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

### ARTICLE INFORMATION

*The Faculty Journal of Arts*

Rajshahi University

Volume 39, June 2025

ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A11>

Received : 26 February 2025

Received in revised: 23 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

Keywords:

Islamic state, Sharia, governance, justice, equality, challenges, solutions.

### ABSTRACT

An Islamic state is a system of governance based on Islamic principles, where the Qur'an and Sunnah guide laws and policies. This paper examines the concept of an Islamic state, its objectives, and the challenges faced in the modern world. It also proposes practical solutions for its establishment. The main aim is to provide effective and realistic guidelines to overcome obstacles in implementing an Islamic state in contemporary Muslim societies, through analyzing common questions, objections, and misconceptions. Establishing an Islamic state today faces many challenges. These include disunity among Muslims, misunderstandings about Sharia law, resistance to democratic methods, negative media coverage, Protection and rights of non-Muslims, domestic and foreign conspiracies, international pressures, terrorism, radicalization, extremism, and Islamophobia. These challenges make it difficult to apply Islamic principles in modern social, political, and economic systems. Therefore, in establishing an Islamic state, all forms of extremism should be avoided, and practical decisions should be made regarding political opponents. The Muslim community should adopt a moderate approach, provide correct guidance, and stay firm in the truth. This will strengthen unity and brotherhood, making the path to a stable and successful Islamic state easier. Solutions include promoting education, awareness of Islamic teachings, strong leadership, consultation, peaceful dialogue, and international cooperation.

ভূমিকা

মতবাদ বিভ্রান্ত বিশ্বের মুসলমানরা একটি কার্যকর ও ন্যায্যভিত্তিক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠার জন্য নিরলসভাবে লড়াই-সংগ্রাম করে যাচ্ছে। মানব জাতিকে ইসলামের মূল শিক্ষা দ্বারা পরিচালিত করার জন্য আল্লাহ তা'আলা যুগে যুগে অসংখ্য নবী-রাসূল প্রেরণ করেছিলেন। ঐতিহাসিকভাবে, মদিনা থেকে ইস্তাখুল পর্যন্ত তথা নবী সা. এর সময়কাল থেকে উসমানি সালতানাত পর্যন্ত মুসলিম সমাজে রাজনৈতিক কর্তৃত্বের উপস্থিতি ছিল এক চরম বাস্তবতা। ইসলাম ঐক্যের আদর্শ। মানব জীবনের অবশ্যজ্ঞাবী সকল বিরোধ-বিভেদের অবসান ঘটিয়ে ঐক্য প্রতিষ্ঠা করতেই এই সুমহান আদর্শের আগমন ঘটে। রাসুলুল্লাহ সা. মদিনায় হিজরত (৬২২খ্রি.) পরবর্তী সময়ে আনসার ও মুহাজিরদের মাঝে বিরাজমান সকল অনৈক্যের নিরসন ভবিষ্যৎ ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য মাইলফলক হিসেবে বিবেচিত হয়। কিন্তু বর্তমান পরিস্থিতিতে ধর্মীয় বিষয়ে চরমপন্থা ও বাড়াবাড়ি এমন পর্যায়ে পৌঁছেছে যে শুধু জ্ঞানী ব্যক্তিরাই ইসলাম ও ইসলামী দলের সমালোচনায় মুখর তা নয়, ইসলাম সম্পর্কে যাদের জ্ঞান নেই তারাও ইসলামবিদ্বেষীদের সাথে এই বাড়াবাড়িতে যোগ দিয়েছে। অথচ ইসলামের পতাকা এক প্রজন্ম থেকে আরেক প্রজন্মের কাছে মধ্যমপন্থীদের মাধ্যমেই পৌঁছেছে। বর্তমানে ন্যায় ও ইনসাফভিত্তিক রাষ্ট্র, অর্থনীতি, রাজনীতি ও সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে বিশ্বের বিভিন্ন দেশের বিভিন্ন স্থানে শক্তিশালী আন্দোলন গড়ে উঠেছে। এ আন্দোলনের অভূতপূর্ব আলোড়ন সৃষ্টির ফলে ইসলাম বিদ্বেষীরা আন্দোলনের বিরুদ্ধে অপপ্রচার, প্রোপাগান্ডাসহ জুলুম-নির্যাতন চালিয়ে আন্দোলনের গতিপথ রুদ্ধ করার হীন অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। পশ্চিমা সেকুলাররা ধর্মনিরপেক্ষ ধর্মহীন মতবাদের নামে রাষ্ট্রীয় ও অর্থনৈতিক সকল ক্ষেত্র থেকে ধর্মকে বের করে দ্রষ্টা ও সৃষ্টির মধ্যকার সম্পর্কের মাঝে সীমাবদ্ধ থাকতে বাধ্য করছে। পশ্চিমা সভ্যতার শোষণতান্ত্রিক আধিপত্যবাদের মাধ্যমে সারা পৃথিবীতে যে মূল্যবোধ ছড়িয়ে পড়েছে তা ইসলামী আদর্শ ও আকীদা বিশ্বাসের সাথে সাংঘর্ষিক। ইসলামপন্থীদের একাংশ ধর্ম ও

রাজনীতির সম্পর্ক বিষয়ে ভুল ধারণা ও অপপ্রচারে প্রভাবিত হয়ে পাশ্চাত্যধারার ধর্মনিরপেক্ষ গণতন্ত্রকে ইসলামী আদর্শবিরোধী বা কুফরি মতবাদ হিসেবে অভিহিত করেন এবং সেই প্রেক্ষিতে ইসলামী রাষ্ট্রব্যবস্থায় গণতান্ত্রিক কাঠামোর স্থান স্বীকারে অনীহা প্রকাশ করেন। এছাড়া ইসলামী রাষ্ট্রে বসবাসরত সংখ্যালঘু অমুসলিমদের মাঝে ইসলামী জীবনব্যবস্থা বাস্তবায়নের বিষয়ে এক অজানা ভয় ও শঙ্কা কাজ করে। ইসলামী রাষ্ট্রপ্রতিষ্ঠার পথে নারীবাদীদের কিছু বক্তব্য আরো মারাত্মক। তাদের অনেকে যুক্তি দেন যে ইসলাম ধর্মে নারীর সমতার বিষয়টি যথাযথভাবে প্রতিষ্ঠিত নয়। বর্তমানে আধুনিক বিশ্বে কাক্ষিত ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার পথে মুসলিম উম্মাহর মাঝে অনৈক্য, শরি‘আহ আইনের কঠোরতা বিষয়ক অপপ্রচার, গণতান্ত্রিক পন্থায় ইসলামী রাষ্ট্র কায়েমের বিরোধিতা, প্রতিকূল মিডিয়া, ইসলামী রাষ্ট্রে অমুসলিমদের জিম্মীদশা, দেশি বিদেশী ষড়যন্ত্র, আন্তর্জাতিক ড্রুসেডীয় চক্রান্ত, জঙ্গিবাদের অব্যাহত প্রচারণা, র্যাডিকেলাইজেশন তথা ইসলামে চরমপন্থা, ইসলামোফোবিয়া এবং বৈশ্বিক প্রতিকূল অবস্থা ইত্যাদি বিষয়সমূহ বাধাগ্রস্ত করছে। এমতাবস্থায় ইসলাম বিরোধী শক্তির অপতৎপরতা রোধে মুসলিম উম্মাহকে কুরআনে বর্ণিত সীসাঢালা প্রাচীরের ন্যায় সুদৃঢ় একে গড়ে তুলতে হবে যেন ইসলামও উন্নত বিশ্বের অপরাপর রাষ্ট্রসমূহের মতোই শরি‘আহ ভিত্তিক কল্যাণমূলক রাষ্ট্রকাঠামো উপস্থাপন করতে পারে। এই গবেষণার লক্ষ্য হলো আধুনিক মুসলিম বিশ্বে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা বিরুদ্ধে উত্থাপিত নানা প্রশ্ন, আপত্তি ও ভুল ধারণার যুক্তিসঙ্গত বিশ্লেষণের মাধ্যমে এ বিষয়ে বিদ্যমান প্রতিবন্ধকতা দূরীকরণের কার্যকর ও বাস্তবসম্মত দিকনির্দেশনা উপস্থাপন করা।

#### গবেষণা পদ্ধতি (Research Methodology)

এই গবেষণায় “আধুনিক বিশ্বে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা: সমস্যা ও সমাধানের উপায়” বিষয়টি বর্ণনামূলক-বিশ্লেষণধর্মী (Descriptive-Analytical) পদ্ধতিতে উপস্থাপন করা হয়েছে। তথ্য সংগ্রহে প্রাথমিক উৎস হিসেবে পবিত্র কুরআন, হাদীস, ইসলামী রাষ্ট্রতত্ত্ব সম্পর্কিত মৌলিক গ্রন্থ এবং ইসলামী চিন্তাবিদদের রচনা ও মন্তব্য বিশ্লেষণ করা হয়েছে, যাতে ইসলামী রাষ্ট্রের তাত্ত্বিক ভিত্তি ও নৈতিক দিক সম্যকভাবে প্রতিফলিত হয়। গৌণ উৎস হিসেবে বিভিন্ন একাডেমিক বই, গবেষণাপত্র, জার্নাল, সাময়িকী এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত অনলাইন প্রকাশনা ব্যবহার করা হয়েছে। তথ্য বিশ্লেষণের ক্ষেত্রে বিষয়ভিত্তিক (Thematic) ও তুলনামূলক (Comparative) পদ্ধতি প্রয়োগ করা হয়েছে, যা আধুনিক বিশ্বের প্রেক্ষাপটে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার মূল সমস্যা, প্রতিবন্ধকতা এবং সম্ভাব্য সমাধানসমূহ সুস্পষ্টভাবে নির্ধারণে সহায়তা করেছে। গবেষণার পরিধি মূলত তাত্ত্বিক ও নীতিগত এবং কোনো নির্দিষ্ট দেশের কেস স্টাডি এতে অন্তর্ভুক্ত নয়। এই পদ্ধতিগত দৃষ্টিভঙ্গি গবেষণাটিকে একাডেমিকভাবে প্রাঞ্জল ও যৌক্তিক করে তুলেছে, যা ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা বিষয়ক আলোচনায় সুনির্দিষ্ট ও প্রমাণ সমর্থিত অন্তর্দৃষ্টি প্রদান করে।

#### সাহিত্য পর্যালোচনা (Literature Review)

আধুনিক মুসলিম বিশ্বে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার প্রক্রিয়া বহুমাত্রিক চ্যালেঞ্জের সম্মুখীন। সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক ও আদর্শগত নানা প্রতিবন্ধকতা এই প্রক্রিয়াকে জটিল করে তুলেছে। এ প্রেক্ষিতে বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ, লেখক ও গবেষকরা বিষয়টির অন্তর্নিহিত কারণ অনুসন্ধান করে ইসলামী রাষ্ট্রব্যবস্থার তাত্ত্বিক ভিত্তি, বাস্তব প্রয়োগ এবং সমসাময়িক প্রতিবন্ধকতা নিয়ে গ্রন্থ রচনা করেছেন। তাঁদের রচিত গ্রন্থসমূহ আধুনিক ইসলামী রাজনৈতিক চিন্তাধারার ক্ষেত্রে দিকনির্দেশক ভূমিকা পালন করেছে। এই চিন্তাবিদদের মধ্যে সমকালীন ইসলামী বিশ্বে অন্যতম প্রভাবশালী গবেষক ও লেখক হিসেবে ড. ইউসুফ আল-কারজাভির নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তিনি তাঁর ‘সেক্যুলার ও ইসলামপন্থীদের বয়ানে ইসলাম ও রাজনীতি গ্রন্থে, ‘মার্কসবাদী কিংবা সেক্যুলার সমাজের ধর্ম ও রাজনীতি বিষয়ে বিরূপ মন্তব্য ‘ধর্মের মাঝে কোন রাজনীতি নেই আর রাজনীতির মাঝেও ধর্মের কোনো সংশ্লিষ্টতা নেই’ বিষয়টি নিয়ে তিনি যৌক্তিক আলোচনা করেছেন।<sup>১</sup> ইসলামের সাথে গণতন্ত্রের সংযোগের বিষয়ে তিনি বলেন, ‘মানুষের চিন্তা ও গবেষণা দ্বারা সৃষ্ট বলেই গণতন্ত্রকে নাকচ করা যায় না। কেননা, মানুষের সৃষ্ট সকল কিছুই নিন্দনীয় ও পরিতাজ্য নয়। ইউসুফ আল কারজাভির অন্য আর একটি আন্তর্জাতিক মানের গ্রন্থ ‘মিন ফিকহি আদ দাওলাহ ফিল ইসলাম’ বিআইআইটি থেকে প্রকাশিত ‘ইসলামী রাষ্ট্রব্যবস্থা তত্ত্ব ও প্রয়োগ’। এ গ্রন্থে তিনি ইসলামী রাষ্ট্র গঠনের কতিপয় মূলনীতি যেমন ইসলামে রাষ্ট্রের মর্যাদা, রাষ্ট্রের অবকাঠামো, প্রকৃতি, রাজনৈতিক চিন্তাধারায় রাষ্ট্রের সঠিক রূপরেখা, বৈশিষ্ট্য, গণতন্ত্র, বহুদলীয় রাজনীতি, নারী ও অমুসলিম প্রসঙ্গে আলোচনা করেছেন। অরুণ কুন্দনানির ‘Islamophobia in the Western World’ গ্রন্থে পাশ্চাত্য সমাজে ইসলামোফোবিয়া, সন্ত্রাসবিরোধী রাজনীতি এবং বর্ণবাদী প্রবণতার বিশ্লেষণ পাওয়া যায়। পাশ্চাত্য সন্ত্রাসবিরোধী ঘরোয়া যুদ্ধের ইসলামোফোবিক ও বর্ণবাদি চরিত্র গ্রন্থে ‘আদর্শ শত্রু’ ডোর অব হোয়াইটনেস, চরমপন্থা প্রতিরোধে রাজনীতি, ‘দ্য মিথ অব র্যাডিক্যালাইজেশন’ সহ আমেরিকা ও ইংল্যান্ডের ‘সন্ত্রাসবিরোধী যুদ্ধ’ নিয়ে রাজনৈতিক তৎপরতার বিভিন্ন দিক তথ্যভিত্তিক আলোচনা করেন।<sup>২</sup> বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত শেখ মুহম্মদ লুৎফর রহমানের ‘ইসলাম : রাষ্ট্র ও সমাজ’ গ্রন্থে ইসলামী রাষ্ট্রের উৎপত্তি, খিলাফতের ক্রমবিকাশ, খিলাফত সম্পর্কিত মতবাদ ও ধর্মীয় রাজনৈতিক সম্প্রদায় নিয়ে অত্যন্ত প্রাঞ্জল ভাষায় আলোচনা করেছেন। ইসলাম ও রাজনীতি বিষয়ে তাঁর মত হলো, ‘ইসলামের অনুষ্ঠান, জুমা, নামাজ,

হজ যাকাত, জিহাদ প্রভৃতি কেবল আত্মিক উন্নয়ন সাধন করে না, বরং তা সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক সমন্বয় সাধন করে। এগুলোর রাজনৈতিক মূল্য অনেক বেশি। রিসালাহ একটি ভিত্তি এবং খিলাফত সেই ভিত্তির উপর প্রতিষ্ঠিত একটি স্থায়ী প্রতিষ্ঠান।<sup>৭</sup> আরব বিশ্বের অন্য এক কিংবদন্তি লেখক ড. উমার সোলাইমান আশকার রচিত ‘আল্লাহর আইন পরিবর্তনে পৃথিবীর কী ক্ষতি হলো’ গ্রন্থে ইসলামী ভূখণ্ড থেকে কীভাবে শরি‘আহ আইন বাতিল করা হলো, কারা চক্রান্ত করে শরি‘আহ আইন বাতিল করল, কীভাবে মানব সৃষ্ট আইনকে কার্যকর করা হলো, মানব সৃষ্ট আইন প্রণয়নকারীদের ব্যাপারে বিধান কী? প্রভৃতি বিষয়ে সবিস্তারে আলোচনা করেছেন।<sup>৮</sup> জাস্টিস মুফতি মুহাম্মদ তাকী উসমানীর ‘ইসলাম আওর সিয়াসী নযরিয়াত’ (ইসলাম ও রাজনীতি) গ্রন্থে ‘রাষ্ট্রবিজ্ঞান ও রাষ্ট্রের উৎপত্তি, শাসনব্যবস্থার বিভিন্ন রূপ, গণতন্ত্রের তাত্ত্বিক দিকসমূহ, রাজনৈতিক দল ও নির্বাচনাদি নিয়ে বিশদ আলোচনা করেছেন। তিনি গণতন্ত্রকে সবচেয়ে ফ্যাশনেবল রাজনৈতিক দর্শন বলেছেন। তার মতে, ‘গণতন্ত্রের ফলে স্বেচ্ছাচারতন্ত্র ও একনায়কতন্ত্রের বিলুপ্তি ঘটেছে। তবে লিবারেল ডেমোক্রেসি সেক্যুলারিজম ছাড়া চলতে পারে না। তাই তিনি গণতন্ত্রকে ‘শাসক মূলত জণগণ’ না বলে বলেছেন ‘জনগণের কর্তৃত্ব’। তিনি আরো বলেন, ‘গণতন্ত্র কোনো চারিত্রিক মূল্যের কাছে আবদ্ধ নয়, কোন আসমানী হেদায়াত দ্বারাও সিক্ত নয়; বরং জনগণের মর্জি এবং খায়েশের উপরই তার পরিপূর্ণ ভিত্তি।’<sup>৯</sup> ড. হাফিজুর রহমান তাঁর ‘ইসলামী রাজনৈতিক তত্ত্বে রাষ্ট্রধারণা’ গ্রন্থে ইসলাম ও রাষ্ট্রের ঐতিহাসিক ও তাত্ত্বিক প্রেক্ষাপট, আধুনিক রাষ্ট্র ও ইসলামী রাষ্ট্র, ইসলামী রাষ্ট্রধারণার বিকাশ সহ ইউসুফ আল কারজাভির ইসলামী রাষ্ট্রতত্ত্ব, রশিদ আল ঘানুসির ইসলামী রাষ্ট্রধারণার উপর আলোচনা করেন। এছাড়া মওলানা মুহাম্মদ আবদুর রহিম তাঁর ‘ইসলামী রাষ্ট্রব্যবস্থা’ গ্রন্থে কুরআন-সুন্নাহ ভিত্তিক রাষ্ট্রের কাঠামো ও কার্যাবলীর বিশ্লেষণ করেছেন।<sup>১০</sup> ড. মুনীরউদ্দীন আহমদের ‘ইসলামী অর্থনীতি ও কল্যাণ রাষ্ট্র’ সম্পর্কিত বইটি আধুনিক কল্যাণ রাষ্ট্র ও ইসলামী দৃষ্টিভঙ্গির তুলনামূলক দিক তুলে ধরেছেন।<sup>১১</sup> মুহাম্মদ আসাদ (The principle of state and Government in Islam) গ্রন্থে ইসলামী রাষ্ট্র ও সরকার পরিচালনার মূলনীতি বিষয়ে যুগোপযোগি আলোচনা করেছেন। এ গ্রন্থে তিনি আমাদের সমস্যা, ইসলামী রাষ্ট্রের লক্ষ্যসমূহ, শাসন বিভাগ, আইন বিভাগ, নাগরিক ও সরকার বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য সন্নিবেশন করে ধর্মনিরপেক্ষ রাষ্ট্রের সীমাবদ্ধতাও স্পষ্টভাবে তুলে ধরেছেন। তাঁর মতে, আধুনিক ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে ন্যায় ও অন্যায়, ভালো ও মন্দে পার্থক্য নিরূপণের জন্য স্থায়ী কোনো আদর্শ বা মানদণ্ড নেই। এই ধরনের রাষ্ট্রের একমাত্র মানদণ্ড হলো জাতির স্বার্থ। রশিদ আল-ঘানুসির অতি সম্প্রতি ‘Public Freedom in Islamic State’ নামে এর ইংরেজি ভাষানুবাদ যুক্তরাষ্ট্রের ইয়ালে ইউনিভার্সিটির প্রেস থেকে প্রকাশিত। এ গ্রন্থে তিনি প্রথমত: ইসলামী রাষ্ট্রে জনস্বাধীনতা এবং মানবাধিকার, দ্বিতীয়ত: ইসলামে গণতন্ত্রের স্বরূপ এবং তৃতীয়ত: ইসলামী রাষ্ট্রতত্ত্ব। এই তিনটি মূল বিষয়ের মাধ্যমে তিনি তাঁর ইসলামী রাষ্ট্রের ধারণা খুব স্পষ্টভাবে এবং দীর্ঘ আলোচনা করেছেন। তিনি, ‘‘গণতন্ত্র বিদ্যাত কিংবা হারামের মতো বিষয়গুলো প্রত্যাখ্যান করেছেন। ঘানুসির বলেন, ‘‘গণতন্ত্রের মৌলিক ধারণাগুলো ইসলামী তত্ত্ব ‘শুরা’ এর বাস্তব প্রতিফলন। তিনি উল্লেখ করেন, ‘‘আজকে পশ্চিমাদের সামনের দিকে এগিয়ে যাওয়ার মূল কারণ গণতন্ত্র। আর গণতন্ত্র না থাকা মুসলমানদের পিছিয়ে থাকার কারণ।’’<sup>১২</sup> বিংশ শতাব্দীর অন্য যে কোনো ইসলামী চিন্তাবিদে তুলনায় অত্যন্ত গোছানো ও সুসজ্জলভাবে ইসলামী রাষ্ট্রের ধারণা উপস্থাপন করেছেন মওলানা সাইয়িদ আবুল আ‘লা মওদুদী। তিনি রাজনীতি, অর্থনীতি, সংস্কৃতি ও সমাজ সব ক্ষেত্রেই ইসলামী তত্ত্বের গভীর বিশ্লেষণ করেছেন। তাঁর ‘Islamic Law and Constitution’ গ্রন্থে তিনি বলেন, ‘‘ইসলামী রাষ্ট্র একটি আদর্শ রাষ্ট্র, যা পশ্চিমা গণতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ বা সমাজতান্ত্রিক রাষ্ট্র থেকে সম্পূর্ণ ভিন্ন।’’<sup>১৩</sup> মওদুদী পশ্চিমা গণতন্ত্র থেকে পৃথক একটি তত্ত্ব উপস্থাপন করেন, যাকে তিনি ‘‘থিও-ডেমোক্রেসি’’(Theo-Democracy) নামে অভিহিত করেছেন। এখানে সার্বভৌমত্বের চূড়ান্ত অধিকারী আল্লাহ তা‘আলা, কিন্তু জনগণ আল্লাহর প্রতিনিধি হিসেবে শাসন পরিচালনা করে।’’

### আধুনিক বিশ্ব ও ইসলামী রাষ্ট্রব্যবস্থা

আধুনিক বিশ্ব বলতে গণতন্ত্র, মানবাধিকার, ধর্মনিরপেক্ষতা, আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির সমন্বয়ে গড়ে ওঠা রাষ্ট্রব্যবস্থাকে বোঝায়। আর রাষ্ট্র বলতে এমন এক রাজনৈতিক কাঠামো যার মাধ্যমে কোন ভূখন্ডের অধিবাসীরা নিয়মতান্ত্রিক শাসনব্যবস্থার অধীনে নিজেদের সামাজিক শৃঙ্খলা প্রতিষ্ঠা করে থাকে। ইসলামী রাষ্ট্র বলতে ইসলামী শরি‘আহ ও মূল্যবোধের ভিত্তিতে পরিচালিত রাষ্ট্রব্যবস্থাকে বোঝায়। রাষ্ট্রব্যবস্থা ইসলামী জীবন ব্যবস্থারই অবিচ্ছেদ্য অংশ। সপ্তদশ শতকের ইংল্যান্ডের বিখ্যাত রাষ্ট্রবিজ্ঞানী ও রাজনৈতিক চিন্তাবিদ হবস (১৫৮৮-১৬৩৩) ‘Leviathan’ নামে বইয়ে রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কে মতবাদ প্রকাশ করে দাবি করেন রাষ্ট্র ও সরকার গঠনের আগে মানুষ ‘প্রকৃতির রাজ্যে’ বসবাস করত। সে রাজ্যের মানুষ সামাজিক অরাজকতা থেকে মুক্তি পেতে পরস্পর মিলে যে সামাজিক চুক্তি (Social Contract) করে তার মধ্য দিয়ে সর্বপ্রথম রাষ্ট্র ও সরকারের উৎপত্তি হয়। ইংল্যান্ডের অপর একজন রাষ্ট্র বিজ্ঞানী জন লক (১৬৩২-১৭০৪) ‘Two treaties of Civil Government’ নামে বিখ্যাত বইয়ে হবসের মত তিনিও প্রাকৃতিক রাজ্যের (Natural State) কথা বলেন যে রাজ্যে মানুষ প্রথমে শান্তিতে ছিল। কিন্তু ক্রমবর্ধমান মানুষের চাপ ও নিরপেক্ষ বিচারক ও শাসকের প্রয়োজন অনুভূত হয়। এ অনুভূতি থেকে সকল মানুষ একত্রিত হয়ে রাষ্ট্র ও সরকার গঠনের জন্য একটি সামাজিক চুক্তি করলে

সর্বপ্রথম রাষ্ট্রের উদ্ভব হয়।<sup>১০</sup> তবে রাষ্ট্রবিজ্ঞানীদ্বয় উক্ত সামাজিক চুক্তির দেশ ও সময়ের কথা প্রকাশ করেননি। অথচ তাদের অনেক বহু আগে পৃথিবীতে প্রেরিত প্রথম মানব আদম ও হাওয়া আ. এর মাধ্যমে মক্কার আরাফার ময়দানে গড়ে ওঠে প্রথম মানব সভ্যতা। তাই ইতিহাসে মিশরীয় সভ্যতা (৩১৫০ খ্রিষ্টপূর্বাব্দ), ইতালির রোমান সভ্যতা (২০০০ খ্রিষ্টপূর্বাব্দ), গ্রিক সভ্যতা (৩০০০ খ্রিষ্টপূর্বাব্দ), ইরাক ও ইরানের ব্যাবিলনীয় সভ্যতা (১৮৯৪ খ্রিষ্টপূর্বাব্দ), চৈনিক সভ্যতা (১৫০০ খ্রিষ্টপূর্বাব্দ) পাকিস্তানের মহেঞ্জোদারো সভ্যতা (২৫০০ খ্রিষ্টপূর্বাব্দ), সিন্ধুসভ্যতা (৩৩০০ খ্রিষ্টপূর্বাব্দ), হরপ্পা সভ্যতা (২৬০০ খ্রিষ্টপূর্বাব্দ), আদ ও সামুদ্র জাতির সভ্যতা, কখনোই রাষ্ট্র ও সরকারবিহীন অবস্থায় ছিল না।<sup>১১</sup> তাই পৃথিবীতে রাষ্ট্র ও সরকার গঠনের পূর্বে মানবসমাজ তথাকথিত প্রকৃতির রাজ্যে (state of nature) অবস্থান করত-এই ধারণা বাস্তবতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়; বরং এটি কেবল পাশ্চাত্য রাজনৈতিক চিন্তায় গঠিত একটি কল্পনামূলক ধারণা।

ইসলামী রাষ্ট্র বলতে আল-কুরআনের অনুশাসন ও রাসুলুল্লাহ সা. এর সুন্নাহর ভিত্তিতে গঠিত সমাজ ব্যবস্থাকেই বোঝায়।<sup>১২</sup> প্রফেসর ড. বেলাল হোসেনের মতে, ‘কুরআন, সুন্নাহ ও ইসলামী শরি’আহর উপর প্রতিষ্ঠিত ও পরিচালিত রাষ্ট্রব্যবস্থাকে ইসলামী রাষ্ট্র বলে।<sup>১৩</sup> ড. খুরশিদ আহমদের মতে, ‘যে রাষ্ট্রের যাবতীয় কাজ ইসলামী আইন কানুন দ্বারা পরিচালিত এবং আল্লাহর সার্বভৌমত্ব ও প্রাধান্য মেনে নিয়ে সে মোতাবেক অভীষ্ট লক্ষ্যে পৌঁছার সর্বাত্মক প্রয়াস চালানো হয় তাই ইসলামী রাষ্ট্র। আল মাওয়াদীর মতে, ‘দ্বীনের সংরক্ষণ, পার্থিব রাজনীতি এবং জনগণকে সংগঠিত করে রাখার জন্য যে রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠিত হয় তাকেই ইসলামী রাষ্ট্র বলে।’<sup>১৪</sup> যে রাষ্ট্রের আইন, শাসন ও বিচার বিচার ব্যবস্থার কুরআন ও সুন্নাহর ভিত্তিতে গড়ে উঠে তাই ইসলামী রাষ্ট্র।<sup>১৫</sup> মুহাম্মদ আসাদ বলেন, ‘একটা রাষ্ট্রকে তখনই ইসলামী রাষ্ট্র বলা যায়, যখন সমাজ ও রাষ্ট্র সম্পর্কিত বিধানগুলো জাতির জীবনে সক্রিয়ভাবে প্রয়োগ করা হয় এবং সে দেশের মৌলিক শাসন-সংবিধানে সেগুলো অন্তর্ভুক্ত করা হয়।’<sup>১৬</sup> যে রাষ্ট্রব্যবস্থা পরিচালনা, নীতি-নির্ধারণ, প্রশাসন ও আইন-প্রণয়নের ক্ষেত্রে ইসলামী আদর্শ ও রীতি নীতি পূর্ণাঙ্গ অনুসরণ করা হয় তাকে ইসলামী রাষ্ট্র বলে। এ রাষ্ট্র আল্লাহর আইন তথা কুরআন ও সুন্নাহর পরিপূর্ণ নীতির ভিত্তিতে প্রতিষ্ঠিত। এ রাষ্ট্রে আল্লাহ তা’আলা কর্তৃক প্রদত্ত বিধি-বিধান এবং নির্দেশনাবলী কার্যকর হবে। এ রাষ্ট্রের প্রধান বৈশিষ্ট্য হলো সর্বক্ষেত্রে আল্লাহর একচ্ছত্র সার্বভৌমত্ব প্রতিষ্ঠা করা। আল্লাহ ছাড়া আর কারো হুকুম চলবে না। তিনি যেমন সৃষ্টিকর্তা তেমনি নির্দেশ দাতা।<sup>১৭</sup> সমাজের সকল স্তরে আইনের শাসন প্রতিষ্ঠা করা এ রাষ্ট্রের প্রধান উদ্দেশ্য। রাষ্ট্রে বসবাসকারী মুসলিম ও অমুসলিম সকল নাগরিকের জন্য এ রাষ্ট্রের সুবিচার নীতি সমভাবে প্রযোজ্য। আল্লাহ তা’আলা উপর্যুক্ত ব্যক্তিদের হাতে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব অর্পণ করার নির্দেশ দিয়েছেন এবং শাসকদের প্রতি ন্যায্যপারায়ণতা ও সুবিচার প্রতিষ্ঠার আদেশ দিয়েছেন।<sup>১৮</sup> পরামর্শের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা এ রাষ্ট্রের আর একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য। এর মাধ্যমে ভালো ও মন্দের বিষয়ের সঠিক সিদ্ধান্তে পৌঁছানো সহজ হয়।<sup>১৯</sup> সুনীতির প্রতিষ্ঠা, দুর্নীতির উচ্ছেদ ইসলামী রাষ্ট্রের অন্যতম কাজ।<sup>২০</sup> এ আয়াতটিতে শাসন ব্যবস্থার মূল লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণিত হয়েছে। যার বাস্তবায়ন খোলাফায়ে রাশেদাসহ প্রথম শতাব্দীর ইসলামী রাষ্ট্রগুলোতে লক্ষ্য করা যায়। যারা জীবনের প্রতিটি ক্ষেত্রে ঐ সমস্ত উদ্দেশ্যকে বাস্তবায়ন করাকে অগ্রাধিকার দিয়েছিলেন। মু’মিনদেরকে আল্লাহ তা’আলা যমিনে ক্ষমতা দানের প্রতিশ্রুতি দিয়েছেন। আল্লাহ তা’আলা বলেন,

﴿وَعَدَ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنْكُمْ وَعَمِلُوا الصَّالِحَاتِ لَيَسْتَخْلِفَنَّهُمْ فِي الْأَرْضِ كَمَا اسْتَخْلَفَ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ﴾

‘‘তোমাদের মধ্যে যারা ঈমান আনে আর সৎকাজ করে আল্লাহ তাদেরকে অবশ্যই পৃথিবীতে খেলাফত দান করবেন যেমন তিনি তাদের পূর্ববর্তীদের প্রতিনিধিত্ব দান করেছিলেন।’’<sup>২১</sup> ইসলামী রাষ্ট্রের অর্থনীতি হবে ন্যায্যনীতির উপর প্রতিষ্ঠিত যেখানে পুঁজিবাদের আধিপত্যকে হ্রাস করে দরিদ্র জনগোষ্ঠীর আর্থিক সংকটকে সমৃদ্ধিশালী করা। এছাড়া দ্বীনের সংরক্ষণ করা, মানুষের ইহলৌকিক ও পারলৌকিক জীবনে সফলতা অর্জন করতে সহায়তা করা, সম্পূর্ণভাবে জনগণের রায় নিয়ে ভৌগোলিক জাতীয়তাবাদের পরিবর্তে নীতি ও আদর্শের উপর এ রাষ্ট্র প্রতিষ্ঠিত হবে। এ রাষ্ট্রের শাসকগণ মূলত জনগণের প্রতিনিধি। তাঁরা তাদের কাজ-কর্ম ও দায়িত্ব পালনের বিষয়ে আল্লাহ তা’আলা ও জনগণের নিকট দায়ী থাকবে। এ রাষ্ট্রের নাগরিকরাই নির্ধারণ করবে কারা তাদের শাসক হবেন। তারা শাসকের প্রতিটি ইতিবাচক সিদ্ধান্তের আনুগত্য করবেন এবং পাপাচার ও সীমালঙ্ঘনমূলক কাজের বিরোধিতা করবেন। কেননা শ্রুতির অবাধ্যতায় সৃষ্টির কোন আনুগত্য হয় না।

### আধুনিক বিশ্বে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠায় সমস্যাসমূহ

#### ১. ধর্মকে রাজনীতি থেকে পৃথক করার প্রয়াস

পাশ্চাত্য, সেকুলার<sup>২২</sup> ও মার্কসবাদী(১৮১৮-৮৩) সমাজ এ বলে অপপ্রচার চালায় যে ধর্ম শ্রুতির পক্ষ থেকে আগত পবিত্র ও নিরঙ্কুশ আর রাজনীতি মানবসৃষ্ট। মানুষের রাজনৈতিক জীবন ও কর্মের বিষয়ে ধর্মীয় কোনো নির্দেশনা থাকতে পারে না। রাজনীতির সাথে দুর্নীতি, প্রতারণা কিংবা অস্বচ্ছতার সংমিশ্রণ রয়েছে। ধর্মের উদ্দেশ্যই হচ্ছে পরকালীন জীবনের সফলতা অর্জন আর রাজনীতির উদ্দেশ্য জাগতিক উন্নয়ন ও সমৃদ্ধি অর্জন। তারা ইসলামকে এমনভাবে উপস্থাপনের হীন প্রচেষ্টা চালায় যেখানে ধর্ম শুধু আকিদা চর্চার মাঝে সীমাবদ্ধ থাকবে, তাতে শরি’আহর কোনো অস্তিত্ব থাকবে না। ইবাদাত থাকবে কিন্তু মুয়া’মালাত<sup>২৩</sup> তথা পারস্পরিক লেনদেনের বিষয়ে কোন নির্দেশনা থাকবে না। দ্বীন থাকবে কিন্তু জাগতিক বিষয়াবলীর সাথে দ্বীনের কোন সংশ্লিষ্টতা থাকবে না।

দাওয়াত থাকবে কিন্তু রাষ্ট্র গঠন বা পরিচালনার বিষয়ে কোনো আলোচনা পর্যালোচনা থাকবে না। তারা আরও প্রচারণা চালায় ধর্মের সাথে কোনো রাজনীতি নেই আর রাজনীতির মাঝে কোনো ধর্মের সংশ্লিষ্টতা থাকতে পারে না। ধর্মীয় কিতাবে লিখিত সীমিত অনুশাসন দ্বারা রাজনীতি পরিচালিত হলে তা সংকীর্ণতার রূপ লাভ করবে। যদি তা করা হয় তাহলে মানুষ ও সমাজের কল্যাণে রাজনীতি ভূমিকা না রেখে ধর্মের জাঁতাকলে পিষ্ট হয়ে এর কার্যকারিতা হারিয়ে ফেলবে। কেননা রাজনীতির চিরাচরিত নীতি হচ্ছে তা সদা পরিবর্তনশীল। সমকালীন সমাজ ও পরিস্থিতির বিবেচনায় রাজনীতি নানা রূপ লাভ করে আর ধর্মের স্বভাব ও প্রকৃতি হচ্ছে অকাট্য, স্থির ও অপরিবর্তনীয়। যেখানে নিত্যনতুন আবিষ্কার ও সৃষ্টি বিদ'আত বলে বিবেচনা করা হয়। কাজেই এ দুটো ভিন্নতর বিষয়ে কখনো এক হয়ে চলতে পারে না।<sup>২৪</sup> ধর্ম ও রাজনীতির পারস্পরিক সংযোগ বিষয়ে সেকুলার দৃষ্টিভঙ্গির সারকথা হলো ধর্ম রাজনীতি থেকে এবং রাজনীতি থেকে ধর্ম পুরোপুরি পৃথকভাবে অবস্থান করবে। এ বক্তব্যের মাঝে নিকোলো মেকিয়াভেলি (১৪৬৯-১৫২৭) চিন্তা ও দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয়েছে<sup>২৫</sup>। যিনি রাজনীতিকে ধর্মতত্ত্ব হতে সম্পূর্ণ আলাদা করে বিচার করেছেন। তিনি মনে করেন উদ্দেশ্য সাধন করাটা মূল বিষয়, কীভাবে তা অর্জন করা হলো সেটি মুখ্য বিষয় নয়। ভলতেয়ার (১৬৯৪-১৭৭৮) দর্শন আরো মারাত্মক। তিনি ধর্মীয় স্বাধীনতা, বাকস্বাধীনতা, নিরপেক্ষ ও স্বাধীন বিচার ব্যবস্থা এবং ধর্ম ও রাষ্ট্রকে পৃথক রাখার পক্ষে সংগ্রাম করে গেছেন। তিনি বলেন, “ধর্ম মানুষের ব্যক্তিগত বিষয়।”<sup>২৬</sup> মানুষের ব্যবহারিক জীবন পদ্ধতি হবে সম্পূর্ণরূপে ধর্মীয় বিধিনিষেধের আওতামুক্ত। ইসলাম হচ্ছে আধ্যাত্মিক প্লাটফর্ম মাত্র। সামাজিক সংস্কার, রাষ্ট্রকাঠামোর সংশোধন, অপরাধের শাস্তির বিধান, অর্থব্যবস্থার সুসম বণ্টন ইত্যাদি জীবনঘনিষ্ঠ বিষয়াদিতে এর কোন ভূমিকা থাকবে না।

## ২. ইসলামে গণতন্ত্র চর্চা নিয়ে বিতর্ক

গণতন্ত্র (Democracy) মূলত এমন একটি রাজনৈতিক ব্যবস্থা, যেখানে সার্বভৌম ক্ষমতার উৎস জনগণ। অন্যদিকে, ইসলামী রাষ্ট্রব্যবস্থায় সার্বভৌমত্ব (sovereignty) একমাত্র আল্লাহর। আল্লাহ তা'আলা বলেন, “সার্বভৌম কর্তৃত্ব একমাত্র আল্লাহর।”<sup>২৭</sup> এখানেই বিতর্কের সূচনা ‘গণতন্ত্রের দাবি জনগণের ইচ্ছাই সর্বোচ্চ আইন’ অথচ ইসলাম বলে ‘আল্লাহর আইনই সর্বোচ্চ’। ফলে অনেক ইসলামী চিন্তাবিদ মনে করেন, গণতন্ত্র ইসলামী তাওহিদি রাজনৈতিক দর্শনের সঙ্গে সরাসরি সঙ্গতিপূর্ণ নয়। ইসলামপন্থীদের একটা বড় অংশ মনে করে ‘গণতন্ত্রের দিকে আহ্বানকারীরা শারীরিকভাবে মুসলমানদের ভূখণ্ডে বসবাস করলেও মন মানসিকতা ও ধ্যানধারণায় কুফরি পশ্চিমা সমাজে বসবাস করে।’ তারা ইসলামের সাথে এর সংযোগকে পুরোপুরি নাকচ করে। আর এ রাজনৈতিক দৃষ্টিভঙ্গি সমর্থনকারীদের প্রত্যাখান করে কাফির ও মুরতাদ বলে দোষারোপ করে। তাদের মতে গণতন্ত্রের ভিত্তি হলো জনগণই সকল ক্ষমতার উৎস। আইন প্রণয়ন ও আনুগত্যের মালিক জনগণ, আল্লাহ তা'আলা নন।<sup>২৮</sup> তাদের মতে ইসলাম আল্লাহ প্রদত্ত বিধান আর গণতন্ত্র মানুষের সৃষ্টি। আল্লাহ তা'আলা অন্যত্র বলেন, ﴿وَأَنِ اطَّعُوا أَكْثَرَ مَن فِي الْأَرْضِ يُضِلُّوكَ عَنْ سَبِيلِ اللَّهِ﴾ “আর যদি আপনি পৃথিবীর অধিকাংশ লোকের কথা মেনে নেন, তবে তাঁরা আপনাকে আল্লাহর পথ থেকে বিপথগামী করে দেবে।”<sup>২৯</sup> তাদের যুক্তি হলো গণতন্ত্রে জনগণের সার্বভৌমের কথা বলা হয়েছে। যা মানুষকে চূড়ান্ত ক্ষমার উৎসে পরিণত করে এবং আইন প্রণয়ন করার অধিকার দেয়।<sup>৩০</sup> পাশ্চাত্যের খ্রিষ্টান ও সেকুলার সমাজের হাত ধরে গণতন্ত্রের উদ্ভব হয়েছে যারা জীবন পদ্ধতির সাথে ধর্মের সংশ্লিষ্টতাকেই মৌলিকভাবে অস্বীকারসহ আল্লাহর উলুহিয়াত, আশ্বিয়ার নবুয়াত ও পরকালীন জবাবদিহিতাকে গোমরাহি মনে করে। তাঁরা আরো বলেন গণতন্ত্র দাঁড়িয়ে আছে ধর্ম ও আকিদা-বিশ্বাসের স্বাধীনতার মূলনীতির ওপর। গণতন্ত্রের ছায়ায় মানুষ ইচ্ছানুযায়ী আকিদা পোষণ করতে পারে। তাই পশ্চিমা ধাঁচের গণতন্ত্র ইসলামী রাষ্ট্রচিন্তার সাথে সাংঘর্ষিক হয়ে পড়ে। জনগণই একমাত্র ফায়সালা দানকারী; যাদের কাছের বিভিন্ন মতানৈক্য ও বিবাদের বিচার নিয়ে যাওয়া হয়। এটি তাওহিদের মূলনীতির পরিপন্থী। তাওহিদের মূলনীতি হলো সমস্ত মতবিরোধের একমাত্র বিচারক হলো আল্লাহ তা'আলা। তাছাড়া গণতন্ত্র দাঁড়িয়ে আছে বাক-স্বাধীনতা ও মতপ্রকাশের ওপর। তাদের যুক্তি হলো ইসলামে কোন মন্দ কথার স্বাধীনতা নেই। গণতন্ত্রে আর একটা মারাত্মক মূলনীতি হলো রাষ্ট্র, রাজনীতি ও জীবন থেকে ধর্মবিচ্ছেদ তথা সেকুলার মতবাদকে প্রতিষ্ঠা করা। অবাধ স্বাধীনতা, একাধিক রাজনৈতিক দল গঠন, সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ, ভোট ও নির্বাচন প্রক্রিয়া গণতান্ত্রিক রাষ্ট্রের মূলনীতির অন্তর্ভুক্ত। কুরআনে পরামর্শ বা শূরা-র নীতি রয়েছে। আল্লাহ তা'আলা বলেন, “তাদের কার্যাবলি পরস্পর পরামর্শের মাধ্যমে সম্পন্ন হয়।”<sup>৩১</sup> গণতন্ত্রের মতোই শূরাও অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণকে গুরুত্ব দেয়। কিন্তু পার্থক্য হলো-শূরায় সিদ্ধান্ত গ্রহণ কুরআন ও সুন্নাহর সীমার মধ্যে; গণতন্ত্রে জনগণের ইচ্ছাই চূড়ান্ত। ইসলামে চূড়ান্ত সীমা আল্লাহর বিধান অর্থাৎ সংখ্যাগরিষ্ঠ ও শরি'আহর বিরুদ্ধে যেতে পারে না।

## ৩. শাসনব্যবস্থা সংক্রান্ত কুর'আনের আয়াতের বিষয়ে উম্মাহর মতবিরোধ:

যারা আল্লাহর বিধান অনুযায়ী শাসন পরিচালনা করে না কুরআনের তাদেরকে কাফির, ফাসিক কিংবা যালিম বলে তিরস্কার করা হয়েছে।<sup>৩২</sup> একদল ইসলামপন্থি মনে করে এ আয়াতগুলো আহলে কিতাব তথা ইহুদী-নাসারাদের

উদ্দেশ্য নাযিল হয়েছে। যেমন আল্লাহ তা'আলা অন্যত্র বলেন, ﴿وَأَن آخُكُم بِبَيْنِهِمْ بِمَا أَنزَلَ اللَّهُ وَلَا تَتَّبِعْ أَهْوَاءَهُمْ﴾ 'তোমার উপর আল্লাহ তা'আলা যে আইন-কানুন নাযিল করেছে তুমি তা দিয়ে এদের মাঝে ফায়সালা করো' ৩৩। তাদের দাবি এ আয়াত কিতাবী তথা অমুসলিমদের বিষয়ে অবতীর্ণ হয়েছে, মুসলমানদের বিষয়ে নয়। তাছাড়া আয়াতে উল্লিখিত ফায়সালা ছিল বিচার বিভাগ সম্পর্কিত বিষয়ের সাথে জড়িত। ঢালাওভাবে তা দ্বারা শাসনকাজ পরিচালনা কিংবা আইন প্রণয়ন বিষয়ের সাথে সংশ্লিষ্ট নয়, যা কেবল রাজনৈতিক শাসনতান্ত্রিক, কিংবা কার্যনির্বাহী কমিটি তথা রাজা-বাদশা, রাষ্ট্রপ্রধানগণ কিংবা মন্ত্রিপরিষদ ইত্যাদির দায়িত্ব। আইন প্রণয়ন কমিটি যেমন পার্লামেন্ট, সিন্ডিকেট, সিনেট, ইত্যাদির দায়িত্ব হলো আইন প্রণয়ন, পরিবর্তন, সংশোধন ও রহিতকরণ। আবার অনেকেই বলে থাকেন মক্কায় অবতীর্ণ কুরআনের এ সব আয়াতে ব্যবহৃত 'শরি'আহ' শব্দটি দ্বারা আকিদা, বিশ্বাস, আখলাক, সং ও ভালো গুণাবলি অর্জনের প্রতিনিধিত্ব করে। তাই এসব আয়াত কোনক্রমেই ইসলামী শরি'আর বিধি বিধানকে বোঝায় না। যেমন আল্লাহ তা'আলা বলেন, ﴿ثُمَّ جَعَلْنَاكَ عَلَىٰ شَرِيعَةٍ مِّنَ الْأُمْرِ فَاتَّبِعْهَا وَلَا تَتَّبِعْ أَهْوَاءَ الَّذِينَ لَا يَعْلَمُونَ﴾ ৩৪। অন্যদিকে আজহার বিশ্ববিদ্যালয়ের গবেষক আলি আবদুর রাজ্জাক দাবি করেন, 'ইসলাম মানুষকে দ্বীন চর্চার দিকে আহ্বান করে। রাষ্ট্র বা হুকুমত প্রতিষ্ঠার কোন দলীল প্রমাণাদি ইসলামে অবকাশ নেই' ৩৫ ইসলাম আধ্যাত্মিক তথা রুহানিয়াত ও তাজকিয়াতুন নফসের উন্নতি সাধনের জন্য কাজ করে। দ্বীন চর্চার সাথে সাংঘর্ষিক রাষ্ট্রপরিচালনার মতো দুনিয়াবি স্বার্থ নিয়ে বিন্দুমাত্র ভ্রক্ষেপ করে না, যা দ্বীন চর্চার সাথে সাংঘর্ষিক একটি পথ চলা। এছাড়া সূরাহ আন-নুরের ৫৫ নম্বর আয়াতটি সাহাবিদের যুগের সাথে সম্পর্কিত আল্লাহ তা'আলা বলেন,

﴿وَعَدَ اللَّهُ الَّذِينَ ءَامَنُوا مِنكُمْ وَعَمِلُوا الصَّالِحَاتِ لَيَسْتَخْلِفَنَّهُمْ فِي الْأَرْضِ كَمَا اسْتَخْلَفْنَا الَّذِينَ مِن قَبْلِهِمْ وَلَيُمَكِّنَنَّ لَهُمْ دِينَهُمُ الَّذِي ارْتَضَىٰ لَهُمْ وَلَيُبَدِّلَنَّهُم مِّن بَعْدِ خَوْفِهِمْ أَمْنًا يَعْبُدُونَنِي لَا يُشْرِكُونَ بِي شَيْئًا وَمَن كَفَرَ بَعْدَ ذَلِكَ فَأُولَٰئِكَ هُمُ الْفَاسِقُونَ﴾

'তোমাদের মধ্যে যারা বিশ্বাস স্থাপন করে ও সৎকর্ম করে, তাদের সাথে আল্লাহ প্রতিশ্রুতি দিচ্ছেন যে, তিনি অবশ্যই তাদেরকে পৃথিবীতে খলিফা (প্রতিনিধি) করবেন, যেমন তিনি তাদের পূর্ববর্তীদের খলিফা করেছিলেন। আর তাদের জন্য তাদের দ্বীনকে অবশ্যই সুদৃঢ় করবেন, যা তিনি তাদের জন্য মনোনীত করেছেন। এবং তাদের ভয়কে নিরাপত্তায় পরিবর্তন করে দেবেন। তারা আমার ইবাদত করবে এবং আমার সাথে কোন কিছুকে শরীক করবে না। এরপরও যে অবিশ্বাসী হবে, তারাই ফাসিক'। সূরাহ নিসার ৫৮-৫৯ নম্বর আয়াত শাসকগোষ্ঠী ও মুলিম জনসাধারণের উদ্দেশ্য অবতীর্ণ হলেও এক শ্রেণির বুদ্ধিজীবির মতে তা রাষ্ট্র কিংবা হুকুমত গঠনের দিকে আহ্বান করেনা। আল্লাহ তা'আলা বলেন,

﴿إِنَّ اللَّهَ يَأْمُرُكُمْ أَنْ تُؤَدُّوا الْأَمَانَاتِ إِلَىٰ أَهْلِهَا وَإِذَا حَكَمْتُم بَيْنَ النَّاسِ أَنْ تَحْكُمُوا بِالْعَدْلِ - إِنَّ اللَّهَ نِعِمَّا يَعِظُكُمْ بِهِ - إِنَّ اللَّهَ كَانَ سَمِيعًا بَصِيرًا﴾

“নিশ্চয়ই আল্লাহ তোমাদেরকে নির্দেশ দিচ্ছেন, হকদারদের হক তাদের কাছে পৌঁছে দিতে। তোমরা যখন মানুষের মাঝে বিচার করবে তখন ন্যায্যপরায়ণতার সঙ্গে বিচার করবে। আল্লাহ তোমাদেরকে কত উত্তম উপদেশই না দিচ্ছেন; নিশ্চয়ই আল্লাহ সবকিছু শোনেন, সবকিছু দেখেন।” আল্লাহ তা'আলা অন্যত্র বলেন,

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَأُولِي الْأَمْرِ مِنْكُمْ - فَإِن تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللَّهِ وَالرَّسُولِ﴾

‘হে মুমিনগণ, তোমরা আনুগত্য কর আল্লাহর ও আনুগত্য কর রাসূলের এবং তোমাদের মধ্য থেকে কর্তৃত্বের অধিকারীদের। অতঃপর কোন বিষয়ে যদি তোমরা মতবিরোধ কর তাহলে তা আল্লাহ ও রাসূলের দিকে প্রত্যার্ণন করাও।’ ৩৬

## ৪. বৈশ্বিক উপনিবেশিক আত্মসন

উপনিবেশবাদ আধিপত্যের প্রধান আক্রমণের লক্ষ্যবস্তু ছিল মুসলিমদের শিক্ষাব্যবস্থা। বৃটিশ শিক্ষাবিদ লর্ড ম্যাকলে এর মতে ৩৭ ‘উন্নত মানের ইউরোপীয় লাইব্রেরির একটি সেলফ বই সমগ্র আরব ও ভারত উপমহাদেশের দেশীয় সাহিত্য ও দর্শন হতে উন্নত’ ৩৮ বৃটিশ শিক্ষার চালিকা শক্তি হিসেবে বিবেচিত এ উক্তি প্রাচ্য শিক্ষার অবসান ঘটিয়ে তার স্থলে ইংরেজি শিক্ষা চালু করে। নাইজেরিয়ার লুগার্ড লর্ডও অনুরূপ মন্তব্য করেন। তাদের উদ্দেশ্য হলো দেশীয় জনগোষ্ঠীর মাঝে ইউরোপীয় শিক্ষানীতিকে ব্যবহার করে বৃটিশ সাম্রাজ্য ও সংস্কৃতির শিকড় বিস্তৃত করা। এর মাধ্যমে এমন একটি শ্রেণি সৃষ্টি করা যারা রক্ত ও বর্ণে হবে ভারতীয় কিন্তু রুচি, চিন্তা-চেতনা, নীতি-নৈতিকতা, ধ্যান-ধারণা ও বুদ্ধিবৃত্তিক দিক থেকে হবে ইংরেজ মানসিকতা সম্পন্ন। যার ফলে ইংরেজি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পাশ্চাত্য সাম্রাজ্যবাদের সার্বিক ব্যবস্থাপনায় ইসলামী শিক্ষাকে বিলুপ্ত ও শরি'আহ ব্যবস্থাকে নির্মূল করার ষড়যন্ত্র শুরু করে। কোথাও যদি ইসলামী শিক্ষাব্যবস্থাকে অনুমোদন দেয়া হতো তবে তা সরকারি পৃষ্ঠপোষকতা ছাড়াই ব্যক্তিগত উদ্যোগে হতো। তবে যেখানে সরকারি অনুদান দেয়া হতো সেখানে আনুষ্ঠানিক ও পুনর্জাগরণের নামে ধর্মনিরপেক্ষ শিক্ষাক্রম চাপিয়ে দেয়া হতো। ৩৯ ফলে উপনিবেশিক শক্তি নিয়ন্ত্রিত মুসলিম সমাজ ধীরে ধীরে নিজেদের সাংস্কৃতিক

ঐতিহ্য ছেড়ে দিয়ে বিজাতীয় পাশ্চাত্য সংস্কৃতির মূল্যবোধ বরণ করে নিলো। তাদের সমাজের মডেল অনুসারে নিজেদের সমাজের মডেল পুনর্গঠন করল। তাদের অনুকরণে নিজেদের জীবন ধারারও পরিবর্তন আনল। ১৮০০ শতাব্দীর পূর্বে ইউরোপের রেনেসা বা পুনর্জাগরণ, Reformation Movement এবং ফ্রান্সের মুক্ত বুদ্ধির আন্দোলনের প্রভাব ১৮০০ শতকের শেষে ও ফরাসির বিপ্লবের পরে বজায় ছিল। যার দর্শন ছিল রাষ্ট্রীয় ও সামাজিক বাপারে ধর্মের কোনো ভূমিকা থাকবে না। যুক্তিই হবে জীবনের ভিত্তি। যে কারণেই হোক এই আন্দোলন ইউরোপের তৎকালীন নেতৃত্বকে প্রভাবিত করতে সক্ষম হয়। সভ্যতার ধারক বাহক রূপে পরিচিত খ্রিষ্টবাদ, বাণিজ্য ও উপনিবেশবাদ শ্রেণির ত্রিশক্তির সাফল্য হলো শিক্ষা থেকে ধর্মকে আলাদা করা। এভাবে যে সব স্কুল প্রতিষ্ঠা হলো তাতে মানুষ স্বার্থপর ও ভোগবাদী হয়ে পড়ল। ধর্মের প্রতি শ্রদ্ধাবোধ কমে গেল। নীতিহীনতা ও স্বার্থপরতা নিয়ে মানুষ গড়ে উঠল। এর স্থলে যে জেনারেল পলিটিশিয়ান ও চিন্তাবিদরা তৈরি হলো। তাদের মনের গভীরে এই চিন্তা স্থায়ী হলো যে জনসমাজের জন্য ধর্মের প্রয়োজন নেই। এর প্রভাব কার্যকর হলো সকল ক্ষেত্রে। তারা সুপারিকল্পিতভাবে ইসলামী নেতৃত্ব শ্রেণিকে ধ্বংস করে দিল। পাশ্চাত্যে আইনশাস্ত্রে শিক্ষিত দেশীয় শ্রেণিবর্গ দ্বারা আইন ও ফিকহ শাস্ত্রের আলমদের ধ্বংস করা হলো। তারা সমাজে উদারনৈতিক শিক্ষার বিজবপন ও সমধর্মী শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠা করল। তাদের চিন্তা চেতনার আলোকে দেশের সংবিধান গড়ে উঠল। যে জাতীয়তাবাদ মানবজাতিকে বিভিন্ন গোড়ে বিভক্ত করে, পশ্চিমা শিক্ষায় শিক্ষিত সমাজ সে জাতীয়তাবাদকে মনে প্রাণে গ্রহণ করে জাতীয়তাবাদী নীতিমালার ইতিবাচকতা প্রচার করল। তারা জাতীয় রাষ্ট্রের ধারণাকে প্রতিষ্ঠিত করল। অর্থনীতির ক্ষেত্রে সোশাল ডারউইনিজম প্রবেশ করল। Survival of the fittest-কে মূলমন্ত্র করে নেয়া হলো। কেবল যোগ্যরাই টিকে থাকবে। এর মানে যারা যোগ্য নয় তারা ধ্বংস হউক তাতে কোন আসে যায় না। এখানে কোন নীতিবোধ বা দয়ামায়ার স্থান নেই। এটাই ছিল সোশাল ডারউইনিজমের, যা ছিল খ্রিষ্টান ধর্মের বিরোধী, ইসলাম ধর্মের বিপরীত।<sup>৪০</sup> সেকুলারিজম বা মুক্তবুদ্ধির আন্দোলন অর্থনীতির ক্ষেত্রে গড়কে বাদ দিয়ে চিন্তা করার রীতি চালু করল। পুঁজিবাদ যখন সেকুলারিজমের সঙ্গী হলো তখন ইউরোপে শ্রমিককে শোষণ করা হলো। এর প্রতিক্রিয়াতে কমিউনিজমের জন্ম হলো। সমাজতন্ত্রের উদ্ভব হলো। অর্থনীতিতে নীতিহীনতা ও অমানবিকতা প্রতিষ্ঠিত হয়ে গেল। মুক্তবুদ্ধি ও সেকুলারিজমের ফল হলো মানুষ মুখে মুখে স্বাধীনতা, ভ্রাতৃত্ববোধ ও গণতন্ত্রের কথা বলে। তাদের রাজনৈতিক আচরণ ছিল নীতিহীনতা। তারা পরস্পর মারামারি করল। ফ্রান্স ও ইংল্যান্ড ভারত দখল করে নিতে চেষ্টা করল। শেষে ইংল্যান্ড একাই একটা অঞ্চল দখল করল। মুক্তবুদ্ধির ধারণা গ্রহণ করে পুরো শিক্ষিত সমাজ মোটামুটি সেকুলার হয়ে গেল। আমেরিকা, ফ্রান্স ব্রিটেন ও স্পেনীয়রা লড়াই করল। পর্তুগাল মৌলিক এলাকার দখল নিল। ডাচেরা সাউথ আফ্রিকাসহ কিছু এলাকা নিয়ে নিল। উত্তর আফ্রিকা নিল ইতালি ও ফ্রান্স। ধর্মকে বাদ দিয়ে তৈরি হওয়া সমাজ দুনিয়া দখল করল, লুটতরাজ করল, এবং নিজেদের মধ্যে লড়াই করলেও শান্তি আনতে ব্যর্থ হলো। তারা প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরিচালনা করল। পাশ্চাত্য সভ্যতার এই প্রক্রিয়ায় ফ্যাসিজম, কমিউনিজম, ক্যাপিটালিজম ও সেকুলারিজম জন্ম নিল।

#### ৫. মুসলিম উম্মাহর মতবিরোধ ও অনৈক্য

ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার আন্দোলন আল্লাহ তা'আলার সন্তুষ্টির জন্য হলেও তা একটি সম্মিলিত শক্তির প্রচেষ্টার মাধ্যমে কাক্ষিত লক্ষ্যে অর্জন করে। ঈমান হচ্ছে এ প্রচেষ্টার ভিত্তি ও আল্লাহর কাছ থেকে পুরস্কার পাওয়ার আশায় কাজ করা। পুনর্জাগরণের জন্য যখন মুসলমানেরা সচেতন হয়, তখন তাদের মধ্যে আত্মপ্রেরণা ও চাঞ্চল্য অনুভূতি কাজ করে। যার ফলে সে স্বতঃস্ফূর্তভাবে আন্দোলনে বাঁপিয়ে পড়ে। কোরআনের ছায়াতলে মুসলিম উম্মাহকে একত্রিতকরণ, আল্লাহর বন্ধুদের প্রতি সমর্থন, আল্লাহর শত্রুদের বিরুদ্ধে লড়াই, অমুসলিম নিয়ন্ত্রণ থেকে মুসলিম ভূখন্ডকে পুনরুদ্ধার, শরি'আর দাবী অনুযায়ী রাষ্ট্রপ্রতিষ্ঠা, ইসলামের প্রচার ও প্রসারে আত্মনিয়োগ, সংকাজের আদেশ ও অসংকাজের নিষেধসহ জীবনের সকল স্তরে আল্লাহ তা'আলার বিধানকে সম্মত করার সংগ্রামে ব্রতী হয়।<sup>৪১</sup> ইসলামের শিক্ষা হলো মুসলমানরা পরস্পর ভাইভাই; এক অপরের পরিপূরক। তাই তারা পরস্পর পরস্পরকে সহযোগিতার মাধ্যমে সুদৃঢ় সমাজ প্রতিষ্ঠা করবে। কিন্তু বিশ্বের অন্যতম সমাজের ন্যায় ইসলামী সমাজে অনৈক্য তথা বিরোধের অস্তিত্ব দেখা যায়। বর্তমান মুসলমানদের পারস্পারিক বিরোধ এতো তীব্র আকার ধারণ করেছে যে তাদের একটি দল নিজেদের হক ও অন্যদের বাতিল বলে মনে করে। অকাট্য নয় এমন দলিল প্রমাণাদি তাদের কাছে অকাট্য, মুতাশাবিহ<sup>৪২</sup> দলিল মুহকাম<sup>৪৩</sup>, অস্পষ্ট দলিল স্পষ্ট এবং আম দলিল খাসে পরিণত হয়েছে। যার ফলে তারা কাফিরদেরকে মুসলিমদের ওপর প্রাধান্য দিচ্ছে। আবার কখনো ইজতিহাদি ও ফিকহি অনেক মত, মতাদর্শ কিছু কিছু মুকাল্লিদে<sup>৪৪</sup> হাতে পরিবর্তন হয়ে গেছে যা ইজতিহাদি যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের কাজ। ফলে তারা নিজ স্বার্থানুযায়ী কুরআন ও হাদিস ব্যাখ্যা করে। যে আয়াত নিজ চিন্তা বিরোধী তা ব্যাখ্যা সাপেক্ষ বা রহিত বলে উড়িয়ে দেয়। এসব মতবিরোধের কারণ হলো মূল আকিদা ও বিশ্বাসের বিভেদ, মূল আকিদার শাখা-প্রশাখা বিষয়ে মতানৈক্য, শরি'আতের প্রয়োগ পদ্ধতি, আচার-অনুষ্ঠান রসম-রেওয়াজ বিষয়ে

ভিন্নমত পোষণ। এছাড়া ইসলামের সঠিক জ্ঞানের অভাব, রীতি-নীতি গোলামীর অনুসরণ, পারস্পরিক অনাস্থা, ঘৃণা-বিদ্বেষ, ব্যক্তি ও গোষ্ঠীর দাসত্ব, চিন্তা ও কর্মের বিরোধই মূলত মুসলিম উম্মাহর অনৈক্যের কারণ।<sup>৪৫</sup> সাদ্দীদ নূরসীর মতে, “ইসলামের মৌলিক বিষয়সমূহের অনুধাবনের অজ্ঞতা, বিশ্বাসগত আত্মিক শিক্ষার প্রতি প্রতিশ্রুতির অভাব, গর্ব অহংকারের সীমালঙ্ঘন, ক্ষমতা অনুধাবনের সীমালঙ্ঘন, কাজের মূল্যায়ন না করা, শৃঙ্খলা বিধানের অভাব ও কাজের অদক্ষতা, আধিপত্যের প্রাধান্য মানুষের অন্তরের মাঝে, অহংকার, আমিত্ব, হিংসা-বিদ্বেষ ও শত্রুতার জন্ম দেয় যা একতা বিনষ্ট করে।<sup>৪৬</sup> এছাড়া মুসলিম উম্মাহর স্বার্থরক্ষায় ইসলামী রাষ্ট্রগুলোর সংগঠন ও আইসির ৫৭টি দেশ দৃশ্যমান কোন ভূমিকা রাখতে পারেনি।

#### ৬. ইসলামী রাষ্ট্র ও সংখ্যালঘু জনগোষ্ঠী

ইসলামী রাষ্ট্রে বসবাসকারী অমুসলিমদেরকে “আহলুজ্জিম্মা” বলা হতো। তারা রাষ্ট্রের সুরক্ষা ও অধিকার ভোগ করতেন, বিনিময়ে একটি নির্দিষ্ট কর (জিজিয়া) প্রদান করতেন। আহলুজ্জিম্মা ব্যবস্থা মূলত ইসলামী শাসনব্যবস্থার অন্তর্গত ছিল, যা মুসলিম এবং অমুসলিম সম্প্রদায়ের মধ্যে সামাজিক ও রাজনৈতিক ভারসাম্য রক্ষা করতো। এই ব্যবস্থায় অমুসলিমরা তাদের ধর্ম পালন করতে সক্ষম ছিলেন এবং রাষ্ট্রের নিরাপত্তা নিশ্চিত ছিল, তবে তারা রাজনীতিতে সরাসরি অংশগ্রহণ করতে পারত না। অপরদিকে, আধুনিক রাষ্ট্রে নাগরিকত্বের ধারণা সমঅধিকারভিত্তিক, যেখানে সকল নাগরিক-মুসলিম ও অমুসলিম আইন, রাজনৈতিক প্রক্রিয়া এবং সামাজিক অধিকারসমূহে সমানভাবে অংশগ্রহণ করতে পারে। আধুনিক নাগরিকত্বের মূল লক্ষ্য হলো ধর্ম, বর্ণ বা সম্প্রদায়ের ভিত্তিতে কোনো বৈষম্য না রাখা এবং সকল নাগরিককে সমান রাজনৈতিক ও সামাজিক মর্যাদা প্রদান করা। ফলে, আহলুজ্জিম্মা ব্যবস্থার তুলনায় আধুনিক নাগরিকত্ব অধিকতর সমতা এবং রাজনৈতিক অন্তর্ভুক্তি নিশ্চিত করে, যা বর্তমান প্রেক্ষাপটে মানবাধিকার ও গণতান্ত্রিক মূল্যবোধের সঙ্গে সঙ্গতিপূর্ণ।<sup>৪৭</sup> এই কারণে সমালোচকরা উল্লেখ করেন যে, জিম্মি ব্যবস্থা অমুসলিমদের নাগরিক অধিকার সীমিত করে। তারা মুসলিমদের সমান রাজনৈতিক অবস্থান ভোগ করতে পারে না। এ সুযোগকে কাজে লাগিয়ে কিছু সেকুলার প্রবক্তা প্রোপাগান্ডা চালিয়ে বলেন যে, ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠিত হলে সংখ্যালঘুরা সংকটের মুখে পড়বে এবং ইসলামের আধিপত্যবাদী নীতির কারণে কঠিন নির্যাতনের সম্মুখীন হবে। তাদের যুক্তি অনুযায়ী, ইসলামী রাষ্ট্রে সংখ্যালঘুদের আহলুজ্জিম্মা হিসেবে বিবেচনা করা হয়, যা তাদের স্বাধীনতা সীমিত করবে। এছাড়া, তাদের ওপর জিজিয়া কর আরোপ, ধর্মীয় বাধ্যবাধকতা আরোপ, কর্মক্ষেত্রে বঞ্চনা এবং অন্যান্য ক্ষেত্রে বৈষম্যমূলক আচরণ করা হয়। এই সমস্ত দাবি ব্যবহার করে তারা ইসলামকে ব্যক্তিগত ও আধ্যাত্মিক বিষয়াদির মধ্যে সীমাবদ্ধ করার চেষ্টা করে এবং চায় ইসলাম রাষ্ট্র থেকে দূরে সরে থাকুক। তাদের এই প্রচারণা অনৈতিক এবং অগণতান্ত্রিক, এবং ইসলামী রাষ্ট্র পৃথিবীতে প্রতিষ্ঠিত হতে না পারে এ লক্ষ্যকে সামনে রেখে এ ধরনের অযৌক্তিক প্রোপাগান্ডা চালানো। হয়। এছাড়া সংখ্যালঘুদের বিষয়ে ইসলামী রাজনৈতিক দলের কোন পলিসি নেই বললেই চলে। ইসলামী রাষ্ট্র ও সংগঠনের নেতৃত্ব কেবল মুসলিমদের জন্য।<sup>৪৮</sup> সবচেয়ে বিতর্কিত বিষয় হলো-অমুসলিমরা কি ইসলামী রাষ্ট্রে রাজনৈতিকভাবে সক্রিয় হতে পারবে? যেমন: তারা কি সংসদ সদস্য, মন্ত্রী বা বিচারক হতে পারবে? তারা কি রাষ্ট্রপ্রধান হতে পারবে?

#### ৭. ইসলামী রাষ্ট্রে নারী ও মানবাধিকার

সেকুলারদের দাবি ইসলামী শরি‘আর আলোকে যদি রাষ্ট্র প্রতিষ্ঠা হয় তাহলে ব্যাপকভাবে মানবাধিকার লঙ্ঘন হবে। জাতিসংঘ কর্তৃক ঘোষিত মানবাধিকারের ধারাসমূহ বাস্তবায়ন চরমভাবে বাধ্যতামূলক হবে। এছাড়া ইসলামী শরি‘আর বিধানাবলি মানবাধিকারের সাথে সাংঘর্ষিক। ইসলামী রাষ্ট্রে ধর্মীয় স্বাধীনতা থাকে না। ইসলামে ধর্মে প্রবেশ করার পর ধর্মত্যাগের শাস্তির ভয়ে আর বের হওয়ার সযোগ থাকে না। যা স্বাধীনভাবে ধর্মপালনকে চরমভাবে বাঁধাধস্ত করে। এছাড়া নারীদেরকে তাদের প্রাপ্য অধিকার থেকে বঞ্চিত করা, নারীদের স্বাধীনভাবে চলাফেরা করা, বিয়ের ক্ষেত্রে অভিভাবকের অনুমতি ও পরামর্শের বাধ্যবাধকতা, তালাক বা বিচ্ছেদের ক্ষেত্রে নিজের ইচ্ছার প্রতিফলন না থাকা, অবাধ মেলা, পোশাকের স্বাধীনতা ইসলামী শরি‘আহ কঠোরভাবে নিয়ন্ত্রণ করে। এছাড়া নারীবাদীদের<sup>৪৯</sup> দাবি ইসলামে নারীর সমতাকে স্বীকৃতি দেয়া নেই। নারীদের জন্য পর্দা প্রথার কথা বলা হয়েছে যেখানে পুরুষ অভিভাবক ছাড়া চলাফেরা না করার বিধান আছে। এর ফলে নারীর সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণকে সীমিত করা হয়েছে। রাজনৈতিক নেতৃত্বের ক্ষেত্রে ইসলাম নারীর নেতৃত্ব স্বীকার করে না।<sup>৫০</sup> ইসলাম ধর্মে সম্প্রতিতে নারীর উত্তরাধিকারে তাকে পুরুষের সমান দেয়া হয়নি। নারী ও পুরুষ সকলেরই অধিকার প্রতিষ্ঠা হওয়া অনস্বীকার্য। গত পঞ্চাশ বছরে সমাজ অনেকটা এগিয়েছে। এ সময় পুরুষের সাথে নারীরা সমান না হলেও এগিয়েছে। সারা পৃথিবীতে নারীর ওপর যে অত্যাচার চলছে তার একটা Ideological foundation আছে। নারীদের প্রতি অবহেলা, অবজ্ঞার এবং নির্যাতনের মূল কারণ মানুষের মধ্যে বিশ্বাসগত বিভ্রান্তি। যেমন পুরুষরা বিশ্বাস করে নারীরা পুরুষের চেয়ে ছোট। এ বিশ্বাস নারীদের মাঝেও বিদ্যমান। শিল্পবিপ্লব ও ইউরোপের দেশগুলোর বিশ্বব্যাপী রাজনৈতিক প্রাধান্য বিস্তারের ফলে পাশ্চাত্য সমাজের সবচেয়ে শোষণিত, বঞ্চিত ও নিগৃহীত

নারী সমাজ গৃহকোণ থেকে বাইরে চলে আসে। নারীরা পুরুষের সমান অধিকারের দাবীতে সোচ্চার হয়ে উঠে। পুরুষের আরোপিত বাধা নিষেধের সমস্ত বেড়া জাল ছিন্নভিন্ন করে তারা অর্থনৈতিক কর্মকাণ্ডে পুরোপুরি অংশ গ্রহণ করতে থাকে। পাশ্চাত্য সমাজের মতো আমাদের সমাজের নারীরাও এক অন্ধকূপে আটকে পড়ে। মুসলিম সমাজে, বিগত কয়েকশো বছরে পুরুষের কর্তৃত্বের কারণে মুসলিম নারীর স্বাধীনতা সীমিত হয়ে গেছে। তারা পাশ্চাত্য সমাজের মতো শোষিত, অধিকারহীন ও বঞ্চিত। ফলে নারীরা তাদের অধিকার পুনরুদ্ধারের জন্য সোচ্চার হয়েছে। ইসলামে এদেরকে কি অধিকার দেয়া হয়েছে সে সম্পর্কে তাঁরা সজাগ নয়। এ বিষয়ে সজাগ হওয়া এদের পক্ষে অতটা সহজও নয়। এই অসচেতনতা গত হাজার বছরের ফসল। একদিনে নয় ধীরে ধীরে আমাদের সমাজ অনৈসলামী সমাজের রীতি-রেওয়াজ প্রভাবিত হয়েছে। ইসলামী সমাজ যে ধারায় অগ্রসর হয়েছিল, নবী স. যে সকল সরল ও স্বাভাবিক সামাজিক ধারার প্রবর্তন করেছিলেন তা কালক্রমে ব্যাহত হয়।<sup>৫১</sup>

#### ৮. সন্তাসবাদের মূল উৎস ইসলামী সংস্কৃতি কিংবা পলিটিকাল ইসলাম বিষয়ে প্রোপাগান্ডা

পশ্চিমা দুনিয়ার মিডিয়া ও বুদ্ধিজীবীরা ইসলামকে প্রায়শই সভ্যতা, মানবতা ও শান্তির প্রতিপক্ষ হিসেবে উপস্থাপনের চেষ্টা চালিয়ে যাচ্ছে। তারা মনে করে ইরাক ও সিরিয়ায় প্রভাব বিস্তারকারী জঙ্গিগোষ্ঠী ইসলামিক স্টেটের কর্মকাণ্ডই প্রকৃত ইসলামের প্রতিফলন। এই ভুল ধারণা মুসলমানদের ভয়ঙ্কর সহিংস চরিত্র হিসেবে উপস্থাপন করে এবং তার প্রতিক্রিয়ায় সন্তাসবিরোধী যুদ্ধ, সামরিক কেন্দ্র ও গবেষণাকেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে। মার্কিন প্রশাসনের অভ্যন্তরীণ “ওয়ার অন টেরর”-এর অংশ হিসেবে র‍্যাডিকালাইজেশন<sup>৫২</sup> প্রোগ্রাম চালু করা হয়েছে। এই প্রোগ্রামের ধারণা অনুযায়ী আটলান্টিকের উভয়পাড়ের মুসলিম যুবকরা ক্রমশ জঙ্গিবাদে আকৃষ্ট হচ্ছে। তবে এই নীতিমালা প্রাথমিকভাবে ভিত্তিহীন অনুমানের ওপর নির্মিত। তারা ইসলামী মতাদর্শকেই জঙ্গিবাদের মূল কারণ হিসেবে উপস্থাপন করে। অধিকন্তু, পশ্চিমা বুদ্ধিজীবীরা মুসলিমদেরকে তাদের আইডিওলজিকাল শত্রু হিসেবে চিহ্নিত করে, এবং দেখায় যে তারা জাতিগত, সাংস্কৃতিক ও আদর্শিকভাবে পৃথক। এই দৃষ্টিভঙ্গি ইসলামী সমাজ ও রাষ্ট্রের স্বাভাবিক সাংস্কৃতিক ও রাজনৈতিক চরিত্রকে বিকৃতভাবে উপস্থাপন করে, যা মুসলমানদের বিরুদ্ধে অযৌক্তিক প্রচারণা চালাতে সহায়ক।<sup>৫৩</sup> পশ্চিমাদের মাঝে ওয়ার অন টেরর-কেন্দ্রিক মৌলিক দুটো ভাবনা কাজ করে। একটি ভাবনা কনজারভেটিভ অর্থাৎ রক্ষণশীলরা লালন করে এবং অন্যটি লিবারেল বা উদারপন্থীরা লালন করে। রক্ষণশীলদের মতে, সন্তাসবাদের মূল উৎস হলো ইসলামী সংস্কৃতি, যার আধুনিকতার সাথে খাপ খাওয়ার সক্ষমতা নেই। অন্যদিকে উদারপন্থীদের মতে, সন্তাসবাদের মূল ইসলাম নয়, বরং বিশ শতকের কতিপয় ইসলামী চিন্তাবিদ যারা রাজনৈতিক ইসলামের ভিত্তি নির্মাণ করেছে। সেজম্যান ও ভিক্টোরিওভিচ উভয়েই বিশ্বাস করেন, র‍্যাডিকালাইজেশন মৌলিকভাবে ধর্মতাত্ত্বিক-মনস্তাত্ত্বিক কর্মকাণ্ডের ফলস্বরূপ ঘটে, যার মাধ্যমে ব্যক্তি মতবিশ্বাস ও ধর্মীয় পরিচয় ধারণ করে নির্দিষ্ট দলবদ্ধ পরিচয়ে সন্তাসী কর্মকাণ্ডে জড়িত হয় বা সমর্থন করে। তাদের এই মতামত আইন প্রয়োগকারী সংস্থা এবং গোয়েন্দা (ইন্টেলিজেন্স) সেক্টর গ্রহণ করে।<sup>৫৪</sup> কোন মুসলিম যদি মার্কিন পররাষ্ট্রনীতির বিরোধী হয়, তবে নিশ্চিতভাবেই সে সন্তাসী।

#### আধুনিক বিশ্বে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠায় সমস্যাসমূহ সমাধানের উপায়

##### ১. ধর্মকে রাজনীতি থেকে পৃথক করার প্রয়াস অযৌক্তিক

ইসলামে রাষ্ট্রনীতি ও ধর্মনীতি একই সূত্রে গাঁথা। মুসলিম উম্মাহর সর্বজনীন বিশ্বাস অনুযায়ী ইসলাম কেবল ধর্মীয় অনুশাসন নয়, বরং এটি এক সামগ্রিক জীবনব্যবস্থা, যেখানে আধ্যাত্মিকতা ও রাষ্ট্রীয় শাসন পরস্পর পরিপূরক। রাসুলুল্লাহ সা. ইসলামকে দীন ও রাষ্ট্র উভয় রূপে প্রতিষ্ঠা করে মানবজীবনের পূর্ণ দিকনির্দেশনা প্রদান করেছেন। তাঁর ইন্তেকালের পর খোলাফায়ে রাশেদীন (৬৩২-৬৬১ খ্রি.) এই আদর্শের উত্তরসূরি হিসেবে ইসলামী সমাজে দ্বীন প্রতিষ্ঠা ও রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পালন করেন। এই ধারাবাহিক নেতৃত্বব্যবস্থাকেই ইসলামে খেলাফত বলা হয়। ধর্ম মানুষের ব্যক্তিগত বিষয় কিংবা ধর্মকে রাজনীতি থেকে পৃথক করার ম্যাকিয়াভেলি ও ভলতেয়ারের রাজনীতির এ দর্শন গ্রহণযোগ্য নয়। রাজনীতির বিষয়ে মুসলমানদের মধ্যে অনীহা সৃষ্টির উদ্দেশ্যই সেক্যুলার ও আধুনিকতাবাদের ধারক-বাহকেরা পলিটিক্যাল ইসলাম পরিভাষাটি মুসলিম সমাজের চিন্তায় অনুপ্রবেশ ঘটিয়েছে। অথচ ইসলামী শরি‘আহর পূর্ণাঙ্গ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নিয়ে যারা কাজ করে তারা এমন একটি ব্যাপক ইসলামের কথা বলেছেন যা আকিদাহ ও শরি‘আহ, ইবাদাত ও মুয়াম্বালাত, দাওয়াত ও দাওলাহ তথা সকল বিষয়াবলিকে অন্তর্ভুক্ত করে। কবি ইকবাল বলেন, ‘মানুষের আধ্যাত্মিক জীবনের মূলেই রাষ্ট্রনীতি নিহিত থাকে’।<sup>৫৫</sup> রাজনীতির সাথে ধর্মীয় মূল্যবোধ কিংবা নীতি-নৈতিকতার সমন্বয় না হলে মানুষের জীবনে প্রকৃত কল্যাণ বয়ে আনতে পারে না। রাজনীতির মাঝে ধর্মীয় মূল্যবোধের সংযোগ ঘটার অর্থ হচ্ছে জনগণের মাঝে সমতা বিধান, ন্যায়ভিত্তিক বণ্টন, মৌলিক অধিকার প্রতিষ্ঠা, দুর্বল ও অসহায়দের অধিকার প্রতিষ্ঠা ও সকলের জন্য সমান সুযোগ-সুবিধা সৃষ্টি করা। যখন ধর্মীয় দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ রাজনীতির মাঝে প্রবেশ করে তখন কোনভাবেই তা ক্ষতির দিকে ধাবিত হয় না। রাজনীতিতে দ্বীন প্রবেশ করার ফলে মানবজীবনের সর্বোচ্চ লক্ষ্যমাত্রা অর্জনের পথ সুগম হয়। ধর্ম রাজনৈতিক ব্যক্তিদের চিন্তার শুদ্ধতা

ও প্রাণবন্ত মননের সৃষ্টি করে যা তাকে হারাম উপার্জন কিংবা নেতিবাচক চিন্তা থেকে বিরত রাখে। নেতৃত্ববৃন্দের মাঝে এমনভাবে জবাবদিহিতার অনুভূতি সৃষ্টি করে যার ফলে তারা প্রকাশ্যভাবে জনসাধারণের হাতে অভিযোগ ও সংশোধনের ভার ন্যস্ত করে। যেমনটি আমরা আবুবকর সিদ্দিক (৬৩২-৬৩৪খ্রি.) রা. এর খিলাফত পরবর্তী ভাষণে লক্ষ্য করি। তিনি বলেন, ‘যদি আমি কোনো ভুল পদক্ষেপ গ্রহণ করি তবে আমাকে সংশোধন করে দেবেন।’ কিংবা উমর রা. এর মতো যিনি খিলাফতের দায়িত্ব গ্রহণের পর বলেছিলেন, “কেউ যদি আমার মাঝে কোন বিচ্যুতি দেখতে পায় তবে তার দায়িত্ব হচ্ছে আমাকে সংশোধন করা।”<sup>৫৬</sup> তাছাড়া রাজনীতি ধর্মীয় মূল্যবোধে বিশ্বাসী মানুষের মাঝে দৃঢ় মনোবল সৃষ্টি করে। যার ফলে সে অত্যাচারী শাসকের সম্মুখে দাঁড়িয়ে হক কথা বলতে দ্বিধা করে না। তারা ভয় করে আল্লাহর এই সতর্কবাণীর, ﴿وَاتَّقُوا اللَّهَ شَدِيدَ الْعِقَابِ﴾, “তোমরা সেই ফিৎনাকে ভয় করো যা তোমাদের মধ্য থেকে বিশেষভাবে শুধু যালিমদের উপরই পতিত হবে না। আর জেনে রাখো, নিশ্চয়ই আল্লাহ আযাব প্রদানে অত্যন্ত কঠোর।”<sup>৫৭</sup> রাজনীতির অঙ্গন থেকে ধর্মকে সরিয়ে ফেলার অর্থ হচ্ছে যাবতীয় কল্যাণকে সরিয়ে অকল্যাণের পথ প্রশস্ত করা। নেক কাজ ও তাকওয়া চর্চার পথ রুদ্ধ করে অন্যায়, যুলুম ও পাপাচারের সকল দরজা উন্মুক্ত করে দেওয়া। ফলে ক্ষমতাসীন শাসকগোষ্ঠী ধর্মীয় মূল্যবোধ ত্যাগ করে নিজেদের দুনিয়াবী স্বার্থ হাসিলের উদ্দেশ্যে পছন্দানুযায়ী নিজেদের লোকদের রাষ্ট্রীয়কাজে নিয়োগ ও পদোন্নতি দেয়। এ জন্য হযরত উমর ইবনুল খাতাব রা. বলেন, “আমি তোমাদের নিকট কোনো শাসক, প্রশাসনিক কর্মকর্তা-কর্মচারীদের প্রেরণ করি এ জন্য যে তারা যেন আল্লাহর কিতাব ও নবীর আদর্শ শিক্ষা দেয় আর দ্বীন তথা ইসলামী জীবন ব্যবস্থাকে সক্রিয় রাখে।”<sup>৫৮</sup> রাজনীতিকে যদি ন্যায় নীতির বাঁধনে আবদ্ধ করা না যায় তবে তা অর্থহীন হয়ে পড়বে। নৈতিকভাবে স্বাধীন হতে না পারলে কোন মানুষই পরিপূর্ণ স্বাধীনতা ভোগ করতে পারে না। তাই বলে যে কোন ইচ্ছা পূরণের নাম স্বাধীনতা নয়।<sup>৫৯</sup> আল-কুর’আনে সালাত, সাওম, কিতাল<sup>৬০</sup>, কিসাস<sup>৬১</sup>, অসিয়তসহ প্রতিটি বিধানের কথা বলা হয়েছে। আল্লাহ তা’আলা বলেন, ﴿وَنَزَّلْنَا عَلَيْكَ الْكِتَابَ تِبْيَانًا لِّكُلِّ شَيْءٍ وَهُدًى وَرَحْمَةً وَبُشْرَىٰ لِلْمُسْلِمِينَ﴾, “আর আমি তোমার উপর কিতাব নাযিল করেছি প্রতিটি বিষয়ের স্পষ্ট বর্ণনা, হিদায়াত, রহমত ও মুসলিমদের জন্য সুসংবাদস্বরূপ।”<sup>৬২</sup> তন্মধ্যে সালাত ও সিয়াম পালনের বিধানটি ইবাদাতের অন্তর্গত, কিসাস বা দণ্ডবিধির বিধানটি ফৌজদারি আইনসংক্রান্ত নীতিমালার অন্তর্গত, আর ব্যক্তিগত জীবনের সাথে অসিয়ত ও কিতাল বা যুদ্ধের বিধানটি আন্তর্জাতিক পরিসরে পারস্পরিক সম্পর্কে কেন্দ্র করে আবর্তিত যা ফরজিয়াতের অন্তর্গত। একটিকে মানা ও অন্যটিকে অস্বীকার করা ইমানের সাথে সাংঘর্ষিক। ইসলামের আংশিক অনুসরণের প্রবণতাকে জোরালোভাবে প্রত্যাখান করা হয়েছে। বনি ইসরাইল সম্প্রদায়ের লোকদের সুবিধামত ধর্ম পালনের আচরণ প্রকাশ পেলে আল্লাহ তা’আলা তা কঠোরভাবে সতর্ক করেন।<sup>৬৩</sup> পরিপূর্ণভাবে ইসলামে প্রবেশ করার নির্দেশ দিয়েছেন।<sup>৬৪</sup> এছাড়া অমুসলিমদের ব্যাপারে রাসুলুল্লাহ সা. কে সতর্ক করা হয়েছে। তারা যেন ইসলামের কিছু বিধান পালনের বিষয়ে রাসুলকে সা. বিচ্যুত করতে না পারে।<sup>৬৫</sup> তাই ইসলামের সকল বিধানকে যদি সামগ্রিকভাবে গ্রহণ করা না হয় কখনোই তা ফলপ্রসূ হবে না। আকিদাহ শরি’আহ, আখলাক, ইবাদাত কিংবা মুয়ামালাত সহ ইসলামের যাবতীয় বিধানাবলী পরস্পর অঙ্গাঙ্গিভাবে জড়িত। বিচ্ছিন্ন কিংবা খণ্ডিত চিন্তা ও দর্শনকে লালন করে মানুষ কখনোই সফল হতে পারে না। জীবনে ধর্ম চর্চার বিষয়সমূহ ইসলাম দিয়ে সাজিয়ে বাকি দিক ও বিভাগগুলো মানবসৃষ্ট নানাবিদ চিন্তা, দর্শন ও আদর্শ দ্বারা অনুপ্রাণিত হলে কাজীকৃত লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতায় পর্যবসিত হবে। তাই ধর্ম চর্চা থেকে রাষ্ট্র কিংবা পুরো জীবনব্যবস্থাকে আলাদা করার কোনো প্রক্রিয়া ইসলামে নেই বললেই চলে। সবকিছুই একমাত্র আল্লাহ তা’আলার সন্তষ্টির ওপর নিবেদিত। আল্লাহ তা’আলা বলেন, ﴿أَفَغَيْرَ اللَّهِ ابْتَغَىٰ حَكَمًا وَهُوَ الَّذِي أَنْزَلَ إِلَيْكُمُ﴾, “আমি কি আল্লাহ ছাড়া কাউকে হকুমদাতা হিসেবে তালাশ করব।” অন্যত্র বলা হয়েছে, “তারা কি তবে জাহিলিয়াতের বিধান চায়?”<sup>৬৬</sup> ইসলামী শরি’আহর বিরুদ্ধে প্রতিটি বিধান জাহিলিয়াত বলে বিবেচিত হবে। সুতরাং রাজনীতি মানেই ধর্মহীন নয়। বরং রাজনীতিতে ধর্ম প্রবেশের ফলে তা পরিশুদ্ধ হয়।

## ২. ইসলামে গণতন্ত্র চর্চা নিয়ে বিতর্ক

এক সময় পৃথিবীতে গণতান্ত্রিক শাসনব্যবস্থার কোনো অস্তিত্ব ছিল না। আজ থেকে প্রায় সাত-আট হাজার বছর আগেই মানুষ যখন নগর সভ্যতা গড়ে তুলতে শুরু করে, তখনই রাষ্ট্রব্যবস্থা, রাজনৈতিক সংগঠন ও রাজতন্ত্রের সূচনা হয়।<sup>৬৭</sup> রাজতন্ত্র, সামন্ততন্ত্র, স্বৈরতন্ত্র, একনায়কতন্ত্র ছিল শাসনব্যবস্থার মাধ্যম। ফেরাউন, নমরুদ, হামান, সকলেই ছিল স্বৈরতান্ত্রিক শাসক। আধুনিক বিশ্বে সর্বাপেক্ষা জনপ্রিয় শাসন ব্যবস্থা হলো গণতন্ত্র। গণতন্ত্রের ব্যুৎপত্তিগত অর্থ হলো জনগণের শাসন। যে শাসনব্যবস্থায় জনগণের কর্তৃত্ব বজায় থাকে।<sup>৬৮</sup> গ্রীক ঐতিহাসিক থুসিডিডেস সর্বপ্রথম শব্দটি ব্যবহার করেন খ্রিষ্টপূর্ব পঞ্চম শতাব্দীতে। তার মতে, ‘যে শাসন ব্যবস্থায় জনগণের শাসন প্রতিষ্ঠিত থাকে।’<sup>৬৯</sup> গ্রীক ঐতিহাসিক হেরোডটাস বলেন, ‘গণতন্ত্র এমন এক শাসন ব্যবস্থা যেখানে শাসন ক্ষমতা বিশেষ কোন শ্রেণি বা শ্রেণিসমূহের হাতে না থেকে সমাজের সদস্যদের হাতে ন্যস্ত থাকে। অধ্যাপক শেলি

বলেন, “Democracy is the form of government in which every one has a share in it.”<sup>৭১</sup> বর্তমান অধিকাংশ দেশের রাজনৈতিক আন্দোলনের লক্ষ্য হলো সংশ্লিষ্ট দেশে গণতান্ত্রিক শাসনব্যবস্থা কায়ম করা। বিভিন্ন ইসলামী রাজনৈতিক দলের এজেন্ডাতেও রয়েছে গণতন্ত্রের কথা, অধিকার প্রতিষ্ঠার কথা। রাসুলুল্লাহ সা. এর সময়েও পৃথিবীতে রাজতন্ত্র ও ব্যক্তির একনায়কত্বমূলক শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত ছিল। রাজতন্ত্র ও একনায়কত্বের পরিবর্তে তিনি আইনের শাসন প্রতিষ্ঠা করেন।<sup>৭২</sup> Maccullock V.S Marry land মামলার রায় দিতে গিয়ে আমেরিকার প্রধান বিচারপতি জন মার্শাল বলেছিলেন, “সরকার হলো সকলের জন্য, সরকারের ক্ষমতা হলো জনগণ দ্বারা অর্পিত, সরকার সকলের প্রতিনিধিত্ব করে এবং সকলের জন্য কাজ করে।”<sup>৭৩</sup> গণতন্ত্রের মূল ভিত্তি হলো রাজনৈতিক সাম্য। রাজনৈতিক সাম্য না থাকলে কোন সময়েই গণতন্ত্র কার্যকরী হবে না। গণতন্ত্র কার্যকরী না থাকলে উত্তম সরকার বা শাসন ব্যবস্থা প্রতিষ্ঠিত হয় না। তবে গণতান্ত্রিক রাষ্ট্রের বিধিবিধান সার্বভৌম জনগণের General will দ্বারা নিয়ন্ত্রিত হলেও এর প্রাতিষ্ঠানিক চেহারা ভিন্ন ভিন্ন হয়ে থাকে। যেমন যুক্তরাজ্য ও মার্কিন যুক্তরাষ্ট্রের শাসনতন্ত্রে একই গণতান্ত্রিক ভাবধারার প্রতিফলন ঘটলেও শাসনব্যবস্থার ভিন্নতা রয়েছে। যুক্তরাজ্যের শাসনতন্ত্রে রাজতন্ত্র ও গণতন্ত্র উভয়ের সংমিশ্রণ ঘটলেও মার্কিন যুক্তরাষ্ট্রে রাজতন্ত্রের কোনো স্থান নেই। সেখানে গণনির্বাচিত রাষ্ট্রপতিই রাষ্ট্রের সর্বোচ্চ শাসনক্ষমতায় অধিষ্ঠিত।<sup>৭৪</sup> আবার যুক্তরাজ্যের রাষ্ট্রপ্রধান রাজা বা রাণী হলেও সেখানকার পার্লামেন্ট সার্বভৌম ক্ষমতার ধারক।<sup>৭৫</sup> তাই গণতান্ত্রিক রাষ্ট্রগুলোর মধ্যে পার্থক্য পরিলক্ষিত হয়।

ইসলাম শ্রৈতন্ত্র কিংবা ব্যক্তি একনায়কতন্ত্র কোনোটিই সমর্থন করে না। ইসলাম গণতন্ত্র থেকেও ব্যাপক ও পরিপূর্ণ জীবনব্যবস্থা। ইসলাম মানুষের জন্য যে সকল মৌলিক অধিকারের কথা বলেছে তা গণতন্ত্রের মাধ্যমে পূরণ করা সম্ভব। ইসলামী চিন্তাবিদ ও মুসলিম জনগণও ভোটাধিকার, আইনের শাসন এবং জনগণের নির্বাচিত সরকার ব্যবস্থা চায়। এসব বোঝাতে আজকাল গণতন্ত্র শব্দটি ব্যবহার করা হয়। গণতন্ত্র সমর্থনের বিষয়ে ইসলাম পন্থীদের মধ্যে বেশ মতভেদ পরিলক্ষিত হয়। যাঁরা গণতন্ত্রকে সমর্থন করেন তাঁরা প্রচলিত গণতন্ত্রের বিপরীত ইসলামী গণতন্ত্রের কথা বলেন। এর ফলে মুসলিম বিশ্বের রাজা-বাদশা ও শ্রৈতশাসকগণ অন্যায় সুযোগ-সুবিধা গ্রহণ করতে পারবে না। এ বিষয়ে সূক্ষ্ম ও গভীর বিশ্লেষণ করা প্রয়োজন। শব্দগত ম্যারপ্যাচের উদ্দেশ্যে গিয়ে বিষয়টি ভালোভাবে বোঝা দরকার। কেননা আধুনিক বিশ্বে ইসলামী দলসমূহ, ব্যক্তিবর্গ ও ইসলামী পন্থিতগণ এমন রাজনৈতিক ব্যবস্থার কথা চিন্তা করে যেখানে সরকার পার্লামেন্টের মাধ্যমে দেশ পরিচালনা করবে। সকলের মতামত প্রকাশের অধিকার তথা ভোটাধিকার থাকবে, আইনের শাসন থাকবে, বিচার বিভাগীয় স্বাধীনতা থাকবে, সংবাদপত্রের স্বাধীনতা থাকবে, মৌলিক মানবাধিকার রক্ষিত হবে।<sup>৭৬</sup> এ ধরনের শাসন ব্যবস্থায় মূল বিতর্কের ইস্যুটি হলো সার্বভৌমত্ব। ইসলামে সার্বভৌম তথা চূড়ান্ত ক্ষমতার মালিক আল্লাহ তা’আলা আর পাশ্চাত্য গণতন্ত্রে সার্বভৌমত্ব জনগণের। ইসলামী দৃষ্টিকোণ থেকে সার্বভৌমত্ব ও পাশ্চাত্যের সার্বভৌমত্বের মাঝে রয়েছে বিস্তার পার্থক্য। কোন কোন রাষ্ট্রবিজ্ঞানী বলেছেন যে সার্বভৌম ধারণার কোন প্রয়োজন নেই। গণতন্ত্র বিষয়ক বই পুস্তকে সার্বভৌমত্বের ধারণাকে তেমন গুরুত্বসহ আলোচনা করা হয়নি। H. L. A. Hart বলেন, “আধুনিক আইনব্যবস্থা সেই পুরনো মডেলের উপর দাঁড়িয়ে নেই, যেখানে একজন রাজা বা সম্রাট নিরঙ্কুশ ক্ষমতার অধিকারী ছিলেন। আধুনিক রাষ্ট্রে সংসদ আইন তৈরি করে, আদালত ব্যাখ্যা করে, নির্বাহী বাস্তবায়ন করে, সংবিধান এসবকেই সীমাবদ্ধ করে। সুতরাং, ‘No body is absolutely sovereign’ একজন বা এক উৎসের হাতে সর্বোচ্চ ক্ষমতা” এই ধারণাটি আর কার্যকর নয়।<sup>৭৭</sup>

ইসলামী দলগুলোর সার্বভৌমত্বের আপত্তি সম্পর্কে ড.ইউসুফ আল কারযাভি বলেন, “কিছু সংখ্যক মানুষের ভয় গণতন্ত্র মানুষকে ক্ষমতার উৎসে পরিণত করে এবং আইন প্রণয়ন করার অধিকার দেয়। (যদিও আইন প্রণয়নের অধিকার একমাত্র আল্লাহ তা’আলার) তার প্রতি কর্ণপাত করা উচিত হবে না। কারণ আমরা এমন এক মানবগোষ্ঠী সম্পর্কে কথা বলছি যারা মুসলিম সংখ্যাগরিষ্ঠ এবং আল্লাহকে তাদের প্রভু হিসেবে, মুহাম্মদ সা. কে তাদের নবী হিসেবে এবং ইসলামকে তাদের ধর্ম হিসেবে মেনে নিয়েছে। আশা করা যায় এ ধরনের মানুষ এমন আইন প্রণয়ন করবে না যা ইসলামের অকাট্য নীতি ও সিদ্ধান্তমূলক বিধি-বিধানের পরিপন্থী হবে। ইসলামের অলঙ্ঘনীয় বিধানের পরিপন্থী যে কোন আইন বাতিল বলে গণ্য হবে এমন একটি অনুচ্ছেদ সংবিদানে সংযোজন করে এ আশংকা দূর করা যেতে পারে।<sup>৭৮</sup> এছাড়া ইসলামে মুসলিম উম্মাকে রাজনীতির ধারক ও বাহক বলা হয়। তারা তাদের সম্মিলিত স্বাধীন নির্বাচন পদ্ধতির দ্বারা ক্ষমতার উপযুক্ত এমন একজন বিশিষ্ট ব্যক্তিত্বের মাঝে রাজনৈতিক ক্ষমতাকে ন্যস্ত করবেন যিনি ঐ পদের জন্য উপযুক্ত। এছাড়া মুসলিম মিলাতের সংখ্যাগরিষ্ঠ সম্মতি ও যৌথ মতের ভিত্তিতে যুগোপযোগী আইন প্রণয়ন হয়। আল্লামা ইকবালও নতুন স্বাধীন রাষ্ট্র সম্পর্কে নিজের মতামত ব্যক্ত করতে গিয়ে বলেন, “ইসলামী রাষ্ট্র স্বাধীনতা, সাম্য এবং স্থিতিশীলতার চিরন্তন বিধান সমূহের উপর প্রতিষ্ঠিত। সুতরাং গণতান্ত্রিক শাসন পদ্ধতির নীতিমালা শুধু ইসলামের মৌলিক ভাবধারার সাথেই

সামঞ্জস্যপূর্ণ নয় বরং যেসব শক্তি মুসলিম বিশ্বে কার্যরত রয়েছে তাকে সুসংহত করা অপরিহার্য। তাঁর মতে, ‘গণতন্ত্রের ভিত্তি যদি রুহানী ও নৈতিক হয় তাহলেই তা হবে সর্বোৎকৃষ্ট রাজনৈতিক পদ্ধতি। ইসলামী রাষ্ট্রকে এ কারণে তিনি রুহানী গণতন্ত্র বলে অভিহিত করেছেন।’<sup>৭৯</sup> গণতন্ত্রের মূল কথা হচ্ছে জনগণই নির্বাচন করবে কারা তাদের পরিচালনা করবে এবং কারা তাদের শাসক হবে। জনগণের মতামতকে উপেক্ষা করে তাদের অপছন্দনীয় কাউকে শাসক মনোনীত করা কিংবা তাদের অপছন্দনীয় কোনো শাসন ব্যবস্থা চাপিয়ে দেয়া যাবে না। সাথে সাথে শাসক যদি কোন ভুল করে তাহলে তাদের সংশোধন ও প্রয়োজনে তাঁকে পদচ্যুত করা বা পরিবর্তন করার অধিকার থাকবে। জনগণের অসন্তুষ্টি সত্ত্বেও তাদের উপর কোনো মতবাদ কিংবা রাজনৈতিক, অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক এমন কোনো নিয়ম-কানুন চাপানো হবে না যার সাথে তারা অদৌ পরিচিত নয় কিংবা যা তাদের মনঃপুত নয়। শাসকগোষ্ঠীর কেউ যদি উল্লিখিত মূলনীতির বিপরীত করে তাহলে তার প্রতিদান হচ্ছে তাকে ক্ষমতাচ্যুত করে আসামীর কাঠগড়ায় দাঁড় করানো।<sup>৮০</sup> এটিই গণতন্ত্রের মূল কথা। এখানে মানবতা যে সকল কর্মপদ্ধতি খুঁজে পেয়েছে তা হচ্ছে নির্বাচন, জনগণের মতামত যাচাইকরণ, সংখ্যাগরিষ্ঠতার অগ্রাধিকার, বহুদলীয় রাজনীতি, সংখ্যালঘুদের অগ্রাধিকার সংরক্ষণ, বিরোধীদলীয়দের অধিকার সংরক্ষণ, সংবাদপত্রের স্বাধীনতা, বিচার বিভাগের পৃথকীকরণ। বর্তমানে গণতন্ত্র হচ্ছে স্বেচ্ছাচারী ও স্বৈরাচারী রাজা-বাদশা এবং শাসকবর্গের জুলুম-অত্যাচার থেকে মুক্তির রক্ষাকবজ। যদিও মানব জাতির অন্যান্য কাজ কর্মের মতো এতেও সীমাবদ্ধতা রয়েছে। মুসলিম উম্মাহর গবেষক, বুদ্ধিজীবী ও চিন্তাবিদরা ইচ্ছা করলে এর চেয়ে উত্তম কোনো শাসনব্যবস্থা ও উপায়-উপকরণ অনুসন্ধান করতে পারে। নতুন কোন শাসন ব্যবস্থা মানব সমাজে প্রতিষ্ঠিত ও সহজলভ্য হওয়ার পূর্বপর্যন্ত গণতন্ত্রের মূলনীতিগুলোর সঠিক প্রয়োগ ও বাস্তবায়নে অগ্রসর হওয়া উচিত। আদল-ইনসাফ কায়েম, শুরার বাস্তবায়ন, মানবাধিকার প্রতিষ্ঠা ও জালিম অত্যাচারী শাসকবর্গের সামনে চ্যালেঞ্জ ছুড়ে দেওয়া আবশ্যিক।<sup>৮১</sup>

### ৩. শাসনব্যবস্থা সংক্রান্ত কুরআনের আয়াতের বিষয়ে উম্মাহর মতবিরোধ

কুরআন নির্ভর সুশীল সমাজ পৃথিবীতে এক সময় আবির্ভূত হয়েছিল এবং শতাব্দীর পর শতাব্দী ধরে চলেছিল।<sup>৮২</sup> কুরআন ও সুন্নাহতে দ্বীনের এমন কিছু বিধান রয়েছে যে বিষয়গুলোর প্রমাণের জন্য ইসলামী আইন বিশারদদের আলাদাভাবে দলীল প্রমাণ অনুসন্ধানের কোনো প্রয়োজন নেই। কারণ বিষয়গুলো এমন কতিপয় সুপ্রতিষ্ঠিত বিধি বিধানের প্রতিনিধিত্ব করে যে বিষয়ে প্রায় সকলেই একমত। তাছাড়া ঐ বিষয়গুলো উম্মাহর জন্য কেবলমাত্র বরকত লাভের জন্য কিংবা তিলাওয়াতের জন্য অবতীর্ণ হয়নি। বরং জীবনের সকল ক্ষেত্রে তার অনুসরণ করার জন্য, বাস্তবায়নের জন্য নাযিল হয়েছে। যে ব্যক্তি আল্লাহ তা‘আলাকে রব হিসেবে, ইসলামকে একমাত্র জীবন বিধান হিসেবে, মুহাম্মদ সা. কে নবী হিসেবে এবং কুরআনকে তাদের সংবিধান হিসেবে গ্রহণ করেছে সে আল্লাহ ও তাঁর রাসূল সা. প্রদত্ত ফায়সালা মেনে চলতে বাধ্য। এছাড়া ইসলামে রাষ্ট্র বা ছকুমত প্রতিষ্ঠার দলিল নেই বলে শায়খ আলী আবদুর রাজ্জাকের দাবি অযৌক্তিক। ইসলামী শরি‘আহ, কুরআন ও হাদিসের বিভিন্ন নস সহ ইসলামের ইতিহাস রাষ্ট্রপদ্ধতির নানাবিধ দলীল ও প্রকৃতির স্বাক্ষর দেয়। যেমন আল্লাহ তা‘আলা বলেন,

﴿إِنَّ اللَّهَ يَأْمُرُكُمْ أَنْ تُؤَدُّوا الْأَمَانَاتِ إِلَىٰ أَهْلِهَا وَإِذَا حَكَمْتُمْ بَيْنَ النَّاسِ أَنْ تَحْكُمُوا بِالْعَدْلِ ۚ إِنَّ اللَّهَ نِعِمَّا يَعِظُكُمْ بِهِ ۚ إِنَّ اللَّهَ كَانَ سَمِيعًا بَصِيرًا﴾

‘নিশ্চয়ই আল্লাহ তোমাদের নির্দেশ দিচ্ছেন যে তোমরা আমানতসমূহ প্রাপকদের নিকট পৌঁছে দেবে। আর যখন তোমরা মানুষের মাঝে বিচার করো তখন ন্যায্যভিত্তিক ফায়সালা করো। আল্লাহ তোমাদের উত্তম উপদেশ দান করেন। নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা ও সর্বদৃষ্ট।’<sup>৮৩</sup> এ আয়াতে শাসকগোষ্ঠীর প্রতি নির্দেশ দেওয়া হয়েছে তারা যেন আমানতের যথাযথ সংরক্ষণ ও ন্যায্যনীতির ভিত্তিতে মানুষের মাঝে ফায়সালা করে। কেননা আদল ও আমানতের প্রতিষ্ঠার ওপর উম্মাহর অস্তিত্ব নির্ভর করে। রাসূলুল্লাহ সা. এর বলেছেন, ‘যখন আমানত নষ্ট করা হবে তখন কিয়ামতের জন্য অপেক্ষা করো।’<sup>৮৪</sup> এখানে আমানত নষ্ট করা বলতে অযোগ্য লোকের হাতে শাসন ক্ষমতা তুলে দেওয়া। আল্লাহ তা‘আলা অন্যত্র বলেন,

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ وَ أُولَى الْأَمْرِ مِنْكُمْ فَإِنْ تَنَازَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللَّهِ وَالرَّسُولِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ ذَلِكَ خَيْرٌ وَأَحْسَنُ تَأْوِيلًا﴾

‘হে মুমিনগণ, তোমরা আনুগত্য করো আল্লাহর ও আনুগত্য করো রাসূলের এবং তোমাদের মধ্য থেকে কর্তৃত্বের অধিকারীদের। অতঃপর কোন বিষয়ে যদি তোমরা মতবিরোধ কর তাহলে তা আল্লাহ ও রাসূলের দিকে প্রত্যাপণ করো- যদি তোমরা আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রাখ। এটি উত্তম এবং পরিণামে উৎকৃষ্টতর।’<sup>৮৫</sup> এ আয়াতের মুসলিম রাষ্ট্রের নাগরিকদের জন্য আল্লাহর নির্দেশ তারা যেন শাসকের অনুগত হয়। পারস্পরিক

মতবিরোধের বিষয়ের সিদ্ধান্তের জন্য রাসুলুল্লাহ সা. এর শরণাপন্ন হয়। আল্লাহ ও তাঁর রাসূলের পরই শাসকের আনুগত্য করা আবশ্যিক। এ থেকে বোঝা যায় যে মুসলিম উম্মাহর একটি রাষ্ট্র থাকবে। সেখানে তাদের শাসক থাকবে এবং নাগরিকরা রাষ্ট্রের প্রতিটি ন্যায়সঙ্গত বিষয়ে শাসকের আনুগত্য করবে। এ ভাবে কুরআনে অসংখ্য আয়াতের সমাহার রয়েছে যা সমাজ, অর্থনীতি, জিহাদ, রাজনীতি বিষয়ের সাথে সংশ্লিষ্ট।

রাসুলুল্লাহ সা. এর বিভিন্ন হাদিসে খিলাফাত, ইমামাত ও বিচারব্যবস্থার কথা বর্ণিত হয়েছে। এ ছাড়া রাষ্ট্রপ্রধানের বৈশিষ্ট্য, অধীস্থদের সাথে আচরণ বিধি, কল্যাণকর কাজে সহযোগিতা, অকল্যাণকর কাজে অসহযোগিতা, নেতৃত্বের সংশোধন পদ্ধতি, সকল পরিস্থিতিতে নেতার আনুগত্যসহ বিভিন্ন দিক নির্দেশনা রয়েছে। রাষ্ট্রপ্রধানের দায়িত্ব ও কর্তব্য যেমন আল্লাহর বিধি-বিধান প্রতিষ্ঠার ক্ষেত্রে মানুষের অধিকার সংরক্ষণ, পরামর্শের আলোকে শাসনকাজ পরিচালনা, যোগ্য ব্যক্তিদের ক্ষমতায়ণ, সালাত প্রতিষ্ঠা, যাকাত আদায়, সৎকাজের আদেশ সহ অসৎকাজের নিষেধ ইত্যাদি বিষয়াবলি বর্ণিত হয়েছে। মদিনা ছিল ইসলামের প্রথম জনপদ। রাসুলুল্লাহ সা. উক্ত জনপদে এমন একটা সমাজ প্রতিষ্ঠার কাজ করেছেন যে সমাজে শরি‘আহর বিধান ছাড়া অন্য কোন বিধানের স্থান ছিল না। যেখানে তাঁর নেতৃত্বে নতুন ইসলামী রাষ্ট্রের গোড়াপত্তন হয়। Walt স্পষ্টভাবে বর্ণনা করেন যে মদিনায় রাসুলুল্লাহ সা. প্রথম ইসলামী রাজনৈতিক-সামাজিক কাঠামো প্রতিষ্ঠা করেন।<sup>৮৬</sup> রাসুলুল্লাহ সা. ইস্তিকালের পরবর্তী সময় সাহাবিরা ইসলামী রাষ্ট্রের ইমাম নির্বাচনে ব্যতিব্যস্ত হয়ে পড়েন। শেষ পর্যন্ত সকলের পরামর্শ ও সম্মতিক্রমে আবুবকর রা. এর হাতে বাই‘আত গ্রহণ করেন। মুসলমানরা তাদের দীর্ঘ ইতিহাসে কোন সময় ধর্ম ও রাষ্ট্র আলাদাভাবে চর্চা হতে দেখেননি।<sup>৮৭</sup> সেকুলারিজম উত্থানের পর মুসলিমরা ধর্মকে রাষ্ট্র থেকে পৃথকীকরণের ষড়যন্ত্রের কবলে পড়ে। অথচ রাসুলুল্লাহ এ রকম বিষয়ের ভবিষ্যদ্বাণী পূর্বেই করেছিলেন। মু‘আজ রা. থেকে বর্ণিত তিনি বলেন রাসুলুল্লাহ বলেছেন, “জেনে রেখো ইসলামের শক্তি ও বিজয় পুরো পৃথিবীকে বেঁধে নিবে। একটা সময় আসবে যখন কুরআন ও সুলতানকে অর্থাৎ ইসলাম ও রাষ্ট্রকে আলাদা করা হবে। তখন তোমরা কিতাবের মাঝে পার্থক্য সৃষ্টি করো না। জেনে রেখ! তোমাদের এমন কতক শাসক হবে যারা বিচারের ক্ষেত্রে সাধারণ জনগণ ও নিজেদের মধ্যে পার্থক্য সৃষ্টি করবে। যাদের বিরোধিতা করলে তোমাদের হত্যা করা হবে। আর তাদের আনুগত্য করা হলে তারা তোমাদের গোমরাহির দিকে ফেলে দিবে। সাহাবিরা বললেন, “হে আল্লাহর রাসূল! এমতাবস্থায় আমাদের করণীয় কী? তিনি বললেন, ‘তোমরা ঈসা ইবনে মারিয়ামের অনুসারীর মতো সত্যকে আঁকড়ে ধরে থাকবে। যাদের করাতে দিয়ে দ্বিখন্ডিত করা হয়েছে এবং গুলে চড়িয়ে হত্যা করা হয়েছে। আল্লাহর আনুগত্যের ওপর মৃত্যুবরণ করা অব্যাহতার থেকে উত্তম।’”<sup>৮৮</sup> রাসুলুল্লাহ সা. আরো বলেন, “কোন একজন ইমামের (রাষ্ট্রপ্রধানের) আনুগত্যবিহীন অবস্থায় যে মৃত্যুবরণ করল সে জাহেলি মৃত্যুবরণ করল।”<sup>৮৯</sup> রাসুলুল্লাহ সা. আরো বলেন, *مَنْ خَرَجَ مِنَ الطَّاعَةِ وَفَارَقَ الْجَمَاعَةَ فَمَاتَ مَاتَ مِيتَةً جَاهِلِيَّةٍ* “যে ব্যক্তি রাষ্ট্রীয় আনুগত্য থেকে বের হয়ে এবং জামা‘আত বা ঐক্যবদ্ধ থেকে বিচ্ছিন্ন হয় মৃত্যুবরণ করল সে জাহিলী মৃত্যুবরণ করল।”<sup>৯০</sup> ইবনে তাইমিয়া বলেন, ‘রাষ্ট্রপরিচালনার দায়িত্ব গ্রহণ দ্বীনের সবচেয়ে গুরুত্বপূর্ণ দায়িত্বের অন্যতম এবং বনি আদমের কল্যাণ কখনোই সামষ্টিক প্রয়াস ছাড়া পূর্ণতা লাভ করে না। আর সামষ্টিক কাজ পরিচালনার জন্য একজন নেতা নির্বাচন করা আবশ্যিক। রাসুলুল্লাহ সা. বলেন, ‘তোমাদের তিন জন যদি সফরে বের হয় তাহলে তারা যেন একজন কে আমির নিযুক্ত করে নেয়।’”<sup>৯১</sup> এছাড়া সৎকাজের আদেশ, অসৎকাজের নিষেধ, জিহাদ ও আদল প্রতিষ্ঠার মত গুরুত্বপূর্ণকান্ড রাষ্ট্রক্ষমতায় অধিষ্ঠিত ছাড়া পূর্ণভাবে বাস্তবায়ন করা সম্ভব নয়।<sup>৯২</sup> হযরত উসমান রা. বলেছেন, ‘কুরআনের মাধ্যমে যেসব অসংগতির সংশোধন সম্ভব নয় তা মহান আল্লাহ তা‘আলা সুলতানের মাধ্যমে সংশোধন করেন।’<sup>৯৩</sup> কিছু মানুষ রয়েছে যাদের হিদায়াতের জন্য কুরআন সূন্বাহই যথেষ্ট আবার কিছু মানুষ আছে যাদের ভীতি প্রদর্শন বা বল প্রয়োগের মাধ্যমে সংশোধন করতে হয়।<sup>৯৪</sup> ইসলামী প্রতিষ্ঠার প্রতি গুরুত্বারোপ করে ইমাম ইবনে তাইমিয়া রহ. বলেন, ‘যাকে কিতাব দ্বারা সংশোধন করা যায় না, তাকে শাসনদন্ড দ্বারা করে নিতে হয়।’<sup>৯৫</sup>

#### ৪. অমুসলিম তথা অসংখ্যালঘুদের বিষয়ে ইসলামের দৃষ্টিভঙ্গি

ইসলামের ন্যায় ও সুবিচার নীতি সকলের জন্য সমভাবে প্রযোজ্য। চাই সে মুসলিম হোক আর অমুসলিম হোক। মুসলিম হলে আত্মবিকাশের বেশি সুযোগ পাবে আর অমুসলিম হলে আত্মবিকাশের কম সুযোগ পাবে এ ধরনের অবস্থা ইসলামী রাষ্ট্রের বৈশিষ্ট্যের সাথে সম্পূর্ণ পরিপন্থী। অমুসলিম তথা সংখ্যালঘু বলতে বোঝায় এমন ব্যক্তিদের বোঝায় যারা ইসলাম ধর্মের অনুসারী নন এবং কোনো দেশের জনসংখ্যার মধ্যে সংখ্যার দিক থেকে প্রধান ধর্ম বা গোষ্ঠীর তুলনায় কম। সংখ্যালঘুদের অধিকার রক্ষা করা রাষ্ট্রের অন্যতম নৈতিক ও আইনি দায়িত্ব। এর মধ্যে শিক্ষা ও চাকুরিতে সমতা, ধর্মীয় স্বাধীনতা, সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষা এবং সামাজিক নিরাপত্তা অন্তর্ভুক্ত। আন্তর্জাতিক মানবাধিকার আইনও সংখ্যালঘুদের অধিকার নিশ্চিত করে। যেমন, Universal Declaration of Human Rights (UDHR, 1948) ও International Covenant on Civil and Political Rights (ICCPR, 1966)।<sup>৯৬</sup> ইসলামী রাষ্ট্র

মুসলিম নাগরিকের পাশাপাশি অন্যান্য ধর্মাবলম্বী তথা অমুসলিম নাগরিক নিরাপত্তার সাথে বসবাস করে থাকে। তাদের ওপর অবিচার করা যাবে না। তাদের জানমাল ও ইজ্জত-সম্মানে কোনোরূপ হস্তক্ষেপ করা যাবে না। মুসলিম সেনাবাহিনী কোন রাষ্ট্র জয় করার পর নতুন ধর্ম গ্রহণের স্বাধীনতা দিতেন। ‘They gave them choice of embracing Islam or adhering to their old faith. Who embraced Islam was treated equal terms with the muslim.’<sup>১৭</sup> এ ব্যাপারে কুরআনুল কারিমের দুটি সুস্পষ্ট ও দ্ব্যর্থহীন আয়াত নাযিল হয়েছে। আল্লাহ তা’আলা বলেন, ﴿وَلَوْ شَاءَ رَبُّكَ لَآمَنَ مَنْ فِي الْأَرْضِ كُلُّهُمْ جَمِيعًا أَفَأَنْتَ تُكْرَهُ النَّاسَ حَتَّى يَكُونُوا مُؤْمِنِينَ﴾ ‘তোমার প্রতিপালক ইচ্ছে করলে দুনিয়ার সমস্ত লোক অবশ্যই ঈমান আনত, তাহলে কি তুমি ঈমান আনার জন্য মানুষদের উপর জবরদস্তি করবে?’<sup>১৮</sup> অন্যত্র আল্লাহ তা’আলা বলেন, ﴿لَا إِكْرَاهَ فِي الدِّينِ﴾ ‘দ্বীন গ্রহণের ব্যাপারে কোন জবরদস্তি নেই।’<sup>১৯</sup> সাহাবিদের থেকে জিম্মিদের ব্যাপারে বর্ণিত হয়েছে তাদেরকে তাদের দ্বীন পালনের সুযোগ দাও। খোলাফায়ে রাশেদিনের যুগ থেকে ইহুদি-নাসারা নিরাপত্তা ও স্বাধীনতার সঙ্গে তাদের ধর্মের ইবাদাত পালন করে আসছে। সে সময়কার চুক্তিনামাগুলোতে এর সুস্পষ্ট উল্লেখ রয়েছে। যেমন উমর ইবনুল খাত্তাব রা. ও আইকাবাসীর মাঝে সম্পাদিত চুক্তিপত্র।<sup>২০</sup> ইসলামে অমুসলিমদের নিরাপত্তা, স্বাধীনভাবে চলাফেরা এবং ধর্মীয় বিষয়াদি পালনের সুবিধার্থে আহলুয যিম্মাহ পরিভাষাটি প্রয়োগ করা হয়ে থাকে। আহলুয যিম্মাহদের<sup>২১</sup> রাসুলুল্লাহ সা. ও মুসলিম উম্মাহর পক্ষ থেকে নিরাপত্তার প্রতিশ্রুতি দেয়া হয়েছে। রাসুলুল্লাহ সা. বলেছেন, “যে ব্যক্তি কোন যিম্মীর প্রতি অবিচার করল, তার বিরুদ্ধে কিয়ামতের দিন (আল্লাহর দরবারে) আমি নিজেই ফরিয়াদী হবো।”<sup>২২</sup> এ ধরনের প্রতিশ্রুতির ফলে ইসলামী রাষ্ট্রে বসবাসরত সংখ্যালঘু সম্প্রদায় তাদের জীবন, সম্পদ ও অধিকারের পূর্ণনিরাপত্তা লাভ করবে। মুসলিম নাগরিকের মতই তারা সমপরিমাণ অধিকার ভোগ করবে। সমান দায়িত্ব তাদের ওপর অর্পণ করা হবে। সকল মায়হাবের আলেমগণ আহলুয যিম্মাহকে দারুল ইসলাম তথা ইসলামী রাষ্ট্রের অন্তর্গত স্থায়ী জনগণকে বুঝিয়েছেন। তারা রাষ্ট্রের অন্যান্য জনগণের মতই সুযোগ-সুবিধাভোগ সহ মিলে মিশে বসবাস করবে।<sup>২৩</sup> জীবিকা উপার্জনের জন্য অমুসলিমরা তাদের যোগ্যতা ও সামর্থ অনুযায়ী স্বাধীনভাবে যে কোন পেশা ও কর্ম অবলম্বন করতে পারবে। ব্যবসা-বাণিজ্য, শিল্প-কারিগরি, কৃষি ও চাকুরীর প্রভৃতির দ্বারা তাদের জন্য উন্মুক্ত থাকবে। ধর্মীয় পরিচয় নয় একমাত্র যোগ্যতার ভিত্তিতেই নির্বাচন করা হবে। জিজিয়ার মূল উদ্দেশ্য হচ্ছে আর্থিক কর আরোপ মাধ্যমে রাষ্ট্রের প্রতি তাদের আনুগত্য ও সার্বিক সহযোগিতা প্রতিষ্ঠিত করা।<sup>২৪</sup> এর বিনিময়ে রাষ্ট্র তাদের নিরাপত্তা দিবে ও অধিকার আদায় করবে। তাদের মধ্যকার গরিব-অভাবীদের জীবন পরিচালনা ও মৌলিক অধিকার সংরক্ষণের দায়িত্ব গ্রহণ করবে। হযরত উমার ইবনে খাত্তাব রা. এক ইহুদী পরিবারের ভরণপোষণ মুসলিমদের বায়তুল মাল থেকে সরবরাহ করেছিলেন। মুসলিম দেশের অমুসলিম নাগরিকগণ যদি রাষ্ট্রের নিরাপত্তা কিংবা বহিঃশত্রু মোকাবেলায় অংশ গ্রহণ করে তবে তাদের ওপর আরোপিত জিজিয়া কর বাতিল হয়ে যাবে। তবে যাকাতের বিকল্প হিসেবে এক ধরনের কর আরোপ করা হয়। এছাড়া ইসলামের অন্যান্য ধর্মীয় নির্দেশাবলি তথা বিয়ে, তালাক, সম্পদের উত্তারিধকার বিষয়ে তাদের পূর্ণ স্বাধীনতা রয়েছে। তারা তাদের বিশ্বাস ও রীতি অনুসারে তা পালন করবে। ইসলামের ইতিহাস এটাও স্বাক্ষ্য দেয় মুসলিম রাষ্ট্রে বসবাসরত অমুসলিম নাগরিকরা তাদের কিতাব অনুযায়ী বিচার ফায়সালা করতেন। তবে কিছু ফৌজদারি ও অপরাধ বিষয়ক রাষ্ট্রীয় আইন যেমন চুরির জন্য হাতকাটা, ব্যভিচারের জন্য রজম বা বেত্রাঘাত ইত্যাদি মুসলমানদের ন্যায় মানতে বাধ্য থাকবে।<sup>২৫</sup> কিছু কিছু অপরাধ ও দণ্ড বিষয়ক আইন তাদের জন্য প্রযোজ্য নয় যেমন মদ্যপানের শাস্তি যা অমুসলিমদের ধর্মমতে নিষিদ্ধ নয়। তবে রাষ্ট্রের আদর্শ ও নিরাপত্তার প্রয়োজনে যে সব দায়িত্ব পালনের জন্য মুসলিম হবার শর্ত রয়েছে যেমন রাষ্ট্রপ্রধান, সেনাপ্রধান, মুসলিম আদালতের কাজী, ইমামতি, খুতবা, আজান ও মসজিদের খাদেম ইত্যাদি পদে অমুসলিমদের নিয়োগ দেয়া যাবে না।<sup>২৬</sup> যদিও কোন কোন ফকীহ যাকাত সংগ্রহের দায়িত্বে জিম্মি বা অমুসলিমদের নিয়োগ দানের অনুমোদন দিয়েছেন। বিচার কাজ পরিচালনার জন্য ইসলামী শরি’আর বিশেষজ্ঞ হওয়া জরুরী। প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা থাকলে অমুসলিম নাগরিকও কিছু বিচারকার্যে অংশ নিতে পারে।

#### ৫. মুসলিম উম্মাহর মতবিরোধ নিরসণে করণীয়

মুসলিম উম্মাহর জন্য আল্লাহর রজ্জু দৃঢ়ভাবে ধারণ করা, পরস্পর বিচ্ছিন্ন না হওয়া আল্লাহর নির্দেশ।<sup>২৭</sup> শাখাগত বিষয়কে কেন্দ্র করে অনৈক্য সৃষ্টি করা, ছিন্নবিচ্ছিন্ন ও বিদ্রোহ ছড়ানো, অন্য মুসলিম ভাইকে কাফির বলা নিষিদ্ধ। আকিদা ও মায়হাবগত বিষয়ে ঐক্যবদ্ধ জরুরি হয়ে পড়েছে। শাখাগত বা ফুরুঈ বিষয়ে ইখতিলাফ সব যুগেই ছিল। শাখাগত বিষয়কে প্রাধান্য দিতে গিয়ে দ্বীনের অনেক মৌলিক বিষয় পিছনে পড়ে থাকে। ইমাম শাফেয়ী রহ. স্বল্প সময়ের ব্যাবধানে তাঁর মতামত পরিবর্তন করেছিলেন। ইমাম আবু হানিফার রহ. অনুসারীরা যুগের ভিন্নতার কারণে প্রায়ই এক-তৃতীয়াংশ মাসয়ালায় তাঁর সাথে দ্বিমত পোষণ করেছিলেন। একই বিষয়ে ইমাম আহমদ ইবনে হাম্বলের একাধিক মতামত পাওয়া যায়। ব্যক্তি, সময়, যুগ, অবস্থা ইত্যাদি পরিবর্তনের কারণেই অধিকাংশের ক্ষেত্রে এমনটা ঘটে।<sup>২৮</sup> অথচ দ্বীন প্রতিষ্ঠার দায়িত্ব পালন করা সকল উম্মাহর জন্য আবশ্যিক।<sup>২৯</sup> যখন কোন বড়

সমস্যা দেখা দেয় তখন ছোট-খাটো বিষয়গুলো নিয়ে মতবিরোধ হওয়ার দলগুলোর দায়িত্ব হলো ঐক্যবদ্ধ হওয়া। মুসলমানদের সবচেয়ে বড় দায়িত্ব হলো সকল প্রকার মতবিরোধ ভুলে গিয়ে আল্লাহর যমিনে তার বিধানকে প্রতিষ্ঠার প্রচেষ্টা ও সংগ্রাম করা। উম্মাহর এই বিপর্যয়ের সময় ছোটখাটো বিষয় নিয়ে কেবল তারা পড়ে থাকতে পারে যারা সমস্যার প্রকৃতি নিয়ে অজ্ঞতায় নিমজ্জিত কিংবা যারা আল্লাহর সন্তুষ্টির বদলে কেবল স্বীয় আত্মার গোলামী করে।<sup>১১০</sup> অনৈক্য ও বিচ্ছিন্নতা বিপর্যয়ের মূল। মতবিরোধ মানেই অনৈক্য নয় বরং কিছু কিছু মত ভিন্নতার মাঝেই রয়েছে ঐক্যের প্রশস্ততা। সালাফদের মাঝে মতবিরোধ ছিলো, শাখাগত মাসআলার বিষয়ে দ্বিমত করেছেন তাই বলে তারা পরস্পর বিচ্ছিন্ন হয়ে যাননি কিংবা অন্যকে গালিগালাজ করেননি। বিপরীত মতের রায়ের প্রতি সালাফদের শ্রদ্ধাবোধ ছিল। মাযহাব, মাসলাক<sup>১১১</sup> ও রায়ের ভিন্নতা সত্ত্বেও সালাফরা পারস্পরিক আন্তরিকতা ও ভ্রাতৃত্বের হেফাযত করে গেছেন। মানুষ মাত্র চিন্তা চেতনা ও কাজে-কর্মে একজন আর জন থেকে ভিন্নমতের হবে। এটা মানব জাতির স্বভাবজাত প্রকৃতি। রাসুলুল্লাহ সা. এর সময়কাল থেকেই মুসলিম সমাজে চিন্তার বিরোধ ও মতের ভিন্নতা দেখা যায়। তাদের এ মতবিরোধের নানবিধ কারণ ছিল। আল্লাহর বিধান কিংবা নবির নির্দেশ বোঝার ক্ষেত্রে চিন্তার ভিন্নতা দেখা যায়। একবার সাহাবাদের একটি দলকে রাসুলুল্লাহ সা. নির্দেশ দিলেন, “বনুকুরাইয়াহ এলাকায় পৌঁছার আগে কেউ আসরের সালাত আদায় করবে না। তাদের একদল আক্ষরিক অর্থ গ্রহণ করে সালাতের ওয়াক্ত হওয়ার পরও সালাত আদায় করেনি অন্যদল নির্দেশের উদ্দেশ্যগত অর্থ গ্রহণ করে যথা সময়ে সালাত আদায় করেন। বিষয়টি রাসুলুল্লাহ সা. জানার পরেও কোন দলের বিরুদ্ধে বিরূপ মন্তব্য করেননি।<sup>১১২</sup> কোন কোন সময় শরি’আতের কোন বিশেষ বিধান কোন বিশেষ সাহাবির কাছে পৌঁছায়নি, যার ফলে তিনি ভিন্ন মতামত দিয়েছেন এবং বিধানটি যাঁর যাঁর কাছে পৌঁছেছে তিনি আলাদা মত পোষণ করেছেন। যার ফলে উম্মাহর সর্বশ্রেষ্ঠ প্রজন্ম সাহাবাদের সময়েও মতের ভিন্নতা পরিলক্ষিত হয়।

বর্তমান সময়ে মুসলিম উম্মাহর একতা ও সংহতি খুবই জরুরি। মুসলিমদের অনৈক্য, বিক্ষিপ্ততা ও দুর্বলতাকে কেন্দ্র করে শত্রুরা উম্মাহর ওপর সব দিক দিয়ে আক্রমণ করছে। মুসলিম বিদ্বৈরা ধর্মমত নির্বিশেষে বিভিন্ন রাষ্ট্রে ইসলামের বিরুদ্ধে ঐক্যবদ্ধ। ইসলামকে আঘাত করবার বাহ্য উপকরণের চাইতে তাদের গোপন উপকরণ অনেক বেশি শক্তিশালী। পাপকাজ, সীমালঙ্ঘন, মুসলিমদের ঐক্যের ফাটল সৃষ্টি, দ্বন্দ্ব-অনৈক্য সৃষ্টি এবং তাদের মাঝে ফাসাদ ও মারামারির বীজ বপনে তারা একে অপরের সহযোগী। কোন অমুসলিম রাষ্ট্রে মুসলিম রাষ্ট্রে আক্রমণ করে তারা কোন প্রতিবাদ করে না। ফিলিস্তিন, বসনিয়া, হার্জেগোভেনিয়া, চেকনিয়া, আফগানিস্তান, সোমালিয়া প্রভৃতি যার দৃষ্টান্ত। কাফির মুশরিকরা মুসলিম উম্মাহর সামরিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক, সামাজিক, চারিত্রিক ও আর্থিকভাবে থামিয়ে দিতে সবাই একমত। তারা মুসলিম রাষ্ট্রের প্রতিভাবান লোকদের প্রলুব্ধ করে নিতে থাকে। এতসব বিষয়ে তারা একমত যেন মুসলিমদের চিন্তা-চেতনা, স্বভাব-চরিত্র, নষ্ট হয়ে তাদের সারিতে ফাটল ধরে। তাদের দেশগুলো যেন ধ্বংস হয়ে যায়। মুসলিম উম্মাহর প্রতি শত্রুতাই তাদেরকে ঐক্যবদ্ধ করেছে। অথচ আমরা মুসলিমরা আমাদের আকিদা এক ও সঠিক, আল্লাহ প্রদত্ত বিশাল এক কিতাব আমাদের রয়েছে; রয়েছে পথ প্রদর্শনের ও সমন্বয়ের বিশাল নববি বার্তা। এতকিছু সত্ত্বেও আমাদের এমন কিছু লোক আছে যাদের কাজই হলো উম্মাহর মাঝে বিভেদ সৃষ্টি করা, ঐক্য ভেঙে ফেলা, অনৈক্যের বীজ সরবরাহ করে দেওয়া এবং পরস্পরের মাঝে বিবাদ ও বিরোধ ছড়িয়ে দেওয়া। এসব করেও তারা মনে করেন তারা দ্বীনের সহযোগী, বিশ্বাসের হিফাযতকারী, শরি’আতের প্রচারকারী, সালাফ সালাহিনের অনুসারী। বাস্তবতা হচ্ছে এরা সবাই এসব শব্দের অর্থ বিনাশকারী এবং বন্ধন ছিন্নকারী।<sup>১১৩</sup> অথচ মুসলমানদের মাঝে ঐক্যবদ্ধ হওয়া ছিল একটি আবশ্যিক বিষয়। মহান আল্লাহ তা’আলা পারস্পরিক বিরোধিতা নিষেধ করেছেন। আল্লাহ তা’আলা বলেন,

﴿وَأَطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ وَلَا تَنَازَعُوا فَتَفْشَلُوا وَتَذْهَبَ رِيحُكُمْ ۖ وَاصْبِرُوا ۚ إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ﴾

“তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করো, আর বিবাদে লিপ্ত হয়োনা; তাহলে তোমাদের সাহস হারাবে, দূর হবে তোমাদের শক্তি। নিশ্চয়ই আল্লাহ ধৈর্যশীলদের সাথে রয়েছেন।”<sup>১১৪</sup> সাদ্দ নূরসীর<sup>১১৫</sup> দৃষ্টিতে, ‘ইসলামী বিশ্বে স্থবিরতা ও পশ্চাৎপদতার মূল কারণই হচ্ছে মুসলমানদের মাঝে মতবিরোধ। তিনি বলেন, “আমার মতাদর্শ হচ্ছে ভালোবাসার প্রতি অনুরাগ এবং শত্রুতার প্রতি বিরাগ প্রদর্শন।” তিনি লিখেছেন, “কুরআনের শত শত আয়াতে ও হাদিসে যে ভ্রাতৃত্ববোধ, সহযোগিতা ও ভালোবাসার কথা বলা আছে তা চর্চা করুন। আপনার সমস্ত শক্তি দিয়ে নিজের মুসলিম ভাই-বন্ধুদের সাথে এমন বন্ধন গড়ে তুলুন, যা পৃথিবীর যে কোন বন্ধনের চাইতে শক্তিশালী হবে।”<sup>১১৬</sup> পবিত্র কুরআনে আল্লাহ তা’আলা ঐক্য বিধানের পস্থা বর্ণনা করে বলেন, ﴿وَتَعَاوَنُوا عَلَىٰ

﴿الْبِرِّ وَالتَّقْوَىٰ ۖ وَلَا تَعَاوَنُوا عَلَى الْإِثْمِ وَالْعُدْوَانِ﴾ “আর তোমরা খোদাভীতি ও তাকওয়ার ক্ষেত্রে পরস্পরকে সহযোগিতা করো, পাপ ও সীমালঙ্ঘনের ক্ষেত্রে পরস্পরকে সহায়তা করো না।”<sup>১১৭</sup> মুসলিম উম্মাহর বর্তমান পরিস্থিতিতে ভেদাভেদের অবসান ঘটিয়ে কাজিফত ফল লাভের জন্য ব্যক্তিগত প্রচেষ্টা যথেষ্ট হবে না, এ জন্য

সমবেত প্রচেষ্টা চালাতে হবে। ইসলাম সম্মিলিত প্রচেষ্টাকে উৎসাহিত করে এবং বিচ্ছিন্ন থাকার বিরোধী। সমবেত প্রচেষ্টার সাথে আল্লাহর সাহায্য থাকে। আর যে বিচ্ছিন্ন থাকে সে জাহান্নামে নিক্ষিপ্ত হবে। এ কঠিন বাস্তবতায় এটি স্বাভাবিক যে কাঙ্ক্ষিত ফল পেতে হলে সম্মিলিতভাবে কাজ করতে হবে। কুরআনে বর্ণিত আছে, “إِنَّ اللَّهَ”

﴿يُحِبُّ الَّذِينَ يُقَاتِلُونَ فِي سَبِيلِهِ صَفًّا كَانَتْهُمْ بُنْيَانٌ مَرْصُوصٌ﴾<sup>১১৮</sup> “নিশ্চয়ই আল্লাহ তাদেরকে ভালোবাসেন যারা তাঁর রাস্তায় সারিবদ্ধভাবে যুদ্ধ করে যে তাঁরা সীসা ঢালা প্রাচীর”।<sup>১১৮</sup>

#### ৬. ইসলামী রাষ্ট্র মানবাধিকারের সংরক্ষক

অধিকার বলতে বোঝায় এমন এক বৈধ ও ন্যায্য দাবিকে, যা একজন ব্যক্তি সমাজে বা রাষ্ট্রে অন্যের বিরুদ্ধে উত্থাপন করতে পারে এবং যা রাষ্ট্রের আইন ও নৈতিকতার দ্বারা স্বীকৃত।<sup>১১৯</sup> আর মানবাধিকার বলতে সেই সব অধিকার বোঝায় যা নিয়ে কোনো মানব শিশু পৃথিবীতে এসেছে এবং যা অর্জিত হলেই সে মানুষ হিসেবে পূর্ণভাবে বিকশিত হতে পারে। সৃষ্টিগতভাবে মানুষ চিন্তাশক্তি, সৃজনশীলতা এবং মতামত প্রকাশের যোগ্যতা নিয়েই জন্মায়।

﴿وَلَقَدْ﴾ ইসলামে আল্লাহর পক্ষ থেকে মানুষকে সম্মানিত করার কথা বলা হয়েছে। যেমন আল্লাহ তা‘আলা বলেন,

﴿وَلَقَدْ﴾ নিশ্চয়ই আমি আদম ও হাম্মাহুম ফী البَرِّ وَ الْبَحْرِ وَ رَزَقْنَاهُمْ مِّنَ الطَّيِّبَاتِ وَ فَضَّلْنَاهُمْ عَلَى كَثِيرٍ مِّمَّنْ خَلَقْنَا সন্তানকে সম্মানিত করেছে, আমি তাদেরকে স্থলে ও সমুদ্রে চলাচলের বাহন দান করেছি, তাদেরকে উত্তম জীবনোপকরণ প্রদান করেছি এবং তাদেরকে অনেক সৃষ্টির ওপর শ্রেষ্ঠত্ব দান করেছি।<sup>১২০</sup> মানুষ আল্লাহর খলিফা বা প্রতিনিধি। মানুষের সম্মান ও মর্যাদা রক্ষার জন্য আল্লাহ তা‘আলা নবী-রাসূল পাঠিয়েছেন, কিতাব নাখিল করে শরি‘আতের বিধান দিয়েছেন। ইসলামী শরি‘আতের অন্তর্ভুক্ত মানবাধিকারের বিবেচ্য বিষয়গুলো হলো জীবন রক্ষা, সম্পদ রক্ষা, বংশরক্ষা, জ্ঞান রক্ষা ও ধর্ম রক্ষা। এছাড়া সৃষ্টিতে ও মৌলিক গুণাবলিতে সব মানুষ যেসব অধিকার ধারণ করে সেগুলো হলো জন্মগত অধিকার, স্বাভাবিক জীবন ধারণের অধিকার, মৌলিক প্রয়োজনীয় বিষয়বস্তু তথা খাদ্য, বস্ত্র, চিকিৎসা ও বাসস্থানের অধিকার।<sup>১২১</sup> আল্লাহ মানুষকে তার প্রতিনিধির মর্যাদা দিয়ে প্রেরণ করে আসমান ও যমিনের অসংখ্য নিয়ামত মানুষের কল্যাণের জন্য সৃষ্টি করেছেন। মানুষকে সুন্দর আকৃতিতে সৃষ্টি করে বুদ্ধি-ববেক ও স্বাধীন ইচ্ছাশক্তি দিয়েছেন। ইসলামের শিক্ষা হলো সব মানুষ একই উপাদান থেকে তৈরি; সবাই আল্লাহর বান্দা, সব মানুষ একই পিতামাতার সন্তান। একই রক্তে-মাংসে গড়া। তাই সাদা-কালোতে কোনো ভেদাভেদ নেই। ইসলাম ইবাদাতে যেমন নারী-পুরুষে সমমর্যাদা দিয়েছে, তেমনি সম্পদে দিয়েছে যথার্থ অধিকার।<sup>১২২</sup> ইসলামী রাষ্ট্রে বসবাসরত মুসলিম ও অমুসলিম সকল নাগরিকের সমানাধিকার প্রতিষ্ঠার বিষয়ে ইসলাম গুরুত্বের সাথে বিবেচনা করে। আল্লাহ তা‘আলা বলেন,

﴿لَا يَنْهَكُمُ اللَّهُ عَنِ الَّذِينَ لَمْ يُقَاتِلُوكُمْ فِي الدِّينِ وَ لَمْ يُخْرِجُوكُمْ مِنْ دِيَارِكُمْ أَنْ تَبَرُّوهُمْ وَ تُقْسِطُوا إِلَيْهِمْ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ﴾

“দ্বিনের ব্যাপারে যারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেনি এবং তোমাদেরকে তোমাদের বাড়ী-ঘর থেকে বের করে দেয়নি তাদের প্রতি সদয় ব্যবহার করতে, তাদের প্রতি ন্যায্যবিচার করতে আল্লাহ তা‘আলা তোমাদেরকে নিষেধ করেননি।”<sup>১২৩</sup> এমনকি বহিঃরাষ্ট্রের সাথেও সমান আচরণ প্রদর্শন যদি না তারা ইসলামের ক্ষতিসাধন করে। ইসলামের মানবাধিকার চর্চার যে সামগ্রিক রূপ প্রয়োগ করে তা ব্যক্তি, গোষ্ঠী এবং রাষ্ট্র সকলকে অন্তর্ভুক্ত করে। কেননা সংকাজের আদেশ ও অসংকাজের নিষেধের নির্দেশনা সকলের উপর বর্তায়। পারস্পরিক ভ্রাতৃত্ব ও সৌহার্দ্যবোধ হচ্ছে বিশ্বের ঈমানের পরিচায়ক। অথচ ইসলাম আগমনের অনেক পরে মার্কিন রাষ্ট্রবিজ্ঞানী টমাস পেইন<sup>১২৪</sup> মানবাধিকার শব্দ ও ধারণাটি প্রথম প্রচার করেন। আধুনিক কালে এই অধিকারের দাবি প্রথম স্পষ্টভাবে উচ্চারিত হয় ১৭৮৯ সালে ফরাসি বিপ্লবীদের সাম্য, মৈত্রী ও স্বাধীনতার ঘোষণার মধ্যে দিয়ে। আমেরিকার স্বাধীনতার ১৭৯১ সালে সংবিধানে ‘বিল অব রাইটস বা অধিকারের বিল গৃহীত হয়। যার ফলে ব্যক্তির নাগরিক অধিকার ও স্বাধীনতা নিশ্চিত করে। তারপর জাতিসংঘ সাধারণ পরিষদ ১৯৪৮ সালের ১০ ডিসেম্বর গৃহীত হয় সর্বজনীন মানবাধিকার সনদ। United Nations ঘোষিত মানবাধিকার যে সব বিষয়কে অন্তর্ভুক্ত করে।<sup>১২৫</sup>

সেকুল্যাররা ইসলামী রাষ্ট্রে ধর্মপালনে স্বাধীনতা নেই বলে যে অপপ্রচার চালায় তার জবাব হলো ইসলামে পূর্ণ ধর্মীয় স্বাধীনতা রয়েছে। এ রাষ্ট্রে কাউকে জোড় করে ধর্মান্তরিত করানো হয় না। স্বাধীন ইচ্ছা ও চিন্তার বিপরীতে কাউকে যদি ইসলাম গ্রহণের বাধ্য করা হয় তবে গ্রহণযোগ্য হবে না। ঈমান গ্রহণের পূর্বশর্তই হলো স্বাধীন ইচ্ছাশক্তি। এ জন্য কুরআনে ফেরআউনের ঈমানকে প্রত্যাখান করা হয়েছে। যেহেতু সে সমুদ্রের অতল গহ্বরে বাধ্য হয়ে কালিমা শাহাদাহ পাঠ করেছিল।<sup>১২৬</sup> এছাড়া অসংখ্য কাওমের ঘটনা কুরআনে বিবৃত হয়েছে যারা আল্লাহর আযাবকে চাক্ষুষ দেখে ঈমান গ্রহণের চেষ্টা করেছিল। আল্লাহ তা‘আলা বলেন, ﴿فَلَمْ يَكُنْ لَهُمْ لِمَا نُهُوا عَنْهُ﴾

﴿فَلَمْ يَكُنْ لَهُمْ لِمَا نُهُوا عَنْهُ﴾ “সুতরাং তারা যখন আমার আযাব দেখল তখন তাদের ঈমান তাদের কোন উপকার করল না। এটা আল্লাহর বিধান, তাঁর বান্দাদের মধ্যে চলে আসছে।

আর তখনই কাফিররা ক্ষতিগ্রস্ত হয়েছে’।<sup>১২৭</sup> তাই বিশ্বাস গ্রহণের স্বাধীনতা সকলের জন্য উন্মুক্ত। ইসলামী রাষ্ট্রে ধর্মত্যাগীদের মৃত্যুদণ্ড কার্যকর করার বিষয়ে আলেমদের মতভেদ রয়েছে। ইসলামী রাষ্ট্রে যদি ধর্মত্যাগের প্রবণতা বিস্তার লাভ করে এবং সামষ্টিকভাবে তা চর্চা শুরু হয় তবে তা সমাজের অস্তিত্ব বিপন্ন করতে পারে। এ ক্ষেত্রে মুসলিম শাসকের কর্তব্য হচ্ছে তা দ্রুততম সময়ের মধ্যে প্রতিহত করা। হযরত আবু বকর রা. সাহাবিদের নিয়ে ধর্মত্যাগীদের বিরুদ্ধে জিহাদ পরিচালনা করেন। তিনি যদি তা ছেড়ে দিতেন তবে মুসায়লমা, সাবাহ, আসওয়াদসহ মিথ্যা নবুয়াতের দাবিদারদের সৃষ্ট ফিতনার কারণে ইসলামের অস্তিত্ব বিপন্ন হতো। ইসলামে মুরতাদদের শাস্তি হিসেবে মৃত্যুদণ্ডের বিধান সকলের ঐক্যমতাপূর্ণ সিদ্ধান্ত নয়। সাহাবিদের মধ্যে ওমার রা., তাবেরীদের মধ্যে হতে আন-নাখয়ি ও ইমামদের মধ্যে আস-সাওরি রহ. কারাবন্দি রাখার পক্ষে মত প্রকাশ করেন।<sup>১২৮</sup> তাওবার মাধ্যমে পুনরায় ফিরে আসার সামগ্রিক প্রয়াস চালানোর কথাও বলা হয়েছে।

#### ৭. ইসলামে রাষ্ট্রে নারীর অবস্থান

ইসলামী সমাজ গড়ে উঠেছে মুসলিম নারী-পুরুষের পারস্পরিক সহযোগিতায়। এখানে নারীকে পুরুষের বা পুরুষকে নারীর সেবাদাসে পরিণত করা হয়নি। মৌলিকভাবে প্রতিটি মানুষ সমান। আল্লাহর কাছেও মানুষ সমান। এখানে নারী ও পুরুষের কোনো পার্থক্য নেই। মানুষের মূল হচ্ছে রুহ বা আত্মা, শরীর নয়। আল্লাহ তা’আলা বলেন, ‘স্মরণ করো যখন বনী আদমের পৃষ্ঠদেশ থেকে তাদের বংশধরদেরকে বের করলেন।’<sup>১২৯</sup> তাই মানুষের আধ্যাত্মিক ব্যক্তিত্ব এক এবং সে মানুষ হিসেবে সমান।<sup>১৩০</sup> পবিত্র কুরআনে আল্লাহ তা’আলা মানুষকে সর্বোত্তম করে সৃষ্টির কথা বলেছেন, পুরুষদের নয়। নারী পুরুষের মৌলিক সাম্য হলো আল্লাহ মানুষকে সর্বোত্তম কাঠামোয় সৃষ্টি করেছেন। সকল মানুষ এক পরিবারের, আদম ও হাওয়ার পরিবারের। আল্লাহ তা’আলা বলেন, ﴿يَا أَيُّهَا النَّاسُ﴾ <sup>১৩১</sup> ‘হে মানবজাতি। اتَّقُوا رَبَّكُمُ الَّذِي خَلَقَكُمْ مِنْ نَفْسٍ وَاحِدَةٍ وَخَلَقَ مِنْهَا زَوْجَهَا وَبَثَّ مِنْهُمَا رِجَالًا كَثِيرًا وَنِسَاءً ۚ’ তোমাদের রবকে ভয় করো, যিনি তোমাদেরকে এক ব্যক্তি থেকে সৃষ্টি করেছেন এবং তাঁর থেকে তাঁর সঙ্গিনীকে সৃষ্টি করেছেন। আর বিস্তার করেছেন তাদের দু’জন থেকে বহু নর-নারী।’<sup>১৩২</sup> তার মানে হলো আমরা বনি আদমের পরিবারের। ইসলামের দৃষ্টিতে সমগ্র মানব জাতি একই পরিবারের। আল্লাহর কাছে সব মানুষের সম্মান মর্যাদা সমান। আল্লাহর নিকট সম্মান ও মর্যাদার একমাত্র ভিত্তি তাকওয়া।<sup>১৩৩</sup> তাছাড়া আল্লাহ তা’আলা মানুষ সৃষ্টির সময় বলে দিয়েছেন তোমরা সবাই খলিফা। আল্লাহ তা’আলা বলেননি নারী বা পুরুষ পাঠাচ্ছেন। মানুষকে তিনি খলিফা নামে অভিহিত করেছেন। আমরা পুরো মানব জাতি আল্লাহর প্রতিনিধি। অন্যায়, অত্যাচার, খুন খারাবির ফলে খলিফার মর্যাদা ভূলুণ্ঠিত হয়, ঈমান থাকে না।<sup>১৩৪</sup> ইসলাম চায় প্রত্যেককে ক্ষমতায়িত করতে। নারীরা বঞ্চিত হলে যেমন তাদেরকে ক্ষমতায়িত করতে হবে তেমনি পুরুষরা বঞ্চিত হলে তাদেরকেও ক্ষমতায়িত করতে হবে। কোন মেয়ে যদি তার স্বাধীন সিদ্ধান্তে ঘরে থাকতে চায় তবে তার সেটা করার অধিকার আছে। কিন্তু আল্লাহ বলেননি নারীদের ঘরে থাকতে হবে ও বাহিরের কাজ করতে পারবে না। বরং আল্লাহ মূল দায়িত্ব নারী পুরুষকে একই দিয়েছেন। যেমন এসব কথার মাধ্যমে ইসলাম নারীদের সকল ভালো কাজে অংশগ্রহণের স্বীকৃতি দিয়েছে। এটাই ইসলামের নীতি। উপরোক্ত দায়িত্ব পালনে নারী পুরুষ উভয়েই সমান। পাশ্চাত্য সামাজিকতা ও ইসলামী সামাজিকতার পার্থক্য এখানেই সুস্পষ্ট হয়েছে। পাশ্চাত্য শিল্পবিপ্লব পূর্বে নারী ছিল পুরুষের গোলাম এবং পরবর্তীতে উভয়েই সমান সত্ত্বা ও সমান কর্তৃত্বের অধিকারী হয়। কিন্তু ইসলামী সমাজে নারী কখনোই পুরুষের গোলাম ছিল না। উভয়েই ছিল স্বাধীন সত্ত্বার অধিকারী। তবে উভয়েই সমান কর্তৃত্বের অধিকারী ছিল না। নারী পুরুষের অধীনস্থ হলেও তার স্বাধীন সত্ত্বাকে আহত করা হয়নি। পাশ্চাত্য সমাজে প্রথমে কর্তৃত্ব একজনের হাতে ছিল এবং অন্যজনকে তার গোলামে পরিণত করা হয়েছে। শিল্পবিপ্লবের পর কর্তৃত্ব উভয়কে দেওয়া হয়। ফলে সমাজে নৈরাজ্য দেখা দেয়। ইসলামই সর্বপ্রথম নারীদের সম্মান ও অধিকারকে সুপ্রতিষ্ঠিত করেছে। একজন মানুষ হিসেবে, একজন নারী হিসেবে, কন্যা ও স্ত্রী হিসেবে। সর্বোপরি সমাজের একজন নাগরিক হিসেবে প্রভূত মর্যাদা দিয়েছে। কুরআনের আয়াত, রাসুলের বাণী, সাহাবায়ে কেরাম ও খোলাফায়ে রাশেদার আমল সুস্পষ্টভাবে নারীদের মর্যাদাপূর্ণ অবস্থানের স্বীকৃতি দেয়। কুরআনের আয়াতে ধর্মীয় দায়িত্ব পালনে নারী-পুরুষের সমান অবস্থানের কথা ঘোষিত হয়েছে।<sup>১৩৫</sup> সামাজিক ও রাজনৈতিক অংশগ্রহণেও তাদের সমান দায়িত্ব পালনের কথা বলা হয়েছে।<sup>১৩৬</sup> তাই ইসলাম ধর্মের সাথে নারীদের কোন দ্বন্দ্ব নেই। ইসলাম ধর্মে নারীর দায়িত্ব ও কর্তব্যের গণ্ডি গৃহাভ্যন্তরে নির্দিষ্ট করে দেয়া হয়নি বরং তার সামাজিক অংশগ্রহণ অনুমোদন করেছে। ইসলাম সত্যিকার অর্থে নারীকে ক্ষমতায়িত করেছে এবং নারীকে সম্মানিত করেছে। ইসলাম আগমনের অনেক পরে আধুনিক বিশ্বে নারীর প্রতি সকল বৈষম্য বিলোপ একটি সনদ জাতিসংঘের সাধারণ পরিষদে ১৯৭৯ সালে ১৮ ডিসেম্বরে গৃহীত হয় যা সিডো (CEDAW) সনদ নামে পরিচিত।

#### ৮. সন্ত্রাসবাদের মূল উৎস ইসলামী সংস্কৃতি কিংবা পলিটিকাল ইসলাম নয়

বিশ্বায়নের এই যুগে “সন্ত্রাসবাদ” শব্দটি এক বহুল ব্যবহৃত ও বিতর্কিত রাজনৈতিক পরিভাষায় পরিণত হয়েছে। বিশেষত ২০০১ সালের ১১ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রে সংঘটিত হামলার পর থেকে আন্তর্জাতিক রাজনীতিতে “ইসলামী সন্ত্রাসবাদ” (Islamic Terrorism) ধারণাটি মিডিয়া ও নীতিনির্ধারকদের ভাষায় প্রায় প্রতিদিন উচ্চারিত হয়। ফলত একটি সুপরিচালিত প্রোপাগান্ডার মাধ্যমে ইসলামী সংস্কৃতি এবং রাজনৈতিক ইসলামকে সন্ত্রাসবাদের উৎস হিসেবে প্রতিষ্ঠিত করার প্রয়াস লক্ষ্য করা যায়।<sup>১৩৬</sup> ঐতিহাসিক, তাত্ত্বিক ও ধর্মীয় দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ করলে দেখা যায় যে, ইসলাম কখনোই সহিংসতা বা নিরীহ জনগণের হত্যাকে বৈধতা দেয়নি। ইসলাম কোনোভাবেই সন্ত্রাসবাদকে সমর্থন করে না; বরং ন্যায়, শান্তি ও মানবমুক্তির আদর্শের প্রতীক। পবিত্র কুরআনে স্পষ্টভাবে বলা হয়েছে, “যে ব্যক্তি কোনো প্রাণকে হত্যা করে, সে যেন সমগ্র মানবজাতিকে হত্যা করল।”<sup>১৩৭</sup> রাসুলুল্লাহ সা. এর জীবনাদর্শে এমন অসংখ্য উদাহরণ পাওয়া যায় যেখানে তিনি যুদ্ধের সময়ও নারী, শিশু ও নিরীহ নাগরিকদের উপর আক্রমণ নিষিদ্ধ করেছেন। সুতরাং ইসলামী সংস্কৃতি ও সন্ত্রাসবাদকে একসূত্রে গাঁথা এক ধরনের রাজনৈতিক অপপ্রচার ছাড়া কিছুই নয়। বিশ শতকের মধ্যভাগে যখন উপনিবেশবাদ বিলুপ্ত হয়, তখন মুসলিম বিশ্বে স্বাধীনতা আন্দোলনের পাশাপাশি ইসলামী পুনর্জাগরণের ঢেউ ওঠে। এই আন্দোলন পশ্চিমা আধিপত্যকে প্রশ্নবিদ্ধ করে। ফলে ইসলামোফোবিয়ার বা ইসলামভীতির একটি নতুন রাজনৈতিক রূপ তৈরি হয়। ইসলামী সংস্কৃতি ও পলিটিক্যাল ইসলামকে সন্ত্রাসবাদের উৎস হিসেবে দেখানোর এই প্রচেষ্টা পশ্চিমা উপনিবেশবাদী চিন্তারই এক সম্প্রসারিত রূপ। এডওয়ার্ড সাঈদ তাঁর বিখ্যাত গ্রন্থ Covering Islam-এ উল্লেখ করেন যে পশ্চিমা গণমাধ্যম ইসলামকে এমনভাবে উপস্থাপন করে যেন এটি সহিংসতা ও অসহিষ্ণুতার ধর্ম।<sup>১৩৮</sup> এই মনস্তাত্ত্বিক ও সাংস্কৃতিক ভীতিই পরবর্তীতে ইসলামকে সন্ত্রাসবাদের সাথে সংযুক্ত করার ভিত্তি তৈরি করে। আমেরিকার লিবারেল বা কনজারভেটিভ উভয় গোষ্ঠীই ভুলের উপর রয়েছে। তারা সামাজিক-রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনা না করে সাম্রাজ্যবাদী রাজনৈতিক মতাদর্শের ওপর ভিত্তি করে অভ্যন্তরীণ ওয়ার অন টেররের সংজ্ঞাকে প্রসারিত করে। ইসলামী সংস্কৃতি কিংবা পলিটিকাল ইসলামকে সন্ত্রাসবাদের মূল উৎস বলে তারা ইসলামোফোবিয়ার প্রচার ও সহিংস রাজনীতির প্রেক্ষাপট সাজায়। রাজনৈতিক উদ্দেশ্য হাসিলের জন্য তাঁরা মূলত ইসলামভীতি ছড়ায়। পশ্চিমা মিডিয়া মুসলমানদের সন্ত্রাসী বা জঙ্গিগোষ্ঠী বলে নেতিবাচক খবর ছড়িয়ে ইসলামভীতি সৃষ্টি করে। ইসলামোফোবিয়া বা ইসলামভীতি মূলত মুসলিম বিদ্বেষী বর্ণবাদের একটি নতুন রূপ। প্রকৃতপক্ষে সরকারই সন্ত্রাসবিরোধী কর্মতৎপরতার নামে ইসলামোফোবিয়ার কর্মতৎপরতা বৃদ্ধি করেছে। যা দৈনন্দিন জীবনে নানা ক্ষেত্রে মুসলমান নাগরিক অধিকার লঙ্ঘন করেছে। আফগানিস্তান, পাকিস্তান, সোমালিয়া, ইয়েমেন সহ বিশ্বজুড়ে অগণিত নিষ্পাপ জীবন কেড়ে নিয়েছে ওয়ার অন টেরর। মার্কিন যুক্তরাষ্ট্রের অন্ধ সমর্থনে ইসরাইল বাহিনী গাজায় অসহায় ও অবরুদ্ধ জনগোষ্ঠীর ওপর ১৮ মাস ধরে হামলা চালিয়ে এ পর্যন্ত ৬২ হাজারের মতো ফিলিস্তিনিকে হত্যা করেছে, যার মধ্যে ৭০ শতাংশই নারী ও শিশু। সেখানকার প্রায় ২০ লাখ অনাহারক্লিষ্ট ও সুপেয় পানির অভাবে প্রতি মুহূর্তে মৃত্যুর জন্য অপেক্ষা করলেও তথাকথিত বিশ্ববৈবেক অন্ধ। একচ্ছত্র ক্ষমতার দাপটে প্রেসিডেন্ট ট্রাম্প সিএনএনের সঙ্গে এক সাক্ষাতকারে বলেন ইসলাম নাকি তাদেরকে ঘৃণা করে। এর মাধ্যমে তিনি ২০০ কোটি মানুষের ধর্মকেই সরাসরি আক্রমণ করে বসেছেন। এই বিশ্বয়কর তিরস্কারের মধ্যে দিয়ে প্রেসিডেন্ট ট্রাম্প ইসলামোফোবিয়াকে এক নতুন উচ্চতায় নিয়ে গেছেন। ট্রাম্পের এই অবিশ্বাস্য সাম্প্রদায়িক ও বর্ণবাদী মন্তব্যের মাধ্যমে প্রমাণিত হয়েছে প্রকৃতপক্ষে তিনি নিজেই ইসলাম ধর্ম ও মুসলমানদের প্রচণ্ডভাবে ঘৃণা করেন।<sup>১৩৯</sup> সাম্রাজ্যবাদীরা বিশ্বব্যাপী নিজেদের রাজনৈতিক কর্তৃত্ব টিকিয়ে রাখতে ইসলামোফোবিয়ার মতো একটি মতাদর্শের আবিষ্কার করে। সকল বর্ণবাদই রাজনৈতিক ও সামাজিকভাবে নির্মিত। এর মাধ্যমে সরকার সন্ত্রাসবাদের সংজ্ঞাকে প্রসারিত করে সক্রিয়ভাবে উসকানি, অর্থায়ন কিংবা সন্ত্রাসী হামলার বদলে কোন নির্দিষ্ট মতাদর্শের অনুসারীদের এর অন্তর্ভুক্ত করেছে। ফলস্বরূপ তারা বিপুল সংখ্যক মানুষের সাংবিধানিকভাবে সুরক্ষিত ক্রিয়াকলাপকে নজরদারির আওতায় নিয়ে আসতে পেরেছে। সেজম্যানের গবেষণার মতো ভিক্টোরিওভিচের গবেষণায়ও সহিংসতার কারণ আলোচনার পরিবর্তে ধর্মীয় মতাদর্শ নিয়ে প্রশ্ন তোলা হয়েছে। সামাজিক মনস্তত্ত্বের কারণে ব্যক্তি চরমপন্থায় সক্রিয় হয়। তাই মুসলিম মনস্তত্ত্বকে সহিংসতার কারণ হিসেবে উপস্থাপন করা অযৌক্তিক। অন্যদিকে আল মহাজেরিন প্রথমবারের মতো সহিংস কর্মকাণ্ডের অনুমোদন দেয় রাজনৈতিক প্রেক্ষাপটের জন্য, ধর্মীয় মতাদর্শের জন্য নয়।<sup>১৪০</sup> এছাড়া ভিক্টোরিওভিচ তার র‍্যাডিকাল রাইজিং গবেষণাপত্রে বৈষম্যের শিকার, রাজনৈতিক দমন-নিপীড়ন, আত্মপরিচয়ের সংকট, সচেতনতা বৃদ্ধি বা কোনো কর্মীর প্ররোচনাকে চরমপন্থার বা র‍্যাডিকেলাইজেশনের জন্য দায়ী করেন।<sup>১৪১</sup> ১৯৯৭ সালে উইলিয়াম ম্যাকফারসন তদন্ত কমিশন পুলিশ ডিপার্টমেন্টে প্রাতিষ্ঠানিক বর্ণবাদকে ব্যাপক সমস্যা হিসেবে বিবেচনা করে। ১৯৮৪ সালে শিখদের স্বর্ণমন্দিরে ভারতীয় প্রশাসনের আক্রমণ, ১৯৯১ সালে অযোধ্যায় বাবরি মসজিদ ধ্বংসের ফলে

ধর্মনিরপেক্ষতাবাদের বিশ্বাসযোগ্যতা হারায়। নব্বইয়ের দশকে যেসব মুসলিম ছাত্ররা ব্রিটেনের বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতো তারাও অসংখ্যবার বর্ণবাদী অভিজ্ঞতার মুখোমুখি হয়। ব্যক্তিপর্যায়ের মতো প্রশাসনিক পর্যায় থেকেও সমানভাবে তারা বৈষম্যের শিকার হয়। বসনিয়াহ সহ মুসলিম বিশ্বে জাতিগত নিধনের ফলশ্রুতিতেই রাজনৈতিক ইসলামের প্রতি মুসলিম যুবকদের উদ্বুদ্ধ করে। তাদের লক্ষ্য ছিল সাংস্কৃতিক ক্ষেত্রে উপনিবেশিক প্রভাবকে আক্রমণ করে ধর্মীয় মৌলিকত্ব অন্তর্ভুক্ত করা। ফলে মিশরে ইখওয়ানুল মুসলেমিন ও ভারত উপমহাদেশে জামায়াতে ইসলামীর হাতধরে রাজনৈতিক ইসলামের বিকাশ ঘটে।

### Findings (গবেষণার ফলাফল)

এই গবেষণার মাধ্যমে প্রাপ্ত ফলাফল নির্দেশ করে যে আধুনিক বিশ্বে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা একটি জটিল ও বহুমাত্রিক চ্যালেঞ্জের মুখোমুখি। প্রথমত, ধর্মকে রাজনীতি থেকে পৃথক করার প্রবণতা ইসলামের মৌলিক নীতির পরিপন্থী। ইসলাম কেবল আধ্যাত্মিক অনুশাসন নয়; বরং এটি রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক জীবনের সমন্বিত জীবনব্যবস্থা। সুতরাং ধর্ম ও রাজনীতির বিচ্ছেদ ইসলামী রাষ্ট্রচিন্তার মূল ভিত্তিকে দুর্বল করে দেয়।<sup>১৪২</sup> দ্বিতীয়ত, গণতন্ত্র নিয়ে বিতর্ক আধুনিক ইসলামী চিন্তায় গুরুত্বপূর্ণ ইস্যু হিসেবে উঠে এসেছে। গবেষণায় প্রতীয়মান হয় যে, গণতন্ত্র ইসলামী রাষ্ট্রে “শুঁরা” ধারণার আধুনিক রূপ হতে পারে, যেখানে জনগণের অংশগ্রহণ ও পরামর্শ রাষ্ট্রীয় সিদ্ধান্তের গুরুত্বপূর্ণ উপাদান। রশিদ আল-ঘানুসির বিশ্লেষণে দেখা যায়, গণতন্ত্র বিদ্যমান নয়, বরং এটি ইসলামী পরামর্শভিত্তিক শাসনের বাস্তব রূপ।<sup>১৪৩</sup> একইভাবে, মুহাম্মদ আসাদ তাঁর রচনায় প্রমাণ করেন যে, ইসলাম গণতন্ত্রের নৈতিক দিকগুলোকে সমর্থন করে, কারণ এতে ন্যায়বিচার, জবাবদিহিতা ও মানবাধিকারের নিশ্চয়তা নিহিত।<sup>১৪৪</sup> তৃতীয়ত, শাসন ও আইন বিষয়ে উম্মাহর মতবিরোধ, বৈশ্বিক উপনিবেশিক প্রভাব, এবং সংখ্যালঘু ও মানবাধিকারের প্রশ্নে প্রোপাগান্ডা ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার অগ্রযাত্রায় প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে। উপনিবেশিক শক্তিগুলো মুসলিম সমাজে বিভাজন সৃষ্টি করে ধর্মীয় ও রাজনৈতিক প্রতিষ্ঠানগুলোকে দুর্বল করেছে, যার প্রভাব এখনো বহাল রয়েছে। নারী অধিকার ও মানবাধিকার ইস্যুতেও ইসলামের ভুল ব্যাখ্যা প্রচার করে আন্তর্জাতিক পরিসরে ইসলামী রাষ্ট্রের ভাবমূর্তি বিকৃত করা হচ্ছে। এসব সংকট অতিক্রমের কার্যকর উপায় হলো ইজতিহাদের নবজাগরণ, শিক্ষার ইসলামীকীকরণ, রাজনৈতিক ঐক্য, সামাজিক সংস্কার, ও ধর্মনিষ্ঠ নেতৃত্ব প্রতিষ্ঠা করা। ইসলামী রাষ্ট্র তখনই স্থিতিশীল হতে পারে, যখন রাষ্ট্রনীতি কুরআন ও সুন্নাহর নৈতিক দিকনির্দেশনায় পরিচালিত হবে এবং জনগণের অংশগ্রহণমূলক দায়িত্ববোধ নিশ্চিত হবে। ধর্মভিত্তিক রাষ্ট্রব্যবস্থা কেবল আধ্যাত্মিক কল্যাণই নয়, বরং অর্থনৈতিক সমৃদ্ধি, সামাজিক ন্যায়বিচার ও মানবিক মর্যাদার নিশ্চয়তাও প্রদান করে। সুতরাং, এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে, ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার পথটি দুর্গম হলেও তা মুসলিম সমাজে ন্যায়বিচার, সমতা ও নৈতিকতার আদর্শ পুনরুজ্জীবনের এক অবিচ্ছেদ্য আকাঙ্ক্ষা হিসেবে বিদ্যমান।

### উপসংহার

আধুনিক বিশ্বে ইসলামী রাষ্ট্রপ্রতিষ্ঠা একটি বিরাট চ্যালেঞ্জিং বিষয়। যুগে যুগে নবী-রাসূলরা ইসলাম বিদ্বেষীদের কাছে থেকে আল্লাহর প্রেরিত দ্বীন, আসমানী কিতাব ও রিসালাতের বিরুদ্ধে বিরূপ মন্তব্য ও প্রতিকূল পরিস্থিতি মোকাবেলা করেই দ্বীন প্রতিষ্ঠার কাজের আঞ্জাম দিয়েছেন। তাই মুসলিম উম্মাহকেও সকল মতবিরোধ ও মতানৈক্য ভুলে গিয়ে জাতির বৃহত্তর স্বার্থে এক কাতারে শামিল হয়ে ষড়যন্ত্রকারীদের আরোপিত সকল প্রোপাগান্ডা ও অভিযোগের সময়োপযোগী জবাব দিতে হবে। উম্মাহর মাঝে রাজনৈতিক মতাদর্শের প্রশ্নে অনৈক্য, দ্বিধা-দ্বন্দ্ব ও হীনমন্যতা যেন রাজনৈতিক অস্তিত্ব বিপর্যস্ত করে না তোলে। দা'য়ীদের এ বিষয়টি ভুলে গেলে চলবে না যে মতভিন্নতা মানেই অনৈক্য নয়; বরং কিছু কিছু মতভিন্নতার মাঝেই রয়েছে ঐক্যের পথ। মুসলিম উম্মাহর দায়িত্ব হচ্ছে বর্তমান পরিস্থিতিতে সকল প্রকার ভেদাভেদ ও বিরোধের অবসান ঘটিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করা। যে ঐক্য মানুষের মাঝে শত্রুতার পরিবর্তে ভালোবাসা, সহযোগিতা ও ভ্রাতৃত্বের বীজবপন করে। যে ভ্রাতৃত্ববোধ পরস্পরকে আল্লাহর রজ্জু দৃঢ়ভাবে ধারণ করতে একতাবদ্ধ করে। কাফির ও মুশরিকদের সকল প্রকার গোপন ও প্রকাশ্য ষড়যন্ত্র সমূলে ধ্বংস করে একটি কল্যাণ রাষ্ট্র প্রতিষ্ঠার পথে অগ্রসর করে। তাই সকল প্রকার চরমপন্থা ও বাড়াবাড়ি পরিহার করে ভিন্নধর্মাবলম্বী ও ভিন্নমতাবলম্বী প্রতিপক্ষের বিষয়ে কুরআন ও সুন্নাহতে বর্ণিত দাওয়াতের আলোকে অগ্রসর হতে হবে। মতবিরোধ ও অপপ্রচার মোকাবেলার সময় মনে রাখতে হবে যে পৃথিবীতে এমন কোন ব্যবস্থা নেই যার প্রতি সকল মানুষ সম্মতি ও একমত হতে পারে। একজন মু'মিনের ইমানি শক্তি, ধর্মীয় মর্যাদাবোধ আল্লাহর পথে জিহাদ, সংকাজের আদেশ ও অসংকাজের নিষেধের জন্য অপরিহার্য। বিশুদ্ধ ইসলাম প্রতিষ্ঠায় ইসলামী আদর্শের পূর্ণাঙ্গ অনুসরণ আবশ্যিক। ব্যক্তি বা দলের বাড়াবাড়ি ও কঠোরনীতি ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার পথকে প্রতিকূল পরিস্থিতির মধ্যে ফেলে। মনে রাখতে হবে এ ধরনের অস্থিতিশীল পরিস্থিতির জন্য সমাজব্যবস্থা, সরকার ব্যবস্থা এবং শিক্ষা, সংস্কৃতি ও গণমাধ্যমসহ শাসকগোষ্ঠীর প্রতিটি বিভাগই দায়ী। এ থেকে উত্তরণের জন্য আলেমদের নিত্য-নতুন পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ইজতিহাদ সম্পর্কে নতুন করে ভাবা যেমন দরকার তেমনি শরি'আর স্থির অপরিবর্তনীয় ও স্বীকৃত নীতিমালাকে অবহেলা করার কোন অবকাশ নেই। তাই ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার ক্ষেত্রে সকল প্রকারের চরমপন্থা পরিহার

করে রাজনৈতিক প্রতিপক্ষের বিষয়ে যুগোপযোগী সিদ্ধান্ত নিতে হবে। উদ্ভূত প্রতিকূল পরিস্থিতি মোকাবেলার জন্য মুসলিম সমাজকে মধ্যমপন্থা অবলম্বনের মাধ্যমে সঠিক মতামত তুলে ধরে সত্যের ওপর দৃঢ় ও অটল থাকতে হবে। তাহলে প্রতিষ্ঠিত হবে মুসলিম উম্মাহর মাঝে মজবুত বন্ধন ও ভ্রাতৃত্ববোধ যে বন্ধন ও ভ্রাতৃত্ববোধ তাদেরকে কাক্ষিত মঞ্জিলে পৌঁছানোর পথ সহজ ও প্রাণবন্ত করবে। পাশ্চাত্যে সেক্যুলারদের সকল ষড়যন্ত্র মোকাবেলা করে এ পথে অগ্রসর হওয়ার যুগোপযোগী কর্মসূচী নিয়ে সকলকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করতে হবে। রাজনৈতিক ইসলাম বা পলিটিকাল ইসলাম নামের প্রোপাগান্ডায় ফাঁদে পড়ে মনোবল হারানোর কোন সুযোগ নেই। গণতন্ত্রের বিকল্প কোন রাজনৈতিক রূপরেখা উম্মাহর সামনে স্পষ্ট না হওয়া পর্যন্ত ইসলামী গণতন্ত্রের রূপরেখা কেমন হবে তা আলেমদের কাছে স্পষ্ট করে সকল মতবিরোধের নিষ্পত্তি জাতির বৃহত্তর স্বার্থে নিতে হবে। নারীদের কাছে এ বিষয়টি স্পষ্ট করা প্রয়োজন যে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা হলে নারীরা আরো বেশি সম্মানিত হবেন এবং আরো বেশি অধিকার ভোগ করবেন। ইসলামী রাষ্ট্রে অমুসলিম নাগরিকরাও মুসলমানদের মতোই নিরাপত্তা ও অধিকার ভোগ করে এ বিষয়টির প্রচার ও প্রসার অমুসলিম নাগরিকদের উৎকণ্ঠার অনেকটাই নিরসন করবে। বৈশ্বিক প্রতিকূল পরিস্থিতি মোকাবেলা করার জন্য কাক্ষিত ইসলামী পররাষ্ট্রনীতি প্রণয়ন করে সকল ষড়যন্ত্রের বুদ্ধিবৃত্তিক মোকাবেলা করার দিকে দৃষ্টি দেওয়া প্রয়োজন। ইসলামে চরমপন্থা বা জঙ্গিবাদের কোনো স্থান নেই। মুসলিম যুবকরা যেন চরমপন্থার পথে অগ্রসর না হয় সে জন্য আলেমদের সে বিষয়ে বিভিন্ন জ্ঞানগর্ভ বক্তব্য ও প্রচারণা চালানো দরকার। কুরআন ও সুন্নাহতে বর্ণিত ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা, ইসলামী শরি'আহ আইন সম্পর্কিত নসসমূহের ব্যাপারে মধ্যপন্থা অবলম্বন করে ঐক্যমতে পৌঁছানো না গেল বিশ্বব্যাপী ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার আন্দোলনকে সংকটের মুখে পড়বে।

#### টীকা ও তথ্যনির্দেশ

- <sup>১</sup> ড. ইউসুফ আল কারজাজি রহ., *সেক্যুলার ও ইসলামপন্থীদের বয়ানে ইসলাম ও রাজনীতি* (ঢাকা: গার্ডিয়ান পাবলিকেশন্স, ২০২৩ খ্রি.), পৃ. ৮৮।
- <sup>২</sup> Arun Kundnani, *Islamophobia in the Western World* (London: Pluto Press, 2014), p. 56.
- <sup>৩</sup> শেখ মুহম্মদ লুৎফর রহমান, *ইসলাম: রাষ্ট্র ও সমাজ* (ঢাকা: বাংলা একাডেমি, জুলাই ১৯৭৭ খ্রি.পৃ. ১১৬।
- <sup>৪</sup> ড. উমার সোলাইমান আশকার, *আল্লাহর আইন পরিবর্তনে পৃথিবীর কী ক্ষতি হলো?* (ঢাকা: হাসানা পাবলিকেশন, নভেম্বর ২০২৪ খ্রি.), পৃ. ১১।
- <sup>৫</sup> জাস্টিস মুফতি মুহাম্মদ তাকী উসমানী, *ইসলাম ও রাজনীতি* (ঢাকা: মাকতাবুল হেরা, ষষ্ঠাদশ মুদ্রণ, ২০১৯ খ্রি.), পৃ. ১৬২।
- <sup>৬</sup> ড. মুহাম্মদ আবদুর রহিম, *ইসলামী রাষ্ট্রব্যবস্থা* (ঢাকা: ইসলামীক ফাউন্ডেশন বাংলাদেশ, ২০০৫), পৃ. ৫৫-৮০।
- <sup>৭</sup> ড. মুনীরউদ্দীন আহমদ, *ইসলামী অর্থনীতি ও কল্যাণ রাষ্ট্র* (ঢাকা: আদর্শ, ২০১৫), পৃ. ৭৭-১১০।
- <sup>৮</sup> Rashid al-Ghannushi, *Public Freedom in the Islamic State* (New Haven: Yale University Press, 1992), P.45.
- <sup>৯</sup> Sayyid Abul A'la Maududi, *Islamic Law and Constitution* (Lahore: Islamic Publications, 1960), pp. 145-146
- <sup>১০</sup> অধ্যাপক ফজলুর রহমান, *রাষ্ট্র ও জন-প্রত্যাশা* (সিলেট: পাবলিশিং প্রকাশন, জানুয়ারি ২০১৯ খ্রি.), পৃ. ৫-৬।
- <sup>১১</sup> যেমন আল্লাহ তা'আলা বলেন, ﴿وَإِذْ قَالَ رَبُّكَ لِلْمَلَكَةِ إِنِّي جَاعِلٌ فِي الْأَرْضِ خَلِيفَةً﴾, “স্মরণ করো! যখন তোমার রব ফেরেশতাদের বললেন, ‘নিশ্চয়ই আমি পৃথিবীতে এক প্রতিনিধি সৃষ্টি করতে যাচ্ছি।’” দ্র. সূরাহ আল-বাকারাহ, ২:৩০।
- <sup>১২</sup> সৈয়দ মকসুদ আলী, *রাষ্ট্রবিজ্ঞান* (ঢাকা: মাওলা ব্রাদার্স দ্বিতীয় মুদ্রণ, আগস্ট ২০০৮ খ্রি.), পৃ. ১৬৩।
- <sup>১৩</sup> ড. মো. বেলাল হোসেন, *ইসলামে আন্তর্জাতিক সম্পর্ক* (রাজশাহী: রেনেসাঁ পাবলিকেশন্স, মার্চ ২০২১ খ্রি.), পৃ. ১০৩।
- <sup>১৪</sup> আল-মাওয়াদী, *আল-আহকামুস সুলতানিয়াহ* (বৈরুত: দারুল কুতুব আল-ইলমিয়াহ, ১৯৯০ খ্রি.), পৃ. ৫।
- <sup>১৫</sup> মাওলানা আবদুর রহীম, *আল কুরআনের রাষ্ট্র ও সরকার* (ঢাকা: খায়রুন প্রকাশনী, দ্বিতীয় মুদ্রণ, ১৯৫ খ্রি.), পৃ. ১৫০।
- <sup>১৬</sup> মুহাম্মদ আসাদ, *ইসলামে রাষ্ট্র ও সরকার পরিচালনার মূলনীতি* (ঢাকা: প্রচ্ছদ প্রকাশন, দ্বিতীয় মুদ্রণ, মে ২০১৩), পৃ. ১২।
- <sup>১৭</sup> যেমন আল্লাহ তা'আলা বলেন, ﴿أَلَا لَهُ الْخَلْقُ وَالْأَمْرُ تَبَرَّكَ اللَّهُ رَبُّ الْعَالَمِينَ﴾ ‘শুনে রেখ, তারই কাজ সৃষ্টি করা এবং আদেশ দান করা।’ দ্র. সূরাহ আল-আ'রাফ, ৭: ৫৪।
- <sup>১৮</sup> যেমন আল্লাহ তা'আলা বলেন, ﴿إِنَّ اللَّهَ يَأْمُرُكُمْ أَنْ تُؤَدُّوا الْأَمَانَاتِ إِلَىٰ أَهْلِهَا وَإِذَا حَكَمْتُمْ بَيْنَ النَّاسِ أَنْ تَحْكُمُوا بِالْعَدْلِ إِنَّ اللَّهَ نِعِمَّا يَعِظُكُمْ بِهِ إِنَّ اللَّهَ كَانَ سَمِيعًا بَصِيرًا﴾ ‘নিশ্চয়ই আল্লাহ তোমাদের নির্দেশ দিচ্ছেন যে তোমার আমানতসমূহ প্রাপকদের নিকট পৌঁছে দেবে। আর যখন তোমরা মানুষের মাঝে বিচার ফায়সালা করো তখন ন্যায্যভিত্তিক ফায়সালা করো। আল্লাহ তোমাদের উত্তম উপদেশ দান করেন। নিশ্চয়ই আল্লাহ সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।’ দ্র. সূরাহ আন-নিসা, ৪:৫৮।
- <sup>১৯</sup> যেমন আল্লাহ তা'আলা বলেন, ﴿وَأْمُرْهُمْ شُرُوزِي بَيْنَهُمْ﴾ “পারস্পরিক পরামর্শের ভিত্তিতে তারা তাদের নিজেদের কার্যাবলি সম্পাদন করে”, দ্র. সূরাহ আশ-শুরা, ৪২: ৩৮।
- <sup>২০</sup> যেমন আল্লাহ তা'আলা বলেন, ﴿الَّذِينَ أَنْ مَنَّهُمْ فِي الْأَرْضِ أَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ وَأَمَرُوا بِالْمَعْرُوفِ وَنَهَوْا عَنِ الْمُنْكَرِ وَبِهِ عَاقِبَةُ الْأُمُورِ﴾ “তারা এমন লোক যাদের আমি যদি পৃথিবীতে প্রতিষ্ঠিত করি তারা সালাত কায়ম করবে, যাকাত প্রদান করবে এবং সংস্কারের আদেশ ও অসংস্কারে নিষেধ করবে। সকল কাজের পরিণাম আল্লাহরই দিকে।” দ্র. সূরাহ আল-হজ্জ, ২২: ৪১।
- <sup>২১</sup> সূরাহ আন-নূর, ২৪: ৫৫।
- <sup>২২</sup> ‘Secularism is most commonly thought of as the separation of religion from civil affairs and the state and may be broadened to a similar position seeking to remove or to minimize the role of religion in any public sphere.’ দ্র: <https://en.wikipedia.org/wiki/Secularism>, Dated: 27.09.24
- <sup>২৩</sup> المعاملات:

هي كل ما يتعلق بالمعاملات المالية والاجتماعية بين الناس وفق الشريعة الإسلامية، بما في ذلك البيع والشراء والاقتراض والشراكة والعقود وكل ما ينظم العلاقات بين الأفراد في المجتمع.

- অংশীদারি, চুক্তি এবং সমাজে ব্যক্তিদের মধ্যে সম্পর্ক নিয়ন্ত্রণ করে।” দ্র. ইবনু কুদামা, মুহাম্মদ ইবন আবদুল্লাহ, আল-মুগনি ফি আল-ফিকহ, মে খন্ড (বেকত: দারুল কুতুব আল-ইলমিয়াহ, ২০০৩ খ্রি.), পৃ. ১৮০।
- <sup>২৪</sup> ড. ইউসুফ আর কারজাভী রহ. *সেকুলার ও ইসলামপন্থীদের বয়ানে ইসলাম ও রাজনীতি* (ঢাকা: গার্ডিয়ান পাবলিকেশন্স, সেপ্টেম্বর ২০২৩ খ্রি.), পৃ. ৭০-৭১।
- <sup>২৫</sup> ‘He claimed that his experience and reading of history showed him that politics has always involved deception, treachery, and crime. He also notably said that a ruler who is establishing a kingdom or a republic, and is criticized for his deeds, including violence, should be excused when the intention and the result are beneficial to him. [https://en.wikipedia.org/wiki/Niccolo\\_Machiavelli](https://en.wikipedia.org/wiki/Niccolo_Machiavelli), Dated: 27.09.2024
- <sup>২৬</sup> ইসলাম ও রাজনীতি, প্রাগুক্ত, পৃ. ১০১।
- <sup>২৭</sup> সূরাহ আল-ইউসুফ, ১২: ৪০।
- <sup>২৮</sup> আবদুল মুনইম মুত্তফা হালিমা, ইসলাম ও রাজনৈতিক রাষ্ট্রব্যবস্থা, অনুবাদ: আম্মারুল হক (ইউএস, সেপ্টেম্বর ২০২১ খ্রি.), পৃ. ৩৯।
- <sup>২৯</sup> সূরাহ আল আন’আম, ৬: ১১৬।
- <sup>৩০</sup> এহসানুল হক জসীম, *বাংলাদেশে ইসলামী রাজনীতির ব্যবচ্ছেদ* (ঢাকা: গার্ডিয়ান পাবলিকেশন্স, অক্টোবর, ২০২০ খ্রি.), পৃ. ৪৬।
- <sup>৩১</sup> সূরাহ আশ-শূরা, ৪২: ৩৮।
- <sup>৩২</sup> যেমন আল্লাহ তা’আলা বলেন, *الْكَافِرُونَ* اللَّهُ فَأُولَئِكَ هُمُ الْكَافِرُونَ “আল্লাহ যা অবতীর্ণ করেছেন যারা তা অনুযায়ী ফায়সালা করে না, তারাই সীমালঙ্ঘনকারী” দ্র: সূরাহ আল-মায়দা, ৫: ৪৪ *الْكَافِرُونَ* اللَّهُ فَأُولَئِكَ هُمُ الْكَافِرُونَ “আল্লাহ যা অবতীর্ণ করেছেন যারা তা অনুযায়ী ফায়সালা করে না, তারাই ফাসেক” দ্র: সূরাহ আল-মায়দা, ৫: ৪৫, দ্র: সূরাহ আল-মায়দাহ, ৫: ৪৭।
- <sup>৩৩</sup> সূরাহ আল-মায়দাহ, ৫: ৪৯।
- <sup>৩৪</sup> সূরাহ আল-জাসিয়া, ৪৫: ১৮।
- <sup>৩৫</sup> *সেকুলার ও ইসলামপন্থীদের বয়ানে ইসলাম ও রাজনীতি*, প্রাগুক্ত, পৃ. ১৬৭।
- <sup>৩৬</sup> সূরাহ আন-নিসা, ৪: ৫৮-৫৯।
- <sup>৩৭</sup> Lord Thomas Babington Macaulay (1800–1859) was a British historian, politician, literary figure, and colonial policymaker who exerted a profound influence on the education system in British India. In 1835, he authored his famous report, *Minute on Indian Education*, which played a pivotal role in shaping colonial educational policy. In this report, Macaulay argued for the creation of a class of Indians who would be “Indian in blood and color, but English in taste, in opinions, in morals, and in intellect.” দ্র. Thomas Babington Macaulay, *Minute on Indian Education* (London: Her Majesty’s Stationery Office, 1835), 3–7.
- <sup>৩৮</sup> আবদুল রাশিদ মতিন, *রাষ্ট্রবিজ্ঞান ইসলামী প্রেক্ষিত* (ঢাকা: ইনস্টিটিউট অব ইসলামীক থাট, ২০০৯ খ্রি.), পৃ. ২১।
- <sup>৩৯</sup> *রাষ্ট্রবিজ্ঞান ইসলামী প্রেক্ষিত*, প্রাগুক্ত, পৃ. ২২।
- <sup>৪০</sup> শাহ আব্দুল হান্নান, *নির্বাচিত প্রবন্ধ সংকলন* (ঢাকা: বুক মাস্টার পাবলিকেশন্স, সেপ্টেম্বর ২০১৩ খ্রি.), পৃ. ১১৬।
- <sup>৪১</sup> প্রফেসর ড. ইউসুফ আল কারযাভী, *আধুনিক যুগ ইসলাম কৌশল ও কর্মসূচি* (ঢাকা: বুকমাস্টার প্রকাশনস, ২০১৩ খ্রি.), পৃ. ২৩।
- <sup>৪২</sup> ইবনু কাসির বলেন, ‘মুতাশাবিহ আয়াত হলো সেসব আয়াত, যেগুলোর অর্থ শুধুমাত্র আল্লাহই ভালো জানেন। মানুষ সেগুলোর গভীর ব্যাখ্যা অনুধাবন করতে অক্ষম।’ দ্র. ইসমাদিল ইবন উমার ইবন কাছীর আল কুশায়রী আদ-দিমাস্কী, তাফসিরুল কুরআনিল ‘আযিম (মিশর: দারুল ইহইয়াইল কুতুবিল ‘আরাবিয়্যাহ), ২য় খন্ড, পৃ. ৬। আল্লাহ তা’আলা বলেন, *وَأَخْرَجْنَا مِنْهُ آيَاتٍ مُّخْتَلِفَاتٍ أُلُفٍّ أَمْ الْكِتَابِ وَآخِرُ* ﴿هُوَ الَّذِي أَنْزَلَ عَلَيْكَ الْكِتَابَ مِنْهُ آيَاتٌ مُّخْتَلِفَاتٍ أُلُفٍّ أَمْ الْكِتَابِ وَآخِرُ﴾ “তিনি তোমার প্রতি কিতাব নাখিল করেছেন। এতে কিছু আয়াত মুহকাম সেগুলো কিতাবের মূল, আর অন্যগুলো মুতাশাবিহ।” দ্র. সূরাহ আল-ইমরান: ৩: ৭।
- <sup>৪৩</sup> আরবি ‘মুহকাম’ (مُحْكَمٌ) শব্দের আভিধানিক অর্থ হল, সুদৃঢ়, মজবুত, শক্ত, স্পষ্ট, সুস্পষ্ট, দ্ব্যর্থহীন, সঠিক, যথাযথ, সুসংহত। ইমাম ইবনু আল-জাওযী রহ. তাঁর গ্রন্থ ‘যাদ আল-মাসীর’ এ বলেন, ‘মুহকাম হলো এমন আয়াত যার অর্থ খুবই স্পষ্ট, যাতে দ্বিতীয় কোনো অর্থের সম্ভাবনা থাকে না। এই আয়াতগুলোতে সাধারণত ফারায়েরের বিধান, আকায়ের, ইবাদত, আদেশ-নিষেধ এবং হালাল-হারামের বর্ণনা এসেছে। দ্র. ‘আবদুর রহমান ইবনুল জাওযী, যাদুল মাসীর ফী ‘ইলমিত তাফসীর (বেরুত: দারুল কুতুবিল ‘আরাবী, ১ম সংস্করণ, ২০০১ খ্রি.), পৃ. ২৫৮., ﴿هُوَ مَا كَانَ لَفْظُهُ وَاضِحَ الدَّلَالَةِ، لَا اشْتِبَاهَ فِيهِ، وَلَا يَحْتَمِلُ إِلَّا مَعْنَى وَاحِدًا. وَيُعْتَمَدُ عَلَيْهِ فِي بَيَانِ أَحْكَامِ الشَّرْعِ﴾. দ্র. তাফসিরুল কুরআনিল ‘আযিম, প্রাগুক্ত, খন্ড ২, পৃ. ৫।
- <sup>৪৪</sup> ﴿هُوَ الَّذِي يَتَّبِعُ قَوْلَ غَيْرِهِ مِنَ الْعُلَمَاءِ مَنْ غَيْرُ أَنْ يَعْرِفَ دَلِيلَهُ، وَلَا يَقُومُ بِالْإِجْتِهَادِ بِنَفْسِهِ فِي اسْتِنْبَاطِ الْحُكْمِ الشَّرْعِيِّ مِنَ الدَّلِيلِ التَّفَصِيلِيِّ﴾ “মুকাব্বিদ সেই ব্যক্তি, যিনি অন্য আলোম বা ইমামের বক্তব্য ও মতামত অনুসরণ করেন, অথচ নিজে তার দলিল সম্পর্কে পূর্ণ জ্ঞান রাখেন না এবং শরি’আহর বিধান নির্ধারণে নিজে ইজতিহাদ করেন না।” দ্র. আশ-শাতিবি, ইবনু ইসহাক, আল-মুওয়াফাকাত ফি উসূলিশ শরি’আহ, ৫ম খন্ড (কাযরো: দারুল মারিফ, ১৯৯৭), পৃ. ১০১।
- <sup>৪৫</sup> শায়খ আব্দুল হাই ফারুকী, *উম্মাহর বিভেদ ও ঐক্য* (দুবাই: কোরআন মজলিশ, ডিসেম্বর ২০০০ খ্রি.), পৃ. ৩।
- <sup>৪৬</sup> মুসলিম উম্মাহর চিন্তানৈতিক বিরোধ নিরসনে বদিউজ্জামান সাদ্দিন নূরসীর দৃষ্টিভঙ্গি: একটি পর্যালোচনা, প্রাগুক্ত, পৃ. ৭।
- <sup>৪৭</sup> Rashid al-Ghannouchi, *Public Freedoms in the Islamic State*, trans. Khalid Masud (New Haven: Yale University Press, 1993), 122–136.
- <sup>৪৮</sup> *বাংলাদেশে ইসলামী রাজনীতির ব্যবচ্ছেদ*, প্রাগুক্ত, পৃ. ৩০-৩১।
- <sup>৪৯</sup> ‘নারীবাদ এক ধরনের রাজনৈতিক, আদর্শগত ও সামাজিক আন্দোলন যার সাধারণ লক্ষ্য হলো: নারীর জন্য সব রাজনৈতিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক, ব্যক্তিগত এবং সামাজিক অধিকার সমূহ প্রতিষ্ঠা করা। এটি নারীর জন্য সমান শিক্ষা ও চাকরির সুযোগ পাওয়ার বিষয়কে অন্তর্ভুক্ত করে।’ দ্র. ড. আবদুল লতিফ মাসুম, *একবিংশ শতাব্দীর রাষ্ট্রচিন্তা* (ঢাকা: মেরিট ফেয়ার প্রকাশন, ২০১৭ খ্রি.), পৃ. ৯৩।
- <sup>৫০</sup> নারী অধিকার: পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম ধর্ম ইসলাম কী নারীবাদ বিরোধী? বিবিসি বাংলা, ৮ মার্চ ২২ খ্রি.।
- <sup>৫১</sup> আবদুল হালীম আবু শুক্কাহ, *রাসুলের যুগে নারী স্বাধীনতা*, ১ম খণ্ড (ঢাকা: ইনস্টিটিউট অব ইসলামীক থাট, দ্বিতীয় সংস্করণ ২০১১ খ্রি.), পৃ. ৪।
- <sup>৫২</sup> Radicalization is the process by which an individual or a group comes to adopt increasingly radical views in opposition to a political, social, or religious status quo. <https://en.wikipedia.org/wiki/Radicalization>, Dated 27.03.25
- <sup>৫৩</sup> অরুণ কুন্দনানি, *ইসলামোফোবিয়া ইন দ্য ওয়েস্টার্ন ওয়ার্ল্ড* (ঢাকা: ফাউন্টেন পাবলিকেশন্স, অক্টোবর ২০২২ খ্রি.) পৃ. ৩৫।
- <sup>৫৪</sup> *ইসলামোফোবিয়া ইন দ্য ওয়েস্টার্ন ওয়ার্ল্ড*, প্রাগুক্ত, পৃ. ১২৪।

- <sup>৫৫</sup> রাষ্ট্রবিজ্ঞান, প্রাণ্ডক্ত, পৃ. ১৬৩।
- <sup>৫৬</sup> ইসলাম ও রাজনীতি, প্রাণ্ডক্ত, পৃ. ৯০।
- <sup>৫৭</sup> সূরাহ আল-আনফাল, চ:২৫।
- <sup>৫৮</sup> ইমাম ইবনে তাইমিয়া রহ., শরীয়তী রাষ্ট্রব্যবস্থা (ঢাকা: আহসান, পাবলিকেশন্স, জানুয়ারী ২০০৮ খ্রি.), পৃ. ৪৭।
- <sup>৫৯</sup> ড. মাইমুল আহসান খান, রাষ্ট্রনীতি-রাজনীতি আইন ও মানবাধিকার (ঢাকা: সেলফ প্রকাশনী, ফেব্রুয়ারি ১৯৯৭ খ্রি.), পৃ. ১৪।
- <sup>৬০</sup> هو الاشتباك المسلح بين طرفين أو أكثر في سبيل الله، وفق الشريعة الإسلامية، ويشمل الدفاع عن الدين، النفس، العرض، والممتلكات، مع مراعاة الضوابط الشرعية
- “কিতাল হলো শরি‘আহ অনুযায়ী আল্লাহর পথে সশস্ত্র সংঘর্ষ বা যুদ্ধ, যা ধর্ম, জীবন, সম্মান এবং সম্পদের প্রতিরক্ষার উদ্দেশ্যে পরিচালিত হয়, এবং এতে শরি‘আহর বিধি ও সীমাবদ্ধতা অনুসরণ করা হয়।” দ্র. তাফসিরুল কুরআনিল আযিম, প্রাণ্ডক্ত, ৫ম খণ্ড, পৃ. ২২০।
- <sup>৬১</sup> “هو أخذ حق المظلوم بنفسه ما أخذ منه، في القتل أو الجرح، وفقاً للشريعة الإسلامية، بحيث يحقق العدالة ويكون رادعاً للجرمة
- অনুযায়ী নির্যাতিত বা ক্ষতিগ্রস্ত ব্যক্তির অধিকার পুনঃস্থাপন করা, যেমন হত্যার ক্ষেত্রে হত্যার সমান শাস্তি বা আঘাতের ক্ষেত্রে সমান প্রতিকার, যাতে ন্যায় প্রতিষ্ঠা হয় এবং অপরাধের পুনরাবৃত্তি রোধ করা যায়।” দ্র. আল-মুগনি ফি আল-ফিকহ, ৫ম খণ্ড, প্রাণ্ডক্ত, পৃ. ২৭৫।
- <sup>৬২</sup> সূরাহ আন-নাহল, ১৬:৮৯।
- <sup>৬৩</sup> «أَفْتُمُونَنِي بِبَعْضِ الْكِتَابِ وَتَكْفُرُونَ بِبَعْضٍ: فَمَا جَزَاءُ مَنْ يَفْعَلُ ذَلِكَ مِنْكُمْ إِلَّا خِزْيٌ فِي الْحَيَاةِ الدُّنْيَا. وَيَوْمَ الْقِيَامَةِ يُرَدُّونَ إِلَى أَشَدِّ الْعَذَابِ. وَمَا اللَّهُ بِغَافِلٍ عَمَّ تَصْنَعُونَ»
- “তাহলে কি তোমরা কিতাবের কিছু অংশকে বিশ্বাস কর এবং কিছু অংশকে প্রত্যাখ্যান কর? অতএব তোমাদের যারা এমন করে তাদের পার্থিব জগতে লাঞ্ছনা ও অবমাননা ছাড়া আর কী প্রতিদান হতে পারে? এবং কিয়ামাতের দিন তারা কঠিন শাস্তির মধ্যে নিষ্কণ্ট হবে, আর তারা যা করে সে সম্পর্কে আল্লাহ গাফেল নন” দ্র: সূরাহ আল-বাকারাহ, ২: ৮৫।
- <sup>৬৪</sup> যেমন আল্লাহ তা‘আলা বলেন, «يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا ادْخُلُوا فِي السِّلْمِ كَافَّةً. وَلَا تَتَّبِعُوا خُطُوَاتِ الشَّيْطَانِ. إِنَّهُ لَكُمْ عَدُوٌّ مُبِينٌ»
- পূর্ণরূপে প্রবেশ কর এবং শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না। নিশ্চয় সে তোমাদের জন্য স্পষ্ট শত্রু।” দ্র: সূরাহ আল-বাকারাহ, ২: ২০৮।
- <sup>৬৫</sup> যেমন আল্লাহ তা‘আলা বলেন, «وَأَن أَوْحَى إِلَهُمْ وَأَخَذَهُمْ أَن يُفْتِنُواكَ عَنْ بَعْضِ مَا أَنزَلَ اللَّهُ إِلَيْكَ»
- আর তুমি তাদের মধ্যে বিচার ফয়সালা কর আল্লাহ যা নাযিল করেছেন তদানুযায়ী, তাদের খেয়াল খুশির অনুসরণ করবে না। আর তাদের থেকে সতর্ক থাক তারা যেন আল্লাহ তোমার প্রতি যা নাযিল করেছেন তার কোন কিছু থেকে তোমাকে ফেতনায় না ফেলতে পারে।” দ্র: সূরাহ আল-মায়দাহ, ৫: ৪৯।
- <sup>৬৬</sup> সূরাহ আল-আন‘আম, ৬: ১১৪।
- <sup>৬৭</sup> যেমন আল্লাহ তা‘আলা বলেন, «أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ. وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِّقَوْمٍ يُوقِنُونَ»
- ‘আমি কি আল্লাহ ছাড়া অন্য কাউকে বিচারক হিসেবে তালাশ করব? অথচ তিনিই তোমাদের নিকট বিস্তারিত কিতাব নাযিল করেছেন।” দ্র: সূরাহ আল মায়দাহ, ৬: ১১৪।
- <sup>৬৮</sup> Harold J. Laski, *A Grammar of Politics* (London: George Allen & Unwin, 1938), 27–30. George Sabine, *A History of Political Theory* (New York: Holt, Rinehart and Winston, 1961), 12–15.
- <sup>৬৯</sup> ড. মো: মকসুদুর রহমান, রাষ্ট্রীয় সংগঠনের রূপরেখা (রাজশাহী: বুকস প্যাভিলিয়ন, ১৯৯১ খ্রি.), পৃ. ৩১৫।
- <sup>৭০</sup> Thucydides, *History of the Peloponnesian War*, trans. Rex Warner (London: Penguin Classics, 1972), Book II, p.114.
- <sup>৭১</sup> প্রাণ্ডক্ত।
- <sup>৭২</sup> আব্দুল মান্নান তালিব, ইসলামী জীবন ও চিন্তার পুণর্গঠন (ঢাকা: আধুনিক প্রকাশনী, ১৯৯৪ খ্রি.), পৃ. ১৬৯।
- <sup>৭৩</sup> রাষ্ট্রীয় সংগঠনের রূপরেখা, প্রাণ্ডক্ত, পৃ. ১২১।
- <sup>৭৪</sup> Richard Neustadt, *Presidential Power and the Modern Presidents* (New York: Free Press, 1990), 3–15.
- <sup>৭৫</sup> Arend Lijphart, *Patterns of Democracy: Government Forms and Performance in Thirty-Six Countries* (New Haven: Yale University Press, 1999), 103–120.
- <sup>৭৬</sup> নির্বাচিত প্রবন্ধ সংকলন, প্রাণ্ডক্ত, পৃ. ২২।
- <sup>৭৭</sup> H. L. A. Hart, *The Concept of Law* (Oxford: Clarendon Press, 1994), 217–222.
- <sup>৭৮</sup> প্রাণ্ডক্ত, পৃ. ২৩।
- <sup>৭৯</sup> নির্বাচিত প্রবন্ধ সংকলন, প্রাণ্ডক্ত, পৃ. ২৩।
- <sup>৮০</sup> ইউসুফ আল-কারযাভি, ইসলামী রাষ্ট্রব্যবস্থা তত্ত্ব ও প্রয়োগ (ঢাকা: বাংলাদেশ ইনস্টিটিউট অব ইসলামী থ্যাট, ২০১৫ খ্রি.), পৃ. ১৭২।
- <sup>৮১</sup> ইসলামী রাষ্ট্রব্যবস্থা তত্ত্ব ও প্রয়োগ, প্রাণ্ডক্ত, পৃ. ১৯৭।
- <sup>৮২</sup> ড. মোহাম্মদ বেলাল হোসেন, তাইসীকৃত তাফসির (ঢাকা: বাংলাদেশ ইনস্টিটিউট অব ইসলামীক থ্যাট, ডিসেম্বর ২০২১ খ্রি.), পৃ. ১৬।
- <sup>৮৩</sup> সূরাহ আন-নিসা, ৪: ৫৮।
- <sup>৮৪</sup> “يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا فَإِنَّهُمْ قَالُوا كَيْفَ إِضَاعَتُهَا يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ إِذَا أَسْبَدَ الْأَمْرُ إِلَى غَيْرِ أَهْلِهِ فَانْتَظِرِ السَّاعَةَ”
- যখন আমানত নষ্ট হয়ে যাবে, তখন কিয়ামতের অপেক্ষা করো।” লোকেরা জিজ্ঞেস করল, “হে আল্লাহর রাসূল! আমানত নষ্ট হওয়া বলতে কী বোঝানো হয়েছে?” তিনি বললেন, “যখন দায়িত্ব অযোগ্য ব্যক্তির হাতে ন্যস্ত করা হবে, তখন কিয়ামতের অপেক্ষা করো।” দ্র. ইমাম মুহাম্মদ ইবনু ইসমাইল আল-বুখারি, সহীহ আল-বুখারি, কিতাবুল ইলম, হাদীস নং ৫৯ (বৈরুত: দার ইবনু কাসির, ৩য় সংস্করণ, ১৯৮৭), পৃ. ২৩।
- <sup>৮৫</sup> আল-কুরআন, সূরাহ আন-নিসা, ৪: ৫৯।
- <sup>৮৬</sup> Muhammad Hamidullah, *The First Written Constitution in the World* (Lahore: Ashraf Press, 1981), p. 15–40.
- <sup>৮৭</sup> Ira M. Lapidus, *A History of Islamic Societies* (Cambridge: Cambridge University Press, 1988), P.40–60.
- <sup>৮৮</sup> ইসলাম ও রাজনীতি, প্রাণ্ডক্ত, পৃ. ১৭৩।
- <sup>৮৯</sup> ড. খন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর, ফিকহুল আকবার (বিনাইদহ: আস-সুন্নাহ পাবলিকেশন্স, নভেম্বর ২০১৭ খ্রি.), ৩০৩, দ্র. مَنْ مَاتَ وَلَيْسَ عَلَيْهِ
- “যে ব্যক্তি এমন অবস্থায় মৃত্যুবরণ করে যে, তার উপর কোনো ইমাম (শাসক) নেই, সে জাহেলিয়াতের মৃত্যুরূপে মৃত্যুবরণ করল।” ইমাম আহমদ ইবনু হাম্বল, মুসান্নাদে আহমদ, ৪র্থ খণ্ড (বৈরুত: মুআসাসাতুর রিসালাহ, প্রথম সংস্করণ, ১৯৯৩), পৃষ্ঠা ৯।
- <sup>৯০</sup> ফিকহুল আকবার, প্রাণ্ডক্ত, সহীহ মুসলিম ৩/১৪৭৬-১৪৭৭, কিতাবুল ইমারহ, বাবুল আমরি বিলুমুল জামাআতি।
- <sup>৯১</sup> মুসলিম ইবনে আল-হাজ্জাজ, সহীহ মুসলিম, কিতাব-ইমারা, হাদীস ১৩৩৮ (বৈরুত: দার আল-কুতুব আল-ইলমিয়াহ, ১৯৮৭), পৃ. ৩১৯।
- <sup>৯২</sup> ইসলাম ও রাজনীতি, প্রাণ্ডক্ত, পৃ. ১৭৬।
- <sup>৯৩</sup> আল-বেদায়াহ ওয়ান নিহায়া, ২য় খণ্ড, পৃ. ১০।

- ৯৪ যেমন আল্লাহ তা'আলা বলেন, ﴿وَأَنزَلْنَا الْحَدِيثَ فِيهِ مَائِثٌ شَدِيدٌ وَمَنَافِعُ لِلنَّاسِ وَلِيَعْلَمَ اللَّهُ مَن يَنصُرُهُ وَرُسُلَهُ بِالْغَيْبِ. إِنَّ اللَّهَ قَوِيٌّ عَزِيزٌ﴾, 'নিশ্চয় আমি আমার রাসূলদেরকে স্পষ্ট প্রমাণাদিসহ পাঠিয়েছি এবং তাদের সাথে কিতাব ও (ন্যায়ের) মানদণ্ড নাযিল করেছি, যাতে মানুষ সুবিচার প্রতিষ্ঠা করে। আমি আরো নাযিল করেছি লোহা, তাতে প্রচণ্ড শক্তি ও মানুষের জন্য বহু কল্যাণ রয়েছে। আর যাতে আল্লাহ জেনে নিতে পারেন, কে না দেখেও তাঁকে ও তাঁর রাসূলদেরকে সাহায্য করে। অবশ্যই আল্লাহ মহাশক্তিধর, মহাপরাক্রমশালী।' দ্র: সূরাহ আল হাদিদ, ৫৭:২৫।
- ৯৫ ইসলাম ও রাজনীতি, প্রাণ্ডক্ত, পৃ. ১৭৭।
- ৯৬ United Nations, *Universal Declaration of Human Rights*, 1948; United Nations, *International Covenant on Civil and Political Rights*, 1966.
- ৯৭ জিয়াউল হক, *ইসলামী শাসনব্যবস্থা, মৌলিক দর্শন ও শর্তাবলি* (ঢাকা: মদীনা পাবলিকেশন্স, জানুয়ারী ২০০৭ খ্রি.), পৃ. ২১০।
- ৯৮ সূরাহ আল-ইউনুস, ১০: ৯৯।
- ৯৯ সূরাহ আল বাকারাহ, ২: ২৫৬।
- ১০০ ড. ইউসুফ আল কারজাভি রহ., *যুগোপযোগী দাওয়াহ* (ঢাকা: গার্ডিয়ান পাবলিকেশন্স, সেপ্টেম্বর ২০২৩ খ্রি.), পৃ. ২৯২।
- ১০১ 'যিম্মীরা হল ইসলামী রাষ্ট্রের স্থায়ী অমুসলিম নাগরিক। মুসলিমদের মতো তারাও রাষ্ট্রের সকল নাগরিক অধিকার ও সুযোগ সুবিধা ভোগ করে থাকে। ইসলামী রাষ্ট্র তাদের জান-মাল 'ইযযাত-আক্ৰ ঠিক মুসলিম নাগরিকদের জান-মাল 'ইযযাত আক্ৰের মতোই মূল্যবান ও পবিত্র বিবেচিত হয়। আরবি ভাষায় 'যিম্মাহ' শব্দটির দায়িত্বভার, সুরক্ষা, নিরাপত্তা ও অধিকার প্রভৃতি অর্থে ব্যবহৃত হয়। ইসলামের পার্শ্ববর্তী আইন-কানুন মেনে এবং জিজিয়া আদায় করার শর্তে ইসলামী রাষ্ট্র অমুসলিম নাগরিকদের জান-মাল 'ইযযাত আক্ৰের নিরাপত্তার দায়িত্বভার গ্রহণ করে থাকে বলে তাদেরকে আহলুয যিম্মাহ বলা হয়।' দ্র: ড. আহমদ আলী, *ইসলামী রাষ্ট্রে নাগরিকদের অধিকার ও মর্যাদা*, গবেষণা সংকলন-১০ (ঢাকা: গবেষণা বিভাগ, বাংলাদেশ ইসলামীক সেন্টার, ফেব্রুয়ারী ২০১০ খ্রি.), পৃ. ১২।
- ১০২ ইসলামী রাষ্ট্রে অমুসলিম নাগরিকদের অধিকার ও মর্যাদা, প্রাণ্ডক্ত, পৃ. ১৩।
- ১০৩ ইসলাম ও রাজনীতি, প্রাণ্ডক্ত, পৃ. ২২৫।
- ১০৪ যেমন আল্লাহ তা'আলা বলেন, الْحَقُّ مِنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ حَتَّى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَدٍ وَهُمْ صَاغِرُونَ قَاتِلُوا الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَلَا بِالْيَوْمِ الْآخِرِ وَلَا يُحَرِّمُونَ مَا حَرَّمَ اللَّهُ وَرَسُولُهُ وَلَا يَدِينُونَ دِينَ
- “তোমরা লড়াই কর আহলে কিতাবের সে সব লোকের সাথে যারা আল্লাহ ও শেষ দিবসের ঈমান রাখে না এবং আল্লাহ ও তাঁর রাসূল যা হারাম করেছে তা হারাম মনে করেনা, আর সত্য দ্বীন গ্রহণ করে না, যতক্ষণ না তারা অধীনতা স্বীকার করে প্রজারূপে জিজিয়া স্বীকার করে।” দ্র. সূরাহ আত-তাওবাহ, ৯: ২৯।
- ১০৫ ইসলামী শাসনব্যবস্থা, প্রাণ্ডক্ত, পৃ. ২১১।
- ১০৬ শেখ মুহাম্মদ শোয়েব নাজির, *ইসলামী রাষ্ট্রে অমুসলিম নাগরিক*, সেমিনার স্মারক গ্রন্থ ২০০৮, বি.আ.সি, ঢাকা, পৃ. ২০১।
- ১০৭ যেমন আল্লাহ তা'আলা বলেন, ﴿وَاعْتَصِمُوا بِحَبْلِ اللَّهِ جَمِيعًا وَلَا تَفَرَّقُوا﴾ তোমরা একত্রে আল্লাহর রুজ্বকে দৃঢ়ভাবে আঁকড়ে ধরো এবং পরস্পর বিভক্ত হয়ো না”, দ্র. সূরাহ আল- ইমরান, ৩: ১০৩।
- ১০৮ ইসলামী রাষ্ট্রব্যবস্থা তত্ত্ব ও প্রয়োগ, প্রাণ্ডক্ত, পৃ. xii
- ১০৯ যেমন আল্লাহ তা'আলা বলেন, ﴿الَّذِينَ إِن مَّكَّنَّاهُمْ فِي الْأَرْضِ أَقَامُوا الصَّلَاةَ وَآتَوُا الزَّكَاةَ وَأَمَرُوا بِالْمَعْرُوفِ وَنَهَوْا عَنِ الْمُنْكَرِ. وَلِلَّهِ عَاقِبَةُ الْأُمُورِ﴾ ‘তারা এমন যাদেরকে আমি যমীনে ক্ষমতা দান করলে তারা সালাত কয়েম করবে, যাকাত দেবে এবং সংকাজের আদেশ দেবে ও অসংকাজ থেকে নিষেধ করবে; আর সব কাজের পরিণাম আল্লাহরই অধিকারে’। দ্র: সূরাহ আল- হজ্জ, ২২: ৪১।
- ১১০ ইমাম ইবন তাইমিয়াহ রাহিমাহুল্লাহ, *মুসলিম উম্মাহর ঐক্য* (ঢাকা: সিরাত পাবলিকেশন্স, জানুয়ারি ২০২২ খ্রি.), পৃ. ৬।
- ১১১ هو الطريق أو المنهج الذي يسلكه الإنسان في فكره أو سلوكه أو معتقده أو طريقته في فهم الدين والعمل به. ‘মাসলাক হলো সেই পথ, পদ্ধতি বা দৃষ্টিভঙ্গি, যা একজন মানুষ তার চিন্তাধারা, আচরণ, বিশ্বাস বা ধর্মের ব্যাখ্যা ও অনুশীলনে অনুসরণ করে।” দ্র. ইবনু মানযুর, লিসানুল আরব, খণ্ড ১০ (বৈরুত: দারুল সাদির, ১৯৯৩), পৃ. ২৩৮।
- ১১২ ড. মুহাম্মদ শহীদুল ইসলাম, *মুসলিম উম্মাহর চিন্তানৈতিক বিরোধ নিরসনে বদিউজ্জামান সাঈদ নূরসীর দৃষ্টিভঙ্গি: একটি পর্যালোচনা*, ইসলামী আইন ও বিচার, ভলিউম-১৮, ইস্যু-৬৯-৭০, জানুয়ারী ২০২২ খ্রি., পৃ. ০২।
- ১১৩ মুসলিম উম্মাহর ঐক্য, প্রাণ্ডক্ত, পৃ. ১৬।
- ১১৪ সূরাহ আল-আনফাল, ৮: ৪৬।
- ১১৫ Said Nursi (1877–1960) was a prominent Kurdish Sunni Muslim theologian and scholar from Turkey, best known for his *Risale-i Nur* collection — a comprehensive commentary on the Qur'an written to strengthen faith in the modern age. দ্র. Mardin, Serif. *Religion and Social Change in Modern Turkey: The Case of Bediüzzaman Said Nursi*. Albany: State University of New York Press, 1989, pp. 102–104.
- ১১৬ মুসলিম উম্মাহর চিন্তানৈতিক বিরোধ নিরসনে বদিউজ্জামান সাঈদ নূরসীর দৃষ্টিভঙ্গি: একটি পর্যালোচনা, প্রাণ্ডক্ত, পৃ. ১৬।
- ১১৭ সূরাহ আল-মায়িদা, ৫: ২।
- ১১৮ সূরাহ আস-সফ, ৬১: ৪।
- ১১৯ Thomas H. Marshall, *Citizenship and Social Class* (Cambridge: Cambridge University Press, 1950), 28–35.
- ১২০ সূরাহ বনি ইসরাইল, ১৭: ৭০।
- ১২১ শাইখ মুহাম্মদ উসমান গনী, ইসলামে মানবাধিকারের শিক্ষা ও দর্শন, দৈনিক প্রথম, ১৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.
- ১২২ যেমন আল্লাহ তা'আলা বলেন, ﴿وَلَهُنَّ مِثْلُ الَّذِي عَلَيْنَّ بِالْمَعْرُوفِ وَلِلرِّجَالِ عَظِيمٌ ذَرْجَةٌ. وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ﴾ আর নারীদের রয়েছে বিধি মোতাবেক অধিকার। যেমন আছে তাদের উপর (পুরুষদের) অধিকার। আর পুরুষদের রয়েছে তাদের উপর মর্যাদা এবং আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।’ দ্র: সূরাহ আল-বাকারাহ, ২: ২২৮।
- ১২৩ সূরাহ আল-মুমতাহিনাহ, ৬০: ০৮।
- ১২৪ Thomas Paine (February 9, 1737 -June 8, 1809) was an English-born American Founding Father, French Revolutionary, inventor, and political philosopher. His ideas reflected Enlightenment-era ideals of human rights.



## বাংলাদেশে ধর্মীয় সহিষ্ণুতা বৃদ্ধিতে আন্তঃধর্মীয় সংলাপের ভূমিকা [The Role of Interreligious Dialogue in Promoting Religious Tolerance in Bangladesh]

Habibur Rahman

PhD Fellow, Institute of Bangladesh Studies (IBS), University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

### ARTICLE INFORMATION

*The Faculty Journal of Arts*  
Rajshahi University  
Volume 39, June 2025  
ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A12>

Received : 26 February 2025

Received in revised: 19 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

Keywords:

Religious Tolerance, Interreligious Dialogue,  
Dialogue Organization, Religious Harmony,  
Tolerance Day.

### ABSTRACT

In Bangladesh's diverse and culturally rich society, interreligious dialogue is vital for fostering religious tolerance and mutual understanding. Tolerance involves respecting differing beliefs and showing patience toward others' faiths. Islam, along with other major religions in Bangladesh, emphasizes the importance of religious tolerance. This study explores the role and effectiveness of interreligious dialogue in promoting religious tolerance. Based on primary and secondary data, including in-depth interviews with 12 religious experts, the findings highlight key contributors such as interreligious seminars, the positive influence of religious leaders and the media, and the observance of International Tolerance Day in strengthening religious tolerance in Bangladesh.

### ১. ভূমিকা

ধর্মীয় বৈচিত্র্যময় এই পৃথিবীতে বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে ভাবের আদান-প্রদান, পারস্পরিক সৌহার্দ্য, সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করতে বিভিন্ন ধর্মাবলম্বীদের মধ্যে সহিষ্ণুতার চর্চা অপরিহার্য। সমাজে বিভিন্ন ধর্ম, ভাষা, সংস্কৃতি ও জাতিসত্তার উপস্থিতি সংঘাতের পথকে প্রশস্ত করে না; বরং ধর্মীয় সহিষ্ণুতা বোধ এই সামাজিক বাস্তবতাকে সঠিক পথে পরিচালনার মাধ্যমে সমাজের অন্তর্নিহিত সক্ষমতা বাড়াতে সহায়তা করে। ধর্মীয় সহিষ্ণুতা বোধ একে অপরের ধর্মীয় বিশ্বাস, প্রথা ও মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল থাকতে উৎসাহ দেয়।<sup>১</sup> পাশাপাশি এই চেতনা গড়ে উঠে যে, প্রতিটি ব্যক্তি বা সম্প্রদায় তার নিজস্ব ধর্মীয় বিশ্বাস, কৃষ্টি-কালচার, আচার-অনুষ্ঠান ইত্যাদি পরিপালনের ক্ষেত্রে স্বাধীন এবং তাদের ধর্মীয় কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কোনো ধরনের প্রতিবন্ধকতা আরোপ করা যাবে না। বাংলাদেশের সংবিধান প্রত্যেক নাগরিকের ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত করতে সকল প্রকার সাম্প্রদায়িকতার বিলোপ সাধন করেছে, এবং কোনো বিশেষ ধর্ম পালনকারী ব্যক্তির প্রতি বৈষম্য বা তার উপর নিপীড়ন নিষিদ্ধ করেছে।<sup>২</sup> সংবিধানে নির্দেশিত ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত করতে সহিষ্ণুতার প্রয়োজনীয়তা অনস্বীকার্য। প্রতিটি ধর্মই সহিষ্ণুতা, সহমর্মিতা ও মানবিকতার শিক্ষা দেয়, যা ধর্মীয় বিদ্বেষ, কুসংস্কার ও বিভেদ দূর করে এবং ন্যায্যবিচার ও মানবাধিকারের ভিত্তি গড়ে তোলে। এটি সমাজে শুধু পারস্পরিক শ্রদ্ধা ও ভালোবাসা সৃষ্টি করে না; বরং জাতীয় উন্নয়নেও সহায়ক ভূমিকা পালন করে। ধর্মীয় বৈচিত্র্যের বাংলাদেশে বিভিন্ন ধর্মাবলম্বীদের মধ্যে সহিষ্ণুতা নিশ্চিত করাই শান্তি, স্থিতিশীলতা এবং ঐক্যের মূল ভিত্তি। বাংলাদেশের বিভিন্ন ধর্মাবলম্বীদের মধ্যে সহিষ্ণুতা বোধ সৃষ্টিতে আন্তঃধর্মীয় সংলাপ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।<sup>৩</sup> আন্তঃধর্মীয় সংলাপের মাধ্যমে মানুষ অন্য ধর্মের বিশ্বাস, অনুশীলন ও মূল্যবোধ সম্পর্কে জানতে ও বুঝতে পারছে, যা পারস্পরিক ভুল ধারণা ও বৈরিতার অবসান ঘটাতে সহায়ক ভূমিকা পালন করেছে।<sup>৪</sup> বিশেষভাবে ধর্মকে কেন্দ্র করে যখন অসহিষ্ণুতার বিষবাস্প মাথাচাড়া দিয়ে উঠে, তখন কার্যকর সংলাপের উদ্যোগ সাম্প্রদায়িক উত্তেজনা প্রশমনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। আলোচ্য প্রবন্ধে বাংলাদেশের বিভিন্ন ধর্মাবলম্বীদের মধ্যে সহিষ্ণুতা বৃদ্ধিতে আন্তঃধর্মীয় সংলাপের ভূমিকা বিশ্লেষণ করা হয়েছে। গবেষণাকর্মটিতে গুণগত গবেষণা পদ্ধতি অনুসৃত হয়েছে। প্রাথমিক ও সহায়ক উৎস থেকে গবেষণার তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রাথমিক উৎস হিসেবে আন্তঃধর্মীয় সংলাপে অভিজ্ঞ ১২ জন বিশেষজ্ঞের সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে।

### ২. ধর্মীয় সহিষ্ণুতার পরিচয়

**আভিধানিক অর্থ:** আভিধানিক দৃষ্টিকোণ থেকে ‘সহিষ্ণুতা’ শব্দটি ‘সহিষ্ণু’ শব্দের বিশেষণ, যার অর্থ সহনশীলতা, ধৈর্য ইত্যাদি। ‘সহিষ্ণু’ শব্দের অর্থ হচ্ছে বরদাস্তকারী, ক্ষমাশীল ও ধৈর্যশীল।<sup>৫</sup> ইংরেজিতে সহিষ্ণুতার প্রতিশব্দ হিসেবে ‘Tolerance’ শব্দটি ব্যবহৃত হয়। এটি ল্যাটিন ‘tolerare’ থেকে উদ্ভূত, যার অর্থ ‘সহ্য করা’ বা ‘প্রতিকূল পরিস্থিতি মেনে নেয়া’। আধুনিক ব্যবহারে এটি সাধারণত ভিন্ন মতবাদ বা আচরণকে পক্ষপাতহীনভাবে সম্মান করার ধারণার সঙ্গে সম্পর্কিত, যদিও ব্যক্তিগতভাবে তার সঙ্গে সহমত নাও হতে পারে।<sup>৬</sup>

‘আরবীতে সহিষ্ণুতার প্রতিশব্দ হিসেবে ‘আত-তাসামুহ’ (التسامح) শব্দটি ব্যবহার করা হয়। শব্দটির ব্যবহারের ভিন্নতার ফলে এর অর্থের কিছু পার্থক্য দেখা যায়। যেমন- ‘তাসামুহ’ (تسامح) শব্দের অর্থ কোনো বিষয়ে সহনশীলতা বা শিথিলতা প্রদর্শন করা। এটি ব্যক্তির মনের উদারতা ও পরমতসহিষ্ণু মনোভাব প্রকাশ করে।<sup>১</sup> শব্দটিকে ক্রিয়া রূপ হিসেবে ‘তাসামাহ’ (تسامح) ব্যবহার করলে বোঝায় কোনো বিষয়ে সরাসরি সহনশীলতা প্রদর্শন এবং উদারতার চেতনায় নিজেকে সম্পৃক্ত করা। এটি ইচ্ছাকৃতভাবে মহানুভবতা ও সহমর্মিতার অভ্যাস গড়ে তোলার একটি দৃষ্টান্ত। অনুরূপভাবে, ‘আস-সামাহ’ (السامح) সাধারণভাবে সহনশীলতা এবং শিথিলতা অর্থে ব্যবহৃত হয়। এটি ব্যক্তিগত, সামাজিক এবং বাণিজ্যিক জীবনে প্রয়োগ হতে পারে।<sup>২</sup> শব্দগুলো ‘আরবী ভাষায় সহনশীলতা, উদারতা এবং মানবিক মূল্যবোধের গভীর তাৎপর্য বহন করে। এগুলো ব্যক্তিগত জীবন থেকে শুরু করে সামাজিক ও অর্থনৈতিক সম্পর্ক পর্যন্ত বিভিন্ন ক্ষেত্রে প্রাসঙ্গিক।

**পারিভাষিক সংজ্ঞা:** পারিভাষিক দৃষ্টিকোণ থেকে সহিষ্ণুতার কোন সর্বজনবিদিত একক সংজ্ঞা না থাকলেও বিভিন্ন অবস্থা ও দৃষ্টিভঙ্গি থেকে বিভিন্নভাবে শব্দটিকে সংজ্ঞায়িত করা হয়েছে। আর.টি উইটেনবার্গ (R. T. Witenberg) সহিষ্ণুতার পরিচয় দিতে গিয়ে বলেন,

“Tolerance is the conscious affirmation of favourable judgments and beliefs involving principles of justice, equality, care and consideration for the plight of others or, more concisely, according respect and equality to others who are different through racial characteristics, ethnicity, and nationality.”

‘সহিষ্ণুতা হলো ইতিবাচক বিচার এবং বিশ্বাসের এমন সচেতন স্বীকৃতি যার মধ্যে ন্যায়বিচার, সমতা, যত্নশীলতা এবং অন্যদের দুর্দশার সময় করণীয় সংক্রান্ত নীতি অন্তর্ভুক্ত, অথবা আরও সংক্ষেপে বলতে গেলে, এটি এমন মানুষের প্রতি শ্রদ্ধা এবং সমতা প্রদান করা বোঝায় যাদের মধ্যে বর্ণ, গোত্র এবং জাতীয়তার ভিন্নতা রয়েছে।’<sup>৩</sup>

জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা (ইউনেস্কো) ১৯৯৫ সালে ১৬ নভেম্বরকে আন্তর্জাতিক সহনশীলতা দিবস ঘোষণা করে সহিষ্ণুতার কিছু মূলনীতি ঘোষণা করেন এবং একটি সংজ্ঞা প্রদান করেন। তা নিম্নরূপ:

“Tolerance is respect, acceptance and appreciation of the rich diversity of our world's cultures, our forms of expression and ways of being human. It is fostered by knowledge, openness, communication, and freedom of thought, conscience and belief. Tolerance is harmony in difference. It is not only a moral duty, it is also a political and legal requirement. Tolerance, the virtue that makes peace possible, contributes to the replacement of the culture of war by a culture of peace.”<sup>৪</sup>

অর্থাৎ সহিষ্ণুতা হলো বিশ্বের সংস্কৃতির সমৃদ্ধ বৈচিত্র্য, মানুষের ভাব প্রকাশের ধরণ এবং মানবিকতার প্রতি শ্রদ্ধা, গ্রহণযোগ্যতা এবং উপলব্ধি। এটি জ্ঞান, উন্মুক্ততা, যোগাযোগ এবং চিন্তা, বিবেক এবং বিশ্বাসের স্বাধীনতা দ্বারা লালিত হয়। সহিষ্ণুতা হলো ভিন্নতার মধ্যে সামঞ্জস্য। এটি কেবল একটি নৈতিক কর্তব্য নয়; বরং একটি রাজনৈতিক ও আইনি প্রয়োজনীয়তাও বটে। সহিষ্ণুতা শান্তির জন্য অপরিহার্য এবং এটি যুদ্ধের সংস্কৃতির পরিবর্তে শান্তির সংস্কৃতি প্রতিষ্ঠায় অবদান রাখে।

ইসলামে ক্ষমা, উদারতা ও অন্যের প্রতি সদয় আচরণকে সহিষ্ণুতা হিসেবে আখ্যায়িত করা হয়। এর বিপরীত হলো অসহিষ্ণুতা, চরমপন্থা ও বাড়াবাড়ি।<sup>৫</sup> ইসলামে সহনশীলতা একটি মৌলিক নীতি হিসেবে স্বীকৃত, যা মুসলমানদের মধ্যে পারস্পরিক সম্পর্ক উন্নয়নে বিশেষ গুরুত্ব প্রদান করেছে। অন্যদিকে ধর্মীয় সহিষ্ণুতা হলো ভিন্ন ধর্ম, বিশ্বাস বা মতাদর্শের ব্যক্তি বা গোষ্ঠীর সঙ্গে শান্তিপূর্ণ সহাবস্থানের ক্ষমতা। এটি একটি সমাজে মানুষের সম্প্রীতি ও সৌহার্দ্যপূর্ণ সহাবস্থান নিশ্চিত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ধর্মীয় সহনশীলতা শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি করে, যা অর্থনৈতিক ও সাংস্কৃতিক অগ্রগতি, শিক্ষা, ঐক্য এবং জাতীয় সংহতি বৃদ্ধিতে সহায়তা করে। ধর্মীয় সহিষ্ণুতার পরিচয় দিতে গিয়ে ডি.টি আজাদী (D. T. Ajadi) এবং ও.টি ফ্যাগবেমী (O. T. Fagbemi) বলেন,

“Religious tolerance is the ability to accept and coexist peacefully with individuals or groups of different religions, beliefs or faiths. It is a crucial aspect in the harmonious coexistence of people in a society, and an essential tool for the development of a nation. Religious tolerance cultivates a peaceful environment that facilitates economic and cultural growth, education, unity and national cohesion.”<sup>৬</sup>

অর্থাৎ ধর্মীয় সহিষ্ণুতা হলো বিভিন্ন ধর্ম ও বিশ্বাসের ব্যক্তি বা গোষ্ঠীর মতামত প্রতি শ্রদ্ধা এবং তাদের সাথে শান্তিপূর্ণ সহাবস্থানের একটি ক্ষমতা। এটি সমাজের মানুষের সম্প্রীতিপূর্ণ সহাবস্থানের একটি গুরুত্বপূর্ণ দিক এবং একটি জাতির উন্নয়নের জন্য একটি অপরিহার্য হাতিয়ার। ধর্মীয় সহিষ্ণুতা এমন শান্তিপূর্ণ পরিবেশ গড়ে তোলে যা অর্থনৈতিক ও সাংস্কৃতিক বিকাশ, শিক্ষা, ঐক্য এবং জাতীয় সংহতিকে সহজতর করে।

উপর্যুক্ত সংজ্ঞাগুলো পর্যালোচনা করে বলা যায় যে, ধর্মীয় সহিষ্ণুতা হচ্ছে ধর্মীয়ভাবে, ধর্মীয় কারণে কিংবা ধর্মীয় কোনো বিষয়ে অন্যের প্রতি সহনশীল হওয়া বা সহনশীলতার পরিচয় দেয়া। এটি মানুষের এমন একটি ক্ষমতা, যার মাধ্যমে মানুষ অন্যের ধর্ম ও বিশ্বাসকে কোনো প্রকার পক্ষপাত ও বৈষম্য ছাড়াই সম্মান করতে পারে। এটি বিভিন্ন ধর্ম, বিশ্বাস ও সংস্কৃতির মানুষের শান্তিপূর্ণ সহাবস্থানের সামর্থ্যকে বোঝায় এবং একটি দেশের সার্বিক প্রবৃদ্ধির একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে বিবেচিত হয়।

### ৩. আন্তঃধর্মীয় সংলাপের পরিচয়

**আভিধানিক অর্থ:** বিভিন্ন ভাষা ও সাহিত্যে ‘সংলাপ’ পদবাচ্যটির ব্যবহার লক্ষণীয়। বাংলা ভাষায় এটি বিশেষ্য হিসেবে ব্যবহৃত হয়, যার অর্থ: আলোচনা, আলাপ, কথোপকথন, নাটকের চরিত্রসমূহের পরস্পরের সঙ্গে কথাবার্তা ইত্যাদি।<sup>১৩</sup> ইংরেজিতে সংলাপের প্রতিশব্দ ‘ডায়ালগ’ (Dialogue) ব্যবহৃত হয়। Dialogue শব্দটি গ্রীক Dia এবং Logos থেকে এসেছে। Dia অর্থ যা বলা হয়েছে এবং Logos অর্থ গোপনীয়তা বের করে আনা।<sup>১৪</sup> আরবীতে সংলাপের প্রতিশব্দ হচ্ছে ‘আল-হিওয়ার’ (الحوار), যার অর্থ কোনো কিছু থেকে প্রত্যাবর্তন করা, কোনো কিছু বৃদ্ধির পর তা আবার কমে আসা, পারস্পরিক আলোচনা করা। এই শব্দটি সাধারণত কথোপকথন ও আলোচনার জন্য ব্যবহৃত হয়। বিভিন্ন ধরনের আলোচনা এবং বাক্যালাপ যেমন ব্যক্তিগত আলোচনা, সামাজিক আলোচনা, রাজনৈতিক আলোচনা ইত্যাদি বোঝানোর ক্ষেত্রে শব্দটির প্রয়োগ করা হয়।<sup>১৫</sup> আরবী ভাষায় সংলাপের প্রতিশব্দ হিসেবে ‘আল-হিওয়ার’ এর পাশাপাশি আল-জিদাল (الجدال) শব্দটিও ব্যবহৃত হয়, যার অর্থ বিতর্ক, বা বাক-বিতণ্ডা। সাধারণত এটি এমন বিতর্ককে বোঝায় যা এক পক্ষের মতামত বা যুক্তি অন্য পক্ষ দ্বারা খণ্ডন করার উদ্দেশ্যে পরিচালিত হয়।<sup>১৬</sup>

**পারিভাষিক সংজ্ঞা:** পারিভাষিক দিক থেকে সংলাপের বিভিন্ন অর্থ লক্ষ্য করা যায়। মূলত সংলাপ হচ্ছে, অন্যদেরকে বোঝবার বাসনায় তাদেরকে শ্রবণের সমর্থতা ও বিবেকের আদান-প্রদানের প্রকাশ। সাধারণত বিভিন্ন ধর্মের অনুসারীদের মধ্যে অনুষ্ঠিত সংলাপই আন্তঃধর্মীয় সংলাপ। আন্তঃধর্মীয় সংলাপের সময় নিজের সততা, ধর্মীয় মৌলিক বিশ্বাস, ন্যায্যতা, তথা সমুদয় মূল্যবোধ বজায় রেখে অন্যান্য ধর্মাবলম্বীদের প্রতি শ্রদ্ধা, সম্মান ও মহানুভবতা প্রদর্শন করে পারস্পরিক আলাপ-আলোচনা করা হয়। মূলত ভিন্ন ভিন্ন বিশ্বাসীদের প্রতি গভীর শ্রদ্ধা, সম্মান প্রদর্শনপূর্বক পারস্পরিক যে ধর্মীয় আলোচনা করা হয় তাই আন্তঃধর্মীয় সংলাপ। আন্তঃধর্মীয় সংলাপ প্রসঙ্গে খালিদ মুহাম্মদ আল-মুগামিসী বলেন,

কোনো নির্দিষ্ট বিষয়ে মূলতত্ত্বে পৌঁছানোর লক্ষ্যে কোনো নির্দিষ্ট বিষয়ে দুই বা ততোধিক পক্ষের মাঝে পারস্পরিক এমন আলাপ-আলোচনা যা প্রজ্ঞাপূর্ণ পন্থায় পরিচালিত এবং ঝগড়া বিবাদ ও জাতি-ধর্ম-বর্ণ প্রীতিমুক্ত এবং তাত্ত্বিক ফলাফল লাভের আকাঙ্ক্ষা বিমুক্ত।<sup>১৭</sup>

ক্যাথলিক খ্রিষ্টধর্মাবলম্বী আন্তঃধর্মীয় সংলাপ বিশেষজ্ঞ প্রফেসর ড. লেনার্ড সুইডলার (Leonard Swidler) বলেন,

“Dialogue is a conversation on a common subject between two or more persons with differing views, the primary purpose of which is for each participant to learn from the other so that he or she can change and grow.”<sup>১৮</sup>

অর্থাৎ সংলাপ হচ্ছে এক ধরনের কথোপকথন যা সংঘটিত হয়ে থাকে কোন প্রচলিত বিষয় নিয়ে এবং এমন দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে যাদের বিষয়টি নিয়ে রয়েছে বিরোধী দৃষ্টিভঙ্গি। এই কথোপকথনের প্রাথমিক উদ্দেশ্য হচ্ছে, এর মাধ্যমে প্রত্যেক অংশগ্রহণকারী অন্যের কাছ থেকে কিছু শিখবে, যে শেখা তার মধ্যে পরিবর্তন আনবে এবং তার বৃদ্ধির সহায়ক হবে।

উপর্যুক্ত সংজ্ঞাগুলোর আলোকে বলা যায় যে, আন্তঃধর্মীয় সংলাপ হচ্ছে এমন এক ধরনের আলোচনা যা দুই বা ততোধিক ব্যক্তি বা পক্ষের মধ্যে অনুষ্ঠিত হয়। এসব আলোচনা একটি নির্দিষ্ট সমস্যা বা বিষয়কে কেন্দ্র করে পরিচালিত হয়ে থাকে। আর সংলাপের মূল লক্ষ্য হচ্ছে আলোচনার মাধ্যমে পারস্পরিক ভুল বোঝাবুঝির অবসান করে শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করা।

### ৪. ধর্মীয় সহিষ্ণুতার গুরুত্ব

বাংলাদেশের বিভিন্ন ধর্মে সহিষ্ণুতাকে বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে। ইসলাম ভিন্ন ধর্মাবলম্বীদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন এবং তাদের বিশ্বাসের স্বাধীনতা নিশ্চিত করেছে। সহিষ্ণুতার এই মূল্যবোধ কেবল মুসলমানদের জন্য নয়; বরং সমগ্র মানবজাতির জন্য প্রযোজ্য। ধর্মীয় সহিষ্ণুতার এই শিক্ষা মুসলমানদের সামাজিক সম্পর্ক ও আচরণে প্রতিফলিত হওয়া উচিত। ইসলামের এই মহান আদর্শ বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। সহিষ্ণুতার এই নীতিমালা চর্চার মাধ্যমে একটি শান্তিপূর্ণ, সমন্বিত ও মানবিক সমাজ গঠিত হতে পারে।

আল-কুরআনের মাধ্যমে আল্লাহ তা‘আলা ধর্মীয় সহিষ্ণুতার বিষয়ে স্পষ্ট বক্তব্য পেশ করেছেন। কুরআনে মানবজাতির মধ্যে ধর্মীয় ভিন্নতা এবং তার উদ্দেশ্য সম্পর্কে আল্লাহ সুবহানাহু ওয়া তা‘আলা বলেন,

﴿يَا أَيُّهَا النَّاسُ إِنَّا خَلَقْنَاكُمْ مِنْ ذَكَرٍ وَأُنْثَىٰ وَجَعَلْنَاكُمْ شُعُوبًا وَقَبَائِلَ لِتَعَارَفُوا ۚ إِنَّ أَكْرَمَكُمْ عِنْدَ اللَّهِ أَتْقَاكُمْ ۚ إِنَّ اللَّهَ عَلِيمٌ خَبِيرٌ﴾

‘হে মানুষ, আমি তোমাদেরকে এক নারী ও এক পুরুষ থেকে সৃষ্টি করেছি আর তোমাদেরকে বিভিন্ন জাতি ও গোত্রে বিভক্ত করেছি, যাতে তোমরা পরস্পর পরিচিত হতে পারো। তোমাদের মধ্যে আল্লাহর কাছে সেই অধিক মর্যাদাসম্পন্ন যে তোমাদের মধ্যে অধিক তাকওয়া সম্পন্ন। নিশ্চয় আল্লাহ তো সর্বজ্ঞ, সম্যক অবহিত।’<sup>১৯</sup>

উপর্যুক্ত আয়াতে আল্লাহ তা‘আলা মানুষকে বিভিন্ন জাতিতে বিভক্ত করার কারণ বর্ণনা করেছেন। আল্লাহ মানুষের মধ্যে বৈচিত্র্য সৃষ্টি করেছেন যাতে আমরা একে অপরের সাথে পরিচিত হতে পারি, তবে তাদের মধ্যে শ্রেষ্ঠত্ব নির্ধারিত হয় ‘তাকওয়া’ দ্বারা।<sup>২০</sup> ধৈর্য ও ক্ষমার গুরুত্ব তুলে ধরে আল্লাহ তা‘আলা পবিত্র কুরআনে বলেন, ﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اصْبِرُوا وَاصْبِرُوا وَاصْبِرُوا وَاصْبِرُوا ۚ إِنَّ اللَّهَ لَمَعَ الْفُجُورِ ۚ خُذِ الْعَفْوَ وَأْمُرْ بِالْعُرْفِ ۚ وَأَعْرِضْ عَنِ الْجَاهِلِينَ﴾ ‘হে ঈমানদারগণ! তোমরা ধৈর্য অবলম্বন কর এবং সহিষ্ণু ও পাহারায় নিযুক্ত থাকো; এবং আল্লাহকে ভয় কর যেন তোমরা সুফল প্রাপ্ত হও।’<sup>২১</sup> আল্লাহ তা‘আলা অন্যত্র বলেন, ﴿خُذِ الْعَفْوَ وَأْمُرْ بِالْعُرْفِ ۚ وَأَعْرِضْ عَنِ الْجَاهِلِينَ﴾ ‘তুমি বিনয় ও ক্ষমা পরায়ণতার নীতি গ্রহণ কর, এবং লোকদেরকে সং কাজের নির্দেশ দাও, আর মূর্থদেরকে এড়িয়ে চল।’<sup>২২</sup>

আল-কুরআনে ধর্মীয় স্বাধীনতার গুরুত্ব স্পষ্টভাবে উল্লিখিত হয়েছে। ইসলামে ধর্মীয় বিশ্বাস গ্রহণের ক্ষেত্রে কোনো প্রকার জবরদস্তির অনুমতি নেই। কারণ ঈমান বা বিশ্বাস একটি ব্যক্তিগত বিষয়, যা মানুষের সঙ্গে তার রবের মধ্যকার একটি অঙ্গীকার ও নৈতিক দায়িত্ব। কুরআনে বলা হয়েছে, ﴿قَدْ تَبَيَّنَ الرُّشْدُ مِنَ الْغَيِّ﴾ ‘ধর্মে কোনো প্রকার জবরদস্তি নেই। নিশ্চয়ই সঠিক পথ ভ্রান্ত পথ থেকে স্পষ্ট হয়ে গেছে।’<sup>২৩</sup> অতএব, এটি এমন একটি বিষয়, যা ব্যক্তির নিজস্ব আগ্রহ ও ইচ্ছার ওপর ভিত্তি করে গড়ে উঠতে হবে; এটি কোনোভাবে চাপিয়ে দেয়া যায় না। ইবাদত সংক্রান্ত বিষয়ে স্বাধীনতা প্রদান করে আল্লাহ সম্পূর্ণ একটি সম্পূর্ণ সূরাহ অবতীর্ণ করেছেন। আল্লাহ বলেন,

﴿قُلْ يٰٓأَيُّهَا الْكَافِرُونَ لَا أَعْبُدُ مَا تَعْبُدُونَ ۚ وَلَا أَنْتُمْ عِبُدُوا مَا أَعْبُدُ ۚ وَلَا أَنَا عَابِدٌ مَّا عَبَدْتُمْ ۚ وَلَا أَنْتُمْ عِبُدُونَ مَا أَعْبُدُ ۚ لَكُمْ دِينُكُمْ وَلِيَ دِينِ﴾

‘বল, হে কাফিররা! আমি তাঁর ইবাদত করি না যার ইবাদত তোমরা করো। এবং তোমরাও তাঁর ইবাদতকারী নও যার ইবাদত আমি করি। এবং আমি ইবাদতকারী নই তার যার ইবাদত তোমরা করে আসছ। এবং তোমরা তাঁর ইবাদতকারী নও যার ইবাদত আমি করি। তোমাদের জন্য তোমাদের দীন আর আমার জন্য আমার দীন।’<sup>২৪</sup>

এখানে আল্লাহ স্পষ্টভাবে ঘোষণা করেছেন যে, মানুষের কার ইবাদত করবে তা একান্তই তার সিদ্ধান্ত, তাই একজন মুসলমান অন্যকে তার ধর্মের অনুসরণে বাধ্য করবে না; তেমনি, একজন মুসলমানকেও অন্যদের তার বিশ্বাসে বাধ্য করা উচিত নয়।

পারস্পরিক সহিষ্ণুতার উপর গুরুত্বারোপ করে আল্লাহ সুবহানাহু ওয়া তা‘আলা পবিত্র কুরআনে বলেন, ﴿وَلَا تَسْتَوِي الْحَسَنَةُ وَلَا السَّيِّئَةُ ۚ ادْفَعْ بِالَّتِي هِيَ أَحْسَنُ فَإِذَا الَّذِي بَيْنَكَ وَبَيْنَهُ عَدَاوَةٌ كَأَنَّهُ وَلِيٌّ حَمِيمٌ﴾ ‘আর ভাল ও মন্দ সমান হতে পারে না। মন্দকে প্রতিহত করো তা দ্বারা যা উৎকৃষ্টতর, ফলে তোমার ও যার মধ্যে শত্রুতা রয়েছে সে যেন হয়ে যাবে তোমার অন্তরঙ্গ বন্ধু।’<sup>২৫</sup> এই আয়াতে মানুষকে গুরুত্বপূর্ণ একটি চারিত্রিক শিক্ষা দেওয়া হয়েছে। আর তা হলো, ভালো দ্বারা মন্দকে দূরীভূত করা এবং যা উৎকৃষ্ট তা দিয়ে নিকৃষ্ট প্রতিহত করা। অর্থাৎ, অন্যায়ের বদলায় ন্যায় প্রতিষ্ঠা করা, যুলুমের পরিবর্তে ক্ষমা করে দেয়া, ফ্রোদের বদলায় ধৈর্যধারণ করা, এবং মূর্থতা বা অশীল কথার উত্তরে নীরব থেকে সহ্য করা। এর ফল হিসেবে আল্লাহ বলেছেন, তোমার শত্রু তোমার বন্ধু হয়ে যাবে, তোমার থেকে দূরে দূরে থাকত এমন ব্যক্তি তোমার নিকটে হয়ে যাবে এবং তোমার রক্তপিপাসু ব্যক্তি তোমার প্রিয় হয়ে যাবে। সুতরাং সার্বিকভাবে বলা যায় যে আল-কুরআনে ধর্মীয় সহিষ্ণুতার অনেক গুরুত্ব প্রদান করা হয়েছে।

রাসূল স. এর অন্যতম প্রধান গুণ ছিল ধৈর্য ও পরমতসহিষ্ণুতা। মানুষের প্রতি তাঁর গভীর দরদ এবং তাদের জাহান্নামের পথ থেকে ফিরিয়ে আনার আকুল আগ্রহই তাঁকে মহানত্বে উন্নীত করেছিল। ইসলামে সহিষ্ণুতার গুরুত্ব তুলে ধরে মুহাম্মাদ স. বলেন, ﴿إِنَّ اللَّهَ رَفِيقٌ حُبُّ الرَّفِيقِ يُغْفِرُ عَلَى الْغُفْرِ، وَيُغْفِرُ عَلَى الرَّفْقِ، وَمَا لَا يُغْفِرُ عَلَى مَا سِوَاهُ﴾ ‘নিশ্চয়ই আল্লাহ সহনশীল এবং তিনি কোমলতা পছন্দ করেন। তিনি কোমলতার কারণে এমন পুরস্কার দেন যা সহিষ্ণুতা বা অন্য কোনো মাধ্যমে দেন না।’<sup>২৬</sup> অন্য হাদীসে ঈমানদারদের ধৈর্যের ফল কী হবে তা বর্ণনা করে বলেন,

عَجَبًا لِأَمْرِ الْمُؤْمِنِ! إِنَّ أَمْرَهُ كُلَّهُ لَهُ خَيْرٌ، وَلَيْسَ ذَاكَ لِأَخِي إِلَّا لِلْمُؤْمِنِ: إِنَّ أَصَابَتَهُ سَرَاءُ شُكْرٍ، فَكَانَ خَيْرًا لَهُ، وَإِنْ أَصَابَتْهُ  
ضَرَاءُ صَبْرٍ، فَكَانَ خَيْرًا لَهُ

‘মুমিনের বিষয় আশ্চর্যজনক! তার সব বিষয়েই কল্যাণ রয়েছে। যদি সে কোনো সুখ লাভ করে, তখন সে আল্লাহর শুকরিয়া আদায় করে, এতে তার কল্যাণ রয়েছে। আর যদি সে কোনো কষ্টে পড়ে, তখন সে ধৈর্য ধারণ করে, এতেও তার কল্যাণ রয়েছে।’<sup>২৭</sup>

রাসূল স. এর জীবনীতে সহিষ্ণুতার অনেক উদাহরণ রয়েছে। তিনি মক্কার কুরাইশদের অত্যাচারে অতিষ্ঠ হয়ে ইসলাম প্রচারের জন্য তায়েফ গমন করেন। কিন্তু তায়েফবাসী তাকে হতাশ করে এবং তাঁর উপর মাত্রাতিরিক্ত দুর্ব্যবহার ও অত্যাচার করে, এমনকি পাথরের আঘাতে তাঁর পুরো শরীর রক্তাক্ত হয়ে যায় এবং রক্তে তাঁর জুতা ভরে যায়।<sup>২৮</sup> চরম নির্যাতনের স্বীকার হওয়ার পরও রাসূল স. তায়েফের অধিবাসীদের সাথে যে সহিষ্ণু আচরণ করেছেন তা পৃথিবীর ইতিহাসে বিরল। সর্বোচ্চ অলৌকিক ক্ষমতা প্রয়োগের সুযোগ পেয়েও তিনি তা গ্রহণ করেননি; বরং তায়েফবাসীদের হিদায়াতের জন্য দোয়া করেছেন।<sup>২৯</sup> মদীনা সনদেও রাসূল স. এর ধর্মীয় সহিষ্ণুতার চিত্র ফুটে উঠে। এটি মুহাম্মাদ স. এবং মদীনার সকল গুরুত্বপূর্ণ গোত্র এবং পরিবারের মধ্যে একটি আনুষ্ঠানিক চুক্তি, যার মধ্যে মুসলমান, ইহুদি এবং অমুসলিম আরবরা অন্তর্ভুক্ত ছিলেন। চুক্তিটি সমস্ত নাগরিকের মৌলিক মানবাধিকার, সমতা, সহযোগিতা, চেতনার স্বাধীনতা এবং ধর্মীয় স্বাধীনতা রক্ষার বিষয়টি নিশ্চিত করেছিল। এমনকি এই ধারাও ছিল যে, ইহুদি এবং অমুসলিম আরবরা তাদের নিজস্ব বিশ্বাস পালনের অধিকারী। সংক্ষেপে, এটি ইতিহাসে প্রথম দলিল যা ধর্মীয় স্বাধীনতাকে একটি মৌলিক সাংবিধানিক অধিকার হিসেবে প্রতিষ্ঠিত করে।<sup>৩০</sup>

মক্কা বিজয়ের পর রাসূল স. যখন বিজয়ীর বেশে মক্কায় প্রবেশ করেন এবং শহরটিকে সব ধরনের পৌত্তলিকতা ও মূর্তিপূজা থেকে মুক্ত করেন, তখন কুরাইশদের তেরো বছরের অবর্ণনীয় অত্যাচারের বিপরীতে তার প্রতিক্রিয়া ছিল অত্যন্ত সহিষ্ণু। মক্কাবাসীরা সবাই জড়ো হওয়ার পর রাসূল স. তাদেরকে প্রশ্ন করলেন, “হে কুরাইশ সম্প্রদায়, তোমরা কি মনে করো? আমি এখন তোমাদের সাথে কেমন আচরণ করবো? তারা উত্তর দেয়, “আপনি আমাদের উদার একজন ভাই এবং আমাদের সম্মানিত এক ভাইয়ের সন্তান।” এরপর রাসূল স. তাদের সবাইকে ক্ষমা করে দেন এবং ঘোষণা করেন, কেউ তোমাদের কোনো ক্ষতি করতে পারবে না। তোমরা চলে যেতে পারো, তোমরা মুক্ত।”<sup>৩১</sup> শুধু তাই নয়, মক্কার যে অধিবাসীরা এতদিন পৌত্তলিকতার চর্চায় লিপ্ত ছিলেন, মুসলমানদের ওপর অত্যাচার করেছিলেন তাদের সবার প্রতি তিনি সাধারণ ক্ষমা ঘোষণা করে দিয়েছিলেন। বিশ্বের ইতিহাসে ক্ষমা ও সহনশীলতার এর চেয়ে বড় কোনো উদাহরণ আর দেখা যায় না।

ইসলামের পাশাপাশি বাংলাদেশে অনুশীলিত অন্যান্য ধর্মেও সহিষ্ণুতাকে বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে। হিন্দু ধর্ম তার আদর্শিক ভিত্তি এবং বহুত্ববাদী চরিত্রের মাধ্যমে সহিষ্ণুতার উদাহরণ সৃষ্টি করেছে। ঋগ্বেদের বিখ্যাত বাণী “সত্য এক, জ্ঞানীরা তা বিভিন্নভাবে বর্ণনা করেন।”<sup>৩২</sup> এই বাণী সহিষ্ণুতার ধারণাকে হিন্দু ধর্মের মূল স্তম্ভে প্রতিষ্ঠিত করেছে। এটি বলে, চূড়ান্ত সত্যকে উপলব্ধি করার ক্ষমতা মানুষের সীমিত, এবং বিভিন্ন ব্যক্তি বা সম্প্রদায় এই সত্যকে ভিন্ন ভিন্নভাবে উপলব্ধি করতে পারে।<sup>৩৩</sup> মহা উপনিষদের ‘বসুধৈব কুটুম্বকম’<sup>৩৪</sup> মতবাদ বলে, সমগ্র পৃথিবী একটি পরিবার। পৃথিবীকে একটি পরিবার হিসেবে দেখার ধারণা মানুষের মধ্যে ভেদাভেদ, হিংসা এবং বিদ্বেষ দূর করার প্রতি আহ্বান জানায়।<sup>৩৫</sup>

খ্রিষ্ট ধর্মে সহিষ্ণুতা একটি মৌলিক নীতি হিসেবে প্রতিফলিত হয়েছে। যীশু বলেছেন, “তোমাদের শত্রুদের ভালোবাস, যারা তোমাদের গালি দেয় তাদের জন্য প্রার্থনা কর।”<sup>৩৬</sup> বাইবেলে সহিষ্ণুতাকে ফলের একটি অংশ হিসেবে উল্লেখ করা হয়েছে, যা শান্তি, ধৈর্য এবং দয়ালু আচরণের সাথে সম্পর্কিত।<sup>৩৭</sup> বাইবেলে আরও উল্লেখ রয়েছে, “আমি নম্রতা ও সম্মানের সঙ্গে ঈশ্বরের সত্য অন্যদের সঙ্গে ভাগ করে নেব।”<sup>৩৮</sup> এছাড়া ইফিসীয় ৪:২ এ উল্লেখ করা হয়েছে, “তোমরা ভালোবাসার সঙ্গে একে অপরের প্রতি সহনশীল হও।”<sup>৩৯</sup>

বৌদ্ধ ধর্মের মূলমন্ত্র হচ্ছে ‘অহিংসা’ অর্থাৎ কারো প্রতি হিংসা পোষণ না করা। ধর্মপদে বুদ্ধের উপদেশের মাধ্যমে এটা আরও স্পষ্ট হয়ে উঠে। তিনি বলেন, “ন হি ফেরেন ফেরানি, সমমেন ইধ সুধিয়তে।”<sup>৪০</sup> অর্থাৎ ক্রোধের প্রতিক্রিয়া ক্রোধ দিয়ে নয়, বরং সহিষ্ণুতার মাধ্যমে শান্তি প্রতিষ্ঠিত হয়। বৌদ্ধ ধর্মমতে সহিষ্ণুতাই সত্যিকারের শান্তির পথ।<sup>৪১</sup> বৌদ্ধ ধর্মের সহিষ্ণুতা ও শান্তির এই নীতিগুলি কেবল ধর্মীয় চর্চার জন্য নয়, বরং সামাজিক শৃঙ্খলা ও আন্তঃধর্মীয় সংলাপের জন্যও অত্যন্ত গুরুত্বপূর্ণ।

#### ৫. বাংলাদেশে ধর্মীয় সহিষ্ণুতার বিদ্যমান চিত্র

বাংলাদেশ ধর্মীয় সহিষ্ণুতার দেশ। এ দেশে বিভিন্ন ধর্মাবলম্বী মানুষ মিলেমিশে বসবাস করে। প্রত্যেকে স্বাধীনভাবে নিজ নিজ ধর্ম পালন করে। আবহমানকাল থেকেই এ দেশে ধর্মীয় সম্প্রীতি বিদ্যমান। বাংলাদেশের মোট জনসংখ্যার ৯১.০৪%

মুসলমান, ৭.৯৫% হিন্দু, ০.৬১% বৌদ্ধ, ০.৩০% খ্রিষ্টান এবং ০.১২% অন্যান্য ধর্মাবলম্বী।<sup>৪২</sup> সকল ধর্মই পারস্পরিক সম্প্রীতি, মহানুভবতা ও মানব কল্যাণের কথা বলা হয়েছে। তারপরেও বিভিন্ন সময়ে বিভিন্ন ধর্মাবলম্বীদের মধ্যে কলহ, বিবাদ, দাঙ্গা, সংঘাত প্রভৃতি সংগঠিত হয়েছে। যেমন, ১৯৯২ সালে বাবরি মসজিদ ইস্যুতে হিন্দু-মুসলিম সংঘর্ষ, ২০১২ সালে কক্সবাজার জেলার রামু ও উখিয়ায় বৌদ্ধদের ওপর হামলা, ২০১৬ সালে ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে হিন্দু মন্দিরে আক্রমণ এবং ২০২০ সালে একই জেলায় পুনরায় হিন্দু মন্দিরে হামলার ঘটনা।<sup>৪৩</sup> আবার বিভিন্ন সময় আল-কুরআনের অবমাননা, নবী স.-কে নিয়ে আপত্তিকর মন্তব্য, ‘হিজাব’ নিয়ে কুটুক্তি ও সোশ্যাল মিডিয়াতে ধর্মীয় স্পর্শকাতর বিষয় নিয়ে পোস্ট দেয়াকে কেন্দ্র করে সহিংস পরিস্থিতির সৃষ্টি হয়।

অধিকাংশ ক্ষেত্রেই তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে এসব সংঘাত সংগঠিত হয়। বাংলাদেশে অধিকাংশ ধর্মীয় সংঘাতের মূল কারণ সামাজিক যোগাযোগ মাধ্যমে ধর্মীয় উসকানিমূলক পোস্ট, রাজনৈতিক অস্থিরতা, ধর্মীয় অজ্ঞতা, ধর্মীয় গুজব ও কুসংস্কার, অন্য ধর্মের প্রতি শ্রদ্ধা না থাকা ইত্যাদি।<sup>৪৪</sup> এসব ঘটনা বাংলাদেশের সহিষ্ণুতার ঐতিহ্যের সঙ্গে সাংঘর্ষিক হলেও, সমাজের বৃহত্তর অংশ এসব ঘটনার নিন্দা জানিয়ে শান্তি ও ঐক্যের পক্ষে অবস্থান নিয়েছে। যদিও কিছু সহিংস ঘটনাকে ধর্মীয় রূপ দেয়ার চেষ্টা করা হয়, তবে সার্বিক বিবেচনা বলা যায় যে, বাংলাদেশের ধর্মীয় সহিষ্ণুতার চিত্র মূলত ইতিবাচক। ঐতিহাসিক সহাবস্থান, রাষ্ট্রীয় নীতি, নাগরিক সমাজের সক্রিয়তা, ও সাধারণ মানুষের আন্তরিকতা এই সহিষ্ণুতাকে টিকিয়ে রেখেছে। যদিও বিচ্ছিন্নভাবে ধর্মীয় উগ্রবাদ ও ঘৃণামূলক বক্তব্যের উদাহরণ পাওয়া যায়, তবুও বাংলাদেশের মূলধারা শান্তি, সহাবস্থান ও পারস্পরিক শ্রদ্ধার সংস্কৃতির ওপর প্রতিষ্ঠিত রয়েছে।<sup>৪৫</sup>

#### ৬. সহিষ্ণুতা বৃদ্ধিতে আন্তঃধর্মীয় সংলাপের মাধ্যমে গৃহীত পদক্ষেপ ও তার প্রভাব

বাংলাদেশের বিভিন্ন ধর্মাবলম্বীদের মধ্যে ধর্মীয় সহিষ্ণুতা বোধ সৃষ্টিতে আন্তঃধর্মীয় সংলাপ একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে কাজ করে যাচ্ছে। এ ধরনের সংলাপের উদ্দেশ্য হলো সমাজে বিভিন্ন ধর্মের মানুষের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা, সহমর্মিতা এবং শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করা। দেশের ইতিহাস, সংস্কৃতি ও ধর্মীয় বৈচিত্র্যের কারণে বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে সম্প্রীতি রক্ষা অত্যন্ত জরুরি। বিভিন্ন ধর্মাবলম্বীদের মধ্যে পারস্পরিক সহিষ্ণুতা বোধ সৃষ্টি করা আন্তঃধর্মীয় সংলাপের অন্যতম প্রধান লক্ষ্য। এ লক্ষ্য পূরণের জন্য আন্তঃধর্মীয় সংলাপ আয়োজনকারী সংগঠনগুলো অনেক পদক্ষেপ গ্রহণ করে থাকে।

#### ৬.১ আন্তঃধর্মীয় সংলাপ, কর্মশালা ও সেমিনার

আন্তঃধর্মীয় সংলাপ আয়োজনকারী সংগঠনগুলোর মূল কাজ হচ্ছে সব ধর্মের বিশেষজ্ঞদের সমন্বয়ে সংলাপ, আলোচনা সভা, কর্মশালা, ও সেমিনার আয়োজন করা। এগুলো মূলত এমন অনুষ্ঠান যেখানে বিভিন্ন ধর্মের মানুষ একত্রিত হয়ে নিজেদের মতামত, বিশ্বাস এবং অভিজ্ঞতা বিনিময় করেন। এ অনুষ্ঠানের মূল লক্ষ্য হলো ধর্মীয় ভিন্নতা থাকা সত্ত্বেও সহিষ্ণুতা এবং পারস্পরিক শ্রদ্ধা নিশ্চিত করা। এর মাধ্যমে মানুষ নিজেদের মধ্যে বিরাজমান ভ্রান্ত ধারণা দূর করতে পারে এবং পরস্পরের ধর্মীয় চেতনার প্রতি সম্মান প্রদর্শন করতে শেখে। এই কার্যক্রমগুলো সম্পন্ন করতে সাধারণত কয়েকটি ধাপ অনুসরণ করা হয়, যা সংলাপকে সুশৃঙ্খল এবং ফলপ্রসূ করে তোলে।<sup>৪৬</sup> এসব আলোচনায় ধর্মীয় সহিষ্ণুতা, পারস্পরিক শ্রদ্ধা এবং শান্তিপূর্ণ সহাবস্থানের উপায় নিয়ে প্রত্যেকে তাদের নিজস্ব ধর্মের অবস্থান তুলে ধরেন। জাতীয় ও স্থানীয় পর্যায়ে আন্তঃধর্মীয় সংলাপ আয়োজনকারী সংগঠন খ্রিষ্টীয় ঐক্য ও আন্তঃধর্মীয় সংলাপ কমিশনের সেক্রেটারি ফাদার প্যাট্রিক গমেজ বলেন,

আমাদের সংগঠন থেকে নিয়মিতভাবে সংলাপ ও সেমিনার আয়োজন করে থাকি। এসব সংলাপে সকল ধর্মের বিশেষজ্ঞ ব্যক্তিদের আমন্ত্রণ জানানো হয়। প্রত্যেকে তাঁদের নিজের ধর্মের আলোকে, নিজ ধর্মের ধর্মগ্রন্থের আলোকে ধর্মীয় সহিষ্ণুতার গুরুত্ব উপস্থাপন করেন। এমন নয় যে তারা অন্য ধর্মের রেফারেন্স দিয়ে কথা বলেন। কিন্তু সংলাপ বা সেমিনারের সমাপ্তিতে দেখা যায় যে, ধর্মীয় সহিষ্ণুতার ক্ষেত্রে প্রতিটি ধর্মই সবিশেষ গুরুত্বারোপ করেছে। ফলে একটি সাধারণ ভিত্তি তৈরি হয় যে, আমরা কখনোই ধর্মের নামে অসহিষ্ণু আচরণ করবো না এবং আমাদের অনুসারীদের অসহিষ্ণু হতে দেবো না।<sup>৪৭</sup>

দেশে ও বিদেশে বিভিন্ন আন্তঃধর্মীয় সংলাপে অংশগ্রহণকারী ইসলাম ধর্মীয় বিশেষজ্ঞ প্রফেসর ড. মুহা. আবদুর রহমান আনওয়ারী বলেন,

পরমতসহিষ্ণুতা ইসলামের অন্যতম মূলনীতি। অন্য ধর্মাবলম্বীদের সাথে কীরূপ আচরণ করতে হবে ইসলাম তার বিস্তারিত নির্দেশনা প্রদান করেছে। রাসূল স. এর সহনশীল আচরণে মুগ্ধ হয়ে অনেক বিধর্মী ইসলাম গ্রহণ করেছিলেন। আমাদের এই উপমহাদেশেও যে সকল সুফি সাধকরা ইসলামের সুমহান আদর্শ পৌঁছে দিয়েছেন তাঁরা সহিষ্ণুতার নীতি অবলম্বন করেছিলেন। ইসলামী সহিষ্ণুতার এই শিক্ষা সংলাপের মাধ্যমে অন্য ধর্মাবলম্বীদের নিকট তুলে ধরা আমাদের ঈমানী দায়িত্বও বটে।<sup>৪৮</sup>

## ৬.২ ধর্মীয় নেতৃবৃন্দের ভূমিকা

আন্তঃধর্মীয় সংলাপের মাধ্যমে ধর্মীয় সহিষ্ণুতা অর্জনে ধর্মীয় নেতাদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ধর্মীয় নেতারা সমাজে নৈতিকতা ও আধ্যাত্মিকতার প্রতিনিধিত্ব করেন এবং তাদের কথায় মানুষের উপর গভীর প্রভাব পড়ে। তারা বিভিন্ন ধর্মাবলম্বীদের মধ্যে পারস্পরিক শ্রদ্ধাবোধ, সহমর্মিতা এবং সহযোগিতার মনোভাব গড়ে তুলতে সহায়তা করতে পারেন। আন্তঃধর্মীয় সংলাপে অংশগ্রহণের মাধ্যমে ধর্মীয় নেতারা একে অপরের ধর্মীয় বিশ্বাস ও অনুশীলন সম্পর্কে জানার সুযোগ পান। ফলে পারস্পরিক ভুল ধারণা দূর হয়ে বোঝাপড়ার ক্ষেত্র প্রসারিত হয়। এছাড়া, নেতারা তাদের ধর্মীয় শিক্ষার আলোকে সহিষ্ণুতার মর্মবাণী প্রচার করতে পারেন এবং তাদের অনুসারীদের মধ্যে শান্তি ও সম্প্রীতির বার্তা ছড়িয়ে দিতে পারেন। বাংলাদেশের মতো বহুধর্মীয় সমাজে, ধর্মীয় নেতাদের এই ভূমিকা বিশেষভাবে গুরুত্বপূর্ণ। তারা যদি আন্তঃধর্মীয় সংলাপের মাধ্যমে ধর্মীয় ঐক্যের গুরুত্ব তুলে ধরেন এবং ন্যায্যতা, মানবিক মূল্যবোধ ও সহনশীলতার শিক্ষা দেন, তবে তা সামাজিক স্থিতিশীলতা ও জাতীয় ঐক্য বজায় রাখতে কার্যকর হবে। এই প্রক্রিয়ায় ধর্মীয় নেতারা শুধু নিজেদের সম্প্রদায়ের জন্য নয়, বরং সামগ্রিকভাবে একটি শান্তিপূর্ণ সমাজ প্রতিষ্ঠায় ভূমিকা রাখতে পারেন।

## ৬.৩ সংলাপে সহিষ্ণুতার উপর গুরুত্বারোপ

আন্তঃধর্মীয় সংলাপে বিভিন্ন ধর্মের প্রতিনিধি তাদের নিজ নিজ ধর্মে অনুসৃত সহিষ্ণুতার নির্দেশনা ও শিক্ষার উপর বিশেষ গুরুত্ব প্রদান করেন। সাধারণত সংলাপে সার্বিকভাবে সকল বিষয় নিয়ে আলোচনা হলেও সহনশীলতার উপর জোর দেয়া হয়। কারণ ধর্মীয় সহিষ্ণুতা বোধের উপরই ধর্মীয় সম্প্রীতি অনেকাংশে নির্ভরশীল। বাংলাদেশে বিভিন্ন ধর্মের মানুষ পাশাপাশি বসবাস করে। যদি তাদের মধ্যে সহিষ্ণুতা বোধ গড়ে না উঠে তবে সহজেই তাদেরকে ধর্মের ভুল ব্যাখ্যা দিয়ে সমাজকে অস্থিতিশীল করার জন্য স্বার্থান্বেষী মহল ব্যবহার করতে পারে। আন্তঃধর্মীয় সংলাপ আয়োজনকারী সংগঠনের সাথে যুক্ত ও ইসলাম ধর্মের বিশেষজ্ঞ প্রফেসর ড. মোঃ নিজাম উদ্দীন বলেন,

বাংলাদেশে দেখা যায় যে একই এলাকায় মসজিদ ও মন্দির পাশাপাশি রয়েছে। উভয় ধর্মাবলম্বীরা তাদের উপাসনালয়ে নিজ নিজ ধর্মীয় আচার পালন করে। এক্ষেত্রে কারও দ্বারা যেন অন্যদের ইবাদত বা উপাসনাতে বাঁধা সৃষ্টি না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। এমন হতে পারে সন্ধ্যার সময়ে যখন মসজিদে মাগরিবের সালাত শুরু হয়, তখন মন্দিরের কার্যক্রম কিছু সময়ের জন্য বন্ধ রাখা বা অল্প শব্দতে সম্পন্ন করা যেতে পারে। আবার মন্দিরে যখন তিন দিন ব্যাপী কীর্তন হয়, তখন সতর্ক থাকতে পারে যেন মসজিদের নামাজ আদায়ে বিঘ্ন না ঘটে, যেহেতু প্রতি ওয়াক্তে নামাজ অল্প সময়েই সম্পন্ন হয়। বাকী সময় তারা তাদের উপাসনা নির্বিঘ্নে সম্পন্ন করতে পারে।<sup>৪৯</sup>

আন্তঃধর্মীয় সংলাপের মাধ্যমে এই বার্তা সবার নিকট পৌঁছে দেয়া হয় যে, প্রত্যেকে যার যার ধর্ম তাদের নিজস্ব ধর্মীয় দৃষ্টিকোণ থেকে পালন করে। অন্য ধর্মকে অবজ্ঞা বা হেয় করার জন্য নয়। এই উপলব্ধি তৈরি হলে সহিংস ঘটনা অনেকটাই কমানো সম্ভব হবে।

## ৬.৪ বিভিন্ন উৎসবকেন্দ্রিক সহিষ্ণু আচরণ

বাংলাদেশের প্রতিটি ধর্মেরই নিজস্ব কিছু উৎসবের দিন আছে। মুসলমানদের ঈদুল ফিতর ও ঈদুল আযহা, হিন্দুদের দুর্গাপূজা, বৌদ্ধদের বুদ্ধপূর্ণিমা ও খ্রিস্টানদের বড়দিন প্রধান উৎসব। এগুলোর পাশাপাশি আরও কিছু ধর্মীয় উৎসবও প্রতিটি ধর্মাবলম্বীরা পালন করে থাকে। এছাড়া কিছু জাতীয় উৎসব, যেমন পহেলা বৈশাখ, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবস, বিজয় দিবস ইত্যাদি পালন করা হয়। এসব ধর্মীয় ও জাতীয় উৎসব কেন্দ্রিক পারস্পরিক শুভেচ্ছা বিনিময় আন্তঃধর্মীয় সংলাপ ও ধর্মীয় সহিষ্ণুতার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

ধর্মীয় ও জাতীয় উৎসবগুলো বাংলাদেশ সরকারের পক্ষ থেকে ‘ধর্ম যার যার, উৎসব সবার’ মতবাদ প্রচার করা হয়।<sup>৫০</sup> যদিও এর পক্ষে বিপক্ষে নানা যুক্তিতর্ক রয়েছে। খ্রিষ্ট ধর্মের অনুসারী একজন সাক্ষাৎকারদাতা বলেন, “আমরা হিন্দুদের পূজা মণ্ডপ পরিদর্শনে যাই। অনেক সময় তারা প্রসাদ খেতে দেয়। এটা তাদের জন্য দেবতার প্রসাদ। কিন্তু আমাদের কাছে এটা শ্রেফ খাবার। তবে আমরা যদি এটা গ্রহণ নাও করি তাতেও তাদের সাথে সৌজন্য বজায় রাখতে হবে।”<sup>৫১</sup>

তবে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের প্রফেসর ড. এবিএম সাইফুল ইসলাম সিদ্দীকী ‘ধর্ম যার যার, উৎসব সবার’ এই স্লোগানের সাথে একমত পোষণ করেননি। তিনি বলেন,

জাতীয় উৎসবগুলোতে ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলের সমান অংশগ্রহণ থাকে। তবে অন্য ধর্মীয় উৎসবগুলোতে মুসলমানদের অংশগ্রহণ করাটা তাদের ঈমানের সাথে সাংঘর্ষিক। উদাহরণ স্বরূপ, হিন্দু ধর্মে পূজা করা হয় যা মুসলমানদের চরম গুণাহের কাজ বা শিরকের গুনাহ। আর আল্লাহ শিরককারীকে কখনও ক্ষমা করবেন না।<sup>৫২</sup> সুতরাং কোনো মুসলমানের অন্য ধর্মের নিজস্ব উৎসবে যাওয়া সমীচীন হবে না। তবে তারা যেন তাদের ধর্মীয় উৎসব যেন সঠিকভাবে পালন করতে পারে সংখ্যাগরিষ্ঠ হিসেবে মুসলমানদেরকেই সেটা নিশ্চিত করতে হবে। কোনোভাবেই অসহিষ্ণু হওয়া যাবে না।<sup>৫৩</sup>

তবে সার্বিকভাবে বলা যায় যে উৎসব কেন্দ্রিক শুভেচ্ছা বিনিময়ের সংস্কৃতি বিভিন্ন ধর্মাবলম্বীদের মধ্যে ইতিবাচক মনোভাব গড়ে তোলে এবং ধর্মীয় সংঘাত কমিয়ে সমাজে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখতে সহায়তা করে। এসব শুভেচ্ছা বিনিময় শুধু সৌজন্য প্রকাশ নয়; এটি বাংলাদেশে ধর্মীয় সহিষ্ণুতা ও সম্প্রীতি প্রতিষ্ঠার একটি শক্তিশালী মাধ্যম। আন্তঃধর্মীয় সংলাপের মাধ্যমে পারস্পরিক পরিচিতি বৃদ্ধি পায়, ফলে উৎসব কেন্দ্রিক শুভেচ্ছা বিনিময় বিভিন্ন ধর্মাবলম্বীদের মধ্যে সহিষ্ণুতা বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখে।

#### ৬.৫ মিডিয়ার মাধ্যমে সহিষ্ণুতার বৃদ্ধি

বর্তমানে যেকোনো সংবাদ দ্রুত ছড়িতে দিতে গণমাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। মিডিয়ার মাধ্যমে সহিষ্ণুতা বৃদ্ধি একটি কার্যকর ও গুরুত্বপূর্ণ প্রক্রিয়া। গণমাধ্যম সমাজের অন্যতম শক্তিশালী মাধ্যম হিসেবে মানুষের চিন্তাভাবনা ও মনোভাব গঠন ও প্রচারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। টেলিভিশন, সংবাদপত্র, রেডিও, সামাজিক যোগাযোগ মাধ্যম এবং অন্যান্য অনলাইন প্ল্যাটফর্ম বিভিন্ন ধর্ম, সংস্কৃতি ও মতাদর্শের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা ও সহিষ্ণুতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। বাংলাদেশে সরকারি উদ্যোগে আয়োজিত সংলাপ ও আলোচনাসমূহে ধর্মীয় নেতৃবৃন্দের পাশাপাশি সরকার ও রাজনৈতিক অঙ্গনের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ উপস্থিত হয়। ফলে গণমাধ্যমে এগুলোর সংবাদ দ্রুত ছড়িয়ে পড়ে। তবে প্রাতিষ্ঠানিক উদ্যোগে আয়োজিত সংলাপসমূহের সহিষ্ণুতার চিত্র সামাজিক যোগাযোগ মাধ্যম ও বিভিন্ন পত্রিকার মাধ্যমে বেশি প্রচারিত হয়। পাশাপাশি কিছু সংগঠন তাদের প্রতিষ্ঠাবার্ষিকী ও বিভিন্ন দিবস উপলক্ষ্যে বিশেষ স্মারক গ্রহণের প্রকাশ করে। সার্বিকভাবে সহিষ্ণুতার প্রচারে এসব গণমাধ্যমের ভূমিকা অনস্বীকার্য।

আন্তঃধর্মীয় সংলাপ অনুষ্ঠানে সাধারণত নির্দিষ্ট সংখ্যক আলোচক বা অংশগ্রহণকারী উপস্থিত থাকেন। তারা তাদের নিজস্ব ধর্মগ্রন্থের আলোকে ধর্মীয় সহিষ্ণুতার গুরুত্ব ও প্রয়োজনীয়তা আলোচনা করেন। এসব আলোচনা গণমানুষের নিকট পৌঁছে দিতে বিভিন্ন গণমাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। ফলে বাংলাদেশে ধর্মীয় সহিষ্ণুতা বৃদ্ধিতে আন্তঃধর্মীয় সংলাপ কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হয়।

#### ৬.৬ আন্তর্জাতিক সহনশীলতা দিবস পালন

আন্তর্জাতিক সহনশীলতা দিবস প্রতি বছর ১৬ নভেম্বর পালন করা হয়,<sup>৫৪</sup> এবং এটি বিশ্বব্যাপী সহিষ্ণুতা সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিভিন্ন জাতি, ধর্ম, সংস্কৃতি এবং মতাদর্শের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা ও বোঝাপড়া বৃদ্ধির লক্ষ্যে জাতিসংঘ এই দিবসটি ঘোষণা করেছে। এই দিনটি বিশ্বজুড়ে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে সহিষ্ণুতার মূল্যবোধ প্রতিষ্ঠার চেষ্টা করে। এ দিবসে বিভিন্ন সেমিনার, কর্মশালা, আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আন্তঃধর্মীয় সংলাপে অংশগ্রহণকারী ব্যক্তিবর্গ দিবসটি উপলক্ষ্যে সচেতনতার মাধ্যমে ধর্মীয় সহিষ্ণুতা বোধ সৃষ্টি করতে বিভিন্ন বাণী প্রচার করেন ও নানাবিধ কর্মসূচি গ্রহণ করেন। এসব উদ্যোগের মাধ্যমে বাংলাদেশের বিভিন্ন ধর্মাবলম্বীদের মধ্যে সহিষ্ণুতার প্রসার ঘটাতে আন্তঃধর্মীয় সংলাপ কার্যকর ভূমিকা পালন করে।

বাংলাদেশে আন্তঃধর্মীয় সংলাপের মাধ্যমে উপরিউক্ত পদক্ষেপসমূহ গ্রহণের ফলে বিভিন্ন ধর্ম সম্পর্কে ভ্রান্ত ধারণা দূরীভূত হচ্ছে। ধর্মভিত্তিক ঘৃণা ও বিদ্বেষ নিরসন করে ধর্মীয় আচরণে সহনশীলতা, মধ্যমপন্থা ও সার্বজনীন মূল্যবোধ সমূহ প্রতিপালনের উপর বিশেষ গুরুত্ব প্রদান করা হচ্ছে।<sup>৫৫</sup> এভাবেই আন্তঃধর্মীয় সংলাপ বিভিন্ন ধর্মাবলম্বীদের মধ্যে সহিষ্ণুতা বোধ সৃষ্টিতে ইতিবাচক ভূমিকা পালন করছে।

#### ৭. উপসংহার

বাংলাদেশের বিভিন্ন ধর্মাবলম্বীদের মধ্যে ধর্মীয় সহিষ্ণুতা প্রতিষ্ঠায় আন্তঃধর্মীয় সংলাপ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এটি বিভিন্ন ধর্মাবলম্বীদের মধ্যে পারস্পরিক বোঝাপড়া ও শ্রদ্ধাশীল সম্পর্ক গড়ে তুলে সামাজিক ঐক্য ও শান্তি বজায় রাখতে সহায়তা করছে। অতীতে ধর্মীয় বিভেদ ও ভুল বোঝাবুঝির কারণে সংঘাত সৃষ্টি হলেও, সংলাপের মাধ্যমে সেই ব্যবধান কমিয়ে আনা সম্ভব হয়েছে। ধর্মীয় নেতাদের সম্পৃক্ততা, সংলাপে সহিষ্ণুতার উপর বিশেষ গুরুত্বারোপ, গণমাধ্যমের ইতিবাচক ভূমিকা এবং সরকারি-বেসরকারি সংস্থার উদ্যোগ এই প্রক্রিয়াকে আরও শক্তিশালী করেছে। আন্তঃধর্মীয় সংলাপের মাধ্যমে বাংলাদেশে ধর্মীয় সহিষ্ণুতা বৃদ্ধি করতে সংলাপে আরও কিছু বিষয় অন্তর্ভুক্ত করা প্রয়োজন। যেমন- সংলাপে বিভিন্ন ধর্মের সহিষ্ণুতার দৃষ্টিভঙ্গি তুলে ধরা, সংলাপে মূলনীতি ও শিষ্টাচারে প্রতি গুরুত্বারোপ, সাদৃশ্যের উপর জোর দিয়ে বিরোধ মিটানোর কৌশল বের করা, সমাজ বাস্তবতা তুলে ধরা এবং পাঠ্যপুস্তকে সংলাপের বিষয়টি অন্তর্ভুক্ত করা। তবে টেকসই শান্তি নিশ্চিত করতে শুধু সংলাপই যথেষ্ট নয়; বরং পারস্পরিক সহযোগিতা, সাংস্কৃতিক বিনিময় এবং নৈতিক শিক্ষার প্রসার ঘটানো প্রয়োজন। ধর্মীয় সহিষ্ণুতা কেবল একটি সামাজিক গুণ নয়; বরং এটি ন্যায়বিচার ও মানবিক মর্যাদার ভিত্তি। তাই সমাজে সম্প্রীতি ও সহিষ্ণুতার পরিবেশ তৈরি করতে আন্তঃধর্মীয় সংলাপকে আরও কার্যকর ও বিস্তৃত করা জরুরি।

## টীকা ও তথ্যনির্দেশ

- <sup>১</sup> Dr Muneer Ahmed, Dr Aijaz Ali Khoso, and Muhammad Hammad. “Religious Tolerance and Its Importance in the Modern Times.” *Al Khadim Research Journal of Islamic Culture and Civilization* 3, no. 1 (2022): 24–33. [https://doi.org/10.53575/arjicc.v3.01\(22\)e3.24-33](https://doi.org/10.53575/arjicc.v3.01(22)e3.24-33).
- <sup>২</sup> গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, দ্বিতীয় ভাগ: রাষ্ট্র পরিচালনার মূলনীতি, অনুচ্ছেদ: ১২।
- <sup>৩</sup> Muhammad Rezaur Rahman, and S. M. Morsalin Hider. “The Role of Interreligious Dialogue in Promoting Inter-Communal Harmony and Countering the Communal Violence in Bangladesh.” In *Research in the Social Scientific Study of Religion*, Volume 34, 261–84. BRILL, 2025.
- <sup>৪</sup> আবদুর রহমান আনওয়ারী, *আন্তঃধর্মীয় সংলাপ: বাংলাদেশের ধর্মীয় ও সামাজিক প্রেক্ষাপট* (ঢাকা: বাংলাদেশ ইনস্টিটিউট অব ইসলামিক থট, ২০২৫ খ্রি.), পৃ. ১৮৯-১৯১।
- <sup>৫</sup> গোলাম মুর্শিদ ও স্বরাটচিৎ সরকার, সম্পা., *বিবর্তনমূলক বাংলা অভিধান*, ৩য় খণ্ড (ঢাকা: বাংলা একাডেমি, ২০১৪ খ্রি.), পৃ. ২৮৫৮; আহমদ শরীফ, সম্পা., *সংক্ষিপ্ত বাংলা অভিধান*, (ঢাকা: বাংলা একাডেমি, ২০০৭ খ্রি.), পৃ. ৫৫৩; মুহম্মদ এনামুল হক, সম্পা., *আধুনিক বাংলা অভিধান* (ঢাকা: বাংলা একাডেমি, ২০১১ খ্রি.), পৃ. ১৩১২; সম্পা., *বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান* (ঢাকা: বাংলা একাডেমি, ২০০২ খ্রি.), পৃ. ১১৩৬।
- <sup>৬</sup> Ye Olde Swag Shoppe, “Tolerance.” <https://www.etymonline.com/search?q=tolerance>. (Accessed January 29, 2025).
- <sup>৭</sup> ইবনু মানযূর আল ইফরীকী, *লিসানুল ‘আরাব*, ২য় খণ্ড (বৈরুত: দারু সাদির, ১৯৯৪ খ্রি.), পৃ. ৪৮৯; আহমদ মুখতার উমর, *মা’আজিম আল লুগাতিল ‘আরাবিয়াহ্ আল মু’আসিরাহ্*, ২য় খণ্ড, ১ম সংস্করণ (‘আলামুল কুতুব, ২০০৮ খ্রি.), পৃ. ১০৪; *মুখতারুস সিহাহ্*, পৃ. ১৫৩; আল-আযহারী, *তাহযীবুল লুগাহ্*, ৪র্থ খণ্ড (বৈরুত: ইহইয়ায়িত তুরাখিল আরাবী, ২০০১ খ্রি.), পৃ. ২০০।
- <sup>৮</sup> মুহাম্মদ ইবনু ইয়াকুব ফাইরুযাবাদী, *আল-কামুসুল মুহীত* (বৈরুত: মু’আসাসাতুর রিসালাহ্, ২০০৫ খ্রি.), পৃ. ২২৫; *আল-মু’জামুল ওয়াসীত*, ১ম খণ্ড (বৈরুত: দারুল ফিকর, ১৯৭২ খ্রি.), পৃ. ৪৪৭; আবুল হাসান আহমাদ ইবনু ফারিস, *মু’জামু মাকসীসিল লুগাহ্*, ৩য় খণ্ড (বৈরুত: দারুল ফিকর, ১৯৭৯ খ্রি.), পৃ. ৯৯।
- <sup>৯</sup> R. T. Witenberg, “The Moral Dimension of Children’s and Adolescents’ Conceptualisation of Tolerance to Human Diversity.” *Journal of Moral Education* 36, no. 4 (2007): 433–51. <https://doi.org/10.1080/03057240701688002>.
- <sup>১০</sup> Declaration of Principles on Tolerance: adopted by the General Conference of UNESCO at its twenty-eighth session, Paris, 16 November 1995.
- <sup>১১</sup> শাওকী আবু খলীল, *আত-তাসামুহ্ ফীল ইসলাম* (বৈরুত: দারুল ফিকর, ১৯৯৩ খ্রি.), পৃ. ৪২-৪৭।
- <sup>১২</sup> D.T. Ajadi and O.T. Fagbemi. “Religious Tolerance and National Development in Nigeria: Issues, Challenges and Prospects.” *International Journal of Humanities and Social Science Research* 1, no. 1 (2019): 23–33.
- <sup>১৩</sup> *বিবর্তনমূলক বাংলা অভিধান*, ৩য় খণ্ড, পৃ. ২৭৫৮; *ব্যবহারিক বাংলা অভিধান*, পৃ. ১১০২।
- <sup>১৪</sup> *Macmillan English Dictionary* (Oxford: Macmillan Education, 2002), 381; Merriam-webster.com. “Definition of dialogue.” Accessed (August 31, 2024). <https://www.merriam-webster.com/dictionary/dialogue>
- <sup>১৫</sup> *লিসানুল ‘আরাব*, ৪র্থ খণ্ড, পৃ. ২১৭।
- <sup>১৬</sup> আবু উবাইদ আহমাদ ইবনু মুহাম্মাদ আল-হারাবী, *আল-গারীবাইনি ফীল কুরআন ওয়াল হাদীস* (সৌদি আরব: মাকতাবাতু নিযার মুত্তাফা আল বায, ১ম সংস্করণ, ১৯৯৯ খ্রি.), পৃ. ৩২২।
- <sup>১৭</sup> هو حديث بين طرفين او اكثر حول قضية معينة، اهدف منها الوصول إلى الحقيقة، بعيدا عن الخصومة والتعصب، بل بطريقة علمية إقناعية. ولا فورية  
 ১৮. খালিদ মুহাম্মাদ আল-মুগামিসী, *আল হিওয়াল আদাবুহু ওয়া তাতিবিকাতুহু ফিত তারবিয়াতিল ইসলামিয়াহ্* (রিয়াদ: মারকাযুল মালিক আব্দুল আযীয লিল হিওয়াল আল ওয়াতিনী, ২০০৪ খ্রি.), পৃ. ২২।
- <sup>১৯</sup> Leonard Swidler, “The Dialogue Decalogue: Ground Rules for Interreligious, Interideological Dialogue.” In *Dialogue for Interreligious Understanding* (New York: Palgrave Macmillan US, 2014), 47.
- <sup>২০</sup> সূরাহ্ আল-হুজুরাত: ১৩।
- <sup>২১</sup> আবু জা’ফর মুহাম্মাদ ইবনু জারীর আত-তাবারী, *জামি’উল বাযান ‘আন-তাবীলি আয়িল কুরআন*, ২১শ খণ্ড (কায়রো: দারুল হিজর, ২০০১ খ্রি.), পৃ. ৩৮৩-৩৮৪।
- <sup>২২</sup> সূরাহ্ আল-‘ইমরান: ২০।
- <sup>২৩</sup> সূরাহ্ আল-‘আরাফ: ১৯৯।
- <sup>২৪</sup> সূরাহ্ আল-বাকারাহ: ২৫৬।
- <sup>২৫</sup> সূরাহ্ আল-কাফিরুন: ০১-০৬।
- <sup>২৬</sup> সূরাহ্ হা-মীম-আস-সাজদাহ: ৩৪।
- <sup>২৭</sup> আবুল হুসাইন মুসলিম ইবনুল হাজ্জাজ আল-কুশায়রী, *আস-সহীহ্*, ৪র্থ খণ্ড (বৈরুত: দার ইহইয়ায়িত তুরাখিল ‘আরাবী, ১৯৫৫ খ্রি.), পৃ. ২০০৩, হাদীস নং-২৫৯৩।
- <sup>২৮</sup> *সহীহ্ মুসলিম*, পৃ. ২২৯৫, হাদীস নং-২৯৯৯।
- <sup>২৯</sup> আব্দুল মালিক ইবনু হিশাম, *আস-সিরাতুন নাবাবিয়াহ্*, ২য় খণ্ড (মিসর: মাতবাতু মুত্তাফা আল-বাবী আল-হালাবী, ১৯৫৫ খ্রি.), পৃ. ১০৮; সফীউর রহমান মুবারকপুরী, *আর-রাহীকুল মাখতুম*, ১ম সংস্করণ (বৈরুত: দারুল হিলাল, তা.বি.), পৃ. ৩৭২; আবদুর রহমান আস-সুহায়িলী, *আর-রাওদুল আনফি ফী শরহিস সীরাতুন নাবাবিয়াহ্*, ৮ম খণ্ড, ১ম সংস্করণ (কায়রো: মাকতাবাতু ইবনু তাইমিয়া, ১৯৯০ খ্রি.), পৃ. ৩৪।

- <sup>১৬</sup> আবু আবদুল্লাহ মুহাম্মাদ ইবনু ইসমাইল আল-বুখারী, *আল-জামি'উস সহীহ*, ৪র্থ খণ্ড (বৈরুত: দার তাওক আন-নাজাহ, ২০০১ খ্রি.) পৃ. ১১৫, হাদীস নং- ৩২৩১; *সহীহ মুসলিম*, ৩য় খণ্ড, পৃ. ১৪২০, হাদীস নং- ১৭৯৫; আল-খতীব আত-তিবরীযী, *মিশকাতুল-মাসাবীহ*, ৩য় খণ্ড, ৩য় সংস্করণ (বৈরুত: মাকতাবাতুল ইসলামিয়াহ, ১৯৮৫ খ্রি.), পৃ. ৬২৬, হাদীস নং-৫৮৪৮।
- <sup>১৭</sup> *আস-সিরাতুন নাবাবিয়াহ*, ১ম খণ্ড, পৃ. ৩০১-৩০৩।
- <sup>১৮</sup> *তদেব*, ২য় খণ্ড, পৃ. ৪১২; *আর-রাহীকুল মাখতুম*, পৃ. ৩৭২।
- <sup>১৯</sup> মূল ভাষ্য: একং সং; বিপ্রা বহুধা বদন্তি। দ্র. *ঋগ্বেদ*, ১.১৬৪.৪৬।
- <sup>২০</sup> Irfan Engineer, "Tolerance and Intolerance in Hinduism." *Social Justice and Ecology Secretariat* 126, no. 2 (2018): 37-43.
- <sup>২১</sup> মূল ভাষ্য: অয়ম নিজঃ পরঃ বেতি গণনা লঘুচেতসাম্। উদারচরিতানাং তু বসুধৈব কুটুম্বকম্। দ্র. মহা উপনিষদ, ৬:৭২।
- <sup>২২</sup> *The Concept of Vasudhaiva Kutumbakam (The World Is a Family): Insights from the Mahopanisad Arun Kumar Kar*, n.d.
- <sup>২৩</sup> But I say to you, love your enemies, bless those who curse you, do good to those who hate you, and pray for those who spitefully use you and persecute you. Cf. *Matthew* 5:44, New International Version.
- <sup>২৪</sup> But the fruit of the Spirit is love, joy, peace, forbearance, kindness, goodness, faithfulness, gentleness and self-control. Against such things there is no law. Cf. *Galatians* 5:22-23, New International Version.
- <sup>২৫</sup> But in your hearts revere Christ as Lord. Always be prepared to give an answer to everyone who asks you to give the reason for the hope that you have. But do this with gentleness and respect, keeping a clear conscience, so that those who speak maliciously against your good behavior in Christ may be ashamed of their slander. Cf. 1 *Peter* 3:15-16, New International Version.
- <sup>২৬</sup> Be completely humble and gentle; be patient, bearing with one another in love. Cf. *Ephesians* 4:2, New International Version.
- <sup>২৭</sup> ধর্মপদ: ০৫।
- <sup>২৮</sup> Masao Abe, "Religious Tolerance and Human Rights: A Buddhist Perspective." In *Zen and Comparative Studies*, (London: Palgrave Macmillan UK, 1997), p. 197-217; Jacek Sieradzian, "Tolerance in Buddhism." *Idea* 26, no. XXVI (2014): 365-78. <https://doi.org/10.15290/idea.2014.26.22>;
- <sup>২৯</sup> জনশুমারি ও গৃহগণনা ২০২২: প্রাথমিক প্রতিবেদন (ঢাকা: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ২০২২ খ্রি.), পৃ. ১৬; "Preliminary Report on Population and Housing Census 2022" (Dhaka: Bangladesh Bureau of Statistics (BBS), 2022), p. viii, accessed on 21 December 2022, <http://www.bbs.gov.bd/asite/page/47856ad0-7e1c-4aab-bd78-892733bc06eb/Population-and-Housing-Census>.
- <sup>৩০</sup> Moammad Shajan Siraj, "Inter-Religious Harmony: Promoting Unity and Tolerance an Investigation into Inter-Religious Harmony in Bangladesh: Examination of Initiatives, Challenges, and Implications." *International Journal of Research Publication and Reviews* 4, no. 7 (2023): 1375-81. <https://doi.org/10.55248/gengpi.4.723.48627>.
- <sup>৩১</sup> Mohshin Reza, Md. "Religious Freedom in Bangladesh: Problems and Prospects." *The Arts Faculty Journal*, 2022, 127-36. <https://doi.org/10.62296/afjcentennialissue009>.
- <sup>৩২</sup> Moammad Shajan Siraj, "Inter-Religious Harmony: Promoting Unity and Tolerance an Investigation into Inter-Religious Harmony in Bangladesh: Examination of Initiatives, Challenges, and Implications." *International Journal of Research Publication and Reviews* 4, no. 7 (2023): 1375-81. <https://doi.org/10.55248/gengpi.4.723.48627>.
- <sup>৩৩</sup> ইয়াহইয়া যামযামী, *আল-হিওয়ার আদাবুহ ওয়া দাওয়াবিহুহ ফিদ দাওয়িল কিতাবি ওয়াস সুন্নাহ* (মক্কা মুকাররমাহ: দারু তারবিয়াতি ওয়াত-তুরাছ, ১৯৯৪ খ্রি.), পৃ. ১৯৫-১৯৬।
- <sup>৩৪</sup> ফাদার প্যাট্রিক গমেজের সাক্ষাৎকার, হাবিবুর রহমান কর্তৃক গৃহীত, রাজশাহী, ২১ জানুয়ারী ২০২৫। ব্যক্তিগত সংগ্রহ।
- <sup>৩৫</sup> প্রফেসর ড. মুহা. আবদুর রহমান আনওয়ারীর সাক্ষাৎকার, হাবিবুর রহমান কর্তৃক গৃহীত, কুষ্টিয়া, ১৯ জানুয়ারী ২০২৫। ব্যক্তিগত সংগ্রহ।
- <sup>৩৬</sup> প্রফেসর ড. মোঃ নিজাম উদ্দীনের সাক্ষাৎকার, হাবিবুর রহমান কর্তৃক গৃহীত, রাজশাহী, ১৭ জানুয়ারী ২০২৫। ব্যক্তিগত সংগ্রহ।
- <sup>৩৭</sup> মুফতি মুহাম্মাদ আল-আমীন নূরী, *ধর্ম যার যার, উৎসব সবার: একটি পর্যালোচনা* (ঢাকা: ইত্তিহাদ পাবলিকেশন, ২০১৯ খ্রি.), পৃ. ১৩-১৪।
- <sup>৩৮</sup> ফাদার প্যাট্রিক গমেজের সাক্ষাৎকার, হাবিবুর রহমান কর্তৃক গৃহীত, রাজশাহী, ২১ জানুয়ারী ২০২৫। ব্যক্তিগত সংগ্রহ।
- <sup>৩৯</sup> যেমন আল-কুরআনে এসেছে, ﴿إِنَّا اللَّهُ لَا يُغْفَرُ أَنْ يُشْرَكَ بِهِ وَ يَغْفِرُ مَا دُونَ ذَلِكَ لِمَنْ يَشَاءُ وَ مَنْ يُشْرِكْ بِاللَّهِ فَقَدْ افْتَرَىٰ إِثْمًا عَظِيمًا﴾ 'নিশ্চয় আল্লাহ তাঁর সাথে শরীক করা ক্ষমা করবেন না। এটা ছাড়া অন্য সব যাকে ইচ্ছে মাফ করবেন এবং যে আল্লাহর সাথে শরীক করল, সে এক মহা অপবাদ আরোপ করল।' দ্র. সূরাহু আন-নিসা: ৪৮।
- <sup>৪০</sup> প্রফেসর ড. এবিএম সাইফুল ইসলাম সিদ্দিকীর সাক্ষাৎকার, হাবিবুর রহমান কর্তৃক গৃহীত, কুষ্টিয়া, ১৯ জানুয়ারী ২০২৫। ব্যক্তিগত সংগ্রহ।
- <sup>৪১</sup> Declaration of Principles on Tolerance: adopted by the General Conference of UNESCO at its twenty-eighth session, Paris, 16 November 1995.
- <sup>৪২</sup> আন্তঃধর্মীয় সংলাপ: বাংলাদেশের ধর্মীয় ও সামাজিক প্রেক্ষাপট, পৃ. ৯৫-১০৪।

## ফাদওয়া তুকের রোমান্টিক কাব্য

### [Fadwa Tuqan's Romantic Poetry]

Dr. Md. Moniruzzaman

Associate Professor, Department of Arabic, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

Dr. S. M. Abdus Salam

Professor, Department of Arabic,, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

#### ARTICLE INFORMATION

The Faculty Journal of Arts

Rajshahi University

Volume 39, June 2025

ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A13>

Received : 20 February 2025

Received in revised: 23 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

Keywords:

Introduction to the Poet, Romanticism in the life of Poet, suffering, love, dreams, isolation, nature.

#### ABSTRACT

Fadwa Tuqan, a prominent Palestinian poet, embodies Romanticism in her poetry through profound emotional depth and personal expression. Her work reflects themes of suffering, love and longing, isolation, nature's embrace, and dreamlike imagination. Influenced by personal struggles and societal constraints, Tuqan's poetry delves into existential pain, portraying love as both a solace and a torment. Her verses echo a deep connection with nature, serving as both refuge and inspiration. Through introspection and lyrical expression, she crafts a unique Romantic vision, emphasizing the power of emotions, dreams, and the individual's quest for truth amidst adversity.

#### ভূমিকা

রোমান্টিকতা মূলত একটি মানসিক অবস্থা, যা মানুষের আবেগ-অনুভূতি, আনন্দ-বিরাগ ইত্যাদিকে বোঝায়। এই মানসিক অবস্থা একজন কবি বা সাহিত্যিকের ব্যক্তিত্বের সাথে গভীরভাবে জড়িত একটি গুণ, যা সাধারণ কোনো ছাঁচে ফেলা সম্ভব নয়। রোমান্টিকতার মূলকথা হলো হৃদয় নিঃসৃত আবেগ ও অনুভূতি। সাধারণত কবি-সাহিত্যিকগণের মনোজগতে রোমান্টিকতার বীজ বোপিত হয়। আরব কবিদের মাঝেও রোমান্টিকতা বিশেষ স্থান করে নিয়েছে। রোমান্টিক এ কবিগণের মাঝে ফিলিস্তিনি কবি ফাদওয়া তুকান অনন্য। তাঁর জীবন ও কাব্যে রোমান্টিকতা ছায়া বিস্তার করে আছে। বিশেষতঃ তিনি পারিবারিক পরিমণ্ডলে যে কষ্ট ও নিঃসঙ্গতা অনুভব করেছেন, তা তাঁর কবিতায় প্রকাশ পেয়েছে। তিনি রাতের সঙ্গে নিজের জীবনকে তুলনা করেছেন। যেন রাত ও তাঁর জীবন একই সূতোয় গাঁথা। ব্যক্তি জীবনে তিনি আর্থিক ও সামাজিক দুঃখের সংকট মোকাবেলা করেছেন। পাশাপাশি তার জীবনে দুঃখবেদনা, প্রেমভালোবাসাও বাসা বেঁধেছিল। তাই তিনি চলনে বলনে রোমান্টিক হয়ে উঠেন। আর এ রোমান্টিকতার রঙে রাঙিয়ে তোলেন তাঁর কবিতার লাইনগুলো।

#### কবি পরিচিতি

এ নারী কবির নাম ফাদওয়া, তুকান তাঁর বংশীয় উপাধী। ১৯১৭ সালের পহেলা মার্চ ফিলিস্তিনের নাবলুস শহরের এক সম্ভ্রান্ত সম্পদশালী 'তুকান' পরিবারে জন্মগ্রহণ করেন। পিতার নাম মুহাররম আব্দুল ফাত্তাহ তুকান। যিনি নাবলুস শহরের একজন প্রভাবশালী ব্যক্তি ছিলেন। মায়ের নাম ফাওজিয়া আমীন আসকালান। তারা পাঁচ ভাই-ইউছুফ, ইবরাহীম, আহমাদ, রিহমি, ফাতায়া ও দুবোন- ফাদওয়া ও আদীবা। ফাদওয়া তুকানের ইমেডিয়েট বড় ভাই আহমাদ তুকান (১৯০৩-১৯৮১) জর্দানের প্রধানমন্ত্রী ছিলেন। তাঁর অপর ভাই প্রখ্যাত ফিলিস্তিনি কবি ইবরাহীম তুকান (১৯০৫-১৯৪১)। তিনি প্রথমে ফাতিমী ও পরবর্তীতে আয়িশাহ স্কুলে পড়াশোনা করেন। পারিবারিক ও সামাজিক রীতি-নীতির কারণে তের বছর বয়সে তার স্কুলে যাওয়া বন্ধ হয়।<sup>১</sup> সেজ ভাই ইবরাহীম তুকানের অনুপ্রেরণায় তিনি গৃহকোণে থেকেই উমাইয়া ও আব্বাসী কবিদের অজস্র কবিতা মুখস্থ করেন। ইবরাহীম তুকান নারী শিক্ষার সমর্থক ছিলেন। তাই বৈরতে অবস্থিত আমেরিকান ইউনিভার্সিটিতে অধ্যয়ন সমাপ্তির পর ফিলিস্তিনে প্রত্যাবর্তন করে ফাদওয়ার শিক্ষার দায়িত্ব গ্রহণ করেন। তিনি ফাদওয়াকে ইংরেজি শেখান এবং অধ্যয়নের জন্য প্রচুর বই সংগ্রহ করে দেন। একপর্যায়ে ফাদওয়া নাবলুস ছেড়ে ভাইয়ের কর্মস্থল ফিলিস্তিনের পশ্চিম তীরে অবস্থিত আল কুদস শহরে চলে আসেন এবং পারিবারিক বন্দিশালা থেকে রেরিয়ে মুক্ত পরিবেশ উপভোগ করেন। ফাদওয়ার কবি হয়ে ওঠার পেছনে ইবরাহীম তুকান ছিলেন প্রেরণার বাতিঘর। ফাদওয়া প্রাচীন কবিতার অনুকরণে ছন্দোবদ্ধ কবিতা যেমন লিখতেন, তদ্রূপ ছন্দমুক্ত আধুনিক মুক্তন্দের কবিতা রচনায়ও পারঙ্গম ছিলেন। মিশর ও লেবাননের প্রক্রিয়াকায় তাঁর কবিতাসমূহ 'দানানীর', 'মুতাওয়াকা- বেড়িপরা' ইত্যাদি ছদ্মনামে ছাপা হতো। কেউ কেউ তাকে প্রাক-ইসলামী কবি "আল-খানসা" (মৃ. ৬৪৫খ্রি.)-এর সাথে তুলনা করেছেন।<sup>২</sup> ষাটের দশকে ফাদওয়া তুকান অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে দু'বছর

ইংরেজি সাহিত্য অধ্যয়ন করার সুযোগ লাভ করেন।<sup>৩</sup> লন্ডন থেকে নাবলুসে ফিরে শহরের পশ্চিমে একটি বাড়ি নির্মাণ করে এ বাড়িতে নিভূতে বসবাস করতে থাকেন। সাধারণ লোকদের সাথে তিনি খুব কমই মেলা-মেশা করতেন। ১৯৬৭ সালে আরব-ইজরাইল যুদ্ধে ইজরাইলীদের মোকাবেলায় আরব রাষ্ট্রসমূহ ব্যর্থ হলে ফিলিস্তিনীদের জীবনে মহাবিপর্ষয় নেমে আসলে তিনি শত্রুর বর্বরতার প্রতিবাদে হাতে কলম তুলে নেন। একে একে রচনা করেন কালজয়ী সব বিপ্লবী প্রতিবাদী কবিতা। বিংশ শতকের পঞ্চাশের দশকে কবি রাজনীতিতে জড়িয়ে পড়েন। ১৯৫৬ সালে তিনি জর্ডান প্রতিনিধি দলের সাথে স্টকহোম যাত্রা করেন এবং আন্তর্জাতিক শান্তি কাউন্সিলের সম্মেলনে যোগ দেন। এ সফরে তিনি হল্যান্ড, সোভিয়েত ইউনিয়ন ও গণচীন ভ্রমণ করেন। তিনি নাবলুসে প্রতিষ্ঠিত নাদী সাকাফী-সাংস্কৃতিক মঞ্চের অন্যতম সদস্য ছিলেন। রাজনৈতিক জীবনে জর্ডান সাংসদ আলী কামাল নাসির, কবি আব্দুল করিম আবু সালমা ও আব্দুর রহমান সাকীরের মতো জাতীয় নেতৃত্বের সাথে পরিচিত হন। ১৯৭৭ সালে ফিলিস্তিনের জাতীয় নাজা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্নে কবিকে ট্রাস্টি মনোনীত করা হয়। ১২ ডিসেম্বর ২০০৩ সালে কবি স্ট্রোক করেন এবং আল-আকসা ইস্তিফাদা তুঙ্গে থাকাকালে অবরুদ্ধ নাবলুসেই মৃত্যুবরণ করেন।<sup>৪</sup> ১৯৫২ থেকে ২০০০ সালের মাঝে কবির আটটি দীওয়ান প্রকাশিত হয় এবং বৈরুতের দারুল আওদা প্রকাশনী ২০০৪ সালে কাব্যসংকলন আল-আমাল আল-কামিলা প্রকাশ করে। দীওয়ানসমূহ: *أخي ابراهيم* (ভাই ইবরাহীম), *وحدي مع* (বন্ধ লগ্নে), *أمام الباب المغلق* (আমাদেরকে ভালোবাসা দাও), *أعطنا حباً* (আমি তাকে পেয়েছি), *وجدتها* (যুগের সাথে একাকী), *والليل والفرسان* (রাত্রি এবং অশ্বারোহী), *اللحن* (১৯৮৯), *تموز والشيء الآخر* জুলাই এবং অন্যান্য বিষয় (১৯৮৯), *الأخير* (শেষ সুর (২০০০))।<sup>৫</sup> এ ছাড়াও তিনি কতিপয় গ্রন্থ অনুবাদ করেন।

#### রোমান্টিসিজমের পরিচয়

রোমান্টিসিজম পরিভাষাটি ল্যাটিন শব্দ রোমানিয়াস (Romanus) থেকে এসেছে। শব্দটিকে আবেগ এবং হৃদয়তা বিষয়ক কোনো কিছু বর্ণনা করতে বা কাল্পনিক এবং অবাস্তব কিছু বোঝাতে ব্যবহার করা হয়। সাহিত্যিক ও শৈল্পিক পরিভাষায় রোমান্টিকতা বলতে একটি বুদ্ধিবৃত্তিক এবং শৈল্পিক আন্দোলনকে বোঝায় যা অষ্টাদশ শতাব্দীর শেষ দিকে উদ্ভূত হয়ে ঊনবিংশ শতাব্দীতে বিকাশ লাভ করেছিল। যুক্তিবাদ (তর্কশাস্ত্র) এবং ক্লাসিসিজমের (রোমান্টিক মতবাদ) বিরুদ্ধে প্রতিক্রিয়া হিসাবে যা আলোকিত যুগে (*عصر التنوير* বা জ্ঞানার্জনের যুগ) প্রাধান্য পেয়েছিল। রোমান্টিকতা ব্যক্তিগত আবেগ, কল্পনা, প্রকৃতি এবং বাস্তবতা থেকে স্বপ্ন ও পৌরাণিক কাহিনীর জগতে পালাবার উপর জোর দেয়।<sup>৬</sup> The Oxford Companion to English Literature-এ রোমান্টিসিজম এর পরিচয় দেয়া হয়েছে এভাবে-“এটি একটি সাহিত্য আন্দোলন এবং অনুভবশক্তি পরিবর্তিত একটি সুগভীর বিষয় যা বৃটেন এবং সমগ্র ইউরোপ জুড়ে ১৭৭০ হতে ১৮৪৮ সালের মাঝে জায়গা করে নিয়েছে। বুদ্ধিবৃত্তিকভাবে এটি শিক্ষাদানের ক্ষেত্রে প্রচলিত প্রভাবের ছাপ রেখেছে। রাজনৈতিকভাবে এটি আমেরিকা ও ফরাসি বিপ্লবের দ্বারা প্রভাবিত ছিল। ...আবেগিকভাবে এটি ব্যক্তিসত্তার প্রবল বহিমুখিতা এবং ব্যক্তিগত অভিজ্ঞতার মূল্যায়নকে প্রকাশ করেছে। সাথে অসীম এবং অলৌকিক বা লোকান্তর বোধকেও প্রকাশ করেছে। সামাজিকভাবে এটি অগ্রগতিশীল কারণগুলোকে রক্ষা করেছে। রোমান্টিসিজমের রীতিশৈলীর প্রধান সুরই হলো ‘ঐকান্তিকতা ও তীব্রতা’ এবং এর শ্লোগান হলো ‘কল্পনা’।”<sup>৭</sup>

এনসাইক্লোপিডিয়া ব্রিটানিকাতে রোমান্টিসিজমের পরিচয়ে বলা হয়েছে-“রোমান্টিসিজম হলো এমন মনোভাব বা বৌদ্ধিক ধারণা যা অনেকগুলো কার্যক্রমকে বিশ্লেষণ করে যেমন সাহিত্য, সঙ্গীত, স্থাপত্য, চিত্রকলা, সমালোচনা এবং ইতিহাস ইত্যাদি। এটি পশ্চাত্য সভ্যতায় আঠারো শতকের শেষ থেকে উনিশ শতকের মাঝামাঝি পর্যন্ত সময়কালে বিস্তৃত ছিল। রোমান্টিসিজমকে শৃঙ্খলা, ঐক্য, ভারসাম্য, যৌক্তিকতা, স্থিরতা ও আদর্শায়ন ইত্যাদি নিয়ম-কানুনকে প্রত্যাখ্যান করতে দেখা যায়। যেগুলোকে সাধারণত ক্লাসিজম ও আঠারো শতকের শেষদিকের নিওক্লাসিজমের দৃষ্টান্ত হিসেবে ধরা যায়। এটিকে কিছুটা হলেও ইউরোপের বুদ্ধিবৃত্তিক আন্দোলন, আঠারো শতকের যুক্তিবাদ এবং শারীরিক বস্তুবাদের বিরুদ্ধে সাধারণ প্রতিক্রিয়া বলা যায়। রোমান্টিসিজম ব্যক্তি-স্বাতন্ত্র্যবাদ, বিষয়বস্তুর প্রাধান্য, অযৌক্তিকতা, কল্পনাপ্রবণতা, স্বকীয়তা, স্বতঃস্ফূর্ততা, আবেগপ্রবণতা, স্বপ্নমগ্নতা ও অতীন্দ্রিয়বাদের প্রতি গুরুত্বারোপ করে।<sup>৮</sup> শিল্পসাহিত্যে রোমান্টিসিজম একটি বিশেষ দৃষ্টিভঙ্গি, রূপ বা ধারা-যেখানে শিল্পী তাঁর অসাধারণ কল্পনাসক্তিকে কাজে লাগিয়ে, আপন মনের গভীর অনুভূতিজ্ঞাত ভাবাবেগকে, জীবনের বাস্তবতা ও প্রাত্যহিকতাকে, তার চারপাশের ও অন্তর্দৃষ্টির বিষয়বস্তুকে বাস্তবতীত প্রজ্ঞাস্পর্শন্য এক অপূর্ববস্তুতে রূপায়িত করেন, তার নামই রোমান্টিকতা।

#### রোমান্টিসিজমের বৈশিষ্ট্য

ক. প্রকৃতি ও নিসর্গপ্ৰীতি : উদার, সবুজ-শ্যামল ও পরিবর্তনশীল প্রকৃতির বিচিত্র ও নানা রং এর সাথে বৈচিত্র্যময় মানবমনের ভাবাবেগের সাদৃশ্য খুঁজে পেয়েছেন রোমান্টিক কবিরা, ঝড়ের সাথে মোকাবিলা করেও বছরের পর বছর টিকে থাকার মধ্যে জীবনের দুখোঁগে ঘুরে দাঁড়ানোর শক্তি ও সাহসী আবিষ্কার করেছেন, প্রকৃতির সৌন্দর্যে বিমোহিত হয়েছেন এবং এগুলোর দ্বারা অনুপ্রাণিত হয়েছেন।

খ. মানবপ্রেম ও সহজ-সরলতা : রোমান্টিক কাব্য ও গদ্যসাহিত্যে মানুষের প্রতি ভালোবাসা ও মানবতার প্রতি দরদের চিত্র ফুটে উঠে সেই সাথে তাদের রচনায় সহজ সরল স্বাভাবিক জীবনের প্রতি আকর্ষণ ও সে জীবনে পবিত্রতা বজায় রাখার অকৃত্রিম প্রচেষ্টাও বিদ্যমান। এই সহজ সরলতার মধ্যে থেকে তারা ভবিষ্যতের জন্য স্বপ্ন সাজিয়েছেন ও জীবনের মৌলিকত্ব বহাল রাখতে আপ্রাণ প্রচেষ্টা চালিয়েছেন। যেমন রুশোর রচনায় প্রকৃতির কাছে প্রত্যাবর্তনের আকুলতা ও মানবতার মহিমা উপলব্ধি ও প্রেমের শক্তির জয়গান, ওয়ার্ডসওয়ার্থ এর কবিতায় লুসি চরিত্রটির এক সাধারণ গ্রাম্য বালিকার আনন্দ ও পবিত্রতা, ব্লেইক এর শৈশবের সরল স্বপ্নময়তা ফুটে উঠে।

গ. অপার বিস্ময় ও রহস্যবোধ : রোমান্টিসিজম 'রিয়ালিজম' বা বাস্তববাদের বিপরীত দৃষ্টিভঙ্গি। রোমান্টিক কবিরা জীবন ও জগতের সর্বত্র রহস্য অনুভব করেছেন। সৃষ্টিজগৎ ও প্রকৃতির অপার সৌন্দর্যে বিস্ময় প্রকাশ করেছেন। এই সৌন্দর্যের রহস্য ও বিস্ময়ে সীমাহীন মুগ্ধতা ও আবেগ প্রকাশ করেছেন এবং নিজেদের সেই রহস্যের মাঝে বিলীন করে দিয়েছেন। মানবমনের জটিল সমীকরণ ও বাস্তবতার সামনে অন্তর্জগতের অভিজ্ঞতার প্রতি গুরুত্বারোপ করেছেন।

ঘ. অতীতচরিতা : রোমান্টিক কবিগণ তাদের লেখনীতে সমসাময়িক জীবনের সামাজিক-রাজনৈতিক অনুশাসন ও প্রতিষ্ঠান, কঠোর জীবনযাত্রার প্রতি ক্ষোভ, আত্মহীনতা ও অসন্তুষ্টি প্রকাশ করে ফিরে যেতে চেয়েছেন দূরবর্তী অতীতের অতিবাহিত জীবনধারার কাল্পনিক সৌন্দর্য ও মায়াময় স্মৃতিতে। স্মরণ করেছেন মধুর সময় ও সে সময়ের সাথে সংশ্লিষ্ট প্রিয় মানুষদের। প্রকাশ করেছেন অতীত গৌরবের কথা। এ সমস্তই ফুটিয়ে তুলেছেন নিজেদের কবিতায়। এমনকি তাঁরা তাঁদের কবিতায় স্বীয় সৌন্দর্যলোক নির্মাণের জন্য প্রাচীন গাথা, লোককথা, কিংবদন্তী, পুরাণ ও ইতিহাসের বিচিত্র ভান্ডার থেকে উপাদান সংগ্রহ করেছেন। যেমন আমরা দেখি জীবনানন্দ দাশ তাঁর অসংখ্য কবিতায় ফিরে গেছেন ব্যাবিলন মিশরের প্রাচীন সভ্যতায়, বিদ্বিসার অশোকের ধূসর জগতে, আবার স্কটের উপন্যাসে ও কোলরিজের কবিতায় মধ্যযুগ, কিটস ও শেলির কাব্যে প্রাচীন গ্রিসের রূপক ও পুরাণ নতুন করে বর্ণনায় হয়ে উঠেছে।

ঙ. অতিপ্রাকৃতের রহস্যানুভব : রোমান্টিক সাহিত্যে অজানা ও অচেনাকে ভয়, আচমকা শিহরণ, অদ্ভুত জিনিসে আগ্রহ, অতিপ্রাকৃত জিনিসের রহস্য ও অতিলৌকিক বিষয় ও ঘটনার প্রতি আকর্ষণ, ফ্যান্টাসি ও স্বপ্নজগত ইত্যাদির নিদর্শন ফুটে উঠে। যেমন-ওয়ালপোল, র‍্যাডক্লিফ প্রমুখের গথিক উপাখ্যান এবং কোলরিজের 'The Ancient Mariner, Christabel, ও Kubla Khan কবিতায় এই ধরনের অতিপ্রাকৃত শংকা ও রহস্যের শিহরণ আছে। কিটসও তাঁর 'Lamia Isabella La Belle Dame Sans Merci' (The Beautiful Lady Without Mercy)<sup>৯</sup> প্রভৃতি কবিতায় এক অপার্থিব, অতিলৌকিক জগৎকে তুলে ধরেছেন। কোলরিজ এ ধরনের লেখনীকে বিবৃত করেছিলেন- 'Willing suspension of disbelief' বলে।

চ. বিষণ্ণতা ও নৈরাশ্যের বেদনা : রোমান্টিক কবিগণ সবসময়ই বাস্তব জীবনের কঠিন ও কঠোর সত্যের মুখোমুখি হয়ে প্রতিনিয়ত হতাশা, বিষণ্ণতা ও নৈরাশ্যের বেদনা লালন করেছেন এবং কবিতার ভাষায় তা ফুটিয়ে তুলেছেন। কখনো কখনো যন্ত্রণাক্রান্ত জীবনের অসহায়ত্ব প্রকাশে তাদের করুণ আর্তি প্রকাশ পেয়েছে। এখানে বিদ্যমান মানবজীবনের দুঃখ-ক্লেশ, প্রেম-ভালোবাসায় অপূর্ণতা, সৌন্দর্যের ক্ষণস্থায়ীত্ব, ধ্বংস ও নাশ, ক্ষয় ও মৃত্যু স্বপ্নসন্ধানী কবিমানসকে ব্যাখ্যিত করেছে। যেমন কিটস, শেলি ও কোলরিজের কবিতা বিষণ্ণতা ও নৈরাশ্যের বেদনা নানাভাবে অনুভূতিপ্রবণ কবিমনের অসহায়ত্বকে ব্যক্তি করেছে।

ছ. সৌন্দর্যপ্রেম: বস্তুবাদী সমাজের নির্যাতন ও নিদারুণ যন্ত্রণার মধ্য দিয়েও স্বপ্ন সময়ের জন্য রোমান্টিক কবিরা প্রকৃতি ও সৃষ্টিজগতের পরতে পরতে সৌন্দর্য খুঁজে বেড়িয়েছেন। সৌন্দর্য উপভোগ করেছেন আকর্ষণ ডুবিয়ে এবং সেই সৌন্দর্যের বন্দনায় আকুতি বারিয়েছেন লেখনীতে। এ ধরনের আকুতি সবচেয়ে বেশি পরিলক্ষিত হয় কিটসের কবিতায়। এক্ষেত্রে তার বিখ্যাত লাইন হলো- "A thing of beauty is a joy forever" অর্থাৎ সুন্দর সবসময়ই আনন্দদায়ক।

জ. আধ্যাত্মিকতাবাদ ও আদর্শবাদী স্পৃহা : পার্থিব জগতের সীমা ছাড়িয়ে রোমান্টিক কবিগণ ঊর্ধ্বলোকের অলৌকিক শক্তির প্রকৃতি উপলব্ধি করেছেন এবং ক্ষয়িষ্ণু সমাজকে অধঃপতনের হাত থেকে রক্ষা করতে আদর্শবাদী স্পৃহায় অনুপ্রাণিত হয়েছেন ও সাহিত্যে তার ছাপ ফুটিয়ে তুলেছেন। যেমন প্রকৃতির গভীরতায় ওয়ার্ডসওয়ার্থ গুনেছেন এক অলৌকিক সংগীত এবং মনের চোখ দিয়ে দেখেছেন 'সকল বস্তুর অন্তর্জীবন (the life of things)'।<sup>১০</sup> স্কাইলার্কের স্বর্গীয় সুর লহরীতে, কিংবা উদাম পশ্চিমা বাতাসের মত্ততায় শেলি দেখেছেন এক অক্ষয় ঊর্ধ্বলোকের লীলাশক্তিকে, প্রকৃতি ও মানুষকে নিয়ে এক অতীন্দ্রিয় সৌন্দর্য নির্মাণের বাসনায় তার রোমান্টিক মন ব্যাপ্ত থেকেছে এক অলৌকিক শরির উপলব্ধিতে।

ঝ. ভাষা ও শৈলীর নতুনত্ব : ওয়ার্ডসওয়ার্থ তাঁর 'লিরিক্যাল ব্যালাডস'- এর ভূমিকায় রোমান্টিকদের ভাষা ও শৈলী বিষয়ে আলোচনা করেছেন। যার মাধ্যমে বুঝা যায়, অষ্টাদশ শতকের প্রথাসর্বস্বতা, সংযম ও শৃঙ্খলা, ছন্দোবদ্ধ পদ্য পদ্ধতির নিগড় ছেড়ে সহজ, স্বতস্কৃত ভাষা এবং সরল, স্বাভাবিক ও উপযোগী নতুন শব্দ চয়ন করা রোমান্টিক সাহিত্যের বৈশিষ্ট্য। অলংকারবহুল, কৃত্রিম কাব্যরীতির পরিবর্তন সাধন করে ভাষা ও নির্মাণশৈলীর নতুনত্ব আনয়ন করা ছিল রোমান্টিক কাব্য আন্দোলনের অন্যতম লক্ষ্য।

এং. আত্মমুক্তি ও বিদ্রোহী মনোভাব : রোমান্টিক সাহিত্যে ব্যক্তি মনের আবেগ অনুভূতির উচ্ছল বহিঃপ্রকাশ পরিলক্ষিত হয়। সমষ্টির অনুভূতি প্রকাশের নিগড় থেকে এটি মুক্ত। আবার রোমান্টিক সাহিত্য প্রচলিত সমাজের অন্যায়, অনাচার ও ব্যক্তির প্রতি সমষ্টির নির্যাতন-নিষ্পেষণের বিরুদ্ধে বিদ্রোহ প্রকাশ পায়।

ট. হৃদয়ানুভব আশ্রিত : রোমান্টিক সাহিত্য ব্যক্তি মনের আবেগ অনুভবকে আশ্রয় করে গড়ে উঠে। মানুষের ও সমাজের অবস্থা বিশ্লেষণে রোমান্টিক কবিসমাজ বিচার বুদ্ধির চেয়ে হৃদয়ানুভবকেই মানদণ্ড হিসেবে বিবেচনা করেন ও প্রাধান্য দেন।<sup>১০</sup>

আরবি সাহিত্যে রোমান্টিক স্কুলের বৈশিষ্ট্যগুলির মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত:

আবেগের মহিমাকীর্তন ও কল্পনার প্রাধান্য: আমরা কবিতার কাজে অভিযোগ, ব্যথা, নষ্টালজিয়া, দুঃখ ও বঞ্চনার আধিক্য লক্ষ্য করা যায়।

উদ্ভাবন ও নবায়ন: প্রেম ও রোমান্স কবিতার শৈলীতে নতুনত্ব, নির্বাচিত শব্দভান্ডার, অনুকরণের বিরোধিতা, প্রতিভা ও স্বতঃস্ফূর্ততার উপর জোর দেওয়া।

হৃদয়ের বৈচিত্র্য ও অলঙ্কারের বহুমুখিতা: কবিতায় উপমা, রূপক ইত্যাদি বিভিন্ন অলংকারিক শৈলীর উপস্থিতি।

ধারণা, আবেগ ও সুরের ঐক্য: অভিব্যক্তি কম্পন ও ইঙ্গিত দ্বারা চিহ্নিত হয়।

প্রকৃতির প্রতি আকর্ষণ ও তার কাছে পলায়ন: সামগ্রিক ও খণ্ডচিত্রের প্রতি মনোযোগ, যা আরবি সাহিত্যের শুদ্ধ প্রেমের কবিতার উদাহরণে পাওয়া যেতে পারে।

দৈনন্দিন জীবনের ব্যবহারিক ভাষা: সহজ শব্দচয়ন, এবং হৃদয়ের ভাষা হিসেবে কবিতাকে অভিব্যক্তির মাধ্যম হিসেবে গ্রহণ।

কবির ব্যক্তিত্বের প্রকাশ: কাজের মাধ্যমে কবির আত্মা ও আবেগের অভিব্যক্তি।

বিমূর্ত ধারণাগুলির মূর্তরূপ দানের অভাব: এবং সাহিত্যকে সৃজনশীলতা হিসেবে ঘোষণা করা।

শৈল্পিক দিক থেকে ধ্রুপদী স্কুলের সীমাবদ্ধতা ভাঙা: এবং কবিতার গঠনে পরিবর্তন আনা, যা সকল ধরনের কবিতার মূল ভিত্তি, যেমন আন্দালুসিয়ান যুগের প্রেমের কবিতা।

কল্পনার প্রতি মনোযোগ: এবং রোমান্টিক কবিতায় দুঃখের প্রাধান্য।<sup>১১</sup>

#### ফাদওয়া তুকের কবিতায় রোমান্টিক অনুভূতি

ফাদওয়া তুকের আপাদমস্তক একজন রোমান্টিক কবি ছিলেন। রোমান্টিক কবিতায় মনস্তাত্ত্বিক বিষয়বস্তু, হৃদয়ের দহন অন্তর্ভুক্ত থাকে। রোমান্টিক কবি 'আমিত্ব ও সত্তা'র প্রতি অধিক গুরুত্বারোপ করে থাকেন। অতঃপর ভালোবাসা ও নান্দনিকতার পবিত্রতা, প্রকৃতির প্রতি অনুরাগ, কল্পনা ও স্বপ্নের কাছে আত্মসমর্পণ ইত্যাদি বিষয়কে উপজীব্য করে। ফাদওয়া তুকের জীবনের প্রথম দিকে আত্মকেন্দ্রিক ছিলেন। রাতের মতই ছিল তার জীবন। তার হৃদয়ের আকাশে কালো মেঘ ছেয়ে গিয়েছিল। পরবর্তী জীবনে কবির হৃদয় আকাশ হতে সে কালো মেঘের ঘনঘটা ক্ষণিকের জন্যও কেটে যায়নি। কবি যন্ত্রণা, ভালোবাসার কষ্ট, একাকিত্ব, আত্ম-নির্বাসন ও সমাজ বিমুখতায় অভ্যস্ত হয়ে পড়েন। এজন্য তিনি রোমান্টিক কবিতা রচনায় আত্মনিয়োগ করেন। তাঁর কবিতায় রোমান্টিক বিষয়বস্তু পুরোমাত্রায় স্থান পেয়েছে। যন্ত্রণা, নির্বাসন ও স্বাধীনতা বিষয়ে তিনি রোমান্টিক কবিতা রচনা করেন।

#### কষ্ট ও যন্ত্রণা

কবি আজন্ম দুঃখিত ও ব্যথিত ছিলেন। মা খুশি মনে তাকে জন্ম দেননি। পিতা জন্মের পর তার মুখ দেখেননি। জীবনে পিতা কন্যাকে একবারের জন্যে নাম ধরে ডাকেননি। কোনো বাক্য দ্বারা সম্বোধন করেননি। এমন কন্যার হৃদয় ভেঙ্গে খান খান হয়ে যাওয়া অস্বাভাবিক কিছু কি? কবি জীবনের এ দুঃখের কথা أنا والسر الضائع (আমি ও হারানো রহস্য) কবিতায় বর্ণনা করেন,<sup>১২</sup>

... وسرت والأيام أمشي إلى

لا غاية، لا مأمل، لا رجاء

وسرت شيئاً ميت الروح لا

أبحث عن شيء،

وفي نفسي، تلج وليل، ووطأة اليأس

تخفق في نفسي بقايا النداء

'আমি চলছি দিনগুলোর সঙ্গে,

না আছে কোনো লক্ষ্য, না আছে কোনো আশা, না কোনো প্রত্যাশা।

আমি চলছি যেন এক মৃত আত্মা,

কিছুই চাই না,  
আমার ভেতরে বরফ আর রাতের অন্ধকার  
এবং হতাশার পদদলন,  
আমার অবশিষ্ট আর্তি যেন শ্বাসরুদ্ধ হয়ে আসে।’

কবি মনের গভীরে তীব্র বেদনা অনুভব করলেও কারো প্রতি দুর্ব্যবহার করতে ইচ্ছুক ছিলেন না। তিনি আপন মনে ব্যথা সহ্য করে যেতেন। মনের কষ্ট মনের মাঝে দাফন করে নিতেন। কবিতায় কবি মনের ক্রোধের বহিঃপ্রকাশ ঘটেছে।

কবি أيهم (তারা কোথায়) কবিতায় বলেন,<sup>১৩</sup>

جرعوني كأس الهوان وسدوا الدرب دوني وأمعنوا في امتهاني  
كم تمنوا سحقي ومحقي ولكن ظل ربي معي يُعظم شاني  
أيهم؟ إنهم هباء تلاشي في فراغ اللاشيء واللامكان  
ها أنا حاضر وجودي بشعري وانتشاري في أربع الأركان  
فليموتوا بغيظهم ها هو إسمي نغم عالق بكل لسان

‘তারা আমাকে অপমানের পেয়ালা পান করিয়েছে,  
আমার সম্মুখের পথ বন্ধ করেছে, আমাকে আরো ভীষণভাবে অপমান করেছে।  
তারা কতবার চেয়েছে আমাকে ধ্বংস করতে এবং নিশ্চিহ্ন করতে,  
কিন্তু আমার প্রভু সবসময় আমার সঙ্গে থেকে আমার মর্যাদা বাড়িয়ে দিয়েছেন।  
তারা কোথায়? তারা এখন ধূলিকণা হয়ে শূন্যে মিশে গেছে,  
কোনো অস্তিত্বহীন ফাঁকা স্থানে।  
আমি এখানে আছি, আমার অস্তিত্ব আমার কবিতার মধ্যে,  
আর ছড়িয়ে আছে আমার চতুর্দিকে।  
তারা যেন তাদের ক্রোধেই ধ্বংস হয়, কারণ আমার নাম  
সবার মুখে মুখে গীত হয়ে উচ্চারিত হচ্ছে।’

ফাদওয়া তুকানের কবিতা বেদনার বহিঃপ্রকাশের মাধ্যমে শুরু হওয়া অযাচিত ছিল না। এই উপাদানটি রোমান্টিক ব্যক্তিত্ব বিনির্মাণে একটি প্রধান স্তম্ভ হিসেবে কাজ করে। রোমান্টিকধারা সম্পর্কে বলা হয়েছে যে, এটি ডেকার্টের বিখ্যাত উক্তি, “আমি চিন্তা করি, তাই আমি আছি”-এর আলোকে বলা হয় যে, “আমি বেদনা অনুভব করি, তাই আমি আছি”।<sup>১৪</sup> এই সূত্র ধরেই রোমান্টিক সাহিত্যে বেদনার উপাদানের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে এবং এটিকে আলোচনার একটি বিস্তৃত ক্ষেত্র হিসেবে বিবেচনা করা হয়। এই বেদনা বিচ্ছিন্নতা, দুঃখ এবং হতাশার অনুভূতির উৎস, যা ফাদওয়ার আত্মায় গভীরভাবে প্রোথিত ছিল এবং তার পুরো কবিতায় স্পষ্টভাবে ফুটে উঠেছে। উল্লেখ্য যে, তাঁর কাব্যিক শব্দকোষে আনন্দের কোনো চিহ্ন নেই। ফাদওয়া তার পুরো জীবনকাল- শৈশব থেকে মৃত্যু পর্যন্ত কখনো প্রকৃত সুখ অনুভব করেননি। তিনি নিজেই বলেন, “আমার শৈশবে যেসব বেদনাদায়ক অনুভূতির মধ্য দিয়ে আমার জীবন কেটেছে, সেগুলোর তীক্ষ্ণ স্বাদ আমার পরবর্তী জীবনে অনুভব করেছি।”<sup>১৫</sup>

### প্রেম ও ভালোবাসা

ফাদওয়া তুকানের যুগে প্রেমের কথা প্রকাশ করা কঠোরভাবে নিষিদ্ধ ছিল। এমনকি প্রেম করা মহাপাপ হিসেবে বিবেচনা করা হতো। যদি কেউ প্রেমে পড়ে যেত, তবে তাকে তা গোপন রাখতে হতো। আল্লাহর আইনে গোপন প্রেমের শাস্তি বিলম্বিত হলেও, পৃথিবীর আইনে তাৎক্ষণিকভাবে কার্যকর হতো। এমনকি যদি কেউ অনুতপ্ত হয়ে ক্ষমা প্রার্থনা করলেও ক্ষমা পাওয়ার বিষয়ে সন্দেহ থেকে যেত। ফাদওয়া তুকান বলেন, “আমাদের আরব-প্রাচ্য সমাজ প্রেমের অনুভূতিকে অত্যন্ত অন্যায়ভাবে দমন করেছে, যেমনটি নারীকে করেছে যুগ যুগ ধরে। এই মহিমাম্বিত মানবিক আবেগ, যা নবীদের হৃদয় স্পর্শ করেছিল, তাকেও সমাজ লজ্জা ও কেলেকারি হিসেবে রূপ দিয়েছে। মহানবী মুহাম্মদ সা. একবার বলেছিলেন, ‘সুবহানাল্লাহ! হৃদয়ের পরিবর্তন ঘটানোর মালিক তিনিই!’ যখন হঠাৎ করে তার সামনে জয়নব বিনতে জাহশ রা. উপস্থিত হন, যার সঙ্গে পরবর্তীতে তিনি বিবাহবন্ধনে আবদ্ধ হন। কিন্তু আমাদের দ্বিচারী আরব সমাজে প্রেমকে এখনো অপমান ও কলঙ্কের প্রতীক হিসেবে দেখা হয়।”<sup>১৬</sup> ফাদওয়া তুকানের কবিতায় প্রেম তার আত্মার অভিব্যক্তির প্রতিফলন ঘটেছে। তাঁর কবিতা রোমান্টিক সাহিত্যে প্রেমের প্রকৃত রূপের এক বিশুদ্ধ প্রতিচ্ছবি। তাঁর কাছে প্রেম ছিল জীবনের ধারাবাহিকতা বজায় রাখার এক অফুরন্ত উৎস, যা তার হৃদয়কে স্পন্দিত রেখেছে। এমনকি শরীর যখন বয়সের ভারে ক্লান্ত হয়ে

পড়েছিল। আশির দশকে পৌঁছে শারীরিক দুর্বলতা তাকে জীর্ণ করলেও প্রেম তার হৃদয়ে জীবনস্বরূপ বেঁচে ছিল। যেমন তিনি [শেষ সুর] কবিতায় বলেন,<sup>১৭</sup>

ما الذي يملك أن يفعله قلب  
يظلُّ الشعرُ والحبُّ قرينين من الجنِّ  
لصيقين به لا يبرحانه  
ما الذي يملك أن يفعله قلب على  
طول المدى  
هو طفل الحبِّ يمضي سادراً في غيِّه  
لا ينثني عن عنفوانه  
ما الذي يملك أن يفعله قلب  
يجب الحب للحب وللشعر  
وللمعنى الجميل  
يا له قلباً حزين .

‘কী-ই বা করতে পারে এক হৃদয়?  
যেখানে কবিতা আর প্রেম যেন জীনের মতো জুটি হয়ে থাকে,  
যেখানে তারা অবিচ্ছেদ্য সঙ্গী,  
তারা আঠার মতো লেগে থাকে, বিচ্ছিন্ন হয় না।  
কী-ই বা করতে পারে এক হৃদয়,  
যে যুগ যুগ ধরে প্রেমেরই শিশু,  
যে তার মোহমুক্ততায় মগ্ন,  
যে তার প্রথম প্রেম হতে মুখ ফেরায় না!  
কী-ই বা করতে পারে এক হৃদয়,  
যে প্রেমকে ভালোবাসে প্রেমের জন্য, কবিতার জন্য,  
সুন্দর অর্থের জন্য,  
হায়, কী দুঃখ ভারাক্রান্ত তার হৃদয়!’

[প্রথম কবিতা], এই কবিতার প্রথম পঙক্তিতে ইবরাহীম রাজার প্রেমের ছায়ামূর্তি যেন লুকিয়ে আছে। সুযোগ খোঁজে কবিতার ভেতর তা প্রবেশ করার প্রয়াস পান। এ বিষয়ে তাকে প্রশ্ন করা হলে তিনি কোনো উত্তর খুঁজে পান না। তখন তিনি বলেন—<sup>১৮</sup>

لا، لا تسلي، لن أبوح به  
سيظل حبك أغواري  
ها أنتبحر راح يأخذني  
في موجتيه أخذ جبار  
ها أنت، ها أنا قصة بدأت  
مكتوبة في سفر أقداري...

‘না, না, কিছু জিজ্ঞেস করো না, আমি কিছু বলবো না।  
তোমার প্রতি আমার ভালোবাসা থেকে যাবে আমার হৃদয়ের গোপন গভীরে।  
এই যে তুমি, এক সমুদ্রের ঢেউয়ের মতো  
আমাকে টেনে নিয়ে যাচ্ছে এক প্রচণ্ড টানে।  
এই যে তুমি, আর এই যে আমি—  
এক গল্প, যা লেখা হয়েছিল আমার নিয়তির পাতায়...।’

القصيدة الأخيرة [শেষ কবিতা], এই কবিতায় ফাদওয়া তুকানের প্রেমের পরাজয় সুস্পষ্ট হয়ে উঠে। প্রেম যেন দুজন ডুবে যাওয়া নাবিকের মতো, যারা পরস্পরকে বাঁচানোর চেষ্টা করেও ব্যর্থ হন। কবি প্রেমে ব্যর্থ হয়ে ব্যথাভরা কণ্ঠে বলেন,<sup>১৯</sup>

انتبهنا يا رفيقي  
حبنا كان استغاثات غريق بغريق  
لم تكن تملك لي شيئاً ولا كان لدي  
لك شيء.  
وتلاشي صوتنا  
في اصطخاب الموج، في غور بحار الظلمات  
عشباً كنا نريد الحب أن يمنحنا خيط الحياة  
أنت تدري. لا تسل عن حبنا  
نحن حاولنا ولكننا فشلنا  
أسفاً، ماذا غنمنا  
غير غصات أسناننا وجراح الأغنيات؟

‘আমরা শেষ হয়ে গেছি, হে সঙ্গী।  
আমাদের প্রেম ছিল এক ডুবন্ত মানুষের আর্তনাদ,  
যে আরেক ডুবন্ত মানুষের কাছে সাহায্য চেয়েছিল।  
তুমি আমার জন্য কিছু করতে পারোনি,  
আমিও তোমার জন্য কিছু করতে পারিনি।  
আমাদের কণ্ঠ হারিয়ে গিয়েছিল,  
সমুদ্রের প্রচণ্ড গর্জনে, গভীর অন্ধকারের অতল গহ্বরে।  
আমরা চেয়েছিলাম ভালোবাসা আমাদের জীবন যুদ্ধের মেলবন্ধন হোক,  
কিন্তু তুমি জানো, তা হয়নি।  
আমাদের প্রেম নিয়ে কিছু জিজ্ঞেস করো না।  
আমরা চেষ্টা করেছিলাম, কিন্তু আমরা ব্যর্থ হয়েছি।  
দুঃখজনক, আমরা কী পেয়েছি এই প্রেম থেকে?  
শুধু কষ্টকর দীর্ঘশ্বাস আর কিছু আহত গান।’

ফাদওয়া তোকানের কবিতায় প্রেম কখনো স্নিগ্ধ আলো হয়ে জ্বলে উঠেছে, কখনো তীব্র শোকের প্রতিচ্ছবি হয়ে প্রকাশ পেয়েছে। তার প্রথম প্রেম সুবহী হয়তো বাস্তব জীবনে হারিয়ে গিয়েছিল, কিন্তু কবিতার প্রতিটি শব্দে, প্রতিটি অনুভূতিতে সে চিরকাল বেঁচে থেকেছে—এক নিঃশব্দ উপস্থিতির মতো।

### স্বপ্ন ও কল্পনা

প্রাচীনকালে আরবরা কল্পনাকে প্রায়শঃ শয়তানের স্বভাব বলে বিশ্বাস করতেন। তারা কল্পনা শক্তিকে একধরনের প্রেরণা হিসেবে কল্পনা করতেন। এমনকি নবী মুহাম্মদ সা.-কে ‘কবি’ বলে অভিযুক্ত করার মধ্যেও তাদের প্রেরণা ও কাব্যধর্মী ধারণার প্রতি গভীর মনোভাব প্রতিফলিত হয়। কিছু আরব মনে করতেন যে কল্পনা শক্তি মাঝে মাঝে হারিয়ে যায় এবং ফিরে আসে। তারা বিশ্ব করতেন যে, নির্দিষ্ট সময়ে কল্পনার অনুপস্থিতিতে কবির পক্ষে একটি কবিতা লেখা অসম্ভব হয়ে পড়ে। অন্যদিকে, যখন এটি ফিরে আসে, শয়তান যেন কবির জিহ্বায় কবিতা ফুঁকে দেয়। আরবি ঐতিহ্যবাহী সাহিত্য শয়তানের সাথে কবিদের সম্পর্কের গল্পে ভরপুর। যেমন কবি আল-ফারাজদাক, শয়তান ও তার পুত্রের বন্ধুত্বের গল্প। এভাবে ফাদওয়া তোকানের কবিতায় কল্পনা ও স্বপ্নের প্রকাশের দিকটি গভীরভাবে রোমান্টিক ধারণার সাথে মিশে গেছে, যা তার রচনাকে আরও অনন্য ও বিশিষ্ট করে তোলে। ফারাজদাক বললেন,<sup>২০</sup>

وإن ابن إبليس وإبليس البنّا لهم يعذاب الناس كل غلام  
هما نقتل في في من فمويهما على النابح العاوي أشد رجاء

‘ইবলীস এবং তার পুত্র মানুষের কষ্টের জন্যই যেন জন্ম নিয়েছে।  
তারা তাদের মুখ থেকে আমার মুখে ফুঁকে দিয়েছে,  
যেন তারা আমার শত্রুকে আঘাত করার জন্য প্রবল অস্ত্র সরবরাহ করেছে।’

ফাদওয়া তুকান, একজন রোমান্টিক কবি হিসেবে ছোটবেলা থেকেই কল্পনার শাসনকে মেনে চলার ক্ষেত্রে নিষ্ঠা ছিলেন। তিনি বলেন, “আমি আমার ভাই ইব্রাহিমের কবিতা আবৃত্তির ভঙ্গি অনুকরণ করতাম এবং নিজেকে একজন কবি হিসেবে কল্পনা করতাম, যিনি তার কবিতা একটি ভিড়ের সামনে আবৃত্তি করছেন। আমি কল্পনার এই ছবির মধ্যে এতটাই মগ্ন হয়ে যেতাম যে এটি আমার কাছে সত্য বলে মনে হতো। যখন শেষ করতাম, আবারও আবৃত্তি করতাম, দ্বিতীয়বার, তৃতীয়বার, চতুর্থবার... যেন আমি কোনো আধ্যাত্মিক আকর্ষণের (sufi trance) মধ্যে ছিলাম।”<sup>২১</sup> ফাদওয়া তার কল্পনার জগৎকে এমনভাবে ফুটিয়ে তুলেছেন যেখানে তিনি তার নিজস্ব একটি মায়াবী এবং সুন্দর পৃথিবী নির্মাণ করেন। তিনি রাতের নীরবতায় ডুবে যান, ঘুমের সুলতান থেকে পালিয়ে, নিজের চোখের নিচে লুকিয়ে থাকা গোলাপি স্বপ্নের ছায়াগুলোকে জড়ো করেন। তিনি ভয় পান যে ভোরের আলো এসে সেই স্বপ্নগুলোকে মুছে ফেলতে পারে। তাই তিনি সেই স্বপ্নগুলোকে আদরের হাতে জড়ো করেন, সুগন্ধে সিক্ত করেন, হৃদয়ের উৎস থেকে ধৌত করেন এবং তার আবেগের উত্তাপে তা স্নিগ্ধ করেন। স্বপ্নের পৃথিবী রাতের অন্ধকারে প্রস্ফুটিত হয়, যখন কবি নিজের আত্মার অন্তর্গত জগতে ডুবে যান, তার প্রতিধ্বনি শুনতে পান এবং নিজের অনুভূতির গভীরতায় জীবন অনুভব করেন। এ সময় তার আত্মা যেন মহাকাশে বিচরণ করে। ফাদওয়া তুকান তার কবিতায় লিখেছেন,<sup>২২</sup>

|                           |                             |
|---------------------------|-----------------------------|
| مع الليل قمت ألملم أطياف  | حلم هنيئ تفيأ هدي           |
| خشيت إذا الصبح مَزَ عليها | تفرُّ مع الصبح في كل درب    |
| وجمعها بأَك ف الحنان      | وضمختها برشاش العبير        |
| وحميتها في ينابيع قلبي    | ودفأتها بلهيب شعوري         |
| وذُرْتُ عليها وقلبي يغني  | بكأسي ودن خموري العتيقة     |
| خموري عصير كرومي وكانت    | مخبة في كهوفي السحيفة       |
| هناك بدنيا يمجج بما الفن  | والسحر، دنيا الجمال السعيدة |
| هناك سحنت طيوفي الغوالي   | ونمت وتحت وسادي قصيدة.      |

‘রাতের সাথে আমি উঠে পড়ি,  
স্বপ্নের সেই স্নিগ্ধ ছায়াগুলো জড়ো করি।  
ভোরের আলো আসার ভয়ে,  
তারা যেন ছুটে না যায় পথে পথে।’  
আমি আদরের হাতে তাদের ধরে রাখি,  
সুগন্ধের ফোঁটায় সিক্ত করি।  
আমার হৃদয়ের বরনা দিয়ে তাদের ধৌত করি,  
আমার অনুভবের উত্তাপে উষ্ণ রাখি।  
আমি তাদের চারপাশে ঘুরি, আমার হৃদয় গান গায়।  
আমার পুরাতন মদের পাত্রের সাথে,  
আমার মদ আমারই আঙ্গুরের রসে তৈরি,  
যা আমার গোপন গুহাগুলোর গভীরে লুকিয়ে থাকে।  
সেখানে এক পৃথিবীতে শিল্প এবং জাদু ঢেউ তোলে,  
সুখী সৌন্দর্যের এক পৃথিবী।  
সেখানে আমি আমার মূল্যবান ছায়াগুলো বন্দি করেছি,  
সেখায় আমি ঘুমিয়ে থাকি আর আমার বালিশের নিচে থাকে একটি কবিতা।’

### প্রকৃতি

রোমান্টিক ধারণায় একটি বিষয়কে শুধুমাত্র তার বিপরীতের মাধ্যমে বোঝা যায়। রোমান্টিকদের জন্য প্রাথমিক বিষয় হলো, যে মানুষ প্রকৃতির কাছাকাছি থাকে, সে প্রকৃতির গতি ও গতিশীলতাকে ভালোবাসে। যেমন একজন কবি তার শব্দকে ভালোবাসেন। মানুষ গ্রাম ও শহরের মাঝে তুলনা করে। রোমান্টিকরা গ্রামকে ভালোবাসে। কারণ প্রকৃতির পবিত্রতা তাকে সুরক্ষা দেয়, নৈতিক এবং অনুভূতিগত দূষণ থেকে দূরে রাখে এবং সেখানে কল্পনা ও স্বপ্নের জন্য একটি উন্মুক্ত পথ সৃষ্টি হয়। অন্যদিকে শহর মানুষকে এমন একটি পরিবেশে রাখে, যেখানে সৃজনশীলতা আটকে যায়, যেখানে পাহাড়ের মতো উঁচু দেয়াল দৃষ্টিকে সীমাবদ্ধ রাখে এবং সে কোনোভাবেই তার চিত্রকল্প বা দৃষ্টিভঙ্গি গঠন করতে পারে না। শহরের মধ্যে সূর্য বা চাঁদ তাদের প্রকৃত কাজ করতে পারে না; সূর্য তার আলো ও ছায়ার চক্র সম্পন্ন করতে পারে না।

আর চাঁদ তার প্রলোভন সৃষ্টি করতে পারে না। শহরে শব্দের বিশুদ্ধতা হারিয়ে যায়, দিনের বেলায় তা গর্জন করে এবং রাতে তা নিঃশব্দ হতে চায় না। তাই তা শব্দহীনতা বা ফিসফিসানি হয়ে যায়, যা ভাষার বইয়ের শব্দ হয়ে দাঁড়ায়। শহরে চোখের দৃষ্টি সীমাবদ্ধ হয়ে পড়ে। আর রঙের নৃত্য তার দর্শন হারিয়ে ফেলে। চোখ ক্লান্ত হয়ে পড়ে এবং তার দুর্বলতা লুকানোর চেষ্টা করে।

ফাদওয়া জীবনের বিক্ষুব্ধ রূপ দেখে ক্লান্ত। প্রকৃতির নির্মল ছোঁয়া তার কাছে প্রিয় হয়ে ওঠে। তাই তিনি প্রকৃতির কাছে আশ্রয় নিলেন। প্রকৃতিকে নিজের গোপন কথা বলতেন এবং প্রকৃতির কোমল বুকে নিজের মনের ভার লাঘব করতেন। তার প্রথম তিনটি কাব্যগ্রন্থে আমরা প্রকৃতির সাথে তার গভীর সংযোগ দেখতে পাই। তিনি প্রকৃতির মধ্যে সুঠামভাবে মিশে গেছেন গমের শীষের সঙ্গে, জলপাই নিয়ে ভাবনার সাথে, সবুজ তৃণভূমির সাথে পথ চলছেন, মোহময় মহাবিশ্বে উড়ছেন, প্রতিটি অলক্ষ্যে মুহূর্ত আঁকড়ে ধরছেন, বরফের দিনে কাঁপছেন এবং আরও অনেক কবিতায় প্রকৃতির গলায় মালার মতো জড়িয়েছেন। যেন এক চপল রমণী, যে ক্লান্ত হয়ে নাচতে নাচতে কবিতা-সিক্ত হয়ে উঠেছে। দিনে তিনি বেগুনি মেঘের আচ্ছাদনে ঢাকা থাকেন, আর রাতে তার অনুভূতির শিখায় জ্বলে ওঠেন ও দীপ্তিমান হয়ে ওঠেন। উল্লেখ্য যে, ফিলিস্তিনিদের হৃদয়ে জলপাই প্রতিরোধের একটি প্রতীক, যা পরিচয়, জমির ভাষা, শান্তি, সবুজ এবং দানের প্রতীক। এটি ফিলিস্তিনিদের গভীর ইতিহাস এবং কাব্যে এক অনন্য অনুপ্রেরণা হিসেবে থেকে গেছে। ফাদওয়া তুকান জারজিম পাহাড়ের ঢালের জলপাইয়ের বাগানে মাঝে মাঝে স্বল্প সময়ের জন্য পরিদর্শনে যেতেন। মনে হয়, একটি জলপাই গাছের সাথে তার এক হৃদয়তা তৈরি হয়েছিল, যা একটি অন্তরঙ্গ বন্ধুত্ব রূপান্তরিত হয়েছিল এবং সেই গাছ তার গোপন কথাগুলোর আশ্রয়স্থল হয়ে উঠেছিল। তিনি বলেন,

هنا، هنا، في ظل زيتوني

تُخَطُّمُ الروحُ قبود الثرى

بهم

وتخلد النفس إلى عزلة

يخنق فيها الصمت لغو الورى

القلب في عالم تخلقه أحلامي المبهمة

لأفقه في ناظري روعة وللرؤى في مسمعي هينمة

‘এখানে, এখানে, আমার জলপাই গাছের ছায়ায়,

আত্মা মাটির শৃঙ্খল ভেঙে মুক্ত হয়।

মন হারায় আর নিঃশব্দতায় বিশ্রাম পায়,

যেখানে নীরবতা জগতের কোলাহলকে চেপে ধরে।

হৃদয় এক জগতে বাস করে, যাকে আমার এলোমেলো স্বপ্নগুলো তৈরি করেছে,

আমার চোখে তার দিগন্ত মোহময় এবং আমার কানে তার স্বপ্নগুলোর মধুর গুঞ্জন।’

### স্বাধীনতা

স্বাধীনতা রোমান্টিক সাহিত্যে এক উচ্চতর স্থান দখল করেছে, যা অধিকাংশ সমালোচকের মতে, অত্যাচার ও স্বৈরাচারের বিরুদ্ধে বিদ্রোহের ফলস্বরূপ। রোমান্টিক কবি ও সাহিত্যিকগণ স্বাধীনতার অভিজ্ঞতা দ্বারা উদ্বুদ্ধ হয়ে, নিজেদের পথপ্রদর্শক ভূমিকার প্রতি বিশ্বাস স্থাপন করে, একটি নতুন বিশ্ব গঠনের চেষ্টা করেছেন- রূপে ও বিষয়বস্তুতে। তারা অপরিহার্যতাগুলো মেনে নিতে অস্বীকৃতি জানিয়েছেন এবং সেই মতবাদকে প্রত্যাখ্যান করেছেন। যে মতবাদে বলা হয়; “যা তুমি চাও না, সেটাকেই মেনে নাও।” বরং তারা ব্যক্তিকে সেই সাময়িক দাসত্ব থেকে মুক্ত করার ডাক দিয়েছেন। কেননা, সে জন্মগতভাবে স্বাধীন। তারা হৃদয়ের আকর্ষণ, অনুভূতির সত্যতা এবং কল্পনার উড্ডীনতাকে অনুসরণ করেছেন এবং বাস্তবতার যুক্তিকে মেনে নেওয়ার প্রবণতা থেকে নিজেদের মুক্ত করেছেন।

নিঃসন্দেহে বলা যায় যে, ফাদওয়া তুকান তার চেতনার সূচনালগ্ন থেকে স্বাধীনতার তীব্র আকাঙ্ক্ষা অনুভব করেছেন। তিনি বলেছিলেন, “নারীদের ওপর যে পূর্ণ একাকিত্ব চাপিয়ে দেওয়া অবস্থা ছিল, তা আমার বাড়িতে তীব্রভাবে বিদ্যমান ছিল... আমাদের বাড়ি যেন একটি বড় পোল্ট্রির খাঁচার মতো ছিল।”<sup>২০</sup> এই স্বাধীনতার আকাঙ্ক্ষা ফাদওয়ার মন থেকে মুছে যায়নি। এমনকি তার পিতার মৃত্যুর পরেও, যার সাথে তিনি কখনোই স্বাচ্ছন্দ্যবোধ করেননি। তার আত্মজীবনীতে তিনি উল্লেখ করেছেন, “যখন আমার বাবা এই পৃথিবী ছেড়ে চলে গেলেন, তখনও আমি তীব্র মানসিক সংকটের ভেতর ছিলাম, যা আমার জীবনের সেই সময়ে আবেগের কঠোর দমন থেকে উদ্ভূত হয়েছিল। আমি নিজেকে সেই আবেগ থেকে মুক্ত করার চেষ্টা করেছিলাম, কিন্তু ব্যর্থ হয়েছিলাম।”<sup>২১</sup> ফাদওয়ার কাছে স্বাধীনতা ছিল একটি অস্পষ্ট ধারণা। যদিও তিনি এটি তীব্র মানসিক সংকট হিসেবে অনুভব করেছিলেন। এটি ছিল তার কাছে একটি ধোঁয়াশাময় এবং দূরালোকের কল্পনা।

যখনই ফাদওয়া মানুষটি তার কবি সত্তার স্বাধীনতার আকাঙ্ক্ষা পূরণ করতে চেয়েছেন, তিনি বারবার ব্যর্থ হয়েছেন। কারণ ফাদওয়া মানুষটি সেই স্বাধীনতার মর্মার্থ বুঝতে ব্যর্থ হয়েছেন, যা কবি ফাদওয়া অনুসন্ধান করছিলেন। এ কারণেই কবি ফাদওয়া চিৎকার করে বলেছেন—<sup>২৫</sup>

أضيق، أضيق بأغلال حيي  
فأَمْضِي وَمَتَضِي مَعِي نُورِي  
أَحَاوِلْ تَحْطِيمَ تِلْكَ الْقِيُودِ

‘আমি ভালোবাসার শিকলে ক্রমশ সৎকোচ হচ্ছি,  
তাই এগিয়ে যাই, আর আমার বিদ্রোহও আমার সাথে এগিয়ে চলছে।  
আমি সেই শৃঙ্খল ভাঙতে চেষ্টা করি।’

কবি ব্যক্তি ও সামাজিক জীবনে স্বাধীনতার মর্ম হাড়ে হাড়ে টের পেয়েছেন। তাই তিনি লিখেছিলেন স্বাধীনতার গান। গানটি শিরোনাম: حرية شعب “একটি জাতির স্বাধীনতা”<sup>২৬</sup>

حريتي!  
حريتي!  
حريتي!  
صوت أردده بلاء فم الغضب  
تحت الرصاص وفي اللهب  
وأظلُّ رغم القيد أعدو خلفها  
وأظلُّ رغم الليل أقفو خطوها  
وأنا أناضل داعياً حريتي!  
حريتي!  
حريتي!

‘আমার স্বাধীনতা!  
আমার স্বাধীনতা!  
আমার স্বাধীনতা!  
আমি এই ধ্বনি পুনরাবৃত্তি করি ক্রোধে ভরা কণ্ঠে,  
গুলির নিচে আর আগুনের মাঝে।  
শিকলে বাঁধা থাকা সত্ত্বেও আমি তার পেছনে ছুটি,  
রাত্রির অন্ধকারেও আমি তার পথ অনুসরণ করি।  
আমি সংগ্রামে লিপ্ত থেকে কেবল একটিই ধ্বনি উচ্চারণ করি:  
আমার স্বাধীনতা!  
আমার স্বাধীনতা!  
আমার স্বাধীনতা!’

কবিতায় স্বাধীনতার প্রতি কবির গভীর আকুতি প্রকাশ পেয়েছে। ফিলিস্তিনি জাতি স্বাধীনতার স্বাধ ভোগ করতে পারেনি, তাই স্বাধীনতার প্রতি তাদের প্রবল আকর্ষণের কথা ফাদওয়ার কাব্যিক ছন্দে ভেসে উঠেছে।

#### উপসংহার

কবি সাহিত্যিকদের রোমান্টিক মনোভাবের ফলে সাহিত্য সমৃদ্ধ হয়। যার অনুভব শক্তি যত শক্তিশালী তার সাহিত্য তত উন্নত। ফাদওয়া তুكان এমন একজন কবি যার জীবনে রোমান্টিকতার উপাদানের বীজ বোপিত আছে। যার ফলে রোমান্টিক সাহিত্য তার সহজাত প্রবৃত্তিতে রূপ নেয়। এ যেন হৃদয় হতে উৎসারিত ঝর্ণা, যার প্রতি ফোটা পানি সুপেয়। লক্ষণীয় যে, ফাদওয়ার প্রতিটি কবিতায় ভাষা ও বিষয়গত নতুনত্ব তার কবিতাকে সমৃদ্ধ করেছে। প্রতিটি ছন্দে দুঃখ-বেদনার সুর বেজে চলেছে। তার হৃদয়ের আকুতি, প্রেমের বঞ্চনা, অবশেষে ব্যর্থতা কোনো কিছুই তিনি মনের গহীনে লুকিয়ে রাখেননি; বরং পাঠকদের জন্য উন্মুক্ত করে গেছেন কবিতার পর কবিতায়। তার এ মহান কবিতাসমগ্র যুগে যুগে পাঠক হৃদয়ে রোমান্টিক সুবাস ছড়াবে।

## তথ্যনির্দেশ

- <sup>১</sup> গারিদ আস সাইহ, ফাদওয়া তুকান শি'র ও ইলতিয়াম (লেবানন: দারুল কুতুব আল-ইলমিয়াহ, ১ম সংস্করণ, ১৯৯৪), পৃ. ৫-৯।
- <sup>২</sup> মাহমুদ হায়দারী, আর-রু'আতুল-উনসুবিয়াহ ফিল খিতাবিশ শি'রী, আল-লুগাতুল আরবিয়াহ ও আদাবুহা, ৭ম সংখ্যা, পৃ. ২৪৪।
- <sup>৩</sup> ফাদওয়া তুকান, দীওয়ান, খ. ১ (বৈরুত: দারুল আউদাহ, ১৯৮৮), পৃ. ৩১।
- <sup>৪</sup> লিয়ানাহ বদর, “যিলালুল কালিমাতিল মাহকিয়াহ”: হিওয়ার মাআ ফাদওয়া (আল-কাহিরাহ: দারুল ফাতাহ আল-আরাবী, ১৯৯৬), পৃ. ৫-৬৯।
- <sup>৫</sup> ফারহানা সিদ্দীকী, দাওরুল মার'আহ (দিল্লী: গুডলাক প্রকাশনী, তা.বি.), পৃ. ২৪২।
- <sup>৬</sup> আল-আদাবুল মুকারিন, মুহাম্মদ গুনাইমী হিলাল (মিসর: নাহদাতুল মিসর, ২০০৮), পৃ. ৯৫-১০৫।
- <sup>৭</sup> Aidan Day, *Romanticism*, (London and New York: ROUTLEDGE, Drabble, ১৯৮৫), পৃ. ৮৪২-৪৩।
- <sup>৮</sup> *Encyclopedia Britannica, Romanticism*, www.britannica.com. সর্বশেষ সংস্করণ নভেম্বর, ২০১৯।
- <sup>৯</sup> কবিতাটির ফ্রেঞ্চ শিরোনামই খ্যাতি পেয়েছে বেশি। ১৮১৯ সালে রচিত ক্রিস্টসের ব্যালাডধর্মী কবিতা এটি। এর শিরোনাম নেয়া হয়েছে ১৫শ শতকে রচিত অম্বধরহ ঈযথৎরবৎ এর খণ্ড ইবসমব উধসব ঝধহৎ গবলু কবিতা থেকে। সূত্র: উইকিপিডিয়া। <http://en.m.wikipedia.org>
- <sup>১০</sup> <https://www.britannica.com/art/Romanticism> ; <https://www.google.com/search?> রোমান্টিসিজমের+সংজ্ঞা+ও+বৈশিষ্ট্য
- <sup>১১</sup> <https://www.almusal.com/post/990889>
- <sup>১২</sup> ফাদওয়া তুকান, আল-আ'মালুশ শি'রিয়্যাহ আল-কামিলাহ, পৃ. ১৭৮।
- <sup>১৩</sup> তুহা আল-মুতাওয়াক্কিল, কিরাআতুল মাহযুফ- কাসাইদ লাম তানশুরহা ফাদওয়া তুকান (মানশুরাতুল মাকতাবিল মিসরী, ২০০৪), পৃ. ৫১।
- <sup>১৪</sup> ইলিয়া হাবী, আর রোমানসিয়া ফিশ শি'রিল আরাবী ওয়াল গারবী, পৃ. ৯৪।
- <sup>১৫</sup> ফাদওয়া তুকান: রিহলা জাবালিয়াহ, রিহলা সা' বাহ (আম্মান: দারুস শুরুফ, ১৯৯৯), পৃ. ২১।
- <sup>১৬</sup> রিহলাহ জাবালিয়াহ-রিহলাহ সা' বাহ, পৃ. ১৩৯।
- <sup>১৭</sup> ফাদওয়া তুকান, দীওয়ান-আল লাহনুল আখীর (আম্মান: দারুস-শুরুফ, তা.বি.), পৃ. ৫৩-৫৪।
- <sup>১৮</sup> ফাদওয়া তুকান, প্রাগুক্ত, পৃ. ২৫৩।
- <sup>১৯</sup> আল-আ'মালুশ শি'রিয়্যাহ আল-কামিলাহ, পৃ. ৩০৬।
- <sup>২০</sup> দীওয়ান আল-ফারাজদাক, (বৈরুত: দারুল বায়রুত, ১৯৭৮), পৃ. ২৫০।
- <sup>২১</sup> ফাদওয়া তুকান, দীওয়ান, পৃ. ৬৬।
- <sup>২২</sup> ফাদওয়া তুকান, দিওয়ান-ওয়াজাদতুহা, পৃ. ১৮৮-১৯০।
- <sup>২৩</sup> রিহলাহ জাবালিয়াহ- রিহলাহ সা' বাহ, পৃ. ১৩২।
- <sup>২৪</sup> প্রাগুক্ত, পৃ. ১৩৫।
- <sup>২৫</sup> ফাদওয়া তুকান, আল-আ'মালুশ শি'রিয়্যাহ আল-কামিলাহ, পৃ. ১৬৮।
- <sup>২৬</sup> ফাদওয়া তুকান, দীওয়ান: আল-লায়লু ওয়াল ফুরসান-আল-আ'মালুশ শি'রিয়্যাহ আল-কামিলাহ, পৃ. ৪২৭-৪২৯।



## মুসলিম চিকিৎসাবিজ্ঞানের সূচনা ও ক্রমবিকাশ [The Beginning & Development of Muslim Medical Science]

Gulshan Akter

PhD Fellow, Department of Islamic Studies, University of Rajshahi, Bangladesh

### ARTICLE INFORMATION

The Faculty Journal of Arts

Rajshahi University

Volume 39, June 2025

ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A14>

Received : 26 February 2025

Received in revised: 26 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

Keywords:

Muslims, Medical Science, Medical, Doctors, beginnings, evolution.

### ABSTRACT

The Medical Science is the science of dealing with the maintenance of health and the prevention and treatment of disease. Basically its relating to illness and injuries and to their treatment or prevention. The practice of medicine in Muslim nations dates to the millennia before the advent of the religion of Islam. Although Muslim Medical Science has Greek and Roman roots. Nevertheless its began in the 7<sup>th</sup> century (CE) but it also employs modern medical methods to enhance overall healing. The advances and innovations in medical science and healthcare systems that were achieved during the early and medieval Islamic ages have significantly contributed to the evolution of global medicine, and to the creation of several procedures and practice which are still widely performed today. Hence, the value of comprehending the pivotal role Medical Science played (and indeed still plays) in the progression of medical practice across the globe cannot be overstated. In this Article has been highlights that Definition to Medical Science, *Tibb al-Nawabi* and Origin & Development of Muslim Medical Science.

### ১. ভূমিকা

চিকিৎসা মানব জীবনের মৌলিক চাহিদা। অন্ন, বস্ত্র, বাসস্থানের মত মানব জীবনে চিকিৎসার প্রয়োজন অপরিহার্য। প্রতিটি অসুস্থ মানুষ রোগাক্রান্ত জীবনের অভিশাপ থেকে মুক্তি পেতে চায়, সুস্থ সবল কর্মমুখর জীবনে ফিরে যেতে চায়। আনন্দমুখর এ স্বপ্নীল পৃথিবীতে আপনজনদের মায়া-মমতার আবেষ্টনীতে তখনই মানুষ সুখী জীবন যাপন করে যখন সে সুস্থ থাকে। তাই ব্যাধির প্রকোপ থেকে মুক্তির প্রত্যাশায় মানুষ যুগে যুগে চিকিৎসা পদ্ধতি অন্বেষণ করেছে। কর্মমুখী ও গতিশীল জীবনধারার জন্য আনন্দময় পৃথিবীর সুখ-শান্তি উপভোগের জন্য চিকিৎসাবিজ্ঞানের প্রয়োজনীয়তা এক অত্যাবশ্যিকীয় ও গুরুত্বপূর্ণ বিষয়। পাশ্চাত্য বিজ্ঞানীদের চিকিৎসাবিজ্ঞানের সূতিকাগার মনে করা হলেও আধুনিক চিকিৎসাবিজ্ঞানের ভিত্তি রচনায় মুসলিম বিজ্ঞানীগণ যে ভূমিকা পালন করেছেন, তা ইতিহাসের পাতায় স্বর্ণাক্ষরে লেখা থাকবে। বর্তমান চিকিৎসাব্যবস্থার আবিষ্কার, রোগীসেবার নিয়ম-পদ্ধতি প্রণয়ন, হাসপাতাল এবং ফার্মেসি প্রতিষ্ঠায় ইসলামের অপরিসীম অবদান রয়েছে। তাই বলা যায় মানব সৃষ্টির সূচনালগ্ন থেকেই চিকিৎসাবিজ্ঞানের উদ্ভব ঘটে, আর তা বিভিন্ন মুসলিম বিজ্ঞানীদের মাধ্যমে ক্রমবিকাশিত হয়ে বর্তমান অবস্থায় এসে উপনীত হয়েছে। চিকিৎসাবিজ্ঞানের ক্রমবিকাশ বিষয়ের ওপর বাংলা ভাষায় তেমন কোনো গবেষণাকর্ম পরিলক্ষিত হয় না, তাই অত্র প্রবন্ধে চিকিৎসা বিজ্ঞান ও তিব্বুন নববীর পরিচয় এবং মুসলিম চিকিৎসাবিজ্ঞানের সূচনা ও ক্রমবিকাশ সম্পর্কে অত্যন্ত সহজ ও প্রাঞ্জল ভাষায় পর্যালোচনা করার প্রয়াস চালানো হয়েছে।

### ২. গবেষণার উদ্দেশ্য

সুস্থতা মনুষ্য জাতির রিযিকের প্রথম স্তর। একজন মানুষের দৈহিক ও মানসিক সুস্থতা নিশ্চিত করতে প্রয়োজন সঠিক ও উন্নত চিকিৎসা ব্যবস্থা। তাই মানব সভ্যতায় চিকিৎসার গুরুত্ব অপরিসীম। আদিমযুগে মানবজাতি বিভিন্ন প্রতিকূল পরিস্থিতিতে রোগ-ব্যাধির সম্মুখীন হলে তারা সৃষ্টিকর্তা কর্তৃক প্রদত্ত বুদ্ধিমত্তার সাহায্যে ঝাড়-ফুক ও ভেষজ উদ্ভিদকে কাজে লাগিয়ে চিকিৎসা ব্যবস্থা পরিচালনা করত। কিন্তু ইসলামের আগমনের পর রাসূলুল্লাহ সা. জাহেলী যুগের সকল চিকিৎসাবিদ্যার উন্নয়ন সাধন করেন। কালক্রমে মুসলিম বিজ্ঞানীগণের হাতে চিকিৎসাশাস্ত্রের ক্রমবিকাশ ঘটে। সর্বপ্রথম মুসলিম চিকিৎসকগণের হাতেই মানুষের পৃথক পৃথক অঙ্গ-প্রত্যঙ্গের পৃথক চিকিৎসাব্যবস্থার প্রচলন ঘটেছে। তারাই আবিষ্কার করেছে চিকিৎসা সেবায় নিয়োজিত প্রয়োজনীয় যন্ত্রপাতির। যা বর্তমানের আধুনিক চিকিৎসাবিজ্ঞানের ভিত্তিমূল

প্রতিষ্ঠা করেছে। ইসলামের সূচনালগ্ন পরবর্তী এক-দুই শতাব্দীর মধ্যেই চিকিৎসাবিদ্যা স্বর্ণযুগে উন্নীত হয়েছিল মুসলিম চিকিৎসকগণের অক্লান্ত পরিশ্রমের ফলে। কিন্তু একটা সময় পর ইউরোপীয় শক্তি মাথাচাড়া দিয়ে উঠে এবং তারা মুসলিম চিকিৎসাবিজ্ঞানের সকল মৌলিক তথ্যাবলী ও সারনির্যাসকে ব্যবহার করে আধুনিক চিকিৎসা ব্যবস্থা প্রবর্তন করে। সকল মুসলিম চিকিৎসাবিজ্ঞানীর নাম ও চিকিৎসা ব্যবস্থার মূল তথ্যাবলী ও সরঞ্জামাদির বিকৃতি সাধন করে পরিবর্তন করে ফেলে। যার কারণে মুসলিম চিকিৎসাবিজ্ঞানের খ্যাতি-যশ ও গৌরবান্বিত অধ্যায় মাটিচাপা পড়ে ধ্বংসস্তূপে পরিণত হয়। অদ্যাবধি আমরা পাশ্চাত্য চিকিৎসাবিজ্ঞানীগণ আদি চিকিৎসাব্যবস্থার প্রবর্তক বলে মনে করে থাকি। ফলে মুসলিম চিকিৎসাবিজ্ঞানীগণের অতুলনীয় অবদানকে আমরা ভুলতে বসেছি। এ উপমহাদেশের বাঙালী জনগোষ্ঠীর অনেকাংশ এ সম্পর্কে অজ্ঞ। তাই এ সকল দিক বিবেচনায় মুসলিম চিকিৎসাবিজ্ঞানের হৃত গৌরব ফিরিয়ে আনতে এবং পরবর্তী প্রজন্মের নিকট মুসলিম চিকিৎসাবিজ্ঞানের ইতিবৃত্ত তুলে ধরাই (যেন সমগ্র বিশ্ব অবহিত হতে পারে যে মুসলিম চিকিৎসা বিজ্ঞানীগণই আমাদের বক্ষমাণ চিকিৎসাবিজ্ঞানের প্রবর্তক) এ প্রবন্ধের উদ্দেশ্য।

### ৩. গবেষণা পদ্ধতি

প্রবন্ধটি গুণগত (*Qualitative*) রীতির ও বিশ্লেষণাত্মক (*Analytical*) পদ্ধতি অনুসরণে রচিত হয়েছে। এছাড়াও চিকিৎসা বিজ্ঞানের সূচনা ও ক্রমবিকাশ পর্যালোচনার ক্ষেত্রে ঐতিহাসিক বিশ্লেষণ (*Historical analysis*) রীতিরও প্রয়োগ ঘটানো হয়েছে। তাই প্রাথমিক উৎস হিসেবে হাদীস, চিকিৎসাবিজ্ঞান ও ইসলামের ইতিহাস বিষয়ের মৌলিক গ্রন্থাবলিকে নির্ধারণ করা হয়েছে। গৌণ উৎস হিসেবে দেশি-বিদেশি বিভিন্ন গবেষণা গ্রন্থ, প্রবন্ধ ও সাময়িকীর সাহায্য নেয়া হয়েছে। উদ্ধৃতি ও তথ্যসূত্র ব্যবহারের ক্ষেত্রে CS রীতি বা ‘শিকাগো পদ্ধতি’ এর অনুসরণ করা হয়েছে।

### ৪. গবেষণার সমস্যা

মুসলিম বিজ্ঞানীগণ জ্ঞান-বিজ্ঞানের প্রায় প্রতিটি শাখায় পাণ্ডিত্যের স্বাক্ষর রেখে গেছেন। এই ধারাবাহিকতায় তাঁরা চিকিৎসা বিজ্ঞানেও গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। আজ তাঁদের অক্লান্ত পরিশ্রমের ফলে আমরা আধুনিক চিকিৎসা সেবা পেয়ে থাকি। কিন্তু একটা পর্যায়ে পাশ্চাত্য বিধর্মী চিন্তাশক্তি ও বুদ্ধিজীবীগণ জ্ঞান-বিজ্ঞানে মুসলমানদের সকল সাফল্য ও অবদানকে অস্বীকৃতি জানিয়ে তাদের নকলকৃত পাণ্ডিত্য যাহির করতে ব্যস্ত হয়ে উঠে। তাই মুসলমানদের অমূল্য চিন্তাশক্তির ভাণ্ডার কালের অতল গহবরে হারিয়ে যায়। মুসলিম চিকিৎসাবিজ্ঞানীদের এই চিন্তাশক্তিকে অপমৃত্যুর হাত থেকে রক্ষা করতে ব্যাপক গবেষণার প্রয়োজন। আরব-অনারব ইসলামি পণ্ডিতগণ আরবী ও ইংরেজি ভাষায় মুসলিম চিকিৎসাবিজ্ঞানের উপর অনেক গ্রন্থ ও প্রবন্ধ রচনা করেছেন। এমনকি বাংলাভাষী কতিপয় আলিম ও লেখকগণ এ বিষয়ে কিছু গ্রন্থ ও সংক্ষিপ্ত প্রবন্ধ রচনা করলেও তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল ও সেগুলো গবেষকদের দৃষ্টির অগোচরেই রয়ে গেছে। উপর্যুক্ত গ্রন্থগুলোতে উপস্থাপিত তথ্য, উপাত্ত ও বিভিন্ন পরিভাষা সবিস্তারে (গবেষণা ও বিশ্লেষণধর্মীভাবে) পর্যালোচনার প্রয়োজন যাতে বাংলা ভাষায় প্রণীত গ্রন্থাবলির যথার্থতা থেকে পরবর্তী প্রজন্ম ও এ উপমহাদেশ তথা বাংলাভাষী সকল জনগণ মুসলিম চিকিৎসাবিজ্ঞানের আদ্যোপ্রাণ্ত সম্পর্কে সঠিক জ্ঞান অর্জন করতে পারে এবং সেই সাথে বর্তমান ও ভবিষ্যৎ গবেষকগণ যেন উপকৃত হতে পারেন।

### ৫. সাহিত্য পর্যালোচনা

পৃথিবীর বিভিন্ন দেশে নানান ভাষায় বিশেষ করে আরবী, ইংরেজি, ল্যাটিন, সংস্কৃত ও বাংলায় মুসলিম চিকিৎসা সম্পর্কে বেশ কিছু সংখ্যক গ্রন্থাবলি ও প্রবন্ধ রচিত হয়েছে। সে সকল কতিপয় গ্রন্থে চিকিৎসা সম্পর্কিত ও অন্যান্য বিষয়াবলীর পাশাপাশি মুসলিম চিকিৎসাবিজ্ঞানের সূচনা ও ক্রমবিকাশ সম্পর্কেও অল্পবিস্তর আলোকপাত করা হয়েছে। গ্রন্থসমূহ হলো- ইবন সিনা, *আল-কানুন ফিত-তিব*, বৈরুত: দারুল কুতুব আল-ইলমিয়াহ, তা.বি.; ইবনুল কায়্যিম আল-জাওযিয়াহ, ‘*আত-তিব্বুন নবাবী*’, বৈরুত; দারুল ফিকর, তা.বি.; ইবন আবী উসায়বিআ, *উয়ুনুল আনবা ফী তাবাকাতিল আতিক্বা*, বৈরুত: দারুল কুতুব আল-ইলমিয়াহ, ১৯৯৮ খ্রি.; ড. আমীন আসাদ খাইরুল্লাহ, ‘*আত-তিব্বুল আরাবী*’, বৈরুত, ১৯৪৬ খ্রি.; ড. আব্দুল্লাহ আব্দুর রায়হাক মাসমুদ আস-সামিদ, *নাশআতুত তিব্ব*, বৈরুত: দারুল ফিকর, ১৯৮৫ খ্রি.; William Muir, *The Caliphate*, London: Oxford University Press, 1891; Sir Thomas Arnold and Alfred Guillaume, *The Legacy of Islam*, London: Oxford University Press, 1931; P.K. Hitti, *History of the Arabs*, London: Macmillan and co., Limited & ST. Martins Street, 1946; A.M.A. Shushtery, *outline of Islamic culture*, Bangalore: The Bengal printing and publishing co. Ltd. 1954; Siddiqi, Muhammad Zubair, *Studies in Arabic and Persian Medical Literature*, Calcutta: Calcutta University, 1959; E.G Browne, *A Literary History of Persia*, cambridge: cambridge university press; Prof Rashid Bhikha and MI Dr Ashraf Dockrat, *Medicine of the Prophet*, South Africa: Ibn Sina Institute of Tibb, 1st edition, April 2015; হাকিম নায়ার ওয়াসিতী, *তিব্ব আল-আরব*, লাহোর: এডওয়ার্ড জি. ব্রাউনীর অ্যারবিয়ান মেডিসিন এর উর্দু অনুবাদ, ১৯৫৪ খ্রিস্টাব্দ; ড. মফিজুল্লাহ কবির, *ইসলাম ও খেলাফত*, ঢাকা: নওরোজ কিতাবিস্তান, ১৯৭৪; কে. আলী, *মুসলিম সংস্কৃতির ইতিহাস*,

ঢাকা: আলী পাবলিকেশন্স, ১৯৮৮ খ্রি.; আরব জাতির ইতিহাস, ঢাকা: বাংলা একাডেমি, ১৯৯৩ খ্রি.; এম. আকবর আলী, বিজ্ঞানে মুসলমানের দান, ৭ম খণ্ড, ঢাকা: মালিক লাইব্রেরী, ৩য় সংস্করণ, ২০০০ খ্রি.; মফিজুল্লাহ কবীর, মুসলিম সভ্যতার স্বর্ণযুগ, ঢাকা: জাতীয় গ্রন্থ প্রকাশন, ২য় সংস্করণ, ২০০১ খ্রি.; ডক্টর মুহাম্মদ মুশাররফ হুসাইন, ইসলামের আলোকে চিকিৎসা বিজ্ঞান, ঢাকা: বাংলাদেশ কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড, ১ম প্রকাশ, ১৪৩৪ হি./২০১৩ খ্রি.; উদ্ধৃতি: ড. মুহাম্মদ সাউদ, ইসলাম এবং বিজ্ঞানের বিবর্তন, কলকাতা: মল্লিক ব্রাদার্স; মুহাম্মদ রেজা-ই-করিম, সাহাদত হোসেন খান, স্বর্ণযুগে মুসলিম বিজ্ঞানীদের আবিষ্কার, ঢাকা: আফসার ব্রাদার্স, ২০১২ খ্রিস্টাব্দে প্রভৃতি।

উপর্যুক্ত গ্রন্থসমূহে মানবীয় চিকিৎসার বিভিন্ন দিক সম্পর্কে আলোচনা করা হলেও এগুলোতে প্রাসঙ্গিকভাবে শুধু মুসলিম চিকিৎসাবিজ্ঞানের উৎপত্তি ও ক্রমবিকাশ নিয়ে উল্লেখযোগ্য বিশ্লেষণধর্মী কোনো আলোচনা পরিলক্ষিত হয়নি। তাই বলা যায় ‘মুসলিম চিকিৎসাবিজ্ঞানের সূচনা ও ক্রমবিকাশ’ শিরোনামে বাংলা ভাষায় অদ্যাবধি তেমন কোনো গবেষণাকর্ম সম্পন্ন হয়নি। সুতরাং আলোচ্য প্রবন্ধে চিকিৎসাবিজ্ঞান ও তিব্বুন নববীর সংক্ষিপ্ত পরিচয়, জাহেলী যুগে আরবে চিকিৎসা ব্যবস্থার প্রকৃতি, প্রাক ইসলামি যুগে চিকিৎসাবিজ্ঞানের প্রেক্ষাপট এবং সামগ্রিকভাবে মুসলিম চিকিৎসাবিজ্ঞানের সূচনাকাল ও ক্রমবিকাশের ইতিহাস যুগান্তিক্রমিক পর্যালোচনা করা হয়েছে।

### ৬. চিকিৎসাবিজ্ঞানের পরিচয়

চিকিৎসাবিজ্ঞান শব্দটি যৌগিক। এর মধ্যকার ‘চিকিৎসা’ শব্দটি বাংলা। এর ইংরেজি প্রতিশব্দ হলো, Medicine, Medical treatment,<sup>১</sup> therapy<sup>২</sup> ইত্যাদি। আরবী প্রতিশব্দ হলো, الطَّبُّ; এর শাব্দিক অর্থ রোগ নিরাময়ের জন্য ঔষধাদির ব্যবস্থা,<sup>৩</sup> রোগ নিরাময়ের নিমিত্ত গৃহীত ব্যবস্থা, ঔষধ প্রয়োগ বা অস্ত্রোপচার ইত্যাদি দ্বারা রোগ দূর করার চেষ্টা,<sup>৪</sup> ঔষধ, কামনা, অবস্থা, ইচ্ছা, অভ্যাস,<sup>৫</sup> দৈহিক বা আধ্যাত্মিক চিকিৎসা, নম্রতা, জাদু ইত্যাদি।<sup>৬</sup> চিকিৎসাবিজ্ঞানের সামষ্টিক আরবী প্রতিশব্দ হলো, عِلْمُ الطَّبِّ আর ইংরেজি প্রতিশব্দ হলো, Medical Science।<sup>৭</sup>

এ প্রসঙ্গে আশ্-শানকীতী (১৩২৫-১৩৯৩ হি./১৯০৫-১৯৭৪ খ্রি.) উল্লেখ করেছেন,

الطب: بقاء مثله هو علاج الجسم، والنفس، يقال: طَبَّهُ، طَبًّا إذا دَاوَاهُ،<sup>৮</sup> وهو تستعمل مادة طب في اللغة بمعنى سحر فيقال: فلان مطبوب: أى مسحور.<sup>৯</sup> هذا على سبيل التفاضل، فإن العرب تطلق بعض بعض الألفاظ الدالة على السلامة، وتستعملها فيها يضادها من باب ألفال، فسموا اللدنيخ سليماً، والمهلكة مفازة، وتفاولاً بالسلامة والفوز وهكذا هنا سموا المسحور مطبوباً.

“আত-তিব্ব এর তোয়া (الطء) বর্ণকে দ্বিত্ব করে পাঠ করা, যা শরীর ও আত্মার চিকিৎসাকে বুঝায়। যেমন বলা হয়, সে তাকে চিকিৎসার মত চিকিৎসা করেছে, যখন তাকে ঔষধ প্রয়োগ করে। তিব্ব শব্দের আভিধানিক অর্থ যাদু করা, যেমন- বলা হয় অমুককে চিকিৎসা দেওয়া হয়েছে অর্থাৎ অমুক ব্যক্তি যাদুগ্রস্ত। আর এটি আশাবাদী যে, আরবেরা নিরাপত্তা বা সুস্থতা অর্থে কিছু শব্দ ব্যবহার করে এবং কোন কোন সময় বিপরীত রোগ অর্থে ব্যবহার করে, তারা (সর্প) দংশিত ব্যক্তিকে নিরাপদ নামকরণ করে। তারা সফলতাকে বা কৃতকার্যতাকে ধ্বংস বা অকৃতকার্যতা অর্থে ব্যবহার করে। আর সাফল্য ও সুস্থতা দ্বারা আশাবাদ পোষণ করা (প্রতিক্রিয়া) বুঝায়। এভাবেই এখানে যাদুগ্রস্ত ব্যক্তিকে চিকিৎসা দেওয়ার নামকরণ করেছে।”

পরিভাষায় চিকিৎসাবিজ্ঞান এমন একটি বিদ্যার নাম, যা দ্বারা মানুষের শরীরের ভালো-মন্দ, স্বাস্থ্য রক্ষা, গোপনীয়তার অবস্থা, এবং মানুষের অসুস্থতা ও অবনতির কবল থেকে স্বাস্থ্য রক্ষা করার অবস্থা সম্পর্কে অবহিত হওয়া যায়। অন্যভাবে বলা যায় যে, “চিকিৎসাবিজ্ঞান (عِلْمُ الطَّبِّ) ঐ শাস্ত্রকে বলা হয়, যা শিক্ষা করলে কোনো প্রাণী, বিশেষ করে মানুষের সুস্থতা ও অসুস্থতার দিক দিয়ে শারীরিক অবস্থা সম্পর্কে জ্ঞান লাভ করা যায়।”

চিকিৎসাবিজ্ঞানের পরিচয় দিতে গিয়ে মনীষীগণ বিভিন্নভাবে একে সংজ্ঞায়িত করেছেন। নিম্নে এ সম্পর্কিত কিছু মতামত প্রদান করা হলো-

১. চিকিৎসাবিজ্ঞানের জনক ইবন সীনা (মৃত ৪২৮ হি./১০৩৭ খ্রি.) চিকিৎসাবিজ্ঞানের সংজ্ঞায় বলেন,

هو علم يعرف منه أحوال بدن الانسان من جهة ما يصح، ويحول عن الصحة ليحفظ الصحة، ويستردّها زائلها.

“عِلْمُ الطَّبِّ) বা চিকিৎসাবিজ্ঞান ঐ শাস্ত্রকে বলা হয়, যা শিক্ষা করলে কোনো প্রাণী, বিশেষ করে মানুষের অসুস্থতার কারণ ও তা থেকে বাঁচার উপায় উপকরণ সম্পর্কে জ্ঞান লাভ করা যায়।”<sup>১০</sup>

২. আরব চিকিৎসক ইব্ন রুশদ (৫২০-৫৯৫ হি./১১২৬-১১৯৮ খ্রি.) চিকিৎসাবিজ্ঞানের সংজ্ঞায় বলেন,

هو علم يعرف منه أحوال بدن الانسان من جهة ما يعرض لها من صحة وفساد.

“চিকিৎসাবিজ্ঞান হলো এমন একটি বিদ্যার নাম, যা দ্বারা মানুষের শরীরের ভালো-মন্দের অবস্থাদি জানা যায়।”<sup>১১</sup>

৩. গ্যালেন (جالينوس) অন্যত্র বলেন, إزالة العلة, حفظ الصحة وإزالة العلة.

“চিকিৎসা (বিজ্ঞান) স্বাস্থ্য সংরক্ষণ করে এবং অসুস্থতার দূর করে।”<sup>১২</sup>

8. *The world book of Encyclopedia* গ্রন্থে চিকিৎসাবিজ্ঞানের সংজ্ঞায় বলা হয়েছে-

Medicine is the science and art of healing. Medicine is a science because it is based on knowledge gained through careful study and experimentation. It is a art because it depends on how skillfully doctors and other medical workers apply this knowledge when dealing with knowledge.

“চিকিৎসাবিজ্ঞান হলো (রোগ) নিরাময়ের কলা এবং বিজ্ঞান। চিকিৎসাবিজ্ঞান হলো একটি বিজ্ঞান কারণ এটি যত্ন সহকারে অধ্যয়ন এবং পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে অর্জিত জ্ঞানের উপর ভিত্তি করে (রচিত)। এটি একটি কলা/শিল্প কারণ এটি নির্ভর করে জ্ঞানের সাথে কার্যক্রম পরিচালনার সময় ডাক্তার ও অন্যান্য চিকিৎসা কর্মীরা কতটা দক্ষতার সাথে এই জ্ঞানকে প্রয়োগ করে।”<sup>১৩</sup>

৫. *The New Encyclopedia of Britannica* গ্রন্থে বলা হয়েছে-

Medicine, the science concerned with the maintenance of health and the prevention, alleviation, or cure of disease.

“চিকিৎসাবিজ্ঞান হলো, স্বাস্থ্য রক্ষণাবেক্ষণ এবং রোগ প্রতিরোধ, উপশম বা নিরাময় সম্পর্কিত বিজ্ঞান।”<sup>১৪</sup>

তিব্বুন নববী বা *Prophetic Medicine* বলতে রোগ, ঔষধ ও চিকিৎসা এবং স্বাস্থ্য, সুস্থতা, স্বাস্থ্যের হিফায়ত ইত্যাদি সম্পর্কে নবী করিম সা. এর কথা, কাজ ও নির্দেশনাকে বুঝায়। স্বাস্থ্য সুরক্ষার মূল বিধি-বিধান সম্পর্কে রাসূলুল্লাহ সা. এর অমূল্য উপদেশাবলী এক্ষেত্রে গুরুত্বপূর্ণ। রাসূলুল্লাহ সা. অসুস্থ হলে চিকিৎসক তার জন্য কী ব্যবস্থাপত্র দিতেন, কোনো সাহাবী অসুস্থ হলে রাসূলুল্লাহ সা. কী উপদেশ দিতেন এবং তিনি নিজে অসুস্থ হলে আরোগ্যলাভের জন্য কী করতেন কিংবা রাসূলুল্লাহ সা. এর উপস্থিতিতে কোনো চিকিৎসক কোনো সাহাবীকে যে ব্যবস্থাপত্র দিতেন, যাতে রাসূলুল্লাহ সা. আপত্তি করতেন, এ সবই তিব্বুন নববীর অন্তর্ভুক্ত। বস্তুত রাসূলুল্লাহ সা. এর আগমন ডাক্তার বা চিকিৎসক হিসেবে ছিল না। তথাপিও বিভিন্ন বিশুদ্ধ হাদীস থেকে আমরা জানতে পারি যে, রোগীরা তাঁর নিকট প্রায়ই আগমন করত এবং তিনি তাদের আরোগ্যে লাভের জন্য ব্যবস্থাপত্র দিতেন এবং আল্লাহর নিকট তাদের আরোগ্যলাভের জন্য দু’আ করতেন। তাঁর এসব বাণীর ওপর ভিত্তি করে তদানন্তন আরব সমাজে তিব্বুন নববী নামে একটি চিকিৎসা ব্যবস্থা গড়ে ওঠে যা বিজ্ঞানের আলোকে উত্তীর্ণ একটি যথার্থ যুক্তিসঙ্গত ও কার্যকরী ব্যবস্থা। অজ্ঞাত কারণে মুসলমান সমাজে এটা দীর্ঘদিন লুকায়িত ছিল।<sup>১৫</sup>

এ প্রসঙ্গে Prof Rashid Bhikha ও MI Dr Ashraf Dockrat তাঁর ‘*Medicine of the Prophet*’ গ্রন্থে উল্লেখ করেন,

*Tibb al-Nabawi* includes guidance on physical and mental health that is universally applicable to patients, at any time, and under all circumstances. It covers preventive medicine, curative medicine, mental well being, spiritual cures (*ruqyah*), and medical treatments. It seeks to integrate body and soul in the quest for optimum health.

“তিব্বুন নববী শারীরিক এবং মানসিক স্বাস্থ্যের নির্দেশিকা অন্তর্ভুক্ত করে যা রোগীদের জন্য সর্বজনীনভাবে প্রযোজ্য, যে কোনো সময় এবং সব পরিস্থিতিতে। এটি প্রতিষেধক ঔষুধ, নিরাময়কারী ঔষুধ, মানসিক সুস্থতা, আধ্যাত্মিক নিরাময় (রুকিয়া) এবং মেডিক্যাল সম্বন্ধিত চিকিৎসাব্যবস্থা অন্তর্ভুক্ত করে। এটি সর্বোত্তম স্বাস্থ্যের সন্ধানে শরীর এবং আত্মাকে একীভূত করতে চায়।”<sup>১৬</sup>

## ৭. মুসলিম চিকিৎসাবিজ্ঞানের সূচনা ও ক্রমবিকাশ

নিম্নে ইসলামপূর্ব যুগ থেকে ইসলাম পরবর্তী সময়কালে মুসলিম চিকিৎসাবিজ্ঞানের সূচনা ও ক্রমবিকাশ সম্পর্কে আলোকপাত করা হলো :

### ৭.১ জাহেলী যুগে আরবে চিকিৎসাবিজ্ঞানের প্রকৃতি

ইসলাম পূর্ব যুগে অন্যায়া-অত্যাচার আর পাপাচারের সয়লাবের কারণে সে সময়টাকে *আইয়ামে জাহিলিয়াহ* (أُمّ جَاهِلِيَّة) তথা মূর্খতার যুগ বলা হতো। তবে সেটা মূর্খতার যুগ হলেও জাগতিক বিভিন্ন ব্যাপারে তারা (তৎকালীন আরবের অধিবাসী) মোটেই অজ্ঞাত ছিল না। আশেপাশের সকল এলাকা এবং গোত্রের সাথে তাদের ছিল গভীর যোগাযোগ। হাবশার সাথে ছিল ব্যবসায়িক সম্পর্ক এবং রোম, পারস্য প্রভৃতি অঞ্চলের সাথেও তাদের যোগাযোগ ছিল। তবে এ সময় তাদের চিকিৎসাবিদ্যা কতিপয় লোকের ক্ষুদ্র অভিজ্ঞতার মাঝেই সীমাবদ্ধ ছিল। তখনকার গণক এবং যাদুকররাও চিকিৎসা দিত। প্রকৃতপক্ষে তৎকালে চিকিৎসাবিদ্যার ছিল সম্মানজনক অবস্থান।

তখনকার সময়ে চিকিৎসার অন্যতম প্রধান মাধ্যম ছিল আণ্ডনের মাধ্যমে তাপ দেয়া। কারণ অনেকের মতো তারাও বিশ্বাস করত যে, অসুস্থতার কারণ হলো এভিল স্পিরিট (Evil Spirit) তথা অশুভ আত্মা। তবে আরবরা ক্ষতস্থানের চিকিৎসার ক্ষেত্রে পচা রক্ত বের করা সম্পর্কে জানতে পেরেছিল। জেনেছিল সংক্রামক এবং অসংক্রামক রোগের ব্যাপারে। এগুলো থেকে বেঁচে থাকার পন্থাও ছিল তাদের জানা। তারা কুষ্ঠরোগীদের জন্য পৃথকভাবে থাকার ব্যবস্থা করেছিল। মশা-মাছির বিপদ সম্পর্কে ধারণা পেয়েছিল। তারা জাফরানের পানি দিয়ে ঘর-বাড়ি পরিষ্কার করত। যাতে বিষাক্ত কীটপতঙ্গের আগমন না ঘটে।<sup>১৭</sup>

## ৭.২ প্রাক ইসলামী যুগে চিকিৎসাবিজ্ঞান

মানুষের প্রাকৃতিক প্রয়োজনের তাগিদে সৃষ্টির সূচনাতেই চিকিৎসা বিষয়ে আগ্রহ সৃষ্টি হয়। আদিম মানুষ পৃথিবীর স্বাভাবিক নিয়মে খাদ্য সংগ্রহ এবং রোগব্যাধি মোকাবিলায় যে সংগ্রামে লিপ্ত হয়েছিল তা থেকেই চিকিৎসাশাস্ত্রের সূত্রপাত হয়। আর তখনকার চিকিৎসা পদ্ধতি ছিল তাদেরই সৃষ্ট ঝাড়-ফুক, যাদু বিদ্যা ইত্যাদির মাধ্যমে। এরপর আসে লতা পাতা গাছ গাছড়ার ব্যবহার।<sup>১৮</sup> যেমন- ‘ইসলাম এবং বিজ্ঞানের বিবর্তন’ নামক গ্রন্থে উল্লেখ আছে, বহু বছর পূর্বে আরবে যখন ইসলামের আবির্ভাব ঘটেছিল তখনও তাদের একটা নিজস্ব ঔষধ ও চিকিৎসা পদ্ধতি ছিল। সেক্ষেত্রে তারা বিভিন্ন প্রকার লতাগুল্য ও বৃক্ষ হতে ঔষধ প্রস্তুত করত। যার আরবী নাম ছিল, আল-আকাকীর ওয়াল হাশাইশ (العقاقير والحشائش), যা মূলত চ্যালডিয়ান পদ্ধতি এবং তাদের নিজস্ব অভিজ্ঞতার ফসল হিসেবে চিহ্নিত ছিল।<sup>১৯</sup>

ঔষধ হিসেবে যা প্রথম ব্যবহৃত হয়েছিল তা বার্লিনে Museum of Ethnology-তে সংরক্ষিত প্রাচীন মানুষের একটি খুলিতে ক্ষত পোয়া ইঞ্চি গর্ত করে দেখা যায়। অনুমান করা যায় যে, এ গর্ত হয়েছে মাথার খুলিতে তুর্পিন করার জন্য। ফ্রান্সে প্রাপ্ত এবং পশ্চিম ইউরোপ ও বোহেমিয়ায় নব্য প্রস্তর যুগের (Neolithic) অনেক খুলিতে এর ব্যবহার দেখা যায়। মনে করা হয় শির পীড়া, মৃগীরোগ প্রভৃতি তাড়াতে এ শল্যবিদ্যার আশ্রয় নেয়া হত।<sup>২০</sup> অতএব সভ্যতা বিকাশের প্রথম পর্যায়ে থেকেই মানুষ রোগ নিরাময়ের জন্য চিকিৎসা পদ্ধতি উদ্ভাবনের সাধনায় নিমগ্ন থেকেছে। আর তাই মেসোপটেমিয়া, মিশরীয়, ভারতীয়, পারস্য, চীনা, গ্রিক ও রোমান সভ্যতায় চিকিৎসাবিজ্ঞান গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। তাছাড়া গ্রিক চিকিৎসাবিজ্ঞানই বর্তমান চিকিৎসাবিজ্ঞানের মূলভিত্তি বলে মনে করা হয়। গ্রিক নগর রাষ্ট্রের জ্ঞান সাধকদের অনেকেই ছিলেন চিকিৎসাবিজ্ঞানী। যা পরে বিস্তারিতভাবে আলোচনা করা হবে।

এছাড়া রোমান পণ্ডিতগণও চিকিৎসাশাস্ত্রে অভূতপূর্ব অবদান রাখেন। বিভিন্ন রোগ-ব্যাধির কবল থেকে আরোগ্য প্রদানের মহান ব্রত নিয়ে গবেষণায় আত্মনিবেদিত ছিলেন আসকলবিউসই, ওরাস, মিনস, বরমাজিনস, আফলাতুন তিব্বি, মালিনুস, বুকরাত, এরিস্টোটল, হিপোক্রেটিস, গ্যালেন, এজিনার পল, ডায়াসকোরাইড প্রমুখ।<sup>২১</sup> গ্রিক জ্ঞান-ভাণ্ডার কালক্রমে বিভিন্ন স্থানে স্থানান্তরিত হয়। প্রাক ইসলামী যুগে আলেকজান্দ্রিয়া বিদ্যাকেন্দ্র হিসেবে খ্যাতি লাভ করে। এ সময় এ শিক্ষায়তনটি গ্রিক দর্শন শিক্ষার অন্যতম কেন্দ্র ছিল। ইসলামের আবির্ভাবের পূর্বে পারস্যের জুনদিশাহপুরে, হাররানে, এডেসায় জ্ঞান-বিজ্ঞানের চর্চা শুরু হয়। জুনদিশাহপুরের শিক্ষায়তনটিতে চিকিৎসা সংক্রান্ত শিক্ষা দেয়া হতো।<sup>২২</sup> চিকিৎসাবিজ্ঞানের এই অবস্থা ও পটভূমিতে সপ্তম শতাব্দীতে আরবে ইসলামের আবির্ভাব ঘটে। আল কুরআন, রাসূলুল্লাহর সা. এর বাণী জ্ঞান সাধনায় সম্পূর্ণ নতুন দিক-নির্দেশনা প্রদান করে আরব সমাজে। এই উত্তরাধিকার আরবদের মাধ্যমে তাদের বিজিত বিশ্বের প্রত্যন্ত এলাকায় ছড়িয়ে পড়ে। ফলে বিজ্ঞানের প্রত্যেকটি শাখায় মুসলিম যুগ ও সভ্যতার নতুন দ্বার উন্মোচিত হয়। মুসলিম সভ্যতায় চিকিৎসাবিজ্ঞান ও উন্নতি লাভ করে নতুন বিশিষ্টতা ও অবদানে।<sup>২৩</sup>

## ৭.৩ ইসলামের আবির্ভাব ও চিকিৎসাবিজ্ঞান

সপ্তম শতাব্দীতে আরবে ইসলামের আবির্ভাবের ফলে আল-কুরআন রাসূলুল্লাহ সা. এর বাণী চিকিৎসাবিজ্ঞান বিষয়ে সম্পূর্ণ নতুন দিক-নির্দেশনা প্রদান করে আরব সমাজে। এছাড়া ইসলামের প্রাথমিক যুগে রাসূলুল্লাহ সা. চিকিৎসাবিজ্ঞানের চর্চাকে অত্যন্ত প্রয়োজনীয় বিবেচনা করেই তৎকালীন আরবে জুনদিশাহপুর থেকে প্রশিক্ষণপ্রাপ্ত যে দু’একজন চিকিৎসক ছিলেন রোগাক্রান্ত ব্যক্তিদের তিনি তাদের কাছে যেতে বলতেন।<sup>২৪</sup>

কাজী সাঈদ ইবন আহমদ আল-আন্দালুসী তাঁর ‘তাবাকাতুল উমাম’ গ্রন্থে উল্লেখ করেছেন, “ইসলামের প্রাথমিক যুগে আরবদের সকল মনোযোগের কেন্দ্রবিন্দু ছিল আরবী ভাষা বিদ্যা এবং শরী‘আতের বিধি-বিধান শিক্ষা করা নিয়ে। খুব কম লোকই তখন চিকিৎসাবিদ্যা জানতেন। সকলের নিকট তারা ছিলেন শ্রদ্ধার পাত্র। প্রয়োজনের সময়ে লোকেরা তাদের কাছে যেত।”

ইসলামী যুগে চিকিৎসা পদ্ধতি



রাসূলুল্লাহ সা. আগমনের পর আরবের সকল মানুষকে যেকোনো রোগের চিকিৎসা গ্রহণে উদ্বুদ্ধ করেছেন। যেমন উসামা ইব্ন শারীক রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সা. বলেছেন, “তোমরা চিকিৎসা গ্রহণ করো। কারণ, আল্লাহ তা‘আলা ঔষধবিহীন কোনো ব্যাধি সৃষ্টি করেননি। শুধু একটি ব্যাধির কোনো চিকিৎসা নেই। সেটি হচ্ছে বার্বক্য।”<sup>২৫</sup> এমনিভাবে রাসূলুল্লাহ সা. থেকে মধু, খেজুর, প্রাকৃতিক ঘাস ইত্যাদির মাধ্যমে চিকিৎসার কথাও জানা যায়। যা পরবর্তী অধ্যায়ে বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে। তাই বলা যায় রাসূলুল্লাহ সা. এর সময়ে তাঁর বদৌলতেই অনেকে চিকিৎসা সম্পর্কে জেনেছিল। ইমাম ইবনুল জাওযী র. তাঁর ‘সিফাতুস-সাফওয়া’ গ্রন্থে হিশাম ইব্ন উরওয়ার সূত্রে বর্ণনা করেন যে, আয়শা রা. এর চিকিৎসা জ্ঞান দেখে তিনি খুবই আশ্চর্য হতেন। তাঁকে এ সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, রাসূলুল্লাহ সা. এর কাছে আগত বিভিন্ন প্রতিনিধি দল বিভিন্ন বিষয়ের বর্ণনা দিত। সেখান থেকেই তিনি চিকিৎসা পদ্ধতি শিখেছেন। ইমাম শামসুদ্দীন আয-যাহাবী র. তাঁর ‘তারীখুল ইসলাম’ গ্রন্থেও এমনটি উল্লেখ করেছেন।

#### ৭.৪ ইসলামের ইতিহাসে প্রথম হাসপাতাল

আয়শা রা. থেকে বর্ণিত আছে, খন্দকের যুদ্ধে সা‘দ ইব্ন মু‘আয রা. আহত হলেন। ইবনুল আরাকা নামক কুরায়শ গোত্রের এক ব্যক্তি তাঁর কাঁধে তীর নিক্ষেপ করেছিল। তখন রাসূলুল্লাহ সা. নামাযের স্থানের কাছেই একটি তাঁবু খটালেন। তাঁর নিকটে থেকে তাকে চিকিৎসা প্রদানের জন্য। ইব্ন ইসহাক র. তাঁর ‘সীরাত’ গ্রন্থে বলেন, “রাসূলুল্লাহ সা. সা‘দ ইব্ন মু‘আয রা.-কে আসলাম গোত্রের রাফিদা মতান্তরে রুফায়দা নামক মহিলার জন্য স্থাপিত তাঁবুতে রেখেছিলেন। তিনি আহত যোদ্ধাগণকে চিকিৎসা দিতেন। খন্দকের যুদ্ধে কোনো ব্যক্তি তীরবিদ্ধ হলে রাসূলুল্লাহ সা. বলতেন, তাঁকে রাফিদার তাঁবুতে রেখে আসো। যেন আমি কাছ থেকে তাঁর চিকিৎসা পর্যবেক্ষণ করতে পারি।”<sup>২৬</sup> এ থেকে বুঝা যায় যে, ইসলামের ইতিহাসে রাসূলুল্লাহ সা.-ই সর্বপ্রথম ভ্রাম্যমান সামরিক হাসপাতাল নির্মাণের নির্দেশ দিয়েছিলেন।

ইসলামী স্বর্ণযুগের বিমারিস্তান



#### ৭.৫ রাসূলুল্লাহ সা. এর যুগের উল্লেখযোগ্য চিকিৎসক

রাসূলুল্লাহ সা. এর যুগে আরবে চিকিৎসক হিসেবে যারা বিখ্যাত ছিলেন তাঁরা হলেন,

**ক. হারিছ ইব্ন কালদাহ্ আছ-ছাকাফী:** আরবের প্রথম খ্যাতিমান চিকিৎসক ছিলেন হারিছ ইব্ন কালদাহ্ আছ-ছাকাফী। তিনি ইরানের খুজিস্তান প্রদেশের জুনদিশাহপুরে চিকিৎসাবিদ্যা শিখেছিলেন। তিনি রাসূলুল্লাহ সা. এর সাহাবী ছিলেন কিনা সে বিষয়ে মতপার্থক্য রয়েছে। অধিকাংশ ঐতিহাসিকের মতে, হারিছ অমুসলিম ছিলেন। রোগ ও চিকিৎসার ব্যাপারে নবী করিম সা. তার কাছ থেকে পরামর্শ নিতেন এবং লোকজনকে (রোগীদেরকে) তার কাছে পাঠাতেন।

সা‘দ রা. থেকে বর্ণিত আছে, তিনি বলেন, আমি একবার অসুস্থ হয়ে পড়লে রাসূলুল্লাহ সা. আমাকে দেখতে আসলেন। তিনি আমার বুকের ওপর হাত রাখলেন। আমি তার হাতের শীতলতা আমার হৃদয় পর্যন্ত অনুভব করলাম। তিনি বললেন, “তুমি তো হার্টের রোগী। সাকিফ গোত্রের হারিছ ইব্ন কালদাহ্ কাছে যাও সে এর চিকিৎসা করে।”<sup>২৭</sup>

মূলত হারিছ চিকিৎসাবিজ্ঞান অধ্যয়ন করেন পারস্যের জুনদিশাহপুর শিক্ষায়তনে খ্রিস্টান চিকিৎসকদের নিকটে। প্রাথমিক অবস্থায় তিনি জুনদিশাহপুরেই প্রতিষ্ঠা লাভ করেন। পরে তায়েফ-এ এসে বসবাস করেন ও চিকিৎসা পেশায় নিয়োজিত হন। তিনি *কালামুল হারিছ মা‘আ কিসরা* (كلام الحارث مع كسري)<sup>২৮</sup> নামক একটি গ্রন্থ রচনা করেছিলেন বলে উল্লেখ পাওয়া যায়। দ্বিতীয় খলীফা উমার রা. এর সময় (৬৩৫ খ্রি.) তিনি ইন্তিকাল করেন। ভিন্নমতে মু‘আবিয়া রা. এর শাসনামলে হারিছ ইন্তিকাল করেন। উল্লেখ্য যে, তিনি বিষক্রিয়ায় মৃত্যুবরণ করেন।<sup>২৯</sup>

এমনিভাবে তার পুত্র নযর ইব্ন হারিছ ইব্ন কালদাহ্ ছিলেন অভিজ্ঞ চিকিৎসক। তিনিও তার পিতার মতো একই স্থান থেকে চিকিৎসাবিজ্ঞান অধ্যয়ন করেছিলেন। তাছাড়া রাসূলুল্লাহ সা. এর প্রাণপ্রিয় স্ত্রী আয়শা রা. ও একজন অনুশীলনকারী চিকিৎসক ছিলেন।<sup>৩০</sup>

খ. নযর ইব্ন হারিছ ইব্ন কালদা আছ-ছাকাফী: তিনি রাসূলুল্লাহ সা. এর সময়কালের একজন চিকিৎসক ছিলেন। কোনো কোনো মতানুযায়ী উক্ত হারিছই এই নযর। এই পাপাত্মা নবী করিম সা. এর কুৎসা রটাতো। ফলস্বরূপ বদর যুদ্ধে সে বন্দি হয় এবং নবী করিম সা. তাকে প্রাণদণ্ডের আদেশ দেন।<sup>৩১</sup>

গ. আবু হাফসা ইয়াযীদ: তিনি রাসূলুল্লাহ সা. এর সময়ের বিখ্যাত চিকিৎসক ছিলেন। তিনি ইয়াহুদি ছিলেন এবং পরবর্তীতে ইসলাম ধর্ম গ্রহণ করেন। *Wusten Field* তাঁর *Geschichte der Arabian Aerzte*-তে আবু হাফসাকে সে সময়কার অন্যতম চিকিৎসক বলে উল্লেখ করেছেন।<sup>৩২</sup>

ঘ. ইব্ন আবী রামছাতুন-তামীমী: আত-তামীমী ক্ষত ও প্রসিদ্ধ অস্ত্রপচার বিশেষজ্ঞ ছিলেন। তিনি রাসূলুল্লাহ সা. এর সময়ে বনু তামীম গোত্রের একজন দক্ষ শল্য চিকিৎসক হিসেবে খ্যাতি লাভ করেন।<sup>৩৩</sup>

ঙ. যায়নাব: তিনি জাহিলী যুগের ও বনু আওদের চিকিৎসক ছিলেন। তিনি চক্ষু এবং ক্ষতস্থানের চিকিৎসায় পারদর্শী এবং প্রসিদ্ধ ছিলেন।<sup>৩৪</sup> তিনি খুলাফায়ে রাশিদীনের যুগে চক্ষু রোগের চিকিৎসা করতেন।

চ. রুফায়দাহ আল-আসলামিয়াহ: তিনি জাহিলী যুগের বনী আসলাম গোত্রের একজন প্রথিতযশা চিকিৎসক ছিলেন। তিনি ছিলেন একজন আনসার সাহাবী এবং মসজিদে নববীর আঙিনায় তাবুতে যে হাসপাতাল করা হয়েছিল তার প্রধান।<sup>৩৫</sup> তিনি যুদ্ধে আহত সাহাবীগণের চিকিৎসা দিতেন। একবার সা'দ ইব্ন মু'আয আহত হলে রাসূলুল্লাহ সা. তাঁকে রুফায়দাহ এর তাবুতে রেখে আসতে বলেন।<sup>৩৬</sup>

ছ. আব্দুল মালিক ইব্ন আবজার আল-কিনানী: তিনি প্রথমে আলেকজান্দ্রিয়ায় বাস করতেন এবং সেখানকার অধিবাসীদেরকে চিকিৎসাবিজ্ঞান শিক্ষা দিতেন।<sup>৩৭</sup>

জ. শামারদাল ইব্ন কুবাছ আল-কাবি আন-নাজরানী: তিনি নাজরান থেকে রাসূলুল্লাহ সা. এর কাছে আগত বনু হারিস ইব্ন কা'ব গোত্রের কাফেলায় শরীক ছিলেন। রাসূলুল্লাহ সা. এর কাছে এসে তিনি বলেছিলেন, “হে আল্লাহর রাসূল সা.! আপনার ওপর আমার পিতা-মাতা উৎসর্গিত হোক। জাহিলী যুগে আমি আমার গোত্রীয় গণক ছিলাম এবং চিকিৎসাও করতাম। এখন কি আমার জন্য এটি করা বৈধ হবে? কারণ আমার কাছে তরুণী মেয়েরাও আসে। অতঃপর রাসূলুল্লাহ সা. তাঁকে চিকিৎসা সংক্রান্ত কিছু দিক-নির্দেশনা প্রদান করলেন। তখন শামারদাল রা. নবীজীকে সা. বললেন, যে সত্তা আপনাকে সত্য দিয়ে প্রেরণ করেছেন তাঁর শপথ! চিকিৎসা সম্পর্কে আপনি আমার চেয়ে অনেক বিজ্ঞ।”<sup>৩৮</sup>

ঝ. জিমাদ ইব্ন সা'লাবা আল-আজদি: তিনি আজদে শানুয়া গোত্রের লোক ছিলেন। ইব্ন আব্বাস রা. তাঁর সম্পর্কে বলেন, আজদি শানুয়া গোত্রের জিমাদ নামক একজন লোক ওমরার উদ্দেশ্যে মক্কায় এলেন। এসে শুনে পেলে কুরায়শরা বলাবলি করছে, মুহাম্মাদ একটা পাগল। তখন তিনি মুহাম্মাদ সা. এর চিকিৎসা করার ইচ্ছা করেন। তাঁর কাছে এসে বলেন, হে মুহাম্মাদ! আমি দুষ্ট বাতাসের প্রভাবের চিকিৎসা করি। আপনি যদি চান তাহলে আপনাকে চিকিৎসা দেব। আল্লাহ চাইলে আপনি সুস্থ হবেন। তখন রাসূলুল্লাহ সা. তাশাহুদ পাঠ করলেন এবং এমন কিছু কথা বললেন যা জিমাদকে খুবই মুগ্ধ করল। জিমাদ বললেন, আমাকে আবার বলুন। রাসূলুল্লাহ সা. তাকে আবার শুনাতে তিনি বললেন, এমন কথা আমি আগে কখনো শুনিনি। আমি অনেক গণক, যাদুকর এবং কবিদের কথা শুনেছি, কিন্তু এমন সুন্দর কথা আগে শুনিনি। তিনি তো শব্দের সমুদ্রের তলদেশ পর্যন্ত পৌঁছে গিয়েছেন। অতঃপর তিনি ইসলাম গ্রহণ করেন এবং নিজের ও গোত্রের পক্ষ থেকে রাসূলুল্লাহ সা. এর হাতে বায়'আত গ্রহণ করেন।<sup>৩৯</sup>

ঞ. উম্মু আতিয়াহ আল-আনসারিয়াহ: তিনি এ নামে পরিচিত হলেও তার প্রকৃত নাম নাসীবা বিন্ত আল-আনসারিয়াহ। রাসূলুল্লাহ সা. তাঁর মেয়ে যয়নাবকে গোসল করাতে বলেছিলেন উম্মু আতিয়াহ রা.-কে। তিনি হাদীসও বর্ণনা করেছেন। মুহাম্মাদ ইব্ন সীরীন র. এর সূত্রে তাঁর থেকে বর্ণিত আছে যে, আমি রাসূলুল্লাহ সা. এর সাথে সাতটি যুদ্ধে অংশগ্রহণ করেছি। এসব যুদ্ধে আমি সাহাবীগণের জন্য রান্না করতাম এবং তাদের ঘাঁটিতে থেকে ক্ষতস্থানের চিকিৎসা করতাম এবং অসুস্থদের পরিচর্যা করতাম।<sup>৪০</sup>

এছাড়া রাসূলুল্লাহ সা. এর যুগে দুজন প্রসিদ্ধ চিকিৎসকের নাম পাওয়া যায় তাঁরা হলেন- লুকমান আ. ও খুযায়ম।

#### ৭.৬ খোলাফায়ে রাশেদীনের আমলে চিকিৎসাবিজ্ঞান

শারীরিক সুস্থতার প্রতি গুরুত্বারোপের ক্ষেত্রে খোলাফায়ে রাশেদীন রাসূলুল্লাহ সা. এর পদাঙ্ক অনুসরণ করেছিলেন। তাঁরা নিজেরাও লোকদেরকে সুস্থাস্থ্যের প্রতি গুরুত্ব প্রদান করতে বলতেন এবং চিকিৎসার প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করতেন। উমর রা. চিকিৎসার প্রতি খুবই গুরুত্ব দিয়েছিলেন। এ সম্পর্কে তাঁর বেশ কিছু প্রসিদ্ধ উক্তি রয়েছে। যেমন- তিনি বলেছেন, আপনারা খাবার এবং পানীয় গ্রহণে পেটুকতা করা থেকে বিরত থাকুন। এতে শরীর নষ্ট হয়ে যায়, বিভিন্ন রোগ ব্যাধি সৃষ্টি হয় এবং নামাযে অলসতা তৈরি হয়। তিনি আরো বলেন, আপনারা অধিক

পরিমাণে গোশত ভক্ষণ থেকে বিরত থাকুন। কেননা গোশতের মধ্যে মদের মতো হিংস্রতা রয়েছে। খোলাফায়ে রাশেদীন প্রতিটি সৈন্যদলের সাথে চিকিৎসকদের দল প্রেরণ করতেন। ইসলামের চার খলীফার মধ্যে আলী রা. চিকিৎসাবিজ্ঞানে গুরুত্বপূর্ণ অবদান রাখেন। কেউ কেউ বলেন, আলী রা. থেকেই আরব সভ্যতায় বিজ্ঞান গবেষণার সূচনা হয়।<sup>৪১</sup> আলী রা. একবার আকস্মিক ব্যাধিতে আক্রান্ত চারশত যোদ্ধাকে চিকিৎসার নির্দেশ দিয়েছিলেন এবং তাদেরকে কূফায় ফিরিয়ে আনতে বলেছিলেন।<sup>৪২</sup> আলী রা. এর যুগের বিখ্যাত চিকিৎসক হলেন আবুল ফুতুহ আল-মুসতাওফী।<sup>৪৩</sup> এভাবে কালের আবর্তে খুলাফায়ে রাশেদীনের যুগও অতিক্রম হয়।

#### ৭.৭ উমাইয়া শাসনামলে চিকিৎসাবিজ্ঞান

খুলাফায়ে রাশেদীনের পর মুসলিম সাম্রাজ্যে বংশানুক্রমিক শাসন প্রতিষ্ঠা হয়। বংশানুক্রমিক বা রাজতান্ত্রিক শাসন ব্যবস্থা চালু থাকলেও শাসকগণ ছিলেন বিজ্ঞানমনস্ক। প্রথমেই ক্ষমতায় আসে উমাইয়া বংশ। উমাইয়া আমলে দিমাশ্ক ইসলামী খিলাফতের রাজধানীর মর্যাদা লাভ করে। এ সময় আরবরগণ *আলেকজান্দ্রিয়া*, নিসিবিস ও জুনদিশাহপুরে নিজেদের নিয়ন্ত্রণ কয়েম করে। রাজধানী দিমাশ্কে *বাইজান্টাইন* সাম্রাজ্যের অদূরে থাকায় আরবরা প্রাচীন গ্রিক জ্ঞান-বিজ্ঞানের সংস্পর্শে আসে। খ্রিস্টপূর্ব পঞ্চম শতাব্দী থেকে খ্রিস্ট পরবর্তী পঞ্চম শতাব্দী পর্যন্ত বিশ্বে জ্ঞানের মশাল ছিল গ্রিক বিজ্ঞানীদের হাতে। বাইজান্টাইনীয়রা নিরানন্দ গ্রিক দর্শন ও জ্ঞান-বিজ্ঞান নিয়ে আগ্রহী না হওয়ায় তাওহীদবাদী মুসলমানরা কার্যত বহুত্ববাদী গ্রিক দর্শনের উত্তরাধিকারীতে পরিণত হয়। গ্রিকদের সাথে ধর্মীয় বিশ্বাসের মিল না থাকলেও তাদের অর্জিত জ্ঞানের সঙ্গে মুসলমানদের কোন বিরোধ ছিল না। অন্যদিকে ইউরোপ বিশেষ করে পশ্চিম ইউরোপে ধর্মীয় একনায়কত্বের আবির্ভাব ঘটায় সেখানে বুদ্ধিবৃত্তিক পুনর্জাগরণের সব সম্ভাবনা ধ্বংস হয়ে যায়। শুধু তাই নয় পশ্চিম ইউরোপ রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক দিক থেকে গ্রিক ও প্রাচ্যের মুসলমানদের কাছ থেকে ধীরে ধীরে দূরে সরে যেতে থাকে। তাতে উভয় সভ্যতার মধ্যে সাংস্কৃতিক দূরত্ব আরো বৃদ্ধি পায়। মুসলমানরা ক্রমে ক্রমে গ্রিক ও পার্সী জ্ঞান ভাণ্ডার উদ্ঘাটন করতে শুরু করে। এ পর্যায়ে মুসলমানরা বিপুল উৎসাহে প্রাচীন জ্ঞান নিয়ে গবেষণায় আত্মনিয়োগ করে। মূলত সাম্রাজ্যের বিস্তৃতির পরই উমাইয়া খলীফাগণ চিকিৎসাবিদ্যার প্রতি বিশেষ গুরুত্বারোপ করেছিলেন। তাদের সময়ে দিমাশ্কে জ্ঞান এবং সভ্যতার প্রাণকেন্দ্রে পরিণত হয়েছিল। খলীফা উমর ইবন আদিল আযীয র. (৬৩-১০১ হি./৬৮২-৭২০ খ্রি.) সুরিয়ানি ভাষায় চিকিৎসা সংক্রান্ত গ্রন্থগুলোর আরবীতে অনুবাদের উদ্যোগ নিয়েছিলেন।

ইমাম মাকরিজি র. বলেন, ইসলামের ইতিহাসে সর্বপ্রথম হাসপাতাল নির্মাণ করেন উমাইয়া খলীফা ওয়ালীদ ইবন আব্দুল মালিক। ৮৮ হিজরী/৭০৬ খ্রিস্টাব্দে তিনি এ হাসপাতাল নির্মাণ করেছিলেন। তিনি হাসপাতালের জন্য চিকিৎসক নিয়োগ দিয়েছিলেন এবং তাদের বেতন-ভাতা জারি করেছিলেন। কুষ্ঠরোগীদের আটকে রাখার নির্দেশ দিয়েছিলেন। তাদের জন্য এবং অন্ধ ব্যক্তিদের জন্য বিশেষ ভাতা চালু করেছিলেন। ইবন জারীর আত্ম-তাবারী র. ‘তারীখুর রুসূল ওয়াল মুলুক’ গ্রন্থে উল্লেখ করেছেন, ‘শাম’ তথা বৃহত্তর সিরিয়ার অধিবাসীদের কাছে ওয়ালীদ ইবন আব্দুল মালিক সর্বশ্রেষ্ঠ খলীফা হিসেবে গণ্য হয়েছিলেন। তিনি সেখানে বহু মসজিদ নির্মাণ করেছিলেন। লোকদের অজস্র দান করতেন। কুষ্ঠরোগীদের ভাতার ব্যবস্থা করে বলেছিলেন, “তোমরা মানুষের কাছে কিছু চেয়ো না।” তাদের সময়ের অন্যতম উল্লেখযোগ্য অবদান হচ্ছে এ ধরনের নিয়মতান্ত্রিক হাসপাতালসমূহ এবং ইসলামী চিকিৎসাবিদ্যায় বেশ কয়েকজন বিদগ্ধ ব্যক্তিত্বের আবির্ভাব। তবে উমাইয়া খলীফাগণ জ্ঞান-বিজ্ঞানের প্রসারের চেয়ে সামরিক শক্তি এবং রাজ্য বিস্তার ও প্রশাসনিক উন্নতিকল্পে বেশি সময় ব্যয় করেছেন। ফলে জ্ঞান-বিজ্ঞানের সকল শাখায় অগ্রগতির সূচনা ঘটলেও তা পরিপূর্ণভাবে উৎকর্ষতা লাভ করেনি। অবশেষে ৭৪৯ সালে উমাইয়া শাসনের অবসান ঘটলে শুরু হয় মুসলিম খিলাফতে বৈজ্ঞানিক অগ্রযাত্রার আরেকটি নতুন অধ্যায়।<sup>৪৪</sup>

#### উমাইয়া যুগের উল্লেখযোগ্য চিকিৎসক হচ্ছেন :

১. ইবন আসাল: তিনি ছিলেন উমাইয়া খলীফা ইবন আবী সুফিয়ানের যুগের চিকিৎসক। তিনি ছিলেন সিরীয় খ্রিস্টান এবং একক ও যৌগিক ঔষধের ব্যাপারে খুবই অভিজ্ঞ।<sup>৪৫</sup>

২. আবুল হাকাম: এই ব্যক্তিও ছিলেন খ্রিস্টান ধর্মাবলম্বী। তখনকার চিকিৎসকদের মধ্যে তার পরিবার ছিল শীর্ষ অবস্থানে।<sup>৪৬</sup>

৩. তায়াজুক: তিনি ছিলেন উমাইয়া যুগের বিখ্যাত ও একজন অভিজ্ঞ চিকিৎসক। চিকিৎসায় দক্ষতার পাশাপাশি হাজ্জাজ বিন ইউসুফ সাকাফির ব্যক্তিগত পরামর্শদাতা ছিলেন। তিনি সুস্বাস্থ্যের গুরুত্ব এবং প্রয়োজনীয়তা ব্যক্ত করে অনেক বক্তব্য এবং উপদেশ প্রদান করতেন। তিনি তাঁর ছেলের জন্য চিকিৎসা সংক্রান্ত একটি গ্রন্থ লিখেছেন। এ গ্রন্থে তিনি রোগের পরিবর্তন, সূক্ষ্মতা, স্থায়ীত্ব এবং নিঃশেষ হওয়া নিয়ে আলোচনা করেছেন। কিছু রোগের নাম সংক্রান্ত ব্যাখ্যাও তাতে আলোচিত হয়েছে। ৯০ হিজরী/৭০৮ খ্রিস্টাব্দে ওয়াসিত শহরে তিনি ইন্তিকাল করেন।<sup>৪৭</sup>

### ৭.৮ আব্বাসীয় শাসনামলে চিকিৎসাবিজ্ঞান

আব্বাসীয় শাসনামলে (১৩২-৬৫৬ হি./৭৫০-১২৫৮ খ্রি.) মুসলমানদের শিক্ষা, সংস্কৃতি, জ্ঞান-বিজ্ঞানের চরম উৎকর্ষতা সাধিত হয়।<sup>৪৮</sup> শিক্ষা-দীক্ষা, জ্ঞান-বিজ্ঞান এবং সভ্যতা-সংস্কৃতিতে এ যুগ শুধু ইসলামেরই নয়; বরং বিশ্বের ইতিহাসেও বিরাট স্থান দখল করে আছে।<sup>৪৯</sup> এ যুগের অধিকাংশ খলীফা রাজ্য বিজয় পরিত্যাগ করে জ্ঞানারোহণে সুদূরপ্রসারী অভিযান পরিচালনা করেন।<sup>৫০</sup>

মুসলিম চিকিৎসাবিজ্ঞানের সূচনা বলতে যা বুঝায় তা হয়েছিল মূলত আব্বাসীয় আমল হতেই, কুরআনের শিক্ষা ও রাসূলুল্লাহ সা. এর অনুপ্রেরণায় মুসলিম সভ্যতার সূচনা প্রকৃতপক্ষে আব্বাসীয় আমলেই সংগঠিত হয়। এছাড়া মুসলমানদের চিকিৎসাবিজ্ঞান গবেষণার ক্ষেত্রে জুনদিশাহপুরের শিক্ষায়তনটির বিশেষ ভূমিকা রয়েছে। গ্রিক, পারস্য, সিরীয় এবং কিছুসংখ্যক ভারতীয় ছাত্র ও শিক্ষক জুনদিশাহপুরের কলেজে অধ্যয়ন ও অধ্যাপনা করতেন। গ্রিক হতে সিরীয় ও পাহলভী ভাষায় অনুবাদের কাজ পঞ্চম শতাব্দীতে আরম্ভ হয়েছিল এবং ষষ্ঠ শতাব্দীতে *গ্যালেন* ও *হিপোক্রেটিসের* গ্রন্থগুলো সিরীয় ভাষায় অনূদিত হয়েছিল। এ যুগে গ্রিক, পারস্য ও ভারতীয় অনেক গ্রন্থ অনূদিত হয়েছিল। এ সময় জুনদিশাহপুরের কলেজটি ইসলামী সাম্রাজ্যের বিজ্ঞান কেন্দ্ররূপে পরিচিত ছিল।<sup>৫১</sup>

তাই বলা যায় সময়ের চাকা ঘুরে ঘুরে কেবল আব্বাসীয়দের কাছেই আবর্তিত হয়। তাদের সময়েই মুসলিম জাতি চিকিৎসাবিজ্ঞানের প্রতিটি শাখায় উৎকর্ষতা লাভ করে। পূর্ববর্তী শাস্ত্রবিদদের ভুলত্রুটিগুলো তারা সংশোধন করেন। তারা শুধু চিকিৎসা পদ্ধতি বর্ণনা এবং অনুবাদেই সীমাবদ্ধ থাকেননি। তারা এ নিয়ে বিস্তৃত গবেষণা করেছেন এবং পূর্ববর্তীদের ভুল সংশোধন করেছেন। তাদের আমলে চিকিৎসা সংক্রান্ত অনেক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। তখনকার মুসলিম চিকিৎসকগণ রোগের ধরণ-প্রকৃতি এবং এর বিকাশ নিয়ে আলোচনা করার প্রতি খুবই গুরুত্ব দিতেন। হুনায়েন ইব্ন ইসহাক এবং সাবিত ইব্ন কুররা আল-হাররানির মতো অনেক চিকিৎসক এই জাগরণে অবদান রেখেছেন। তাঁরা চিকিৎসকের জন্য সিলেবাস প্রণয়ন করেছিলেন। প্রধান চিকিৎসকের কাছে উত্তীর্ণ হওয়া ব্যতীত কেউ এতে ভর্তি হওয়ার সুযোগ পেত না। প্রসিদ্ধ আরব চিকিৎসক সিনান ইব্ন সাবিত ইব্ন কুররা শুরু থেকে এ বিষয়ে দেখাশুনা করতেন। সে সময় সাধারণ চিকিৎসক, রক্ত বিশেষজ্ঞ, চক্ষু বিশেষজ্ঞ, ডেন্টিস্ট, মহিলা চিকিৎসক এবং ফ্রি চিকিৎসকসহ পৃথক পৃথক ক্যাটাগরির সৃষ্টি হয়েছিল। আব্বাসীয় আমলের প্রখ্যাত মুসলিম চিকিৎসক হলেন, আল-কিন্দি, আবু বকর আর-রাযী, আল-বিরুনী, ইব্ন সীনা।<sup>৫২</sup> মুসলিম চিকিৎসাবিজ্ঞানে ক্রমবিকাশের যুগকে চার ভাগে বিভক্ত করা যায়।<sup>৫৩</sup> যথা :

১. ৭৫০-৯০০ খ্রি. (অনুবাদের যুগ)।
২. ৯০০-১১০০ খ্রি. (মুসলিম চিকিৎসাবিজ্ঞানের স্বর্ণযুগ)।
৩. ১২৫০-১৬৫০ খ্রি. (মুসলমানদের পতন ও ইউরোপের উত্থান যুগ)।
৪. ১৬৫০ খ্রি. (চলমান সময় চিকিৎসাবিজ্ঞানে পাশ্চাত্যের দ্বারস্থ)।

#### ৭.৮.১ অনুবাদের যুগ (৭৫৯-৯০০ খ্রি.)

আব্বাসীয় আমলে জ্ঞানচর্চার প্রথম যুগ ছিল মূলত অনুবাদের যুগ। পৃথিবীর বিভিন্ন সভ্যতায় বিভিন্ন ভাষায় মানুষের জ্ঞানের যেসকল দিক সংরক্ষিত ছিল, আরবগণ তাকেই প্রথম দিকে অনুবাদের মাধ্যমে জনসাধারণের সম্মুখে উপস্থাপন করে। এই অনুবাদের সাথে সাথেই এসেছে তাদের মৌলিক জ্ঞানচর্চার কাল।<sup>৫৪</sup>

সর্বপ্রথম মুসলমানগণ গ্রিক, ভারতীয়, পারসিক এবং চ্যালডিয়ান ঔষধ ও চিকিৎসাবিদ্যা সম্বন্ধীয় গ্রন্থ সমূহকে আরবীতে অনুবাদ করে এবং ঐ সমস্ত দেশের চিকিৎসা ও ঔষধ বিজ্ঞান সম্বন্ধে জ্ঞান আয়ত্ত্ব করে তবে এক্ষেত্রে তাঁরা অন্ধভাবে কোনো দেশ বা জাতির চিকিৎসা ও ঔষধ তত্ত্বকে মেনে নেয়নি, বরং তাঁরা ঐ সমস্ত দেশের চিকিৎসা ও ঔষধ বিজ্ঞানের উপর গবেষণা করে গুরুত্বপূর্ণ ও উপযোগী অংশটুকু গ্রহণ করেছিল। তাঁরা ঔষধ বিজ্ঞানের উপর নতুন তত্ত্ব ও তার প্রয়োগ সম্বন্ধে জ্ঞাত হয়েছিল। এভাবে তাঁরা এক নবতম চিকিৎসা পদ্ধতির আবিষ্কার করতে সক্ষম হয়েছিল। যখন ইউরোপীয়গণ মুসলমানদের ঐ সমস্ত চিকিৎসা সংক্রান্ত তথ্য আরবী সাহিত্য হতে শিক্ষণ প্রাপ্ত হলো তখন তারা সাধারণভাবে ঐ জ্ঞানকে ‘আরবী ঔষধ বিজ্ঞান’ হিসেবে চিহ্নিত করল এবং চিকিৎসা ও ঔষধ বিজ্ঞানে যে তারা খণ্ডি সেটা স্বীকার করল। যেহেতু ঔষধের জ্ঞান প্রাথমিকভাবে গ্রিক থেকে মুসলমানগণ গ্রহণ করেছিল তথাপিও দক্ষিণ এশিয়ার উপমহাদেশের মুসলমানগণ তাদের ঔষধ বিজ্ঞানের নামকরণ করেছিল *আত-তিব্ব আল-ইউনানী* (الطب اليوناني) গ্রিক ঔষধবিদ্যা, এই স্বীকৃতি মুসলমানদের উদারতাকেই প্রকট করে।<sup>৫৫</sup>

অতএব, নবম শতাব্দীতে নেস্টোরীয় খ্রিস্টানদের সাহায্যে অনুবাদের কাজ আরম্ভ হয়। এরা প্রায় সকলেই গ্রিক, সিরীয় ও আরবী ভাষায় সুপণ্ডিত ছিল এবং তাদের মধ্যে কেউ কেউ ফারসী ভাষাও জানত। প্রথমে তারা গ্রিক গ্রন্থ সিরীয় ভাষায় অনুবাদ করত। এগুলোকে পরে আরবীতে অনুবাদ করা হতো। এ অনুবাদ কার্য খলীফা আল-মামুনের সময় (৮১৩-৮৩৩ খ্রি.) বায়তুল হিকমা প্রতিষ্ঠার মাধ্যমে চরমোৎকর্ষ লাভ করে। এখানকার অনুবাদ

সংস্থার প্রধান ছিলেন প্রতিভাধর দার্শনিক ও চিকিৎসক হুনায়েন ইব্ন ইসহাক। তিনি গ্যালেনের যাবতীয় গ্রিক গ্রন্থের অনুবাদ করেছিলেন। এর ফলে গ্যালেনের সমগ্র চিকিৎসা বিষয়ক ও দার্শনিক গ্রন্থ অনূদিত হয়ে একশটি সিরীয় ও ত্রিশটি আরবী গ্রন্থে রূপান্তরিত হয়। হুনায়েনের পুত্র ইসহাক এবং ভ্রাতৃপুত্র হুবায়েশ অনুবাদক হিসেবে খ্যাতিমান ছিলেন এবং উভয়ে মিলে তেরটি সিরীয় ও ষাটটি আরবী গ্রন্থ অনুবাদকর্ম সম্পন্ন করেন। এভাবে গ্রিক বিজ্ঞানের বিশাল উত্তরাধিকার মুসলিম বিশ্বের কাছে পরিচিত হয়।<sup>৫৬</sup>

গ্যালেন (১২৯-২১৬ খ্রি.) নিজ গ্রন্থ ব্যতীত *হিপোক্রেটিস* (৪৬০-৩৬০ খ্রিস্টপূর্বাব্দ) এর গ্রন্থের যে সকল টীকা লিখেছিলেন, হুনায়েন সেগুলোও সিরীয় ও আরবী ভাষায় অনুবাদ করেছিলেন। হুনায়েনের শিষ্যরা অবশ্য *হিপোক্রেটিসের* গ্রন্থাবলী অনুবাদ করেছিলেন। হুনায়েন আরো অনুবাদ করেন অরিসটিয়াসের ‘*সিনপুসিস*’, এজিনার পলের ‘*সপ্তগ্রন্থ*’ এবং ডায়াসকোরাইডের ‘*ম্যাটেরিয়া মেডিকা*’, হুনায়েন অন্যান্য গ্রিক চিকিৎসাবিজ্ঞানী, পশু চিকিৎসাবিজ্ঞানী এবং *এরিস্টোটলের* প্রাকৃতিক বিজ্ঞান বিষয়ক গ্রন্থ ও বাইবেলের গ্রিক ভাষ্যের অনুবাদ করেন। এসব অনুবাদ ছাড়া হুনায়েন নিজেও বহু গ্রন্থ লিখেছেন। তন্মধ্যে তাঁর সবচেয়ে উল্লেখযোগ্য কাজ হলো গ্যালেনের গ্রন্থ থেকে গৃহীত উপাদান ব্যবহার করে ছাত্রদের জন্য পাঠ্য গ্রন্থ রচনা করা। হুনায়েন ও হুবায়েশ মূলত চিকিৎসা বিষয়ক গ্রন্থ অনুবাদ করেছেন।<sup>৫৭</sup>

#### ৭.৮.২ মুসলিম চিকিৎসাবিজ্ঞানের স্বর্ণযুগ (৯০০-১১০০ খ্রি.)

উমাইয়া যুগে (৪১-১৩২ হি./৬৬১-৭৫০ খ্রি.) জ্ঞান-বিজ্ঞানের ক্ষেত্রে যে বীজ বপিত হয়েছিল আব্বাসীয় যুগে তা ফুলে ফলে সুশোভিত হয়ে বিশ্ব সভ্যতার শীর্ষদেশে উন্নীত হয়েছিল।<sup>৫৮</sup> এজন্য ঐতিহাসিকগণ এ যুগকে জ্ঞান-বিজ্ঞানের স্বর্ণযুগ (*Golden Age*) বলে আখ্যায়িত করেছেন।<sup>৫৯</sup> এ সময় বিশ্বের প্রাচীন জ্ঞানভাণ্ডার মছন করে মুসলিম বিশ্বের বিজ্ঞানীগণ চিকিৎসা সংক্রান্ত গবেষণায় আত্মনিয়োগ করেন। এরপর চিকিৎসাবিজ্ঞান চর্চার আকাশে উদ্ভিত হয় নতুন সূর্য। বিচ্ছুরিত হয় মুসলমানদের মৌলিক জ্ঞানানুশীলনের সোনালী রশ্মি। ৯০০ খ্রিস্টাব্দ থেকে ১১০০ খ্রিস্টাব্দ পর্যন্ত মুসলমানদের মৌলিক গবেষণা বিশ্বের চিকিৎসাবিদ্যার ইতিহাসে নবযুগের সূচনা করে।

এক্ষেত্রে *বায়তুল হিকমা*<sup>৬০</sup> (*House of Wisdom*) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। *বায়তুল হিকমা* প্রতিষ্ঠা করা না হলে ইসলামের ইতিহাসে স্বর্ণযুগ নামে কোনো গৌরবোজ্জ্বল অধ্যায়ের সূচনা ঘটত কি-না সন্দেহ। মানবজাতির ইতিহাস হতো ভিন্নতর।<sup>৬১</sup> এ প্রসঙ্গে সাংবাদিক ও লেখক *জোনাথন লিয়ঙ্গের* একটি উক্তি উল্লেখযোগ্য। তিনি তাঁর *The House of Wisdom : How The Arabs Transformed Western Civilization* গ্রন্থে উল্লেখ করেছেন,

The classical works of Greek and other ancient philosophers and scientists might have been lost to the European if they had not been preserved in the Arabic language through the House of Wisdom. Muslims translated them and also wrote comments and explanations and added their own ideas.

“হাউজ অব উয়িজডমের মাধ্যমে গ্রিক ও অন্যান্য প্রাচীন দার্শনিক ও বিজ্ঞানীর প্রাচীন গ্রন্থগুলো আরবী ভাষায় সংরক্ষণ করে রাখা না হলে ইউরোপীয়দের কাছ থেকে সেগুলো হারিয়ে যেত। মুসলমানরা প্রাচীন গ্রন্থগুলো অনুবাদ করেছেন এবং অনূদিত গ্রন্থগুলোর ওপর ভাষ্য ও ব্যাখ্যা লিখেছেন এবং তার সাথে নিজেদের ধারণা অন্তর্ভুক্ত করেছেন।”<sup>৬২</sup>

গণিতের ঐতিহাসিক *করোনা ব্রিজাইনা* তাঁর *Al-Khawarizmi : The Inventor of Algebra* গ্রন্থে একই কথা বলেছেন। তিনি উল্লেখ করেছেন,

The Scholars of the House of Wisdom were instrumental in translating scientific texts from various cultures such as ancient Greece and India into Arabic and preserved them for future generations.

“হাউজ অব উয়িজডমের পণ্ডিতগণ ছিলেন গ্রিস ও ভারতের মতো বিভিন্ন প্রাচীন সংস্কৃতির বৈজ্ঞানিক পাণ্ডুলিপিগুলো আরবীতে অনুবাদের সহায়ক শক্তি এবং তারা এসব অনুবাদ ভবিষ্যত প্রজন্মের জন্য সংরক্ষণ করে রেখেছেন।”<sup>৬৩</sup>

বায়তুল হিকমায় বিজ্ঞানীগণ জ্ঞানচর্চায় রত



খলীফা আল-মামুন বায়তুল হিকমা (House of Wisdom) প্রতিষ্ঠাসহ এর যাবতীয় উন্নতি সাধনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করলেও তাঁর উত্তরসূরি খলীফা আল-মু'তাসিম ও আল-ওয়াসিতের শাসনামলে বায়তুল হিকমার চরম উৎকর্ষ সাধিত হয়। তবে খলীফা আল-মুতাওয়াক্কিলের শাসনামলে তার অবনতি ঘটে। খলীফা আল-মামুন, আল-মুসতা'সিম ও আল-ওয়াসিত মুতাযিলা মতবাদে বিশ্বাসী হলেও খলীফা আল-মুতাওয়াক্কিল ছিলেন এ মতবাদের বিরোধী। কঠোর ইসলামের অনুসারী হওয়ায় খলীফা আল-মুতাওয়াক্কিল মুতাযিলা মতবাদের উৎস গ্রিক দর্শনের বিস্তার রোধ করার চেষ্টা করেন।<sup>৬৪</sup>

এই যুগের চিকিৎসাশাস্ত্রবিদদের মধ্যে আলী আত-তাবারী, আর-রাযী, আলী ইবন আব্বাস, আল- মাজসী এবং ইবন সীনার নাম বিখ্যাত। তাঁরা পারস্যবাসী হলেও আরবীয় ছিলেন। আর রাযী এবং ইবন সীনার প্রতিকৃতি আজও প্যারিস বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা বিভাগে সংরক্ষিত আছে। এছাড়াও অনেক চিকিৎসাবিজ্ঞানী এ যুগে চিকিৎসাশাস্ত্রে অভূতপূর্ব অবদান রাখেন।<sup>৬৫</sup>

#### ৭.৮.৩ মুসলমানদের পতন ও ইউরোপের উত্থান যুগ (১২৫০-১৬৫০ খ্রি.)

একাদশ ও দ্বাদশ শতাব্দীতে ইউরোপীয় খ্রিস্টানদের পরিচালিত ক্রুসেডে ইসলামী খিলাফত দুর্বল হয়ে পড়ে। ত্রয়োদশ শতাব্দীতে আকস্মিকভাবে পূর্বদিক থেকে আব্বাসীয় সাম্রাজ্যের প্রতি বৃহত্তর হুমকি সৃষ্টি হয়। ১২০৬ সালে চেঙ্গিস খানের নেতৃত্বে মোঙ্গলরা মধ্য এশিয়ায় সাম্রাজ্য প্রতিষ্ঠা করে। মোঙ্গল সাম্রাজ্য পূর্বদিকে চীন এবং পশ্চিম দিকে রাশিয়া ও ইসলামী খিলাফতসহ ইউরেশিয়ার বিশাল ভূখণ্ডে সম্প্রসারিত হয়। ১২৫৩ সালে চেঙ্গিস খানের নাতি হালাকু খান একটি বিশাল বাহিনী নিয়ে পারস্য অভিযান শেষে গুপ্তঘাতকদের সুরক্ষিত আলামুত দুর্গ আক্রমণ করেন। এ অভিযানে তিনি বাগদাদের খলীফা মু'তাসিম বিল্লাহর সহায়তা কামনা করে তার কাছে একটি চিঠি পাঠান। খলীফা তার প্রস্তাব প্রত্যাখ্যান করলে হালাকু খান ক্রুদ্ধ ও অপমানিত বোধ করেন এবং গুপ্তঘাতক সম্প্রদায়কে নিশ্চিহ্ন করে ১২৫৮ সালের জানুয়ারিতে বাগদাদের উপকণ্ঠে পৌঁছে খলীফা মুসতা'সিম বিল্লাহকে আত্মসমর্পণের জন্য চরমপত্র দেন। মুসতা'সিম বিল্লাহ তার চরমপত্র উপেক্ষা করলে তিনি ৪০ দিন বাগদাদ অবরোধ করে রাখেন এবং প্রস্তর নিক্ষেপক ও জলন্ত অগ্নির সাহায্যে এ সুরম্য নগরীর প্রাচীর বিধ্বস্ত করেন। নিরুপায় খলীফা মুসতা'সিম বিল্লাহ হালাকু খানের নিকট আত্মসমর্পণ করে প্রাণভিক্ষা প্রার্থনা করেন। কিন্তু হালাকু খান অত্যন্ত নিষ্ঠুরভাবে খলীফা ও রাজপরিবারের সকলকে ১২৫৮ খ্রিস্টাব্দের ফেব্রুয়ারি মাসে হত্যা করেন। হালাকু খানের বাগদাদ ধ্বংসের মধ্য দিয়ে মুসলমানদের পতন অবশ্যম্ভাবী হয়ে পড়ে। মোঙ্গলদের নির্মম হত্যাযজ্ঞে ১৬ লক্ষ লোক নিহত হয়। তিনদিন ধরে বাগদাদের রাজপথগুলোতে রক্তের শোত প্রবাহিত হয়। হালাকু খান নেস্টোরীয় খ্রিস্টান স্ত্রী দোকুজ খাতুনের নির্দেশে বাগদাদের খ্রিস্টান ও পার্সী মুসলিম জ্যোতির্বিজ্ঞানী নাসিরুদ্দীন আত-তুসীর অনুরোধে শিয়াদের রেহাই দেন। খলীফা আল-মামুন কর্তৃক প্রতিষ্ঠিত বায়তুল হিকমাসহ সকল লাইব্রেরি, মসজিদ, প্রাসাদ, সমাধি-সৌধ, হাসপাতাল ও শিক্ষা প্রতিষ্ঠান ধ্বংস করে দেন। বিশেষ করে বায়তুল হিকমার ধ্বংস শুধু স্বর্ণযুগের যবনিকাঘাত ঘটায় তাই নয়, এ ঘটনা ছিল গোটা মানবজাতির জন্য অপূরণীয় ক্ষতি।<sup>৬৬</sup>

শুধু হালাকু খান নয়, পরবর্তী মোঙ্গল নেতা তৈমুর লংও একই নিষ্ঠুরতার আশ্রয় নেন। তিনি বহু সমৃদ্ধ নগরী ও জনপদ ধ্বংস, হাজার হাজার মানুষ হত্যা এবং প্রাচীন কৃষিপ্রধান মেসোপটেমিয়া অঞ্চলের অপূরণীয় ক্ষতিসাধন করেন। দুর্ধর্ষ মোঙ্গলরা আব্বাসীয় সাম্রাজ্যকে পদানত করে পশ্চিম মরুর দিকে অগ্রসর হওয়ার স্বল্পপথে পূর্বদিকে চীনের পথে এগিয়ে গেলে মুসলিম সভ্যতা তাদের ধ্বংসযজ্ঞের হাত থেকে নিস্তার পায়। পশ্চিম এশিয়ায় বসবাসকারী মোঙ্গলদের অধিকাংশ ইসলাম ধর্মে দীক্ষিত হয়। তাদের অনেকে তুর্কী মুসলমানদের সাথে একাকার হয়ে যায়। তুর্কী অটোমান সাম্রাজ্য আব্বাসীয় সাম্রাজ্যের ধ্বংসস্তূপ থেকে মাথা তুলে দাঁড়ানোর চেষ্টা করে। কিন্তু ততদিনে মুসলমানদের স্বর্ণযুগের অবসান ঘটে। অন্ধকারের মধ্য দিয়ে মুসলিম বিশ্ব শতাব্দীর পর শতাব্দী অগ্রসর হয়।<sup>৬৭</sup> এরূপ পরিস্থিতিতে মুসলমানদের চিকিৎসাবিদ্যায় জ্ঞান সাধনার উচ্ছ্বসিত জলরাশি ক্রমশ ক্ষীণকায় মৃতপ্রায় জলাধারে পরিণত হয়। অপরদিকে চিকিৎসাশাস্ত্রে মুসলমানদের সাধনার উপর ভিত্তি করে ইউরোপে চিকিৎসাবিদ্যার অগ্রগতি অবিচ্ছিন্ন গতিধারায় এগিয়ে চলে। মুসলমানদের চিকিৎসা বিষয়ক মৌলিক গ্রন্থগুলো ইউরোপে বিভিন্ন ভাষায় বারংবার অনুবাদ করা হয়। আয-যুহরের গ্রন্থ চৌদ্দবার, ইবন সীনার কানুন পনেরবার, আর-রাযীর গ্রন্থ পনেরবার ল্যাটিন ভাষায় অনূদিত হয়। অন্যান্য চিকিৎসকদের গ্রন্থও একইভাবে অনুবাদ করা হয়। কানুন ফিত-তিব (الطَّبِّ فِي الْفُتُونِ) এর পঞ্চাশতম সংস্করণ এই গ্রন্থটির শ্রেষ্ঠত্বই প্রমাণ করে। ইউরোপীয় গবেষকবৃন্দ মুসলিম মনীষীগণের চিকিৎসা বিষয়ক গ্রন্থের উপর বহুবার আলোচনামূলক নিবন্ধ রচনা করেছেন। ৫৪ জন পাশ্চাত্যের লেখক কেবল ইবন সীনার গ্রন্থের উপর টীকা রচনা করেছেন। এভাবেই ইউরোপীয়রা অগ্রসর হয়ে জ্ঞান-বিজ্ঞানের শীর্ষদেশে উন্নীত হয়েছে আজকের আধুনিক বিশ্বে। মুসলমানদের পতনের মধ্য দিয়ে আর বিংশ ও একবিংশ শতাব্দীতে জ্ঞান-বিজ্ঞানের ক্ষেত্রে মুসলিম বিশ্বে নেমে এসেছে স্থবিরতা।<sup>৬৮</sup>

### ৭.৮.৪ চলমান সময়ে চিকিৎসাবিজ্ঞানে পাশ্চাত্যের দারস্থ (১৬০৫ থেকে বর্তমান)

নবম থেকে দ্বাদশ শতাব্দী পর্যন্ত আরবী ভাষা জনগোষ্ঠীর সাফল্য এত বেশি ছিল যে, তা আমাদের বোধশক্তিকে স্তম্ভিত করে দেয়। ইসলাম ও আরবদের উত্থান যত দ্রুতগতিতে ঘটেছিল তাদের অবক্ষয় ও পতন ঠিক তত বিস্ময়কর গতিতে পূর্ণতা লাভ করেছিল। আর তাই ত্রয়োদশ শতাব্দীর পূর্ব পর্যন্ত জ্ঞান-বিজ্ঞান তথা মুসলিম চিকিৎসাবিজ্ঞানের অগ্রযাত্রা পূর্ণমাত্রায় অব্যাহত থাকলেও পরবর্তী সময়ে তা স্থিমিত হয়ে যায়। স্বর্ণযুগের ইতিহাস এখন কেবল স্মৃতি। এ ইতিহাস অতল অন্ধকারে চাপা পড়ে আছে। ইউরোপে চিকিৎসাশাস্ত্রের পঠন-পাঠন ও চর্চার ভিত্তি তৈরি করে দিয়েছিল মুসলমানরাই। কিন্তু ইউরোপীয়রা মুসলিম বিজ্ঞানীদের নাম বিকৃত করেছেন, কৃতিত্ব ঢেকে দিয়েছেন নানা জাল বিছিয়ে। ফলে অসংখ্য মুসলিম চিকিৎসাবিজ্ঞানীর নাম ও রচনাবলি পৃথিবী থেকে হারিয়ে গেছে। রাষ্ট্র হাতবদলের জিঘাংসায় মুসলিম কীর্তির বেশিরভাগ নিদর্শনই ধ্বংস হয়েছে বর্বর ইউরোপীয়দের হাতে। নদীতে নিক্ষেপ করে, রান্না-বান্নার কাজে এবং গ্রন্থের স্তম্ভে আগুন দিয়ে তারা ধ্বংস করেছে অমূল্য পাণ্ডুলিপিগুলো। ১৬শ শতাব্দীতে খ্রিস্টান বিজ্ঞানী রামুস মধ্যপ্রাচ্যের বাজারে ইবনুল হায়ছামের একটি পাণ্ডুলিপি খুঁজে বেড়াচ্ছিলেন। যখন তিনি ঐ পাণ্ডুলিপি খুঁজে পেয়েছিলেন তখন তা পুরনো এক বইয়ের দোকানে ধূলি-বালিময় ছেঁড়া অবস্থায় পড়েছিল। এভাবেই আজ মুসলমানদের সকল কৃতিত্ব হারিয়ে গেছে। ফলে একপ্রকার বাধ্য হয়েই এই একবিংশ শতাব্দীতে মুসলমানদেরকে পাশ্চাত্যের দারস্থ হতে হচ্ছে।<sup>৬৯</sup>

তাই বলা যায়, আরব চিকিৎসাবিজ্ঞানকে বৈজ্ঞানিক ভিত্তিতে প্রতিষ্ঠিত করার পশ্চাতে আব্বাসীয় খলীফাদের অবদান অনস্বীকার্য। তবে এক্ষেত্রে উমাইয়া খলীফাদের অবদানকে অস্বীকার করা যায় না। কেননা বিজ্ঞান হিসেবে কাজ কিছু না হলেও উমাইয়া যুগেই চিকিৎসাবিজ্ঞানের জন্ম হয় এবং শৈশব অবস্থা চলতে থাকে। প্রকৃতপক্ষে উমাইয়া যুগেই চিকিৎসাবিজ্ঞানের ভিত্তিমূল স্থাপিত হয়। আব্বাসীয় যুগে চিকিৎসাবিজ্ঞানের শৈশব অবস্থা ধীরে ধীরে বলদৃশ্য হয়ে উঠে। চিকিৎসাবিজ্ঞান শৈশব থেকে কৈশোর ও যৌবনের মদমত্ত অবস্থার পথে চলতে থাকে। শৈশবে শৈশবে এগিয়ে যায় একের পর এক বাধা বিঘ্ন অতিক্রম করে দূর-দূরান্তের পরিচিত অপরিচিত বিভিন্নজনের সাহায্য নিয়ে। উমাইয়া যুগে যে গবেষণাকর্ম পরিচালিত হয়েছে তা ছিল একক প্রচেষ্টায়। সামাজিক বা সরকারি কর্তব্য হিসেবে চিকিৎসাবিজ্ঞানের গবেষণা স্থান পায়নি। আব্বাসীয় যুগে তা পূর্ণভাবে রাজকীয় পৃষ্ঠপোষকতায় অগ্রসর হতে থাকে। রাজ্যের সর্বাঙ্গীন উন্নতির অন্যতম অঙ্গ হিসেবে ‘চিকিৎসাবিজ্ঞানের অনুসন্ধান’ স্থান লাভ করে। জ্ঞান-বিজ্ঞানের চর্চা আভিজাত্যের অন্যতম নিদর্শন হয়ে দাঁড়ায়। তবে একথা সত্য যে আব্বাসীয় যুগে সার্বিকভাবে চিকিৎসাবিজ্ঞানের অগ্রগতি সাধিত হলেও খলীফা হারুন অর-রশীদদের পূর্ব পর্যন্ত এদিক দিয়ে বিশেষ কোনো কাজ হয়নি। এজন্যই এ যুগে মোটামুটি অর্ধ ডজনের বেশি চিকিৎসা সম্পর্কিত গ্রন্থ রচিত হয়নি। তখন *Anatomy, Physiology, Embryology* প্রভৃতি বিষয়ে কোনো গবেষণাকর্ম সম্পাদিত হয়নি (গ্রন্থই রচিত হয়নি)। ইসলামী রাষ্ট্রের কথা স্মরণ করলে এতে বিস্মিত হবার কিছুই নেই। শান্তিবাদী সাম্যবাদী ধর্মের আওতায় বা দোহাই দিয়ে গড়ে উঠলেও আরবের এ নব মুসলমান সমাজ যে নিজেদের প্রাক ইসলামী যুগে রমনোবৃত্তি থেকে একটুও অগ্রসর হতে পারেনি। উছমান রা. (মৃত ৩৫ হি.) এর হত্যা, আলী রা. ও আয়শা রা. এর (উস্ত্রের) যুদ্ধ, আলী রা. এর হত্যা, উমাইয়াদের কূটনীতি, স্বজনপ্রীতি, গোত্রপ্রীতি, বিলাস ব্যসন, স্বার্থপরতা, নিষ্ঠুরতা, অত্যাচার, অনাচার প্রভৃতি তারই প্রকৃষ্ট উদাহরণ। ধর্মের নামে উমাইয়াগণ রাজ্য বিস্তার করলেও ধর্মের উদারতা এদের এতটুকুও উদার করতে পারেনি। এ গৃহযুদ্ধ ও অশান্তিময় পরিস্থিতির মধ্যে বিজ্ঞানচর্চার শান্ত পরিবেশ গড়ে উঠতে পারে না। যাঁরা বিজ্ঞানচর্চার অনুরাগী ছিলেন, তাঁরা যদি এ পরিস্থিতিতে বেশি কিছু না করে থাকতে পারেন তাতে অনুযোগ করার কিছু নেই।

### ৮. প্রবন্ধের ফলাফল

মুসলিম চিকিৎসাবিজ্ঞানের সূচনা ও ক্রমবিকাশের ইতিহাস থেকে নিম্নোক্ত কিছু ফলাফল লাভ করা যায়:

১. আরব এবং মুসলিম চিকিৎসকগণই প্রাচীন সমাজে চিকিৎসা সংক্রান্ত বিদ্যার পাঠদানে এগিয়েছিল।
২. চিকিৎসাবিজ্ঞানে মুসলিম সভ্যতার জাগরণের পশ্চাতে অন্যতম অবদান ছিল খলীফাগণের। বিশেষ করে উমাইয়া এবং আব্বাসীয় শাসনামলের খলীফাগণের।
৩. মুসলিম চিকিৎসকগণ শুধু পূর্ববর্তীদের চিকিৎসাবিদ্যা বর্ণনা করেই যাননি। তাদের ভুলও সংশোধন করেছিলেন এবং আরো নতুন নতুন সূত্র ও চিকিৎসা পদ্ধতি আবিষ্কার করেছিলেন। প্রণয়ন করে গেছেন চিকিৎসাশাস্ত্রের অগণিত গ্রন্থ।
৪. তাঁদের হাতেই সর্বপ্রথম (বর্তমানের) চক্ষু বিভাগ, শিশু বিভাগ, মহিলা বিভাগ প্রভৃতি পৃথক পৃথক চিকিৎসা বিভাগ সৃষ্টি হয়েছিল।

৫. তাঁরাই হাসপাতালগুলোকে বর্তমান সময়ের ন্যায় মেডিক্যাল কলেজে রূপান্তরিত করেছিলেন।
৬. তাঁদের হাতেই চিকিৎসা বিভাগ এবং ফার্মেসী বিভাগের মাঝে পার্থক্য সূচিত হয়েছিল।
৭. তৎকালীন সময়ে ইউরোপীয়রা বিশ্ব চিকিৎসাশাস্ত্রের কিছুই জানত না। আরবী গ্রন্থাবলী অধ্যয়ন এবং এগুলোর রূপান্তরের মধ্যে দিয়েই তারা চিকিৎসাবিদ্যার ভিত গড়তে সক্ষম হয়েছিল। দক্ষিণ ইতালি এবং ফ্রান্সে যখন চিকিৎসা ইনস্টিটিউটগুলো প্রতিষ্ঠিত হয়, তখন এক্ষেত্রে আরবদের প্রভাব স্পষ্ট পরিলক্ষিত হয়েছিল।

## ৯. উপসংহার

'Health is Wealth' 'স্বাস্থ্যই সম্পদ' এ কথাটি সারাবিশ্বে সর্বজনীনভাবে স্বীকৃত। মানবজীবনের সাথে চিকিৎসার একটা প্রাকৃতিক যোগ রয়েছে। অঢেল ধন-সম্পদ আর প্রতিপত্তির অধিকারী হলেও যদি স্বাস্থ্য ভালো না থাকে তাহলে জীবনে সুখী হওয়া যায় না। সুস্থ শরীরে সুস্থ মন বিরাজ করে। এ সুস্থ শরীরের নিশ্চয়তা বিধানের লক্ষ্যে প্রাচীনকাল থেকেই মানুষ রোগ নিরাময়ের জন্য বিভিন্ন চিকিৎসা পদ্ধতি প্রবর্তন করেছে। কালক্রমে সভ্যতার বিবর্তনের সাথে সাথে চিকিৎসা পদ্ধতিতেও ব্যাপক পরিবর্তন পরিলক্ষিত হয়েছে। চিকিৎসাবিজ্ঞানের এই পরিবর্তনে মুসলমানদের অবদান অতুলনীয়। মুসলিম চিকিৎসগণের হাতেই চিকিৎসাবিদ্যার বৈপ্লবিক জাগরণ সাধিত হয়েছে এবং তাদের মাধ্যমেই চিকিৎসা একটি মর্যাদাপূর্ণ কাজ এবং পেশা হিসেবে স্বীকৃতি পেয়েছে। এতকিছুর পরেও পশ্চিমা কর্তৃক মুসলমানদেরকে অনগ্রসর জাতি আখ্যা দেয়া এবং পশ্চিমাদের চিকিৎসাবিজ্ঞানের ক্ষেত্রে মুসলমানদের অবদান অস্বীকার করা তাদের অকৃতজ্ঞতার পরিচায়ক।

## টীকা ও তথ্যনির্দেশ

- <sup>১</sup> Hans Wehr, *A Dictionary of Modern Written Arabic* (New York: Spoken Language Services, Inc, 3<sup>rd</sup> Edition, 1976), p. 550; *Cambridge Advanced Learner's Dictionary* (Cambridge: Cambridge University Press, 2008), p. 889; A.S. Hornby, *Oxford Advanced Learner's Dictionary* (Oxford: Oxford University Press, Ninth edition, 2015), p. 967; ড. রহী বা'লবাকী, *আল-মাদুরীদ এরাবিক-ইংরেজি ডিকশনারী* (বৈরুত: দারুল ইলম লিল মাল্লাঈন, ২০১২ খ্রি.), পৃ. ৭২০; ই. ইলিয়াস, *কামুস ইলিয়াস আল-আসরী ইংরেজি এরাবিক ডিকশনারী* (কায়রো: ইলিয়াস মডার্ন পাবলিশিং হাউজ এন্ড কো., ১৯২৫ খ্রি.), পৃ. ৪৬২; লুইস মা'লুফ, *আল-মুনজিদ* (বৈরুত: দারুল-মাশরিক মাকতাবাতুশ শারকিয়াহ, ২০০৫ খ্রি.), পৃ. ৪৫৯; জুবরান মাস'উদ, *মু'জামুর রাঈদা* (বৈরুত: দারুল ইলম লিল মাল্লাঈন, তা.বি.), পৃ. ৫৭১।
- <sup>২</sup> <https://www.bangladiet.com>
- <sup>৩</sup> শৈলেন্দ্র বিশ্বাস, *সংসদ বাংলা অভিধান* (কলকাতা: সাহিত্য সংসদ, ৪র্থ সংস্করণ, ২০০০ খ্রি.), পৃ. ২৩০।
- <sup>৪</sup> আহমদ শরীফ, *বাংলা একাডেমি সর্গক্ষণ্ড বাংলা অভিধান* (ঢাকা: বাংলা একাডেমি, ১৯৯৮ খ্রি.), পৃ. ১৯৫।
- <sup>৫</sup> ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, *আল-মুনীর আরবী-বাংলা অভিধান* (ঢাকা: দারুল হিকমাহ বাংলাদেশ, ২০১০ খ্রি.), পৃ. ৫৬৩; ড. মুহাম্মদ ফজলুর রহমান, *আল-মু'জামুল ওয়াফী আধুনিক আরবী-বাংলা অভিধান* (ঢাকা: রিয়াদ প্রকাশনী, ২০১৫ খ্রি.), পৃ. ৬৫৪; সম্পাদিত, *ইসলামী বিশ্বকোষ*, ১২শ খণ্ড (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন), পৃ. ৫১৫।
- <sup>৬</sup> ইবন মানযুর আল-ইফরীকী, *লিসানুল আরাব*, ৫ম খণ্ড (কায়রো: দারুল-হাদীছ, ১৪২৩ হি./২০০৩ খ্রি.), পৃ. ৫৫৬; মুহাম্মদ আলী আত-থাহানুতী, *কাশশাফু ইসতিলাহাতিল-ফুনুন*, ৩য় খণ্ড (বৈরুত: দারুল-কুতুবিল ইলমিয়াহ, ১৪১৮ হি./১৯৯৮ খ্রি.), পৃ. ১৩২; জুবরান মাস'উদ, *মু'জামুর রাঈদা*, পৃ. ৫৭১; ইবরাহীম মাদকুদ, *আল-মু'জামুল ওয়াসীত* (কায়রো: মাকতাবাতু শুরুদ-দাওলিয়াহ, ১৪৩২ হি.), পৃ. ৫৬৯; লুইস মা'লুফ, *আল-মুনজিদ*, পৃ. ৪৫৯; আবুল ফজল মাওলানা আব্দুল হাফিজ বালয়াবী (র), *মিসবাহুল লুগাত* (ঢাকা: ইসলামিয়া কুতুবখানা, তা.বি.), পৃ. ৫৫৪।
- <sup>৭</sup> Hans Wehr, *A Dictionary of Modern Written Arabic*, p. 550.
- <sup>৮</sup> আশ-শানকীতী, *আহকামুল জারাহাতিত-তাবিয়া*, পৃ. ৩০; ইবন মানযুর আল-ইফরীকী, *লিসানুল আরাব*, ৫ম খণ্ড, পৃ. ৫৫৬।
- <sup>৯</sup> মুহাম্মদ মুরতযা আয-যুযায়দী, *তাজুল উরুস*, ১ম খণ্ড (মিসর: আল-মাকতাবাতুল খায়রিয়াহ, ১ম সংস্করণ, ১৩০৬ হি.), পৃ. ৩৫১; ইবন মানযুর আল-ইফরীকী, *লিসানুল আরাব*, ৫ম খণ্ড, পৃ. ৫৫৫; আহমদ ইবন মুহাম্মদ আল-ফায়উমী, *আল-মিসবাহুল মুনীর*, ১ম খণ্ড (বৈরুত: দারুল কুতুবিল ইলমিয়াহ, ১৪১৪ হি./১৯৯৪ খ্রি.), পৃ. ৩৬৮।
- <sup>১০</sup> ইবন সীনা, *আল-কানুন ফিত-তীব*, পৃ. ১৩।
- <sup>১১</sup> আশ-শানকীতী, *আহকামুল জারাহাতিত-তাবিয়া*, পৃ. ৩২।
- <sup>১২</sup> ইবন সীনা, *আল-কানুন ফিত-তীব*, ১ম খণ্ড (বৈরুত: দারুল কুতুবিল ইলমিয়াহ, ১৪২০ হি./১৯৯৯ খ্রি.), পৃ. ১৩।
- <sup>১৩</sup> *The World Book Encyclopedia*, vol.13 (World Book Inc., 1987), p. 363.
- <sup>১৪</sup> *The New Encyclopedia Britannica*, vol.7 (U.S.A: Encyclopedia Britannica Inc., 2007), p.1005.
- <sup>১৫</sup> ডক্টর মুহাম্মদ মুশাররফ হুসাইন, *ইসলামের আলোকে চিকিৎসা বিজ্ঞান* (ঢাকা: বাংলাদেশ কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড, ১ম প্রকাশ, ১৪৩৪ হি./২০১৩ খ্রি.), পৃ. ৪৫-৪৬।
- <sup>১৬</sup> Prof Rashid Bhikha and MI Dr Ashraf Dockrat, *Medicine of the Prophet* (South Africa:Ibn Sina Institute of Tibb,1st edition, April 2015) , p.20.
- <sup>১৭</sup> <https://fateh24.com>
- <sup>১৮</sup> মুহাম্মদ নূরুল আমীন, *বিজ্ঞানে মুসলমানদের অবদান* (ঢাকা: আহসান পাবলিকেশন, সপ্তম প্রকাশ, ২০১৮ খ্রি.), পৃ. ৫৪।



- (বৈরুত: মু'আসাসাতু-রিসালাহ, ১২শ সংস্করণ, ১৪১৭ হি./১৯৯৬ খ্রি.), পৃ. ৩১৮; ইবন হাজার আল-আসকালানী, *আল-ইসাবাহ*, ১৩শ খণ্ড, পৃ. ২৫৩; যুহায়র হুমায়দান, *আ'লামুল হাদারাতিল আরবিয়াহ্ আল-ইসলামিয়াহ্*, ১ম খণ্ড, পৃ. ৪২।
- <sup>৪১</sup> জিলহজ আলী, *সেরা মুসলিম বিজ্ঞানী* (ঢাকা: সুহুদ প্রকাশন, ৩য় প্রকাশ, ২০১৬ খ্রি.), পৃ. ১১।
- <sup>৪২</sup> <https://fateh24.com>
- <sup>৪৩</sup> যুহায়র হুমায়দান, *আ'লামুল হাদারাতিল আরবিয়াহ্ আল-ইসলামিয়াহ্*, ১ম খণ্ড, পৃ. ৪০।
- <sup>৪৪</sup> সাহাদত হোসেন খান, *স্বর্ণযুগে মুসলিম বিজ্ঞানীদের আবিষ্কার* (ঢাকা: আফসার ব্রাদার্স, ২০১২ খ্রি.), পৃ. ১৮-২১।
- <sup>৪৫</sup> যুহায়র হুমায়দান বলেন, طيب، من أخصاء الخليفة الأموي الأول معاوية ابن أبي سفيان، من نصارى الشام، خير بالأدوية المفردة والسموم. *আ'লামুল হাদারাতিল আরবিয়াহ্ আল-ইসলামিয়াহ্*, ১ম খণ্ড, পৃ. ১৯।
- <sup>৪৬</sup> ইবন আবী উসায়বিআ উল্লেখ করেন, كَانَ طَبِيبًا نَصْرَانِيًّا غَالِمًا بِأَنْوَاعِ الْعِلَاجِ وَالْأَدْوِيَةِ وَلَهُ أَعْمَالٌ مَذْكُورَةٌ وَصِفَاتٌ مَشْهُورَةٌ, *উয়ুনুল আনবা ফী তাবাকাতিল আতিব্বা*, পৃ. ১৭৫।
- <sup>৪৭</sup> পূর্বোক্ত।
- <sup>৪৮</sup> ড. আহমদ আমীন, *যুহুদুল ইসলাম*, ১ম খণ্ড (কায়রো: মাকতাবাতুল লাজনাহ ওয়াত তা'লীফ, তা.বি.), পৃ. ৯৪-৯৫; ড. মফিজুল্লাহ কবির, *ইসলাম ও খেলাফত* (ঢাকা: নওরোজ কিতাবিস্তান, ১৯৭৪ খ্রি.), পৃ. ৩৩৫; William Muir, *The Caliphate* (London: Oxford University Press, 1891), p. 432; E.G Browne, *A Literary History of Persia*, vol. 1, Pp. 210-242.
- <sup>৪৯</sup> কে. আলী, *মুসলিম সংস্কৃতির ইতিহাস* (ঢাকা: আলী পাবলিকেশন্স, ১৯৮৮ খ্রি.), পৃ. ২৩৩; ড. মফিজুল্লাহ কবির, *ইসলাম ও খেলাফত*, পৃ. ৩৩৫; Sayyed Fayyaz Mahmud, *A Short History of Islam* (Pakistan: Oxford University Press, 1960), Pp. 124-125; Joseph Hell, *The Arab Civilization*, p. 94; *The Story of Islam*, p. 78.
- <sup>৫০</sup> মো. হাসান আলী চৌধুরী, *ইসলামের ইতিহাস* (বগুড়া: আলী আজম হেলাল প্রেস, ১৯৭২ খ্রি.), পৃ. ৫২১।
- <sup>৫১</sup> মুহাম্মদ নূরুল আমীন, *বিজ্ঞানে মুসলমানদের অবদান*, পৃ. ৬১-৬২।
- <sup>৫২</sup> ইবন আবী উসায়বিআ, *উয়ুনুল আনবা ফী তাবাকাতিল আতিব্বা*, পৃ. ১৭৯।
- <sup>৫৩</sup> পূর্বোক্ত, পৃ. ৬২।
- <sup>৫৪</sup> মুহাম্মদ রেজা-ই-করীম, *আরব জাতির ইতিহাস* (ঢাকা: বাংলা একাডেমি, ১৯৯৩ খ্রি.), পৃ. ৩৮৯।
- <sup>৫৫</sup> ড. মুহাম্মদ সাউদ, *ইসলাম এবং বিজ্ঞানের বিবর্তন*, পৃ. ৭১।
- <sup>৫৬</sup> মফিজুল্লাহ কবির, *মুসলিম সভ্যতার স্বর্ণযুগ* (ঢাকা: জাতীয় গ্রন্থ প্রকাশন, ২য় সংস্করণ, ২০০১ খ্রি.), পৃ. ১৭১
- <sup>৫৭</sup> পূর্বোক্ত, পৃ. ১৭১-১৭২
- <sup>৫৮</sup> ড. মফিজুল্লাহ কবির, *ইসলাম ও খেলাফত*, পৃ. ৩৩৫; কে. আলী, *মুসলিম সংস্কৃতির ইতিহাস*, পৃ. ২৩৩।
- <sup>৫৯</sup> ড. মফিজুল্লাহ কবির, *ইসলাম ও খেলাফত*, পৃ. ৩৩৫; *The Encyclopedia of Americana*, vol. 1 (Danbury: Grolier Incorporated, 1980), p. 9; Anthony Nutting, *The Arabs* (New York: Amentor Book, 1964), Pp. 136; Tamara Sonn, *A Brief History of Islam*, p. 49; P.K Hitti, *History of The Arabs* (London: Macmillan St Martins Press, 1970), p. 297.
- <sup>৬০</sup> *বায়তুল হিক্কা (House of Wisdom)*: ছিল আব্বাসীয় যুগে বাগদাদের একটি লাইব্রেরী ও অনুবাদ কেন্দ্র। বায়তুল হিক্কা শব্দটি ছিল ফারসি 'খানি-আয়ে দানিশ' এর একটি প্রতিশব্দ। পারস্যে সাসানীয় আমলে লাইব্রেরিকে 'খানি-আয়ে দানিশ' বলা হতো। ফারসি থেকে আরবী ভাষায় অনুবাদ এবং অনূদিত গ্রন্থগুলো সংরক্ষণ করাই ছিল বায়তুল হিক্কা (بَيْتُ الْحِكْمَةِ) প্রতিষ্ঠার উদ্দেশ্যে। ড. সাহাদত হোসেন খান, *স্বর্ণযুগে মুসলিম বিজ্ঞানীদের আবিষ্কার*, পৃ. ৩৪-৩৫।
- <sup>৬১</sup> পূর্বোক্ত।
- <sup>৬২</sup> Jonathon Lyons, *The House of Wisdom : How The Arabs Transformed Western Civilization* (London: Bloomsbury Press, 1<sup>st</sup> edi, 2010), p. 13.
- <sup>৬৩</sup> Corona Brezina, *Al-Khawarizmi : The Inventor of Algebra* (New York: Rosen Central, 2005), p. 21.
- <sup>৬৪</sup> সাহাদত হোসেন খান, *স্বর্ণযুগে মুসলিম বিজ্ঞানীদের আবিষ্কার*, পৃ. ৪১।
- <sup>৬৫</sup> মফিজুল্লাহ কবির, *মুসলিম সভ্যতার স্বর্ণযুগ*, পৃ. ১৭৩।
- <sup>৬৬</sup> হাসান আলী চৌধুরী, *ইসলামের ইতিহাস ও সংস্কৃতি* (ঢাকা: আইডিয়াল বুকস, ৯ম সংস্করণ, ২০১৬ খ্রি.), পৃ. ৪১৯; সাহাদত হোসেন খান, *স্বর্ণযুগে মুসলিম বিজ্ঞানীদের আবিষ্কার*, পৃ. ৪১-৪২; প্রফেসর ড. আবদুল জলিল, *আল-কুরআন ও কয়েকটি বৈজ্ঞানিক সূত্র* (ঢাকা: ইসলামিক ফাউন্ডেশন, ২০১৫ খ্রি.), পৃ. ১৯।
- <sup>৬৭</sup> সাহাদত হোসেন খান, *স্বর্ণযুগে মুসলিম বিজ্ঞানীদের আবিষ্কার*, পৃ. ৪৩; প্রফেসর ড. আবদুল জলিল, *আল-কুরআন ও কয়েকটি বৈজ্ঞানিক সূত্র*, পৃ. ১৯।
- <sup>৬৮</sup> Rais Ahmed, Syed Naseem Ahmed (Edited), *Quest for New Science* (Aligarh: Culture for Studies on Science, nd), p. 131; প্রফেসর ড. আবদুল জলিল, *আল-কুরআন ও কয়েকটি বৈজ্ঞানিক সূত্র*, পৃ. ২০-২১।
- <sup>৬৯</sup> সাহাদত হোসেন খান, *স্বর্ণযুগে মুসলিম বিজ্ঞানীদের আবিষ্কার*, পৃ. ৪৩-৪৫; মুহাম্মদ নূরুল আমীন, *বিজ্ঞানে মুসলমানদের অবদান*, পৃ. ভূমিকা।



## আবু নুওয়াসের কবিতায় ইসলামী মূল্যবোধ [Islamic Values in the Poetry of Abu Nuwas]

Rumana Ferdousi

PhD Fellow, Department of Arabic, University of Rajshahi, Bangladesh

### ARTICLE INFORMATION

The Faculty Journal of Arts

Rajshahi University

Volume 39, June 2025

ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A15>

Received : 30 January 2025

Received in revised: 23 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

Keywords:

The Islamic awareness of Abu Nuwas, His praise for Islamic values and piety, The value of forgiveness and tolerance in Islam, Justice in Islam, The necessity of generosity and magnanimity, Others commendable qualities.

### ABSTRACT

Abu Nuwas, a classical Abbasid-era poet, is often associated with themes of hedonism and satire. However, beneath his provocative verses lies a complex engagement with Islamic values. This study explores the religious dimensions in his poetry, highlighting themes of repentance, divine justice, and Sufi mysticism. Despite his reputation for indulgence, Abu Nuwas also composed poems reflecting sincere spiritual reflection and adherence to Islamic moral principles. By analyzing his works through a religious lens, this paper reevaluates his poetic legacy, demonstrating how Islamic ethics and spirituality influenced his literary expressions.

### ভূমিকা

সাহিত্য অভিজ্ঞতা এবং দক্ষতা বিনিময়ের একটি অন্যতম মাধ্যম। কবি-সাহিত্যিকদের সৃজনশীল কর্মে তাদের বস্তুনিষ্ঠ অভিজ্ঞতার বর্ণনা থাকে, যা পাঠক ও শ্রোতাদের মানসিক দক্ষতা এবং চিন্তাশক্তি বৃদ্ধিতে সাহায্য করে। সাহিত্য পাঠকদের অনুভূতিকেও ব্যাপকভাবে প্রভাবিত করে। মানব সমাজে বিদ্যমান কুসংস্কার বের করে তদন্তে মূল্যবোধগুলোর বীজ বপন করে। যুগে যুগে কবি-সাহিত্যিকগণ সাহিত্যিকর্মের মাধ্যমে মানুষের মাঝে মূল্যবোধ জাগ্রত করতে অনবদ্য প্রয়াস চালিয়েছেন। কবিতা সাহিত্যের অন্যতম শাখা, যা মানুষের আত্মার গভীরে প্রভাব ফেলতে সক্ষম। কবিতা মানুষের অনুভূতি, চিন্তা-ভাবনা এবং কাজকেও প্রভাবিত করে। বিশেষ করে যদি এই কবিতাটি কোনও মহিমাম্বিত কবির কাছ থেকে আসে। আব্বাসীয় যুগের কবিদের মাঝে আবু নুওয়াস অন্যতম একজন কবি। এ কবির জীবন-যাপন নিয়ে সুখকর কথা শোনা যায় না। নেতিবাচক কখনও আচরণের জন্য তার খ্যাতি রয়েছে। কিন্তু তার কবিতার ভেতরে প্রবেশ করলে শ্রুত কথাসমূহ যথার্থ মনে হবে না; বরং তাকে একজন অভিক্ষিপ্ত দার্শনিক ও সমাজ চিন্তক হিসেবে আবিষ্কার করা দুষ্কর নয়। তার কবিতায় ইসলামী মূল্যবোধকে জাগিয়ে তোলার প্রয়াস রয়েছে। নৈতিক মূল্যবোধের পাশাপাশি শৈল্পিক ও বস্তুনিষ্ঠ গঠনও তার কবিতায় লক্ষণীয়। উল্লেখ্য যে, আবু নুওয়াসের কবিতায় দুই ধরনের মূল্যবোধ রয়েছে; ১. বিশুদ্ধ ইসলামী মূল্যবোধ। ২. সাধারণ আরব মূল্যবোধ, যা ইসলাম আসার আগে আরবদের মধ্যে বিদ্যমান মূল্যবোধ। ইসলাম আসার আগে প্রচলিত কোন ভাল কাজকে ইসলাম বাদ দেয়নি; বরং সেগুলোকে আরো মজবুত করেছে। নিম্নে বিভিন্ন ক্ষেত্রে আবু নুওয়াসের মূল্যবোধ আলোকপাত করা হলো।

### আবু নুওয়াসের সংক্ষিপ্ত পরিচয়

অশ্লীল কবিতার জন্য আরব কিংবা অনারব সবার কাছেই সমানভাবে পরিচিত কবি আবু নুওয়াস। কবি আবু নুওয়াসের প্রকৃত নাম আবু আলী হাসান ইবনে হানী আল হাকামী। কবির ঘনিষ্ঠ ব্যক্তি খালফ আল আহমার কবিকে ইয়েমেনের রাজবংশ যু নুওয়াসের নামানুসারে আবু নুওয়াস নামকরণ করেন।<sup>১</sup> আব্বাসীয় যুগে ইরাকের আহওয়ায নামক পল্লীতে হিজরী ১৪৫ খ্রিঃ জন্মগ্রহণ করেন। তার বাবা ছিলেন আরব, মা পারস্যের। তাঁর পিতা দামেস্কের অধিবাসী ছিলেন। খলীফা দ্বিতীয় মারওয়ানের সেনাবাহিনীতে চাকুরীকালে তিনি আহওয়াযে বদলী হন। এখানে তিনি যনবান নামী এক নরীর প্রেমে পড়েন ও তাঁর সাথে পরিণয়ে আবদ্ধ হন। এ নারীর গর্ভেই কবি ও তাঁর ভাই জন্মগ্রহণ করেন। কবি আহওয়াযে জন্ম গ্রহণ করলেও বসরায় লালিত পালিত হন। আত্মীয়-স্বজন কারো মধ্যেই কাব্যচর্চার বাতিক ছিল না। কাব্য ছিল তার সহজাত পতিভার একটি। জন্মের সময়ে বাবা মারা যান। মা আরেকটি বিয়ে করে তাকে রেখে আসেন বসরায়। সেখানে তিনি কুরআন নিয়ে পড়াশুনা করেন। পুরো কুরআনের হাফিজ হন। তার পরবর্তী জীবনে কুরআনের শিক্ষার খুব বেশি পতিফলন দেখা না গেলেও বলা যায় জীবনের শেষটা হয়তো এ কুরআন দিয়েই রচিত হয়েছিল। শেষের কবিতা রচনায় এক বড়ো পভাব ছিল আল্লাহর এই কালাম। আতর ব্যবসার মাধ্যমে তিনি তাঁর কর্ম জীবন শুরু করেন। কিন্তু আতর তৈরীর চাইতে কাব্য বাণী তৈরীর দিকেই তাঁর লক্ষ্য ছিলো বেশী। তাই সময় পেলেই কবিদের সাহচর্য পেতে জলসায় উপস্থিত হতেন।

### আবু নুওয়্যাসের জ্ঞানসাধনা

শৈশবে পিতৃহীন হয়ে আবু নুওয়্যাস পতিকূলতার বিরুদ্ধে সংগ্রাম করে জীবন যুদ্ধে বিজয়ী হন। দারিদ্র্যের কষাঘাতে জর্জরিত এই বালকটি একদা মাতুলালয়ে অশ্রয় নেয় এবং পরবর্তীতে জীবন ধারণ কল্পে আতর বিক্রেতার চাকুরী নেয়। এ সময় তিনি উপলব্ধি করেন, এ চাকুরী তাঁর উপযুক্ত ক্ষেত্র নয় এবং পতিভা বিকাশের পথে সহায়কও নয়। সুতরাং তিনি অবসর সময়ে তৎকালে পচলিত নিয়মমাফিক মসজিদে অনুষ্ঠিত শিক্ষার মজলিসে অংশগ্রহণ করতে শুরু করেন। বিভিন্ন স্থানে অনুষ্ঠিত সাহিত্য আসরেও তাঁর উপস্থিতি পরিলক্ষিত হয়।<sup>১</sup> এ সব মজলিসে কবিতার রাভী, সীরাত ও ইতিহাস বিশারদ এবং জ্ঞানের বিভিন্ন শাখায় পাণ্ডিত্যের অধিকারী ব্যক্তিবর্গ উপস্থিত হয়ে স্ব স্ব বিষয়ে জ্ঞানগর্ভ আলোচনা করতেন। আবু নুওয়্যাস এ সব বিষয় গভীরভাবে আত্মস্থ করেন। ক্রমে তাঁর জ্ঞানের পরিমণ্ডল বিসতৃত হতে থাকে এবং বন্ধু-বান্ধবের সংখ্যাও দিন দিন বৃদ্ধি পেতে থাকে। অনেক সময় তিনি পুরো রাত এদের সাথে আড্ডা দিয়ে কাটাতেন। এক সময় এসব আড্ডাবাজ বন্ধুদের পভাবে তিনি মাদকাসক্ত ও ভোগ-বিলাসে মত্ত হয়ে পড়েন। এ গডালিকা পবাহ তাকে বেশী দূর এগুতে দেয়নি।

### খলীফা হারুনুর রশিদের দরবারে আবু নুওয়্যাস

প্রাথমিক অবস্থায় তিনি হারছামা ইবনু আম্ময়ন এর মাধ্যমে খলীফা হারুন আল-রশীদের (৭৮৬ খ্রীঃ-৮০৯ খ্রীঃ) দরবারে স্থান লাভ করেন এবং তাঁর স্ততি কাব্য রচনা করে পুরস্কৃত হন। তখন আবু নুওয়্যাসের বয়স ছিলো ত্রিশ বছর। বাগদাদে কবি জ্ঞানী গুণীদের সাহচর্যে এসে অল্প দিনেই নানান বিদ্যা শিক্ষায় পারদর্শী হয়ে উঠেন। তাঁর সুখ্যাতি শুনে স্বয়ং খলীফা তাকে তাঁর প্রশস্তি রচনা করতে বললেন। আর এর মাধ্যমেই কবির ঠাই হয়ে গেল হারুনুর রশীদে দরবারে। কিছুদিনের মধ্যেই তিনি খলীফার অন্তরঙ্গ সঙ্গী হয়ে দাঁড়ালেন। কবি আবু নুওয়্যাস আবদুল ওহাব আল-হাক্বাফী পরিবারের জিনান নানী খলীফার এক ষোড়শী বাঁদীর প্রেমে পড়েন। খলীফাও তাঁর এ প্রেমকে স্নেহের দৃষ্টিতে দেখতেন।<sup>২</sup>

মৃত্যু: কবি আবু নুওয়্যাস ১৯৯ হিজরীতে মৃত্যু বরণ করেন।<sup>৩</sup>

**সাহিত্য কর্ম:** আবু নুওয়্যাস একজন কবি। তার রচিত কবিতা তিনি লিপিবদ্ধ করেননি, বরং তার মৃত্যুর ত্রিশ বা চল্লিশ বছর পর বিভিন্ন লেখক তা একত্রিত করে দীওয়ানু আবি নুওয়্যাস নামকরণ করেন। যেমন আল সুলী কর্তৃক সংকলিত দীওয়ান। তার দীওয়ানটিকে বারো অধ্যায়ে বিন্যস্ত করা হয়েছে, যাতে বারো হাজার চরণ রয়েছে।<sup>৪</sup>

### আবু নুওয়্যাসের ইসলামী চেতনা

আবু নুওয়্যাস কবিতায় ইসলামী মূল্যবোধের কথা উল্লেখ করেছেন। সেগুলো কি নিছক শৈল্পিক দৃষ্টি ছিল, নাকি এগুলো বাস্তব ছিল? কবির যাপিতজীবনের গভীর অধ্যয়নের মাধ্যমে সত্যের সন্ধান পাওয়া যেতে পারে। কবির জীবন অনুসন্ধান এবং তার কবিতা পড়ার পর স্পষ্ট হয় যে, যদিও কবি আবু নুওয়্যাস হারাম, চিত্তবিনোদন ও আমোদ-প্রমোদে ডুবে ছিলেন, তবুও তিনি অন্য সাধারণ মুসলিমের মত ধর্মীয় অবস্থার উন্নয়নে সচেতন থাকতেন। অনুতপ্ত হয়ে জান্নাত লাভের আশা করতেন এবং জাহান্নাম থেকে দূরে থাকার ইচ্ছার প্রাবল্য তার মধ্যে ছিল। উদাহরণস্বরূপ কবি বলেছেন,<sup>৫</sup>

انقضت شرقي ففقت الملاهي \* إذ رمى الشيب مفرقي بالدواهي  
وغتني النهي فملت إلى العدل \* وأشفقت من مقالة ناه

“আমার দুঃখটা কেটে গেছে এবং আমার চিত্তবিনোদন বন্ধ হয়ে গেছে, যেমন আমার বার্ষিক বিচ্ছেদকে নেশার সাথে নিষ্ক্ষেপ করেছে। নিষেধকারী আমাকে নিষেধ করেছিল, আমি ন্যায়ের জন্য কাজ করেছি এবং তিনি যা নিষেধ করেছিলেন আমি তা করতে ভয় করি।”

কবিতার এই লাইনগুলো থেকে স্পষ্ট বোঝা যাচ্ছে যে, কবি অনুশোচনা, আত্ম-পরীক্ষা এবং সত্য উপলব্ধি করার সময় নিজের ইচ্ছার মধ্যে এক রকম অস্থিরতা অনুভব করতেন এবং যখন এই অস্থিরতা তাকে গ্রাস করত তখন তিনি উদাসীনতার মধ্যে থাকেন। তবে বাস্তবে আবু নুওয়্যাস তার নিজের ইচ্ছা এবং কামনা-বাসনার মুখে ধৈর্য ধরতে অক্ষম ছিলেন এবং তিনি নিজেকে স্থায়ীভাবে অপবিত্রতা ও পাপ থেকে মুক্তি দিতে পারতেন না। তার অনুতাপ কয়েক ঘন্টার বেশি ছিল না। কিন্তু কবি সর্বদাই কামনা-বাসনা পূরণে ডুবে থাকতেন না। তিনি কাঁদতেন, অনুশোচনা করেতেন এবং ভয়ও পেতেন। তাই বলা যায় যে, আবু নুওয়্যাস আসলেই দুনিয়া বিমুখ হওয়ার একান্ত আশাবাদী ছিলেন।

### ইসলামী মূল্যবোধের প্রশংসা

আব্বাসীয় কবির বিভিন্ন উদ্দেশ্যে তাদের কবিতায় প্রাচীন কাব্যিক পদ্ধতি ব্যবহার করতেন। যেমন, প্রশংসা, ব্যঙ্গ, বিলাপ, বংশ, গর্ব বর্ণনা এবং দুনিয়া বিমুখতা ইত্যাদি। যদিও তাদের মধ্যে কেউ কেউ যুগোপযোগী পদ্ধতিতে শব্দচয়ন এবং

অর্থকে নতুন করে তুলেছিলেন। তাদের লিখনীতে সমাজচিত্র ও পারিপার্শ্বিক চরিত্রের বর্ণনার পাশাপাশি সৃজনশীল আবহও বিদ্যমান থাকতো। সেই সময় কবিতার প্রাচীন বিষয়াবলি নতুন সংস্করণে উপস্থাপিত হয়েছিল। কারণ, ইসলাম আগমনের পর প্রশংসার অভিব্যক্তি পরিবর্তিত হয়ে গেছে। প্রাক-ইসলামিক যুগে মদ পান করা, জুয়া খেলা এবং লালসায় লিপ্ত হওয়া ছিল প্রশংসার বিষয়। কিন্তু ইসলাম আসার পর সেগুলো পাপাচারের মধ্যে পরিগণিত হয়েছে। তবে ব্যক্তি প্রশংসা প্রাচীন এবং আধুনিক সকল যুগেই বিদ্যমান ছিল। একজন ব্যক্তির উদারতা, সাহস, দয়া এবং সতীত্ব ইত্যাদি বিষয়ে প্রশংসা করা হয়। প্রাচীন যুগে এগুলোর পাশাপাশি কিছু কামুক গুণাবলীর দিকে একটু মনোযোগ দেওয়া হয়েছে। যেমন মুখের সৌন্দর্য এবং শরীরের মহিমা। ইসলাম এবং পরবর্তী যুগে আরবী কবিতায় এই প্রবণতা অনেকটা কমে গেছে। আব্বাসীয় কবিদের প্রশংসামূলক কবিতার একটি প্রধান উদ্দেশ্য হলো, খলিফা, মন্ত্রী, গভর্নর ও নেতাদের মনোযোগ আকর্ষণ করে তাদের সম্ভ্রটি ও মূল্যবান উপটোকন অর্জন করা।<sup>১</sup>

### তাকওয়া

তাকওয়া আরবি শব্দ। এর আভিধানিক অর্থ ভয় করা। পরিভাষায়, আত্মকে সুরক্ষায় রাখা, আল্লাহর ভয় ও সম্ভ্রটি লাভের আশায় অপরাধ, অন্যায় এবং আল্লাহর অপছন্দের কথা ও কাজ থেকে নিজেকে বাঁচিয়ে রাখার নাম তাকওয়া। মানব জীবনে তাকওয়ার গুরুত্ব অপরিসীম। আর এটিই সকল গুণের উৎস। তাকওয়া যদি একটি গাছ হয়ে থাকে তাহলে সহমর্মিতা, আনুগত্য, সততা ও ন্যায়বিচার প্রভৃতি সবই সেই গাছের ফল। যে ব্যক্তি তাকওয়া অবলম্বন করে মহান আল্লাহ তাকে সাহায্য করেন এবং তার রিযিক প্রশস্ত করে দেন। তাই কবি আবু নুওয়াস খলিফা, আমীর ও নেতাদেরকে তাকওয়া অবলম্বনকারী এবং ধার্মিক হিসেবে প্রশংসা করেছেন। আর তাকওয়া অর্জন করা প্রত্যেক মুসলমান নর-নারীর ওপর ফরজ। আল্লাহ তা'আলা তাকওয়া সম্পর্কে বলেন, “ومن يثق بالله يجعل له مخرجا” এবং যে ব্যক্তি আল্লাহকে ভয় করে, তিনি তার জন্য একটি পথ তৈরি করবেন।” কবি আবু নুওয়াস বাদশাহদেরকে তাকওয়ার অধিকারী হিসেবে প্রশংসা করেছেন। কবি হারুন অর-রশিদের প্রশংসায় বলেছেন,<sup>২</sup>

تبارك من ساس الأمور بعلمه \* وفضل هارونا على الخلفاء  
نعيش بخير ما انطوينا على التقى \* وما ساس دنيانا أبو الأماناء  
إمام يخاف الله حتى كأنه \* يؤمل رؤياه صباح مساء

“মহিমাম্বিত সেই সত্তা যিনি তার জ্ঞানের মাধ্যমে সকল বিষয় নিয়ন্ত্রণ করেন, তিনি অন্যান্য খলিফার চেয়ে হারুনকে শ্রেষ্ঠত্ব দিয়েছেন। যতক্ষণ আমরা খোদাভীতির উপর থাকি ততক্ষণ আমরা ভাল থাকি, আমাদের রাজ্য পরিচালনা করেন নিরাপত্তার অধিকারী। তিনি এমন নেতা যিনি আল্লাহকে ভয় করেন, এমনকি তিনি সকাল-সন্ধ্যায় তাকে দর্শনের আশায় থাকেন।” কবি অপর একটি কবিতায় বলেছেন,<sup>৩</sup>

ملك تطيب طباعه ومزاجه \* عذب المذاق على فم المتذوق  
يلقى جميع الأمر وهو مقسم \* بين المناسك والعدو الموفق

“তিনি এমন রাজা যার স্বভাব ও মেজাজ ভালো, কথার স্বাদ গ্রহণকারীর জন্য সুমিষ্টভাষী। তিনি রাজ্য পরিচালনা এবং শক্তিশালী শত্রুর মোকাবিলা সবকিছু সমানভাবে ভাগ করে নিয়ন্ত্রণ করেন।”

কবি আবু নুওয়াস তাকওয়া সম্পর্কে বলেন,<sup>৪</sup>

من اتقى الله فذاك الذي \* سيق إليه المتجر الرابع  
شمر فما في الدين اغلوطة \* ورح لما أنت له رائج

“যে ব্যক্তি আল্লাহকে ভয় করে তার কাছে লাভবান ব্যবসা পরিচালিত হবে, তারা এমন ধর্মের পথে চলছে যাতে কোন ভুল নেই এবং দ্রাণযুক্ত বস্তু থেকে দ্রাণ নেয়।”

### ক্ষমা

মহান আল্লাহর সৌন্দর্যময় সিফাতগুলোর মধ্যে একটি হলো ক্ষমা। সুন্দর-শান্তিপূর্ণ সমাজ বিনির্মাণ ও মানব কল্যাণে এর প্রয়োজনীয়তা অপরিসীম। মহান আল্লাহ চান, মানুষ যেন তার গুণে গুণান্বিত হয়ে পরস্পরের মধ্যে শান্তি ও সম্প্রীতির বন্ধন অটুট রাখে। মহান আল্লাহ পরম ক্ষমাশীল। মানুষ যদি পাহাড়সম অন্যায় করে, অনুতপ্ত হয় আর আল্লাহর কাছে ক্ষমা চায়, তিনি সেই বান্দাকে ক্ষমা করে দেন। তিনি ক্ষমা করতে পছন্দ করেন। মানুষও অন্যান্য সৃষ্টিকুলের প্রতি ক্ষমা ও উদারতা প্রদর্শন করুক এটাও তার পছন্দ। কবি আবু নুওয়াস বাদশাহদেরকে ক্ষমাশীল বলে প্রশংসা করেছেন। যেমন এক কবিতায় বলেন,<sup>৫</sup>

يعفوكم بل بخودك غدت لا بل \* بفضلك يا أمير المؤمنين  
فلا يتعذرن علي عفو \* وسعت به جميع العالمينا

“হে আমীরুল মু‘মিনীন! আমি আপনার ক্ষমা এবং উদারতার আশায় ফিরে এসেছি, আপনার কোন অনুগ্রহ লাভ করার জন্য নয়। আমার জন্য কোন ক্ষমা আপনার পক্ষে অসম্ভব নয়, আপনি ক্ষমা দিয়ে আমাদের রাজ্যকে প্রসারিত করেছেন।”

তবে আমাদের কাছে মনে হয় যে, কবি এটিকে এমনভাবে ব্যবহার করেছেন যা কবির লক্ষ্য অর্জনের জন্য ইসলামী মূল্যবোধকে অস্বীকার করেছেন। এই কবিতাগুলোর বেশিরভাগই কারাগার থেকে বের হওয়ার উদ্দেশ্যে লিখেছেন। তার ঘন ঘন বিচ্যুতিপূর্ণ আচরণ এবং তার অশ্লীলতার ধারাবাহিকতা যা তাকে কয়েকবার কারারুদ্ধ করে রেখেছিল।

#### ন্যায়পরায়ণতা

ন্যায়পরায়ণতা ব্যক্তি ও সমাজের জন্য প্রয়োজনীয় একটি ইসলামী ও মানবিক আদর্শ। এমনকি জীবনের সমস্ত বিষয় পরিচালনায় এটিকে একটি প্রয়োজনীয় ভিত্তি করে তুলে ধরা হয়েছে। মহান আল্লাহ এই গুণকে রাসূলদের অন্যতম বৈশিষ্ট্য বলে উল্লেখ করেছেন। বিচার বিভাগ এবং জীবনের সকল ক্ষেত্রে ন্যায়বিচার মুসলমানদের জন্য আবশ্যিক। ন্যায়পরায়ণ হওয়ার জন্য সবচেয়ে যোগ্য ব্যক্তি হচ্ছেন শাসক। শাসককে অবশ্যই ন্যায়পরায়ণ হতে হবে। অনেক মুসলিম শাসকের ন্যায়বিচার ও অন্যায় প্রতিহত করার গৌরবময় ইতিহাস আছে। এই ক্ষেত্রে ওমর ইব্ন আবদুল আজিজের জীবনী অনুপম উদাহরণ। কিন্তু কবি আবু নুওয়াস তার সময়ের বাদশাহদের ন্যায়পরায়ণতার প্রশংসা করেছে। যেমন আবু নুওয়াস হারুন আল-রশিদ এর প্রশংসা করে বলেছেন,<sup>১০</sup>

لا غرو ينفرج الدجى عن وجهه \* عدل السياسة، حبه إيمان

“তার মুখ থেকে অন্ধকার সরে যাবে তাতে অবাক হওয়ার কিছু নেই, তিনি ন্যায় পরায়ণ রাজনীতিবিদ, তার ভালোবাসা ঈমানের অংশ।”

#### উদারতা

ইসলামের পূর্বে আরবদের মধ্যে উদারতা ছিল সবচেয়ে বিস্ময়কর গুণাবলীর মধ্যে একটি। এমনকি তাদের উদারতা সম্পর্কে প্রবাদ-প্রবচনও তৈরী হয়েছিল। তবে প্রাক-ইসলামী যুগে উদারতা পাপাচার এবং প্রেম সম্পর্কিত ছিল। পরবর্তীতে ইসলাম উদারতাকে সর্বশক্তিমান আল্লাহর জন্য খাঁটি গুণ হিসেবে বর্ণনা করেছে। মহান আল্লাহ পবিত্র কুরআনের একাধিক জায়গায় দানের প্রতি আমাদেরকে উৎসাহিত করেছেন। আল-কুরআনে বলা হয়েছে, ‘আল্লাহ নিষেধ করেন না ঐ লোকদের সঙ্গে সদাচার ও ইনসাফপূর্ণ ব্যবহার করতে যারা তোমাদের সঙ্গে ধর্মকেন্দ্রিক যুদ্ধ করেনি এবং তোমাদের আবাসভূমি থেকে তোমাদের বের করে দেয়নি। নিশ্চয়ই আল্লাহ ইনসাফকারীদের পছন্দ করেন।’<sup>১১</sup> কবি আবু নুওয়াস আল-ফাদল ইব্ন আল-রাবির ন্যায়পরায়ণতার প্রশংসা করে বলেছেন,<sup>১২</sup>

والله من شاء نصر \* وأنت وإن خفنا الحصر

أغنيت ما أغنى المطر \* وفيك أخلاق اليسر

“আল্লাহর কসম, যে বিজয় চাবে সে এবং আপনি বিজয়ী হবেন, যদিও আমরা বন্দিত্বের ভয় করি। আপনি বৃষ্টির মতো সমৃদ্ধ এবং আপনার মাঝে সরল চরিত্র বিদ্যমান।”

#### চারিত্রিক পবিত্রতা

চারিত্রিক পবিত্রতা একটি ইসলামী মূল্যবোধ এবং একটি মানবিক চাহিদা, যা ছাড়া জীবন সুন্দর হতে পারে না। যে চারিত্রিক পবিত্রতা হারায় সে মানুষের চোখে অপদস্থ হয়। এক্ষেত্রে নারী-পুরুষ সমান। চারিত্রিক পবিত্রতা লঙ্ঘন করা বীরত্বের অন্যতম দ্রুতি। কবির দৃষ্টিতে সতীত্ব হারানো একটি স্বাভাবিক বিষয়। তাই এ বিষয়ে তার লিখনগুলো সমাজের বিরক্তির কারণ। তিনি সতীত্বকে অনৈতিকতা, বিনোদন এবং অনৈতিকতার বিপরীতে ঠেলে দিয়েছিলেন এবং এইভাবে তাঁর সমসাময়িকদের সমালোচনায় ভুগছিলেন, যা তাঁর কাব্যিক বীরত্ব, বুদ্ধি এবং উদারতা সত্ত্বেও তাঁর মূল্যকে হ্রাস করেছিল। সতীত্ব মুসলিম সম্প্রদায়ের জন্য একটি নিষিদ্ধ সীমারখা। কবি আবু নুওয়াস বাদশাহ আল-আব্বাস ইব্ন উবাইদ আল্লাহর প্রশংসা করে বলেছেন,<sup>১৩</sup>

فهو بالمال جواد \* وهو بالعرض شحيح

“তিনি অর্থের ক্ষেত্রে উদার, কিন্তু আত্মমর্যাদার ক্ষেত্রে রক্ষণশীল।”

#### চারিত্রিক পবিত্রতা

চরিত্র এক অমূল্য ধন। উত্তম চরিত্রের মাধ্যমে মানুষ জান্নাতে যাবে এবং খারাপ চরিত্রের কারণে জাহান্নামে যাবে। চরিত্র মানুষের মূল পরিচয়। যার চরিত্র ভালো, সে মানুষের কাছেও ভালো আর যার চরিত্র খারাপ, সে মানুষের কাছেও খারাপ। অন্তরকে পরিশুদ্ধ ও পরিচ্ছন্ন করা এতই গুরুত্বপূর্ণ ও অতীব জরুরি বিষয় যে, আল্লাহ তায়ালা রাসূল সা.-কে প্রেরণ করার উদ্দেশ্যসমূহের মাঝে বর্ণনা করেছেন। যেমন- তিনি বলেন, ‘আল্লাহ তাদের মধ্য থেকে একজন রাসূল আবির্ভূত করেছেন; যিনি তাদেরকে তাঁর আয়াতসমূহ পাঠ করে শোনান এবং তাদেরকে পরিশুদ্ধ করেন।’<sup>১৪</sup> এ সম্পর্কে কবি বলেন,<sup>১৫</sup>

أَيَا أَمِينَ اللَّهِ مِنَ اللَّذَى \* وَعِصْمَةَ الضَّعْفَى، وَفَكَ الْأَسِيرِ  
خَلَفْتَنَا بَعْدَكَ نَبِيَّ عَلَى \* ذُنُوبِكَ وَالِدِينَ بِدَمْعٍ غَزِيرِ  
يَا وَخَشْتَنَا بَعْدَكَ ! مَاذَا بَنَا \* أَحَلَّ مِنْ صَنْكَ صُرُوفِ الدَّهْوَرِ

“হে আল্লাহর পক্ষ থেকে নিরাপত্তা দানকারী! দুর্বলের আস্থা, বন্দীকে মুক্তি দানকারী, আপনি আমাদের ছেড়ে চলে যাওয়ার পর আমরা আপনার দুনিয়া ও আখেরাতের কর্ম স্মরণ করে অবিরত কাঁদছি, হায়! আপনার বিদায়ের পর কী নিঃসঙ্গতা! আমাদের কী হলো, আমরা কালের পর কাল আপনার সংকীর্ণতায় ভুগছি?”

#### জিহাদ ও ধ্বিনের হেফাজত

জিহাদ ও ধর্ম রক্ষা ইসলামের গর্ভ থেকে জন্মগ্রহণ করেছে এবং মুসলমানদের কিতাবে আদেশ দেওয়া হয়েছে। নবী-সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম এর হাদিসেও এ বিষয়ে তাগিদ দেওয়া হয়েছে। কারণ মহান আল্লাহ জানেন, এই পৃথিবীতে সত্য ও ন্যায়ের শক্তিকে মিথ্যার মুখোমুখি অবশ্যই দাঁড়াতে হবে। কবি আল-আব্বাস ইবন উবাইদুল্লাহর জেহাদী চেতনা ও সাহসিকতার প্রশংসা করে বলেছেন,<sup>১৯</sup>

وَإِذَا مَعَ الْقَنَا عَلَقَا \* وَتَرَأَى الْمَوْتَ فِي صُورَةٍ  
رَاحَ فِي ثَنِيٍّ مُفَاضِيَةٍ \* أَسَدٌ يَدْمَى شَبَابَ ظُفْرِهِ  
تَنَاتَى الطَّيْرُ غُدُوَّتَهُ \* ثَقَّةٌ بِالشَّيْعِ مِنْ شَيْعٍ مِنْ جَزْرِهِ

“যখন বর্ষা রক্তপিণ্ড বের করলো আর মৃত্যু একটি ছবির মত দেখা দিলো, শ্রেষ্ঠত্বের প্রতিযোগিতা শুরু হলো তখন একটি সিংহের নখ থেকে রক্তপাত হলো, তার হত্যাকাণ্ড দেখে পাখিরা তৃপ্তির সাথে দুপুরের খাবারের জন্য আত্মবিশ্বাস নিয়ে আসে।”

#### দয়া ও করুণা

এটি একটি খাঁটি ইসলামী আদর্শ। এটা বলা যায় না যে, এটি ইসলামের আগে আরবে বিদ্যমান ছিল। যদিও কিছু লোক এই গুণে বৈশিষ্ট্যপূর্ণ ছিল, তবে এটি এমন গুণ হিসাবে বিবেচিত হতো না, যার কারণে একজন ব্যক্তিকে প্রশংসা করা যায়। প্রাক-ইসলামী যুগে মেয়েশিশু হত্যা আরবদের আত্মীয় করুণার অনুপস্থিতির সর্বোত্তম প্রমাণ। আবার এক বেদুঈনের হাদিসে উল্লেখ করা হয়েছে যে, রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লাম তাঁর নাতিকে চুম্বন করায় সেই বেদুঈন আশ্চর্য হয়েছিলেন। আবু নুওয়াসের কবিতায় এই করুণার কথা কিছুটা বিদ্যমান ছিল; কারণ তিনি প্রায়ই কবিদের প্রশংসা করেন। তাদের উদারতা, ধর্ম ও ন্যায়বিচারের প্রতিরক্ষা এবং ক্ষমার গুণাবলীর জন্য প্রশংসা করেন। তাঁর প্রশংসা উদ্দেশ্য ছিল বাদশাহদের করুণা প্রার্থনা এবং তার অপকর্মের শাস্তি থেকে মুক্তি লাভ। তিনি আবু আব্বাসের প্রশংসা করে বলেন,

أَيَا الْعَبَّاسَ مَا ظَنِّي بِشُكْرِي \* إِذَا مَا كُنْتُ تَعْفُو بِالذَّمِّ  
وَكُنْتُ أَبَا سَوَى أَنْ لَمْ تَلِدْنِي \* رَحِيمًا أَوْ أَبَرَّ مِنَ الرَّحِيمِ

“হে আবুল-আব্বাস! আপনি যখন দোষী ব্যক্তিকে ক্ষমা করেন তখন আপনার প্রতি আমার কোন অভিযোগ থাকে না। আপনি একজন পিতা, যদিও আপনি আমাকে জন্ম দেননি। আপনি করুণাকারী; বরং করুণাকারীর চেয়ে বেশি মহান।”<sup>২০</sup>

#### সহনশীলতা

সহনশীলতা হলো রাগান্বিত হলে আত্মনিয়ন্ত্রণ এবং দুর্বলতা ছাড়াই ক্ষতির মুখে ধৈর্যধারণ করা। সহনশীলতা সর্বশক্তিমান আল্লাহর গুণাবলীর মধ্যে একটি। সহনশীলতা তার সবচেয়ে সুন্দর নামগুলোর মধ্যে একটি। পবিত্র কুরআনের অনেক জায়গায় মহান আল্লাহ তাঁর পরিচয় দিতে গিয়ে নিজেকে সৃষ্টির প্রতি অতীব সহনশীল বলে উল্লেখ করেছেন। আবু নুওয়াস তার কবিতায় বাদশাহ রশিদের সহনশীলতার প্রশংসা করে বলেছেন,<sup>২১</sup>

نَفْسِي فِدَاؤُكَ يَوْمَ دَائِقٍ مُنْعَمَا \* لَوْلَا عَوَاطِفُ حِلْمِهِ لَمْ أَطْلُقْ

“আমার জান আপনার জন্য উৎসর্গ হোক যেদিন আমি ধন্য হয়েছি, তার মহানুভবতা না থাকলে আমি মুক্তি পেতাম না।”

#### প্রতিবেশির নিরাপত্তা

ইসলামের আগে প্রাক-ইসলামী যুগে আরবদের মধ্যে এই গুণ পাওয়া যায় না। এটি মুসলিম জাতির অন্যতম বৈশিষ্ট্য। সৃষ্টির সূচনালগ্ন থেকে মানুষ পরস্পর একতাবদ্ধ হয়ে বসবাস করে আসছে। বাড়ির পাশাপাশি বসবাসকারী আত্মীয় বা অনাত্মীয় লোকজনই প্রতিবেশী। মানুষের সুখে-দুঃখে, বিপদে-আপদে এরাই সর্বাগ্রে এগিয়ে আসে এবং সহযোগিতার হাত

সম্প্রসারিত করে। কাজেই এই প্রতিবেশীর সাথে সদাচরণ করা প্রয়োজন। প্রতিবেশীর সাথে সম্পর্ককে সৌহার্দ্যপূর্ণ, আন্তরিক ও সহানুভূতিশীল করার লক্ষ্যে ইসলাম বিশেষভাবে নির্দেশ দিয়েছে। এই নির্দেশ প্রতিটি মানুষের জন্য অবশ্য পালনীয়। আল্লাহ তা'আলা বলেন,

﴿وَاعْبُدُوا اللَّهَ وَلَا تُشْرِكُوا بِهِ شَيْئًا وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا وَبِذِي الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ وَالْمَسْكِينِ وَالْجَارِ ذِي الْقُرْبَىٰ وَالْجَارِ الْجُنُبِ وَالصَّاحِبِ بِالْجَنبِ وَابْنِ السَّبِيلِ وَمَا مَلَكَتْ أَيْمَانُكُمْ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ مَنْ كَانَ مُخْتَلًا فَخُورًا﴾

“আল্লাহর ইবাদত কর, তাঁর সাথে কাউকে শরীক করো না। পিতা-মাতার সাথে সদ্যবহার কর এবং নিকটাত্মীয়, ইয়াতীম, মিসকীন, নিকটবর্তী প্রতিবেশী ও দূরবর্তী প্রতিবেশী, সহকর্মী, পথিক ও দাস-দাসীর সাথে ভাল ব্যবহার কর। নিশ্চয়ই আল্লাহ অহংকারী-দাষ্টিককে পছন্দ করেন না”।<sup>২২</sup>

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, ‘যে ব্যক্তি আল্লাহ ও পরকালের প্রতি বিশ্বাস রাখে, সে যেন তার প্রতিবেশীকে কষ্ট না দেয়। প্রতিবেশীর সাথে খারাপ আচরণ করা পাপ। এমনকি তা ঈমানহীনতার পরিচায়ক। কবি আবু নুওয়াস তার কবিতায় ইব্রাহীম ইবন উবায়দুল্লাহর প্রশংসায় বলেছেন,

إذا كان إبراهيم جارك لم تجد \* عليك بنات الدهر من متقدم  
هو المرء لا يخشى الحوادث \* جاره فخذ عصمة منه لنفسك تسلم

“যদি ইব্রাহীম আপনার প্রতিবেশী হয়, আপনি আপনার সামনে কোন মুসিবতের ভয় পাবেন না। তিনি এমন ব্যক্তি যার প্রতিবেশী কখনও দুর্ঘটনার ভয় করে না। তাই আপনি তার কাছ থেকে নিজের জন্য শান্তির নিরাপত্তা গ্রহণ করুন।”<sup>২৩</sup>

#### সহানুভূতি প্রদর্শন

পৃথিবীর সব মানুষ আদি পিতা-মাতা আদম ও হাওয়া আ.-এর সন্তান। এ কারণে জন্মসূত্রে সবাই ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ। একই পিতা-মাতা থেকে জন্মগ্রহণ করে বংশপরম্পরায় মানুষ বিভিন্ন জাতি, ধর্ম, বর্ণ ও গোত্রে বিভক্ত হয়েছে এবং পৃথিবীর নানা স্থানে ছড়িয়ে পড়েছে। তাই সহজে আমরা একে অন্যকে চিনতে পারি।

কুরআনে ইরশাদ হয়েছে, ‘হে মানুষ! আমি তোমাদের সবাইকে একজন পুরুষ ও নারী থেকে সৃষ্টি করেছি এবং তোমাদের বিভিন্ন জাতি ও গোত্রে বিভক্ত করেছি। যাতে তোমরা একে অপরকে চিনতে পার।’<sup>২৪</sup> সুন্দর উপমা দিয়ে রাসূল সা. বলেছেন, ‘সম্প্রীতি, সৌহার্দ্য ও সহানুভূতির ক্ষেত্রে মুমিনদের দৃষ্টান্ত এক দেহের ন্যায়, যার একটি অঙ্গ অসুস্থ হলে গোটা দেহ জ্বর ও নিন্দাহীনতায় আক্রান্ত হয়।’<sup>২৫</sup> কবি আবু নুওয়াস তার কবিতায় তার এক বন্ধুর শোকে লিখেছেন,

فاضت دموعك ساكبة \* جزعا لمصرع والبة

“তোমার চোখের অবিরাম অশ্রু উপচে পড়ছে কঠিন অসহায়ত্বের শোকে।”<sup>২৬</sup>

#### জ্ঞানের মর্যাদা

জ্ঞান ইসলামের আগে আরবে পরিচিত ছিল, কিন্তু প্রাক-ইসলামী যুগে আরবদের মধ্যে খুব কম মানুষের মাঝে ছিল। যারা আসমানী কিতাব চর্চা করতেন, তারা ছিল হাতে গোনা কয়েক জন। তাদেরকেই জ্ঞানী হিসেবে ধরা হতো।

ইসলাম ব্যাপকভাবে জ্ঞান অর্জনের জন্য সবাইকে উৎসাহ দিয়েছে। পবিত্র কুরআনে আল্লাহ বলেন,<sup>২৭</sup>

﴿فَلَوْلَا نَفَرَ مِنْ كُلِّ فِرْقَةٍ مِنْهُمْ طَائِفَةٌ لِيَتَفَقَّهُوا فِي الدِّينِ وَلِيُنذِرُوا قَوْمَهُمْ إِذَا رَجَعُوا إِلَيْهِمْ لَعَلَّهُمْ يَحْذَرُونَ﴾

“তাদের প্রত্যেক দলের একটি অংশ কেন বের হয় না, যারা দ্বীনের জ্ঞান লাভ করবে। যখন তারা স্বজাতির কাছে প্রত্যাবর্তন করবে তখন তারা তাদেরকে সতর্ক করবে, যেন তারা বাঁচতে পারে?”

মহাগ্রন্থ আল-কুরআনের বৃহদাংশ জুড়ে রয়েছে জ্ঞানার্জনের তাকীদ। রাসূল সা. এ তাকীদের পরিপ্রেক্ষিতেই সর্বাধিক গুরুত্ব দিয়েছেন জ্ঞানার্জনের উপর। মহানবী সা. বলেন,<sup>২৮</sup> “طَلَبُ الْعِلْمِ فَرِيضَةٌ عَلَى كُلِّ مُسْلِمٍ” “জ্ঞানার্জন করা প্রত্যেক মুসলমানের উপর ফরয।” কবি আবু নুওয়াস সমাজে জ্ঞান ও জ্ঞানীর স্বল্পতা সম্পর্কে আফসোস করে বলেছেন,<sup>২৯</sup>

ومن قلائد قد قلدت باقيها \* من أهل فنك أجيادا وأعلاما  
صل، إذا ما رآه القوم عامدهم \* أراح ناطقهم صمتا وإطرافا  
فليس للعلم في الأقوام باقية \* عاق العواقي أبا البيداء، فانعاقا

“আর জ্ঞানের মুক্তার মালাগুলোর মধ্যে অবশিষ্টগুলো উৎকৃষ্ট শিল্পের মানুষের গলায় ঝুলন্ত আছে, আপনি প্রার্থনা করুন, লোকেরা যখন তাদের নির্ভরযোগ্য জ্ঞানীদেরকে দেখে তখন তাদের বক্তাগণ নিশ্চুপ হয়ে যায়, আবুল বাইদার সাথে মৃত্যু মূল্যাকাত করেছে, মানুষের মধ্যে এখন স্থায়ী জ্ঞান নেই।”

### যুহুদ বা দুনিয়া বিমুখতা

কবি আবু নুওয়াস বিভিন্ন পাপাচারে লিপ্ত ছিলেন। তিনি মদ্যপানের মাধ্যমে খ্যাতি অর্জন করেছিলেন এবং তার জীবনের বেশিরভাগ সময় এটি সম্পর্কে গান গেয়ে এবং মদ্যপান করে কাটিয়েছেন, বেরোয়াভাবে তৎকালীন সমাজের সমস্ত রীতিনীতিকে লঙ্ঘন করেছিলেন। অপরদিকে আবার নিজের ইচ্ছাকে অবাধে লাগাম দিয়েছিলেন। এটা কীভাবে হতে পারে? তাই অনেকে তাকে একজন অদ্ভুত মানুষ মনে করে। প্রকৃতপক্ষে, কবি বিশেষত আত্মশুদ্ধির লক্ষ্য নিয়ে উদ্বিগ্ন, কারণ প্রত্যেকেই অবাধ্য হয় এবং অনুতপ্ত হয়, এটি মানবিক প্রকৃতি। কিন্তু আবু নুওয়াসের এই অনুতপ্ত অবস্থা মাত্র কয়েক দিন বা এমনকি ঘণ্টা স্থায়ী হতো। আবু নুওয়াসের দুনিয়া বিমুখ সম্পর্কিত কবিতায় ইসলামী মূল্যবোধের মধ্যে রয়েছে।

জীবনের শুরুতে আবু নুওয়াসের কবিতায় এর মূল্য কখনই ছিল না। আমরা মনে করি যে, কবির বেশি বয়স না হওয়া পর্যন্ত সময় ও জীবনের মূল্য সম্পর্কে তাঁর সচেতনতা আসেনি। তিনি তার জীবনের বেশিরভাগ সময় কাটিয়েছেন তার লালসা এবং আনন্দের কাছে বন্দী হয়ে। তবে কবির বাস্তব অভিজ্ঞতায় তিনি চেয়েছেন, মুসলমানের জন্য তার সময়কে কাজে লাগাতে এবং তার সকল সময় ও কাজ আল্লাহর সন্তুষ্টির জন্য ব্যয় করতে। যেমন কবি তার কবিতায় বলেন,<sup>৩০</sup>

والمرء ما عاش عامل نصب لا ينقضي حرصه ولا أملة

يرجو أمورا عنه مغيبة جهلا ومن دون ما رجا أجله

“একজন ব্যক্তি যে কষ্টের কাজ করেনি তার লোভ এবং আশা কখনই শেষ হবে না  
সে তার কাছ থেকে লুকানো অজানা বিষয় সমূহের আশা করে, যা সে কল্পনাও করেনি।”

### আল্লাহর নিকট প্রার্থনা

দুআ একটি আরবি শব্দ। যার অর্থ হলো ডাকা বা প্রার্থনা করা। দুআ একটি গুরুত্বপূর্ণ আমল। আল্লাহ তায়ালা সাহায্য প্রার্থনাকারীকে বা মুনাজাতকারীকে অধিক ভালোবাসেন। কবি আবু নুওয়াস দুআ সম্পর্কে তার কবিতায় বলেন,<sup>৩১</sup>

يا رب إن عظمت ذنوبي كثرة \* فلقد علمتُ بأن عفوك أعظم

إن كان لا يرجوك إلا محسن \* فيمن يلوذ ويستجير الجرم

أدعوك ري كما أمرت تضرعاً \* فإذا رددت يدي فمن ذا يرحم

مالي إليك وسيلة إلا الرضا \* وجميل عفوك ثم أي مسلم

“হে আমার প্রতিপালক! যদিও আমার পাপ অনেক বড়, আমি জানি আপনার ক্ষমা আরো বড়। যদি শুধুমাত্র নেক লোকই আপনার দয়া আশা করতে পারে, তাহলে অপরাধীকে কে আশ্রয় দিবে? হে আমার রব! যেমন আপনি আমাকে যেভাবে ভীত অবস্থায় দো‘আ করার আদেশ দিয়েছেন, আমি আপনাকে সেভাবেই ডাকছি, আপনি যদি আমার দু‘হাত ফিরিয়ে দেন তাহলে কে আমার প্রতি করুণা করবে? আমি আপনারই সন্তুষ্টি কামনা করি, আপনার ক্ষমা উত্তম আর আমি একজন মুসলিম।” কবি অন্যত্র বলেন,<sup>৩২</sup>

يا نواسي تَوَقَّرْ وَتَجَمَّلْ وَتَصَبَّرْ \* سَاءَكَ الذَّهْرُ بِشَيْءٍ وَبِمَا سَرَّكَ أَكْثَرُ

يا كَبِيرَ الذَّنْبِ عَفُو الله من ذَنْبِكَ أَكْبَرُ \* أَكْبَرُ الْأَشْيَاءِ عَنْ أَصْغَرِ عَفْوِ اللهِ أَصْغَرُ

لَيْسَ لِلْإِنْسَانِ إِلَّا مَا قَضَى اللهُ وَقَدَّرَ \* لَيْسَ لِلْمَخْلُوقِ تَدْبِيرٌ بِلِ اللهِ الْمُدَبِّرِ

“হে নুওয়াস! স্থির হও, সুন্দর ধৈর্যধারণ কর। যুগের আবর্তন তোমাকে যত দুঃখিত করেছে তার চেয়ে বেশি খুশি করেছে। হে মহাপাপী! আল্লাহর ক্ষমা তোমার পাপের চেয়েও বড়। পৃথিবীর সবচেয়ে বড় জিনিসও আল্লাহর ক্ষমার থেকে ছোট।

আল্লাহ মানুষের জন্য যা ফয়সালা করেছেন এবং নির্ধারণ করেছেন, তা ছাড়া মানুষের আর কিছুই নেই। প্রাণীর কোন পরিকল্পনা কার্যকর হয় না; বরং আল্লাহই একমাত্র ব্যবস্থাপক।”

### সৃষ্টি জগত নিয়ে ভাবনা

চিন্তা-ভাবনা হৃদয়ের সাথে সম্পর্কিত। প্রকৃত একজন মানুষের মন শ্রষ্টার বিস্ময়কর সৃষ্টি নিয়ে চিন্তা করে।

কীভাবে আল্লাহ এই মহাবিশ্বকে নিখুঁতভাবে মন-উজ্জ্বল করে সৃষ্টি করেছেন। কবি আবু নুওয়াসও আল্লাহর সৃষ্টি নিয়ে গবেষণা করেছেন। যেমন আমরা তার কবিতায় দেখতে পাই,<sup>৩৩</sup>

سبحان من خلق الخلق من ضعيف مهين \* بسوقه من قرار إلى قرار مكين

في الحجب شيناً فشيناً يحور دون العيون \* حتى بدت حركات مخلوقة من سكون

“মহিমাময় তিনি যিনি মাখলুক সৃষ্টি করেছেন দুর্বল ও অপমানিত বস্তু থেকে, তাকে একটু একটু করে এক অবস্থা থেকে অন্য অবস্থায় চোখের আড়ালে পরিবর্তন করেন, এক পর্যায়ে স্থিরতা থেকে মাখলুকের মাঝে নড়াচড়া সৃষ্টি হয়।”

### মৃত্যু-পরকাল ও শেষ বিচার

পরকাল বা শেষ দিবসের প্রতি বিশ্বাস ঈমানের মৌলিক স্তম্ভের অন্তর্ভুক্ত। কবি আবু নুওয়াস এই ধ্বংসশীল পৃথিবী, পরকাল এবং আল্লাহর চিরস্থায়ী অস্তিত্ব সম্পর্কে বলেন,<sup>৩৪</sup>

كُلُّ نَاعٍ فَسَيُنْعَى \* كُلُّ بَاكِ فَسَيُكِي  
كُلُّ مَذْخُورٍ سَيَفِي \* كُلُّ مَذْكَورٍ سَيَنْسَى  
لَيْسَ غَيْرُ اللَّهِ يَبْقَى \* مَنْ غَلَا فَاللَّهُ أَعْلَى

“প্রত্যেক শোক প্রকাশকারী শোকাহত হবে, প্রত্যেক ক্রন্দনকারী অবশ্যই কাঁদবে, সকল সঞ্চিত ধন ভাঙার শেষ হবে, আল্লাহ ছাড়া আর কেউ থাকবে না, কেউ বড় হলে আল্লাহ সবচেয়ে বড়।”

### পাপের জন্য অনুশোচনা

পাপের পরে অনুশোচনা অনেক বড় সৌভাগ্য। কোনো ব্যক্তি পাহাড় সমপরিমাণ পাপ করে যদি পাপের জন্য অনুতপ্ত হয়, এই পাপ অথবা গুনাহ নিয়ে শেষ বিচারের দিন তার রবের সামনে দণ্ডায়মান হওয়া নিয়ে ভয় করে, তাহলে আল্লাহ তা‘আলা সেই ব্যক্তির পাপসমূহকে মাফ করে দেন। আল্লাহ বলেন, ‘বলে দাও, হে আমার বান্দারা! যারা নিজেদের উপর অবিচার করেছেন। আল্লাহর রহমত থেকে নিরাশ হয়ে না’।<sup>৩৫</sup> কবি আবু নুওয়াস মাঝে মাঝে নিজ কর্মের জন্য অনুশোচনা করতেন। যদিও তার অনুশোচনা বেশিক্ষণ স্থায়ী হতো না। কবি তার কবিতায় পাপের জন্য অনুশোচনা করে বলেন,<sup>৩৬</sup>

كَمْ لَيْلَةٍ قَدِيتُ أَهْوَى بِهَا \* لَوْ دَامَ ذَاكَ اللَّهُ لِلْهَوَى  
حَرَمَهَا اللَّهُ وَحَلَلْتُهَا \* فَكَيْفَ بِالْعَفْوِ مِنَ اللَّهِ

“কত রাত আনন্দ করে কাটিয়েছি? যদি এই বিনোদন স্থায়ী হয়, তাহলে আমি বিভ্রান্ত হয়ে যাব। আল্লাহ যা অবৈধ করেছেন তা আমি বৈধ মনে করেছি। সুতরাং কীভাবে আল্লাহর ক্ষমা আশা করা যায়?”

### দুনিয়াবি লোভ পরিত্যাগকরণ

জীবনের শুরুতে আবু নুওয়াসের কবিতায় এর মূল্য কখনই ছিল না। আমরা মনে করি যে, কবির বেশি বয়স না হওয়া পর্যন্ত সময় ও জীবনের মূল্য সম্পর্কে তাঁর সচেতনতা আসেনি। তিনি তার জীবনের বেশিরভাগ সময় কাটিয়েছেন তার লালসা এবং আনন্দের কাছে বন্দী হয়ে। তবে কবির বাস্তব অভিজ্ঞতায় তিনি চেয়েছেন, মুসলমানের জন্য তার সময়কে কাজে লাগাতে এবং তার সকল সময় ও কাজ আল্লাহর সন্তুষ্টির জন্য ব্যয় করতে। যেমন কবি তার কবিতায় বলেন,<sup>৩৭</sup>

وَالْمَرْءُ مَا عَاشَ عَامِلٌ نَصَبٌ لَا يَنْقُضِي حَرْصَهُ وَلَا أَمَلَهُ  
يَرْجُو أُمُورًا عَنْهُ مَغْيِبَةً جَهْلًا وَمِنْ دُونِ مَا رَجَا أَجَلَهُ

“একজন ব্যক্তি যে কষ্টের কাজ করেনি তার লোভ এবং আশা কখনই শেষ হবে না  
সে তার কাছ থেকে লুকানো অজানা বিষয় সমূহের আশা করে, যা সে কল্পনাও করেনি।”

### অহংকারের নিন্দা

অহংকারকে আরবিতে বলা হয় উম্মুল আমরাজ; অর্থাৎ সকল পাপের জননী। ইসলামের ইতিহাসে প্রথম পাপই হচ্ছে অহংকার। আদম আ.-কে সৃষ্টির পর তাকে সেজদা করার জন্য আল্লাহ তা‘আলা যখন সবাইকে আদেশ করেন, তখন ফেরেশতাগণ সেজদায় লুটিয়ে পড়লেন কিন্তু ফেরেশতাদের মাঝে বেড়ে ওঠা ইবলিস অস্বীকার করে বসল। সে আগুনের তৈরি বলে অহংকার করল, ফলে তার অধঃপতন হলো। কবি তার কবিতায় সবাইকে অহংকার থেকে সতর্ক করেছেন। যেমন তিনি বলেন,<sup>৩৮</sup>

لَا تَفْرُغُ النَّفْسُ مِنْ شُغْلِ بِدُنْيَاهَا \* رَأَيْتُهَا لَمْ يَنْلَهَا مِنْ مَنَاهَا  
إِنَّا لَنَنْفُسُ فِي دُنْيَا مُؤَلِّيَةٍ \* وَنَحْنُ قَدْ نَكْتَفِي مِنْهَا بِأَدْنَاهَا  
خَذَرْتُكَ الْكِبَرَ لَا يَعْلَقُكَ مِيسْمُهُ \* فَإِنَّهُ مَلَبَسَ نَارَ عَثَّةِ اللَّهِ

‘আত্মা পৃথিবীর ব্যস্ততা থেকে শূন্য নয়, আমি দেখেছি, যে তাকে চেয়েছে কেউ পায়নি, যেহেতু আমরা পার্থিব জগতে বাস করছি, তাই আমরা সর্বনিম্ন পরিমাণই আমাদের জন্য যথেষ্ট, আমি তোমাকে অহংকার থেকে সতর্ক করেছি, যেন তার সামান্য কণাও তোমাকে স্পর্শ না করে, কারণ এটা আল্লাহর মনোনীত পোশাক।’

### তিরস্কার

তিরস্কার হল কবিদের দ্বারা ব্যবহৃত কাব্যিক উদ্দেশ্যগুলোর মধ্যে একটি। আমরা আবু নুওয়্যাসের কবিতায় এই শিল্পের কিছু প্রতিফলন খুঁজে পাই। আবু নুওয়্যাস স্বাভাবিকভাবেই একজন সামাজিক কবি যিনি একাকীত্ব উপভোগ করেন না। তিনি দুঃখ ও একাকীত্ব অপছন্দ করেন এবং জীবনকে আনন্দ ও চিত্তবিনোদনের সাথে গ্রহণ করেন। তিনি তার বন্ধুদের প্রতি উদার ও মানবিক ছিলেন। তিনি তাদের খুশি করার জন্য কোনও সুযোগ ছাড়েননি। আবার একইভাবে তার শত্রুদেরকে তিনি যথাসম্ভব তিরস্কার করেছেন। কবি আবু নুওয়্যাস তার বন্ধুদেরকে তিরস্কার থেকে বাঁচাতে কবিতায় লিখেন,<sup>৪৭</sup>

لا أعير الدهر سمعي \* ليعيولي حبيبا  
لا ، ولا أذخرُ عندي \* للأخلاء الغيوب  
فإذا ما كان كون \* فمتم بالغيب خطيبا  
أحفظ الإخوان كيما \* يحفظوا مني المغيب

“আমি আমার বন্ধুদের নিন্দা শোনার জন্য অন্যের কাছে আমার কান ধার দেব না। না, না, আমি আমার বন্ধুদের দোষ নিজের কাছে পুষে রাখি না। সুতরাং যদি কোন দোষ প্রকাশ পায় আমি তা অদৃশ্যে প্রচার করি, আমি বন্ধুদের দোষ গোপন করি, যেন তারা আমার দোষ গোপন করে।”

### ভ্রাতৃত্বের গুরুত্ব

মু'মিন-মুসলিমগণ সবাই পরস্পর ভাই-ভাই। তাদের মধ্যে প্রধানতম সম্পর্ক হল ঈমানী-ভ্রাতৃত্বের। আল্লাহ তা'আলা বলেন, “إِنَّمَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ فَأَصْلَحُوا بَيْنَ أَخَوَيْكُمْ وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ.” একান্তভাবেই মুমিনরা পরস্পর ভাই-ভাই। সুতরাং তোমরা তোমাদের দু'পক্ষের ভাইদের মধ্যে সমঝোতা করে দাও এবং তোমরা আল্লাহকে ভয় কর, যাতে তোমাদের উপর রহমত নাযিল হয়।<sup>৪৮</sup> রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং সাহাবীগণ যখন মদিনায় গেলেন এবং আনসাররা তাদের গ্রহণ করলেন তখন রাসূল সা. তাদের মধ্যে ভ্রাতৃত্বের বন্ধন তৈরী করলেন। এটাই ছিল মুসলিম ভ্রাতৃত্বের প্রধান স্তম্ভ। কবি আবু নুওয়্যাস বিশ্বাসঘাতক বন্ধুদের আচরণে আফসোস করে বলেন,<sup>৪৯</sup>

أرى الإخوان في هجر أقاموا \* وخان الحل، وافترق الذمام

“আমি হিজরে অবস্থানকারী আমার বন্ধুদেরকে দেখি যারা বন্ধুদের সাথে বিশ্বাসঘাতকতা করেছে এবং মুক্তিপণ দিয়ে মুক্ত হয়ে গেছে।”

### কৃপণতার নিন্দা

কৃপণতা একটি মন্দ স্বভাব। এটি মানুষের অভাব আরো বাড়িয়ে দেয়। ইসলাম কৃপণতার নিন্দা করেছে। কৃপণতা সম্পর্কে আল কুরআনে আল্লাহ তায়ালা ইরশাদ করেন, ‘শয়তান তোমাদের দারিদ্রের ভয় দেখায় আর কৃপণ হতে উৎসাহ যোগায়। অপরদিকে আল্লাহ তোমাদেরকে ক্ষমা ও অনুগ্রহের প্রতিশ্রুতি দেন। নিশ্চয়ই আল্লাহ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।’<sup>৫০</sup> রাসুলুল্লাহ সা. বলেন, ‘হে বনু সালামা! তোমাদের নেতা কে?’ আমরা বললাম, ‘জুদ্দ ইবনে কায়স। অবশ্য আমরা তাকে কৃপণ বলি।’ তিনি বলেন, ‘কৃপণতার চেয়ে মারাত্মক রোগ আর কী হতে পারে?’<sup>৫১</sup> কবি আবু নুওয়্যাস কৃপণতার নিন্দা করে বলেন,<sup>৫২</sup>

وأكف قوم ليس يُبسط مائها إلا المساحي  
ما شئت من مال حمي يأوي إلى عرض مباح

“সবচেয়ে কৃপণ মানুষ মাটি খুঁড়েও পানি বের করে না, বৈধ প্রয়োজনেও সংরক্ষিত মূল্যবান অর্থ ব্যবহার করতে চায় না।”

### উপসংহার

পরিশেষে আমরা দেখতে পাই, কবি আবু নুওয়্যাসের চরিত্রটি একটি বিরল চরিত্র। তার চরিত্রের মতো একটি চরিত্র দেখা সহজ বিষয় নয়। তিনি একদিকে অনৈতিকতা, অশ্লীলতা এবং অনৈতিকতার নোংরামিতে কলঙ্কিত এবং অপরদিকে লজ্জিত ও অনুতপ্ত। তার জীবনের পুরো দিক অধ্যয়ন করার পরে এবং তার কবিতা পড়ার পরে আমাদের কাছে স্পষ্ট হয়ে যায় যে, যদিও কবি আবু নুওয়্যাসের আত্মা নিষিদ্ধ এবং হারাম বিষয়ের মাঝে চিত্তবিনোদন, মজা এবং আমোদ-প্রমোদে ঝাঁপিয়ে পড়তে চায়, তবুও তিনি অন্য সাধারণ মুসলিম ব্যক্তির মতো ধর্মীয়ভাবে তার অবস্থার উন্নতি করতে চাইতেন এবং অনুতপ্ত হয়ে জান্নাত লাভের আশা করতেন এবং জাহান্নাম থেকে দূরে থাকার ইচ্ছা তার মধ্যে ছিল।

## তথ্যনির্দেশ

- <sup>১</sup> আহমদ হাসান আল যায়্যাত, *তারীখুল আদাব আরাবী* (বৈরুত: দারুল মা'রিফাহ, সংস্করণ ৬, ২০০০), পৃ. ১৯৮।
- <sup>২</sup> যায়দান, জুরজী, *তারীখু আদাবিল লুঘাত আল-আরাবিয়াহ*, ১ম খণ্ড (বৈরুত : মাকতাবা আল-হায়াত, ১৯৫৮), পৃ. ২৭২।
- <sup>৩</sup> আহমদ হাসান যায়্যাত, *খাণ্ডুজ*, পৃ. ১৯৮।
- <sup>৪</sup> আবু নুওয়াসের মৃত্যু সাল নিয়ে বিভিন্ন মত পরিলক্ষিত হয়। প্রসিদ্ধ বর্ণনা মতে তার মৃত্যু সাল ১৯৫ হিঃ (*কাশফ-আল-যুনুন আন-আসামী আল-কুতুব ওয়া আল-ফুনুন*, ১ম খণ্ড, (বৈরুত: মাকতাবাতুল মুহান্না, ১৯৪১), পৃ. ৭৭৪; ইবনু নদীম তার মৃত্যু সাল ২০০ হিঃ উল্লেখ করলেও তিনি ইবনু কুতাইবার সাথে ঐক্যমত পোষণ পূর্বক ১৯৯ হিঃ কে অগ্রাধিকার দিয়েছেন। ইবনু নদীম, *আল-ফিহরিস্ত* (বৈরুত: মাকতাবাতু খায়্যাত, ১৮৭২)।
- <sup>৫</sup> মুকাররামা, আবু নুওয়াস ও খাসাইসু শি'রিহী আনিল হক্বি, দিরাসাহ, জামিআ আলাউদ্দীন আল ইসলামিয়া আল হকুমিয়াহ, মুকাসির, ২০১৯, পৃ. ১১০।
- <sup>৬</sup> আল-হাসান ইবনু হানী, *দীওয়ানু আবী নুওয়াস*, তাহকীক: আহমাদ আব্দুল মাজীদ আল-গাজালী (বৈরুত: দারুল কিতাব আল-আরাবী, তা.বি.), পৃ. ৪৬৫।
- <sup>৭</sup> মুহাম্মাদ মুস্তফা হাদ্দারাহ, *ইতিজাহাতুশ শি'রিল আরাবী* (বৈরুত: দারুল উলূম আল-আরাবিয়াহ, ১ম সংস্করণ), পৃ. ৩৯৫।
- <sup>৮</sup> আল-কুরআন, *সূরা তালাক*: ২।
- <sup>৯</sup> আবু নুওয়াস, *দীওয়ান*, পৃ. ৩০৭।
- <sup>১০</sup> *দীওয়ান*, পৃ. ৩০৬।
- <sup>১১</sup> *দীওয়ান*, পৃ. ৪৬৩।
- <sup>১২</sup> *দীওয়ান*, পৃ. ৩০৮।
- <sup>১৩</sup> *দীওয়ান*, পৃ. ৩০৯।
- <sup>১৪</sup> আল-কুরআন, *সূরা আল মুমতাহিনা-৮*।
- <sup>১৫</sup> *দীওয়ান*, পৃ. ৩৩৬।
- <sup>১৬</sup> *দীওয়ান*, পৃ. ৩৩০।
- <sup>১৭</sup> আল-কুরআন, *সূরা জুমা* : ২।
- <sup>১৮</sup> *দীওয়ান*, পৃ.-৩৩৮, ৪৩৭।
- <sup>১৯</sup> *দীওয়ান*, পৃ. ৩২৭।
- <sup>২০</sup> *দীওয়ান*, পৃ. ৩৪৭।
- <sup>২১</sup> *দীওয়ান*, পৃ. ৩০৫।
- <sup>২২</sup> আল-কুরআন, *সূরা নিসা*: ৩৬।
- <sup>২৩</sup> *দীওয়ান*, পৃ. ৩৬৮।
- <sup>২৪</sup> আল-কুরআন, *সূরা হজুরাত*: ১৩।
- <sup>২৫</sup> আবু আব্দুল্লাহ মহাম্মদ ইবন ইসমাইল আল-বুখারী, *সহীহুল বুখারী* : ৬০১১।
- <sup>২৬</sup> *দীওয়ান*, পৃ. ৪৩৫।
- <sup>২৭</sup> আল-কুরআন, *সূরা তওবা*: ১২২।
- <sup>২৮</sup> শায়েখ ওয়ালি উল্লাহ, *মিশকাতুল মাসাবীহ*, কিতাবুল ইল্ম, হাদীছ: ২১৮।
- <sup>২৯</sup> *দীওয়ান*, পৃ. ৪৩২।
- <sup>৩০</sup> *দীওয়ান*, পৃ. ৪৬১।
- <sup>৩১</sup> *দীওয়ান*, পৃ. ৪৬৪।
- <sup>৩২</sup> *দীওয়ান*, পৃ. ৪৬৫।
- <sup>৩৩</sup> *দীওয়ান*, পৃ. ৪৬৪।
- <sup>৩৪</sup> *দীওয়ান*, পৃ. ৪৬২।
- <sup>৩৫</sup> আল-কুরআন, *সূরা যুমার*: ৫৩।
- <sup>৩৬</sup> *দীওয়ান*, পৃ. ৪৬৭।
- <sup>৩৭</sup> *দীওয়ান*, পৃ. ৪৬১।
- <sup>৩৮</sup> *দীওয়ান*, পৃ. ৪৫৯-৪৬০।
- <sup>৩৯</sup> *দীওয়ান*, পৃ. ২৯৮।
- <sup>৪০</sup> আল-কুরআন, *আল-হজুরাত-১০*।
- <sup>৪১</sup> *দীওয়ান*, পৃ. ৪৫১।
- <sup>৪২</sup> আল বাকার- ২৬৯।
- <sup>৪৩</sup> মুহাম্মদ ইবন ইসমাইল আল-বুখারী, আল-আদাবুল মুফরাদ, তাখরীজ: ড. সেলিম আলওয়ান (বৈরুত: শারিকাতু দারিল মাশারি'ই, ২০২১), হাদীস : ২৯৬।
- <sup>৪৪</sup> *দীওয়ান*, পৃ. ৪৫০-৪৫১।

## মালতীমাধব প্রকরণে সমাজভাবনা

### [SOCIAL CONCEPT IN THE PRAKARANA OF MALATIMADHAVA]

Dr. Baby Biswas

Professor, Department of Sanskrit, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

#### ARTICLE INFORMATION

The Faculty Journal of Arts

Rajshahi University

Volume 39, June 2025

ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A16>

Received : 17 February 2025

Received in revised: 27 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

Keywords:

Prakarana, Polity, Religion, Education  
System, Artistry, Architecture, Bonds of  
Love, Status of Women.

#### ABSTRACT

In Sanskrit literature, *kavya* can be divided into two types—*Shrabyakavya* and *Drishyakavya*. The *kavya* that can only be heard is called *Srabyakavya*. The *kavya* that along with being heard can also be seen through the Performance of the actors on stage is called *Drishyakavya*. Again since through the acting of the Performers, one character's form is imposed upon another character, it is also called '*Rūpaka*'. According to the theory of *Drishyakavya* / *Rūpaka* has been divided into ten parts. *Prakarana* occupies the second position among these ten kinds of *Rūpaka*. In Sanskrit literature, *Bhavabhūti* was one of the prominent Playwrights among other such as *Asvaghosa*, *Bhasa*, *Kalidasa*, *Sudraka* etc. His three *Drishyakavya* named *Mahaviracharita*, *Malatimadhava* and *Uttararamacharita* made him the most famous of all. Three of them *Mahaviracharita* and *Uttararamacharita* are drama and *Malatimadhava* is *prakarana*. In Sanskrit literature most of the *Rūpakas* (Dramas) have been composed of history, *Puranas* or Popular legends. However, the *prakarana* type of *Drishyakavya* is composed based on real social events combined with the poet's imagination in which along with the people of the higher classes of society, the lives of ordinary People are also Portrayed. Through the story, characters, dialogues and analysis of the *Prakarana* of *Malatimadhava*, one can gain insight into the Political system, religion, education system, art and culture, architectural style, the Position of women and social values of that time are examined in the essay.

#### ভূমিকা

ভারতীয় কাব্যতত্ত্ব অনুসারে সাহিত্য শব্দের প্রতিশব্দ হলো কাব্য। কবির ছন্দোবদ্ধ বা ছন্দোহীন যে কোনো রচনাই কাব্য বা সাহিত্যের পর্যায়ভুক্ত। সংস্কৃত সাহিত্যে এই কাব্যকে দুইভাগে ভাগ করা হয়েছে— দৃশ্যকাব্য ও শ্রব্যকাব্য। যে কাব্য শুধু শ্রবণ করা যায় তাকে শ্রব্যকাব্য বলে। আবার কুশীলবের অভিনয়ের মাধ্যমে সংলাপরূপী যে কাব্য শ্রবণের পাশাপাশি মঞ্চে দেখতে পাওয়া যায় তাকে দৃশ্যকাব্য বলে। বাংলা সাহিত্যের নাটক, ইংরেজি সাহিত্যের Drama-কে সংস্কৃত সাহিত্যে দৃশ্যকাব্য বলা হয়। আবার কুশীলবের অভিনয়ের মাধ্যমে একের রূপ অন্যের উপর আরোপিত হয় বলে একে রূপকও বলা হয়। নাট্যতত্ত্ব অনুসারে এই দৃশ্যকাব্য বা রূপককে দশটি শ্রেণিতে বিন্যস্ত করা হয়েছে। এই দশটি দৃশ্যকাব্য বা রূপকের মধ্যে দ্বিতীয় রূপকের নাম প্রকরণ। সংস্কৃত সাহিত্যে অধিকাংশ রূপক বা দৃশ্যকাব্য রচিত হয়েছে ইতিহাস, পুরাণ বা লোকপ্রচলিত বিখ্যাত কাহিনিকে অবলম্বন করে। কিন্তু প্রকরণরূপী দৃশ্যকাব্য রচিত হয়েছে কবির কল্পনার মিশ্রণে সমাজের বাস্তবভিত্তিক ঘটনাকে অবলম্বন করে। সমাজের উচ্চশ্রেণির মানুষের পাশাপাশি সাধারণ মানুষের জীবনপ্রণালী বর্ণিত হয়েছে এই প্রকরণরূপী দৃশ্যকাব্যে। প্রস্তাবিত গবেষণা কর্মটি সাহিত্য নির্ভর, বিশ্লেষণধর্মী ও বিবৃতিমূলক। এ কারণে Content Analysis পদ্ধতি অবলম্বনের মাধ্যমে 'মালতীমাধব প্রকরণে সমাজভাবনা' প্রবন্ধটি লেখার চেষ্টা করা হয়েছে। মালতীমাধব প্রকরণের কাহিনি, চরিত্র, সংলাপ বিশ্লেষণের মধ্য দিয়ে সেকালে রাজ্যশাসন ব্যবস্থা, ধর্ম, শিক্ষাব্যবস্থা, শিল্পকলা-সংস্কৃতি চর্চা, স্থাপত্যশিল্প, নারীর অবস্থান, মানবচিন্তার প্রেমভাবনা প্রভৃতি সমাজের বিভিন্ন গুরুত্বপূর্ণ অনুষঙ্গগুলি বিশ্লেষণ করা হয়েছে আলোচ্য প্রবন্ধে।

#### ভবভূতির পরিচয়

সংস্কৃত সাহিত্যে কালিদাসোত্তরযুগে একজন অসাধারণ প্রতিভাবান নাট্যকার হলেন ভবভূতি। পণ্ডিতদের মতে, মহাকবি কালিদাসের পরেই তাঁর স্থান। তিনটিমাত্র দৃশ্যকাব্য— মহাবীরচরিত, মালতীমাধব ও উত্তররামচরিত রচনা করে তিনি

খ্যাতির শীর্ষে অবস্থান করেছেন। কিন্তু দুঃখের বিষয় হলো, এমন একজন প্রতিভাবান নাট্যকারের ব্যক্তিগত জীবন ও কাল সম্পর্কে তথ্য অনুসন্ধান করা অনেকটা কষ্টসাধ্য। তবে কবির নিজের লেখা দৃশ্যকাব্য তিনটিতে যে প্রস্তাবনা দেওয়া হয়েছে সেগুলো বিশ্লেষণ করে তাঁর আত্মপরিচয় সম্পর্কে সামান্য ধারণা পাওয়া যায়। দক্ষিণপথের বিদর্ভ অঞ্চলের পদ্মপুর নামক গ্রামে ছিলো ভবভূতির বাসস্থান। তাঁর পিতামহের নাম উট্টগোপাল এবং পিতার নাম গোপাল। তাঁর মাতার নাম ছিলো জাতুকর্ণী। তিনি ছিলেন কাশ্যপগোত্রীয় ব্রাহ্মণ। এই ব্রাহ্মণ শ্রোত্রিয় শ্রেণির। জন্মগতভাবে উপনয়ন সংস্কার নিয়ে উপযুক্ত জ্ঞানার্জনের মাধ্যমেই ব্রাহ্মণের শ্রোত্রিয় পর্যায়ে উন্নীত হন। কৃষ্ণযজুর্বেদের তৈত্তিরীয় শাখা ছিলো তাঁদের বংশানুক্রমিক চর্চার বিষয়। তাঁর বংশের উপাধি ছিলো উদুম্বর। কবির পূর্বপুরুষেরা নিত্য যাগযজ্ঞের অনুষ্ঠান করতেন; পঞ্চগায়িত্রি উপাসনা করতেন। সুনির্দিষ্ট তিথিতে তাঁদের গৃহে চান্দ্রায়ণব্রত, অগ্নিহোত্রযজ্ঞ, সোমযাগ ইত্যাদি অনুষ্ঠিত হতো। সোমযাগে তাঁরা সোমরস পান করতেন। ইহজাগতিক কিছু কর্মকাণ্ডও তাঁদের মধ্যে দেখা যায়। যেমন— ধনসঞ্চয় করা, সহধর্মিণীর প্রতি যত্নবান হওয়া, দীর্ঘায়ু কামনা করা ইত্যাদি। তবে এর উদ্দেশ্য মহৎ। তপস্যায় সিদ্ধিলাভের জন্য তাঁরা দীর্ঘায়ু কামনা করতেন। তাঁরা জনকল্যায়ার্থে পূর্তকর্মের জন্য ধনসঞ্চয় করতেন এবং ভবিষ্যৎ উত্তরসূরী জন্মানোর জন্য স্বভার্যার প্রতি যত্নবান হতেন। সকলের পূজনীয় ও বেদজ্ঞ ব্রাহ্মণদের দ্বারা তাই ভোজনোৎসবে ভোজনপংক্তি পবিত্র করানো হতো। এজন্য তাঁদেরকে বলা হতো পংক্তিপাবন। তিনি ব্যাকরণ, মীমাংসা ন্যায়শাস্ত্রে পারদর্শী ছিলেন। ভবভূতির প্রকৃত নাম ছিলো শ্রীকণ্ঠ। কিন্তু শিবের উপাসক বলে তাঁকে ভবভূতি আখ্যা দেওয়া হয়।

ভবভূতির প্রকৃত নাম শ্রীকণ্ঠ নাকি ভবভূতি এ নিয়ে পণ্ডিত মহলে বিতর্ক রয়েছে। পণ্ডিত বেলভেলকারের মতে, শ্রীকণ্ঠ তাঁর প্রকৃত নাম যা পিতা-মাতা তাঁকে দিয়েছিলেন। তিনি মহাদেব শিবের (ভবের) কৃপা (ভস্ম) লাভ করেছেন বলে ভবভূতি হয়েছেন।<sup>১</sup> টীকাকার বীররাঘবের মতে, দ্বাদশ দিনে পিতা-মাতা শিশুর নামকরণ করেন, সেই নামই শ্রীকণ্ঠ। “সাম্বা পুনাতু ভবভূতিপবিত্রমূর্তিঃ”—এরূপ শ্লোক রচনা করে তিনি ভবভূতি হয়েছেন।<sup>২</sup> টীকাকার জগদ্ধরও এই মত সমর্থন করেন।<sup>৩</sup> কিন্তু নাট্যকারের স্বপ্রণোদিত প্রস্তাবনা তিনটিতে তাঁকে ভবভূতি নামে উল্লেখ করা হয়েছে। পরবর্তী সমালোচকরাও তাঁকে ভবভূতি নামেই উল্লেখ করেছেন। সেই হিসেবে ভবভূতি নাম মেনে নেওয়াই সঙ্গত মনে হয়।

#### ভবভূতির কাল

ভবভূতির কাল নির্ণয়ের দিকে অগ্রসর হওয়া যাক। এ বিষয়ে সমালোচকদের মধ্যে ভিন্ন ভিন্ন মত লক্ষ করা যায়। ভবভূতির রচনায় কালিদাসের প্রভাব রয়েছে। দৃশ্যভাবনা, চরিত্রচিত্রণসহ বহুক্ষেত্রে ভবভূতি কালিদাসের (আনু. খ্রিষ্টীয় চতুর্থ শতক) কাছে ঋণী। যেমন— *অভিজ্ঞানশকুন্তল*-এর অদৃশ্য সানুমতী ও *উত্তররামচরিত*-এর ছায়াসীতা; *রঘুবংশ*-এর চিত্রদর্শন ও *উত্তররামচরিত*-এর চিত্রদর্শন, *অভিজ্ঞানশকুন্তল*-এর স্মারকচিহ্ন অঙ্গুরীয়ক ও *উত্তররামচরিত*-এর স্মারকচিহ্ন দণ্ডকারণ্য। এসকল কারণে ভবভূতিকে খ্রিষ্টীয় চতুর্থ শতকের পরবর্তী সময়ের কবি মনে করা যেতে পারে। সংস্কৃত সাহিত্যে গদ্যকাব্যকার বাণ তাঁর কাব্যে ভাস, কালিদাস প্রমুখ কাব্যকারদের নাম উল্লেখ করেছেন; কিন্তু ভবভূতির নাম উল্লেখ করেন নি। বিখ্যাত নাট্যকার ভবভূতির নাম বাণভট্ট জানতেন না অথবা জেনেও উল্লেখ করবেন না—এমনটি হওয়া অযৌক্তিক। অর্থাৎ ঐ সময়ে ভবভূতির জন্মই হয় নি। তাই ভবভূতিকে বাণভট্টের পরবর্তী সময়ের মনে করা যেতে পারে।<sup>৪</sup> ঐতিহাসিকদের তথ্যানুসারে বাণভট্ট কাঞ্চকুজ রাজ্যের (৬০৬-৬৪৮) সভাকবি ছিলেন। ঐ সময়ে তিনি হর্ষচরিত রচনা করেন। তাই বাণভট্টের কাল খ্রিষ্টীয় সপ্তম শতক ধরে ভবভূতিকে তার পরবর্তী সময়ের মনে করা যেতে পারে। আবার বামনের (খ্রিষ্টীয় অষ্টম শতক) *কাব্যালঙ্কারসূত্রবৃত্তি* নামক গ্রন্থে কিছু শ্লোক উদ্ধৃত হয়েছে যা ভবভূতির *উত্তররামচরিত*-এর প্রথম অঙ্কে<sup>৫</sup> এবং *মহাবীরচরিত*-এর দ্বিতীয় অঙ্কে<sup>৬</sup> দেখা যায়। অতএব, ভবভূতিকে বামনের অর্থাৎ খ্রিষ্টীয় অষ্টম শতকের অন্তত পূর্ববর্তী কাব্যকার মনে করা যেতে পারে। ভবভূতির জীবনে ঐতিহাসিক সংশ্লিষ্টতা রয়েছে। কলহনের *রাজতরঙ্গিনী* গ্রন্থে বলা হয়েছে, কাঞ্চকুজরাজ যশোবর্মা বাকপতিরাজ, ভবভূতি প্রমুখ কাব্যকারদের পৃষ্ঠপোষকতা করতেন। আবার *গৌড়বহোকাব্যের* রচয়িতা বাকপতিরাজ তাঁর কাব্য রচনার ক্ষেত্রে ভবভূতির উৎসাহ পেয়েছেন। এই ঋণ তিনি তাঁর *গৌড়বহো* কাব্যে স্বীকার করেছেন এবং রাজপৃষ্ঠপোষক যশোবর্মার গুণকীর্তন করেছেন। ঐতিহাসিকদের মতে, কার্কটবংশীয় উত্তরপুরুষ ললিতাদিত্য (মুক্তাপীড়) কর্তৃক ৭৪০ খ্রিষ্টাব্দে যশোবর্মা পরাজিত হন। আবার যশোবর্মার পৃষ্ঠপোষকতাপ্রাপ্ত ভবভূতিকে তাই খ্রিষ্টীয় সপ্তম শতকের শেষভাগের বা অষ্টম শতকের প্রথমভাগের কবি বলা যেতে পারে। কাল নির্ণয়ের ক্ষেত্রে ঐতিহাসিকসংশ্লিষ্ট ক্ষেত্রটি সর্বাধিক যুক্তিযুক্ত। এ বিষয়ে কোন জটিলতার সুযোগ নেই। তাই তাঁকে খ্রিষ্টীয় সপ্তম শতকের শেষভাগের অথবা অষ্টম শতকের প্রথমভাগের কবি বলাই সর্বাধিক যুক্তিযুক্ত। সুতরাং *মালতীমাধব* প্রকাশের সময়ও খ্রিষ্টীয় সপ্তম শতকের শেষভাগের বা অষ্টম শতকের প্রথমভাগের বলা যেতে পারে।

#### মালতীমাধব প্রকাশের বিষয়বস্তু

মালতী ও মাধবের প্রণয়কাহিনী অবলম্বনে নাট্যকার ভবভূতি রচনা করেন দশ অঙ্কের *মালতীমাধব* প্রকরণটি। মাঝখানে এসেছে মকরন্দ ও মদয়ন্তিকার প্রেমকাহিনী, যা প্রাসঙ্গিক কাহিনী হিসেবে পরিচিত। দুই ঘনিষ্ঠ বন্ধু ভূরিবসু ও দেবরাত

সহপাঠাবস্থায় প্রতিজ্ঞা করেছিলেন, উভয়ের ভবিষ্যৎ সন্তানদের মধ্যে বৈবাহিক সম্পর্ক স্থাপন করবেন, যাতে বন্ধুত্ব আজীবন অটুট থাকে। পরবর্তীতে কর্মজীবনে উভয়েই মন্ত্রী হয়েছেন, গার্হস্থ্য জীবনে ভূরিবসুর কন্যা মালতী এবং দেবরাতের পুত্র মাধবের জন্ম হয়েছে। কিন্তু পূর্বপ্রতিশ্রুতি শুভ পরিণয়টি এখনো ফলপ্রসূ হয়ে উঠে নি। এর কারণ রাজকামনাদৃষ্টি। পদ্মাবতীনগরেশ্বরের ইচ্ছা, মালতীর বিয়ে হবে তাঁরই নর্মসচিব নন্দনের সাথে। এই অবস্থায় রাজমন্ত্রিতে আসীন অসহায় ভূরিবসু ভগবতী কামন্দকীর শরণাপন্ন হয়েছেন। কামন্দকী একনিষ্ঠা বৌদ্ধসন্ন্যাসিনী। তবু ধর্মাচার্যের উদ্দেশ্যে উঠে সর্বজনীন মানবপ্রেম নিয়ে এক্ষেত্রে তিনি এগিয়ে এসেছেন। সুপরিচালিত পদক্ষেপের মাধ্যমে তিনি প্রথমে মালতী ও মাধবের হৃদয়ে প্রগাঢ় প্রেমের জন্ম দিয়েছেন। বিকৃত তন্ত্রসাধক অঘোরঘণ্ট ও কপালকুণ্ডলা কর্তৃক অপহরণ করা মালতী বলিকাঠের নিচে বসেও প্রিয়জন মাধবের নামই স্মরণ করেছেন। মাধবও নিজের জীবন বাজি রেখে প্রেমিকাকে উদ্ধার করেছেন। উভয়ের প্রেমের গভীরতা স্পষ্টভাবে প্রতীয়মান হয়েছে। তবুও অন্ধবিবেকী রাজা প্রেমিক-প্রেমিকাকে মূল্যায়ন না করে নন্দনের সাথে মালতীর বিবাহের সকল আয়োজন সম্পন্ন করেছেন। এই অবস্থায় কামন্দকীর নিখুঁত পরিকল্পনার মাধ্যমে মালতীর পরিবর্তে মালতী-সজ্জায় সজ্জিত মকরন্দের (মাধবের বন্ধু) সাথে নন্দনের বিবাহ সম্পন্ন করা হয়েছে। মালতী ও মাধবকে পাঠিয়ে দেওয়া হয়েছে গোপন স্থানে। অতঃপর নকল বিবাহের বিষয়টি অবগত হয়ে ত্রুদ্ধ রাজশক্তির সাথে মকরন্দের যুদ্ধ শুরু হয়। খবর পেয়ে মাধবও বীরবিক্রমে বন্ধুর সাহায্যার্থে যুদ্ধক্ষেত্রে উপস্থিত হয়েছেন। দুই বন্ধুর সম্মিলিত শক্তিতে রাজশক্তি পরাজিত হয়েছে। কিন্তু ইতোমধ্যে বামাচারী কাপালিক কপালকুণ্ডলা কর্তৃক মালতী দ্বিতীয়বার অপহৃত হয়েছেন। সেক্ষেত্রেও কামন্দকীর সাবেক শিষ্যা সৌদামিনীর সক্রিয় সহযোগিতায় মালতী ফিরে এসেছেন তাঁর বাবা-মায়ের কোলে। শেষে রাজস্বীকৃতিতে এবং আত্মীয়-স্বজনদের উপস্থিতিতে মালতীর সাথে মাধবের এবং মকরন্দের সাথে মদয়ন্তিকার (নন্দনের বোন) শুভপরিণয় সম্পন্ন হয়েছে।

#### মালতীমাধব প্রকরণে সমাজভাবনা

মালতীমাধব প্রকরণের কাহিনি, চরিত্র, সংলাপ বিশ্লেষণের মধ্য দিয়ে সেকালে রাজ্যশাসন ব্যবস্থা, ধর্ম, শিক্ষাব্যবস্থা, শিল্পকলা-সংস্কৃতি চর্চা, স্থাপত্যশিল্প, মানবচিন্তার প্রেমভাবনা, নারীর অবস্থান প্রভৃতি সমাজের বিভিন্ন গুরুত্বপূর্ণ অনুষঙ্গগুলি নিম্নে পর্যায়ক্রমে বিশ্লেষণ করা হলো :

#### রাজ্যশাসন ব্যবস্থা

ভবভূতির মালতীমাধব প্রকরণের সমাজে রাজতন্ত্র প্রচলিত ছিলো। প্রকরণে উল্লিখিত বিদর্ভরাজ্য ও পদ্মাবতীনগররাজ্য দুটির রাজ্যশাসনকাঠামো বিশ্লেষণ করলে তাই প্রমাণিত হয়। সেখানে রাজা, রাজপার্ষদ, মন্ত্রী, অমাত্য, একান্ত সচিব, সেনা, রক্ষী ও অন্তঃপুরসহচরদের নিয়ে রাজ্য পরিচালনা করতেন। বিদর্ভরাজ্যের মন্ত্রী দেবরাত এবং পদ্মাবতীনগররাজ্যের মন্ত্রী ভূরিবসু দুজনেই ছিলেন বিদ্বান, দূরদর্শী এবং সম্মাননীয়। দেবরাতকে বলা হয় মন্ত্রীকুলচূড়ামণি। অন্যদিকে স্বীয় যোগ্যতার কারণে ভূরিবসুকে সামন্ত রাজারা পর্যন্ত অবনত মস্তকে প্রণাম জানান। ফলে সামন্তরাজাদের মাথায় বাঁধা ফুলের পরাগরেণুতে রাঙা হয়ে ওঠে ভূরিবসুর চরণ।<sup>১</sup>

রাজতান্ত্রিক সমাজকাঠামোর সুযোগে তখনকার রাজাদের অনেকটা স্বেচ্ছাস্বতন্ত্রিক মানসিকতা প্রকাশ পেয়েছে। নিজেদের অদম্য বাসনা পূরণের ক্ষেত্রে এঁরা অনেকটা নির্লজ্জ, যুক্তিহীন ও একরোখা। পদ্মাবতী রাজ্যের রাজা কর্তৃক ঐ রাজ্যের অমাত্য ভূরিবসুর মাধ্যমে তাঁর কন্যা মালতীর সাথে উক্ত রাজ্যের নর্মসচিব নন্দনের বিবাহপ্রস্তাব ও আয়োজনই এর প্রমাণ। প্রকরণ অনুসারে ভূরিবসুর কন্যা মালতী ও দেবরাতের পুত্র মাধবের বিবাহ যেন সার্থক মণিকাঞ্চন। দুজনেই রূপবান, গুণবান, সুদর্শন, কুলীন ও বুদ্ধিমান। তাছাড়া এই বিবাহ ছিলো পূর্বপ্রতিশ্রুতিবদ্ধ। পূর্বে সহপাঠাবস্থায় দুই ঘনিষ্ঠ বন্ধু প্রতিজ্ঞা করেছিলেন যে, তাঁদের ভবিষ্যৎ পুত্রকন্যার মধ্যে তাঁরা বৈবাহিক সম্বন্ধ স্থাপন করবেন, যাতে বন্ধুত্ব অটুট থাকে। অন্যদিকে নন্দন হলো পদ্মাবতী নগররাজ্যের নর্মসচিব যাকে গোপন বাসনা পূরণের সচিব বা কামতন্ত্রের সচিব বললেও অত্যুক্তি হবে না। এই বিগতযৌবনা, বিশ্রী নর্মসচিবের সাথে রাজা সুন্দরী যুবতী মালতীর বিবাহ প্রস্তাব দেন এবং বিবাহের পথে অগ্রসর হন। সমাজের উচ্চ আসনে অধিষ্ঠিত রাজামাত্যের মেয়ের পক্ষে যদি এমনটি ঘটে তবে সাধারণ মানুষেরতো কথাই নেই। নরঘাতক, বিকৃত কাপালিক গোষ্ঠীর হাতে সমাজে যেমন নারীবলি ঘটেছে, তেমনি রাজকামনার দৃষ্টিতে সুন্দরী ললনাদের সাথে রাজার একান্ত সচিবদের বিবাহ ঘটেছে, যা জীবন্ত নারীবলিরই তুল্য। এভাবেই রাজতান্ত্রিক সমাজকাঠামোতে রাজার স্বৈরাচারিতা প্রকাশ পেয়েছে।

#### ধর্ম

মালতীমাধবের সমাজে দুই শ্রেণির ধর্মচারী মানুষের পরিচয় পাওয়া যায়। যথা— সনাতন ধর্মচারী ও বৌদ্ধ ধর্মচারী। এছাড়া সনাতন ধর্মের অন্তর্গত তন্ত্রসাধকদের সাধনচর্চা ও জীবনচরণের দৃষ্টিভঙ্গি প্রকরণটিতে প্রকাশ পেয়েছে। সনাতন ধর্মের অন্তর্গত পৌরাণিক দেব-দেবীভিত্তিক পূজার্চনা ও উৎসব-আনন্দের কথা প্রকরণটিতে প্রকাশ পেয়েছে। যেমন—

মহাদেব শিবের পূজা, মদন দেবতার পূজা ইত্যাদি। সমাজে সর্বস্তরের মানুষের সমন্বয়ে এ সকল পূজা-পার্বণ অনুষ্ঠিত হতো। পূজাকে কেন্দ্র করে বিভিন্ন উৎসব ও সাংস্কৃতিক অনুষ্ঠান উদযাপনও তখনকার সমাজে দেখা যায়। যেমন— কালপ্রিয়নাথের মন্দিরে শিবপূজা উপলক্ষ্যে নাটোৎসবের আয়োজন করা হয় এবং সমাগত সুধিবৃন্দ সার্বজনীনভাবে উক্ত নাটোৎসব উপভোগ করেন।<sup>৮</sup> আবার কৃষ্ণচতুর্দশী তিথিতে স্বচয়িত পুষ্প শিবদেবতার অর্চনা করলে মঙ্গল লাভ হবে একথা বলে ভগবতী কামন্দকী মালতীকে শিবমন্দিরে নিয়ে আসেন। এছাড়াও তখনকার সমাজে মদন দেবতার পূজাচর্চা অনুষ্ঠিত হতো। পূজা উপলক্ষ্যে যে উৎসব তাকে বলা হয় মদনমহোৎসব। মালতী-মাধবসহ সেখানে প্রচুর লোকসমাগম ঘটে। সুন্দরী মালতী এসময় ভিঁড়ের মধ্যে হারিয়ে যান। সুনির্দিষ্ট তিথিভিত্তিক এসকল পূজা-পার্বণ ছাড়াও তখনকার সমাজে সার্বজনীন মন্দিরে নিত্যপূজা ও প্রার্থনা অনুষ্ঠিত হতো। সন্ধ্যাবেলা শঙ্খধ্বনি শুনতে পাওয়াই তার প্রমাণ।<sup>৯</sup>

সনাতন ধর্মের পাশাপাশি সমাজে বৌদ্ধধর্মের বিস্তারলাভ ঘটেছিলো। বৌদ্ধ সন্ন্যাসিনী কামন্দকী ও তাঁর অনুসারীরা এর উদাহরণ। সুশিক্ষিতা কামন্দকী পদ্মাবতীনগরে অবস্থিত বৌদ্ধমঠের অধ্যক্ষা। তাঁর পরনে ভিক্ষুবাস, কাঁধে ভিক্ষার ঝুলি, হাতে কমণ্ডলু। ভিক্ষালব্ধ অন্ন দ্বারা তিনি জীবনধারণ করেন।<sup>১০</sup> তিনি এবং তাঁর অনুসারী অবলোকিতা, বুদ্ধরক্ষিতা প্রত্যেকেই বৌদ্ধধর্মের মহাযানী সম্প্রদায়ভুক্ত একথা বলাই যুক্তিযুক্ত। বৌদ্ধধর্মের হীনযানীরা একক মুক্তি কামনা করেন। বৌদ্ধধর্মের নিয়ম-কানুনকে কঠোরভাবে অনুসরণকে পারিবারিক ও সামাজিক জীবনকে পরিহার করে নির্বাণলাভের জন্য তাঁরা সাধনায় রতো হন।<sup>১১</sup> অন্যদিকে মহাযানীরা সার্বজনীন মানবপ্রেমী। একক মুক্তির পরিবর্তে জগতের দুঃখপীড়িত মানুষকে দুঃখ থেকে নিবৃত্ত করে শান্তি দেওয়ার মধ্যেই তাঁরা জীবনের প্রকৃত তাৎপর্য পেতে পারে।<sup>১২</sup> ভগবতী কামন্দকী বৌদ্ধ ভিক্ষুণী হলেও সংসার ধর্মের আচার-আচরণ তিনি জানেন। রাজপ্রতিবন্ধকতা থাকলেও মালতী-মাধবের বিবাহের বিষয়ে তিনি এগিয়ে এসেছেন। মালতীর পিতা ভূরিবসুর অসহায়ত্বে তিনি সাহায্য করেছেন। দুটি মানব-মানবীর প্রেমের মূল্যায়ন না করে রাজার নর্মসচিব নন্দনের সাথে মালতীর বিবাহের বিষয়ে অগ্রসর হলেন। কামন্দকী প্রতিজ্ঞা করেছিলেন, “আমার জীবন দিয়ে হলেও মালতী-মাধবের বিবাহ সম্পন্ন করবো।”<sup>১৩</sup> তাঁর এসকল ভূমিকা মহাযানী বৌদ্ধ সম্প্রদায়ের গুণাবলি প্রকাশ করে।

মহাযানী বৌদ্ধধর্মের উদারনীতির সুযোগে সে সমাজে কিছু অনাচার বাসা বেঁধেছিলো। প্রকরণটিতে তার প্রমাণ রয়েছে। ভগবান বুদ্ধ বৌদ্ধধর্মে নারীদের সন্ন্যাস গ্রহণের প্রবল বিরোধী ছিলেন। কিন্তু পরম ভক্তদের অনুরোধে শেষে এই নীতি থেকে সরে আসেন এবং নারীদের বৌদ্ধ ভিক্ষুণী হওয়ার অনুমতি দেন। পরে তিনি বৌদ্ধ ভিক্ষু-ভিক্ষুণী আচরণ সম্পর্কে কিছু বিধি-নিষেধ আরোপ করেন। যেমন— সজ্জের অনুমতি ছাড়া একজন বৌদ্ধ ভিক্ষু ভিক্ষুণীকে উপদেশ দিলে, দূরযাত্রায় বৌদ্ধ ভিক্ষুণীকে উপদেশ দিলে, জনহীন স্থানে বৌদ্ধ ভিক্ষুণীকে নিয়ে বসলে বৌদ্ধ ভিক্ষু প্রায়শ্চিত্তের যোগ্য হবে।<sup>১৪</sup>

মালতী-মাধবের সমাজের নারীরা বৌদ্ধভিক্ষুত্ব গ্রহণ করেছেন এবং পুরুষের পাশাপাশি সমানতালে তাঁরা সামাজিক কর্মকাণ্ডে ভূমিকা রেখেছেন। উল্লেখযোগ্য বিষয় বৌদ্ধ ভিক্ষুণীদের সংসারধর্ম ও প্রেম নিষেধ হলেও *মালতীমাধব* এর সমাজে তা সাবলীলভাবেই করা যেতো। ভূত কলহংসের সাথে বুদ্ধরক্ষিতার প্রেমই তার প্রমাণ। অপরদিকে বৌদ্ধমঠকে মালতী-মাধবের বিবাহের কাজে ব্যবহার করা হয়েছে। আবার কামন্দকী সংসারবিরাগী সন্ন্যাসী হলেও মালতীর বিরহে আত্মহত্যার সিদ্ধান্ত নিয়েছেন। এসকল আচরণ বৌদ্ধধর্মের আদর্শ বিচ্যুতিরই প্রমাণ।

সমাজে তন্ত্রসাধনচর্চা প্রচলিত ছিলো। তন্ত্রসাধকেরা শক্তির উপাসক। “জগতের সৃষ্টি-স্থিতি প্রলয়ের মূলে রয়েছে এক মহাশক্তি। তাত্ত্বিক দৃষ্টিতে এই শক্তি ত্রিগুণাতীত, অব্যক্ত ও নির্বিশেষ। আবার লীলার ক্ষেত্রে তিনি অনন্তরূপিণী বিষ্ণুরূপা। জগৎ সৃষ্টির মূলে এই শক্তি লীলা করে চলেছে। তিনি শিবশক্তি শিবা, বিষ্ণুশক্তি বৈষ্ণবী বা ব্রহ্মশক্তি ব্রহ্মাণী। মানবদেহে তিনি নাদরূপে শব্দব্রহ্ম বা কুলকুণ্ডলিনী শক্তি।”<sup>১৫</sup> সেই শক্তিকে সাধনা বা উপাসনার মাধ্যমে আয়ত্ত করা তন্ত্রসাধকদের মূল লক্ষ্য। সেজন্য তাঁরা নির্জন স্থানে গুরুর পাদপদ্মে বসে এই গুহ্যবিদ্যা আয়ত্ত করার সাধনায় রতো হন। *মালতীমাধব* এর সমাজে দুই শ্রেণির তন্ত্রমার্গের পরিচয় পাওয়া যায়। একটি আত্মকেন্দ্রিকতাপূর্ণ প্রতিহিংসাপরায়ণ; অন্যটি সার্বজনীন মানবকল্যাণে নিবেদিতপ্রাণা শ্রেণি। অঘোরঘণ্ট ও তাঁর অনুগত শিষ্য কপালকুণ্ডলা প্রথমটির উদাহরণ। শ্রীপর্বতে বসে সাধনায় সিদ্ধিলাভের পর গুরু-শিষ্য দু’জনে মিলে পদ্মাবতীনগরের অদূরে বাস করতে শুরু করেন। সাধনায় সিদ্ধিজাত শক্তির প্রয়োগে কপালকুণ্ডলা আকাশে উড়তেও সক্ষম। এই অবস্থার সাজসজ্জা, পোশাক-পরিচ্ছদের একটি বিবরণ পাওয়া যায়। “রক্তবস্ত্রপরিহিত, রক্তচন্দনচর্চিত, শিরোজটাজী কপালকুণ্ডলার কণ্ঠে নরকপালের মালা, কর্ণে নরকপালের কুণ্ডল। মালায় সংযুক্ত ক্ষুদ্র ঘণ্টা (কিঙ্কিনী), হাতে চিমটা (খট্টাঙ্গ), চিমটায় পতাকা।”<sup>১৬</sup>

তন্ত্রসাধকদের দেবী করালা বা চামুণ্ডা তার মূর্তিও বড় ভয়ঙ্কর। “করালাদেবীর পাতালতুল্য গলবিহ্বর, গলায় মুক্তার মালা, বিস্তৃতবাছ কেয়ুরতুল্য কালসাপে প্যাঁচানো, গায়ে হস্তীচর্মের উত্তরীয়, উত্তরীয়ের প্রান্তে হস্তীনাখ। দেবীর হাতে খট্টাঙ্গ, খট্টাঙ্গে বাঁধা পতাকা। ত্রিনয়না দেবীর ললাটেন্দ্রে ও মস্তক হতে অনবরত অগ্নি বিচ্ছুরিত হয়। সবকিছু মিলে দেবীকে বড় ভয়ঙ্কর মনে হয়।”<sup>১৭</sup> সাধনায় সিদ্ধিলাভের পর তাঁরা আরাধ্যদেবী করালাকে সন্তুষ্ট করার পূজায় রতো হন। এর একটি পর্ব

নারীবলি। মালতীকে অপহরণ করে নিয়ে এসে এরা দুজনে তাই দেবীর পায়ে উৎসর্গ করার উদ্দেশ্যে বলেন, ভগবতী চামুণ্ডে মন্ত্রসাধনের পূর্বে যে মানত করেছিলাম তা উপস্থিত করেছি, তুমি গ্রহণ করো। প্রকরণের ভাষায়,

চামুণ্ডে! ভগবতি! মন্ত্রসাধনাদা-  
বুদ্ধিস্তামুপনিহিতাং ভজস্ব পূজাম্ ॥<sup>১৮</sup>

এরা প্রচণ্ড প্রতিহিংসাপরায়ণ। মাধবের হাতে গুরু অঘোরঘণ্ট নিহত হওয়ার পর কপালকুণ্ডলা প্রচণ্ড ক্ষুব্ধ হয়ে ওঠেন এবং প্রতিশোধ নেওয়ার বাসনায় সুযোগ খুঁজতে থাকেন, ঠিক সাপ যেমন প্রতিহিংসাপরায়ণ তেমন। কপালকুণ্ডলা নিজেই তাঁর এই প্রতিহিংসাপরায়ণ বৈশিষ্ট্যের বর্ণনা করে বলেছেন, “সাপের সাথে শত্রুতাকারীর শান্তি কোথায়, যে তার দীর্ঘকালের বিদ্বেষ কখনো ভুলে যায় না। তীক্ষ্ণ দাঁত দিয়ে বিষ উদ্বীর্ণকারী সেই সাপ শত্রুকে কামড়ানোর জন্য সদা তৎপর থাকে।”<sup>১৯</sup> পরে মালতীকে অপহরণ করে নিয়ে কপালকুণ্ডলা বলেন, “শ্রীপর্বতে নিয়ে গিয়ে টুকরো টুকরো করে তোকে অনেক কষ্ট দিয়ে মারবো।”<sup>২০</sup> বিকৃত প্রতিহিংসাপরায়ণ তন্ত্রসাধকদের পাশাপাশি তখনকার সমাজে সার্বজনীন মানবপ্রেমী তন্ত্রসাধকও ছিলেন। সৌদামিনী তার উদাহরণ। তিনি মালতীকে কপালকুণ্ডলার কবল হতে উদ্ধার করে মাধবের কাছে ফিরিয়ে দেন।

### শিক্ষাব্যবস্থা

তখনকার সমাজের মানুষেরা যথেষ্ট শিক্ষিত ছিলো। শিক্ষা গ্রহণের ক্ষেত্রে নারী-পুরুষ উভয়ের সমান অধ্যবসায় ও নিষ্ঠা সমাজে লক্ষ করা যায়। নিজদেশে উপযুক্ত জ্ঞানার্জন শেষে প্রয়োজনে তারা ভিনদেশেও গমন করতেন। ভূরিবসু, দেবরাত ও কামন্দকী তার উদাহরণ। এরা পদ্মাবতীনগররাজ্য ও বিদর্ভরাজ্যের অধিবাসী। অথচ জ্ঞানার্জনের জন্য এরা সবাই একস্থানে সমবেত হয়েছেন। নারী হয়েও ভগবতী কামন্দকীর জ্ঞানের প্রতি নিষ্ঠা সত্যিই অতুলনীয়। কামন্দকীর পাণ্ডিত্য সম্পর্কে প্রকরণে বলা হয়েছে, “শাস্ত্রের প্রতি নিষ্ঠা, স্বাভাবিক বোধশক্তি, চতুরতা, গুণযুক্ত বাণী, কালবোধ, প্রতিভাশালিতা যা ঈঙ্গিত ফল দান করে।”<sup>২১</sup>

উচ্চ শিক্ষা গ্রহণের বিশেষ ক্ষেত্র ছিলো দর্শনশাস্ত্র, বিশেষ করে আত্মীক্ষিকীবিদ্যা। সাংখ্য, যোগ, লোকায়াত এই তিন দর্শনশাস্ত্রের সমন্বয়ে তৈরি হয় আত্মীক্ষিকী বিদ্যা। ত্রয়ী (ঋক, সাম, যজুঃ), বার্তা (কৃষিকাজ ও পশুপালন), দণ্ড (রাজার শাস্তি) এই তিন বিদ্যার প্রাধান্য ও অপ্রাধান্য বিচার করে যে বিদ্যা লোকসমাজের উপকার করে থাকে তাই আত্মীক্ষিকী। এ বিষয়ে অর্থশাস্ত্রে বলা হয়েছে, “বলাবলে চৈতাসাং হেতুভিরত্মীক্ষমাণাত্মীক্ষিকী লোকসোপকরোতি, ব্যসনেহভ্যুদয়ে চ বুদ্ধিমবস্থাপয়তি, প্রজ্ঞাবাক্যক্রিয়াবৈশারদ্যং চ করোতি।”<sup>২২</sup> প্রকরণে দেখা যায় আত্মীক্ষিকী বিদ্যা শিক্ষার জন্য মাধব ও তাঁর বাল্যবন্ধু মকরন্দ নিজ জন্মভূমি কুণ্ডীনগর ছেড়ে পদ্মাবতীনগরে চলে আসেন।<sup>২৩</sup> তাই এই প্রাকৃতিক শোভামণ্ডিত পদ্মাবতীনগরী উচ্চশিক্ষার পীঠস্থান ছিলো একথা বলা যায়।

### শিল্পকলা-সংস্কৃতি চর্চা

মালতীমাধবের সমাজে মানুষদের মধ্যে যথেষ্ট শিল্পকলা-সংস্কৃতি চর্চা লক্ষ করা যায়। নৃত্য, গীত, বাদ্য, ক্রীড়া প্রভৃতি শিল্পে তাঁরা যথেষ্ট পারদর্শী ছিলেন। ব্যক্তিগত জীবনে সৌখিনতার পাশাপাশি শিল্পকেও পেশাগতভাবে গ্রহণ করেছিলেন। প্রকরণের চৌরিকা-বিবাহ দৃশ্যে এর প্রমাণ পাওয়া যায়। মালতীর বিবাহ উপলক্ষ্যে ব্রাহ্মণেরা নানাপ্রকার শ্রুতিমধুর মাসলিক স্তবস্ততি করেছিলেন। নান্দীকারেরা প্রশংসা-স্ততি করেছিলেন। আবার মালতীকে নগরদেবতার মন্দিরে নিয়ে আসার কালে তাঁর সামনে-পিছনে বিশাল বহর, সুসজ্জিত হস্তীবাহন, বাহনের উপরে সালঙ্করা কলানিপুণাগণিকারা নাচ-গান পরিবেশন করছে, শৈল্পিক ভঙ্গিতে মুখে তাম্বুল পুরে দিচ্ছে, মৃদঙ্গ বাজছে। বিশাল শব্দের আকাশ যেন মেঘের গর্জনের মতো মনে হচ্ছে।<sup>২৪</sup> সাজবহরের আগন্তুক মানুষদের মাথায় শ্বেতচ্ছত্র। দূর থেকে দেখে মনে হয় গগনের সরোবরে মৃণালদণ্ডের উপর অসংখ্য শ্বেতপদ্ম ফুটে আছে। একমাত্র পেশাগত শিল্পীদের দ্বারাই এরকম সাজসজ্জা ও নৃত্যগীত পরিবেশন সম্ভব তা বলাই যায়। মালতী ব্যক্তিগত জীবনে একজন শিল্পনিপুণা কন্যা। তিনি নৃত্যগীতিতে পারদর্শী ছিলেন। পাশাপাশি খেলাধুলায়ও তাঁর দক্ষতা ছিলো। বকুলবীথিতে মাধবকে দেখে তিনি যেন বিনা সঙ্গীতেই নেচে উঠেছিলেন।<sup>২৫</sup> কিন্তু মাধবের প্রতি বিরহ্রস্ত মালতীর জীবনে ছন্দপতন ঘটে। খেলাধুলা, নাচগান ইত্যাদি থেকে তাঁর আগ্রহ উঠে যায়। ধাতবশিল্পের মধ্যে কাঁকন, নূপুর, অয়সকান্তমণি<sup>২৬</sup> (চুম্বক) চন্দ্রকান্তমণি<sup>২৭</sup> মুক্তা<sup>২৮</sup> মণি, কাঞ্চীদাম<sup>২৯</sup> ইত্যাদির নাম উল্লেখযোগ্য। তখনকার অধিকাংশ বিনোদন উৎসবের বিনোদন কেন্দ্রগুলো ছিলো দেবতাকেন্দ্রিক এবং দেবতা মন্দিরসংলগ্ন। যেমন— মদনমন্দিরসংলগ্ন বকুলবীথি, শিবমন্দিরসংলগ্ন কুসুমাকর উদ্যান। দেবতার উৎসব পালনসহ সাধারণ মানুষেরা সেখানে আনন্দভ্রমণে আসতো।

### স্থাপত্যশিল্প

প্রকরণটিতে উন্নত নগর সভ্যতার উল্লেখ পাওয়া যায়। প্রাচীরবেষ্টিত সুদৃশ্য পদ্মাবতীনগরী যার উদাহরণ। এখানকার উন্নত প্রাসাদ, অট্টালিকা, বৌদ্ধমন্দির, নগরদেবতার মন্দির, কামদেবতার মন্দির ইত্যাদি যার উদাহরণ। প্রাসাদগুলোতে রয়েছে

সুদৃশ্য বাতায়ন, উন্নত সিঁড়ি, বিশাল দীঘি, সুদৃশ্য রাস্তাঘাট, শানবানো ঘাট ইত্যাদি স্থাপত্যশিল্পের নিদর্শন। বজ্রলেপ নামক এক ধরনের জোড়করণ পদার্থ দিয়ে তখনকার স্থাপত্যগুলো নির্মাণ করা হয়<sup>৩০</sup>— যা প্রকৌশলবিদ্যার উৎকর্ষ প্রমাণ করে।

### মানবচিন্তার প্রেমভাবনা

তখনকার সমাজের অধিকাংশ মানুষেরা ভালোবাসার সুদৃঢ় বন্ধনে আবদ্ধ ছিলেন। পারিবারিক জীবনের গণ্ডি পেরিয়ে সমাজের অন্যান্য মানুষের মধ্যে তার বিস্তার ঘটেছিলো। এই ভালোবাসা যে শুধু নর-নারীর, যুবক-যুবতীর, রাগ-অনুরাগ, প্রেম-বিরহ, বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া তা নয়; বরং দাস্যপ্রেম, সখ্যপ্রেম, বাৎসল্য প্রেম প্রভৃতি। আরও সহজভাবে বললে এটি মানুষের মধ্যে পারস্পরিক প্রভুভক্তি, গুরুভক্তি, পিতৃভক্তি, অপত্যস্নেহ, বন্ধুপ্রীতি ইত্যাদি রূপে প্রকাশ পায়। কিছু ব্যতিক্রম ছাড়া প্রকরণের অনেক ক্ষেত্রে এর বিকাশ লক্ষ করা যায়। পদ্মাবতীনগরের প্রভাবশালী বুদ্ধিমান অমাত্য ভূরিবসু। সামন্ত রাজারা পর্যন্ত তাঁকে প্রণাম জানান। কিন্তু তাঁর হৃদয় প্রভূত পিতৃস্নেহে ভরপুর। পূর্বপ্রতিশ্রুতি অনুসারে নিজের কন্যা মালতীকে সুযোগ্য পুত্র মাধবের সাথে বিবাহ দিতে তিনি একান্তপ্রাণা। কিন্তু রাজপ্রতিবন্ধকতায় তিনি অগ্রসর হতে পারছেন না। এ অবস্থায় কন্যা মালতী বলেছেন, “মালতীর চাইতে রাজাকে সম্ভ্রষ্ট করাই বাবার কাছে বড় হয়ে গেলো।”<sup>৩১</sup>

“নিষ্ঠুরতায় বাবার কাপালিকত্ব সম্পন্ন হলো।”<sup>৩২</sup> মালতী আক্ষেপ করে বলেছেন, আমার প্রশংসনীয় পিতা, সদ্বংশজ মাতাই আমার প্রিয়; সেই মাধবও আমার জীবনপ্রিয় নয়। প্রকরণের ভাষায়,

জ্বলতু গমনে রাত্রৌ রাত্রাবখণ্ডকলঃ শশী  
দহতু মদনঃ কিংবা মৃত্যোঃ পরেণ বিধাস্যতঃ।  
মম তু দয়িতঃ শ্লাঘ্যস্তাতো জনন্যমলান্বয়া  
কুলমলিনং ন ত্বেবায়ং জনো ন চ জীবিতম্ ॥<sup>৩৩</sup>

কিন্তু প্রকরণের শেষ অঙ্কে মালতী এর প্রকৃত কারণ জানতে পারেন এবং কন্যাবিরহে আত্মহত্যার সিদ্ধান্তকারী পিতার কথা জেনে মালতী বলেন, “হায় হায়! আমি পিতাকে ভুল বুঝেছিলাম।”<sup>৩৪</sup>

বৌদ্ধসন্ন্যাসিনী হলেও ভগবতী কামন্দকীর হৃদয়ে বাৎসল্যপ্রেমে ও বন্ধুপ্রীতিতে ভরপুর। ভূরিবসুর অসহায়ত্বে তিনি এগিয়ে এসেছেন। পদ্মাবতীশ্বর নিজের নর্মসচিব নন্দনের সাথে মালতীর বিবাহের ব্যাপারে অগ্রসর হলে তিনি বলেছেন, “আমি আমার জীবন দিয়ে হলেও মালতী ও মাধবের বিবাহের ব্যাপারে সচেষ্ট হবো।”<sup>৩৫</sup> ভূরিবসুর পরিবারের সাথে তিনি পূর্ব থেকেই অত্যন্ত ঘনিষ্ঠ। মালতীকে তিনি নিজের মেয়ের মতো ভালোবাসেন, স্নেহ করেন। মালতীর ফুলের কলির মতো দাঁতের সৌন্দর্য, মুখের অস্পষ্ট কথা তিনি শুনেছেন। তাই মালতীর নিরুদ্দেশে আত্মহত্যার সিদ্ধান্ত নিয়ে তিনি বলেছেন, “কর্মফলে মিলন হবে না তাই প্রাণ বিসর্জন দিয়ে দেহের সন্তাপের নিবৃত্তি ঘটাবো।”<sup>৩৬</sup>

বন্ধুপ্রীতিশীলতার অনন্য দৃষ্টান্ত মাধব ও মকরন্দ এবং মালতী ও লবঙ্গিকা। মাধব ও মকরন্দ পরস্পরকে জানেন, বোঝেন, নিজের মনের কথা খুলে বলেন। দুজনেই পরস্পরের ধূলাখেলার সাথী। দুজনেই একসাথে উচ্চশিক্ষা গ্রহণ করেছেন। মাধবের জন্য মকরন্দ তাই নকল মালতী সাজার মতো ঝুঁকি নিয়েছেন। বিরহগ্রস্ত মাধবকে আর বাঁচিয়ে রাখা সম্ভব নয়। তাই মকরন্দ বলেছেন, “আমার আগে তুমি গুরুজনের তর্পণের জল পান করবে তা হতে পারে না।”<sup>৩৭</sup> তাই পাহাড় থেকে লাফ দিয়ে আত্মহত্যার সিদ্ধান্ত নিয়ে মকরন্দ বলেছেন, “পরজন্মে তোমার যেখানে জন্ম হয় আমারও যেন সেখানে জন্ম হয়। আমি যেন আবার তোমার সহচর হতে পারি।”<sup>৩৮</sup>

লবঙ্গিকার সখিত্ব একেবারে নিঃস্বার্থ। মালতীর মনের গোপন ভালোবাসার কথা একমাত্র লবঙ্গিকাই জানেন। মালতীর প্রিয়জনের সাথে ছবি-বিনিময়, মালা-বিনিময় সবই ঘটেছে লবঙ্গিকার মাধ্যমে। *অভিজ্ঞানশকুন্তলের* শকুন্তলার প্রেম পরিষ্কৃটনে নিঃস্বার্থ সখী অনসূয়া ও প্রিয়ংবদা অপরিমেয় ভূমিকা রেখেছেন অথচ ব্যক্তিগত জীবনে তাঁদের কোনো প্রাপ্তি ঘটেনি। লবঙ্গিকার ভালোবাসাও ঠিক তেমনি। লবঙ্গিকা নিজের পরিবারের ধাত্রীকন্যা হলেও মালতী তাঁকে একান্তই ভালোবেসেছেন। নিজের হৃদয় লবঙ্গিকার হৃদয়ে স্থাপন করে মালতী তাই মাধবকে দেখার বাসনা পোষণ করেন। আবার প্রিয়জন মাধবের সাথে মালতীর প্রেম কাঙ্ক্ষিত হলেও মাধবের বাহুবন্ধনে আবদ্ধ হওয়া থেকে তিনি বিরত থেকেছেন। লবঙ্গিকার বিরহই তাঁকে বিরত করেছে। এটিও বন্ধুপ্রীতির এক অনন্য দৃষ্টান্ত।

বিকৃত তন্ত্রসাধক হলেও কপালকুণ্ডলা ও অঘোরঘণ্টের প্রেম বড় ঘনিষ্ঠ। গুরুর প্রতি অটুট ভক্তিপ্রবণা কপালকুণ্ডলা সাধনায় সিদ্ধিলাভ করেছেন এবং গুরুর নির্দেশ অনুসারে বলির উপকরণ হিসেবে মালতীকে অপহরণ করে নিয়ে এসেছেন। গুরু হত্যার প্রতিশোধপ্রবণা কপালকুণ্ডলা তাই মালতীকে দ্বিতীয়বার অপহরণ করে বলেছেন, “মালতীকে শ্রীপর্বতে নিয়ে গিয়ে টুকরো টুকরো করে অনেক কষ্ট দিয়ে মারবে।”<sup>৩৯</sup> গুরুর প্রতি ভক্তি থেকেই তাঁর এই প্রতিশোধপ্রবণতা প্রকাশ পায়। ভগবতী কামন্দকীর প্রতি বৌদ্ধ সন্ন্যাসিনীসহ অনেকেই অটুট ভক্তিপ্রবণ। তাঁর সাবেক শিষ্যা সৌদামিনীও তাঁকে ভালোবাসেন, ভক্তি করেন। মানবপ্রেমী সৌদামিনী কপালকুণ্ডলার কবল হতে মালতীকে উদ্ধার করে মাধবের কাছে ফিরিয়ে

দিয়েছেন যা বোধিসত্ত্বের সাথে তুলনীয়। এ কারণে প্রকরণে তাঁকে কনিষ্ঠা ভগবতীর বিশেষণ দেওয়া হয়েছে। ভগবতী কামন্দকীই এখানে সকলের কাছে জ্যেষ্ঠা ভগবতী। এভাবে পারিবারিক গণ্ডি পেরিয়ে সমাজের বিভিন্ন স্তরের মানুষের মধ্যে অটুট ভালোবাসা তখনকার সমাজে বিরাজমান ছিলো।

### নারীর অবস্থান

মালতীমাধব এর সমাজে অধিকাংশ ক্ষেত্রে নারী ও পুরুষদের সমান ভূমিকা, সমান অবস্থান লক্ষ করা যায়। ব্যক্তির জ্ঞান, বিবেক, বুদ্ধি, ব্যক্তির প্রাতিষ্ঠানিক শিক্ষা, সামাজিক ও পেশাগত দায়িত্বের ক্ষেত্রে ব্যক্তির কর্মতৎপরতা সবকিছু মিলে সামাজিক অবস্থান তৈরি হয়। এক্ষেত্রে নারী-পুরুষের ভূমিকা প্রায় সমানে সমান। তবে কিছু কিছু ক্ষেত্রে ব্যতিক্রমও দেখা যায়। যেমন— কর্মপরিকল্পনা ও নেতৃত্ব প্রদানের ক্ষেত্রে মালতীমাধব এর সমাজে নারীচরিত্র অগ্রগামী। ভগবতী কামন্দকীর ভূমিকাই তার অনন্য উদাহরণ। রাজশক্তির বিরুদ্ধে অবস্থান করেও সঠিক পরিকল্পনা ও কৌশলের মাধ্যমে মালতী-মাধবের শুভ পরিণয় ঘটিয়েছে। ভাসের স্বপ্নবাসবদন্ত নাটকের মন্ত্রী যোগন্ধরায়ণ, বিশাখদত্তের মুদ্রারাক্ষস নাটকের মন্ত্রী চাণক্য রাজ্যোদ্ধার বা রাজক্ষমতাকে নিষ্কণ্টক করার ক্ষেত্রে মূল পরিকল্পনাকারী হিসেবে ভূমিকা রেখেছেন। কিন্তু মালতীমাধব এর কামন্দকী কোনো রাজ্যোদ্ধার ও রাজক্ষমতার জন্য নয়; মালতী-মাধবের মিলনের জন্য, জীবনে জীবন যোগ করার জন্য মূল পরিকল্পনাকারী হিসেবে সফল হয়েছেন। যুদ্ধবিগ্রহ, পেশীশক্তিপ্রদর্শন ও সাহসিকতার ক্ষেত্রে নারী অপেক্ষা পুরুষরাই এগিয়ে ছিলেন। ভয়ঙ্কর শার্দূলের সাথে লড়াই, চণ্ডকাপালিকদের সাথে যুদ্ধ, রাজসৈন্যদের সাথে যুদ্ধই তার প্রমাণ। মালতীমাধবের মাধব ও মকরন্দ দুজনেই শক্তিমান পুরুষ। উত্তররামচরিত ও মহাবীরচরিত নাটকে পেশীশক্তি প্রদর্শনের সাথে সাথে আগ্নেয়াস্ত্রেরও প্রয়োগ দেখা যায়। কিন্তু মালতীমাধব এর মাধব ও মকরন্দের যুদ্ধ তাঁদের সাহস ও বাহুশক্তির উপরেই নির্ভরশীল। রাজসৈন্যরা মকরন্দের উপর অসি নিয়ে আক্রমণ করলেও মাধব ও মকরন্দ বাহু দিয়েই তাদের প্রতিহত করেন।<sup>৪০</sup> কিন্তু পুরুষের এই শক্তি প্রদর্শনের পিছনে রয়েছে নারীর প্রেরণা ও উৎসাহ। জীবনের প্রতি হতাশাগ্রস্ত মাধব শ্মশানে ভূত-প্রেতদের কাছে নরমাংস বিক্রি শুরু করেন। আবার প্রিয়জন মালতীর সাক্ষাতে হতাশা থেকে তার উত্তরণ ঘটে। তাই জগৎসংসার তার কাছে সারযুক্ত, ত্রিভুবন রত্নযুক্ত এবং পৃথিবী আলোময় মনে হয়েছে। তাই তিনি কাপালিকাধম অঘোরবর্ষটকে যুদ্ধে নিহত করতে পেরেছেন।<sup>৪১</sup> তখনকার সমাজে নারীরা একধরনের রক্ষণশীলতার মধ্যে আবদ্ধ ছিলো। এই রক্ষণশীলতা প্রাচীন ভারতের হিন্দু সমাজের কুলীন কন্যার রক্ষণশীলতা। ভারতীয় কাব্যতত্ত্ব ও অলঙ্কারশাস্ত্র অনুসারে নায়ক-নায়িকার উল্লিখিত চারিত্রিক বৈশিষ্ট্যের মধ্যে একটি অনন্য বৈশিষ্ট্য কৌলিন্য।<sup>৪২</sup> আবার অর্থশাস্ত্র অনুসারে, অমাত্যগুণের ক্ষেত্রে কুলীন হওয়া আবশ্যিক। অর্থশাস্ত্রে বলা হয়েছে, “অভিজ্ঞানপ্রজ্ঞাশৌচশৌর্যানুরাগযুক্তানমাত্যান্।”<sup>৪৩</sup> প্রকরণটিতে মাধবের চারিত্রিক বৈশিষ্ট্য বর্ণনার ক্ষেত্রে বলা হয়, তিনি সদ্ধংশজ। এ প্রসঙ্গে কামন্দকী তাঁর পিতার প্রশংসা করে বলেছেন, “যাঁর স্বেতবর্ণসদৃশ যশ ও মান দিগন্তরেখাগুলোকে এক করে দিয়েছে, যিনি প্রবল পবিত্র কাজের আশ্রয়, যিনি সমস্ত সমৃদ্ধির পাত্র, তাঁর মতো পুরুষ জগতে খুব কমই হয়ে থাকে।”<sup>৪৪</sup> আবার মালতীর ক্ষেত্রেও বলা হয় তাঁর পিতা-মাতার জন্ম সদ্ধংশে। তাই মালতী-মাধবের মিলন কাক্ষিত হলেও মালতী বলেছেন, “আমার পিতার বংশই আমার প্রিয়; মাধব নয়।”<sup>৪৫</sup> তাই পিতা-মাতার বংশমর্যাদা রক্ষার জন্য মালতী মাধবকে নিয়ে গৃহত্যাগী হয়ে তাঁর প্রেমকে সার্থক করতে পারেন নি। এ বিষয়ে M.R. Kale বলেন, “Although deeply wounded by the shafts of love she does not like the very idea of a love-marriage without the consent of her parents; she would rather die than tarnish the honour of her family, which she prizes above all earthly things, by a rash marriage.”<sup>৪৬</sup> প্রকরণের নবম অঙ্কে নগরদেবতার মন্দিরে মালতীর এই রক্ষণশীলতা আবারও প্রকাশ পেয়েছে। সেখানে মালতী নিজের হৃদয় লবঙ্গিকার হৃদয়ে স্থাপন করে হলেও প্রিয়জন মাধবের মুখচন্দ্র দর্শন করার বাসনা প্রকাশ করেছেন। এসময় জলভরা আবছা চোখে তিনি ভুলক্রমে লবঙ্গিকাকে আলিঙ্গন করার পরিবর্তে মাধবকে আলিঙ্গন করে বসেন। উপস্থিত কামন্দকী তখন বলেন, “তোমার প্রতি যার এবং যার প্রতি তোমার প্রথম নয়নের প্রীতি জন্মেছিলো, অতঃপর মনের একাগ্রতা ও শরীরের কৃশতা জন্মেছিলো এই সেই তোমার প্রিয় যুবা। হে সুমুখী, জড়তা ত্যাগ করো। বিধাতার নিপুণতা ফুটে উঠুক, কামদেবতার অভিলাষ পূর্ণ হোক।”<sup>৪৭</sup> উপস্থিত লবঙ্গিকাও মাধবকে গ্রহণ করার জন্য বলেন, “মহানুহাব! হিঅএ বি অল্পরিহদ-সঅংগাহ-সাহসী অঅং জণো কিং দাণিং করগগহণে বিআরেদি।”<sup>৪৮</sup> কিন্তু মালতী বলেন, “হায় হায়! আমি যে কুলকন্যা, কুলকন্যাদের পক্ষে এ কেমন অশোভন কথাবার্তা বলছো?”<sup>৪৯</sup> এখানে প্রকৃতপক্ষে সমাজের কৌলিন্য প্রথাই মালতীর মাধবকে গ্রহণ করা থেকে বিরত রেখেছে। কিন্তু তখনকার সমাজের নারীরা কৌলিন্য সংস্কার থেকে বেরিয়ে আসতে চেয়েছিলেন। কামন্দকী তাই বলেছেন, বিধাতা, কামদেব ও আমি এই তিনজন আনন্দের সাথে যোগ্য মাধবের হাতে মালতীকে দান করলাম। এখানে কামন্দকীর উদার দৃষ্টিভঙ্গি ও কৌলিন্য সংস্কার থেকে মানুষের বেরিয়ে আসার প্রমাণ পাওয়া যায়।

### উপসংহার

মানবসমাজ পরিবর্তনশীল। সময়ের পরিবর্তনে, যুগের চাহিদায়, ভিন্ন পরিবেশে মানব চরিত্রের চাহিদাও ভিন্ন। মালতীমাধব প্রকরণে বৌদ্ধসন্ন্যাসিনী অথচ সার্বজনীন মানবপ্রেমী কামন্দকী চরিত্রের ভিতর দিয়ে রাজশক্তির স্বেচ্ছাচারিতার বিরুদ্ধে সুকৌশলে কাজ করিয়েছেন। মাধব ও মকরন্দও সক্রিয় ভূমিকা গ্রহণ করেছেন। বিখ্যাত উৎসভিত্তিক প্রত্যক্ষ চরিত্রের

মাধ্যমে ভবভূতি যে কথা বলতে পারেন নি কল্পিত চরিত্রের মাধ্যমে তা তুলে ধরেছেন *মালতীমাধব* প্রকরণে। শেষ পর্যায়ে রাজশক্তি সংশোধিত হয়েছে। সমাজের ক্ষেত্রে দেখা যায়, তৎকালীন ভবভূতির *মালতীমাধব* কাব্যের সমাজ এবং বর্তমান সমাজব্যবস্থার অধিকাংশ ক্ষেত্রে মিল রয়েছে। কিছু বিষয় ভিন্ন আসিকে ভিন্ন আবরণে এখনও সমাজে বিরাজ করছে। আবার কোনো কোনো ক্ষেত্রে বর্তমান আধুনিক সমাজব্যবস্থা থেকে তখনকার সমাজ ছিলো অধিকতর উন্নত। যেমন বর্তমান সমাজে এখনো বিকৃত তন্ত্রসাধক, সাধনচর্চা, পূজা-পার্বণ, শ্মশানভিত্তিক মাতৃপূজা, ভূত-প্রেত, পিশাচ ইত্যাদি দেখা যায়। শরীরতন্ত্রী সাধনপ্রক্রিয়ায় এরা কতটুকু উন্নত তা প্রশ্নসাপেক্ষ। কিন্তু সাধনায় সিদ্ধিলাভের বলিদানপ্রথা এখনো সমাজে প্রচলিত। এর মধ্যে সরাসরি নরবলি না হলেও সার্বজনীন মন্দিরে এখনো পশুবলি দেওয়া হয়ে থাকে। রবীন্দ্রনাথের বিসর্জন নাটকের মতে, সার্বজনীন মাতা কখনো সন্তানের রক্তে রঞ্জিত হয়ে তৃপ্ত হতে পারেন না। *মালতীমাধব* এর মাধবের দৃষ্টিকোণেও এই জগৎসংসারকে সারযুক্ত, রত্নযুক্ত, আলোকযুক্ত করার জন্য বিকৃত তন্ত্রসাধকদের একমাত্র শাস্তি মৃত্যুদণ্ড। তাই মাধবের প্রেম একক মালতীতে সীমাবদ্ধ না থেকে ভবভূতির *মালতীমাধব* কাব্যে সার্বজনীন মানবপ্রেমে রূপান্তরিত হয়েছে। তখনকার রাজতান্ত্রিক সমাজকাঠামোতে স্বৈরাচারি রাজাদের অনেকটা স্বৈরতান্ত্রিক মানসিকতা প্রকাশ পেয়েছে। নীতিশাস্ত্রজ্ঞ, কটনীতিজ্ঞ, বিদ্বান, রাজমন্ত্রীরাও সবসময় লম্পট রাজাদের গোপন বাসনা পূরণে সমস্ত বুদ্ধি ও কৌশলের প্রয়োগ করতেন। ভবভূতির *মালতীমাধব* কাব্যে পদ্মাবতীস্বরের মন্ত্রী ভূরিবসু এর উদাহরণ। পদ্মাবতীনগরের রাজা সরাসরি নিজের বিকৃত ইচ্ছা পূরণের জন্য মন্ত্রী বা মন্ত্রীকন্যার মতামতকে পুরোপুরি অগ্রাহ্য করেছেন। শেষে *মালতীমাধব* কাব্যে ভালোবাসার শক্তির কাছে পদ্মাবতীনগরের রাজার পরিকল্পনা ব্যর্থ হয়েছে। সার্বজনীন মানবপ্রেমী নারীচরিত্র কামন্দকী বৌদ্ধসন্ন্যাসিনী হয়েও সার্বজনীন মানবধর্মের পরিচয় দিয়েছেন। ভবভূতির সমাজে রাজতান্ত্রিক সমাজব্যবস্থায় গণতন্ত্রের সুযোগ ছিলো না। বর্তমান সমাজে অনেকক্ষেত্রে গণতন্ত্রের আবরণে স্বৈরতন্ত্রই প্রচলিত থাকতে দেখা যায়। গণরায় বা গণভোট সেখানে ক্ষমতাসীনদের ক্ষমতা পোক্ত করার একটি অপকৌশল মাত্র। একবিংশ শতাব্দীর আধুনিক বিজ্ঞানের যুগে প্রযুক্তিবিদ্যার চরম উৎকর্ষ সাধিত হয়েছে। চিকিৎসা, প্রকৌশল, যোগাযোগ প্রভৃতি ক্ষেত্রে তার প্রভাব লক্ষ করা যায়। তখনকার সমাজের মানুষের মধ্যে একটি সুদৃঢ় পারিবারিক বন্ধন বিরাজমান ছিলো। অপত্য স্নেহ, বন্ধুপ্রীতি এসবই তার উদাহরণ। ভূরিবসুর অপত্য স্নেহ, মকরেন্দ্রের বন্ধুপ্রীতি, লবঙ্গিকার বন্ধুপ্রীতি এসবের ভিতর দিয়ে তা প্রকাশ পেয়েছে। বর্তমান যান্ত্রিক সভ্যতায় প্রকৃতিবিচ্যুত মানুষ প্রেম-প্রীতি, ভালোবাসাশূন্য হয়ে পড়েছে। তাই সমাজে দেখা দিয়েছে বিশৃঙ্খলা ও অশান্তি। পরিশেষে বলা যায় ধর্মকে মানব কল্যাণের কাজে লাগানো, প্রযুক্তির ঠিক ব্যবহার ও নিয়ন্ত্রণ, জনগণের মতামতের মূল্যায়ন করা, সুদৃঢ় পারিবারিক বন্ধন সৃষ্টি করা ইত্যাদি ভবভূতির *মালতীমাধব* কাব্যের মূল গ্রহণীয় বিষয়। বর্তমান বিজ্ঞানের যুগে দেশ, জাতি তথা মানবসভ্যতাকে সুন্দর করার জন্য এসকল বিষয়গুলো আমাদের অনুসরণ করা উচিত বলে মনে করা হয়।

#### তথ্যনির্দেশ

- ১ “He bore the title Srikantha, was well-versed in Grammer (sabda), Mimansa (vakya), and Logic (pramana)’n. His preceptor was jnananidhi.”— Vimla Gera, *Mind and Art of Bhavabhuti* (Delhi: The Sanskrit book depot. 1973), p. 1.
- ২ “দ্বাদশশতাব্দীর পিতা নাম কুর্যাৎ ইতি পৈত্রিকং নামধেয়মিদম্।.....এতৎকৃতঃ ‘সাধা পুন্যাহু ভবভূতিপরিব্রজীঃ’ ইতি শ্লোকশ্রবণসম্বন্ধে রাজা ভবভূতিরিত্যেৎ খ্যাপ্যমাসেতি।”—— বীররাঘব (টীকাকার), ভবভূতি, *উত্তররামচরিতম্*, সীতানাথ আচার্য ও দেবকুমার দাস সম্পা. (কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৯৯৮), ১ম অঙ্ক, পৃ. ৬।
- ৩ জগদ্ধর (টীকাকার), ভবভূতি, *মালতীমাধবম্*, হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য, সম্পা. (কলকাতা: সিদ্ধান্তবিদ্যালয়, ৩য় সংস্করণ, ১৮৫৮ শকাব্দ), ১ম অঙ্ক, পৃ. ১৪।
- ৪ We may say that he must have flourished later than Bana (generally placed in the first half of the 7<sup>th</sup> century) who mentions several authors and works such as Kalidasa, Bhasa, Pravara-sena, Vasavadatta and Bihatkatha but is silent about Bhavabhuti; and who must have lived before the second quarter of the 8<sup>th</sup> century, for, he is referred to by Vakpatiraja (Bappairaa) belonging to the second quarter of the 8<sup>th</sup> century.— Vimla Gera, *Mind and Art of Bhavabhuti op. cit.* p. 19.
- ৫ ভবভূতি, *উত্তররামচরিতম্*, প্রাগুক্ত, পৃ. ৫-৬; বামন, *কাব্যালঙ্কারসূত্রবৃত্তিঃ*, অনিল চন্দ্র বসু সম্পা. (কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৯৭৭), ৪/৩/৬।
- ৬ ভবভূতি, *মহাবীরচরিতম্*, সংস্কৃত সাহিত্যসম্ভার, ১৩শ খণ্ড, প্রাগুক্ত, ১/৫৪; বামন, *কাব্যালঙ্কারসূত্রবৃত্তিঃ*, প্রাগুক্ত, ১/২/১২।
- ৭ “সামন্তমন্তকোৎসপরাগরঞ্জিতচরণাঙ্গুলেরমাত্যভূরিবসোঃ”—— ভবভূতি, *মালতীমাধবম্*, হরিদাসসিদ্ধান্তবাগীশ-ভট্টাচার্য, সম্পা. (কলকাতা: সিদ্ধান্তবিদ্যালয়, ৩য় সংস্করণ, ১৮৫৮শকাব্দ), ৬ষ্ঠ অঙ্ক, পৃ. ৩৫৬।
- ৮ তদেব, ১ম অঙ্ক, পৃ. ১৯-২০।
- ৯ “ক্ষিপ্লিদ্ভামুদ্রাং মদনকলহচ্ছেদসুভগা-  
মুপাত্তোৎকল্লান্নাং বিহগমিথুনানাং প্রথমতঃ।  
দধানং সৌধানামলঘুষ্ম নিকুঞ্জেষু ঘনতা-  
মসৌ সন্ধ্যাঞ্জলধরনিরনিভৃতঃ খে বিচরতি।”—— তদেব, ২/১২।
- ১০ “চীরচীরমন্তপরিচ্ছদং পিণ্ডপাঅমেত্তপাণ্ডিৎ বি।”—— তদেব, ১ম অঙ্ক, পৃ. ২৬।

- ১১ প্রমোদবন্ধু সেনগুপ্ত, ভারতীয় দর্শন, ১ম খণ্ড (কলকাতা: ব্যানার্জী পাবলিশার্স, ১০ম সংস্করণ, ডিসেম্বর ১৯৮০), পৃ. ১৭৬-১৭৮।
- ১২ তদেব, ১৭৮-১৭৯।
- ১৩ “তৎসর্বথা সঙ্গমনায় যত্নঃ প্রাণব্যয়োনাপি ময়া বিধেয়ঃ ॥” — ভবভূতি, *মালতীমাধবম্*, প্রাগুক্ত, ৪/৫।
- ১৪ দীনেশচন্দ্র সেন, *বৃহৎসং*, ১ম খণ্ড (কলকাতা: দে'জ পাবলিশিং, ২য় সংস্করণ, ১৯৯৯), পৃ. ৩২০-৩২১।
- ১৫ জাহ্নবীকুমার চক্রবর্তী, *প্রাচীন ভারতীয় সাহিত্য ও বাঙালীর উত্তরাধিকার*, ১ম খণ্ড (কলকাতা: ডি. এম. লাইব্রেরী, ২য় সংস্করণ, ২০০৪), পৃ. ১৩৮।
- ১৬ ভবভূতি, *মালতীমাধবম্*, প্রাগুক্ত, ৫/৩-৪।
- ১৭ তদেব, ৫/২২-২৩।
- ১৮ তদেব, ৫/২৫।
- ১৯ তদেব, ৬/১।
- ২০ “যাবচ্ছ্রীপর্বতমুপনীয তিলশো এনাং নিরুত্যা দুঃখমারিণীং করোমি।” — তদেব, ৮ম অঙ্ক, পৃ. ৪৫৪।
- ২১ তদেব, ৩/১১।
- ২২ কৌটিল্য, *কৌটিলীয়ম্ অর্থশাস্ত্রম্*, মানবেন্দ্র বন্দ্যোপাধ্যায় সম্পাদিত। (কলকাতা সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১ম সংস্করণ, অগ্রহায়ণ, ১৪০৪), ১/২/২, পৃ. ১২।
- ২৩ “জং দাণিং চীরচীবরমেন্তপরিচ্ছদং পিণ্ডপাঅমেন্তপাণউত্তিং বি।” — তদেব, ১ম অঙ্ক, পৃ. ২৬।
- ২৪ তদেব, ৬/৪।
- ২৫ “ভুমং বি সহাবেণ এব তসিং অবসরে অসংগীদঅং গতিদাসি।” — তদেব, ২য় অঙ্ক, পৃ. ১০৮।
- ২৬ তদেব, ১ম অঙ্ক, পৃ. ৫৯।
- ২৭ তদেব, ৩/৫।
- ২৮ তদেব, ৬ষ্ঠ অঙ্ক, পৃ. ৩৩০।
- ২৯ তদেব, ১ম অঙ্ক, পৃ. ৬৪।
- ৩০ “লীনেব প্রতিবিম্বিতের লিখিতেরোৎকীর্ণরূপেব চ  
প্রত্যুপ্তেব চ বজ্রলেপপটিতোবাস্তবর্ণিতের চ।  
সা নশ্চেতসি কীলিতের বিশিষ্টেচোভুঃ পঞ্চভি-  
শ্চিত্তসন্ততিতত্ত্বজালনিবিড়স্যুতের লগ্না শ্রিয়া ॥” — তদেব, ৫/১০।
- ৩১ “রাআরাহণং কখু তাদস্ গুরুঅং, গ উণ মালদী।” — তদেব, ২য় অঙ্ক, পৃ. ১৩২।
- ৩২ “নিব্বটং অ গিরুগুদাএ তাদস্ বি কাবালিগুণং।” — তদেব, ৪র্থ অঙ্ক, পৃ. ২৩৭।
- ৩৩ তদেব, ২/২।
- ৩৪ “মএ উণ অণজ্ঞাএ গিরগুগুদাএ তুক্ষে তি সংভাবিদং আসি।” — তদেব, ১০ম অঙ্ক, পৃ. ৫৭৭।
- ৩৫ তদেব, ৪/৫।
- ৩৬ তদেব, ১০/৭।
- ৩৭ তদেব, ৯/৪০।
- ৩৮ তদেব, ৯/৪১।
- ৩৯ “যাবচ্ছ্রীপর্বতমুপনীয লবশো লবশ এনাং নিরুত্যা দুঃখমরণাং করোমি।” — তদেব, ৮ম অঙ্ক, পৃ. ৪৫৪।
- ৪০ তদেব, ৫/৩৪।
- ৪১ তদেব, ৫/৩০।
- ৪২ “ত্যাগী কৃতী কুলীনঃ সূত্রীকো রূপযৌবনোৎসাহী।  
দক্ষেছনুরক্তলোকন্তেজোবৈদম্ভ্যশীলবান্ নেতা ॥  
নায়কসামান্যগুণৈর্ভবতি যথাসম্ভবৈর্যুক্তা ॥” — বিশ্বনাথ কবিরাজ, *সাহিত্যদর্পণ*, বিমলাকান্ত মুখোপাধ্যায় সম্পাদিত।  
(কলকাতা: সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ১৩৮৬ বঙ্গাব্দ), ৩/৩৬, ৩/৬৯।
- ৪৩ কৌটিল্য, *কৌটিলীয়ম্ অর্থশাস্ত্রম্*, প্রাগুক্ত, ১/৮/৩, পৃ. ২৬।
- ৪৪ ভবভূতি, *মালতীমাধবম্*, প্রাগুক্ত, ২/৯।
- ৪৫ তদেব, ২/২।
- ৪৬ Bhavabhuti, *Malatimadhavam*, M. R. Kale ed. (Bombay: Messrs Gopal Narayan and Co. 2<sup>nd</sup> edition, 1928), p. 38.
- ৪৭ “পুরচ্ছ্রাগস্তদনু মনসেছন্যপরতা  
তনুগ্ধানির্ঘস্য তুয়ি সমভবদ্যত্র চ তব।  
যুবা সেছয় প্রোয়ানিহ সুবদনে মুখঃ জড়তাং  
বিধাতুর্বে দম্ভ্যং বিলসতু সকামেছন্ত মদনঃ ॥” — ভবভূতি, *মালতীমাধবম্*, প্রাগুক্ত, ৬/১৫।
- ৪৮ তদেব, ৬ষ্ঠ অঙ্ক, পৃ. ৩৫২।
- ৪৯ “হন্ধি, কণ্ণআজগাবিরুদ্ধং কিং বি উবণ্ণস্দি।” — তদেব, ৬ষ্ঠ অঙ্ক, পৃ. ৩৫৩।



## বাংলা উপন্যাসে বেদে সম্প্রদায়ের যৌনজীবন (১৯৪৯-২০১৪) [The Sexual Life of the Bede Community in Bengali Novels (1949-2014)]

Muhammad Alamgir, PhD

Professor, Department of Theatre, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

### ARTICLE INFORMATION

The Faculty Journal of Arts

Rajshahi University

Volume 39, June 2025

ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A17>

Received : 12 February 2025

Received in revised: 27 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

Keywords:

Marriage, marriage customs, marriage and divorce, love and social mobility, adultery, sexuality, romantic conflicts.

### ABSTRACT

The Bede community is one of the prominent river-dependent human groups in Bengal, and their cultural distinctiveness is noteworthy. Bengali novels provide considerable insights into the sexual life of the Bede community. Their sexual life is quite different not only from that of the Bengalis living on the plain lands of Bengal but also from that of the other indigenous or minority ethnic groups residing in the region. Exploring the variations in human sexual behavior is crucial for understanding reproductive anthropology, and the diverse sexual life of the Bede community—who remain largely isolated from the Bengali mainstream population—can be considered essential for reconstructing the social, cultural, and psychological history of the Bengali marginalized communities. This article presents an analysis of the dynamics and characteristics of the sexual life of the Bede community as reflected in Bengali novels.

### ১. ভূমিকা

বাংলাদেশ এবং ভারতের পশ্চিমবঙ্গ ও ত্রিপুরা প্রদেশ নিয়ে গঠিত বাংলা অঞ্চলের বিস্তৃতি প্রায় আড়াই লক্ষ বর্গকিলোমিটার। এই অঞ্চলের মানুষের অন্যতম প্রধান অনুষ্ণ নদী এবং বাংলার নদীনির্ভর জনগোষ্ঠীর মধ্যে বেদে সম্প্রদায় অন্যতম। বাংলা উপন্যাসে প্রতিফলিত বেদে সম্প্রদায়ের অন্যান্য বিষয়ের মধ্যে তাদের যৌনজীবন বিধৃত হয়েছে। যতদূর জানা যায় অমরেন্দ্র ঘোষের (১৯০৭-১৯৬২) ‘পদ্মদীঘির বেদেনী’ (১৯৪৯) বেদেজীবনকেন্দ্রিক প্রথম উপন্যাস এবং এই জাতীয় সর্বশেষ প্রকাশিত উপন্যাস প্রফুল্ল রায়ের (১৯৩৪-২০২৫) ‘বেদের নৌকায়’ (২০১৪)। সংগত কারণে অমরেন্দ্র ঘোষের ‘পদ্মদীঘির বেদেনী’ থেকে প্রফুল্ল রায়ের ‘বেদের নৌকায়’ পর্যন্ত এই প্রবন্ধের পরিধি নির্ধারিত হয়েছে। অমরেন্দ্র ঘোষের ‘পদ্মদীঘির বেদেনী’, তারাক্ষর বন্দ্যোপাধ্যায়ের (১৮৯৮-১৯৭১) ‘নাগিনী কন্যার কাহিনী’ (১৯৫১), ইব্রাহিম খলিলের (?-?) ‘বেদেনী জোলায়খা’ (১৯৬০), শামসুদ্দীন আবুল কালামের (১৯২৬-১৯৯৭) ‘কাঞ্চনমালা’ (১৯৬১), রাবেয়া খাতুনের (১৯৩৫-২০২১) ‘মধুমতী’ (১৯৬৩), প্রফুল্ল রায়ের ‘কেয়াপাতার নৌকো’ দ্বিতীয় পর্ব, (১৯৭০), সত্যেন সেনের (১৯০৭-১৯৮১) ‘একূল ভাঙ্গে ওকূল গড়ে’ (১৯৭১), অভিজিৎ সেনের (১৯৪৫-) রহু চণ্ডালের হাড় (১৯৮৫), আশরাফ সিদ্দিকীর (১৯২৭-২০২০) ‘গুণীন’ (১৯৮৯), প্রফুল্ল রায়ের ‘বেদের নৌকায়’ ইত্যাদি উপন্যাসে বেদে সম্প্রদায়ের যৌনজীবন সম্পর্কে অবগত হওয়া যায়। বাংলা উপন্যাসের উক্ত প্রেক্ষাপটে স্বাভাবিকভাবেই অনুসন্ধিৎসু মনে বেশ কিছু প্রশ্নের উদয় হয়। যেমন- বেদে সম্প্রদায় কত বছর বয়সে ছেলে-মেয়ের বিয়ে দেয়? তাদের মধ্যে বিধবা বিয়ে এবং তালাক প্রথা প্রচলিত কিনা? স্ব-সম্প্রদায়ের নারী পুরুষের প্রণয়কে তারা কীভাবে দেখে? অন্য জাতির সঙ্গে বেদেসমাজের ছেলে-মেয়ের প্রণয়ের ক্ষেত্রে বেদেসমাজের প্রতিক্রিয়া কী? যৌনতা সম্পর্কে তাদের বিবেচনাবোধ কিরূপ? ব্যভিচারের ক্ষেত্রে তাদের সামাজিক বিচার পদ্ধতি ও তার ফলাফল কী? ইত্যাদি। বাংলা উপন্যাসের গবেষণার ক্ষেত্রে উক্ত বিষয় সম্পর্কে সার্বিক কোনো পর্যালোচনা পরিলক্ষিত হয় না। সংগত কারণে বিষয়টি আলোচনার অপেক্ষা রাখে এবং বাংলা উপন্যাসে যেহেতু বাংলার সমাজমানসের প্রতিফলন অবশ্যম্ভাবী—সেহেতু বাংলা উপন্যাসের নিবিড় পঠন-পাঠন ও যথাযথ বিশ্লেষণের মাধ্যমে উক্ত জিজ্ঞাসাসমূহের জবাব আলোচ্য প্রবন্ধে অনুসন্ধান করা হয়েছে।

### ২. বাংলায় বেদে সম্প্রদায়

বাংলার নদীনির্ভর জনগোষ্ঠীর মধ্যে বেদে সম্প্রদায় অন্যতম। এক সমীক্ষা অনুযায়ী কেবল বাংলাদেশে ১৬ হাজার ৬ শত ৪১ জন বেদে রয়েছে।<sup>১</sup> অনুকূল পরিবেশের কারণে ভারতীয় উপমহাদেশে সাপের উপস্থিতি পৃথিবীর অন্য যে কোনো অঞ্চলের চেয়ে অনেক বেশি।<sup>২</sup> অন্য জীব থেকে সাপের শারীরিক স্বতন্ত্র্য ও জীবন যাপন পদ্ধতির ভিন্নতা প্রাগৈতিহাসিক কাল থেকে মানুষ পর্যবেক্ষণ করেছে। বিশেষ করে সাপের উপস্থিতি অনুধাবনে মানুষের ব্যর্থতা, পদহীন সাপের দ্রুতগতি, জীর্ণ খোলসের পরিবর্তন, দীর্ঘদিন শীত নিদ্রায় থেকেও বেঁচে থাকা ইত্যাদি বিষয় মানুষের মনে ভীতির সঙ্গে সঙ্গে কৌতূহল

ও ভক্তির সৃষ্টি করেছে। ভারতবর্ষের পুরাণ-লোককথা-সাহিত্য-চিত্রকলা-ভাস্কর্য অর্থাৎ ভারতীয় সংস্কৃতিতে সাপের উল্লেখযোগ্য অবস্থান লক্ষণীয়।<sup>১০</sup> সংগত কারণে অতি প্রাচীনকাল থেকেই সাপের দংশন এড়াতে এবং সাপের দংশনজনিত বিষক্রিয়ার প্রতিকারের উপায় সম্পর্কে মানুষ জানতে চেষ্টা করেছে। ভারতীয় পুরাণে এ বিষয়ে কিছু কিছু কথা জানা যায়। ‘ঋগ্বেদে’ প্রথম সাপের মস্তুর দেখা পাওয়া যায়।<sup>১১</sup> পরবর্তীকালে ‘অথর্ববেদে’ সাপের দংশন ও প্রতিকার সম্পর্কে অধিকতর মন্তব্য লক্ষণীয়।<sup>১২</sup> ‘মহাভারতের’ ভাষ্য অনুযায়ী সর্পরাজ বাসুকী তাঁর ফণার উপর পৃথিবী ধারণ করে আছেন এবং এই মহাকাব্যে সাপ সম্পর্কে প্রচুর কথা জানা যায়।<sup>১৩</sup> কৌটিল্যের ‘অর্থশাস্ত্রে’ বলা হয়েছে রাজা অবশ্যই অগ্নি, জল, ব্যাধি, দুর্ভিক্ষ, মূষিক, বাঘ ইত্যাদি হিংস্র পশু, রাক্ষস ইত্যাদির অত্যাচারের মতই সাপের অত্যাচার থেকেও প্রজাদের রক্ষা করবেন।<sup>১৪</sup> ‘অর্থশাস্ত্রে’ সাপ থেকে রক্ষা পাওয়ার কথাও বলা হয়েছে।<sup>১৫</sup> বন্দ্যোপাধ্যায় আত্মহর পুত্র সর্বানন্দ দ্বাদশ শতকে বেদে বা বাদিয়া নামের অন্ত্যজ শ্রেণির কথা বলেছেন যারা বাংলাদেশে সাপ খেলা দেখাতো।<sup>১৬</sup> আশুতোষ ভট্টাচার্য (১৯০৯-১৯৮৪) বিভিন্ন উৎস থেকে প্রাচীন ও মধ্যযুগে বাংলাদেশের সমাজজীবনে সাপুড়ে তথা বেদেসমাজের উপস্থিতির বিস্তার প্রমাণ তাঁর ‘বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস’ গ্রন্থে উপস্থাপন করেছেন।<sup>১৭</sup>

বাংলাদেশের বেদে সম্প্রদায়ের আদি বাসস্থান নিয়ে বিতর্ক আছে। একটি মতে বেদেদের আদি বাসস্থান আরাকান।<sup>১৮</sup> অন্য একটি মতে সারা বিশ্বে ছড়িয়ে থাকা জিপসি তথা যাযাবররা (যাদের একটি অংশ বাংলাদেশের বেদে সম্প্রদায়) মূলত ভারতের অধিবাসী।<sup>১৯</sup> অনেকের মতে বেদেদের উৎপত্তি স্থল ভারত<sup>২০</sup>—বিশেষকরে উত্তরভারত।<sup>২১</sup> ব্রিটিশ রিপোর্ট অনুযায়ী বেদেদের আদি বাসস্থান ভারতের গুজরাট।<sup>২২</sup> জাহানারা হক চৌধুরীর (?-?) মতে বেদুইন সম্প্রদায় সমুদ্র পথে বোম্বাই বন্দরের ভেতর দিয়ে ভারতে প্রবেশ করেছে।<sup>২৩</sup> কৌটিল্যের ‘অর্থশাস্ত্র’ অনুযায়ী গুপ্তচর বৃত্তির জন্য বেদেদের সৃষ্টি করা হয়েছে।<sup>২৪</sup> তারাক্ষর বন্দ্যোপাধ্যায় খ্যাতিমান পুরাতত্ত্ববিদ ড. হরেকৃষ্ণ মুখোপাধ্যায় সাহিত্যরত্নের (১৮৯০-১৯৭৭) বরাত দিয়ে বেদে সৃষ্টির মূলে গুপ্তচর প্রথা প্রবর্তনকে দায়ী করেন।<sup>২৫</sup> জেমস টেলরের (?-?) মতে নিম্ন ও অশুদ্ধ সম্প্রদায়ের লোক হচ্ছে বেদে। প্রকৃতপক্ষে তারা হিন্দু, কি মুসলমান তা নির্ণয় করা কঠিন। কেননা বাহ্যত তাদের ধর্মীয় মত, দেশের যে যে অঞ্চলে তারা বসত করেছে, সেই সেই এলাকায় প্রচলিত ধর্মমতের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। তিনি বেদে সমাজের বাইরে আলাদা করে সাপুড়ে সম্প্রদায়ের উল্লেখ করেছেন। তাঁর বিবরণ থেকে জানা যায় কসরত দেখানোর জন্য বাজিকররা সরকারকে কর দেয় যার নাম ‘চান্দিনা দামদারী’।<sup>২৬</sup> অভিজিৎ সেনের ‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাসের লুবিনির জবানিতে জানা যায়—বেদে বাজিকরের নিজের দেশ, ভাষা বা ধর্ম নেই। বাজিকররা—‘যেথায় ঘুরে সিঁথাকার বুলি ধর্যে লয়, সেথাকার ধর্ম করম শিখ্যে লয়। সিঁটা তার আপন বুলিতে মিশাল কর্যে লয়। বাজিকরের আপন আপন কোনো ধর্ম নাই।’<sup>২৭</sup> জেমস ওয়াইজ (১৮৩৫-১৮৮৬) এর মতে বেদে হচ্ছে ধর্মচ্যুত হিন্দু। আবার তিনিই বেদেদের মধ্যে বিদেশি অর্থাৎ ইউরোপীয় জিপসিদের কিছুটা আদল লক্ষ্য করেছেন। তাঁর মতে বাদিয়া শব্দটি সংস্কৃত ব্যাধ থেকে ব্যুৎপন্ন—যার অর্থ—শিকারি। তিনি উল্লেখ করেছেন ফরায়োজি আন্দোলনের নেতারা বেদেদের মধ্যে এই মতবাদ প্রচার করেছে যে তারা নৃহ নবীর বংশধর। তাঁর বিবরণ মতে বেদেদের সাতটি গোত্রে বিভক্ত—বাবাজিয়া, বাজিগর, মাল, মীর শিকার, সামপেরিয়া, শানদার ও রাসিয়া। তাঁর বিবরণ থেকে আরও জানা যায়—বেদেদের নিকট থেকে ‘চান্দিনা’ ও ‘দামাদারি’ নামক কর আদায় করা হত। তখন পূর্ব বাংলায় ১৮টি থেকে ৩২টি ভবঘুরে গোষ্ঠী ছিল এবং ১৭৭৭-৭৮ সালে তাদের কাছ থেকে ২৭৬১ টাকা কর আদায় করা হয়েছে।<sup>২৮</sup>

বেদেদের একদল ‘মানতা’ নামে অভিহিত হতে চায়।<sup>২৯</sup> জাহানারা হক চৌধুরীর মতে অভিবাসী বেদুইন সম্প্রদায় বোম্বে নগরে আশ্রয় গ্রহণ করে ভিখ মেগে জীবন যাপন করে। সেই থেকে তাদের নাম মানতা অর্থাৎ ভিক্ষা যাদের জীবিকা।<sup>৩০</sup> বেদেদের অন্য একটি দল মনতং গোষ্ঠীর লোক বলেই নিজেদেরকে মনতং বলে পরিচয় দিতে আগ্রহী।<sup>৩১</sup> বেদের আদি বাসস্থান তাদের ভাষা বিশ্লেষণ করে কেউ কেউ নির্ণয়ের চেষ্টা করেছেন। কোনো কোনো মধ্যপ্রাচ্য প্রবাসী বেদে তাদের ভাষার মধ্যে প্রচুর আরবি শব্দের সন্ধান পেয়েছেন।<sup>৩২</sup> বিশেষজ্ঞদের মতে তাদের ভাষার নাম ‘ঠেট’ বা ‘ঠের’ এবং এ ভাষার সঙ্গে আরকানিদের ভাষার যথেষ্ট মিল আছে। এ ভাষার অধিকাংশ শব্দই বাংলা ভাষার পূর্বরূপ ‘প্রাকৃত ভাষা’ থেকে এসেছে। আবার গুপ্তচর বৃত্তির সঙ্গে বেদের সংশ্লিষ্টতার প্রতি ইঙ্গিত করে বলা হয়েছে, পেশাগত কারণেই তারা নিজেদের মত করে একটি কৃত্রিম ভাষা—মাঙতা ভাষার সৃষ্টি করেছে এবং সমগ্র ভারতের বেদে সমাজ উক্ত কৃত্রিম ভাষাতেই পরস্পরের সঙ্গে ভাব বিনিময় করে।<sup>৩৩</sup>

### ৩. বেদেদের যৌনতা প্রসঙ্গ

এই উপ-শিরোনামে বেদের যৌনাচার ও নৈতিকতা, বেদের সংস্কার ও যৌনতা, যৌন অবমাননা ও বেদের প্রতিরোধ-প্রতিশোধ, বেদের ভ্রষ্টাচার ও বিচার ইত্যাদি বিষয় আলোচিত হয়েছে।

**৩.১ বেদের যৌনাচার ও নৈতিকতা :** ইব্রাহীম খলীল তাঁর ‘বেদেনী জোলায়খা’ উপন্যাসে বেদের যৌনজীবন সম্পর্কে বলেন—বেদেরা নৈতিকতার ধার খুব একটা ধারে না। তারা অনেকটা শৃঙ্খল মুক্ত জীবন যাপনে অভ্যস্ত।<sup>৩৪</sup> ‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাসে বাজিকরদের নৈতিকতার প্রসঙ্গটি লক্ষণীয়:

ছাউনিতে লোভী পুরুষ হামলে পড়লে ছুরি ঝলসে উঠতে পারে। আবার কোনো ব্যভিচারিণী নিজেই তার প্রেমাস্পদকে ছাউনিতে নিয়ে আসতে পারে। পুরুষেরা এসব দেখেও না দেখার ভান করতে পারে। দলের অন্য কেউ কিংবা বাপ মা-ও না দেখে থাকতে পারে কিন্তু ভাইরা প্রায়শ গণ্ডগোল করে। বিষয়টি বিচিত্র বটে।<sup>২৮</sup>

অন্যদিকে বেঁচে থাকার প্রয়োজনে চুরি-চামারিতে অভ্যস্ত হয়ে পড়া বেদেসমাজ দারোগা প্রমুখের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য অন্যান্য ভেটের সঙ্গে নারী ভেট দিয়ে নিজেদের রক্ষা করে।<sup>২৯</sup> ‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাসে যৌবন অতিক্রান্ত যাযাবরী সালমা মালদহের বৃদ্ধ জমিদার বদিউল ইসলামের সান্নিধ্যে প্রায় রক্ষিতা হয়ে থেকে যায় এবং এর বিনিময়ে তার দলের প্রত্যেক পরিবার ৫ বিঘা করে জমি বন্দবস্ত পায়।<sup>৩০</sup>

‘বেদেনী জোয়ালখা’ উপন্যাসে জানা যায় কৈশোর উত্তীর্ণ হতে না হতেই বেদে সমাজের ছেলে মেয়ের মধ্যে শারীরিক সম্পর্কের সূত্রপাত ঘটে—

বয়ঃসন্ধিকাল থেকেই বেদে ছেলে-মেয়ের মধ্যে শারীরিক সম্পর্ক গড়ে উঠতে দেখা যায়: বেদে মহলের প্রেম-সংবেদন ব্যাপারটা অন্য সমাজের মতো নয়। ...মন নিয়েই এদের লেন-দেন। মন নিয়েই এদের কায়কারবার। এদেরও সে মনের সাধনা শুরু হয়, কৈশোরের সূচনা থেকে, সে সাধনায় ওরা সিদ্ধিলাভ করে, প্রথম যৌবনে। তারপর পিতামাতার আশ্রয় ছেড়ে গৃহের বন্ধন ছেড়ে এরা জীবন-তরী ভাসিয়ে দেয় অনির্দিষ্টের পানে—যুগে যুগে।<sup>৩১</sup>

‘একূল ভাগে ওকূল গড়ে’ উপন্যাসে ‘জাত শিকারীর বাচ্চা’ কিশোরী গেন্দীকে তার বাবা মোচন বেদে ‘গাঙা’ মেয়ে বলেই জানে। কিন্তু গেন্দীর একটু বেশি দূরদর্শী মা জানে মেয়ের নরম থাবার মধ্যে ধারালো নখ আছে এবং ইতোমধ্যে সে বেশকিটি ছেলেকে নাকে দড়ি দিয়ে ঘুরিয়েছে। উক্ত উপন্যাসে বুমনি কিশোর বাচ্চুর বয়সী হলেও সাপ খেলাতে ‘ওস্তাদ’ হয়ে উঠেছে—‘বড় বড় গোমা, গোখরো আর কেউটে নিয়ে সে সচ্ছন্দে খেলা করে।’ এমন ওস্তাদের কাছে বাচ্চু সাপ ধরা শিখতে চাইলে বুমনি কেবল হাসে—‘ভালমন্দ’ কোনো কথাই বলে না। অনেক পীড়াপীড়ির পর অবশেষে বুমনি বাচ্চুর কাছে গুরু দক্ষিণা হিসেবে তার সংসর্গ দাবি করে। প্রায় কিশোর বাচ্চু বুমনির প্রস্তাব অনুধাবনে ব্যর্থ হলে পারদর্শী বুমনি শেষ পর্যন্ত ‘দুধের ছেলে’কে যেমন করে বোঝাতে হয় তেমন করেই বাচ্চুর মতো ‘হাবা ছেলেকে’ তার প্রস্তাব বোঝাতে পারে। নদী তীরবর্তী ঘাসবনে মন্ত্রমুগ্ধ বাচ্চু বুমনির মন্ত্রে সাড়া দিতে গিয়ে গেন্দীসহ সমবয়সী বেদে ছেলেমেয়ের হাসির খোরাকে পরিণত হয়। ঘটনার আকস্মিকতায়—সমবয়সীদের বিশেষ করে গেন্দীকে দেখে বাচ্চু ধরা পড়া চোরের মত আড়ষ্ট হয়ে দাঁড়িয়ে পড়লেও বুমনি এতটুকুও অপ্রস্তুত না হয়ে জিভ ভেংচিয়ে সমবয়সীদের তাড়াতে চেষ্টা করে। আর বুমনির আচরণে সমবয়সী ছেলেমেয়েরা গলা খুলে হো হো করে হাসতে থাকে। উক্ত ঘটনার পর বেদে বহরের পরিবেশ ও কর্মকাণ্ড লক্ষণীয়:

কথাটা যে রটে গেছে, সে কথা বুঝতে বাচ্চুর দেবী হোল না। সে দেখল সবাই তার দিকে তাকিয়ে হাসাহাসি করছে। যেন মন্তবড় একটা মজার ব্যাপার। কিন্তু ওই পর্যন্তই, তার চেয়ে বেশী কিছু না। বাচ্চুর দস্তরমত ভয় করছিল। কিন্তু এর জন্য তাকে কার কাছে কোন জবাবদিহি করতে হোল না। তবে মোচনের নৌকায় ফিরে এসে দেখল যে সেখানকার আবহাওয়াটা যেন একটু বদলে গেছে। গেন্দীর মা এমনিতে বেশ হাসিখুশী। কিন্তু আজ তার মুখখানা বড় গম্ভীর, মেঘলা আকাশের মতই থমথম করছে। আর সেই দিন রাত্তিরেই মোচন তাকে একটু গম্ভীর মুখেই হুঁশিয়ারী দিয়ে দিল, ‘ঐ বুমনি মেয়েটা বড় খারাপ। ওর সংগে বেশী মেলামেশা করো না’। বাচ্চু এর উত্তরে ভালমন্দ কোন কথা বলতে সাহস করল না।<sup>৩২</sup>

‘পদ্মদীঘির বেদেনী’তে প্রায় অনুরূপ ঘটনা ঘটে। ময়না নয়নকে নিয়ে তার চাচা রাজা সাহেবের বহরে গেলে রাতে ময়নাকে নয়নের তাঁবুতে রাত কাটাবার জন্য বেদেনীরা অনুরোধ করে। ব্যাপারটা যেন এমন যে, যেহেতু ময়না নয়নকে সঙ্গে করে এনেছে, তাই তার সঙ্গে রাত কাটানোর ক্ষেত্রে ময়নার দাবি সর্বাপেক্ষে। ময়না অস্বীকৃত হলে রাজা সাহেবের ওরসজাত বাঁদির মেয়ে শুখ নয়নের সঙ্গে রাত কাটায়। ঘটনার আকস্মিকতায় রাতে নয়ন লজ্জা পেলেও পরদিন বেদেনীদের হাস্য কৌতুকে তার লজ্জিতভাব ও পাপবোধ উবে যায়। অন্যদিকে শুখের অবয়বে যৌনসঙ্গোগজনিত উচ্ছ্বাস দেখে যৌনসুখ বঞ্চিত বিধবা ময়নার মনে হিংসা জন্মে এবং প্রথম সুযোগেই নয়নের সঙ্গে রাত কাটানোর সিদ্ধান্ত নেয়। রাতে নয়নের সঙ্গে নির্দিষ্ট তাঁবুতে গিয়ে সেখানে শুখকে বসে থাকতে দেখে ময়না দপ করে জ্বলে ওঠে এবং গালি গালাজ দিয়ে তাকে তাড়িয়ে দেয়। এবং এর ফলে একই সঙ্গে ময়নার হিংস্রতা মত্ত হয় আসে ও তার সঙ্গোগ ইচ্ছেও চলে যায়।<sup>৩৩</sup>

আলোচিত বুমনি-বাচ্চু এবং ময়না-নয়ন-শুখ প্রসঙ্গ থেকে এ কথা বলা যায় যে, বিবাহ-বহির্ভূত শারীরিক সম্পর্ক বেদে সমাজে খুব একটা নিন্দনীয় নয়। বিষয়টি তারা ব্যক্তিগত রুচি ও পছন্দের ওপর ছেড়ে দেয়। এতে বেদে সমাজের কেউ কিছু মনে করে না। আর তাই বলা হয়েছে—‘বেদের মেয়ে মায়াবিনী, বেদের মেয়ে ছলনাময়ী, বেদের মেয়ে সর্বনাশী, বেদের মেয়ে পোড়ারমুখী! পোড়ামুখ নিয়ে ওরা হাসে, নির্লজ্জা, পাপিনী।’<sup>৩৪</sup>

শৃঙ্খল মুক্ত জীবন যাপনে অভ্যস্ত বেদে সমাজের বেদেনী চিরকাল রহস্যময়ী, ছলনাময়ী ও কামকলা পটীয়সী। সাধারণ ভাবেই বেদেনীর কথায় ‘একটা মন মাতান ঢং আছে, চলনে গমক আছে, রঙ আছে চটুল চোখে’।<sup>৩৫</sup> বেদেনীর রূপের মোহে ও কথার কুহকে পুরুষ পূর্বাপর বিবেচনা না করে অগ্নি অভিসারী পতঙ্গের মতই ছুটে আসে। অভিজ্ঞজন বিষয়টি ভালোভাবে জানে এবং সঙ্গীদের সাবধান করে দেয়।<sup>৩৬</sup> নিষিদ্ধ ফল প্রত্যাশী পুরুষ প্রায়ই বেদেনীর স্বনির্মিত ভীতির বেড়া জাল ভাস্ত্রে চেষ্টা করে। বেদেনীও স্বভাবজাত চপলতায় পুরুষের সঙ্গে মশকরা করতে ছাড়ে না। ‘কাঞ্চনমালা’ উপন্যাসে অনুরূপ একটি দৃষ্টান্ত দেখা যায়। হাটের বেসাতি শেষে নৌকায় ফেরার পথে এক ‘মাঝবয়সী’ লোক বেদেনী চাঁপাকে অনুসরণ করে। লোকটিকে দেখেই অভিজ্ঞ চাঁপা তার মতলব বুঝতে পারে। উক্ত পরিস্থিতিতে সে অনায়াসে চলে আসতে পারত কিন্তু হঠাৎ তার মাথায় ‘দৃষ্টবুদ্ধি’ জেগে ওঠে—সে লোকটিকে কাছাকাছি আসার সুযোগ দেয় এবং এক পর্যায়ে লোকটি দুদণ্ড বসে একটু জিরিয়ে নেওয়ার প্রস্তাব দিতেই চাঁপা হেসে বলে ‘জিরাইতে গেলে ঘর লাগে মিয়া, পথের পাশে কি আর হয়।’ সাহস পেয়ে লোকটি তাকে ঘরে নেওয়ার প্রস্তাব করে এবং চাঁপা তার দাবি-দাওয়ার ব্যাপারে সন্তুষ্ট হয়ে কাজি ডাকতে বললে লোকটির চৈতন্য হয়। তবুও সে আশা ছাড়ে না এবং পিছনে চলতে চলতেই হঠাৎ দ্রুতপদে কাছে এসে চাঁপার একখানা হাত ধরার চেষ্টা করে। চাঁপা সাপের ভয় দেখিয়ে লোকটিকে বিদায় করে কাজিফত ফল লাভ করে এবং লোকটিকে নাজেহাল করতে পেরে একধরনের মানসিক তৃপ্তি পায়।<sup>৩৭</sup> ‘নাগিনী কন্যার কাহিনী’ উপন্যাস হতে জানা যায় বেদেনী কেবল মানসিক তৃপ্তি লাভেই তৃপ্ত থাকে না। সে-ও সুযোগ পেলে মত্ত পুরুষের সংসর্গ উপভোগ করে। তাই—বেদের কন্যে অবিশ্বাসিনী, বেদের কন্যে মিথ্যাবাদিনী, বেদের কন্যে পোড়াকপালী পোড়ারমুখী, তার রঙ কালো; কিন্তু তারও উপরে সে কালামুখী। বেদের কন্যে কুহকিনী। বেদের কন্যের আচার মন্দ, সে বিচার ভ্রষ্ট।<sup>৩৮</sup>

**৩.২ বেদের সংস্কার ও যৌনতা:** বেদেসমাজের যে যৌন আচার তাদের সমাজে চিরকাল মান্যতা পেয়ে এসেছে—তার মূলে রয়েছে—বেদেদের বিশ্বাসের দুটি অনুষ্ণ। নাগিনীকন্যা শবলা তরুণ সুদর্শন গৃহস্বামীকে প্রায় চুপি চুপি বলেছিল—...তুমি জান না সোনার লখিন্দর, তুমি বেদের কন্যেরে জান না। বেদের কন্যের লাজ নাই, শরম নাই, বেদের কন্যের ধরম নাই, বেদের কন্যের ঘরের মায়া নাই; বেদের কন্যা বেদেনী অবিশ্বাসিনী। রীত চরিত তার লাগের কন্যে লাগিনীর মতন। রাত লাগলি, আঁধার নামলি চোখে নেশা লাগে, বুকের ভিতরটা তোলপাড় করে, লাগিনীর মতন সনসনিয়ে চলে, ফণা তুলে লাচে। সে লাচন যে দেখে সে সংসার ভুলে যায়।<sup>৩৯</sup>

কথা বলতে বলতেই শবলার চোখ দুটো ‘ঝকঝক’ করে উঠলেও সে নিজেকে সামলিয়ে নিয়ে বলে—‘সে লাচন তুমাকে দেখাবার উপায় নাই সোনার লখিন্দর’।<sup>৪০</sup> এই যে ‘রীত চরিত তার লাগের কন্যে লাগিনীর মতন’—এখানেই বেদেনীর ভ্রষ্টতার মূল নিহিত। বেদের বিশ্বাস অনুযায়ী ‘কালনাগিনীর নাগের জাত নাই। অন্য নাগের জাতের সন্তান প্রসব করে কাল নাগিনী।’ কালনাগিনীর নাগের জাত নাই কারণ বাসররাতে কালনাগিনীর দংশনে লখিন্দর মারা গেলে বেহুলা সতীর অভিশাপে কালনাগ সৃষ্টি থেকে বিলুপ্ত হল—আর ফিরল না। অথচ পার্থিব নিয়মে কাল নাগিনীর শরীর থেকে চাঁপার গন্ধ বেরিয়ে নাগকে আকর্ষণ করে। কালনাগিনী নরকুলে ‘নাগিনীকন্যা’ হয়ে জন্ম নিলেও—...কালনাগিনীর ভাগ্য নিয়েই জন্মায়। তার স্বামী নাই; তাই যে বেদের ছেলের সঙ্গে তার সাদী হয়, শিশুকালে নাগদংশনে তার প্রাণটা যায়।<sup>৪১</sup> কাজেই কেবল নাগিনীকন্যাই নয় যে কোনো বেদেনীর মন ও শরীরের চাঁপার গন্ধে পুরুষরূপী নাগ যখন ছুটে আসে তখন পার্থিব নিয়মেই তারা মিলিত হয়। এই মিলন একান্তই সৃষ্টির নিয়মের নিগড়ে বাঁধা—সমালোচনার উর্ধ্বে।

বেদের বিশ্বাসের অন্য অনুষ্ণটি পুরুষের ব্যভিচারের সঙ্গে যুক্ত। ‘নাগিনী কন্যার কাহিনী’তে শিরবেদে মহাদেবের প্রণয়ী দধীমুখী এবং সমস্ত বেদেপল্লি উক্ত প্রণয়ের কথা জানে। পরবর্তী শিরবেদে গঙ্গারাম আরও এককাঠি সরেস। সে দেনার বোঝা চাপিয়ে বেদের ঘরে ঘরে অবোধে তার ব্যভিচার চালিয়ে যায়।<sup>৪২</sup>

বেদের বিশ্বাস অনুযায়ী তার দেবতা দুটি—শিব আর বিষহরি। বিষহরি শিবের কন্যা। অথচ বেদের কপাল এমন যে শিব কুচনী পাড়ায় ঘুরে ‘ধরমভেরষ্ট হয়্যা’ আপন কন্যা বিষহরির রূপে মোহিত হয়। বিষহরি অবশ্য রূপমুগ্ধ জন্মদাতাকে প্রত্যাখান করে—‘ভোলা ভাঙড় চণ্ডীরে ঘুম পাড়িয়ে এলেন মন্ত্যধামে। বিষহরিরে দেখ্যা কামের পীড়াতে লাজ হারালেন, বললেন—কন্যে, আমার বাসনা পূর্ণ কর। মা-বিষহরি তখন রোষ করে বিষদৃষ্টিতে তাকালেন পিতার পানে, শিব চলে পড়লেন।’ উক্ত উপন্যাসে শিরবেদে আর বিষহরির কন্যা (নাগিনীকন্যা) বাপ আর বেটি। আবার তার বিশ্বাস অনুযায়ী শিবই আদি শিরবেদে বিশ্বস্তর।<sup>৪৩</sup>

‘নাগিনী কন্যার কাহিনী’ উপন্যাসে দেখা যায় সাঁতালির বেদেসমাজে শিরবেদের একাধিক অবৈধ সম্পর্ক থাকা সত্ত্বেও সে নাগিনীকন্যার প্রতি আসক্ত হয়ে পড়ে। উক্ত আসক্তি অধিকাংশ বেদে বুঝতে পারে না এবং দু চারজন বেদে তা বুঝতে পারলেও দেখেও না দেখার ভান করে। শবলার প্রতি মহাদেব এবং পিঙলার প্রতি গঙ্গারামের আসক্তি উক্ত বক্তব্য সমর্থন করে। আসক্তির প্রাবল্য হেতুই মহাদেব রাতের অন্ধকারে চিনতে পেরেও নগ্ন শবলাকে

গ্রহণ করে। অন্যদিকে গঙ্গারাম বেদের বিশ্বাসের সঙ্গে তার বিদ্যার মিশ্রণ ঘটিয়ে পিণ্ডলাকে পাবার চেষ্টা করে ব্যর্থ হয়। সাঁতালির বিষবেদের বিশ্বাস—‘শিরবেদের উপরে শিবই চাপিয়ে গিয়েছেন তাঁর সেই ভ্রষ্ট জীবনের কামনার অভূষ্টি।’ বেদেসমাজে প্রথম অনুযায়ী বেদেনী যেমন নাগিনীকন্যার ভূমিকায় অবতীর্ণ হয়েছে, দ্বিতীয় বিশ্বাসের অনুযায়ী বেদেও তেমন শিরবেদের ভূমিকা পালন করছে। তাই—

...বেদের জাতের পরানের ঘরে আবার দুয়ার! দুয়ার লয় গো—আগড়। কোনমতে ঠেকা দিয়া পরানের দুখ ঢেক্যা রাখা। ঝড় উঠলে সে কি থাকে? উড়ে যায়। ভিতরের গুমোট বাইরে এসে আকাশে বাতাসে ছড়িয়ে যায়।<sup>৪৪</sup>

এই ‘ভ্রষ্টা’ বেদেনী কখনো কখনো বেদের সংস্কার ধর্মের প্রয়োজনেই ভ্রষ্ট হতে বাধ্য হয়। ‘পদ্মদীঘির বেদেনী’ উপন্যাসে জানা যায়—স্ত্রীলোক গর্ভে সন্তান ধারণ না করলে নরকেও তার স্থান হয় না। নরক থেকে পরিত্রাণের আশায় বেদেনীর সন্তানকে—বিশেষ করে যার বেদে ‘অক্ষম পুরুষ’—তার সন্তানকে ‘সাত-ভাতারীর’ সন্তান—এ গালি হজম করতে হয়। উক্ত উপন্যাসে ময়নার বাবা ‘হারামজাদি খানকীর ছানা’ ইত্যাদি বলে ময়নাকে দুচারটা গালমন্দ দিলেও সে নিশ্চিত জানে প্রকৃত খানকি হচ্ছে তার মা—তার মেয়ে নয়। ময়নার বাবা কেবল তার মেয়ে ও স্ত্রীকেই গাল-মন্দ করত না। তার বাবার অনেক দোষের মধ্যে একটা দোষ ছিল—যখন তখন যার তার মুখের ওপর স্পষ্ট কথা বলা। সেই স্পষ্টবাদী বেদে সকালে বলে দিত কে কার নৌকায় রাত কাটিয়েছে।<sup>৪৫</sup> এ থেকে বোঝা যায় প্রায় প্রতি রাতেই মনের মানুষের সঙ্গে বেদে বেদেনীর অভিসার চলতে থাকে।

**৩.৩ যৌন অবমাননা ও বেদের প্রতিরোধ-প্রতিশোধ:** ক্ষেত্রবিশেষে বিচার ভ্রষ্টা বেদেনীর নৈতিকতাবোধ প্রখর হয়ে ওঠে। বিশেষ করে ক্ষমতাপ্রের লালসার শিকারে পরিণত হবার আশঙ্কা দেখা দিলে বেদেনীর নীতিবোধ সংহারী হয়ে ওঠে। আত্মরক্ষায় পটু বেদেনী কৌশলে নিজেকে রক্ষা করে। কৌশল ব্যর্থ হলে শিকারিকে শিকারে পরিণত করতে চেষ্টা করে। সেজন্যই বেদেনী গুরুর আজ্ঞা মেনে অস্ত্র ছাড়া চলাচল করে না।<sup>৪৬</sup> শেষ পর্যন্ত নিজেকে রক্ষা করতে ব্যর্থ হলে বেদেনী সত্যি রক্ষার্থে আত্মহননের পথ বেছে নেয়। আত্মরক্ষার মতোই আত্মহননের উপকরণও তার কাছে সর্বদা মজুদ থাকে। ‘নাগিনী কন্যার কাহিনী’তে নাগিনীকন্যা শবলা সব সময় বিষপূর্ণ ‘নাগদন্ত’ কাছে রাখে।<sup>৪৭</sup>

‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাসে দেখা যায় বাজিকর নারী কবিরাজি বিদ্যার ফাঁদে ফেলে অনেক সময় তার প্রতিশোধ স্পৃহা চরিতার্থ করে। শারীরিক সুখ পাওয়ার জন্য অতিরিক্ত পিড়পিড়ি করলে দয়ারামের অমানবিকতায় রুষ্ট (সালমা ইতোমধ্যে দয়ারামের অমানবিকতার কথা জানতে পেরেছে) সালমা ‘শরীরে তাকত’ ফিরে পাওয়ার ঔষধ দেবার আগেই দয়ারামকে সাবধান করে— বিষয়টি কাউকে জানানো যাবে না। রাতে খামার বাড়িতে শরীরে তাকত বৃদ্ধির প্রক্রিয়া শুরু করতে গিয়ে দয়ারাম নতুন কেনা মাদি গাধার পায়ের চাট খেয়ে জলচৌকি থেকে গড়িয়ে গাধার পায়ের কাছে মরে পড়ে থাকে। গাধাটা তার খুবই কাছে একটা মৃতদেহ পড়ে থাকতে দেখে ভয়ে সারারাত চিৎকার করেছে।<sup>৪৮</sup> উক্ত উপন্যাসে দারোগা পুত্র আনন্দের সন্তান গর্ভে ধারণ করে প্রবল অবমাননায় জর্জরিত বাজিকরকন্যা পেমা চরম প্রতিশোধ নিয়েছে। কারণ বাজিকরের মেয়ে প্রেমিকা হতে পছন্দ করে কিন্তু কোনোভাবেই ‘বেশ্যা’ হতে চায় না।<sup>৪৯</sup>

**৩.৪ বেদের ভ্রষ্টাচার ও বিচার:** ‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাস অনুযায়ী—‘বস্ত্রত, বাজিকর মেয়েদের সত্যীত্বের তেমন বড়াই নেই। কেউ ভ্রষ্টা হলে, দল কিছু শাস্তি অবশ্যই বিধান করে, কিন্তু সে গেরস্থ সমাজের মতো নয়।’<sup>৫০</sup> ‘নাগিনী কন্যার কাহিনী’ উপন্যাসে দেখা যায় বিচার ভ্রষ্টা বেদেনীর বিচার হয়। সন্ধ্যার মধ্যে— বিশেষ করে শৃগালের প্রথম প্রহর ঘোষণার পূর্বেই বেদেনী ঘরে না ফিরলে তার জন্য রয়েছে শাস্তি। উক্ত সময়ের পর যে বেদেনী গাঁয়ের বা আস্তানার বাইরে থাকে তার ঘরে প্রবেশাধিকার থাকে না—অন্তত সেই রাতে সে ঘরে ফিরতে পারে না। বেদে সংস্কার অনুযায়ী বেদেনী বাইরে রাত কাটিয়ে ঘরে ফিরলে তার জন্য কঠিন শাস্তির সঙ্গে জরিমানার বিধান রয়েছে। অবশ্য বেদেনী যদি প্রমাণ করতে পারে যে, ঐ রাতে তার পক্ষে ঘরে ফেরা সম্ভব ছিল না এবং সে সৎ গৃহস্থ বাড়িতে রাত কাটিয়েছে, তবে তাকে সম্মানের সঙ্গে ঘরে ঠাঁই দেওয়া হয়। বেদে সমাজের পুরুষ সহজেই জরিমানা দিয়ে বা নাম কা মাত্র শাস্তি দিয়ে বেদেনীকে ঘরে তুলে নিতে অনেকটাই বাধ্য থাকে। কেননা নৈতিকতার দিক থেকে—বিশেষ করে পর-নারী সংসর্গের ক্ষেত্রে বেদের পুরুষও বেদেনীর মতই বিচার ভ্রষ্ট।<sup>৫১</sup> ‘মধুমতী’ উপন্যাসে দেখা যায় খেস্তী বেদেনীর পুরুষ চণ্ডিবেদে ছমা বেদের বউয়ের আঁচল ধরে থাকে এবং সাপ না নাচিয়ে অর্থাৎ কুলবৃত্তিতে মন না দিয়ে তার সঙ্গে নাচে।<sup>৫২</sup>

‘বেদেনী জোলায়খা’তে একটি বিচার প্রসঙ্গ পাওয়া যায়। উক্ত বিচার প্রসঙ্গে জানতে পারা যায় বেদের মেয়ের মন ভিন্ন জাতের পুরুষের প্রতি আকৃষ্ট হলে এবং তাকে না ফেরানো গেলে শেষ পর্যন্ত শাস্তি হিসেবে প্রণয়ীযুগলকে ‘নিশুতিরিতে ডিঙা সাজিয়ে’ ‘ভাটির দেশে’ পাঠিয়ে দেওয়া হয়। কারণ সমাজের বিধান যে অমান্য করে উক্ত শাস্তিই তার প্রাপ্য। প্রাপ্য শাস্তি মেনেই বেদেনী জোলায়খা তার প্রেমিক অচেতন দুলালকে নিয়ে ভাটিতে ‘নিকশ দরয়ার’ দিকে ভেসে যায়।<sup>৫৩</sup>

## ৪. দাম্পত্য জীবন

এই উপ-শিরোনামে বেদের ছেলে-মেয়ের বিয়ের বয়স, বিয়ে ও লোকাচার, ভিন্নজাতের পুরুষের বেদেসমাজে অনুপ্রবেশের প্রেক্ষাপট, ভিন্নজাতের সঙ্গে বেদেদের প্রণয় ও বিয়ে ইত্যাদি বিষয় বিশ্লেষিত হয়েছে।

**৪.১ বিয়ের বয়স:** বাংলা উপন্যাসে বেদে সমাজের বিয়ে ও প্রণয় সম্পর্কে মোটামুটি একটা ধারণা পাওয়া যায়। ‘নাগিনী কন্যার কাহিনী’তে অত্যন্ত অল্প বয়সেই ছেলেমেয়ের বিয়ে হয়ে যায়। সাঁতালির বিষবেদের মিথ অনুযায়ী ‘নাগিনীকন্যা’ হওয়ার প্রথম লক্ষণ কন্যা পাঁচ বছর বয়সের মধ্যেই বিধবা হবে এবং তার স্বামী নাগদংশনে মারা যাবে। সাঁতালির বেদের ঘরে মেয়ের বিয়ের কাল হয় অনুপ্রাশনের পরই। ছ-মাস থেকে তিন বছর বয়সের মধ্যেই বিয়ে হয়ে যায়। সাঁতালির প্রথম শিরবেদে বিশ্বস্তরের বারো বছরের ছেলে কালাচাঁদের সঙ্গে তিন বছরের দধিমুখীর বিয়ে হয়। অন্যদিকে নোটনের তিন বছরের কন্যা হীরার সঙ্গে গোকুলের দশ বৎসরের ছেলে নবীনের বিয়ে অনুষ্ঠিত হবার দিনে সাঁতালিতে নাগু ঠাকুর এসে উপস্থিত হয়।<sup>৫৪</sup>

বেদে/বাজিকর জীবনকেন্দ্রিক অন্যান্য বাংলা উপন্যাসে বেদের বাল্যবিয়ে প্রায় অনুপস্থিত। ‘রত্ন চণ্ডালের হাড়’ উপন্যাসে জামির বাজিকর ১৭ বছর বয়সে ১০ বছরের লুবিনিকে বিয়ে করে। মহারানির রাজত্বে ১৬ বছরের বেশি বয়সীদের বিয়ে দেওয়া যাবে না— এই গুজবে একই সঙ্গে বাজিকরের ১৫ জোড়া ছেলে-মেয়ের বিয়ে হয়। যদিও— ‘বাজিকরের তাঁবুতে এত কম বয়সে বিয়ের রেওয়াজ ছিল না।’<sup>৫৫</sup> ‘বেদেনী জোলায়খা’তে বেদে সমাজের প্রণয় সম্পর্কে বলা হয়েছে—

বেদে মহলের প্রেম সংবেদন ব্যাপারটা অন্য সমাজের মত নয়। ...মন নিয়েই এদের লেনদেন। মন নিয়েই এদের কাজ কারবার। এদের সে মনের সাধনা শুরু হয় কৈশোরের সূচনা থেকে, সে সাধনায় ওরা সিদ্ধিলাভ করে প্রথম যৌবনে।<sup>৫৬</sup>

‘নাগিনী কন্যার কাহিনী’ অনুযায়ী বেদের বিধবার বয়স ষোল বৎসর পার হওয়ার পর তার বিয়ে হতে পারে। আবার বেদে সমাজে ‘ছাড়-বিচার’ অর্থাৎ তালুক প্রথাও বিদ্যমান। উক্ত উপন্যাসেই অন্যত্র জানা যায়, বেদে সমাজে কোনো তালুক প্রথা নেই। তাই বাইরে রাত কাটিয়ে ঘরে ফিরলে বেদে তার বেদেনীকে বড় ধরনের শারীরিক শাস্তি দেয় এবং একই সঙ্গে সমাজকে জরিমানা দিয়ে তাকে ঘরে তুলে নিতে বাধ্য থাকে। কেননা বেদেসমাজে কোন ‘ছাড়বিড়’ নেই।<sup>৫৭</sup>

**৪.২ বিয়ে ও লোকাচার:** বাংলা উপন্যাসে বেদেসমাজের বিয়েকেন্দ্রিক কিছু কিছু সাংস্কৃতিক কর্মকাণ্ড সম্পর্কে জানতে পারা যায়। সাধারণত চৈত্র মাসের মাঝামাঝি প্রকৃতি নানা রূপে-রসে-রঙে-গন্ধে ভরে উঠলে বেদে পাড়ায় নানা রঙের ঢেউ খেলে যায় এবং সেই প্রাকৃতিক সৌন্দর্য ও সুবাসমণ্ডিত পরিবেশেই বেদেসমাজের বিয়ে অনুষ্ঠিত হয়। প্রায় সকল ঘরেই বিয়ের যোগ্য ছেলে মেয়ে থাকে বলে বিয়ের মৌসুমে প্রতি ঘরে ঘরে আনন্দের লহরি বয়ে যায়।<sup>৫৮</sup> ‘বেদেনী জোলায়খা’তে বৈশাখী পূর্ণিমায় মেসের সর্দারের মেয়ের বিয়ে হয়। আবার মেসের সর্দার অগ্রহায়ণ মাসে তার অন্য মেয়ে জোলায়খার বিয়ের দিন ঠিক করে। কারণ বহর থেকে সে আশ্বিনের শেষে ফিরে আসবে। আর কার্তিক মাস মরা কাটালের মাস বলে অগ্রহায়ণের পুণ্য দিনে সে জোলায়খাকে শ্বশুরের ঘরে পাঠাবে।<sup>৫৯</sup> বিয়ের সময় বেদেপাড়ায় উৎসবের ধুম পড়ে। ‘নাগিনী কন্যার কাহিনী’তে হীরা-নবীনের বিয়ে উপলক্ষে বেদে পাড়ার আনন্দময় পরিবেশ লক্ষণীয়—‘গায়ে হলুদ মাখছে বেদে এয়োরা, রঙ খেলছে, উলু পড়ছে; ঢোল কাঁসি বাজাচ্ছে পাশের গাঁয়ের বায়েনরা, মরদেরা মদ তুলছে, মদের গন্ধে যত কাক আর শালিকের দল এসে পাড়া ছেয়ে গাছের ডালে বসেছে।’<sup>৬০</sup> বস্তুত বেদের বিয়ের সঙ্গে মদ ও নাচ গানের সম্পর্ক অত্যন্ত নিবিড়। ‘পদ্মদীঘির বেদেনী’ উপন্যাসে বেদে সর্দার রাজা সাহেবের মেয়ের বিয়ের উৎসবে একদল লোক মদ জ্বাল দিতে চলে যায়। কারণ উৎসবের অন্যতম প্রধান অঙ্গ হচ্ছে মদ্যপান।<sup>৬১</sup> ‘বেদেনী জোলায়খা’তে বিয়ে উপলক্ষে বিয়ের দিন থেকেই শুরু হয় তিনদিন ব্যাপী গান—বাউল-বিচ্ছেদ পালায় গান।<sup>৬২</sup>

‘পদ্মদীঘির বেদেনী’তে বেদে সর্দার রাজা সাহেবের মেয়ের বিয়ে হয়ে গেছে নীরবে। রাজা সাহেব নিজেকে আরব বেদুইনের বংশধর মনে করে। সে বিশ্বাস করে তার বাদশাহী কায়দার চাল চলন নৌকায় বাসরত এ দেশি বেদের মতো নয়। এরূপ রাজা সাহেব মেয়ের বিয়ে পরবর্তী উৎসবটা জাঁকজমকপূর্ণ ভাবে করতে চায়। রাজা সাহেবের অর্থ আছে এবং সেই অর্থ দিয়ে সে তার মনের অহংকার চরিতার্থ করতে চায়। তার মতে জাঁকালো উৎসবই যদি না হয় তবে আনুষ্ঠানিক বিয়েতে লাভ কী? অবশ্য পরিস্থিতির চাপে রাজা সাহেব কাঙ্ক্ষিত উৎসব করতে পারে না। ‘নীরব’ বিয়ের পর জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানের দিনক্ষণ ঠিক হবার আগেই রাজা সাহেবের বেহাইবাড়ি থেকে বিয়ের পরদিনই বিয়ের অসম্পূর্ণ অনুষ্ঠান সম্পূর্ণ করার তাগিদ দেওয়া হয়। বিয়ে ইত্যাদি কারণে ইতোমধ্যে ছেলের বাবার অনেক সময় নষ্ট হয়েছে—নষ্ট করার মতো সময় তার আর নেই। ব্যবসার ক্ষতি পুষিয়ে নেওয়ার জন্য যত

শিষ্য সম্ভব সে বহর খুলে অন্য কোথাও চলে যেতে চায়। উক্ত ঘটনা থেকে অনুমিত হয় যে কখনো কখনো ব্যবসারত অবস্থাতেও বেদের বিয়ে হয়ে থাকে। বাংলার সামাজিকতার ঐতিহ্য অনুসরণ করে বেদের বিয়েতেও প্রতিবেশী তথা বেদে বহরের অন্যান্য পরিবার বর-কনেকে সাধ্যমত উপহার সামগ্রী প্রদান করে। রাজা সাহেবের মেয়ের বিয়েতে বহরের ‘উনপঞ্চাশ খানা নৌকা’ থেকে রাজা সাহেবের নৌকায় ‘ভেটবেগার’ আসতে দেখা যায়। সাধারণত বিয়ের অনুষ্ঠান শেষ না করে কেউ চলে যায় না। কেননা বেদের বিশ্বাস অনুযায়ী বিয়ের অনুষ্ঠান শেষ না করে কেউ চলে গেলে নববধূর মন্ত অকল্যাণ হয়।<sup>৬৩</sup>

‘পদ্মদীঘির বেদেনী’তে কনে বিদায়ের সময় বেছলা-লখিন্দরের উপাখ্যান অনুসৃত হতে দেখা যায়। কনের বহরের বৌ-ঝিরা স্নান শেষে শূচি হয়ে সেজেগুজে কনে শুথকে নিয়ে ‘মনসা মণ্ডপে’ যায়। তারপর ‘বরনকুলা’, ‘পঞ্চপ্রদীপ’ আর ‘রক্তজবা’ হাতে নিয়ে বেছলা লখিন্দরের ‘ভাসান’ গাইতে গাইতে ওরা কনেকে বিদায় দেয়। অন্যদিকে বরের গ্রাম পদ্মদীঘিতে বসে বরের স্বজনরা মৃত লখিন্দরকে বাঁচিয়ে তোলে। মেয়ে পক্ষ ভেলা ভাসায় দিনে, আর বরপক্ষ তাকে বাঁচায় রাতে। উক্ত প্রক্রিয়ার মধ্য দিয়ে জীবন চক্রের—হাসি ও কান্নার দুটো পালা সাঙ্গ হয়। অবশ্য রাজা সাহেবের বাঁদির মেয়ে শুখের বিয়েকে ব্যতিক্রমী বলা যেতে পারে। কারণ সাধারণত কোনো সর্দার বিয়ে দিয়ে দাসী বাঁদির মেয়েকে হাতছাড়া করতে চায় না।<sup>৬৪</sup>

বেদেসমাজের বিয়েকে কেন্দ্র করে বৈচিত্র্যময় সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিলক্ষিত হয়। ‘চেউয়ের নদী ক্লান্ত পথ’ নামক একটি নকশা জাতীয় রচনায় ভিন্ন জাতের পুরুষ গৃহস্থ ব্যবসায়ী খালেকের সঙ্গে বেদেকন্যা ফুলমালার বিয়ে হয়েছে। খালেক বেদে কন্যা ফুলমালাসহ বেদেসমাজের অন্যদের সম্মতিতে ফুলমালাকে বিয়ে করতে চায়। ফুলমালার সম্মতি পাওয়ার পর ফুলমালার দাদুকে বশ করতে গিয়ে খালেককে ‘গোঁজ’ থেকে বেশ কিছু টাকা খরচ করতে হয়। খালেক বেদে গোষ্ঠীর বাইরের লোক বলে বেদে সংস্কার অনুযায়ী মাতব্বরের কাছে ‘গুলাইলের বাঁশ’ পাঠিয়ে বিয়ের প্রস্তাব দেয়। বিয়ে হয়ে যায়। বরপক্ষের লাল খাঁর উজ্জিতে বিয়ে পরবর্তী বেদে সমাজের একটি সংস্কার জানতে পারা যায়—‘বিয়া পড়ানোর পর পোলা গিয়া গাছে উটব, মাইয়া তারে সাইধা নামাইব, কইব, তুমি নাম, আমিই তোমারে রুজি কইরা খাওয়াইমু, নাম তুমি।’ লাল খাঁ বেদেদের উক্ত সংস্কার হতে খালেক-ফুলমালাকে রেহাই দেওয়ার জন্য মাতব্বরকে অনুরোধ করলে ‘গেরস্তর মান ইজ্জত আমাগ মান ইজ্জতের তন আলাদা’ জানিয়ে মাতব্বরও ভবিষ্যতে তার অবস্থান পরিষ্কার করে—‘জামাই যতি কোন সময় মাইয়া লইয়া আহে বেড়াইবার, ভালকতা। না অইলে আমার সমাজের কাকপক্ষিডাও কেউ কোনদিন যাইব না জামাইর বাড়ীতে, কি তার গেরাম।’<sup>৬৫</sup>

**৪.৩ ভিন্নজাতের পুরুষের বেদে সমাজে অনুপ্রবেশের প্রেক্ষাপট:** অমেরন্দ ঘোষের ‘পদ্মদীঘির বেদেনী’ উপন্যাসের অন্যতম প্রধান চরিত্র নয়ন স্বজনহীন। কৈশোর উত্তীর্ণ প্রায় তরুণ নয়ন মামার আশ্রয়ে থেকে নিজেই রান্না করে খায়। বেদেনী ময়না তাকে কিছুটা প্রশ্রয় দেওয়ায় মমতাময়ী ‘বুইনদিদি’ ময়নার প্রতি সে দুর্বল। অবশ্য এ দুর্বলতা একেবারে নির্দোষ ছিল না। ময়নার আকর্ষণীয় শরীরী উপস্থিতি এর অন্যতম প্রধান কারণ ছিল। পরবর্তীকালে মামা মারা গেলে অনেকেই নয়ন ভাবে—

এর চেয়ে মন্দ কি ছন্দহারা বেদিয়া জীবন? কিসের জাত, কিসের ধর্ম, কিসের মান অভিমান? ও সাপুড়ে হবে, দেশে দেশে সাপ খেলা দেখিয়ে বেড়াবে ‘আঁকাবাঁকা গাঁয়ের পথ ধরে কত নদী নালা পাড়ি দিয়ে পাহাড়ী দেশের কোল ঘেঁষে—ও শুধু এগিয়ে যাবে দেশ থেকে দেশান্তরে।’<sup>৬৬</sup>

‘কাঞ্চনমালা’য় সদ্য তরুণ কাঞ্চনের অবস্থা বেশ শোচনীয়। তার জবানিতে জানতে পারা যায়, তার বাড়ি-ঘর-চাল-চুলো কিছুই নেই। গ্রামে খাটুনির নানা কাজ করেও সে ক্ষুণ্ণবৃত্তি নিবারণ করতে পারে না। উক্ত পরিস্থিতিতে সে বেদের দলে যোগ দেয়। অবশ্য কাঞ্চনকে বেদে দলে ভিড়ানোর ক্ষেত্রে বেদে সর্দার মঙ্গলমাঝির কন্যা—বেদে কন্যা মালার ইচ্ছেটাও অনেক বড় ছিল। তার কাছ থেকে সম্মতি আদায় করেই কাঞ্চন বেদে দলে যোগদানের জন্য মঙ্গলমাঝির কাছে আবেদন করে।<sup>৬৭</sup> সত্যেন সেনের ‘একূল ভাগে ওকূল গড়ে’ উপন্যাসের কিশোর বাচ্চু না খেয়ে বাড়ি থেকে পালিয়ে রাতে মোচন বেদের নৌকায় এলে মোচন তাকে যত্ন করে খেতে দেয়। বাড়ি পালানো বাচ্চু যখন পরিস্থিতির চাপে একেবারে দিশেহারা তখন ‘একটু বেশী দূরদর্শী’ মোচনের বউয়ের পরামর্শে মোচন বাচ্চুকে তাদের সঙ্গে বেদে বহরে থেকে যাবার কথা বলে। মোচন দম্পত্তি বাচ্চুকে গুলতি আর তির ধনু চালাতে সহযোগিতা করবে ও সাপ ধরার মন্ত্র শেখাবে শর্তে বাচ্চু তাদের সঙ্গে চলে যায়।<sup>৬৮</sup>

‘গুণীন’ উপন্যাসে সৎমায়ের অত্যাচারে জর্জরিত রংপুরের বুঝুর স্বৈচ্ছায় বেদের নৌকার সঙ্গে কামলা হিসেবে কোঁচার মুল্লকে চলে যায়। কোঁচার মুল্লকের রানীর হুকুম ছিল কোন পুরুষ ভাটির দেশ বা অন্য কোন দেশ থেকে স্বৈচ্ছায় তার দেশে আসতে পারে। পরবর্তী সময়ে বুঝুর বেদের বসতিতে উপস্থিত হয়ে বেদের কাজের সঙ্গে সঙ্গে পাহাড়ী জীবনেও অভ্যস্ত হয়ে পড়ে এবং এক পর্যায়ে বেদে দম্পতির আদরে মুগ্ধ বুঝুর উক্ত দম্পতির তিন কন্যাকে এক সঙ্গে বিয়ে করে কোঁচার মুল্লকেই থেকে যায়।<sup>৬৯</sup>

অবশ্য নয়ন, কাঞ্চন, বাচ্চু ও ঝুমরু ভিন্ন জাতের এ চার পুরুষকে দলে ভেড়ানোর ক্ষেত্রে বেদের ভিন্ন ভিন্ন প্রত্যক্ষ ও পরোক্ষ স্বার্থচিন্তাও কাজ করেছে। ‘পদ্মদীঘির বেদেনী’ উপন্যাসে নয়ন-শুখের পরবর্তী প্রজন্ম পদ্মদীঘির ধারে স্থায়ী বসতি গড়ে তুলে ময়নার অচরিতার্থ বাসনা চরিতার্থ করবে—এ আশায় নয়নের প্রায় অজান্তেই পদ্মদীঘির অধিকারী নিঃসন্তান বিধবা ময়না বেদে কন্যা শুখের সঙ্গে নয়নের বিয়ের ব্যবস্থা করে ফেলে।<sup>১০</sup> ‘কাঞ্চনমালা’য় মালার বাবা বেদে সর্দার মঙ্গলমাঝি কাঞ্চনকে দলের জন্য উপযুক্ত ভেবেছে।<sup>১১</sup> ‘একূল ভাঙ্গে ওকূল গড়ে’ উপন্যাসে মোচন বেদের বৌ বাচ্চুকে ভারী মেয়ে জামাই হিসেবে নিজের নৌকায় জায়গা দিয়েছে।<sup>১২</sup> ‘গুণীন’ উপন্যাসে ঝুমরুর সঙ্গে প্রাপ্ত বয়স্ক তিন কন্যার বিয়ে দেওয়ার ক্ষেত্রে বেদে পরিবারের স্বার্থ চিন্তা যে একেবারেই ছিল না তা নয়। কেননা কোঁচার মুল্লকে পুরুষের অভাব ছিল প্রকট। ফলে মায়েরা এমনকি আপন কন্যাকে তাদের বাপ-চাচা থেকে দূরে রাখতে চেষ্টা করে পাছে তারা আপন বাপ-চাচাকেই সঙ্গী করে ‘আড্ডা ঘরে’ নিয়ে যায়। উক্ত উপন্যাসে সবারি তার আপন বোনের মেয়ে তুরার ভয়ে স্বামী হেকমতকে আগলে রেখেছে।<sup>১৩</sup>

ভিন্নজাতের পুরুষের বেদের দলে যোগ দেওয়ার ক্ষেত্রে উক্ত বিষয়গুলো বিবেচনা করেও বলা যায় ভিন্নজাতের পুরুষের বেদে সমাজে প্রবেশের অন্যতম প্রধান কারণ বেদের মেয়ে সঙ্গে প্রেম বা মন-দেওয়া-নেওয়া। সৃষ্টির আদি থেকেই নর-নারীর প্রেমের সম্পর্ক সকল জাত পাতের উর্ধে। ‘একূল ভাঙ্গে ওকূল গড়ে’ উপন্যাসে মোচন বেদের বৌ এর জবানিতে জানা যায় কত গৃহস্থ ঘরের ছেলে বেদে মেয়ের রূপের ও মনের টানে পড়ে বাপ মা ঘর সংসার ছেড়ে বেদের দলে ভিড়ে গেছে। এ ক্ষেত্রে তার বাবাই ছিল প্রকৃষ্ট উদাহরণ। তার বাবা বেদের মেয়েকে বিয়ে করে বেদের দলে এমন ভাবে মিশে গিয়েছিল যে তার জাত চেনার কোনো ‘জো’ ছিল না।<sup>১৪</sup>

প্রেমে পড়ে জাত দিয়ে বেদে সমাজে প্রবেশ করতে চাওয়ার ক্ষেত্রে ‘নাগিনী কন্যার কাহিনী’তে তারাক্ষর বন্দ্যোপাধ্যায় রাঢ় দেশের নাগের বিখ্যাত ওঝা নাগেশ্বর ঠাকুর ওরফে নাগু ঠাকুরকে জীবন্ত করে চিত্রিত করেছেন। এ ‘ব্রাহ্মণ’ ঠাকুরের চালচিত্র বেশ চিত্তাকর্ষক—

জাত নাই, ধর্ম নাই, কোন কিছুতে অরুচি নাই, সব জাতির ঘরে যায়, সবকিছু খায়, পৃথিবীতে মানে না কিছুকে, ভয়ও করে না কাউকে। এই লম্বা মানুষ, গোরা রঙ, রুখু লম্বা চুল, মোটা নাক, বড় বড় চোখ, হা হা শব্দ তুলে হাসে, সে হাসির শব্দে মানুষ তো মানুষ—গাছ পালা শিউরে ওঠে।<sup>১৫</sup>

প্রচণ্ড ক্ষমতাধর নাগু ঠাকুর শিরবেদে গঙ্গারামের আচমকা কিল খেয়ে তার হাতে বন্দি হলে লোকে বিশ্বাস করেছে—

নাগু ঠাকুরের বুক কিল মেরেছে—নাগু ঠাকুর যখন উঠবে, তখন সাঁতালীতে বিপর্যয় ঘটবে। মৌমাছি বোলতা ভিন্নরূপে ভরে যাবে সাঁতালীর আকাশ। কিংবা জ্বলে উঠবে সাঁতালীর কাশে-ছাওয়া ঘর বাড়ি। কিংবা প্রচণ্ড ঝড়ই আসবে—যা হোক একটা ভীষণ বিপর্যয় ঘটবে।<sup>১৬</sup>

নাগু ঠাকুর জাত পাত মানে না এবং সত্য কথা বলতে লজ্জা পায় না। কেননা ‘সাধনপথে’ জাত-পাত থাকতে নেই ও সত্য ভাষণের বিকল্প নেই। এমন ঠাকুর নাগিনীকন্যা পিঙলাকে পাবার জন্য ব্যাকুল হয়ে বলে—জাত যদি বা থেকেও থাকে তবে সেই জাত সে অনায়াসে পিঙলার জন্য দিতে পারে। কেবল জাত নয়—রাজসিংহাসন থাকলেও সে তা পিঙলাকে দিয়ে দিতে পারে। কিন্তু নাগু ঠাকুর জানে নাগিনী কন্যাকে পাওয়া সহজ নয়। কারণ এ কন্যা বিষহরির আদেশে ‘বাকবন্ধ’ হয়ে সাঁতালিতে রয়েছে। ঠাকুর পিঙলাকে পাবার জন্য তাই চম্পাইনগর মাটিরগুড়ার মা বিষহরির দরবারে গিয়ে ধরনা দেওয়ার মনস্থ করে। ‘ধরনা’ কালে সে বিষহরিকে বলবে হয় বিষহরি পিঙলাকে তার কাছে এনে দেবে—নয় তার (ঠাকুরের) প্রাণ নেবে। কন্যার কোনরূপ দেখে এমন দশা হল ঠাকুরের? না—‘কালো মেয়ে, তার দুই হাতে দুই গোখুরা, আঃ’।<sup>১৭</sup>

নাগু ঠাকুরের জাত দেবার এ প্রবণতা ‘মৈমনসিংহ গীতিকা’র বিখ্যাত পালা “মহুয়া”র মহুয়া নদেরচাঁদ সম্পর্কের ক্ষেত্রে নদেরচাঁদের জাত দেবার আকৃতি স্মরণ করিয়ে দেয়।

**৪.৪ ভিন্নজাতের সঙ্গে বেদের প্রণয় ও বিয়ে:** বাংলা উপন্যাসে বেদের দাম্পত্য জীবন ও প্রণয়ের সঙ্গে অন্য জাতের নারী-পুরুষ ও বেদেসমাজের নারী-পুরুষের সম্পর্ক অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান দখল করে আছে। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের (১৮৭৬-১৯৩৮) ‘শ্রীকান্ত’, ১ম পর্ব (১৯১৭) উপন্যাসের শাহজী শিক্ষিত ব্রাহ্মণপুত্র। খুনের দায়ে গ্রেফতার এড়াতে মুসলমান হয়ে সাপুড়ে বৃত্তি গ্রহণ করে এবং এক্ষেত্রে ব্রাহ্মণ কন্যা অন্নদা স্বামীর সঙ্গে গৃহ ছেড়ে বেদেনীর জীবন গ্রহণে বাধ্য হয়েছে।<sup>১৮</sup> শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘বিলাসী’ (১৯১৮) গল্পের স্বজনহীন মৃত্যুঞ্জয় সাপুড়ে কন্যা বিলাসীকে ভালোবেসে—বিশেষ করে তার সেবায় মুগ্ধ হয়ে তাকে বিয়ে করে সাপুড়ে সমাজে প্রবেশ করেছে।<sup>১৯</sup> দুটো ক্ষেত্রে ভিন্ন জাতের পুরুষের সাপুড়ে বৃত্তি গ্রহণের প্রেক্ষাপট আলাদা মনে হলেও তাদের মধ্যে একটা ঐক্য দেখা যায়। শাহজী ছদ্মবেশ নিতে অর্থাৎ নিরুপায় হয়ে এবং মৃত্যুঞ্জয় নির্বাকব অবস্থায় অর্থাৎ নিরুপায়

হয়েই বান্ধব পেয়ে সাপুড়ে মেয়েকে বিয়ে করে সাপুড়ে হয়েছে। বাংলা উপন্যাসে প্রায় সর্বত্রই উক্ত প্রেক্ষাপটে ভিন্ন জাতের পুরুষ বেদে বহরে যোগ দিয়ে বেদেসমাজে প্রবেশ করেছে বা প্রবেশের চেষ্টা করেছে।

বাংলা উপন্যাসে ভিন্ন জাতের নারী-পুরুষের সঙ্গে বেদেসমাজে নারী-পুরুষের বিয়ে নানা কারণে তাৎপর্যপূর্ণ। ‘একূল ভাঙ্গে ওকূল গড়ে’তে মোচন বেদের বউ বাড়ি পালানো কিশোর বাচ্চুকে মনে মনে তার একমাত্র কন্যা গেন্দীর বর হিসেবে পছন্দ করে নিজের নৌকায় তুলে নেয়। মোচন বেদের স্বশ্রুও ভিন্ন জাতের পুরুষ হয়ে বেদেনীর বাছ বন্ধনে আবদ্ধ হয়ে বেদে সমাজে মিশে গেছে।<sup>৮০</sup> এ জাতীয় বিয়ে বেদে সমাজে খুব বেশি সমস্যার সৃষ্টি করে বলে মনে হয় না। অবশ্য এর উল্টো চিত্র দেখা যায় ‘কাঞ্চনমালা’ ও ‘বেদেনী জোলায়খা’ উপন্যাসে। ‘কাঞ্চনমালা’ উপন্যাসে মালার সঙ্গে কাঞ্চনের গভীর সম্পর্ক গড়ে উঠলে শঙ্কিত মা ময়নাবিবি বাবা মঙ্গলমাঝিকে জানায় এবং প্রথম সুযোগেই কাঞ্চনকে বহর ছাড়া করে।<sup>৮১</sup>

‘বেদেনী জোলায়খা’ উপন্যাসে ভিন্ন জাতের পুরুষের সঙ্গে বেদেকন্যার বিয়ের প্রসঙ্গটি ভিন্নমাত্রা পেয়েছে। বেদের মেয়ের মন ভিন্ন জাতের পুরুষের প্রতি আকৃষ্ট হলে এবং কোনোভাবেই তাকে ফেরানো না গেলে শেষ পর্যন্ত গভীর রাতে নৌকা সাজিয়ে প্রণয়ী যুগলকে ‘ভাটির দেশে’ পাঠিয়ে দেওয়া হয়। কারণ সমাজের বিধান অমান্যকারীর জন্য উক্ত শাস্তি বাধ্যতামূলক। অবশ্য সমাজচ্যুত বেদে ভাটির দেশে গিয়ে নতুন সমাজ তৈরি করে সেখানে বসবাস করতে পারে। ‘নিকাশ দরিয়া’র পারের সেই অঞ্চল থেকে জীবনে আর পূর্ব বহরে ফেরা যায় না বা সর্দারের সামনে আসা যায় না। বেদেনী জোলায়খা এ শাস্তির ভয়াবহতায় আতঁনাদ করে উঠলে তার বাবা মেসের সর্দার কঠোর ভাষায় জানিয়ে দেয়—শাস্তির আদেশটি কোনো বাবার দেওয়া নয়—‘এ আদেশ গুরুর আদেশ।’ উক্ত আদেশ মেনে নিয়েই জোলায়খা তার মনের মানুষ দুলালের অচেতন দেহ নৌকায় তুলে ভাটির দেশ ‘নিকাশ দরিয়া’র দিকে ভেসে যায়।<sup>৮২</sup> কেবল তাই নয় মেসের সর্দার মেয়েকে প্রতিজ্ঞা করিয়ে নেয় যে, বিয়ের আগে সে দুলালকে ‘ভাইয়ের মত’ দেখবে।<sup>৮৩</sup>

‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাসে বাজিকর পুরুষের সঙ্গে ভিন্ন জাতের নারীর বিয়ে প্রসঙ্গে জানা যায়—বাজিকর সোজন জেলের মেয়ে পাখিকে পরস্পরের পছন্দে বিয়ে করলেও উভয় সমাজের চাপে এক পর্যায়ে সোজনকে ছেড়ে পাখিকে চলে যেতে হয়।<sup>৮৪</sup> এবং শেষ পর্যন্ত সোজন পাখিধরা নলুয়া বেদের বহরে যোগ দিয়ে নিজের বহর ছেড়ে চলে যায়।<sup>৮৫</sup>

ভিন্নজাতের নারী-পুরুষের সঙ্গে বেদেসমাজের নারী-পুরুষের বিয়ের ফলাফলের মূল্যায়ন প্রসঙ্গে ‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাসে বলা হয়েছে—‘...বিয়ে এমন একটি ব্যাপার যার শিকড় সমাজের গভীরতম স্তর পর্যন্ত বিস্তৃত। সাধারণভাবে যা চোখে পড়ে না, এইসব গুরুত্বপূর্ণ সামাজিক সম্পর্কের সম্ভাবনায় তা উপরে উঠে আসে।’<sup>৮৬</sup> এই সত্যটি জেনেও যাযাবরত্বের দেয়াল ভেঙ্গে স্থায়ী হতে বেদেমেয়ের আকাঙ্ক্ষা অনেক সময় প্রবল হয়ে পড়ে। ‘রহু চণ্ডালের হাড়’ উপন্যাসে বহরের বর্ষীয়সী সালমা ভিন্নজাতের পুরুষের কাছে চলে যাওয়া পেমাকে বলে—‘বাজিকরের জাতটাই তো এমন, যে কোন ছুতোয় বাঁধা পড়তে চায়।’<sup>৮৭</sup> অবশ্য এই কথাও সমান সত্য যে—‘দলছাড়া যাযাবর মেয়ে-পুরুষ নিজেকে সম্পূর্ণ অসহায় দেখে। দলত্যাগ করার কথা কেউ স্বপ্নেও ভাবে না।’<sup>৮৮</sup> তারপরও জাগতিক নিয়মেই স্বপ্নের অগোচর যে চিন্তা অনেক সময় তা বাস্তব রূপ নেয়। সংগত কারণে কখনো কখনো উভয় পক্ষকে সমঝোতার পথে আসতে হয়। এই প্রসঙ্গে ‘টেউয়ের নদী ক্রান্ত পথ’ এর দৃষ্টান্ত উল্লেখ করা যায়। বাঙালি ব্যবসায়ী খালেকের সঙ্গে বেদেকন্যা ফুলমালার মন দেওয়া-নেওয়া হলে খালেক ফুলমালার দাদুর কাছে বিয়ের প্রস্তাব দেয়। খালেকের নৌকার লোকেরা উক্ত প্রস্তাবে সম্মত ছিল না বিধায় প্রস্তাব দেওয়া তার পক্ষে সহজ ছিল না। নৌকার লোকজন খালেকের ‘জাত’ দেওয়ার বিরোধী ছিল। তারা খালেককে বিয়ে করে জাত দেওয়ার পরিবর্তে—দুই চারদিন মন দেওয়া নেওয়ার খেলার ছলে মনোবাঞ্ছা পূরণের পরামর্শ দেয়। অন্যদিকে খালেকের বিয়ের প্রস্তাবে বেদে সমাজেও মিশ্র প্রতিক্রিয়া দেখা দেয়। বেদেদের অভিজ্ঞতা উক্ত বিয়ের পক্ষে ছিল না। কারণ ইতোমধ্যে তারা দেখেছে তাদের যে মেয়ে অন্যজাতের পুরুষকে বিয়ে করে বহর ছেড়ে চলে গেছে তাদের পরিণতি ভাল হয়নি। বিরোধীদের কথা মাতব্বর এই বলে নাকচ করে দেয় যে ‘গেরস্ত ঘরে আমাগ মাইয়া গেলে আমাগ ইজ্জত বাড়ে।’<sup>৮৯</sup>

#### ৫. বেদেদের প্রণয় সংক্রান্ত দ্বন্দ্ব

বাংলা উপন্যাসে প্রতিফলিত বেদে সমাজে প্রণয় সংক্রান্ত দ্বন্দ্ব-সংঘাতের আধিক্য দেখা যায়। বিশেষ করে ত্রিভুজ প্রেমের ক্ষেত্রে উক্ত সংঘাত অনিবার্য। কেবল বেদে সমাজেই নয় ত্রিভুজ প্রেমের ক্ষেত্রে দ্বন্দ্ব-সংঘাত পৃথিবীর যে কোনো প্রান্তে—যে কোনো সমাজেই লক্ষণীয়। তবে যাযাবর ও আরণ্যক জীবনের ক্ষেত্রে এ সংঘাতের স্বরূপ ও পরিণাম অত্যন্ত ভয়াবহ হয়ে থাকে। ‘নাগিনী কন্যার কাহিনী’তে সাঁতালির বিষবেদের মিথ অনুযায়ী ‘শিরবেদে আর বিষহরির কন্যে—বাপ আর বেটী।’ সেই মিথ অনুযায়ী নাগিনী কন্যা শবলা শিরবেদে মহাদেবের কন্যা। অথচ শবলার উপর বৃদ্ধ মহাদেবের দৃষ্টি

পড়েছিল এবং সে দুর্বলতা চোখে দেখা না গেলেও শবলা তা ‘অন্তরে অন্তরে’ অনুভব করেছিল। বিষবেদে সমাজের এক জোয়ানবেদে শবলাকে প্রণয় নিবেদন করলে শবলার প্রতি মহাদেবের অতি গোপন প্রণয়াকাজক্ষা তীব্র হয়ে দেখা দেয়। নাগিনীকন্যার বাধ্যবাধকতার জন্য শবলা জোয়ানবেদের প্রণয়ে সাড়া দিতে না পারলেও তার প্রতি মমত্ব অনুভব করে। বিষয়টি টের পেয়ে শবলার প্রণয়ী জোয়ানবেদের প্রতি মহাদেব প্রতিহিংসা পরায়ণ হয়ে ওঠে। এক রাতে সুযোগ বুঝে সে একটা আকামা বিষধর সাপের সাহায্যে ওরা দুজনকে হত্যার চেষ্টা করে। কিন্তু শবলা সেখানে ছিল না বলে প্রাণে বেঁচে যায়। পরদিন মহাদেব জোয়ানবেদের মৃত্যুকে নাগিনীকন্যা শবলার প্রতি আসক্তিজানিত ফল বলে প্রচার করে। কারণ তাদের বিশ্বাস অনুযায়ী বেদেনী কন্যার দিকে পুরুষকে তাকাতে নেই—বেদের পুরুষের তো ‘নাই-ই’।<sup>৯০</sup> শবলা মহাদেবের প্রতিহিংসার বিষয়টি ঠিকই বুঝতে পারে। তাই মহাদেব যখন জোয়ানবেদের পাপজনিত মৃত্যুর কথা বলছিল তখন প্রতিশোধ স্পৃহায় তার অবয়ব পাণ্টে যায়। পরে শিবরামকে উক্ত প্রসঙ্গটি বলার সময়ও শারীরিক পরিবর্তনে ও কণ্ঠস্বরের জ্বালায় মহাদেবের প্রতি শবলার তীব্র আক্রোশ অত্যন্ত স্পষ্ট। আরও পরে মহাদেব টাকার বিনিময়ে শিবরামকে সর্পিবিদ্যা শেখাতে চেয়ে ফাঁকি দিয়েছে মনে করে অর্থাৎ মহাদেব প্রসঙ্গ উঠলেই শবলার চোখের দৃষ্টি অস্বাভাবিক হয়ে পড়ে—তাকে দেখলে ফণাধারিণী বিষধর বলে মনে হয়।<sup>৯১</sup> পরবর্তীকালে শবলা মা-বিষহরির কাছে তার প্রণয়ী হত্যার দায়ে মহাদেবকে অভিযুক্ত করে বিচার চায় এবং মা-বিষহরির কাছে বিচার চেয়েই শবলা তার কর্তব্য শেষ করে না। শেষ পর্যন্ত সে তার প্রতিশোধ স্পৃহা চরিতার্থ করার জন্য মহাদেবের অঙ্কশায়ী হয়ে সুযোগ বুঝে তাকে হত্যা করে। অঙ্ককারে নৌকায় নগ্ন শবলাকে চিনতে পেরেই মহাদেব তাকে গ্রহণ করেছিল—যা থেকে শবলার প্রতি মহাদেবের গোপন কামনা যে শবলার চোখে যথার্থই ধরা পড়েছিল তা বোঝা যায় এবং এ সিদ্ধান্তেও আসা যায় যে শিববেদে মহাদেব নয়—প্রেমিক মহাদেব নিজের পথ পরিষ্কার করার জন্যই প্রতিদ্বন্দ্বী জোয়ানবেদকে দুনিয়া থেকে সরিয়ে দিয়েছে। শবলার জীবনে জোয়ানবেদে আসার পূর্বেই শবলার প্রেমিক মনে করে মহাদেব এক গৃহস্থকে হত্যার চেষ্টা করে—যা থেকে শবলার প্রতি মহাদেবের আকর্ষণের তীব্রতা অনুমেয়। গ্রামে বেসাতিকালে সুদর্শন-তরুণ-ধনী গৃহস্থামী শবলাকে আশাতিরিক্ত উপহার সামগ্রী দিলে মহাদেবের মাথা খারাপ হয়ে যায় এবং রাতে নৌকায় শবলাকে না দেখে ‘দুয়ে দুয়ে চার’ করে ফেলে। কিন্তু কুকুরের তাড়া ও কামড় খেয়ে কোনো অঘটন ঘটার আগেই তাকে ফিরে আসতে হয়।<sup>৯২</sup>

পরবর্তী নাগিনীকন্যা পিঙলাকে কেন্দ্র করে শিববেদে গঙ্গারাম ও নাগু ঠাকুরের দ্বন্দ্ব ছিল প্রকাশ্য। যথার্থীতি গঙ্গারাম নাগিনীকন্যা পিঙলার প্রতি আসক্ত হয়ে পড়ে এবং সে কেবল মনে মনেই তার প্রণয়াকাজক্ষী ছিল না। সে পিঙলাকে পাবার জন্য সাধ্যমত চেষ্টা করেছে। নাগু ঠাকুর প্রকাশ্যে পিঙলার প্রতি প্রণয় নিবেদন করলে ধূর্ত গঙ্গারাম নাগিনীকন্যার ‘ধরম’ বাঁচানোর কথা বলে নাগু ঠাকুরকে হঠাৎ আক্রমণ করে বেঁধে ফেলে। পিঙলা গঙ্গারামের মতলব ভালো করে জানত বলেই বুঝেছিল—সুযোগ পেলে পাপী গঙ্গারাম নাগু ঠাকুরকে জ্যান্ত রাখবে না—খুন করে হাঙরমুখীর খালে ভাসিয়ে দেবে। পিঙলার চেষ্টায় মুক্ত হয়ে নাগু ঠাকুর নাগিনীকন্যার দায়বদ্ধতা থেকে পিঙলার মুক্তির সনদ আনতে চলে গেলে গঙ্গারাম পিঙলাকে পাবার জন্য মরিয়া হয়ে ওঠে এবং বিষবেদের বিশ্বাসের সঙ্গে তার বিদ্যার মিশ্রণ ঘটিয়ে তাকে পেতে চেষ্টা করে। এতৎসঙ্গেও পিঙলা গঙ্গারামের বাহুবন্ধনে ধরা না দিয়ে নাগিনীকন্যার মাহাত্ম্য বজায় রেখে আত্মহত্যার পথ বেছে নেয়।<sup>৯৩</sup>

‘পদ্মদীঘির বেদেনী’তে বিধবা বেদেনী ময়না ভৈরবকে মন-প্রাণ সঁপে দিলেও ভৈরব নির্বিকার। ভৈরবের নির্বিকারত্ব ময়না মেনে নিলেও তার আখড়ায় শ্যামলীর উপস্থিতি মেনে নিতে পারে না। ময়না বুঝতে পেরেছে শ্যামলী ভৈরবের পায়ে আত্মনিবেদনের জন্য প্রস্তুত। ফলে সে শ্যামলীকে তার পথের কাঁটা হিসেবে গণ্য করেছে। উক্ত পরিস্থিতিতে ভৈরবের আখড়া থেকে শ্যামলীর গান ভেসে এলে ‘ময়নার কানে আগুন-গলানো টলটলে ধাতু কে যেন ঢেলে দেয়।’ এবং ময়নার তাত্ক্ষণিক প্রতিক্রিয়া হয় ভয়ঙ্কর,

ময়না উঠে দাঁড়ায়। ...আঁচলখানা শক্ত করে জড়িয়ে পরে কোমরে। তার স্বামীর রাখা বহুদিনের সঞ্চিত কতটুকু মদ বোতল ভেঙ্গে ঢকঢক করে খেয়ে ফেলে। বেছে বেছে শাণিত টাংগিখানা টেনে আনে মাচার দুয়ার থেকে। কি এক কুটিল হাসিতে যে তার মুখখানা ভরে ওঠে। টাংগির ধারের মতো একটা নিষ্ঠুর হিংসার দ্যুতি যেন বকমক করতে থাকে তার বুকের রক্তে। বাসা খোলা ফেলে সে ছুটে চলে উর্দ্ধশ্বাসে। সাপ-খোপ কাঁটা জঙ্গল তার পায়ের তলায় নিষ্পেসিত হয়ে যেতে থাকে।<sup>৯৪</sup>

ঘটনার আকস্মিকতায় হতভম্ব ভৈরব শ্যামলীকে রক্ষা করতে এলে ময়নার টাঙ্গির আঘাত লক্ষ্যভ্রষ্ট হয়ে ভৈরবের হাতে লাগে এবং ভৈরবের হাতের রক্তে ময়নার সারা শরীর মাখামাখি হয়ে যায়। রক্তাক্ত ভৈরবকে দেখে ময়নার নেশা ছুটে যায়—সে অনুতপ্ত হয়।<sup>৯৫</sup>

উক্ত উপন্যাসে নয়ন-ময়নার সম্পর্ক অনেকটাই ভাই-বোনের মতো। তারপরেও ময়নার চাচাবাড়ি যাওয়ার পথে চর-গোখুরীর মাঠে শেষ রাতের জ্যোৎস্নায় নয়নকে দেখে ময়নার ভেতরে কামভাব জেগে ওঠলেও নয়নের নিষ্পাপ অভিব্যক্তি এ যাত্রা তাদের স্বাভাবিক সম্পর্ক অটুট রাখতে সহায়তা করে। ময়নার চাচা রাজা সাহেবের বেদেবহরে রাত যাপনের সময় নয়নের তাঁবুতে ময়নাকে যেতে বলা হলেও সে নিজে না গিয়ে রাজা সাহেবের ঔরসজাত বাঁদির মেয়ে শুখকে পাঠিয়ে

দেয়। পরদিন সকালে শুখের দেহ-মনে সন্তোষ সুখের চিহ্ন দেখে ময়নার অনুতাপের শেষ থাকে না—শুখের প্রতি তার হিংসাত্মক মনোভাব জেগে ওঠে এবং প্রথম সুযোগেই নয়নকে শয্যাসঙ্গী করার জন্য সে নিজেকে গুছিয়ে নেয়। রাতে দোদুল্যমান ময়না নয়নের শোবার তাঁবুতে এলে সেখানে শুখকে বসে থাকতে দেখে। শুখকে দেখেই ময়না নিজেকে ধরে রাখতে ব্যর্থ হয় এবং গালিগালাজ করে শুখকে নয়নের তাঁবু থেকে বের করে দেয়। ময়নার গালাগাল শুনে রাজা সাহেব ছুটে এসে নয়ন-ময়না-শুখের বিষয়টি বুঝতে পারে এবং পরিণামে শুখকে অত্যন্ত যত্নশীল ভোগ করতে হয়। শুখের যত্নশীল ভোগের মধ্য দিয়ে ময়নার প্রতিহিংসার অবসান ঘটে এবং তার যৌন কামনাও যেন স্তিমিত হয়ে পড়ে। তাই সে নয়নকে নিয়ে চুপিচুপি পদ্মদীঘির উদ্দেশ্যে সেই অবস্থাতেই বেরিয়ে পড়ে।<sup>৯৬</sup> নিঃসন্তান বিধবা ময়না নরক থেকে মুক্তির জন্য ভৈরবের কাছে সন্তান ভিক্ষা চায়। ভৈরব ময়নাকে ‘পাগল’ আখ্যায়িত করে ফিরিয়ে দিলে অকস্মাৎ ময়নার ধৈর্যের সব বাঁধ ভেঙ্গে যায়—তার কথা ও আচরণ উগ্র হয়ে ওঠে,

কি হামি পাগলা—আর সব সেয়ান? বুন্দো বেদেনী বাড়-বাগ্নির মতো জ্বলে ওঠে। তার খোঁপা খুলে গেছে, ফুলের মালা ঘরের পাটাতনে লুটিয়ে পড়েছে। সব সেয়ান—আর হামি অজ্ঞেয়ান—ভাগ তোর বিচার লিয়ে। এখন তার বুকের আঁচলও খুলে পড়ে বিশৃঙ্খল হয়ে। ময়না সরোষে ভৈরবকে একটা লাথি মারে। মিঠা জামির।<sup>৯৭</sup>

‘বেদেনী জোলায়খা’তে গ্রামের গায়ক দুলাল ও বেদেকন্যা জোলায়খা পরস্পরের কাছাকাছি আসলেও জোলায়খা বেদেকন্যা বিধায় দুলালের পরিবার জোর করে দুলালের অন্যত্র বিয়ে দেয়ার চেষ্টা করে। এতে ক্ষিপ্ত হয়ে প্রতিশোধ পরায়ণ জোলায়খা বাসর রাতেই দুলালের খাবার পানির সঙ্গে সাপের বিষ মিশিয়ে তাকে এমনভাবে অজ্ঞান করে যা মৃত্যুর নামান্তর। দুলালের বিয়ের কথা শুনে জোলায়খা প্রথমে বেদনায় মূক হয়ে যায়। তারপর দুলালের হবু স্ত্রীর সৌভাগ্য কল্পনা করে সে আর স্থির থাকতে পারে না। তার দেহ-মনে আগুন ধরে যায়—যে আগুন মেঘনা-ব্রহ্মপুত্রের অঁঠে পানি দিয়ে—এমনকি শ্রাবণের অবর ধারাতেও নিভবে না। এক বুক প্রতিহিংসার আগুন বুক নিয়ে জোলায়খা তার পরবর্তী কর্মপন্থা মনে মনে ঠিক করে নেয়—

বেদের মেয়ে সে আঘাত-খাওয়া জীবন নিয়ে চেখের পানি ঝরাবে না। কোন অভিযোগ জানাবে না, কারুর কাছে। তার প্রতিকার সে নিজের হাতেই করবে। জীবনভর ব্যথার বেসাতি নিয়ে সে দিন কাটাতে পারবে না। প্রতিকার! হ্যাঁ, আমিই তার প্রতিকার করবো। যে প্রাণের অধিকার আমি পেয়েছি, সেই অধিকারের জোরেই সবকিছু তছনছ করে দেব। আগুন জ্বালাবো, হ্যাঁ আগুন।<sup>৯৮</sup>

উক্ত ‘আগুন’ জ্বালানোর জন্য জোলায়খা গুরুর আদেশ না নিয়েই ‘ইন্দ্রপুরী’ নাচের জন্য প্রস্তুত হয়। সখী জৈগুন গুরুর কথা স্মরণ করিয়ে দিলে সে সোজা জানিয়ে দেয়—তার মনের চেয়ে তো তার বাবা অর্থাৎ গুরু বড় নয়। ইন্দ্রপুরী এক অদ্ভুত নাচ। এই নাচে ভুল হলে কালনাগ নৃত্যশিল্পীকে দংশন করে আর নাচে জয়ী হলে কালনাগ নৃত্যশিল্পীর ‘গোলাম’ হয়ে থাকে। এই নাচে জয়ী হয়ে অকালবোধনে জগ্নত কালনাগের বিষ কাজে লাগিয়ে জোলায়খা তার প্রতিহিংসা চরিতার্থ করেছে।<sup>৯৯</sup>

‘কাঞ্চনমালা’ উপন্যাসে ত্রিভুজ প্রেমের দুটি চিত্র ও তৎজনিত সংঘাতের সাক্ষাৎ পাওয়া যায়। বেদে সর্দার মঙ্গলমাঝির কন্যা মালা ও ভিন্ন জাতের পুরুষ কাঞ্চন পরস্পরের প্রতি অনুরক্ত। অন্যদিকে বেদে কন্যা চাঁপা মদন বেদেকে ‘দুনিয়াতে সবার উপরে’ ঠাঁই দিলেও মদন মালার জন্য পাগলপ্রায়। বেদে বহরে কাঞ্চনের অন্তর্ভুক্তির প্রথম থেকেই মদন কাঞ্চনের প্রতি বিরূপ। কারণ কাঞ্চনের উপস্থিতি মালাকে পাওয়ার ক্ষেত্রে একমাত্র বাধা বলে তার মনে হয়েছে। তাই নদীতে নৌকা চালানোর সময় মদন কৌশলে কাঞ্চনের নৌকায় ধাক্কা দিয়ে তাকে ফেলে দেবার চেষ্টা করে। পরে কাঞ্চনকে মৃত্যুর মুখে ঠেলে দেবার একটা সুবর্ণ সুযোগ পেয়ে যায় মদন। নদী তীরবর্তী জঙ্গলে অজগর সাপ দেখে মদন ও কাঞ্চন উভয়েই তা ধরতে চায়। মদন একটু জেদাজেদের ভান করে এ কাজে কাঞ্চনকে উসকে দেয়। এমনকি সাপটা ধরার ক্ষেত্রে কাঞ্চনকে অধিকতর প্রলুব্ধ করার জন্য সে চুপি চুপি এও জানিয়ে দেয় যে, সাপটা ধরতে পারলে মালার প্রতি কাঞ্চনের অধিকার সে মেনে নেবে। অজগর ধরার বিষয়টাকে মদন কাঞ্চনের ক্ষেত্রে ফাঁস হিসাবে ব্যবহার করতে চেয়েছে। তার নিশ্চিত বিশ্বাস ছিল অজগরই কাঞ্চনকে শিকারে পরিণত করবে। মঙ্গলমাঝির তৎপরতায় কাঞ্চন সে যাত্রা প্রাণে বেঁচে যায়।<sup>১০০</sup>

পরবর্তী পর্যায়ে কাঞ্চন-মালার প্রণয়ে ফাটল ধরাবার জন্য মদন তার প্রতি অনুরক্ত চাঁপাকে ব্যবহার করে। সন্ধ্যার প্রায়াক্ষকারে পূর্ব পরিকল্পনামত চাঁপা ঝোপের ধারে বংশীবাদনরত কাঞ্চনের কাছে গিয়ে তার পুঁতির মালার সুতা ছিঁড়ে ফেলে (এ মালা কাঞ্চনই চাঁপাকে দিয়েছিল) এবং মালাখানি পুনরায় তার গলায় পরিয়ে দেবার জন্য কাঞ্চনকে অনুরোধ করে। চাঁপা হেলেদুলে কাঞ্চনের কাছে বিগ্ন সৃষ্টির মাধ্যমে সময় ক্ষেপণ করে এবং মদনের সঙ্গে সর্দারসহ বহরের অনেককে কাছাকাছি দেখতে পেয়ে সে হঠাৎ কাঞ্চনকে জোর করে ঠেলে ফেলে দিয়ে এমনভাবে চিৎকার করে যেন কাঞ্চন তার সম্মানহানির চেষ্টা করছে। মদন-চাঁপার পরিকল্পনার বাস্তবায়ন এতটাই নিখুঁত ছিল যে, সর্দারসহ বেদে বহরের প্রায় সকলেই কাঞ্চনের দিক হতে মুখ ফিরিয়ে নেয় এবং সর্দার তাকে বহর ছেড়ে যেতে বাধ্য করে। শেষ অবলম্বন হিসেবে কাঞ্চন মালার দিকে চাইলে মালা মুখ নিচু করে নেয় এবং পরিস্থিতি অনুকূলে রাখার জন্য চাঁপা হঠাৎ মালাকে সাবধান করে—মালা যেন সুযোগ সন্ধানী কাঞ্চনের ফাঁদে পা না দেয়।<sup>১০১</sup>

বিতাড়িত কাঞ্চন বহরের কাছাকাছি অবস্থান নিয়ে মালাকে প্রকৃত ব্যাপার বোঝাতে চেষ্টা করে। অন্যদিকে মালার প্রতি মদনের টানের বিপরীতে তার প্রতি মদনের অবহেলার ভাব দেখে চাঁপা নিজের ভুল বুঝতে পারে। সে মালাকে প্রকৃত বিষয়টা খুলে বললে মালা ষড়যন্ত্রের স্বরূপ বুঝতে পারে এবং এক রাতে কাঞ্চনের হাত ধরে বেদের বহর ছেড়ে চলে যায়। পলায়নরত যুগলের দিকে মদন তার মন্ত্রপূত ‘কালনাগিনী’ ছেড়ে দিয়ে তাদের হত্যা করার মাধ্যমে প্রতিহিংসা চরিতার্থ করার চেষ্টা করে। ‘রছ চণ্ডালের হাড়’ উপন্যাসে মালদহের নমনকুড়ি অঞ্চলের ধনী সদগোপ পরিবারের কন্যা সুন্দরী রাধার সঙ্গে বাজিকর জামিরের শারীরিক সম্পর্ক গড়ে উঠলে রাধাকে কেন্দ্র করে রাধার প্রণয়াকাজক্ষী শক্তিশালী সদগোপ দেদোনের মরণপণ সংঘাত শুরু হয়। এই সংঘাতে প্রাথমিকভাবে জয়ী জামির দেদোনকে হত্যা না করে ছেড়ে দিলে পরবর্তী পর্যায়ে দেদোন দলবলসহ বাজিকর পাড়া পুড়িয়ে বাজিকর নারীদের নির্বিচারে সন্ত্রাসহানী করে।<sup>১০২</sup>

## ৬. উপসংহার

বেদে সম্প্রদায় যৌনাচারের ক্ষেত্রে নৈতিকতার ধার তেমন ধারে না বলে মনে হলেও এর কয়েকটি দিক লক্ষণীয়: এক. পেশাগত দায়িত্ব পালনকালে তারা নৈতিকতা বিসর্জন দিতে অনেকটা বাধ্য থাকে। লোকালয়ে বেদে নারীদের যৌনাবেদনময় উপস্থিতি, কামকলা পটীয়ান কথন ও ভঙ্গিমা ইত্যাদি তাদের কুলবৃত্তির সঙ্গে নিবিড়ভাবে যুক্ত। সংগত কারণে বিশেষ করে প্রশাসন ও ক্ষমতাস্বত্বের লোলুপতা থেকে দলকে মুক্ত করার বৃহৎ স্বার্থে কখনো কখনো তাদের নারীদের নীতি বর্হিভূত কাজে অংশ নিতে হয়। বেদেদের ধর্মীয় বিশ্বাস ও তার ব্যবহারিক দিক মূলত পেশাকেন্দ্রিক এবং সেইজন্য তা সামাজিকভাবে বহুলাংশে শিথিল। তাই তাদের ধর্মীয় অনুশাসন ও সামাজিক বিচারে বজ্র আঁটুনি ফসকা গোরের প্রবণতা অতিমাত্রায় সক্রিয়। এই সক্রিয়তার মূলে রয়েছে তাদের দারিদ্র্য ও বৃহৎ জনগোষ্ঠী হতে তাদের বিচ্ছিন্নতা। বস্ত্রত নির্বিল্ল জীবন-যাপনের জন্যই তারা নৈতিক শৈথিল্য মেনে নিতে বাধ্য হয় বললে অত্যুক্তি হয় না। বেদে নারীর প্রচলিত সংস্কার— বিশেষ করে সম্মানহীন থাকার কথিত পরিণতি তাকে পরপুরুষ গ্রহণে প্রলুব্ধ করে। খাঁচায় পোষা প্রাণী/পাখির জীবন থেকে বেদে নারীদের অনেকেই মুক্ত হতে গিয়ে জাত-পাতের বিধান মানতে পারে না। আবার নর-নারীর সম্পর্কের অমানবিকতায় তাদের প্রতিশোধ পরায়ণতা চরম আকার ধারণ করে। প্রণয় সংক্রান্ত দ্বন্দ্বের ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বীদ্বয় তাদের শিক্ষা ও দক্ষতাকে কাজে লাগিয়ে প্রতিদ্বন্দ্বীকে সংহারের যে পরিকল্পনা গ্রহণ করে তাতে স্বাভাবিক মৃত্যুর চিহ্নসমূহ বর্তমান থাকে। ব্যতিক্রমী বাল্যবিয়ের বিপরীতে তাদের মধ্যে স্বয়ংবর প্রথার প্রচলন বেশি। এই ব্যবস্থাকে কাজে লাগিয়ে বেদে পরিবার খুবই সম্ভবপূর্ণে তাদের মেয়েদের সেই সব পুরুষের প্রতি আগ্রহী করে তুলে— যাদেরকে দিয়ে বহরের পুরুষের অভাব দূরীভূত হয়ে শক্তি সঞ্চয় করা সম্ভব। তাদের বিয়ের আনুষ্ঠানিকতায় আবহমান বাংলার রীতিনীতি লক্ষণীয় মাত্রায় উপস্থিত— যা ক্রমশ বাংলার বৃহত্তর জনগোষ্ঠী বাঙালি সমাজ দ্বারা প্রভাবিত হয়েছে।

## তথ্যসূত্র

- <sup>১</sup> আশুতোষ ভট্টাচার্য, বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস (অষ্টম সংস্করণ; কলকাতা: এ মুখার্জী অ্যান্ড কোং প্রাঃ নিঃ ১৯৯৮), পৃ. ২৪৯।
- <sup>২</sup> আশুতোষ ভট্টাচার্য, বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস, পৃ. ২৪৯। রেজাউর রহমান, সাপ (ঢাকা: বাংলা একাডেমী, ১৯৮৮), পৃ. ৩৩।
- <sup>৩</sup> রেজাউর রহমান, সাপ, পৃ. ১৪-১৫।
- <sup>৪</sup> স্বপ্নেদ, ১০/১৬/৬, ১/১৯১/৭।
- <sup>৫</sup> অর্থববেদ, ৫/৩/৩, ৬/২/৪-৬, ৬/৬/১-৩।
- <sup>৬</sup> মহাভারত, আদি কাণ্ড।
- <sup>৭</sup> অর্থশাস্ত্র, ৪/৩/১।
- <sup>৮</sup> তদেব, ২/২৪/১০।
- <sup>৯</sup> নীহাররঞ্জন রায়, বাঙ্গালীর ইতিহাস, আদি পর্ব (দ্বিতীয় সংস্করণ; কলকাতা: দে'জ পাবলিশিং, ১৯৯৩), পৃ. ২৫১।
- <sup>১০</sup> আশুতোষ ভট্টাচার্য, বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস, পৃ. ২৬৩-৮০।
- <sup>১১</sup> বাংলা পিডিয়া, "বেদে" ভুক্তি।
- <sup>১২</sup> বাংলা বিশ্বকোষ, "বেদে" ভুক্তি।
- <sup>১৩</sup> World Book Encyclopedia, s.v. "Gypsy" উদ্ধৃত, নাজমুন নাহার লাইজু, বাংলাদেশের বেদে সম্প্রদায় (ঢাকা: শোভা প্রকাশ, ২০১১), পৃ. ২৯।
- <sup>১৪</sup> Encyclopaedia Britannica, s.v. "Gypsy" উদ্ধৃত, নাজমুন নাহার লাইজু, বাংলাদেশের বেদে সম্প্রদায়, পৃ. ২৯।
- <sup>১৫</sup> Political Dept. Police Branch, A Proceedings, Govt. of Bengal, Calcutta, March, 1916, p-77. উদ্ধৃত, নাজমুন নাহার লাইজু, বাংলাদেশের বেদে সম্প্রদায়, পৃ. ২৭।
- <sup>১৬</sup> Jahanara Huq Choudhury, Pearl-Women of Dhaka, p-76. উদ্ধৃত, নাজমুন নাহার লাইজু, বাংলাদেশের বেদে সম্প্রদায়, পৃ. ২৮।
- <sup>১৭</sup> অর্থশাস্ত্র, ১/১২/১-৫।
- <sup>১৮</sup> তারাকান্ত বন্দ্যোপাধ্যায়, “যাদুকরী”, তারাকান্ত রচনাবলী, ৮ম খণ্ড (কলকাতা: মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাঃ লিঃ, ১৯৭৪), পৃ. ৪০৬।
- <sup>১৯</sup> জেমস টেলর, কোম্পানী আমলে ঢাকা, অনুবাদ-মোহাম্মদ আসাদুজ্জামান (ঢাকা: বাংলা একাডেমী, ১৯৭৮), পৃ. ১৫২, ১৮৩-৮৪ ও ১৯০।

- <sup>২০</sup> অভিজিৎ সেন, *রহু চণ্ডালের হাড়* (প্রথম নান্দনিক প্রকাশ; ঢাকা: নান্দনিক, ২০১২), পৃ. ৮। বেদেদের ধর্মীয় পরিচয়ের জন্য দ্রষ্টব্য, মুহম্মদ আলমগীর, “বাংলা উপন্যাসে বেদে সম্প্রদায়ের আত্ম ও ধর্মীয় পরিচয় (১৯৪৯-২০১৪)”, *বাংলার জনজাতি ও সংস্কৃতি*, ড. মোঃ জাহাঙ্গীর হোসেন সম্পাদিত। (রাজশাহী: বাংলাদেশ ফোকলোর গবেষণা কেন্দ্র, ২০১৯), পৃ. ১-১৬।
- <sup>২১</sup> জেমস ওয়াইজ, পূর্ববঙ্গের বিভিন্ন জাতি, বর্ণ ও পেশার বিবরণ, অনুবাদ-ফজলুর করিম (সুবর্ণ সংস্করণ; ঢাকা: সুবর্ণ, ২০১৪), পৃ. ৬৯ ও ২৫২-৫৫।
- <sup>২২</sup> নাজমুন নাহার লাইজু, *বাংলাদেশের বেদে সম্প্রদায়*, পৃ. ৩৩।
- <sup>২৩</sup> Jahanara Huq Choudhury, Pearl-Women of Dkaka, P-76, উদ্ধৃত, নাজমুন নাহার লাইজু, *বাংলাদেশের বেদে সম্প্রদায়*, পৃ. ২৮।
- <sup>২৪</sup> বাংলা পিডিয়া, “বেদে” ভুক্তি।
- <sup>২৫</sup> নাজমুন নাহার লাইজু, *বাংলাদেশের বেদে সম্প্রদায়*, পৃ. ২৮।
- <sup>২৬</sup> বাংলা পিডিয়া, “বেদে” ভুক্তি।
- <sup>২৭</sup> ইব্রাহীম খলীল, *বেদেনী জোলায়খা* (দ্বিতীয় সংস্করণ; ঢাকা: আহমদ পাবলিশিং হাউস, ১৯৬৬), পৃ. ৪৭।
- <sup>২৮</sup> অভিজিৎ সেন, *রহু চণ্ডালের হাড়*, পৃ. ৪৯।
- <sup>২৯</sup> অমরেন্দ্র ঘোষ, *পদ্মদীঘির বেদেনী* (দ্বিতীয় সংস্করণ; কলকাতা: গুরুদাস চট্টোপাধ্যায় এন্ড সন্স, ১৯৫৫), পৃ. ৮৫।
- <sup>৩০</sup> অভিজিৎ সেন, *রহু চণ্ডালের হাড়*, পৃ. ৯৩-৯৫।
- <sup>৩১</sup> ইব্রাহীম খলীল, *বেদেনী জোলায়খা*, পৃ. ৪৭।
- <sup>৩২</sup> সত্যেন সেন, *একল ভাঙ্গে ওকুল গড়ে* (ঢাকা: আনিছ বাদ্রাস, প্রকাশকাল নেই), পৃ. ১৩৯-৪৪।
- <sup>৩৩</sup> অমরেন্দ্র ঘোষ, *পদ্মদীঘির বেদেনী*, পৃ. ৭৮-৮৬।
- <sup>৩৪</sup> তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, *নাগিনীকন্যার কাহিনী*, তারাশঙ্কর রচনাবলী, অষ্টম খণ্ড (কলকাতা: মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রা.লি., ১৯৭৪), পৃ. ১৩৩।
- <sup>৩৫</sup> অমরেন্দ্র ঘোষ, *পদ্মদীঘির বেদেনী*, পৃ. ৭৬।
- <sup>৩৬</sup> ...খবরদার মিয়ারা, যা কর, যা কর, বাইদ্যার কিল খাইয়া জাইত দিও না। বাইদ্যার মাইয়ার টান টান সিনা দেইখা টোলার দিকে গেলে আর আন্ত ফিইরা আসতে পারবে না ছ। বাইদ্যা বড় বিষম জাত। সরদার আব্দুর রাজ্জাক, *ঢেউয়ের নদী ক্রান্ত পথ* (ঢাকা: নওরোজ কিতাবিস্তান, ১৯৭২), পৃ. ৪৮।
- <sup>৩৭</sup> শামসুদ্দীন আবুল কালাম, *কাঞ্চনমালা* (ঢাকা: ওসমানিয়া বুক ডিপো, ১৯৬১), পৃ. ১০০।
- <sup>৩৮</sup> তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, *নাগিনীকন্যার কাহিনী*, পৃ. ২০৭।
- <sup>৩৯</sup> তদেব, পৃ. ১১১ ও ২০৭।
- <sup>৪০</sup> তদেব, পৃ. ১১১।
- <sup>৪১</sup> তদেব, পৃ. ৮১ ও ১৩৮।
- <sup>৪২</sup> তদেব, পৃ. ১৩৭ ও ২০৭।
- <sup>৪৩</sup> তদেব, পৃ. ৯৫, ১৩৭, ১৩৯, ১৫৩, ২০৭ ও ২১২।
- <sup>৪৪</sup> তদেব, পৃ. ২১০, ২১৩ ও ২২৩।
- <sup>৪৫</sup> অমরেন্দ্র ঘোষ, *পদ্মদীঘির বেদেনী*, পৃ. ১১, ১৩, ৬৮ ও ৭১।
- <sup>৪৬</sup> তদেব, পৃ. ১৮২।
- <sup>৪৭</sup> তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, *নাগিনীকন্যার কাহিনী*, পৃ. ১৩৭।
- <sup>৪৮</sup> অভিজিৎ সেন, *রহু চণ্ডালের হাড়*, পৃ. ৫৪ ও ৬৫।
- <sup>৪৯</sup> তদেব, পৃ. ৪৮ ও ৬১-৬২।
- <sup>৫০</sup> তদেব, পৃ. ৪৮।
- <sup>৫১</sup> তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, *নাগিনীকন্যার কাহিনী*, পৃ. ১১১-১১২, ১৫৮ ও ২০৭।
- <sup>৫২</sup> রাবেয়া খাতুন, *মধুমতী* (ঢাকা: কথা বিতান, ১৯৬৩), পৃ. ১৫। বৌ পোয়াতী বা সদ্য-প্রসূতি হলে পুরুষের উক্ত নাচন তুঙ্গে ওঠে। সদ্য প্রসূতি বৌ এর কারণে ঘরে বেদের মন টিকে না। বেদেনী বুঝতে পারে সন্তান হওয়ার পর থেকে তার পুরুষ মেয়ে মানুষের শরীরের গন্ধের জন্য বাইরে বাইরে ঘোরে। এসব ক্ষেত্রে যদি যৌবনবতী সদ্য বিধবা রূপসী বেদেনী নিজেই সাত (পা) এগিয়ে আসে তবে বেদে পুরুষের আর কিছুই করার থাকে না। সরদার আব্দুর রাজ্জাক, *ঢেউয়ের নদী ক্রান্ত পথ*, পৃ. ৪১-৪২।
- <sup>৫৩</sup> ইব্রাহীম খলীল, *বেদেনী জোলায়খা*, পৃ. ১৪৬ ও ১৪৯-৫০।
- <sup>৫৪</sup> তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, *নাগিনীকন্যার কাহিনী*, পৃ. ৯৫-৯৬ ও ১৮৫।
- <sup>৫৫</sup> অভিজিৎ সেন, *রহু চণ্ডালের হাড়*, পৃ. ১২।
- <sup>৫৬</sup> ইব্রাহীম খলীল, *বেদেনী জোলায়খা*, পৃ. ৪৭। সাপধরা-খেলানো ও অন্যান্য ব্যবসার ফাঁকে ফাঁকে বেদের বিয়ের সম্বন্ধ ঠিক করা হয় এবং অনেক সময় ভোজবাজী দেখানোর মত করেই দুটি বেদে ছেলে মেয়ের মধ্যে দৃষ্টি বিনিময়ের বাজী খেলা শুরু হয়। সরদার আব্দুর রাজ্জাক, *ঢেউয়ের নদী ক্রান্ত পথ*, পৃ. ৩৮।
- <sup>৫৭</sup> তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, *নাগিনীকন্যার কাহিনী*, পৃ. ৯৫ ও ১৯৮। কোনো কোনো বহরে স্বামী স্ত্রীকে খড়ম দিয়ে পেটালেই স্বামী স্ত্রীর সম্পর্ক নষ্ট হয়—বউ তালক হয়ে যায়। সরদার আব্দুর রাজ্জাক, *ঢেউয়ের নদী ক্রান্ত পথ*, পৃ. ৪২।
- <sup>৫৮</sup> তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, *নাগিনীকন্যার কাহিনী*, পৃ. ১৮৫। বছরে একবার বেদেদের সবগুলো বহর এক জায়গায় একত্রিত হয়। সেখানে তারা পারস্পরিক আলোচনা করে, বিয়েশাদী দেয়। জেমস ওয়াইজ, পূর্ববঙ্গের বিভিন্ন জাতি, বর্ণ ও পেশার বিবরণ, পৃ. ২৫২।
- <sup>৫৯</sup> ইব্রাহীম খলীল, *বেদেনী জোলায়খা*, পৃ. ২-৩। বৎসরান্তে খালে নদীনালায় যখন দেখা দেয় নতুন জোয়ারের পানি, তখন মন হত উচাটন বেদে টোলার উৎসব মুখর দিনগুলোর জন্য। নৌকার মুখ ঘুরাত তখন তারা কলমিপুত্র, আড়িয়ল বিল, হলদি গাঁ বা কনকপুরের টোলার দিকে। সরদার আব্দুর রাজ্জাক, *ঢেউয়ের নদী ক্রান্ত পথ*, পৃ. ৩৮।

- <sup>১০</sup> তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, *নাগিনীকন্যার কাহিনী*, পৃ. ১৮৫।
- <sup>১১</sup> অমরেন্দ্র ঘোষ, *পদ্মদীঘির বেদেনী*, পৃ. ৮৩।
- <sup>১২</sup> ইব্রাহীম খলীল, *বেদেনী জেলায়খা*, পৃ. ২। বেদের বিয়ের সময় দুমাস ব্যাপী আনন্দ উৎসব চলে। ভালভাবে উৎসবে মেতে উঠবে বলে বেদে উৎসবের দু মাস নৌকার ক্ষুদ্র আবেষ্টন ছেড়ে ডাঙ্গায় নামে। এ সময় বেদে তার ছোট নৌকার ছেঁটা ডাঙ্গায় তুলে এবং ছেঁটা-এর ভেতরেই তিন প্রজন্ম একত্রে বাস করে। ডাঙ্গায় বাস করার সময় বেদে বহরের নাম হয় টোলা বা পাড়া। বেদের টোলা বা পাড়ার বিয়ের শেষের উৎসব এরূপ—‘বিকেল থেকেই কটি মেয়ে নেচে নেচে ক্রান্ত হয়ে পড়ল। সন্ধ্যা হতে না হতেই গুরু হল গানের আসর। ঢোল, বাঁশী আর দফ বাজিয়ে নারী পুরুষের সমবেত গানে আসর শেষ হতে রাত এগারোট।’ সরদার আব্দুর রাজ্জাক, *ঢেউয়ের নদী ক্রান্ত পথ*, পৃ. ৩৯।
- <sup>১৩</sup> অমরেন্দ্র ঘোষ, *পদ্মদীঘির বেদেনী*, পৃ. ৮৩ ও ৮৬।
- <sup>১৪</sup> তদেব, পৃ. ১৭১-৭২।
- <sup>১৫</sup> সরদার আব্দুর রাজ্জাক, *ঢেউয়ের নদী ক্রান্ত পথ*, পৃ. ৫৩-৫৬।
- <sup>১৬</sup> অমরেন্দ্র ঘোষ, *পদ্মদীঘির বেদেনী*, পৃ. ১১ ও ১৫৩।
- <sup>১৭</sup> শামসুদ্দীন আবুল কালাম, *কাঞ্চনমালা*, পৃ. ১৪ ও ৬১-৬২।
- <sup>১৮</sup> সত্যেন সেন, *একল ভাঙ্গে ওকুল গড়ে*, পৃ. ১৪০।
- <sup>১৯</sup> আশরাফ সিদ্দিকী, গুণীন (ঢাকা: সাহিত্যমালা, ২০০০), পৃ. ৪৭।
- <sup>২০</sup> অমরেন্দ্র ঘোষ, *পদ্মদীঘির বেদেনী*, পৃ. ১৬৭-৬৮।
- <sup>২১</sup> শামসুদ্দীন আবুল কালাম, *কাঞ্চনমালা*, পৃ. ৬৪।
- <sup>২২</sup> সত্যেন সেন, *একল ভাঙ্গে ওকুল গড়ে*, পৃ. ১৩৮।
- <sup>২৩</sup> আশরাফ সিদ্দিকী, গুণীন, পৃ. ২০।
- <sup>২৪</sup> সত্যেন সেন, *একল ভাঙ্গে ওকুল গড়ে*, পৃ. ১৩৮। ভিন্নজাতের কোনো পুরুষ বহরে এসে পড়লে পোশাক ও মেকআপের সাহায্যে তার চেহারা পাণ্টে দিয়ে বেদেরের মধ্যে প্রচলিত নামে তাকে ডাকা হয় যেন কেউ তাকে সহজে চিনতে না পারে। প্রফুল্ল রায়, *বেদের নৌকোয়* (কলকাতা: দে'জ পাবলিশিং, ২০১৪), পৃ. ৫৪-৫৬।
- <sup>২৫</sup> তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, *নাগিনীকন্যার কাহিনী*, পৃ. ১৪৩।
- <sup>২৬</sup> তদেব, পৃ. ১৯২।
- <sup>২৭</sup> তদেব, পৃ. ১৮৬, ১৮৮ ও ১৯৪।
- <sup>২৮</sup> শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, ‘শ্রীকান্ত’, *শরৎ রচনাবলী*, প্রথম খণ্ড (প্রথম গ্রন্থতীর্থ সংস্করণ; কলকাতা: গ্রন্থতীর্থ, ১৯৯৬), পৃ. ৩৬।
- <sup>২৯</sup> শরৎচন্দ্র চট্টোপাধ্যায়, ‘বিলাসী’, *শরৎ রচনাবলী*, প্রথম খণ্ড (প্রথম গ্রন্থতীর্থ সংস্করণ; কলকাতা: গ্রন্থতীর্থ, ১৯৯৬), পৃ. ৬১৭-১৮ ও ৬২১।
- <sup>৩০</sup> সত্যেন সেন, *একল ভাঙ্গে ওকুল গড়ে*, পৃ. ১৩৮।
- <sup>৩১</sup> শামসুদ্দীন আবুল কালাম, *কাঞ্চনমালা*, পৃ. ১৮৩-৮৪। অনুরূপ ক্ষেত্রে *মৈমনসিংহ গীতিকার* “মহুয়া” পালায় বেদে সমাজ নদের চাঁদকে হত্যা করার সিদ্ধান্ত নেয় এবং মহুয়ার আত্মহত্যার পর তা কার্যকর করা হয়। “মহুয়া” *মৈমনসিংহ গীতিকা*, পূর্ববঙ্গ গীতিকা, প্রথম খণ্ড, দ্বিতীয় সংখ্যা, দীনেশচন্দ্র সেন সম্পাদিত। (চতুর্থ সংস্করণ; কলকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৯৬), পৃ. ৩৭।
- <sup>৩২</sup> ইব্রাহীম খলীল, *বেদেনী জেলায়খা*, পৃ. ১৪৬-৫০।
- <sup>৩৩</sup> তদেব, পৃ. ১৪৮।
- <sup>৩৪</sup> অভিজিৎ সেন, *রহু চণ্ডালের হাড়*, পৃ. ১৪৭-৫৪।
- <sup>৩৫</sup> তদেব, পৃ. ১৬১-৬২।
- <sup>৩৬</sup> তদেব, পৃ. ১৪৭।
- <sup>৩৭</sup> তদেব, পৃ. ৪৭।
- <sup>৩৮</sup> তদেব, পৃ. ৪৯।
- <sup>৩৯</sup> সরদার আব্দুর রাজ্জাক, *ঢেউয়ের নদী ক্রান্ত পথ*, পৃ. ৫৩-৫৬।
- <sup>৪০</sup> তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, পৃ. ১১২, ১১৬, ১২১-২২, ১৩৯, ১৪৬ ও ২১৩।
- <sup>৪১</sup> তদেব, পৃ. ১১৭, ১২২ ও ১২৪।
- <sup>৪২</sup> তদেব, পৃ. ১৪২, ১৪৫-৪৬ ও ২২১-২৩।
- <sup>৪৩</sup> তদেব, পৃ. ১৮৬, ১৯০-৯৩ ও ২২১-২৩।
- <sup>৪৪</sup> অমরেন্দ্র ঘোষ, *পদ্মদীঘির বেদেনী*, পৃ. ১০৫।
- <sup>৪৫</sup> তদেব, পৃ. ১০৬।
- <sup>৪৬</sup> তদেব, পৃ. ৭২, ৭৯, ৮২ ও ৮৬।
- <sup>৪৭</sup> তদেব, পৃ. ১৩ ও ১৯৩।
- <sup>৪৮</sup> ইব্রাহীম খলীল, *বেদেনী জেলায়খা*, পৃ. ১৩০, ১৩২-৩৩, ১৪৩-৪৪।
- <sup>৪৯</sup> তদেব, পৃ. ১৩৫-৩৬ ও ১৪১।
- <sup>৫০</sup> শামসুদ্দীন আবুল কালাম, *কাঞ্চনমালা*, পৃ. ৭৩, ১৪৫ ও ২২২।
- <sup>৫১</sup> তদেব, ১৮০-৮৪।
- <sup>৫২</sup> অভিজিৎ সেন, *রহু চণ্ডালের হাড়*, পৃ. ১২৮-৩১।

## পিটার ব্রুকের নাট্যনির্দেশনা প্রক্রিয়া: নাট্যশৈলী নির্মাণে নিরন্তর নিরীক্ষাধর্মী অনুসন্ধান [Peter Brook's Directorial Process: A Relentless Exploratory Pursuit in Crafting Theatrical Style]

Md. Abdus Salam

Assistant Professor, Department of Theatre, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

### ARTICLE INFORMATION

The Faculty Journal of Arts

Rajshahi University

Volume 39, June 2025

ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A18>

Received : 10 February 2025

Received in revised: 23 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

Keywords:

Peter Brook, Direction, Experiment, Innovation, Improvisation, Impulsiveness, Collaboration, Investigation, Ensemble.

### ABSTRACT

Peter Brook (1925–2022) is celebrated as one of the most influential figures in modern theatre, known for his groundbreaking ideas on storytelling and direction. Driven by an insatiable curiosity and a fearless approach to experimentation, Brook transformed the way theatre is conceived and experienced. He challenged traditional norms, choosing instead to focus on simplicity, genuine human connection, and themes that speak to universal truths. In this exploration of Brook's work, investigate into his unique vision, the techniques that defined his artistry, and the lasting legacy he left behind. By reflecting on his innovative productions, profound writings, and collaborative processes, this article try to uncover the depth of his creative journey—a journey that sought to strip theatre down to its purest, his directorial process and relentless investigation on innovation with passion and a deep belief in the transformative magic of the stage.

### প্রারম্ভিকা

বিংশ শতাব্দীর অন্যতম নাট্যনির্দেশক পিটার ব্রুক (১৯২৫-২০২২) থিয়েটার শিল্পমাধ্যম এবং নাট্যনির্দেশনাকে এক অনন্য উচ্চতায় আসীন করেছেন। তিনি কেবল থিয়েটারে নতুন দৃষ্টিভঙ্গি এবং সম্ভাবনার অন্বেষণ করেছেন তা নয়, বরং নাট্যশিল্পের বাহ্যিক বাহ্যিক পরিহার করে অভিনয় ও নির্দেশনায় নিরন্তর অনুসন্ধানের প্রক্রিয়াকে প্রাণবন্ত করেছেন। তাঁর কাজ থিয়েটারকে এক গভীর, উদ্ভাবনী এবং অন্তর্দৃষ্টিপূর্ণ শিল্পমাধ্যম হিসেবে প্রতিষ্ঠিত করেছে। ব্রুকের নাট্যতাত্ত্বিক কাঠামো তাঁর বিখ্যাত গ্রন্থ *The Empty Space* (১৯৬৮)-এ সংক্ষিপ্তভাবে উপস্থাপিত হয়েছে, যেখানে তিনি থিয়েটারের চার ধরনের কথা উল্লেখ করেছেন: মৃত (Deadly), পবিত্র (Holy), রুক্ষ (Rough), তাৎক্ষণিক (Immediate)।<sup>১</sup> থিয়েটারের এইসব প্রতিটি ধরন নাট্যশৈলীর একটি নির্দিষ্ট শ্রেণিকে উপস্থাপন করে, যেখানে ব্রুক তাৎক্ষণিক (Immediate) থিয়েটারকে আদর্শ হিসেবে বিবেচনা করেছেন—যা জীবন্ত, বর্তমান ও রূপান্তরমূলক।

### পিটার ব্রুক

পিটার ব্রুকের জীবনী লেখক ও সহযোগী চার্লস মারোভিটস (১৯৩৪-২০১৪) ব্রুককে ক্যারিয়ারের শুরুর দিকে 'boy genius' এবং 'Wunderkind' নামে অভিহিত করেন। মাত্র পাঁচ বছর বয়সেই তিনি খেলনা থিয়েটারে *হ্যামলেট* প্রযোজনায় তাঁর বাবা-মাকে বসিয়েছিলেন। সতেরো বছর বয়সে দৃঢ়প্রতিজ্ঞ ব্রুক অক্সফোর্ড যান চলচ্চিত্র পরিচালক হওয়ার স্বপ্ন নিয়ে। প্রস্তুতি স্বরূপ একটি ছোট থিয়েটার মঞ্চ ভাড়া নিয়ে মার্লোর *দ্য ট্রাজিকাল হিস্ট্রি অব ড. ফস্টাস* নাটকটি মঞ্চায়ন করেন। এরপর তিনি স্টেনের সেন্টিমেন্টাল অভিযাত্রা নিয়ে চলচ্চিত্র নির্মাণ করতে গিয়েছিলেন। ১৯৪৫ সালে লন্ডনে তাঁর *Pygmalion* প্রযোজনায় মুগ্ধ হয়ে বার্মিংহাম রেপার্টরি কোম্পানির স্যার ব্যারি জনসন তাঁকে *Man and Superman* নাটকটি প্রযোজনা করার জন্য আমন্ত্রণ জানান। তিনি তরুণ পল স্কোফিল্ডকে জ্যাক টার্নার চরিত্রের জন্য নির্বাচিত করেন যা তাঁদের দুজনের অসংখ্য যুগ কাজের মধ্যে প্রথম।<sup>২</sup> স্যার ব্যারির সঙ্গে তিনি স্ট্রাটফোর্ড-অন-অ্যাভনের শেক্সপীয়র মেমোরিয়াল থিয়েটারে গিয়েছিলেন এবং সেখানেই সাফল্যের সঙ্গে *Love's Labour's Lost*, *Romeo and Juliet* ও *Measure for Measure* মঞ্চায়ন করেন। তারপরের দুই বছর তিনি কন্ভেন্ট গার্ডেনে পরিচালক হিসেবে নিযুক্ত ছিলেন। সেই সময়েই তিনি সিদ্ধান্তে পৌঁছেছিলেন যে, 'শৈল্পিক রূপ হিসেবে অপেরা মারা গেছে।'<sup>৩</sup>

পরের দশকে তিনি লন্ডন, প্যারিস ও নিউইয়র্কে প্রায় সবধরনের থিয়েটার, মিউজিক্যাল, বাস্তবধর্মী নাটক, কাব্য নাটক, নতুন-পুরোনো উভয় ক্ষেত্রেই কাজ করেছিলেন। এসময় তিনি চলচ্চিত্র নিয়েও কাজ করেন, যা ছিল তাঁর প্রথম প্রেম। এ

সবই তাঁকে আন্তর্জাতিক পরিচালকের স্বীকৃতি এনে দেয়। ১৯৫৬ সালে পল স্কোফিল্ড অভিনীত *Hamlet, The Family Reunion* এবং *The Power and Glory* ছিল উল্লেখযোগ্য প্রযোজনা। ১৯৫৮ সালে *Lunts*, ১৯৬০ সালে *The Balcony in Paris* এবং ১৯৬২ সালে *The Scofield King Lear* রয়্যাল শেক্সপীয়র থিয়েটারে মঞ্চস্থ করেন।<sup>৪</sup> তাঁর সহকারী পরিচালক চার্লস মারোভিটস 'Lear Log' সংরক্ষণ করেন। সেখান থেকেই আমরা জানতে পারি যে তিনি কীভাবে এই বিশাল ট্র্যাজেডির কাছে এসেছিলেন। মারোভিটস তাঁর নিজের গ্রন্থ, প্রবন্ধ ও প্রযোজনার পাশাপাশি ব্রুকের সৃজনশীল উদ্ভাবনগুলোকে আমাদের কাছে সহজলভ্য করে তুলেছেন। তাঁর মারফৎ জানতে পারা যায়, এই নাটকটিকে ব্রুক পর্বতের সঙ্গে তুলনা করেছিলেন যেখানে তিনি পৌঁছতে পারেন নি বা সম্মিলন কখনোই সম্ভবপর হয় নি। পর্বত আরোহণের সময় একজন দেখতে পেলো অন্যান্য আরোহীদের ছিন্নভিন্ন দেহ চারিদিকে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। ওলিভার এখানে লফটন সেখানে, ভয়াবহ ভীতিকর অবস্থা। স্ট্রাটফোর্ড থিয়েটারে তিনি আগামীর কাজের রূপরেখা প্রকাশ করেছিলেন 'মহড়ার কাজ হলো অর্থবোধকতার সন্ধান করা, তারপর সেটাকে অর্থবহ করে তোলা। তাঁর কাছে এই বিখ্যাত নাটকটি দীর্ঘকালব্যাপী পড়ে রয়েছে, কেবলমাত্র মঞ্চেরই এটাকে উপলব্ধি করা যেতে পারে।' ব্রুকের 'frame of reference' ছিল স্যামুয়েল বেকেটের রচনা ও বিশ্ব এবং তিনি লিয়ারকে দেখেন বিশাল, জটিল, সুসংহত কবিতা হিসেবে। শক্তি ও নাথিং-এর শূন্যতাকে অধ্যয়ন করার জন্য যা ডিজাইন করা হয়েছিল।<sup>৫</sup>

১৯৬২ সালে তিনি রয়্যাল শেক্সপীয়র থিয়েটারের অন্যতম নির্দেশক হয়ে উঠলেন এবং ওরউইচ থিয়েটারে London seasons চালু করেন। এখানেই ব্রুক তাঁর অসাধারণ প্রযোজনা পিটার ওয়াইসের Marat/Sade মঞ্চস্থ করেন। নাটকটির ব্যাখ্যায় ব্রুক বিশেষভাবে বাউন্ট ব্রেকট (১৮৯৮-১৯৫৬) ও আঁতোয়া আর্তোর (১৮৫৮-১৯৪৩) কাছে ঋণী। প্রযোজনার চূড়ান্ত কাঠামো নির্মাণে ১৯৬৩ দিকের 'Theatre of Cruelty'<sup>৬</sup>-এর নিরীক্ষাগুলোর ব্যর্থতা বিশেষ গুরুত্ব বহন করেছিল। ব্রুক ক্রমাগত তাঁর 'স্টার' প্রযোজনাগুলোর পরিবর্তে ইম্প্রোভাইজেশন, অভিনেতাদের সম্মিলিত জীবনের একত্রিকরণ, নাটক থেকে সরাসরি নাট্য প্রযোজনা নয় (কোনো নির্দিষ্ট স্ক্রিপ্ট দ্বারা সীমাবদ্ধ নয়) এসবের প্রতি গুরুত্ব দিতে শুরু করেছিলেন। অভিনেতা ও অভিনেতার সঙ্গে দর্শকের সম্পর্কের অনুসন্ধান তাঁর সৃজনশীল কাজের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছিল। ভিয়েতনামের যুদ্ধ নিয়ে তাঁর কোম্পানির সমন্বিত উদ্যোগ প্রশংসার দাবি রাখে। মার্কিন যুক্তরাষ্ট্রে *The Tempest*-এর নিরীক্ষাধর্মীতার সুস্পষ্ট প্রমাণ পাওয়া যায়। এই প্রযোজনায় দর্শক 'নিরাপদ' ও 'বিপদজনক' নামাঙ্কিত দুটি স্থানের যেকোনো জায়গায় ইচ্ছেমতো বসতে পারতেন। এছাড়াও সেনেকার *Oedipus* নাটকের শুরুর দিকে তাঁর জীবন্ত থিয়েটারের অনুসন্ধান সফলভাবে উন্মোচন হয়েছিল আর তা ছিল 'Immediate Theatre' যা তাঁর *The Empty Space* গ্রন্থে চমৎকারভাবে উল্লেখ করেছেন। তিনি বলেন—'A play is play.'<sup>৭</sup>

### ব্রুকের নাট্যদর্শন

পিটার ব্রুক তাঁর কাজ শুরু করেন একটি সহজ ধারণা থেকে—একটি নাটক, একটি মিথ, কবিতার একটি অংশ, অথবা হতে পারে কেবল একটি বিমূর্ত ধারণা। এই অনুপ্রেরণার বীজকে তিনি একটি কঠোর কাঠামো হিসাবে গ্রহণ করেন না, বরং অনুসন্ধানের জন্য এটিকে একটি প্রশ্ন হিসেবে দেখেন। ব্রুকের মতে, 'থিয়েটার একটি জীবন্ত সত্তা, যা ক্রমাগত বিকশিত হয় এবং একজন নির্দেশক হিসেবে তার ভূমিকা এটি নিয়ন্ত্রণ করা নয়, বরং এর বিকাশকে পথ দেখানো। তিনি প্রক্রিয়ায় প্রবেশ করেন কৌতূহল, বিনম্রতা এবং আবিষ্কারের যাত্রাকেও চূড়ান্ত প্রযোজনার মতো গুরুত্ব দিয়ে।'<sup>৮</sup>

ব্রুক তাঁর 'Empty Space' দর্শনের জন্য পরিচিত। তাঁর কাছে থিয়েটার সহজরূপে শুরু হয়—একটি মঞ্চ, একজন মাত্র অভিনয়শিল্পী এবং একজন দর্শক হলেই থিয়েটার হবে। তিনি মনে করেন না যে বিশাল সেট, বিলাসবহুল পোশাক বা জটিল প্রযুক্তি থিয়েটারের প্রভাব তৈরি করতে অপরিহার্য। বরং তিনি বিশ্বাস করেন যে, সবচেয়ে শক্তিশালী মুহূর্তগুলো সৃষ্টি হয় সরলতা আর মনোযোগ থেকে। এই দর্শন তাঁকে সৃজনশীল প্রক্রিয়ার শুরু থেকেই প্রভাবিত করে।

ব্রুকের থিয়েটার দর্শনের মূল কথা ছিল—থিয়েটারে মাত্র তিনটি উপাদান প্রয়োজন: একজন অভিনেতা, একজন দর্শক এবং একটি ত্রিমাত্রিক স্থান। তাঁর এই ধারণা অতিরিক্ত সেট, পোশাক এবং বিশেষ ইফেক্টের ওপর নির্ভরশীলতা কমিয়ে দেয়ার মাধ্যমে মানবদেহ ও কণ্ঠের সৃজনশীল সম্ভাবনার প্রতি মনোযোগ বাড়িয়ে দেয়। ব্রুক প্রাচ্যের ঐতিহ্যবাহী থিয়েটার যেমন: জাপানের নোহ (Noh)<sup>৯</sup> ও ভারতের কথাকলির (Kathakali)<sup>১০</sup> ওপর ব্যাপকভাবে নির্ভর করেছেন। এই থিয়েটারগুলো আচার ও প্রতীকী সরলতাকে গুরুত্ব দিয়ে চর্চিত হয়।

ব্রুক মহড়াতে নির্দেশনার চেয়ে আবিষ্কারের স্থান হিসেবে বিবেচনা করতেন। তাঁর নির্দেশনামূলক অন্যান্য বৈশিষ্ট্য ছিল তাৎক্ষণিকতা এবং অভিনবতার প্রতি উন্মুক্ততা, যেখানে তিনি অভিনেতাদের অভিনীত চরিত্রগুলোকে প্রাকৃতিকভাবে অন্বেষণ করতে উৎসাহ দিতেন। নির্দিষ্ট ব্যাখ্যা প্রত্যাখ্যান করে তিনি সহযোগিতামূলক, পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে কোনো নাটকের মর্ম উন্মোচন করতে উৎসাহী ছিলেন। রয়্যাল শেক্সপীয়র কোম্পানিতে তাঁর প্রযোজনাসমূহ এবং পরবর্তী সময়ে প্যারিসের 'সেন্টার ফর থিয়েটার রিসার্চ'র প্রযোজনায় ব্রুক দলগত গতিশীলতাকে উৎসাহিত করেছিলেন। উদাহরণস্বরূপ,

মারা/সাডে (১৯৬৪)-এ তিনি অভিনেতাদের নির্দেশ দিয়েছিলেন যেন তারা নিজেদের চরিত্রকে কেবল ঐতিহাসিক ব্যক্তি হিসেবে নয়, বরং মানসিক হাসপাতালে থাকা ব্যক্তিদের দৃষ্টিভঙ্গি থেকেও মূর্ত করে তোলে। এতে অভিনয় ও বাস্তবতার সীমারেখা অস্পষ্ট হয়ে যায়।<sup>১১</sup>

### পিটার ব্রকের নাট্যনির্দেশনা কৌশল

পিটার ব্রকের নাট্যনির্দেশনার দৃষ্টিভঙ্গি গড়ে উঠেছিল থিয়েটারের সঙ্গে মানুষের সংযোগ এবং রূপান্তরের মাধ্যম হিসেবে অনুসন্ধানের প্রতি তাঁর অঙ্গীকারের ভিত্তিতে। তাঁর কৌশলসমূহ ছিল উদ্ভাবনী এবং গতিশীল; যেখানে সরলতা, তাৎক্ষণিকতা এবং সহযোগিতাকে গুরুত্ব দেওয়া হয়েছিল। তিনি নাট্য প্রযোজনা নির্মাণে বিভিন্ন সংস্কৃতি ও নাট্য ঐতিহ্য থেকেও বিভিন্ন উপাদান গ্রহণ করেছেন।

ব্রকের নাট্যনির্দেশনার প্রক্রিয়াটি শুরু হয় আবিষ্কারের মাধ্যমে। ব্রক নাটকের দৃশ্যসমূহকে দ্রুত সাজানো বা নির্দিষ্ট ব্যাখ্যা আরোপ করতে তাড়াহুড়া করেন না। বরং তিনি তাঁর অভিনেতাদের সঙ্গে পাঠ বা গল্পের গভীরে প্রবেশ করেন। গল্পকে টুকরো টুকরো করে ভেঙে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে পর্যবেক্ষণ করেন। অভিনেতারা স্ক্রিপ্টটি একাধিকবার পাঠ করার পর সুর, ছন্দ এবং অন্তর্নিহিত অর্থ নিয়ে পরীক্ষা-নিরীক্ষা শুরু করেন। কিন্তু ব্রকের লক্ষ্য থাকে শুধুমাত্র বুদ্ধিবৃত্তিক বোঝাপড়া নয়। তিনি খুঁজে বের করতে চান আবেগ ও অনুভূতির মূল।

তাৎক্ষণিক উদ্ভাবন বা ইম্প্রোভাইজেশন ব্রকের নাট্য নির্মাণ প্রক্রিয়ায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি প্রায়ই তাঁর অভিনেতাদের পাণ্ডুলিপি সরিয়ে রেখে স্বতঃস্ফূর্তভাবে ইম্প্রোভাইজেশনের মাধ্যমে শারীরিক মুভমেন্ট, অঙ্গভঙ্গি বা সংলাপের সহযোগিতায় বিষয়বস্তু ও আবেগকে অন্বেষণ করতে উৎসাহিত করেন। তবে এই ইম্প্রোভাইজেশনগুলো এলোমেলো নয়; সেগুলো ব্রকের প্রশ্নের দ্বারা পরিচালিত হয়—তোমার এই মুহূর্তে কী অনুভূতি হচ্ছে? তুমি কেন এটা করছ? তোমার চরিত্রের জন্য কী গুরুত্বপূর্ণ? ইত্যাদি প্রশ্নের মাধ্যমে এই অন্বেষণের পাঠটি অপ্রত্যাশিত এবং স্বতঃস্ফূর্তভাবে জীবন্ত হয়ে ওঠে। ইম্প্রোভাইজেশনের প্রক্রিয়া ও গুরুত্ব সম্পর্কে অধ্যাপক মীর মেহবুব আলম বলেন,

In an improvisational setting, actors may be provided with a basic scenario, a general objective, or even a single word as a starting point. From there, they must rely on their instincts and training to construct the dialogue and interactions on the spot. This process demands a deep understanding of the character's motivations, relationships, and emotions and a keen awareness of the other actors' responses.<sup>১২</sup>

ব্রকের নির্দেশনা প্রক্রিয়া গভীরভাবে শারীরিক। তিনি বিশ্বাস করেন যে—আবেগ এবং টেক্সটের অর্থ শব্দে সীমাবদ্ধ নয়; বরং সেগুলো মুভমেন্ট, ছন্দ এবং শক্তির মাধ্যমে আরো ভালোভাবে যোগাযোগ স্থাপনে সক্ষম। তিনি বিভিন্ন সংস্কৃতি এবং শৈল্পিক ঐতিহ্য থেকে অনুপ্রাণিত হন। আফ্রিকা, এশিয়া এবং মধ্যপ্রাচ্যে ভ্রমণ করে ব্রক প্রায়ই ঐতিহ্যবাহী নাট্যরীতির উপাদান, গল্প বলার কৌশল এবং সংগীতকে তাঁর প্রযোজনায় সংযুক্ত করেন। তিনি পারফরম্যান্সের সঙ্গে সংগীত ও মুভমেন্টকে একীভূত করার জন্য সংগীতজ্ঞ এবং নৃত্যশিল্পীদের সঙ্গে নিয়ে ঘনিষ্ঠভাবে কাজ করেন।

ব্রকের নাট্যনির্দেশনার অন্যতম বৈশিষ্ট্য হলো অপ্রয়োজনীয় বিষয়গুলো সরিয়ে ফেলার ক্ষমতা। মহড়া যত এগিয়ে যায় তিনি প্রযোজনার মধ্যে থেকে এমন জিনিসগুলো বাদ দেন যা বাড়তি মনে হয়। কোনো সংলাপের লাইন বা দ্রব্যসামগ্রি বা কোনো অঙ্গভঙ্গি যা কাক্ষিত মুহূর্তটির মূল সারবস্তু পরিবেশন করে না তা বাতিল করে দেন। এটা শুধুমাত্র বাহ্যিকভাবে কমানোর জন্য নয় বরং স্পষ্টতার জন্যও প্রযোজ্য। ব্রক বিশ্বাস করেন যে, থিয়েটার সরাসরি এবং সত্যভাবে কোনো কৃত্রিমতা বা অপ্রয়োজনীয় জটিলতা ছাড়াই দর্শকের সাথে যোগাযোগ স্থাপন করতে সক্ষম।

মহড়া প্রক্রিয়ায় স্বতঃস্ফূর্ততা ও ক্রীড়ামূলক অনুভূতি যেন অটুট থাকে সেদিকে তিনি মনোযোগ দেন। ব্রক মহড়ায় এমন একটি পরিবেশ নির্মাণে সচেষ্ট হন যেখানে অভিনেতা-অভিনেত্রীরা পরীক্ষা-নিরীক্ষা করতে এবং ভুল করা বা ব্যর্থ হওয়াকে ভয় না পায়। তিনি ভুলগুলোকে ব্যর্থতা নয় বরং আবিষ্কারের সুযোগ হিসেবে দেখেন। তাঁর প্রযোজনায় মহড়ার স্থানটি বিশ্বাসের জায়গা হয়ে ওঠে, যেখানে দুর্বলতাকে গ্রহণ করা হয় এবং দলটি একসঙ্গে অপ্রত্যাশিত কিছু আবিষ্কার করতে সদা উন্মুখ থাকে। ব্রক বলেন,

A real person is someone who is open in all parts of himself, a person who has developed himself to the point where he can open himself completely—with his body, with his intelligence, with his feelings, so that none of these channels are blocked.<sup>১৩</sup>

যখন প্রযোজনাটি দানা বাঁধতে শুরু করে ব্রকের দৃষ্টি তখন দর্শকদের দিকে নিবদ্ধ হয়। তিনি মনে করেন দর্শক কেবলমাত্র একজন নীরব পর্যবেক্ষক নন, বরং থিয়েটারের অভিজ্ঞতায় তিনি একজন সক্রিয় অংশগ্রহণকারী। তিনি দর্শকের দৃষ্টিকোণ,

আবেগীয় সম্পৃক্ততা এবং গল্প বা আখ্যানটি সম্পূর্ণ করতে তাদের ভূমিকা বিবেচনা করেন। প্রায়শই তিনি অল্প সংখ্যক দর্শকের সামনে রান-থ্রু রিহার্সেল পরিচালনা করতেন এবং নাটকটি দর্শকদের মধ্যে কীরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করত তা পর্যবেক্ষণ করতেন। তাঁর পর্যবেক্ষণকৃত ফলাফলের ভিত্তিতে পরবর্তী সময়ে নাটকে সেই অনুযায়ী পরিবর্তন করতেন। ব্রুক দ্ব্যর্থতা বা বহু-অর্থকে স্বাগত জানাতেন, তিনি নির্দিষ্ট উত্তর দেওয়ার বদলে প্রশ্ন জাগাতে বেশি আগ্রহী ছিলেন। তাঁর প্রযোজনাগুলো নানা দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা করা যায়। তিনি দর্শকদের নিজস্ব অভিজ্ঞতা ও অনুভূতি দিয়ে অর্থ খুঁজে নিতে উৎসাহ দিতেন। তাঁর মতে—শক্তিশালী থিয়েটার কোনো একক অর্থে সীমাবদ্ধ না থেকে সবার জন্য একটি যৌথ ভাবনার ক্ষেত্র তৈরি করে।<sup>১৪</sup> নাটক মঞ্চায়নের ঠিক আগ মুহূর্তেও ব্রুক পরিবর্তনের জন্য প্রস্তুত থাকতেন। তাঁর কাছে থিয়েটার ছিল একটি ক্রমবিকাশমান শিল্প। তিনি বিশ্বাস করতেন—একই প্রযোজনা প্রতিটি রাতে কিছুটা বদলে যেতে পারে। এই পরিবর্তনশীলতা অভিনেতা ও দর্শক—উভয়কেই নতুন শক্তি দেয়। এর ফলে প্রযোজনাটি জীবন্ত থাকে এবং কখনো স্থির বা একঘেয়ে হয়ে পড়ে না।

### ব্রুক নির্দেশিত কয়েকটি প্রযোজনা বিশ্লেষণ

#### মহাভারত (১৯৮৫)

পিটার ব্রুকের ১৯৮৫ সালের মহাভারত মঞ্চ প্রযোজনা তাঁর কর্মজীবনের অন্যতম সাহসী ও প্রতীকী কাজ হিসেবে বিবেচিত। প্রাচীন ভারতীয় এই মহাকাব্যকে তিনি এমনভাবে রূপান্তর করেন যেখানে দেবতা, মানুষ, পারিবারিক দ্বন্দ্ব এবং নৈতিকতার মহাজাগতিক প্রশ্নগুলো আধুনিক দৃষ্টিতে ফুটে ওঠে। মহাভারত ছিল বহু বছরের পরিশ্রমের ফল এবং তাঁর নিরীক্ষাধর্মী থিয়েটারচিন্তার এক উজ্জ্বল বহিঃপ্রকাশ। পিটার ব্রুকের মহাভারত নিয়ে যাত্রা শুরু হয় এই মহাকাব্যটির প্রতি গভীর শ্রদ্ধা ও বিশ্বাসের অনুভূতি থেকে। দুই লক্ষেরও বেশি শ্রোক নিয়ে রচিত প্রেম, যুদ্ধ, বিশ্বাসঘাতকতা এবং আধ্যাত্মিক উপলব্ধির এই কাহিনি বিশ্বসাহিত্যের অন্যতম দীর্ঘ ও জটিল রচনা। তবে ব্রুক একে কেবল একটি সাংস্কৃতিক নিদর্শন হিসেবে দেখেননি; বরং তিনি একে চিরন্তন মানব সংগ্রামের প্রতীক হিসেবে উপলব্ধি করেছিলেন।<sup>১৫</sup> ব্রুক ফরাসি নাট্যকার জঁ-ক্লদ ক্যারিয়ারের (১৯৩১-২০২১) সঙ্গে কাজ শুরু করেন। ক্যারিয়ার মহাকাব্যটিকে নাট্যে রূপান্তর করতে আট বছর সময় নেন। এই দীর্ঘ প্রক্রিয়ায় তিনি বিশাল মহাকাব্যটিকে একটি নয় ঘণ্টার মঞ্চ প্রযোজনায় রূপান্তর করেন, যা মহাকাব্যটির সারমর্মকে ধরে রাখতে সক্ষম হয়। ব্রুক ও ক্যারিয়ার মূল কাহিনির আত্মাকে সম্মান করার পাশাপাশি বৈশ্বিক দর্শকদের জন্য এটিকে সহজবোধ্য করার চেষ্টা করেছিলেন।

শিল্পের সার্বজনীনতায় বিশ্বাস রেখে ব্রুক একাধিক দেশের প্রতিনিধিত্বকারী একটি আন্তর্জাতিক দল গঠন করেন। এই দল গঠন শুধু ব্যাবহারিক দিক থেকেই গুরুত্বপূর্ণ ছিল না, ছিল দার্শনিক দিক থেকেও। কারণ মহাকাব্যের চরিত্রগুলো ছিল বৈচিত্র্যময়। ব্রুক চেয়েছিলেন প্রযোজনাটি যেন সাংস্কৃতিক সীমানা অতিক্রম করে মানবিকতার মৌল বিষয়সমূহকে তুলে ধরে। এই দলটির অভিনেতা, সুরকার ও ডিজাইনার সকলে একত্রে চরিত্রের গল্পগুলোকে জীবন্ত করে তুলতে চেয়েছিলেন। বিভিন্ন সংস্কৃতির অভিনেতারা তাঁদের নিজস্ব ঐতিহ্য, ভাষা এবং শৈল্পিক সংবেদনশীলতা সঙ্গে নিয়ে অংশগ্রহণ করায় প্রযোজনাটি বহুমাত্রিকভাবে সমৃদ্ধ হয়। ব্রুক দলটির মধ্যে সহযোগিতা ও পারস্পরিক শ্রদ্ধার পরিবেশ তৈরি করেছিলেন, যাতে এই বৈচিত্র্যই দলের শক্তিতে পরিণত হয়।<sup>১৬</sup> মহাভারতের মহড়া ব্রুকের নিরীক্ষাধর্মী, উদ্ভাবনী এবং সম্মিলিত সৃষ্টির পদ্ধতিকে স্পষ্টভাবে তুলে ধরে। তিনি মহড়ার স্থানটিকে একটি গবেষণাগার হিসেবে দেখতেন—যেখানে অভিনেতার পাঠের গভীর অর্থ অনুসন্ধান করতে পারে এবং তার আবেগীয় মর্ম উন্মোচন করতে পারে। ব্রুক অভিনয়ে শারীরিক প্রকাশভঙ্গির ওপর বিশেষ গুরুত্ব দিতেন। তাঁর মতে, চরিত্রকে শুধু সংলাপ নয়—চলন, অঙ্গভঙ্গি ও শরীরের ভাষার মাধ্যমে আরও জীবন্তভাবে উপস্থাপন করা যায়। তিনি বিশ্বাস করতেন—গল্পের মূল বার্তা সার্বজনীন; তাই শব্দের বাইরে ছন্দ, শক্তির প্রয়োগ এবং মঞ্চ-স্থানের ব্যবহার—এই অ-শব্দগত উপাদানগুলোর মাধ্যমেই তা অধিক শক্তিশালীভাবে প্রকাশ সম্ভব। উদ্ভাবন এবং অনুসন্ধান ছিল এই প্রযোজনা নির্মাণ প্রক্রিয়ার মূল চাবিকাঠি। ব্রুক প্রায়ই অভিনেতাদের নিজেদের চরিত্রকে ভিন্ন ভিন্ন দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ করতে উৎসাহিত করতেন। এতে চরিত্র সম্পর্কে গভীর বোঝাপড়া তৈরি হতো এবং অভিনেতা ও চরিত্রের মধ্যে ঘনিষ্ঠ সংযোগ গড়ে উঠত। তিনি বিভিন্ন দেশের পারফরমিং আর্টস স্টাইল ও সৃজনশীলভাবে প্রয়োগ করেন—যেমন ভারতের কথাকলি, জাপানের সামুরাই ঐতিহ্য, মার্শাল আর্টসহ নানা শারীরিক অভিনয়ধারা। জিয়া হায়দারের বর্ণনায় জানা যায়,

ব্রুক কোনো বিশেষ প্রেজেন্টেশন স্টাইল অনুসরণ করেননি। ভারতীয় লোকনাট্যসহ বিশ্বের বিভিন্ন দেশের নাট্যিক ঐতিহ্যের রীতি-উপাদান তিনি নিয়েছেন—জাপানী জুডো, কুংফু, সামুরাই মার্শাল আর্ট থেকে জাভা ও বালি দ্বীপের, আফ্রিকার উপজাতীয়দের নৃত্যরীতি। ভারতীয় যে রীতিটি অধিকভাবে নেওয়া হয়েছে সেটি কথাকলি। [...] দ্রোণাচার্য নিজেই তার মৃত্যুকে বরণ করেন সামুরাই কৃত্যচারে—[...] দ্রোণাচার্যের সঙ্গে ভীমের প্রথম সাক্ষাতে জুডোর ব্যবহার; বনবাস পর্বে অদৃশ্য কৌরবদের উদ্দেশ্যে পাণ্ডবদের তীর ছোড়ার দৃশ্যে জাপানী মার্শাল আর্ট। কৃষ্ণকেও দেখা যায় কারাতের একাধিক ভঙ্গিমায়। ভীম-ঘটোৎকচ-হিড়িম্বার নৃত্যে মিশ্রণ ঘটানো হয়েছে কথাকলি ও আফ্রিকার আদিবাসী নৃত্যের।<sup>১৭</sup>

ব্রুকের মহাভারত মঞ্চায়ন তাঁর 'Empty Space' দর্শনের এক উজ্জ্বল উদাহরণ। ক্রো'বোলেনস্কির নকশাকৃত সেট ছিল অত্যন্ত সাধারণ—এক বিস্তৃত বালুর মঞ্চ এবং হাতে গোনা কয়েকটি প্রপস—যেমন লাঠি, পাথর ও কাপড়। এই সামান্য উপাদানই কল্পনাশক্তির ব্যবহারে রূপ নিত অস্ত্র, প্রাসাদ বা বিভিন্ন ভূদৃশ্য—অভিনেতার শারীরিক সৃজনশীলতা ও দর্শকের কল্পনাশক্তিই এগুলোকে রূপায়িত করত। আলো, সংগীত ও শব্দ এখানে নাট্য-আবহ নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বিভিন্ন সংস্কৃতির ঐতিহ্যবাহী বাদ্যযন্ত্রের সমন্বয়ে এমন এক সাউন্ডস্কেপ তৈরি করা হয়েছিল, যা একদিকে নির্দিষ্ট সাংস্কৃতিক রং বহন করলেও অন্যদিকে ছিল সর্বজনীন অনুভূতিপ্রবণ—সব সংস্কৃতির দর্শকই এটিতে নিজস্ব সংযোগ খুঁজে পেতে পারত। মহাভারতের প্রযোজনায় 'ফিল্ম টেকনিকে'র প্রয়োগ লক্ষণীয়। থিয়েটার ও চলচ্চিত্রের চমৎকার সমন্বয় সাধন করেছেন তিনি এই প্রযোজনায়। ক্রোজ আপ, ওয়াইড/ডিপ ফোকাসের ব্যবহার লক্ষ্য করা যায়। অর্জুনের তীর ছোড়ার দৃশ্যটি অন্ধকার বা ব্লাক আউট করে দেওয়া হয় আর তীর ছোড়ার পর পরই পুরো রাজসভা বিচিত্র আলোয় আলোকিত করে দেওয়া হয়।<sup>১৮</sup> প্রযোজনায় সবচেয়ে চ্যালেঞ্জিং দিক ছিল মহাভারতের সাংস্কৃতিক উৎসকে সম্মান জানিয়ে কাজ করা। একজন পশ্চিমা নির্দেশক হিসেবে ব্রুক সচেতন ছিলেন যে তিনি গভীর আধ্যাত্মিক ও সাংস্কৃতিক তাৎপর্যপূর্ণ একটি ভারতীয় মহাকাব্য রূপান্তর করেছেন। তাই ভারতীয় ঐতিহ্য বা নান্দনিকতা ছবুছ অনুকরণ না করে তিনি গুরুত্ব দেন গল্পের সার্বজনীন সত্য—নীতি, কর্তব্য, পরিবার এবং মানবজীবনের মৌল অনুসন্ধান উপস্থাপনে। গবেষকের মতে,

[...] the final image of Brook's Mahabharata presents us with a vision of Paradise as a gentle place of music, food, conversation and harmony. The blind can see, the wounded and slaughtered are restored, all animosity is forgotten.<sup>১৯</sup>

ব্রুক ও তাঁর দল ভারতীয় পণ্ডিত, শিল্পী এবং অনুশীলনকারীদের পরামর্শ নেন, যাতে রূপান্তরটি মহাকাব্যের প্রকৃত ধারণার সঙ্গে সংগতিপূর্ণ হয়। একইসঙ্গে, তাঁরা স্পষ্টতা ও বৈশ্বিক দর্শকদের কাছে গ্রহণযোগ্য করার জন্য সৃজনশীল সিদ্ধান্ত নেন। ব্রুকের মহাভারত শুধু একটি মঞ্চ প্রযোজনা নয় বরং প্রাচীন কাহিনি কীভাবে সমসাময়িকভাবে বৈশ্বিক দর্শকদের সঙ্গে যোগাযোগ স্থাপন করতে পারে তার একটি সাহসী অনুসন্ধান।

#### এ মিডসামার নাইট'স ড্রিম (১৯৭০)

পিটার ব্রুক উইলিয়াম শেক্সপীর রচিত *এ মিডসামার নাইট'স ড্রিম* (১৯৭০) নাটকটি রয়্যাল শেক্সপীর কোম্পানিতে মঞ্চস্থ হয় যা আধুনিক থিয়েটারের অন্যতম প্রভাবশালী ও র্যাডিক্যাল প্রযোজনা হিসেবে বিবেচিত। এই নাটকে ব্রুকের নির্দেশনার লক্ষ্য ছিল শেক্সপীরের প্রচলিত ও বদ্ধধারণার ব্যাখ্যা ভেঙে নতুন, সৃজনশীল এবং গভীর থিয়েট্রিকাল অভিজ্ঞতা তৈরি করা। নিচে তাঁর এই নির্দেশনাপ্রক্রিয়ার সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরা হলো:

পিটার ব্রুক যখন *এ মিডসামার নাইট'স ড্রিম* পরিচালনা করেছিলেন, তখন তিনি নাটকটির রোমান্টিক ও পরি কাহিনির প্রচলিত ধারাগুলোকে চ্যালেঞ্জ করতে চেয়েছিলেন, যা শতাব্দী ধরে নাটকটির মঞ্চস্থ হওয়ার ধারা নির্ধারণ করেছিল। তিনি বনভূমি ও জাদুকরী উপাদানগুলোকে আড়ম্বরপূর্ণ সেট বা কোমল সৌন্দর্যের বদলে মূল পটভূমির শক্তি, হাস্যরস এবং অন্ধকারময় রহস্যগুলোকে সামনে আনতে চেয়েছিলেন। ব্রুকের কাছে নাটকটি কেবল প্রেমিক ও পরির গল্প ছিল না; এটি মানবিক অনুভূতি, পরস্পরবিরোধ এবং রূপান্তরের এক ক্যালেইডোস্কোপ। তাঁর লক্ষ্য ছিল এমন একটি প্রযোজনা নির্মাণ করা যা নাটকের থিয়েট্রিক্যাল প্রকৃতিকে তুলে ধরে নাটকের অন্তর্নিহিত বিষয়সমূহকে আধুনিক দর্শকদের কাছে সরাসরি ও সহজবোধ্যভাবে পৌঁছে দেবে। সমিত মিত্র উল্লেখ করেন,

[...] *A Midsummer Night's Dream* by abandoning conventional language altogether. The actors expressed themselves through a combination of chants, cries and guttural howls, the product of Ted Hughes' attempt to fashion a universal language that would communicate by using the relationship between sound and emotion rather words and meaning.<sup>২০</sup>

ব্রুকের প্রথম উদ্ভাবনী সিদ্ধান্ত ছিল প্রচলিত বনভূমির সেট সম্পূর্ণভাবে বাদ দেওয়া। এর পরিবর্তে তিনি পুরো নাটকটি শূন্য মঞ্চে উপস্থাপনের পরিকল্পনা গ্রহণ করেন। তিনি একটি সাদা দেয়ালযুক্ত বাস্তু নির্বাচন করেন, যা প্রযোজনার স্বতন্ত্র চিহ্ন হিসেবে দাঁড়ায়। মঞ্চটি ন্যূনতম উপকরণ দিয়ে এবং প্রকৃতির কোনো অনুকরণ ছাড়াই সাজানো হয়। ব্রুক চেয়েছিলেন দর্শকরা নিজেদের কল্পনা ব্যবহার করে বন, জাদু ও অন্যান্য পরিবেশ নির্মাণ করুক—ঠিক যেমনটি মঞ্চে অভিনেতার করবেন। স্যালি জ্যাকবস্ নাটকটির সেট ডিজাইন করেছিলেন। এটি ছিল সহজ, কিন্তু বহুমুখী উপাদানের সমাহার: কিছু ট্র্যাপিজ, সিঁড়ি, রশি এবং দোলনা। এই উপাদানগুলো কেবল কার্যকরী ছিল না, বরং প্রতীকী স্বপ্নময় অনুভূতি সৃষ্টি করত, যা পরিবর্তনশীল বাস্তবতার ছোঁয়া দিত। অভিনেতার ট্র্যাপিজ ব্যবহার করে ভেসে বেড়াতে, সিঁড়িতে চড়তে এবং একে অপরের সঙ্গে মিথস্ক্রিয়া করতেন, ফলে ভরহীনতা এবং স্বাধীনতার এক আলাদা পরিবেশ তৈরি হতো। সেটের সরলতা দর্শকের দৃষ্টি সরাসরি বাহ্যিক সৌন্দর্যের দিকে না গিয়ে গল্পের মূল সারাংশ ও চরিত্রের ওপর কেন্দ্রীভূত হতে সাহায্য করেছিল।<sup>২১</sup>

ব্রুকের *এ মিডসামার নাইট'স ড্রিম* এর মহড়া ছিল পরীক্ষা-নিরীক্ষার অপার সম্মিলন। থিয়েটারকে একটি সম্মিলিত শিল্প রূপে বিশ্বাস করে ব্রুক তাঁর অভিনেতাদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করেছিলেন নাটকটির ভাষা, ছন্দ এবং বিষয়সমূহের

অনুভূতিকে উন্মোচন করার জন্য। ব্রুক বলেন—‘the actor must exercise himself to communicate by sounds which are not verbal.’<sup>২২</sup> তিনি অভিনেতাদের চরিত্র সম্পর্কে পূর্ব ধারণা সরিয়ে রেখে নাটকটির ভাষা, ছন্দ ও বিষয়সমূহের সঙ্গে অনুভূতির স্তরে মগ্ন হতে উৎসাহিত করেছিলেন। অপরিপাক্য এই প্রক্রিয়ার একটি গুরুত্বপূর্ণ অংশ ছিল। ব্রুক তাঁর অভিনেতাদেরকে অভিনীত চরিত্রগুলোকে শারীরিকভাবে ধারণ করতে বলেছিলেন। অতিরঞ্জিত ভঙ্গি, চলন এবং মিথষ্ক্রিয়া নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করতে উৎসাহিত করেছিলেন যেন নাটকের হাস্যরস-যৌনতা-অযৌক্তিকতা প্রকাশ করতে পারে। উদাহরণস্বরূপ, চারজন প্রেমিকের বাগড়া এবং পুনর্মিলন শারীরিক সংগ্রামের প্রতিরূপ হিসেবে মঞ্চস্থ করা হয়েছিল; যা তাদের আবেগের অস্থিরতা ও অযৌক্তিকতাকে উন্মোচন করেছিল। গতি ও সংগীত ব্রুকের প্রযোজনার অবিচ্ছেদ্য অংশ ছিল। অভিনেতাদের শারীরিকতা, সার্কাস কৌশল ও মাইম নাটকে মিশ্রিত হয়ে স্বপ্নময় ও জাদুকরী পরিবেশ সৃষ্টি করেছিল। চরিত্রগুলো অতিরঞ্জিত, স্বপ্নের মতো চলন প্রদর্শন করত, যা প্রযোজনার অতিপ্রাকৃত আবহকে আরো তীব্রতা প্রদান করে। জন রিসের সংগীত কিছুটা শোরগোলপূর্ণ ছিল, যা নাটকের গুরুত্বপূর্ণ মুহূর্তগুলোকে জোরালোভাবে ফুটিয়ে তুলত। ব্রুক প্রচলিত রোমান্টিক সংগীতের বদলে ন্যূনতম সংগীত এবং কখনো কখনো অস্বস্তিকর শব্দশৈলী বেছে নিতেন, যা নাটকের হাস্যরস ও উদ্বেজনা আরও বাড়িয়ে দিত।<sup>২৩</sup> হাস্যরস তৈরি করতে প্রথাগত পদ্ধতিগুলো বাদ দিয়ে বিশৃঙ্খল দিকগুলোকে অন্তর্ভুক্ত করা হয়েছিল। উদাহরণস্বরূপ, প্রেমিকদের বাগড়া হিসেবে এক বিশৃঙ্খল শারীরিক মারামারি মঞ্চস্থ করা হয়, যা ভালোবাসার অযৌক্তিকতা ও অস্থিরতাকে উজ্জ্বলভাবে ফুটিয়ে তোলে।

#### দ্য টেম্পেস্ট (১৯৬৯)

ব্রুকের আরো একটি উল্লেখযোগ্য প্রযোজনা দ্য টেম্পেস্ট। ওয়ার্কশপভিত্তিক এই প্রযোজনায় গুরুত্ব দেওয়া হয় ইম্প্রোভাইজেশনকে। এছাড়াও বিভিন্ন ধরনের এক্সারসাইজও গুরুত্ব পেয়েছিল। অভিনেতারা নিজেদের মুখকে মুখোশ হিসেবে ব্যবহার করত এবং মুখের মাধ্যমে নানা ধরনের শব্দ তৈরি করত—কখনো গোঙানী, কখনো ফিসফিসানি আবার কখনো পশুর শব্দ বা চিৎকার যা মঞ্চকে জীবন্ত ও প্রাণবন্ত রাখত। এই প্রযোজনায় ব্রুক বিভিন্ন স্টাইলের প্রয়োগ ঘটান, যেমন: এ্যাক্রোব্যটিকস্, গান, মন্ত্র, কৃত্যচার এবং মুকাভিনয়। ব্রুকের আন্তর্জাতিক অভিনেতাদের নিয়ে মিলিত প্রয়াস প্রথম লক্ষ করা যায় দ্য টেম্পেস্ট প্রযোজনায়। উদাহরণস্বরূপ, এরিয়েল চরিত্রে অভিনয় করেন জাপানের বিখ্যাত অভিনেতা ইয়োশি ওইদা। এই প্রযোজনায় সেট হিসেবে ব্যবহৃত হয় বিভিন্ন মাচান এবং প্লাটফর্ম। অভিনেতারা দর্শকের মধ্যে বসে থাকে এবং হঠাৎই অভিনয় শুরু হয়ে যায়। তারা বিভিন্ন ধ্বনি ও শারীরিক কসরত করতে করতে মঞ্চে উঠে আসে। প্রযোজনাটি অনুষ্ঠিত হয়েছিল একটি বিশাল জিমনেশিয়াম যা পূর্বে ছিল রেলওয়ে স্টেশন হাউজের।<sup>২৪</sup>

#### অরঘ্যাস্ট (১৯৭১)

অরঘ্যাস্ট ব্রুকের অন্যতম নিরীক্ষাধর্মী নাট্য প্রযোজনা। অরঘ্যাস্টের কাহিনি নির্মিত হয়েছিল প্রমিথিউসের মিথ ও হারকিউলিসের মিথের অংশবিশেষকে কেন্দ্র করে। অরঘ্যাস্টের অভিনয় হয়েছিল পাহাড় ও উপত্যকার একাধিক স্থানে। পাহাড়ের চূড়ায় পরিত্যক্ত মন্দিরও হয়ে উঠে অভিনয় স্থান। অভিনয় স্থানে দর্শকের যাতায়াত বাধাগ্রস্ত করা হয় নি। নিরীক্ষাধর্মী এই নাটক ইরানের ‘নাক্ষা-ই-রুস্তম’ নামক পাহাড় ও প্রাচীন পারস্যের সম্রাটের সমাধিস্থলেও প্রদর্শিত হয়। যদিও তাঁর নিরীক্ষাধর্মী নাটকটি সফল হয় নি বলে অনেকেই মত প্রকাশ করেছেন। তবে কেউ কেউ নাটকটির ভূয়সী প্রশংসাও করেছেন। প্রযোজনাটি শুরু হতো সূর্যাস্তের পর আর শেষ হতো সূর্যোদয়ের মধ্য দিয়ে। ব্যাপক নিরীক্ষাধর্মীতা এই প্রযোজনার সঙ্গে মিশে আছে। ছোটো ছোটো ধ্বনির ব্যবহার, মুভমেন্ট, অভিনয় স্থান, শারীরিক কসরত, ইম্প্রোভাইজেশনের মাধ্যমে কল্পনাকে আলোড়িত করার প্রয়াস নেওয়া হয়। জিয়া হায়দার লেখেন,

অরঘ্যাস্ট-কে দাবি করা হয়েছিলো “...experiment,....research-project, ‘work-in-progress’” রূপে। অরঘ্যাস্ট—এর প্রথম পর্ব যতোটা ছিলো ভাবগাভীর্যপূর্ণ, দ্বিতীয় পর্বটি ছিলো ততোটাই ‘spectacular.’ সমালোচক এ্যাণ্ড্রু পোর্টার সামগ্রিক পারফরমেন্সটিকে ‘total’ বলেই গণ্য করেছেন। আর্ভিং ওয়ার্ডল নাট্য-আঙ্গিকের প্রসঙ্গে তার আলোচনায় মন্তব্য করেন যে, অরঘ্যাস্ট ব্রুকের শুধু নাট্যজীবনেই নয়, থিয়েটারের ইতিহাসেও এমন একটি নবতম সংযোজনা যার তুলনা ইতোপূর্বে পাওয়া যায় নি। [...]”<sup>২৫</sup>

অরঘ্যাস্টের সফলতা ও ব্যর্থতা নিয়ে নানাজনের মধ্যে মতপার্থক্য থাকলেও এই প্রযোজনার নিরীক্ষাধর্মীতা নিয়ে কারো কোনো দ্বিমত নেই।

#### মারা/সাদ (১৯৬৩)

জার্মান নাট্যকার পিটার হাইসের মারা/সাদ নাটকের প্রযোজনাতেও ব্রুকের নিরীক্ষাধর্মীতার স্বাক্ষর লক্ষণীয়। মারা/সাদ এর কাহিনি একটি হত্যার সত্য ঘটনাকে কেন্দ্র করে নির্মিত হয়। ফরাসি বিপ্লবের অন্যতম নেতা জঁ পল মারাকে শ্যারেনটনের মানসিক হাসপাতালে হত্যা করা হয়। নাটকের কাহিনির মূল উপজীব্য এই হত্যা আর মানসিক হাসপাতাল। ব্রুক এই প্রযোজনায় সরাসরি নাটকের টেক্সট নিয়ে মহড়া শুরু করেন নি; বরং উন্মাদগ্রস্ততা এবং উন্মাদগ্রস্ততা এবং মানসিক

বিস্তারকে কেন্দ্র করে ওয়ার্কশপ শুরু করেছিলেন। তিনি প্রযোজনার প্রস্তুতির জন্য বিভিন্ন মনস্তত্ত্ববিদের সঙ্গে আলোচনা করেছিলেন এবং ইংল্যান্ড ও ফ্রান্সের একাধিক মানসিক হাসপাতালে ভ্রমণ করেছিলেন। অভিনেতাদের পড়ার জন্য দিয়েছেন আর্তো, দ্য সাদ এবং কবি এজরা পাউন্ডের গ্রন্থ। এছাড়াও রুগেল, গোইয়া ও হোগার্থের আঁকা সহিংসতার চিত্রগুলো দেখিয়েছেন। তাছাড়া নাইজেরিয়ার একটি আদিম কৃত্যচারও অভিনেতাদের সামনে উপস্থাপন করেছেন, যেখানে কৃত্যচারটি চূড়ান্ত উন্মাদগ্রস্ততার মধ্য দিয়ে পালিত হয়। নাটকটি নিরীক্ষাধর্মীতার জ্বলন্ত উদাহরণ। অভিনেতারা নাটকে এতটাই মগ্ন হয়ে যায় যে, নাটক শেষে তারা উন্মাদের মতো আচরণ শুরু করে। বিভিন্ন বিশৃঙ্খলা সৃষ্টি করে ঠিক পাগলদের মতোই। শেষে স্টেজ ম্যানেজার এসে ছইসেল বাজালে অভিনেতারা শান্ত হয়ে যায়। ব্রক তাঁর অভিনেতাদের কাছে নিয়ন্ত্রণহীন উন্মাদগ্রস্ততা দাবি করেছিলেন আর অভিনেতারা নিম্নুচিতে সেই দাবি পূরণ করেছিলেন। অনেকই মনে করেন—ব্রকের এই প্রযোজনায় সফলতার পেছনে রয়েছে আর্থের ‘থিয়েটার অব ড্রুয়েলিটি’র প্রভাব এবং জার্জ গ্রোটস্কির নাট্যদর্শনের সফল প্রয়োগ।<sup>২৬</sup>

### ব্রকের নিরীক্ষাধর্মীতার আরো কিছু উদাহরণ

উপরে উল্লিখিত নাটকগুলো ছাড়াও ব্রকের জীবনব্যাপী নাট্য প্রযোজনায় নিরীক্ষাধর্মীতা স্পষ্টভাবে লক্ষ করা যায় আরও কয়েকটি প্রযোজনায়। উদাহরণস্বরূপ, সেনেকা রচিত *Oedipus* (১৯৬৮) প্রযোজনায় অভিনেতাদের জাপানের মার্শাল আর্ট ‘কেনদো’, চীনের ‘তা’ই চি’ অনুশীলন করানো হয়েছিল। মঞ্চ ছিল সম্পূর্ণ নিরাভরণ এবং একটি ঘূর্ণায়মান কিউবের দুই পাশে কোরাস নেতা ও প্রধান চরিত্ররা অবস্থান করেছিল। কোরাস সদস্যদের ছড়িয়ে দেওয়া হয় মিলনায়তনের বিভিন্ন স্থানে। সমসাময়িক পোশাক ব্যবহৃত হয়। নাটকের সমাপ্তিতে আয়োজন করা হয়েছিল কার্নিভাল, যেখানে অভিনেতারা আলখাল্লা ও পশুর মুখোশ পড়ে বাদ্যযন্ত্রের তালে তালে উদ্যম নৃত্য প্রদর্শন করেছিল।<sup>২৭</sup> ব্রক দ্বাদশ শতকের ইরানের সুফি কবি ফরিদ উদ্দিন আত্তার দার্শনিক রূপকল্প থেকে নির্মাণ করেন *দ্য কনফারেন্স অব দি বার্ডস*। এই প্রযোজনাটি নির্মাণের প্রয়োজনে তিনি অভিনেতাদের নিয়ে ভ্রমণ করেন আফ্রিকার বিভিন্ন দেশ। আফ্রিকার স্থানীয় অধিবাসীর নৃত্যগীত অবলোকন করেন। ব্রকের দলের সদস্যরাও তাদের সঙ্গে মিশে নৃত্যগীত পরিবেশন করে, সাধিত হয় সাংস্কৃতিক বিনিময়। ব্রক আফ্রিকা সফর থেকে বিভিন্ন ধরনের মুভমেন্ট, দেহ ভঙ্গিমা, নিরপেক্ষ ধ্বনি উৎপাদন প্রভৃতির শিক্ষা লাভ করেন। পরবর্তী সময়ে সেই অভিজ্ঞতালব্ধ শিক্ষা ইস্প্রোভাইজেশনের মাধ্যমে নাট্য প্রযোজনায় প্রয়োগ করেন।<sup>২৮</sup>

*দ্য ইক* (১৯৭৫) নাট্য প্রযোজনাটি তিনি নির্মাণ করেন বর্ণনাত্মকরীতিতে। অভিনেতারা কোনো প্রকার মেকাপ গ্রহণ করে নি। দৈনন্দিক পোশাক পরিহিত অবস্থাতেই নাটকটি অভিনীত হয়। নাটকে দ্রব্যসামগ্রিও ছিল অতি সামান্য। মঞ্চসজ্জায় ব্যবহৃত হয় মাটি, পাথর, কয়েকটি খালি টিনের পাত্র, কয়েকটি কাঠি ও সামান্য আগুন।<sup>২৯</sup> ব্রক *দ্য চেরি অর্চার্ড* (১৯৮১) প্রযোজনায়ও তাঁর সরলতার দর্শন অনুসরণ করেন। মঞ্চসজ্জায় চেরির বাগান নির্মাণের কোনো চেষ্টাই করা হয় নি। প্রযোজনাটি একটি বুফে হলে প্রদর্শিত হয়, যেখানে মঞ্চ ছিল মাত্র কয়েকটি কুশন, কিছু পর্দা আর দেয়াল জুড়ে বিভিন্ন আকৃতির ক্ষতচিহ্ন। এছাড়াও, ব্রক *কারমান* (১৯৮২) প্রযোজনায় অপেরার প্রচলিত নিয়ম ভেঙে কণ্ঠসংগীত ও মুভমেন্টের নতুন সমন্বয় উপস্থাপন করেছিলেন। রেকর্ডেড মিউজিক ব্যবহারের দিকটিও বিশেষভাবে লক্ষণীয়। পরে, ১৯৯০ সালের *হ্যামলেট* প্রযোজনায় তিনি করেক কোনো প্রকার আড়ম্বর ছাড়াই মঞ্চ সাজান। মেঝেতে কার্পেট, কয়েকটি কুশন আর লাল রঙের কয়েকটি উঁচু আসন ব্যবহার করেই দৃশ্য পরিকল্পনা করা হয়েছিল।

### ব্রকের নাট্যনির্দেশনার প্রবণতাসমূহ

তিনি তাঁর প্রযোজনাগুলোতে ক্রমাগত নিরীক্ষা করেছেন, তাই প্রতিটি প্রযোজনায় একই ধরনের প্রবণতা লক্ষ করা যায় না। তবু সরলতা, নিরীক্ষাধর্মীতা এবং সারগ্রাহীতা প্রায় সব প্রযোজনাতেই স্পষ্টভাবে ফুটে ওঠে। কিছু ক্ষেত্রে ফিল্ম টেকনিকের ব্যবহারও লক্ষ করা গেছে। ব্রকের বিভিন্ন নাট্য প্রযোজনা বিশ্লেষণের মাধ্যমে যে সকল প্রবণতাসমূহের সন্ধান পাওয়া যায় তা নিম্নে আলোচনা করা হলো :

#### Innovations in Space and Design

ব্রকের প্রযোজনাগুলোর একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য ছিল স্থান ব্যবহারে কল্পনার প্রয়োগ। তিনি নাট্যমঞ্চকে নতুনভাবে সংজ্ঞায়িত করতেন এবং প্রায়শই এটিকে মৌলিক স্তরে নামিয়ে আনতেন। উদাহরণস্বরূপ, ১৯৭০ সালের *এ মিডসামার নাইট’স ড্রিম* প্রযোজনায় মঞ্চ হিসেবে ব্যবহৃত হয়েছিল একটি সাদামাটা সাদা বাস, যেখানে ট্র্যাপিজ এবং ন্যূনতম প্রপস ব্যবহার করে শেক্সপীয়রের জগতের জাদুকরী প্রবাহকে জীবন্ত করা হয়েছিল।<sup>৩০</sup> ব্রকের মঞ্চস্থানের উদ্ভাবনশীলতা সর্বোচ্চ শিখরে পৌঁছেছিল ১৯৮৫ সালের *মহাভারত* প্রযোজনার মাধ্যমে, যা নয় ঘণ্টার দীর্ঘ একটি ভারতীয় মহাকাব্যিক নাট্যরূপ। প্রযোজনাটি উন্মুক্ত আকাশের নিচে পরিবেশিত হয়েছিল। এই প্রযোজনার সর্বজনীন আবেদন বহুমুখী অভিনেতা দল, প্রতীকী মঞ্চায়ন এবং সরল সৌন্দর্যের মাধ্যমে আরও গভীরতর হয়, যা দর্শকদের আদিম স্তরে গল্পের সঙ্গে যুক্ত হতে আমন্ত্রণ জানায়।

### Collaborative Creativity

ব্রহ্মের সৃজনচিন্তার কেন্দ্রে ছিল বহুসংস্কৃতির শিল্পীদের একই মঞ্চে নিয়ে আসা। মহাভারত প্রযোজনায় এই দৃষ্টিভঙ্গির সফল বাস্তবায়ন লক্ষ করা যায়, যেখানে সুরকার তোশি সুৎসুমি এবং আলোক-পরিকল্পনাকারী জ্যাঁ কালম্যানের সঙ্গে ব্রহ্মের উদ্ভাবনী শক্তি মিলিত হয়ে প্রযোজনাটিকে এক অনন্য উচ্চতায় নিয়ে যায়। সংগীত, শরীরভিত্তিক গতিবিধি এবং আলোর নান্দনিক সংমিশ্রণের মধ্য দিয়ে তিনি একটি সমন্বিত, সংবেদনশীল ও ঐক্যবদ্ধ নাট্য-অভিজ্ঞতা নির্মাণ করেছিলেন, যা প্রযোজনার বহুস্রবিক ভাষাকে সার্বজনীনতায় উন্নীত করে। ব্রহ্ম দলগত সৃজনশীল শক্তিকে তাঁর নাট্যদর্শনের অন্যতম ভিত্তি হিসেবে বিবেচনা করতেন। তাঁর প্রযোজনাগুলোতে প্রায়ই নির্দেশক, অভিনেতা, প্রযুক্তিকর্মী, নেপথ্যকর্মী—এই প্রচলিত ভূমিকা-বিভাজন ইচ্ছাকৃতভাবে অস্পষ্ট করা হতো, যাতে ব্যক্তি-নির্ভরতার পরিবর্তে যৌথ সৃজন-প্রক্রিয়ার মালিকানা গড়ে ওঠে। বিশেষত ‘সেন্টার ফর থিয়েটার রিসার্চ’ পরিচালিত তাঁর নিরীক্ষামূলক কর্মশালাগুলোতে এই সমবায়ী চেতনার বাস্তব প্রয়োগ লক্ষ করা যায়, যেখানে অভিনেতা, ডিজাইনার, সংগীতশিল্পীসহ সকল অংশীজন সমান সৃষ্টিশীল ভূমিকা পালন করতেন। এর ফলে নাট্যপ্রক্রিয়া হয়ে উঠত এক সমমর্যদাবিহীন অনুসন্ধান ও আবিষ্কারের ক্ষেত্র, যা ব্রহ্মের ‘উন্মুক্ত সৃজনশীলতা’ দৃষ্টিভঙ্গিকে সুস্পষ্টভাবে প্রতিফলিত করে।

### Legacy and Influence

ব্রহ্মের উদ্ভাবনসমূহ আধুনিক নাট্যচর্চায় দীর্ঘস্থায়ী ও প্রভাববিস্তারকারী পরিবর্তন এনেছে। মিতব্যয়িতা, সার্বজনীনতা ও ন্যূনতম নান্দনিকতার প্রতি তাঁর অনুরাগ সাইমন ম্যাকবার্নি এবং আরিয়ান নচকায়ের মতো সমসাময়িক নির্দেশকদের কর্মধারায় দৃশ্যমানভাবে প্রতিফলিত হয়েছে। প্রচলিত ও কঠোর নাট্যরীতির বিরুদ্ধে তাঁর অবস্থান আজও নবীন ও নিরীক্ষাধর্মী নাট্যনির্দেশকদের পরীক্ষা, উদ্ভাবন ও বিকল্প ভাষা নির্মাণে অনুপ্রাণিত করে যাচ্ছে। তদুপরি, ব্রহ্মের আন্তঃসাংস্কৃতিক পরিবেশনা ও নাট্য-অনুসন্ধান বিশ্বনাট্যের একটি গ্লোবাল দৃষ্টিভঙ্গির ভিত্তি নির্মাণে সহায়তা করেছে। বিভিন্ন সাংস্কৃতিক ও পারফরমিং আর্টস-ঐতিহ্যের উপাদান সৃষ্টিশীলভাবে সমন্বিত করে তিনি দেখিয়েছেন যে নাট্যগল্পের শক্তি—ভাষা, জাতি ও সংস্কৃতির সীমানা অতিক্রম করতে পারে এবং তা দর্শকের মধ্যে এক সামষ্টিক ও মানবিক অনুভূতির জাগরণ ঘটাতে সক্ষম।

### The Reduction to Essentials

ব্রহ্ম থিয়েটারে ‘পরিষ্কার-সাদামাটা’ (simple and uncluttered) নান্দনিকতার এক উৎসাহী প্রবক্তা ছিলেন, তাঁর লক্ষ্য ছিল নাট্যমাধ্যমের মর্মতত্ত্বকে উন্মোচিত করা। তাঁর বিশ্বাস ছিল—নাটকের অস্তিত্বের জন্য ‘একজন অভিনেতা, একটি ত্রিমাত্রিক স্থান এবং একজন দর্শক’—এর বেশি কিছু অপরিহার্য নয়। ফলে বিস্তৃত সেট, জমকালো পোশাক ও প্রসঙ্গে তিনি সচেতনভাবেই পরিহার করতেন, যাতে নাট্য-অভিনয়ের প্রাথমিক শক্তি, মানবদেহের প্রকাশভঙ্গি এবং অভিনেতা-দর্শকের প্রত্যক্ষ সম্পর্ক সামনে আসে। এই নান্দনিক অবস্থান সুস্পষ্টভাবে প্রতিফলিত হয় তাঁর মহাকাব্যিক প্রযোজনা মহাভারত-এ। এখানে ব্রহ্ম ইচ্ছাকৃতভাবে মিতব্যয়ী মঞ্চভাবনা গ্রহণ করেন—মাটি, আগুন ও পানি-প্রভৃতি মৌলিক উপাদান ব্যবহার করে নির্মাণ করেন একটি কালোস্তীর্ণ ও সর্বজনীন পরিবেশ। দৃশ্য বিন্যাসে বাহুল্য কমিয়ে তিনি দর্শকদের কল্পনাশক্তিকে সক্রিয় অংশগ্রহণে আহ্বান জানান; ফলে দৃশ্য-সংস্থান কৃত্রিম উপকরণের মাধ্যমে নয় বরং দর্শকের মানসচক্ষে সম্পূর্ণতা লাভ করে।

### Exploration Through Improvisation

ব্রহ্ম মহড়াকে কেবল মুখস্থ অনুশীলনের ক্ষেত্র হিসেবে নয় বরং সৃজনমূলক আবিষ্কারের একটি গবেষণাগার হিসেবে বিবেচনা করতেন। তাঁর উদ্দেশ্য ছিল—পাঠনির্ভর প্রথাগত রিহর্সাল পদ্ধতি থেকে সরে এসে অভিনেতাদের দেহ, কণ্ঠ ও আবেগের বহুমাত্রিক অনুসন্ধানের মাধ্যমে চরিত্রের অন্তর্নিহিত অর্থ ও মানস-গভীরতাকে উন্মোচিত করা। কৌশলগত দিক থেকে তিনি প্রায়ই তাৎক্ষণিকতা-ভিত্তিক সেশন আয়োজন করতেন, যেখানে অভিনেতাদের পাঠ্য চরিত্র সম্পর্কে পূর্বনির্ধারিত ধারণা ভেঙে ফেলার পরিকল্পনা করা হতো। ব্রহ্ম তাঁদেরকে কখনো বিমূর্ত ধারণা, অনুভূতি বা শারীরিক অবস্থা মূর্ত করার অনুশীলনে নিযুক্ত করতেন, যার মধ্য দিয়ে চরিত্র ও পরিস্থিতির নতুন অর্থস্তর এবং সূক্ষ্ম ব্যাখ্যা আবিষ্কার সম্ভব হতো। উদাহরণস্বরূপ, তাঁর প্রসিদ্ধ প্রযোজনা মারা/সাদ-এ অভিনেতাদের নির্দেশ দেওয়া হয়েছিল যেন তারা নিজেদের চরিত্রকে মানসিক আশ্রয়ক্ষেত্রের রোগীর সত্তার সঙ্গে সম্পূর্ণভাবে একীভূত করে। ফলস্বরূপ, তাঁদের অভিনয়ে বাস্তবতা ও কল্পনার মধ্যবর্তী সীমারেখা ধূসর হয়ে যায় এবং দর্শকের সামনে উপস্থাপিত হয় দ্বৈত স্তরবিশিষ্ট অভিনয়, যেখানে অভিনেতা একদিকে ‘রোগী’ এবং অন্যদিকে ‘নাটকের চরিত্র’—উভয় ভূমিকায় একযোগে অবস্থান করে।<sup>৩১</sup>

### Use of Space

ব্রুকের স্থান-ব্যবহারের কৌশল থিয়েটারের পরিবেশ, অভিনেতা ও দর্শকের পারস্পরিক সম্পর্ককে নতুনভাবে সংজ্ঞায়িত করেছিল। প্রচলিত প্রেসেনিয়ামধর্মী মঞ্চ-দর্শক বিভাজন ভেঙে দিয়ে, তিনি এমন এক পারফরম্যান্স-ধারণা নির্মাণ করেন যেখানে দর্শক কেবল পর্যবেক্ষক নয় বরং অভিজ্ঞতার সহযাত্রী হয়ে ওঠে। তাঁর লক্ষ্য ছিল—স্থানকে এমনভাবে সক্রিয় করা, যাতে অভিনয়-পরিসর এবং দর্শক-পরিসর পরস্পরকে আকার দেয় এবং ঘনিষ্ঠতা, সম্পৃক্ততা ও অংশগ্রহণমূলক অভিজ্ঞতা তৈরি হয়। কৌশলগতভাবে, ব্রুক বিশ্বাস করতেন যে মঞ্চ-স্থানটি ‘জীবন্ত হওয়া উচিত’—এমন একটি গতি-সম্পন্ন ক্ষেত্র, যা অভিনেতা ও দর্শকের মধ্যে নিরন্তর চলমান ক্রিয়া-প্রতিক্রিয়া সৃষ্টি করে। এজন্য তিনি প্রথাগত মঞ্চব্যবস্থার বদলে অপ্রচলিত ভেন্যু, রূপান্তরযোগ্য সেট-নকশা এবং নমনীয় মঞ্চ-স্থাপত্য ব্যবহার করতেন, যাতে প্রতিটি প্রযোজনা নিজস্ব স্থান-ভাষা তৈরি করতে পারে। উদাহরণস্বরূপ, ১৯৭০ সালের তাঁর বিখ্যাত *এ মিড সামার নাইটস্ ড্রিম* প্রযোজনায় ব্রুক নাটকটিকে একটি সাদা কিউব-আকৃতির মঞ্চ উপস্থাপন করেন। ট্রাপিজ, দোলনা এবং বিভিন্ন উল্লম্ব কাঠামো ব্যবহারের মাধ্যমে তিনি মঞ্চ-স্থানের উল্লম্ব ও ত্রি-মাত্রিক সম্ভাবনা অন্বেষণ করেন, যা নাটকের স্বপ্নময়, অতিবাস্তব এবং রূপান্তরমূলক গুণাবলিকে দৃষ্টিগ্রাহ্য রূপে প্রতিফলিত করে। এই স্থান-নির্মাণ দর্শকদের জন্য একটি সম্মিলিত কল্পনার থিয়েটার তৈরি করেছিল, যেখানে বাস্তব ও কল্পিত জগৎ পরস্পরের ভেতর দিয়ে প্রবাহিত হয়েছে। উদাহরণস্বরূপ, *দ্য টেম্পেস্ট* প্রযোজনায় এই দেহ-কেন্দ্রিক পদ্ধতি সুস্পষ্টভাবে প্রতিফলিত হয়। সেখানে ব্রুক কৃত্যচার, মুকাভিনয়, অ্যাক্রোব্যাটিকস্, গান, মন্তোচ্চারণ এবং শারীরিক কোরিওগ্রাফি-কে সমন্বিত করে এক বহুমাত্রিক শারীরিক অভিনয়ের ভাষা নির্মাণ করেন। এর ফলে নাটকটি কেবল টেম্পেস্ট-নির্ভর না থেকে ইন্দ্রিয়, শক্তি, ছন্দ ও দেহভাষায় পরিচালিত এক থিয়েট্রিকাল অভিজ্ঞতায় পরিণত হয়।<sup>৩২</sup>

### Physicality and the Body

ব্রুক অভিনেতার শারীরিক অভিব্যক্তিকে নাট্যভাষার কেন্দ্রে স্থাপন করেছিলেন। তাঁর মতে, দেহ নিজেই এক মৌলিক বর্ণনামাধ্যম, যা শব্দের বাইরে গিয়েও অর্থ নির্মাণ করতে সক্ষম। তাই তিনি অভিনেতাদের সচেতন, সুনির্দিষ্ট ও কাব্যময় শারীরিক ভঙ্গি ও গতিবিধি বিকাশে বিশেষ গুরুত্ব দিতেন। ব্রুকের এই দৃষ্টিভঙ্গি গড়ে ওঠে জার্জি গ্রোটস্কির ‘পুওর থিয়েটার’ ধারণা এবং প্রাচ্যের নাট্যরূপ—বিশেষ করে কথাকলি, নোহ ও কাবুকি—এর প্রভাবের ভিত্তিতে। এই নাট্যধারাগুলোতে অভিনেতার দেহই প্রধান প্রকাশভঙ্গি; যেখানে শরীর, দৃষ্টি, মুদ্রা, ভঙ্গি, শ্বাস-প্রশ্বাস ও ছন্দবদ্ধ গতির মাধ্যমে আবেগ, চরিত্র ও দার্শনিক ভাবনা প্রকাশ পায়। কৌশলগতভাবে, মহড়ার পর্বে ব্রুক অভিনেতার জন্য কঠোর শারীরিক প্রশিক্ষণ, সংবেদনশীলতা-বর্ধনমূলক ব্যায়াম ও দেহ-সচেতনতা বৃদ্ধির অভ্যাস অন্তর্ভুক্ত করতেন, যাতে তারা দেহের গতিশীল শক্তি, অঙ্গভঙ্গির অর্থবহতা এবং দেহ-মন সংযোগ সম্পর্কে অধিকতর সজাগ হতে পারে।<sup>৩৩</sup>

### Intercultural and Multidisciplinary Collaboration

ব্রুক বিভিন্ন সাংস্কৃতিক ও শৈল্পিক ঐতিহ্যের উপাদান সমন্বয় করে এমন প্রযোজনা নির্মাণ করেছিলেন, যা সার্বজনীন অনুভূতির প্রতিধ্বনি তৈরি করত। তিনি বিশ্বের নানা প্রান্তের অভিনেতা, সুরকার, পরিকল্পক এবং নাট্য-শিল্পীদের একত্রিত করে নান্দনিক কৌশলের নতুন নতুন পথ অনুসন্ধান করতেন। কৌশলগতভাবে, ব্রুকের পরিচালনায় আয়োজিত আন্তঃসাংস্কৃতিক কর্মশালাগুলো ছিল আদান-প্রদান, অনুসন্ধান এবং সৃজনশীল পরীক্ষণের ক্ষেত্র। বিভিন্ন সাংস্কৃতিক পটভূমি থেকে আসা শিল্পীরা নিজেদের ঐতিহ্য ভাগ করে নিতেন এবং সেই সেই অভিজ্ঞতা থেকে শিল্প-ভাষার নতুন সম্ভাবনা আবিষ্কার হতো। ব্রুকের থিয়েটার একটি ‘সার্বজনীন ভাষা’ সন্ধানের উপর জোর দেন, যে ভাষা সংস্কৃতি, ভাষা ও ভূগোলের সীমা অতিক্রম করতে সক্ষম। উদাহরণস্বরূপ, *মহাভারত* প্রযোজনায় তিনি বহুজাতিক অভিনেতাদল নিয়ে কাজ করেন এবং ভারতীয় নাট্য-ঐতিহ্যের কিছু উপাদান সৃজনশীলভাবে অন্তর্ভুক্ত করেন। এর মাধ্যমে তিনি একটি আন্তঃসাংস্কৃতিক, মহাকাব্যিক ও সার্বজনীন নাট্যভাষা নির্মাণের প্রয়াস গ্রহণ করেন, যা বৈশ্বিক দর্শকের কাছে সমভাবে গ্রহণযোগ্য হয়ে ওঠে।

### Silence and Stillness

ব্রুকের প্রযোজনাগুলোতে প্রায়শই দীর্ঘ নীরবতা বা স্থিতিশীলতার মুহূর্ত লক্ষ করা যেত, যেগুলো তিনি শব্দ বা গতির মতোই শক্তিশালী মনে করতেন। এই মুহূর্তগুলো দর্শকদেরকে পরিবেশনার সঙ্গে আরও গভীরভাবে যুক্ত হতে সহায়তা করত এবং একটি সার্বজনীন উপস্থিতি ও মনস্তাত্ত্বিক সংযোগের অনুভূতি সৃষ্টি করত। উদাহরণস্বরূপ, ১৯৮১ সালের *দ্য ট্র্যাজেডি অব কারমেন* প্রযোজনায় ব্রুক নীরবতার কৌশল ব্যবহার করেছিলেন উত্তেজনা, মনোযোগ এবং আবেগগত শক্তি বৃদ্ধি করার জন্য। এই নীরবতা গল্পের আবেগগত শক্তিকে অতিরিক্ত নাটকীয়তা ছাড়াই প্রতিধ্বনিত হতে সহায়তা করেছিল, যা দর্শককে চরিত্র ও পরিবেশনার সঙ্গে আরও ঘনিষ্ঠভাবে সংযুক্ত করত।

### Focus on the 'Invisible Theatre'

ব্রুক থিয়েটারে অদৃশ্য বা বিমূর্ত উপাদানগুলোর উপর বিশেষ গুরুত্ব আরোপ করতেন—অর্থাৎ অভিনেতা ও দর্শকের মধ্যে যে শক্তি, সংযোগ এবং মনস্তাত্ত্বিক আদান-প্রদান হয় সেটিই তাঁর নাট্যদর্শনের মূল। তিনি এমন একটি পরিবেশনা নির্মাণ করতে চেয়েছিলেন, যা তিনি 'Holy Theatre' হিসেবে অভিহিত করতেন, যেখানে বস্তুগত উপাদানগুলো কেবল দৃশ্য সাজানোর মাধ্যম নয় বরং আধ্যাত্মিক ও রূপান্তরমূলক অভিজ্ঞতা সঞ্চারণেরও মাধ্যম। উদাহরণস্বরূপ, *দ্য কনফারেন্স অব দ্য বার্ডস* প্রযোজনায়, ব্রুক দর্শকদের চরিত্রগুলোর আলংকারিক ও প্রতীকী যাত্রায় নিমজ্জিত করতে চেয়েছিলেন। এর ফলে দর্শকরা কেবল গল্প পর্যবেক্ষণ করেন নি, বরং একটি যৌথ বিস্ময়, আবিষ্কার এবং অন্তর্দৃষ্টির অনুভূতি লাভ করেছিলেন, যা নাটকের আধ্যাত্মিক ও অভিজ্ঞতামূলক দিককে তীব্রভাবে প্রতিফলিত করেছিল।

### Ensemble Collaboration

ব্রুকের মহড়ার প্রক্রিয়া ছিল গণতান্ত্রিক এবং সহযোগিতামূলক, যেখানে অভিনেতারা কেবল নির্দেশ পালনকর্তা নয় বরং সহ-সৃষ্টিকর্তা হিসেবে গণ্য হতেন। তিনি তাদের নিজস্ব অন্তর্দৃষ্টি, সৃজনশীল ব্যাখ্যা এবং আবিষ্কারের সুযোগ প্রদান করতেন, যাতে প্রযোজনার প্রতিটি উপাদান এক যৌথ সৃজনশীল প্রয়াসের ফলাফল হয়। উদাহরণস্বরূপ, পূর্ব আফ্রিকার ইক উপজাতির অধ্যয়নভিত্তিক *দ্য ইক* প্রযোজনার সময় ব্রুক এবং তাঁর এনসেম্বল তাত্ত্বণিকতা, নিরীক্ষা এবং গবেষণাকে কেন্দ্র করে একটি পরিবেশনা নির্মাণ করেছিলেন। এই প্রযোজনা কেবল গল্প বলার মাধ্যম নয় বরং আচার-অনুষ্ঠান, প্রতীক এবং চরিত্রের সংমিশ্রণে একটি সমৃদ্ধ, সহযোগিতামূলক থিয়েট্রিকাল অভিজ্ঞতা প্রদান করেছিল।<sup>৩৪</sup>

### Audience Interaction

ব্রুক দর্শককে থিয়েটার অভিজ্ঞতার অপরিহার্য অংশ হিসেবে বিবেচনা করতেন। তিনি বিশ্বাস করতেন যে, দর্শকের সক্রিয় উপস্থিতি এবং প্রতিক্রিয়া প্রযোজনাকে নির্দিষ্ট আকার প্রদান করতে এবং তার মানোন্নয়ন করতে সক্ষম। কৌশলগতভাবে, ব্রুক প্রায়ই চতুর্থ দেয়াল ভাঙা, দর্শক অংশগ্রহণ আমন্ত্রণ এবং অন্তর্ভুক্তিমূলক পরিবেশ তৈরি করতেন, যাতে দর্শক কেবল পর্যবেক্ষক না থেকে সৃজনশীল এবং ইন্টারঅ্যাক্টিভ অংশীদার হিসেবে পরিবেশনায় যুক্ত হন। উদাহরণস্বরূপ, ১৯৭১ সালের *অরঘ্যাস্ট* প্রযোজনা ব্রুকের একটি বহুভাষী নিরীক্ষামূলক নাট্যকর্ম, ব্রুক আচার-অনুষ্ঠানমূলক উপাদান, স্থানীয় দর্শক সংযোগ এবং সরাসরি ইন্টারঅ্যাকশন ব্যবহার করেছিলেন। এর মাধ্যমে তিনি একটি অন্তরঙ্গ, গতিশীল এবং অংশগ্রহণমূলক থিয়েট্রিকাল অভিজ্ঞতা সৃষ্টি করতে সক্ষম হন, যা দর্শককে নাটকের অংশ হিসেবে সম্পূর্ণভাবে নিমজ্জিত করে ফেলে।<sup>৩৫</sup>

### সমাপ্তিকা

পিটার ব্রুকের নাট্যনির্দেশনার কৌশল ছিল উদ্ভাবনী সরলতা দ্বারা চিহ্নিত, যা দর্শকদের সঙ্গে গভীরভাবে সংযুক্ত হতে এবং অভিনেতাদের তাদের চরিত্রের মর্ম আবিষ্কার করতে সক্ষম করে। তাঁর তাত্ত্বণিকতা, সহযোগিতা এবং থিয়েটারের সার্বজনীন শক্তির প্রতি গুরুত্ব দেওয়া একটি স্থায়ী উত্তরাধিকার রেখে গেছে, যা সারা বিশ্বে নাট্যনির্দেশনা এবং নাট্য-শ্রষ্টাদের প্রভাবিত করেছে। প্রচলিত সীমারেখাগুলো ভেঙে ব্রুক থিয়েটারকে একটি যৌথ রূপান্তরমূলক স্থান হিসেবে পুনরায় কল্পনা করেছিলেন। পিটার ব্রুকের প্রক্রিয়া একটি সত্যের সন্ধান। এটা কোনো বুদ্ধিবৃত্তিক সত্য নয়, বরং একটি গভীর সার্বজনীন সত্য যা ভাষা এবং সংস্কৃতির উর্ধ্বে। তাঁর কাজ মানব অস্তিত্বের মৌলিক প্রশ্নগুলোকে অন্বেষণ করে: মানুষ হওয়া মানে কী? আমরা এক অপরের সঙ্গে কীভাবে সংযোগ স্থাপন করি? আমাদের যৌথ অভিজ্ঞতার কেন্দ্রে কী আছে? যখন আলো নিভে যায় এবং পারফরম্যান্স শুরু হয়, ব্রুকের থিয়েটার দর্শকদের এমন একটি জগতে প্রবেশ করতে আমন্ত্রণ জানায় যা সরল এবং গভীর, সংক্ষিপ্ত অথচ অসীমভাবে সমৃদ্ধ। ব্রুক মনে করতেন, নির্দেশকের ভূমিকা তাঁর নিজস্ব চিহ্ন রেখে যাওয়া নয়, বরং এমন একটা জায়গা তৈরি করা যেখানে অসাধারণ কিছু ঘটতে পারে। এই অসাধারণ কিছু অভিনেতা-দর্শকদের মধ্যে যোগাযোগের, উপলব্ধির এবং বিস্ময়ের একটি ক্ষণস্থায়ী মুহূর্ত।

### টীকা ও তথ্যনির্দেশ

<sup>১</sup> Peter Brook, *The Empty Space* (New York: Touchstone, 1968), p.7.

<sup>২</sup> Michel Kustow, *Peter Brook A Biography* (New York: Bloomsbury, 2009), pp. 5-25.

<sup>৩</sup> A Hunt and G. Reeves, *Directors in Perspective: Peter Brook* (Cambridge: Cambridge University Press, 1995), pp. 22-25.

<sup>৪</sup> Richard Helfer and Gleen Loney, *Peter Brook: Oxford to Orghast* (London and New York: Routledge, 1998), pp. 8-22.

- ৫ Michel Kustow, *Peter Brook A Biography*, pp. 28-42.
- ৬ Antonin Artaud's 'Theatre of Cruelty' emerged as a radical theatrical movement seeking to shatter the conventional, text-centric Western theatre and replace it with a visceral, sensory, and transformative experience. Artaud argued that theatre should function as a "violent purge," shocking audiences out of complacency and confronting them with the deepest layers of human existence (Artaud 1958, pp. 79-80). Rejecting psychological realism and literary dominance, he emphasized gesture, sound, movement, light, and non-verbal expression as core theatrical languages.— Antonin Artaud, *The Theatre and Its Double*, Translated by Mary Caroline Richards (New York: Grove Press, 1958), p. 89.
- ৭ Peter Brook, *The Empty Space*, p.175.
- ৮ *Ibid.*
- ৯ Noh is Japan's classical musical-dramatic form that developed in the 14th century through the work of Kan'ami and his son Zeami, who refined its aesthetic principles and performance conventions. Rooted in Buddhist and Shinto ritual culture, Noh synthesizes music (hayashi), chant (utai), dance (mai), poetry, and highly codified movement to evoke a mood of refined elegance known as *yūgen*—a subtle, profound beauty (Zeami 1984,. Performances typically feature a central protagonist (*shite*), a secondary actor (*waki*), a chorus, and musicians, all collaborating to create a stylized and symbolic dramatic narrative.— Zeami, *On the Art of the Nō Drama: The Major Treatises of Zeami*, Translated by J. Thomas Rimer and Yamazaki Masakazu (Princeton: Princeton University Press, 1984), pp. 21-22. and Karen Brazell ed., *Traditional Japanese Theater: An Anthology of Plays* (New York: Columbia University Press, 1998), pp. 7-9).
- ১০ Kathakali, the classical dance-drama of Kerala (South India), evolved in the 17<sup>th</sup> century as a highly stylized theatrical form rooted in Hindu epic traditions. Drawing from earlier forms such as Koodiyattam and Krishnattam, Kathakali combines expressive dance (*nritya*), elaborate facial expression (*abhinaya*), vigorous body movement, percussion-driven music, and vividly painted makeup to narrate stories primarily from the *Ramayana*, *Mahabharata*, and *Puranas*. Performers undergo intensive physical, vocal, and eye-training, enabling them to execute the codified gestural language (*mudras*) and distinct character types—classified into categories like Pacha (noble), Kathi (anti-heroic), Thadi (demonic), and Minukku (spiritual) (Paniker 1998,.—Philip B. Zarrilli, *Kathakali Dance-Drama: Where Gods and Demons Come to Play* (London: Routledge, 2000), pp. 25-27. and K. Ayyappa Paniker, *Indian Narratology*. (New Delhi: Sterling Publishers, 1998), pp. 112-114.
- ১১ Peter Brook, *The Empty Space*, pp. 120-135.
- ১২ Mir Mehbub Alam, "Key Factors to Enhance Improvisation Skills: The Root of Acting Basics", *Rajshahi University journal of arts & law* , Vol. 52 (2024), <https://doi.org/10.64102/rujal.0696>, pp. 3-4.
- ১৩ Peter Brook, *The Shifting Point* (New York: Routledge, 1987), p. 218.
- ১৪ A Hunt and G. Reeves, *Directors in Perspective: Peter Brook*, pp. 36-56.
- ১৫ Shomit Mitter, "Peter Brook (1925-)", Shomit Mitter and Maria Shevtsova ed., *Fifty Key Directors* (London and New York: Routledge, 2005), pp. 98-99.
- ১৬ *Ibid.*
- ১৭ জিয়া হায়দার, *থিয়েটারের কথা (পঞ্চম খণ্ড)* (ঢাকা: বাংলা একাডেমি, ২০০৭), পৃ. ৪৫-৪৬।
- ১৮ David Brady and David Williams, *Directors' Theatre* (New York: Macmillan Education, 1988), p.181.
- ১৯ *Ibid*, p.184.
- ২০ Shomit Mitter, "Peter Brook (1925-)", p. 100.
- ২১ David Brady and David Williams, *Directors' Theatre*, pp. 146-150.
- ২২ D. Selborne, *The Making of A Midsummer Night's Dream: An Eye Witness of Peter Brook's Production From First Rehearsal to First Night* (London: Methuen, 1982), p.11.
- ২৩ David Brady and David Williams, *Directors' Theatre*, pp. 146-150.
- ২৪ জিয়া হায়দার, পৃ. ২৪-২৫।
- ২৫ তদেব, পৃ. ২৯।
- ২৬ তদেব, পৃ. ২০-২১।
- ২৭ তদেব, পৃ. ২২-২৪।
- ২৮ David Brady and David Williams, *Directors' Theatre*, pp. 166-172.
- ২৯ *Ibid.*
- ৩০ *Ibid*, pp. 146-150.
- ৩১ জিয়া হায়দার, পৃ. ২০-২১।
- ৩২ David Brady and David Williams, *Directors' Theatre*, pp. 177.
- ৩৩ *Ibid*, pp. 156-157.
- ৩৪ জিয়া হায়দার, পৃ. ৩৯।
- ৩৫ তদেব, পৃ. ২৯।



**উন্নয়ন নাট্যচর্চায় বেসরকারি সংস্থা : সম্ভাবনার ক্ষেত্র অনুসন্ধান**  
[Role of Non-Governmental Organizations in Development Theatre Practice:  
Exploring Field of Possibilities]

Md. Mohsin Ali

PhD Fellow, Department of Theatre, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

**ARTICLE INFORMATION**

*The Faculty Journal of Arts*

Rajshahi University

Volume 39, June 2025

ISSN: 1813-0402 (Print)

DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A19>

Received : 09 February 2025

Received in revised: 27 October 2025

Accepted: 13 October 2025

Published: 10 November 2025

Keywords:

Theatre for Development (TfD) — Non-

Governmental Organizations (NGOs)—

Characteristics of TfD — Initiatives regarding TfD

— Social Impact — Creating Employment through

TfD Practice — Funding for TfD.

**ABSTRACT**

Theatre is a powerful medium of entertainment. It touches people's emotions, has a profound impact on society, makes people cry, laugh, inspires them to think in new ways, and even brings about improvement and change in society in various ways. In other words, theatre can mentally influence audiences, stimulating their emotions like empathy, love, sadness, and joy, thereby relieving mental stress and temporarily moving them away from the challenges of daily life. Since theatre keeps people mentally connected, its use in development work is noticeable. This type of theatre is called Developmental Theatre or Theatre for Development (TfD). The present article explores the role and potential areas for Non-Governmental Organizations (NGOs) to promote the practice of developmental theatre.

নাটক সমাজের সমস্যাগুলো তুলে ধরে এবং মানুষকে সেসব বিষয়ে সচেতন করে তোলে। সামাজিক অন্যায়, বৈষম্য এবং মানবাধিকার লঙ্ঘনের মতো বিষয়সমূহ নাটকের মাধ্যমে প্রায়ই আলোচনায় আসে, যা সমাজের মানুষের চিন্তাভাবনা ও দৃষ্টিভঙ্গি পরিবর্তনে সহায়তা করে। এছাড়াও একটি নির্দিষ্ট সমাজের সংস্কৃতি, ঐতিহ্য এবং বিশ্বাসকে প্রকাশ করে, এমনকি একটি দেশের সাংস্কৃতিক পরিচয়কে সংরক্ষণ করে এবং নতুন প্রজন্মকে ঐতিহ্য সম্পর্কে জানাতে সাহায্য করে। আবার, শিক্ষার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে কাজ করতে পারে নাটক। এটি সামাজিক, নৈতিক এবং নৈতিক শিক্ষার মূল্যবোধ শেখানোর জন্য ব্যবহার করা হয়। শিশু এবং তরুণ প্রজন্ম নাটকের মাধ্যমে সহজেই গুরুত্বপূর্ণ বিষয় শিখতে পারে। এছাড়াও রাজনৈতিক এবং সামাজিক আন্দোলনের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে কাজ করে; রাজনৈতিক দূর্নীতি, ক্ষমতার অপব্যবহার এবং ন্যায়বিচারহীনতার বিরুদ্ধে প্রতিবাদের ভাষা হতে পারে। অনেক সময়ে নাটকের মাধ্যমে সমাজে পরিবর্তন আনার আহ্বান জানানো হয়, আবার একটি কমিউনিটি যখন একত্রিত হয়ে নাটক দেখতে যায়, তখন তাদের মধ্যে একটি সংযোগ তৈরি হয়। এই সংযোগ সমাজে ঐক্য ও সহানুভূতির পরিবেশ গড়ে তোলে। সামগ্রিকভাবে, নাটক শুধুমাত্র বিনোদন নয়, বরং এটি সমাজের মূল্যবোধ এবং নৈতিকতার বিকাশে গুরুত্বপূর্ণ অবদান রাখে। সংস্কৃতি এবং টেকসই উন্নয়ন ঘনিষ্ঠভাবে জড়িত। এই সংযোগ উন্নয়ন বিশ্বে একটি উদীয়মান ধারণা। যদিও একটি সমাজের পরিচয় মূলত তার সংস্কৃতি দ্বারা নির্ধারিত হয়, তবুও যে কোনও সমাজের পক্ষে সংস্কৃতির স্থির ধারণা থাকা কঠিন। সমাজ ও সংস্কৃতি উভয়ই যুগপৎ পরিবর্তনশীল।

সংস্কৃতি এবং উন্নয়নের মধ্যে সংযোগ অস্তুত তিনটি উপায়ে কাজ করে। প্রথমত, সাংস্কৃতিক বৈচিত্র্যকে পর্যটন শিল্পের বিকাশের জন্য জাতীয় সম্পদ হিসেবে ব্যবহার করা যেতে পারে। তাই ঐতিহ্য, বিভিন্ন ঐতিহ্য, লোকগীতি, নৃত্য-নাটক এবং থিয়েটার ইত্যাদি পুনরুদ্ধার ও সংরক্ষণ করা অপরিহার্য। দ্বিতীয়ত, সংস্কৃতিকে মানুষের মধ্যে বিশেষ করে নিরক্ষর মানুষের মধ্যে সচেতনতা তৈরির মাধ্যম হিসেবে ব্যবহার করা যেতে পারে। এই ক্ষেত্রে, থিয়েটার, লোকগীতি এবং বিনোদনের অন্যান্য দেশীয় ধরনগুলিকে সচেতনতা বাড়াতে এবং মানুষকে নতুন ধারণা জানানোর জন্য ব্যবহার করা যেতে পারে। অংশগ্রহণমূলক প্রক্রিয়া, সাংগঠনিক ক্ষমতা, বিরোধ নিষ্পত্তি এবং সুশাসন নিশ্চিত করার জন্যও এই ধরনের বিনোদন মিডিয়া ব্যবহার করা যেতে পারে। তৃতীয়ত, প্রচলিত সামাজিক রীতিনীতি, রীতিনীতি এবং বিশ্বাসের নেতিবাচক প্রভাব পড়তে পারে বা অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নকে বাধাগ্রস্ত করতে পারে। এই জনপ্রিয় সংস্কৃতির কিছু দিক হল লিঙ্গ-সমতা বিরোধী, প্রগতি বিরোধী ইত্যাদি। টেকসই উন্নয়ন হস্তক্ষেপের জন্য, এই নেতিবাচক শক্তিগুলিকে প্রতিরোধ করা প্রয়োজন। রূপান্তর তিনটি উপায়েই সংস্কৃতি-উন্নয়ন সংযোগকে সম্বোধন করার চেষ্টা করে।<sup>১</sup>

উন্নয়ন নাট্য বাংলাদেশে কয়েক দশক ধরে সামাজিক পরিবর্তন, সম্প্রদায়ের উন্নয়ন এবং শিক্ষা প্রচারের মাধ্যম হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। বাংলাদেশে উন্নয়ন নাটকের ব্যবহার দারিদ্র্য, লিঙ্গ বৈষম্য, স্বাস্থ্য এবং মানবাধিকারের মতো

সমস্যাগুলি মোকাবেলায় বিশেষভাবে কার্যকর হয়েছে। বাংলাদেশের স্বাধীনতার ৫৩ বছরে সল্লোনত দেশ থেকে উন্নয়নশীল দেশে পরিণত হয়েছে। এক বন্ধুর পথ পাড়ি দিয়ে যুদ্ধবিধ্বস্ত দেশ থেকে আজকের এই উত্তরণ ও অর্জন সম্ভব হয়েছে। অগ্রগতিশীল উন্নয়ন কৌশল গ্রহণের ফলেই সামগ্রিক অর্থনৈতিক প্রবৃদ্ধি, কাঠামোগত রূপান্তর ও উল্লেখযোগ্য সামাজিক অগ্রগতি হয়েছে। বিগত অর্ধশতক সময়ে বাংলাদেশের এই উন্নয়ন সাধনের পথে সরকারি ও বেসরকারিভাবে নানাবিধ উদ্যোগ নেওয়ার প্রয়োজন হয়েছে। সেই উদ্যোগসমূহের অন্যতম একটি উন্নয়ন নাট্য। যা দ্বারা প্রতি বছরই সচেতনতার কাজ ও উন্নয়নের কাজ করে যাচ্ছে।

#### প্রসঙ্গ : উন্নয়ন নাট্য

উন্নয়নের জন্য যে নাটক করা হয় তাকে উন্নয়ন নাট্য বা থিয়েটার ফর ডেভেলপমেন্ট (TFD) বলা হয়। এই ধরনের নাটকের মূল উদ্দেশ্য হলো সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক সমস্যাগুলোর উপর আলোকপাত করা এবং মানুষকে সচেতন ও উদ্বুদ্ধ করা। অনুন্নত দেশের জনগণের জীবনযাত্রার মানোন্নয়ন, সামাজিক-রাজনৈতিক দায়িত্ব সম্পর্কে সচেতন করা উন্নয়নের আরেকটি উদ্দেশ্য হয়ে দাঁড়ায়। শিল্পোন্নত দেশগুলোর উন্নয়নসংস্থা অনুন্নত দেশগুলোর উন্নয়নের জন্য ঋণদান কর্মসূচির পাশাপাশি মানব উন্নয়নের উদ্দেশ্যে অন্যান্য কর্মসূচিতে জোর দিতে শুরু করে। এছাড়াও বিভিন্ন তাত্ত্বিক ও প্রায়োগিক গবেষণা চলতে থাকে। নোবেল বিজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন উন্নয়নের ব্যাখ্যা দিতে গিয়ে বলেছেন,

সাবেক উন্নয়ন তত্ত্বের প্রধান তথ্যগত ত্রুটি এই যে, এ তত্ত্বের জোর দেয়া হয়েছে জাতীয় উৎপাদন, মোট আয় এবং বিশেষ বিশেষ পণ্যের মোট সরবরাহের উপর। মানুষের স্বত্বাধিকার এবং সেই স্বত্বাধিকার থেকে পাওয়া ক্ষমতার দিকে নজর দেয়া হয়নি। অর্থনৈতিক উন্নয়নের চরম লক্ষ্য হওয়া উচিত মানুষের সক্ষমতা সৃষ্টি।<sup>২</sup>

অন্যদিকে বিকল্প ধারার উন্নয়ন সম্পর্কে বোদেনার্ড বলেছেন,

কিছু ব্যক্তির উন্নয়নের জন্য উন্নয়নের অর্থ হলো অদক্ষদের কাছে প্রযুক্তি হস্তান্তর করা যাতে তারা আরো উৎপাদনক্ষম হয়ে উঠতে পারে, অন্যদের জন্য তা হল গ্রামীণ জনগোষ্ঠীর বুদ্ধিবৃত্তিক সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা জগত করা যাতে তারা নিজেরাই সমাজের কাঠামোটাকে বদলে ফেলতে পারে।<sup>৩</sup>

বর্তমান সমাজ ব্যবস্থা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং সামাজিক আন্দোলনের মাধ্যমে এই অসম সমাজ ব্যবস্থার মূল কারণ দূর করার মাধ্যমে উন্নয়ন করা সম্ভব। বিশেষজ্ঞের মতে উন্নয়নের প্রথম ধারণাটি অত্যাচারী শ্রেণির সার্থকে সংরক্ষণ করে এবং দ্বিতীয়টি অত্যাচারিতদের স্বার্থকে সমর্থন করে, যা মূলত ফ্রেইরিয়ান বৈশিষ্ট্যমণ্ডিত। তৃতীয় বিশ্বে গ্রামীণ জনগোষ্ঠীর বিশ্লেষণী সচেতনতা এবং সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা বৃদ্ধি হলো উন্নয়ন। বিভিন্ন উন্নয়ন সংস্থাগুলো শুধুমাত্র সংস্কৃত জনগোষ্ঠীর আত্মনির্ভরশীলতার উপর জোর দিচ্ছে। গবেষক আনিসুর রহমানের মতে,

আত্মনির্ভরশীলতার অর্থ হল যে কোন কাজে নিজের সম্পদ ও শক্তিকে মৌলিক সম্পদ ও শক্তি বলে গণ্য করা-অপরের সম্পদ সম্মানজনক শর্তে ব্যবহার করলেও এই চেতনা থাকবে যাতে তার উপর এমন নির্ভরশীলতা দেখা না দেয় যে, সেই সম্পদ না পেলে কিছুতেই চলে না। এই ধরনের নির্ভরশীলতা অপরের দ্বারা শোষণের দ্বার উন্মুক্ত করে।<sup>৪</sup>

অর্থাৎ এখান থেকে বোঝা যায় যে, উন্নয়ন হলো আসলে নির্ভরশীলতা থেকে মুক্তি দিয়ে স্বনির্ভর করে তোলা। কিন্তু অনেক ক্ষেত্রে বিভিন্ন উন্নয়ন সংস্থা উন্নয়ন ঘটাতে গিয়ে মানুষের মধ্যে নির্ভরশীলতার শিকল গড়ে তুলছে যা ইতিবাচক নয়। “তৃতীয় বিশ্বের বিভিন্ন দেশের সরকারী সংস্থার নাট্যকলা ব্যবহারের উদ্দেশ্য হল দেশের গ্রামীণ কৃষকদের ‘উন্নয়ন’।”<sup>৫</sup> উন্নয়ন বা পরিবর্তনের জন্য সামাজিক এবং ব্যক্তিগত অবস্থার পরিবর্তনের প্রয়োজন। উন্নয়নের ক্ষেত্র শুধুমাত্র দরিদ্র বা বঞ্চিত গ্রামীণ জনগোষ্ঠী নয়; উন্নয়ন দরকার সমাজের উপরের কাঠামো থেকে শুরু করে নিম্ন স্তরের ব্যক্তিবর্গের ক্ষেত্রে। উন্নয়ন নাট্যের মাধ্যমে বাংলাদেশের উন্নয়নে অবদান রাখার অন্যতম প্রধান উপায় হলো গুরুত্বপূর্ণ সামাজিক বিষয়ে সচেতনতা ও শিক্ষার প্রচার করা। উন্নয়নমূলক নাট্য বিভিন্ন সম্প্রদায়কে তাদের অধিকার সম্পর্কে শিক্ষিত করার জন্য ব্যবহার করা হয়েছে, নারীর অধিকার সহ বাল্যবিবাহ, গার্হস্থ্য সহিংসতা এবং মানব পাচারের মতো সামাজিক সমস্যাগুলো মোকাবেলায় পদক্ষেপ নিতে তাদের উৎসাহিত করতে। উন্নয়ন নাট্য বাংলাদেশে স্বাস্থ্য ও পরিবেশগত টেকসইতা বৃদ্ধিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এনজিও এবং সম্প্রদায়-ভিত্তিক সংস্থাগুলি এইচআইভি/এইডস, যক্ষ্মা, এবং প্রজনন স্বাস্থ্যের মতো স্বাস্থ্য সমস্যা সম্পর্কে সচেতনতা বাড়াতে এবং জল সংরক্ষণ এবং বৃক্ষ রোপণের মতো পরিবেশগতভাবে টেকসই অনুশীলনগুলিকে প্রচার করতে উন্নয়ন নাট্য ব্যবহার করেছে।

#### উন্নয়ন নাট্যের লক্ষ্যণীয় কিছু বৈশিষ্ট্য :

- এই নাটকগুলো সাধারণত দারিদ্র্য, স্বাস্থ্য, শিক্ষা, লিঙ্গ বৈষম্য, পরিবেশের ক্ষতি, কৃষি, নারীর অধিকার ইত্যাদি বিভিন্ন সামাজিক ইস্যু নিয়ে সামাজিক সচেতনতা বৃদ্ধি করে।

- উন্নয়নমূলক নাটক সমাজের অগ্রগতি এবং উন্নয়নের জন্য এক ধরনের গণমাধ্যম হিসেবে কাজ করে, যেখানে মানুষের সমস্যা নিয়ে খোলামেলা আলোচনা হয় এবং তাদের জীবনযাত্রার উন্নতির জন্য সমাধান প্রদানের চেষ্টা করা হয়।
- অনেক সময় এই ধরনের নাটকগুলোতে দর্শকরাও অংশগ্রহণ করে, যার মাধ্যমে তারা সরাসরি তাদের অভিজ্ঞতা এবং চিন্তাভাবনা প্রকাশ করতে পারে। এতে নাটকের মাধ্যমে সমাধান খোঁজার প্রক্রিয়ায় সবাইকে যুক্ত করা হয়। ফলে এটি অংশগ্রহণমূলক নাটক হয়ে ওঠে।
- উন্নয়নমূলক নাটকগুলোতে প্রায়ই লোকজ সংস্কৃতি, গান, নাচ ইত্যাদির ব্যবহার দেখা যায়, যা সাধারণ মানুষের সঙ্গে সহজে সংযোগ স্থাপন করতে সাহায্য করে।
- আঞ্চলিক ও স্থানীয় সমস্যার প্রতিফলনের জন্য এই ধরনের নাটক গুরুত্বপূর্ণ। এই নাটকগুলো স্থানীয় ভাষা এবং সংস্কৃতির সঙ্গে সামঞ্জস্য রেখে তৈরি করা হয়, যাতে সাধারণ মানুষ নিজেদের সমস্যার সঙ্গে সহজেই যুক্ত হতে পারে।

#### বেসরকারি উন্নয়ন সংস্থার উন্নয়ন নাট্য বিষয়ক পদক্ষেপ

উন্নয়ন নাট্য বা TFD সমাজের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে এবং এই প্রক্রিয়ায় বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহও বিশেষ ভূমিকা পালন করতে পারে। বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহ উন্নয়ন নাট্যকে সমাজে কার্যকরভাবে ব্যবহার করতে পারে বিভিন্ন পদক্ষেপের মাধ্যমে,

- গ্রামীণ বা শহুরে এলাকায় নাট্যদল গঠন এবং তাদের উন্নয়ন নাট্য বিষয়ক প্রশিক্ষণ দিতে পারে।
- প্রশিক্ষণের মাধ্যমে সদস্যদের সামাজিক সমস্যা সম্পর্কে সচেতন করা।
- নাট্যকলার কৌশল শেখানো এবং কিভাবে স্থানীয় সমস্যা নাটকের মাধ্যমে উপস্থাপন করা যায়, তা শেখানো।
- স্থানীয় পর্যায়ে সচেতনতা সৃষ্টির জন্য নাট্য প্রদর্শনী আয়োজন; যেখানে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় যেমন স্বাস্থ্য সচেতনতা, শিক্ষা, নারী অধিকার, শিশুশ্রম, পরিবেশ, লিঙ্গ সমতা ইত্যাদি তুলে ধরা হবে। এতে স্থানীয় জনগণ নাটকের মাধ্যমে তাদের সমস্যাগুলি চিহ্নিত করতে পারবে এবং সেগুলির সমাধানে নিজে থেকে উদ্যোগ নিতে উদ্বুদ্ধ হবে।
- জনগণকে সরাসরি নাটকের অংশ হিসেবে অন্তর্ভুক্ত করা ; যেখানে দর্শকও নাটকের একটি অংশ হয়ে সমস্যার সমাধানে নিজের মতামত দিতে পারে। এই প্রক্রিয়ায় জনগণের মতামত, অভিজ্ঞতা এবং সমাধানকে গুরুত্ব দেওয়া হয়, যা তাদের সক্রিয়ভাবে সমস্যার সমাধানে উৎসাহিত করে।
- মোবাইল বা ড্রামামান থিয়েটার দল গঠন করা, যারা গ্রাম থেকে গ্রামে ঘুরে ঘুরে উন্নয়ন নাট্য প্রদর্শন করবে। এটি বিশেষ করে প্রান্তিক এবং দূরবর্তী এলাকার মানুষের জন্য কার্যকর, যাদের মূলধারার যোগাযোগের সুযোগ কম।
- স্থানীয় স্কুল-কলেজসহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে উন্নয়ন নাট্যের অনুষ্ঠান আয়োজন। শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য এই ধরনের নাটক উপস্থাপন অত্যন্ত কার্যকর হতে পারে, কারণ শিক্ষার্থীরা সমাজের ভবিষ্যৎ নির্মাতা।
- উন্নয়ন নাট্য পরিবেশনা পরবর্তী কার্যক্রম হিসেবে ফলো-আপ কর্মসূচি পরিচালনা করা যেতে পারে, যেখানে নাট্য প্রদর্শনের পর জনগণের মধ্যে আলোচনার সুযোগ সৃষ্টি হবে। এই আলোচনায় সমাধানমূলক প্রস্তাব, উদ্যোগ এবং কর্মপরিকল্পনা তৈরি করা যাবে।
- বিভিন্ন নাট্যদলগুলোকে অর্থায়ন, সরঞ্জাম এবং প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে পারে। যা নাটকের জন্য পোশাক, মঞ্চ নির্মাণ, যাতায়াত এবং অন্যান্য উপকরণ সংগ্রহের জন্য ব্যবহার করা যেতে পারে।
- উন্নয়ন নাট্যের প্রভাব মূল্যায়ন করার জন্য সংস্থাগুলো পর্যবেক্ষণ (Monitoring) ব্যবস্থা চালু করতে পারে। এটি নাটকের মাধ্যমে সৃষ্ট পরিবর্তনের মাত্রা পরিমাপ করতে সাহায্য করবে এবং ভবিষ্যৎ উদ্যোগের জন্য দিকনির্দেশনা দেবে।
- দেশীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে অন্যান্য সংস্থার সঙ্গে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে নাট্য কর্মশালা, সেমিনার এবং প্রশিক্ষণ আয়োজন করতে পারে। এতে উন্নয়ন নাট্যের মান আরও উন্নত হবে এবং সম্প্রসারণের সুযোগ তৈরি হবে।
- এছাড়াও উন্নয়ন নাট্যের মাধ্যমে তৈরি নাটকগুলো বিভিন্ন মিডিয়ার মাধ্যমে প্রচার করতে পারে (যেমন টেলিভিশন, রেডিও, ইউটিউব, সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম ইত্যাদি)। এই মাধ্যমগুলো নাটকের উদ্দেশ্যকে অনেক বেশি মানুষের কাছে পৌঁছে দেবে এবং তাদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করবে।

এই পদক্ষেপগুলো বাস্তবায়নের মাধ্যমে যেসব অঞ্চলে সাধারণ মানুষ সচেতনতা এবং শিক্ষা থেকে পিছিয়ে রয়েছে সেসব অঞ্চলে বেসরকারি সংস্থাগুলো উন্নয়ন নাট্যকে কার্যকরভাবে ব্যবহার করে সমাজের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। প্রশ্ন জাগে, উন্নয়ন নাট্য সম্পর্কিত এই পদক্ষেপগুলো বাস্তবায়ন করে এর চর্চা বেগবান করলে বেসরকারি সংস্থাসমূহ কী কী সুফল পাবে? সংস্থাগুলো উন্নয়ন নাট্য কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে অনেক ধরনের উপকার এবং সুবিধা

কিংবা সুফল পেতে পারে। উন্নয়ন নাট্য ব্যবহারের মাধ্যমে এই সংস্থাগুলো সমাজের বিভিন্ন স্তরে ইতিবাচক প্রভাব তৈরি করতে সক্ষম হবে, যা তাদের মূল লক্ষ্য এবং মিশনে সহজেই পৌঁছে দিবে। নাটক এমন একটি মাধ্যম, যা সাধারণ মানুষের কাছে সহজে পৌঁছায় এবং তাদের মনোজগতে গভীর প্রভাব ফেলে সচেতনতা সৃষ্টি করে। এই সচেতনতা বৃদ্ধি বেসরকারি সংস্থাগুলোর বিভিন্ন প্রোগ্রামের সফলতা নিশ্চিত করে এবং তাদের কর্মসূচি আরো কার্যকরী ও অর্থবহ করে তোলে। বেসরকারি সংস্থা গুলোর অন্যতম উদ্দেশ্যই হলো সমাজের নানা সমস্যার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা। উন্নয়ন নাট্য সেই সচেতনতা তৈরির একটি কার্যকর মাধ্যম হিসেবে কাজ করে। উন্নয়ন নাট্যের মাধ্যমে বেসরকারি সংস্থাগুলো স্থানীয় জনগণের সরাসরি অংশগ্রহণ বাড়াতে পারে। অংশগ্রহণমূলক নাট্য প্রদর্শনীর মাধ্যমে সাধারণ মানুষ নিজেদের মতামত এবং অভিজ্ঞতা প্রকাশ করতে পারে, যা ঐ সংস্থার প্রকল্প ও উদ্যোগগুলোর বাস্তবায়নকে আরও কার্যকর ও টেকসই করে। এতে সাধারণ মানুষ নিজেদের সমস্যা নিয়ে সরাসরি আলোচনা করতে পারে, ফলে তাদের মধ্যে সমাজের উন্নয়নে অংশগ্রহণের ইচ্ছা জন্ম নেয়। মিডিয়া মাধ্যমে বেসরকারি সংস্থাগুলোর কর্মকাণ্ডের ব্যাপক প্রচার হয়, যা তাদের পরিচিতি এবং গ্রহণযোগ্যতা বাড়িয়ে তোলে। উন্নয়নমূলক নাটক প্রদর্শন একটি চমকপ্রদ এবং সৃজনশীল উদ্যোগ, যা সহজেই গণমাধ্যমের দৃষ্টি আকর্ষণ করতে পারে। এছাড়া, উন্নয়ন নাট্যের মাধ্যমে একটি সংস্থা তার প্রচারণা বা অ্যাডভোকেসি উদ্যোগে অধিক মানুষকে যুক্ত করতে সক্ষম হয়। দাতাগোষ্ঠীর বিশ্বাস এবং আস্থা অর্জনের জন্য বেসরকারি সংস্থাগুলোকে তাদের প্রকল্পের প্রায়োগিক দক্ষতা প্রমাণ করতে হয়। উন্নয়ন নাট্যের মাধ্যমে সরাসরি জনসম্পৃক্ততা এবং সমাজে ইতিবাচক প্রভাব দেখানো সম্ভব হয়, যা দাতাগোষ্ঠী এবং সহযোগী প্রতিষ্ঠানের কাছে শক্তিশালী উদাহরণ হয়ে ওঠে। এটি একটি সংস্থার জন্য ভবিষ্যৎ ফান্ডিং বা অর্থায়নের সম্ভাবনা বাড়িয়ে তোলে।

উন্নয়ন নাট্য একটি খরচ সাশ্রয়ী যোগাযোগ মাধ্যম হিসেবে কাজ করতে পারে। প্রচলিত গণমাধ্যমের (যেমন টেলিভিশন, বিলবোর্ড, ইত্যাদি) তুলনায় নাটকের মাধ্যমে একটি বড় জনগোষ্ঠীর কাছে পৌঁছানো যায় অপেক্ষাকৃত কম খরচে। এতে কম খরচে বেশি মানুষের মধ্যে সচেতনতা তৈরি করা যায়, যা একটি সংস্থার সীমিত বাজেটের মধ্যে বড় লক্ষ্য পূরণে সহায়ক হয়। উন্নয়ন নাট্যেও পরবর্তী পদক্ষেপ (Follow-Up)-এর মাধ্যমে একটি উন্নয়ন সংস্থা স্থানীয় জনগণের সমস্যাসমূহ সরাসরি জানতে পারে এবং সেই অনুযায়ী বাস্তবভিত্তিক সমাধান তৈরি করতে পারে। স্থানীয় ভাষা, সংস্কৃতি এবং জীবনযাত্রার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ উন্নয়ন নাট্যের মাধ্যমে সমাধানের প্রস্তাব দেওয়া সহজ হয়। এতে সংস্থার প্রকল্পসমূহ স্থানীয় বাস্তবতার সাথে আরও ভালোভাবে সমন্বয় করতে পারে। উন্নয়ন নাট্যের মাধ্যমে বেসরকারি সংস্থাগুলো জনগণের সঙ্গে সরাসরি যোগাযোগ স্থাপন করে, যা জনগণের মধ্যে তাদের সম্পর্কে বিশ্বাস ও আস্থা তৈরি করে। ফলে দীর্ঘমেয়াদে জনগণের সঙ্গে মজবুত সম্পর্ক তৈরি হয় এবং তাদের কাজ আরও সফল হয়। যখন স্থানীয় মানুষ বেসরকারি সংস্থার উদ্যোগে নিজেদের সম্পৃক্ত এবং সমর্থিত মনে করে, তখন তাদের সহযোগিতা পাওয়া সহজ হয়। অংশগ্রহণমূলক নাটকগুলোতে জনগণ নিজেরাই বিভিন্ন সামাজিক সমস্যার সমাধানে যুক্ত হয়, যা দীর্ঘমেয়াদে টেকসই উন্নয়ন নিশ্চিত করতে সহায়ক। এতে মানুষ কেবল সচেতন হয় না বরং তারা নিজ উদ্যোগে সমস্যার সমাধানেও ভূমিকা পালন করে। উন্নয়ন নাট্যের মাধ্যমে বেসরকারি সংস্থাগুলো তাদের বিভিন্ন জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থা, সংস্কৃতিকর্মী, নাট্যদল এবং গণমাধ্যমের সঙ্গে সংযোগ স্থাপন করতে পারে। এই নেটওয়ার্কিং পরবর্তী সময়ে সহযোগিতা, অভিজ্ঞতা বিনিময় এবং নতুন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সাহায্য করে। সর্বোপরি, বেসরকারি সংস্থার জন্য উন্নয়ন নাট্য একটি সৃজনশীল, অংশগ্রহণমূলক এবং কার্যকর মাধ্যম হিসেবে কাজ করে। এটি তাদের লক্ষ্য পূরণে সহায়তা করার পাশাপাশি কম খরচে জনসংযোগ ও সামাজিক সচেতনতা বৃদ্ধির একটি শক্তিশালী কৌশল হিসেবে প্রমাণিত হয়।

### উন্নয়ন নাট্যচর্চা ও প্রয়োগের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি

বেসরকারি সংস্থাগুলো উন্নয়ন নাট্য কার্যক্রম শুরু করলে নাটকের শিক্ষার্থীদের জন্য কর্মসংস্থান সৃষ্টির যথেষ্ট সম্ভাবনা রয়েছে। সামাজিক উন্নয়নে নাটককে ব্যবহার করে নাট্যকর্মীদের ও নাটকের শিক্ষার্থীদের জন্য নতুন কর্মক্ষেত্র তৈরি করতে পারে। নিচে এর সম্ভাবনা নিয়ে কিছু দিক তুলে ধরা হলো:

**১. পেশাদার নাট্যদলে কাজের সুযোগ :** বেসরকারি সংস্থা গুলো উন্নয়ন নাট্যের মাধ্যমে নাট্যদল গঠন করলে সেখানে নাটকের শিক্ষার্থীরা পেশাদার নাট্যকর্মী হিসেবে কাজের সুযোগ পেতে পারে। তাদের অভিনয়, নির্দেশনা, সৃজনশীলতা, এবং কোরিওগ্রাফিসহ বিভিন্ন দায়িত্বে নিয়োগ দেওয়া যেতে পারে। এর ফলে নাট্য শিক্ষার্থীরা পেশাগত জীবনে নাটকের বিভিন্ন দিক নিয়ে কাজ করতে পারবে।

**২. উন্নয়ন নাট্যের প্রশিক্ষক ও ফ্যাসিলিটের হিসেবে কাজের সুযোগ:** নাটকের শিক্ষার্থীরা উন্নয়ন নাট্যের প্রশিক্ষক বা ফ্যাসিলিটের হিসেবে কাজ করতে পারে। তারা নতুন নাট্যদল গঠন, নাটকের কৌশল শেখানো, ওয়ার্কশপ পরিচালনা এবং নতুন নাট্যকর্মীদের প্রশিক্ষণ দেওয়ার কাজে নিয়োজিত হতে পারে। এটি তাদের জন্য একটি স্বনির্ভর পেশা হিসেবে কাজ করতে সহায়তা করবে।

**৩. নাট্য নির্দেশক ও প্রযোজক হিসেবে কাজের সুযোগ:** উন্নয়ন নাট্যের প্রোগ্রামে নাটকের শিক্ষার্থীরা নাট্য নির্দেশক (ডিরেক্টর) এবং প্রযোজক (প্রোডিউসার) হিসেবে কাজ করার সুযোগ পাবে। বেসরকারি সংস্থা গুলো যখন উন্নয়নমূলক নাটক পরিচালনা করবে, তখন তাদের এসব পেশাদারদের প্রয়োজন হবে, যারা নাটক তৈরি ও পরিচালনা করতে দক্ষ। এভাবে শিক্ষার্থীরা নাটক তৈরির সম্পূর্ণ প্রক্রিয়ায় নেতৃত্ব দেওয়ার সুযোগ পেতে পারে।

**৪. স্থানীয় ও আঞ্চলিক থিয়েটার কর্মসূচিতে অংশগ্রহণ:** উন্নয়ন নাট্যের উদ্যোগের ফলে স্থানীয় বা আঞ্চলিক থিয়েটার কর্মসূচি বৃদ্ধি পাবে, যেখানে নাটকের শিক্ষার্থীরা বিভিন্ন প্রকল্পে কাজের সুযোগ পাবে। তারা স্থানীয় নাট্যদলগুলোর সঙ্গে কাজ করতে পারবে এবং তাদের নিজস্ব দক্ষতা উন্নত করার পাশাপাশি আয়ও করতে পারবে।

**৫. মিডিয়া ও প্রচারণায় কাজের সুযোগ:** উন্নয়ন নাট্যের মাধ্যমে সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রচারণামূলক কাজেও নাটকের শিক্ষার্থীদের নিয়োগ দেওয়া যেতে পারে। সংস্থাগুলো যখন জনসচেতনতামূলক নাটক তৈরি করে এবং তা গণমাধ্যমে প্রচার করে, তখন মিডিয়া প্ল্যাটফর্মে নাট্যশিল্পীদের প্রয়োজন হয়। শিক্ষার্থীরা এখানে স্ক্রিপ্ট রাইটার, অ্যান্টর, ক্যামেরা অপারেটর, প্রডাকশন কো-অর্ডিনেটর ইত্যাদি ভূমিকা পালন করতে পারে।

**৬. অভিনেতা হিসেবে কাজের সুযোগ:** উন্নয়ন নাট্যের প্রোগ্রামের নাটকগুলোতে শিক্ষার্থীরা অভিনেতা হিসেবে কাজ করতে পারে। যারা স্থানীয় ভাষা এবং সংস্কৃতি বুঝতে পারে, উন্নয়ন নাট্যের জন্য সেই নাট্যশিল্পীদের নিয়মিত প্রয়োজন হয়। শিক্ষার্থীরা এখানে অভিনয় দক্ষতার ব্যবহার করতে পারবে এবং অভিনয়ের মাধ্যমে জীবিকা অর্জন করতে সক্ষম হবে।

**৭. নাট্য প্রশিক্ষণ কেন্দ্র বা একাডেমি প্রতিষ্ঠা:** উন্নয়ন নাট্যের অভিজ্ঞতার ভিত্তিতে নাটকের শিক্ষার্থীরা ভবিষ্যতে নিজেদের নাট্য প্রশিক্ষণ কেন্দ্র বা একাডেমি প্রতিষ্ঠা করতে পারে, যেখানে নতুন নাট্যকর্মীদের প্রশিক্ষণ দেওয়া হবে। সংস্থাসমূহ এই ধরনের উদ্যোগে সহযোগিতা করতে পারে, যা শিক্ষার্থীদের নিজস্ব প্রতিষ্ঠান তৈরির সুযোগ করে দিবে।

**৯. নাট্য গবেষণা ও সৃজনশীল লেখালেখির সুযোগ:** উন্নয়ন নাট্যের মাধ্যমে অর্জিত অভিজ্ঞতা নাটকের শিক্ষার্থীদের নাট্য গবেষণা এবং স্ক্রিপ্ট লেখার মতো ক্ষেত্রগুলোতে কাজ করার সুযোগ দিতে পারে। তারা উন্নয়নমূলক নাটক নিয়ে গবেষণা করতে পারে বা স্ক্রিপ্ট লিখতে পারে, যা তাদের সৃজনশীল জীবনের একটি নতুন পথ তৈরি করবে।

**১০. কর্মসংস্থানের নেটওয়ার্ক বৃদ্ধি:** উন্নয়ন নাট্যের মাধ্যমে নাটকের শিক্ষার্থী/কর্মীবৃন্দ বেসরকারি উন্নয়ন সংস্থা, থিয়েটার গ্রুপ, মিডিয়া হাউজ এবং অন্যান্য সৃজনশীল প্রতিষ্ঠানের সাথে নেটওয়ার্ক তৈরি করতে পারবে। এটি ভবিষ্যতে তাদের কর্মসংস্থানের সুযোগ বাড়িয়ে তুলবে এবং বিভিন্ন পেশাগত সংযোগ তৈরি করবে। অর্থাৎ, বেসরকারি উন্নয়ন সংস্থাগুলো উন্নয়ন নাট্যের প্রয়োগ শুরু করলে নাটকের শিক্ষার্থীদের জন্য বহুমুখী কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। তারা পেশাদার নাট্যকর্মী, প্রশিক্ষক, অভিনেতা, নির্দেশক, প্রযোজক, সৃজনশীল মিডিয়া কর্মী, উদ্যোক্তা এবং গবেষক হিসেবে কাজ করতে পারবে। এর মাধ্যমে তারা শুধুমাত্র সামাজিক পরিবর্তনের অংশ হবে না, বরং নিজেদের কর্মজীবনকে অর্থনৈতিকভাবে সমৃদ্ধ করার সুযোগও পাবে।

বেসরকারি উন্নয়ন সংস্থাগুলোর প্রাতিষ্ঠানিক সিদ্ধান্ত গ্রহণের জন্য ব্যবস্থাপনা পর্যদের ভূমিকা গুরুত্বপূর্ণ। ব্যবস্থাপনা পর্যদ সংস্থার লক্ষ্য এবং মিশন বাস্তবায়নে কৌশল নির্ধারণ ও সিদ্ধান্ত গ্রহণের কাজ করে থাকে। উন্নয়ন নাট্য প্রয়োগের মাধ্যমে সংস্থার উন্নয়নমূলক কাজকে আরও কার্যকরী করতে এই পর্যদ বিভিন্ন পদক্ষেপ নিতে পারে; যা সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে সহায়তা করবে। ব্যবস্থাপনা পর্যদ প্রতিষ্ঠানের অন্যান্য পদক্ষেপের পাশাপাশি উন্নয়ন নাট্য বিষয়ক আরও কিছু প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া প্রয়োজন—

**১. প্রতিষ্ঠানের কৌশলগত পরিকল্পনায় উন্নয়ন নাট্যকে অন্তর্ভুক্ত করা:** ব্যবস্থাপনা পর্যদ প্রতিষ্ঠানের কৌশলগত পরিকল্পনায় উন্নয়ন নাট্যকে অন্তর্ভুক্ত করতে পারেন। উন্নয়ন নাট্যের মাধ্যমে কীভাবে উন্নয়নমূলক কাজগুলো আরও সৃজনশীল এবং কার্যকরী হতে পারে তা নির্ধারণ করে, কৌশলগত পরিকল্পনা তৈরি করতে হবে। এতে উন্নয়ন নাট্যের কার্যক্রমের লক্ষ্য, উদ্দেশ্য, এবং সফলতা নির্ধারণ করা যাবে।

**২. আলাদা বাজেট বরাদ্দ করা:** উন্নয়ন নাট্য কার্যক্রমের সফল বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানের বাজেটে একটি আলাদা তহবিল বরাদ্দ করতে হবে। এই তহবিল নাট্যদল গঠন, নাটকের পাণ্ডুলিপি লিখন, প্রযোজনা এবং কর্মশালা পরিচালনার জন্য ব্যবহৃত হতে পারে। একটি নির্দিষ্ট বাজেট বরাদ্দ থাকলে উন্নয়ন নাট্যের কার্যক্রম পরিচালনা সহজতর হয় এবং টেকসই হয়।

**৩. Tfd বিশেষজ্ঞ বা পরামর্শক নিয়োগ:** উন্নয়ন নাট্যের কার্যক্রম সফলভাবে পরিচালনার জন্য একজন Tfd বিশেষজ্ঞ বা পরামর্শক নিয়োগ করতে হবে। এই পরামর্শক নাটকের মাধ্যমে কীভাবে সমাজে সচেতনতা বৃদ্ধি এবং উন্নয়নমূলক পরিবর্তন আনা সম্ভব তা নিয়ে কাজ করবেন এবং কর্মীদের প্রশিক্ষণ দিবেন।

৪. **প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধি:** প্রতিষ্ঠানের কর্মীদের জন্য উন্নয়ন নাট্য বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। কর্মীরা যদি উন্নয়ন নাট্যের মূলনীতি, কৌশল এবং প্রয়োগ পদ্ধতি সম্পর্কে সচেতন হন, তবে তারা এটি বাস্তবায়ন করতে আরও দক্ষ হবেন। নাট্যকর্মী, স্থানীয় জনগণ এবং থিয়েটারের সাথে কাজ করা লোকদের প্রশিক্ষণ দেওয়া যেতে পারে।

৫. **জনসচেতনতামূলক প্রচারাভিযান চালানো:** উন্নয়ন নাট্যের প্রয়োগ করে সংস্থার পরিচালনা পর্ষদ বা ব্যবস্থাপনা পর্ষদ প্রচারাভিযানগুলো কে আরও শক্তিশালী করতে পারে। উন্নয়ন নাট্যের নাটকগুলোর মাধ্যমে স্বাস্থ্য, শিক্ষা, নারী অধিকার, পরিবেশ বা অন্যান্য সামাজিক সমস্যার ওপর জনসচেতনতামূলক প্রচারাভিযান পরিচালনা করা সম্ভব। এটি একটি সৃজনশীল এবং সরাসরি প্রভাবশালী মাধ্যম হিসেবে কাজ করতে পারে।

৬. **প্রকল্পের সাফল্য মূল্যায়ন:** উন্নয়ন নাট্য প্রকল্পের সাফল্য পরিমাপ করার জন্য একটি মূল্যায়ন ব্যবস্থা তৈরি করা গুরুত্বপূর্ণ। প্রতিষ্ঠান একটি নির্দিষ্ট মাপকাঠি তৈরি করতে পারে। যেমন— কমিউনিটির প্রতিক্রিয়া, নাটকের মাধ্যমে সচেতনতা বৃদ্ধির মাত্রা, সামাজিক পরিবর্তনের প্রভাব ইত্যাদি। এই মূল্যায়ন ব্যবস্থা উন্নয়ন নাট্যের কার্যকারিতা বিশ্লেষণ করতে সাহায্য করবে।

৭. **অংশগ্রহণমূলক গবেষণা পরিচালনা:** উন্নয়ন নাট্য কার্যক্রমে অংশগ্রহণমূলক গবেষণা চালানোর জন্য উদ্যোগ নিতে পারে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পর্ষদ। এই গবেষণার মাধ্যমে স্থানীয় সমস্যা ও চাহিদাগুলো নির্ধারণ করা হবে, যা নাটকের মাধ্যমে তুলে ধরা যাবে। গবেষণার ফলাফল নাটকের স্ক্রিপ্ট এবং মেসেজ তৈরিতে সহায়ক হবে, যা স্থানীয় প্রেক্ষাপটে আরও কার্যকরী হবে।

৮. **পৃষ্ঠপোষকতা এবং অর্থায়নের ব্যবস্থা করা:** উন্নয়ন নাট্য কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন দাতা সংস্থা, কর্পোরেট স্পন্সর এবং সরকারের কাছ থেকে অর্থায়নের জন্য উদ্যোগ নিতে পারে প্রতিষ্ঠান। উন্নয়ন নাট্যকে একটি কার্যকর সামাজিক উন্নয়নমূলক মাধ্যম হিসেবে তুলে ধরে ফান্ডিং এর জন্য আবেদন করলে এটি সফলভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তহবিল পাওয়া যেতে পারে।

৯. **নেটওয়ার্ক তৈরি ও প্রচারাভিযান বিস্তৃত করা:** উন্নয়ন নাট্য কার্যক্রম পরিচালনার জন্য একটি শক্তিশালী নেটওয়ার্ক তৈরি করা দরকার। প্রতিষ্ঠান পরিচালনা কমিটি স্থানীয় এবং আন্তর্জাতিক স্তরের অন্যান্য এন.জি.ও., নাট্যদল, গবেষণা প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয়গুলোর সাথে সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তুলতে পারে। এ ধরনের নেটওয়ার্কের মাধ্যমে অভিজ্ঞতা বিনিময় এবং অংশীদারিত্বমূলক উদ্যোগ গ্রহণ করা সহজতর হবে। ‘পৃথিবীর বিভিন্ন দেশের উন্নয়ন নাট্যের কর্মপ্রক্রিয়ার আলোচনার মধ্য দিয়ে বাংলাদেশের উন্নয়ন নাট্যেও প্রতিতুলনা করা যেতে পারে। বাংলাদেশের বেসরকারি উন্নয়ন সংস্থাগুলোতে বিগত সময়ে এই নাট্য প্রক্রিয়াকে প্রচারণার হাতিয়ার হিসেবে ব্যবহার করা হয়েছে।’<sup>৬</sup>

১০. **মিডিয়া ও সোশ্যাল মিডিয়ার ব্যবহার:** উন্নয়ন নাট্য কার্যক্রমকে আরও ব্যাপক পর্যায়ে তুলে ধরতে মিডিয়া এবং সোশ্যাল মিডিয়ার ব্যবহার করতে পারে প্রতিষ্ঠান। নাটকের মাধ্যমে তৈরি সচেতনতা প্রচারাভিযানগুলো টেলিভিশন, রেডিও এবং সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে তুলে ধরলে এটি জনগণের কাছে পৌঁছাতে পারবে। সর্বোপরি, একটি বেসরকারি উন্নয়ন সংস্থা তার ব্যবস্থাপনা পর্ষদের মাধ্যমে উন্নয়ন নাট্য কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য একাধিক গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিতে পারে। কৌশলগত পরিকল্পনা থেকে শুরু করে বাজেট বরাদ্দ, প্রশিক্ষণ প্রদান, অংশীদারিত্ব গঠন, গবেষণা পরিচালনা এবং ফান্ডিং সংগ্রহের মাধ্যমে উন্নয়ন নাট্যকে সংস্থার উন্নয়নমূলক কার্যক্রমের একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে প্রতিষ্ঠিত করতে পারে।

এছাড়াও দাতা সংস্থা গুলো উন্নয়ন নাট্য বা থিয়েটার ফর ডেভেলপমেন্ট (TfD) কার্যক্রমের জন্য বেসরকারি উন্নয়ন সংস্থাসমূহকে অর্থায়ন করতে পারে। উন্নয়ন নাট্য সামাজিক সমস্যা সমাধানে এবং উন্নয়নমূলক কর্মকাণ্ডে নাটকের ব্যবহারকে অন্তর্ভুক্ত করে, যা দাতা সংস্থাগুলোর জন্য অনেক গুরুত্বপূর্ণ সফলতা হিসেবে প্রচিহ্নিত হতে পারে। এবার দেখা যাক কেন দাতা সংস্থাগুলো উন্নয়ন নাট্যের জন্য ফান্ডিং করতে আগ্রহী হতে পারে—

১. **সামাজিক পরিবর্তন:** উন্নয়ন নাট্য কার্যক্রম সাধারণত সমাজে ইতিবাচক পরিবর্তন আনার লক্ষ্যে পরিচালিত হয়। দাতা সংস্থাগুলো সামাজিক পরিবর্তন এবং উন্নয়নের জন্য উদ্যোগে বিনিয়োগ করতে আগ্রহী থাকে। উন্নয়ন নাট্য এই লক্ষ্য অর্জনে কার্যকরী উপায় হিসেবে কাজ করতে পারে।

২. **সচেতনতা বৃদ্ধি:** উন্নয়ন নাট্য জনসচেতনতা বৃদ্ধি করতে সাহায্য করে, যা বিভিন্ন সামাজিক ইস্যু (যেমন— স্বাস্থ্য, শিক্ষা, পরিবেশ, নারী অধিকার ইত্যাদি) সম্পর্কে মানুষের মধ্যে সচেতনতা তৈরি করে। দাতা সংস্থাগুলো এই সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে বিনিয়োগ করতে আগ্রহী হবে।

৩. স্থানীয় সম্প্রদায়ের অন্তর্ভুক্তি: দাতা সংস্থাগুলো সাধারণত এমন প্রকল্পগুলোর জন্য তহবিল প্রদান করে যেখানে স্থানীয় জনগণ সরাসরি অংশগ্রহণ করে এবং তাদের চাহিদা ও সমস্যাগুলোকে গুরুত্ব দেওয়া হয়। উন্নয়ন নাট্য কার্যক্রম স্থানীয় সম্প্রদায়ের অংশগ্রহণ নিশ্চিত করে, যা দাতা সংস্থাগুলোর জন্য গুরুত্বপূর্ণ।

৪. আর্থিক এবং সামাজিক প্রভাব: উন্নয়ন নাট্য কার্যক্রমের মাধ্যমে দাতা সংস্থাগুলো আর্থিক এবং সামাজিক উভয় প্রভাবের হিসাব পেতে পারে। তারা চাইবে যে, তাদের অর্থায়ন সঠিকভাবে ব্যবহার হচ্ছে এবং প্রকল্পের মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তন আসছে।

৫. প্রকল্পের ফলাফল এবং প্রতিবেদন: দাতা সংস্থাগুলো উন্নয়ন নাট্য কার্যক্রমের জন্য ফান্ডিং করার সময় প্রকল্পের ফলাফল এবং সফলতার প্রতিবেদন দেখতে চায়। নাটকের মাধ্যমে অর্জিত ফলাফলগুলি পরিমাপ করা সম্ভব, যা দাতা সংস্থাকে আগ্রহী করে তুলবে।

৬. শিক্ষা ও প্রশিক্ষণ: উন্নয়ন নাট্য কার্যক্রম সাধারণত শিক্ষা ও প্রশিক্ষণের উপর জোর দেয়, যা দাতা সংস্থার জন্য একটি গুরুত্বপূর্ণ দিক। তারা চাইবে যে, তাদের বিনিয়োগটি এমন একটি প্রকল্পে যাক, যা জনগণের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধি করে।

৭. বৈশ্বিক উন্নয়ন লক্ষ্যমাত্রা: উন্নয়ন নাট্য কার্যক্রম বৈশ্বিক উন্নয়ন লক্ষ্যমাত্রার (SDG) সাথে সামঞ্জস্যপূর্ণ হতে পারে। দাতা সংস্থাগুলো যদি তাদের কার্যক্রমের সাথে SDG-এর মধ্যে সম্পর্ক খুঁজে পান, তবে তারা উন্নয়ন নাট্যের প্রকল্পগুলোর জন্য অর্থায়ন করতে আগ্রহী হবে।

পরিশেষে বলা যায়, সমাজ তথা রাষ্ট্রের গুরুত্বপূর্ণ বিষয় (যেমন : স্বাস্থ্য, শিক্ষা, নারী অধিকার, শিশু সুরক্ষা, পরিবেশ সুরক্ষা ইত্যাদি) সম্পর্কে জনসাধারণকে সচেতন করা, গ্রামীণ ও শহুরে জনগোষ্ঠীর মধ্যে সামাজিক সমস্যা ও তাদের সমাধান নিয়ে আলোচনার পরিবেশ তৈরি স্থানীয় জনগণকে তাদের সমস্যা চিহ্নিত করা এবং সেগুলোর সমাধান খুঁজে বের করার জন্য উৎসাহিত করা, সৃজনশীল চিন্তা ও দলগত কাজের মাধ্যমে যুব সমাজের মধ্যে দক্ষতা বৃদ্ধি করা, ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের মানুষদের একত্রিত করে পারস্পরিক বোঝাপড়া এবং শান্তি প্রতিষ্ঠায় ভূমিকা রাখা, সাংস্কৃতিক ঐতিহ্য ও পরিচয়কে জাগ্রত করে সামাজিক বন্ধনকে মজবুত করা, সরকার ও জনগণের মধ্যে যোগাযোগ বৃদ্ধি করা, পর্যটন শিল্পে নতুন দিক উন্মোচন করা, স্থানীয় শিল্পী ও সংস্কৃতি-কর্মীদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা, রাষ্ট্রকে সামাজিক উন্নয়ন; ন্যায়বিচার এবং অংশগ্রহণমূলক প্রশাসন প্রতিষ্ঠায় কার্যকরীভাবে সহায়তা করা ইত্যাদি সুবিধাসমূহ জনগণের দোরগোড়ে পৌঁছে দিতে বেসরকারি উন্নয়ন সংস্থার উন্নয়ন নাট্যচর্চার গুরুত্ব অপরিসীম।

#### তথ্যসূত্র

<sup>১</sup> <http://rupantar.org/>

<sup>২</sup> উদ্ধৃত, আহসান খান, প্রায়োগিক নাট্যকলা-উন্নয়ন নাট্য প্রক্রিয়া (ঢাকা : ভাষা চিত্র, ২০১৭) পৃষ্ঠা ১১

<sup>৩</sup> প্রাপ্ত

<sup>৪</sup> প্রাপ্ত

<sup>৫</sup> সৈয়দ জামিল আহমেদ, তৃতীয় বিশ্বের বিকল্প নাট্যধারা উন্নয়ন নাট্য : তত্ত্ব ও প্রয়োগ (ঢাকা- সমাবেশ, ২০০১), পৃষ্ঠা ৫০

<sup>৬</sup> ড. মীর মেহবুব আলম, “উন্নয়ন নাট্যের চিত্র-বিচিত্র প্রয়োগ এবং প্রভাব”, আনর্ত, রহমান রাজু (সম্পাদিত), (রাজশাহী বিশ্ববিদ্যালয় : ২২০ খ, সৈয়দ ইসমাইল হোসেন শিরাজী ভবন, পঞ্চম বছর, ষষ্ঠ পাঠ, মে-২০২১), পৃষ্ঠা ৭৩



## সহীহ মুসলিম : পরিচিতি ও পর্যালোচনা [Sahih Muslim : Introduction and Review]

Dr. Muhammad Rafiqul Islam  
Professor, Department of Islamic Studies, University of Rajshahi, Rajshahi-6205, Bangladesh

### ARTICLE INFORMATION

*The Faculty Journal of Arts*  
Rajshahi University  
Volume 39, June 2025  
ISSN: 1813-0402 (Print)  
DOI: <https://doi.org/10.64487/FJARU.V39A20>  
Received : 09 February 2025  
Received in revised: 27 October 2025  
Accepted: 13 October 2025  
Published: 10 November 2025

Keywords:  
Sahih Muslim: Compilation Method,  
Conditions and Characteristics

### ABSTRACT

Sahih Muslim is a collection of Hadith compiled by Imām Muslim Ibn al-Hajjāj al-Nisaburi (rh.). His collection is considered to be one of the most authentic collections of the Sunnah of the Prophet Sm. He traveled widely to gather his collection of Hadith. Out of 300,000 Hadiths which he evaluated, approximately 4,000 were extracted for inclusion into his collection based on stringent acceptance criteria. Imam Muslim strictly observed many principles of the science of Hadith, which had been slightly ignored by his great teacher Imam Bukhari (may Allah have mercy on both of them). Imam Muslim considered only such traditions to be genuine and authentic as had been transmitted to him by an unbroken chain of reliable authorities up to the Prophet Sm. and were in perfect harmony with what had been related by other narrators whose trustworthiness was unanimously accepted and who were free from all defects. Imam Muslim has taken great pains in connecting the chain of narrators. He has recorded only that Hadith which, at least, two reliable tabi'in (successors) had heard from two Companions and this principle is observed throughout the subsequent chain of narrators. However, it is important to realize that Imam Muslim never claimed to collect all authentic traditions as his goal was to collect only traditions that all Muslims should agree on about accuracy. Besides, the importance of Hadith after al-Quran is immense in the life of Muslim Ummah. For this reason, as a conscious Muslim, it is important to know the significance and necessity of Sahih Muslim, its terms of compilation, method and role, the characteristics of Sahih Muslim and its explanatory books. Therefore, in this article, analytical discussion of all these issue is presented.

### ভূমিকা

সহীহ মুসলিম হাদীসের অন্যতম একটি গ্রন্থের নাম। ইমাম মুসলিম ইবন হাজ্জাজ ইবন মুসলিম আল-কুশাইরী এ গ্রন্থের সংকলক। তিনি বর্তমান ইরানের খোরাসান প্রদেশের নীশাপুরে ২০৪ হিজরীতে জন্মগ্রহণ করেন। তার অন্যান্য সংকলনের মধ্যে সহীহ মুসলিম সবচেয়ে প্রসিদ্ধ ও নির্ভরযোগ্য। মুসলিম বিশ্বের হাদীস বিশারদগণের সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী আল-কুরআনের পর পৃথিবীর বুকে বিগততম দ্বিতীয় গ্রন্থ হলো সহীহ মুসলিম। অত্যন্ত যত্নের সাথে সুনিপুণ পরিকল্পনায় তিনি গ্রন্থটি সংকলন করেন। সুদীর্ঘ পনের বছরের অক্লান্ত পরিশ্রমে তিনি গ্রন্থটি প্রণয়ন করেন। এ গ্রন্থের সুনির্দিষ্ট পরিকল্পনা ও সুন্দর বিন্যাস পদ্ধতি বিবেচনা করে সমসাময়িক যুগের কতিপয় মুহাদ্দিস সহীহ মুসলিমকে সহীহ বুখারীর উপর প্রাধান্য দিয়ে তাকে শ্রেষ্ঠ হাদীস গ্রন্থ বলে মন্তব্য করেছেন। এ গ্রন্থের গুরুত্ব ও তাৎপর্য উপলব্ধি করে যুগে যুগে গ্রন্থটির বহু শরাহ গ্রন্থ প্রণীত হয়েছে। তাই এ গ্রন্থের মর্যাদা ও গুরুত্ব বিবেচনায় আলোচ্য অংশে ‘সহীহ মুসলিম পরিচিতি ও পর্যালোচনা’ শিরোনামে নাতিদীর্ঘ আলোচনা উপস্থাপন করা হয়েছে।

### ইমাম মুসলিমের সংক্ষিপ্ত জীবনালেখ্য

ইমাম মুসলিমের পূর্ণনাম আবুল হুসাইন মুসলিম ইবন হাজ্জাজ আল-কুশাইরী আন-নিশাপুরী। তিনি ২০৪ হিজরীতে খোরাসানের অন্তর্গত নিশাপুরে জন্মগ্রহণ করেন। শৈশবকাল থেকেই তিনি হাদীস শিক্ষায় আত্মনিয়োগ করেন। হাদীস শিক্ষার উদ্দেশ্যে তিনি মুসলিম জাহানের সর্বত্র গমন করে হাদীস শিক্ষা অর্জন করেন। ইরাক, হিজাজ, সিরিয়া, মিসর প্রভৃতি শহরে উপস্থিত হয়ে তথায় অবস্থানকারী হাদীসের বড় বড় উস্তাদ ও মুহাদ্দিসগণের নিকট হতে হাদীস শিক্ষা ও

সংগ্রহ করেন। ইমাম বুখারী র. যখন নিশাপুর উপস্থিত হন, তখন ইমাম মুসলিম র. তার সঙ্গে অবস্থান করেন। তাঁর বিশাল জ্ঞান-ভাণ্ডার হতে তিনি যথেষ্ট পরিমাণে উপকৃত হন। এ শহরে ইমাম বুখারী র.-এর বিরুদ্ধে প্রবল প্রচারণা শুরু হলে ইমাম মুসলিম তার প্রতিরোধের জন্য আশ্রয় চেষ্টা করেন। এ ব্যাপারে একদিন একটি ঘটনা ঘটে যায়। তিনি তাঁর হাদীসের উস্তাদ মুহাম্মদ ইবন ইয়াহইয়া আয-যাহলীর মজলিসে অন্যান্য শিক্ষার্থীর সাথে উপস্থিত ছিলেন। এ মজলিসে ইমাম যুহলী সহসা ঘোষণা দিলেন, *إلا من كان يقول يقول البخاري في مسئلة (اللفظ بلقران) فليعتزل مجلسنا*, ‘বিশেষ (আল-কুরআন সৃষ্ট বস্তু) একটি মাসয়ালায় যে ব্যক্তি ইমাম বুখারীর মত বিশ্বাস করে ও তার অভিমত গ্রহণ করে, সে যেন আমার এই মজলিস হতে চলে যায়।’<sup>১</sup> এটি শ্রবণের সাথে সাথে ইমাম মুসলিম উঠে দাড়াইলেন এবং নিজের ঘরে ফিরে এসে এ উস্তাদের নিকট হতে শ্রুত ও গৃহীত হাদীসসমূহের লিখিত পাণ্ডুলিপি ফেরত পাঠাতে দেন। অতঃপর তিনি আয-যাহলীর সূত্রে হাদীস বর্ণনা করা সম্পূর্ণরূপে পরিত্যাগ করেন।<sup>২</sup>

ইমাম মুসলিম হাদীস সম্পর্কে বিশাল জ্ঞানের অধিকারী ছিলেন। তিনি যে হাদীসের ইমাম ছিলেন এ বিষয়ে হাদীসের বিশেষজ্ঞগণ সম্পূর্ণরূপে একমত।<sup>৩</sup> সেকালের বড় বড় মুহাদ্দিসগণ তার নিকট থেকে হাদীস শিক্ষা ও গ্রহণ করেছেন। এ পর্যায়ে আবু হাতিম আর-রাযী, মুসা ইবন হারুন, আহমদ ইবন সালমা, ইয়াহইয়া ইবন সা‘য়িদ, মুহাম্মদ ইবন মাখলাদ ও ইমাম তিরমিযী প্রমুখের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। হাদীসে ইমাম মুসলিমের অতি উচ্চ মর্যাদা ও স্থানের কথা তারা সকলেই একবাক্যে স্বীকার করেছেন। এছাড়া ইমাম মুসলিমের মূল্যবান গ্রন্থাবলী ও তাঁর গভীর পাণ্ডিত্যের কথা অকাট্যভাবে প্রমাণ করে। তার প্রণীত গ্রন্থাবলীর মধ্যে অধিকাংশই হাদীসের উপর রচিত। তন্মধ্যে সহীহ মুসলিম, আল-মুসনাদুল কবীর ও আল-জামি‘উল কবীর বিশেষভাবে উল্লেখযোগ্য। তিনি ২৬১ হিজরীতে ৫৭ বছর বয়সে নিশাপুরে ইন্তেকাল করেন।<sup>৪</sup>

### হাদীস সংগ্রহ

প্রখ্যাত হাদীস বিশারদ ইমাম মুসলিমের শ্রেষ্ঠ অবদান হলো তার সংকলিত ‘সহীহ মুসলিম’। তিনি মুসলিম বিশ্বের বিভিন্ন হাদীস চর্চা কেন্দ্র পরিভ্রমণ করে দীর্ঘ পনের বছরের অক্লান্ত পরিশ্রম ও সাধনার মাধ্যমে চারলক্ষ হাদীস সংগ্রহ করেন। পরবর্তীতে উক্ত চার লক্ষ হাদীস হতে তাকরার (পুনরাবৃত্ত) এক লক্ষ হাদীস বাদ দিয়ে তিন লক্ষ হাদীস নির্বাচন করেন। পুনরায় উক্ত তিন লক্ষ হাদীস যুক্তি ও তথ্যের কষ্টিপাথরে যাচাই-বাছাই করে যেগুলো সর্বদিক হতে নির্ভুল ও বিশ্বস্ত বলে প্রতীয়মান হয়েছে, সেগুলো নির্ধারণ করে তিনি ‘সহীহ মুসলিম’ গ্রন্থটি সংকলন করেন। অবশ্য ইমাম মুসলিম তিন লক্ষ হাদীস হতে যাচাই-বাছাই করে মাত্র বার হাজারের কিছু বেশি হাদীস নির্বাচন করে সহীহ মুসলিমের অন্তর্ভুক্ত করেন এবং অবশিষ্টগুলো পরিত্যাগ করেন। গ্রন্থটি সংকলন করার প্রেক্ষিতে তিনি হাদীসের জগতে বিখ্যাত মুহাদ্দিস হিসেবে স্বীকৃতি লাভ করেন। রাসূল সা.-এর হাদীসের উপর সংকলিত গ্রন্থসমূহের মধ্যে ‘সিহাহ সিভাহ’ নামক ছয়টি হাদীস গ্রন্থ সর্বাধিক বিশ্বস্ত। মুসলিম জাহানের হাদীস বিশারদগণের একমতে ‘সিহাহ সিভাহ’ হাদীস গ্রন্থসমূহের মধ্যে ইমাম বুখারী সংকলিত সহীহুল বুখারী বিশ্বস্ততায় সর্বশ্রেষ্ঠ। আর এর পরেই রয়েছে ইমাম মুসলিম সংকলিত ‘সহীহ মুসলিমের’ স্থান।<sup>৫</sup>

### সহীহ মুসলিম সংকলন পদ্ধতি

ইমাম মুসলিম তাঁর শিক্ষকের নিকট থেকে শ্রুত তিন লক্ষ হাদীস যাচাই-বাছাই ও পর্যালোচনা করে সুদীর্ঘ পনের বছরের অক্লান্ত পরিশ্রম, সাধনা ও গবেষণার মাধ্যমে ‘আস-সহীহ লি মুসলিম’ গ্রন্থটি সংকলন করেন। এ সম্পর্কে The Encyclopaedia of Islam গ্রন্থে বলা হয়েছে, His Sahih is said to have been composed out 3,00,000 traditions collected by himself. ‘তার সহীহ (মুসলিম) সম্পর্কে বলা হয়েছে যে, এতে তিন লক্ষ হাদীস তারই মাধ্যমে সংগৃহীত হয়েছে।’<sup>৬</sup> ইমাম মুসলিম র. তার গ্রন্থটির সংকলন সম্পন্ন করে তদানীন্তন প্রখ্যাত হাদীসের উস্তাদ ইমাম আবু যুর‘আর নিকট উপস্থাপন করেন। এ সম্পর্কে ইমাম মুসলিম র.-এর উক্তিটি বিশেষভাবে প্রণিধানযোগ্য। যেমন এ সম্পর্কে তিনি বলেন, *عَرَضْتُ كِتَابِي هَذَا عَلَى أَبِي زُرْعَةَ الرَّازِي فَكُلُّ مَا أَشَارَ أَنَّهُ عَلَيْهِ تَرْكُهُ وَكُلُّ مَا قَالَ أَنَّهُ صَحِيحٌ وَ لَيْسَ لَهُ عَلَيْهِ خَرَجٌ*, ‘আমি এ গ্রন্থটি আবু যুর‘আ আর-রাযীর নিকট উপস্থাপন করেছি। তিনি যে যে হাদীসের ব্যাপারে সন্দেহ ক্রটি আছে বলে রায় প্রদান করেছেন, আমি সেগুলোকে বাদ দিয়েছি। আর যে হাদীস সম্পর্কে তিনি সঠিক বলে অভিমত পোষণ করেছেন যে তা সহীহ এবং এতে কোন প্রকার সন্দেহ নেই, তা আমি এ গ্রন্থে সন্নিবেশিত করেছি।’<sup>৭</sup>

ইমাম মুসলিম র.-এর এ কথা থেকে প্রতীয়মান হয় যে, তিনি শুধুমাত্র নিজের জ্ঞান ও প্রজ্ঞার উপর নির্ভর করে কোন হাদীসকে বিশ্বস্ত বলে মনে করে এ গ্রন্থে স্থান দেননি। বরং প্রত্যেকটি হাদীসের বিশ্বস্ততা সম্পর্কে সমসাময়িক অন্যান্য বরণ্য মুহাদ্দিসগণের নিকট অভিমত চেয়েছেন এবং সমসাময়িক মুহাদ্দিসগণ যে হাদীসের সহীহ হওয়ার ব্যাপারে সম্পূর্ণ একমত হয়েছেন কেবল সেই হাদীস তিনি তার এ সহীহ গ্রন্থে সংকলন করেছেন। এ সম্পর্কে ইমাম মুসলিম র. আরও বলেন, *لَيْسَ كُلُّ شَيْءٍ عِنْدِي صَحِيحٌ وَضَعْتُهَا هُنَا وَ إِنَّمَا وَضَعْتُهَا هُنَا مَا أَجْمَعُوا عَلَيْهِ*, ‘আমি এ গ্রন্থে এমন সমস্ত হাদীস অন্তর্ভুক্ত করিনি, যেগুলো কেবলমাত্র আমার বিবেচনায় সহীহ বরং এমন সমস্ত হাদীস এতে সংকলিত করেছি, যেগুলো সহীহ হওয়ার ব্যাপারে মুহাদ্দিসগণ একমত।’<sup>৮</sup>

ইমাম মুসলিম র.-এর এ কথা এ কারণে ‘আলিমগণের আলোচনার বিষয় এবং দ্বিধা-দ্বন্দ্বের কারণ হয়ে দাড়িয়েছে যে, সহীহ মুসলিমে এমন অনেক বর্ণনা রয়েছে যেগুলো সহীহ হওয়ার বিষয়ে যথেষ্ট মতবিরোধ রয়েছে। আল্লামা নববী র. আবু ‘আমর ইবন সালাহের উদ্ধৃতিতে এ প্রশ্নের দু’টি উত্তর প্রদান করেছেন। যথা: ১. এ কথার উদ্দেশ্য হলো শুধু ঐ সমস্ত হাদীস তিনি উল্লেখ করবেন, যেগুলোর মধ্যে (ইমাম মুসলিমের ধারণা মতে) ঐ সমস্ত শর্ত বিদ্যমান, হাদীস সহীহ হওয়ার জন্যে যেগুলো সর্বসম্মতিক্রমে জরুরী এবং অন্য ‘আলিমদের মতে যদিও সে হাদীসের মধ্যে সমস্ত শর্ত পাওয়া যায়নি। ২. অথবা এ কথার উদ্দেশ্য হলো, এমন কতিপয় বর্ণনাকারীকে **كُفِّرَ** (ছিকাহ) সাব্যস্ত করার ব্যাপারে মতবিরোধ থাকলেও তিনি এমন কোন হাদীস সহীহতে উল্লেখ করেননি, যার মধ্যে হাদীসের ‘মতন’ ও ‘সনদ’ উভয়টির মধ্যে **كُفِّرَ** (ছিকাহ) রাবীগণের মতবিরোধ রয়েছে।<sup>১০</sup> তবে এ সমস্ত উত্তরের চেয়ে সর্বাধিক মনঃপুত ব্যাখ্যা হচ্ছে, যা ‘আল্লামা তকী ওসমানী র.’<sup>১১</sup> ‘ফাতহুল মুলহিম’ উল্লেখ করেছেন। তিনি বলেছেন, এখানে ইজমা দ্বারা সাধারণ ইজমা উদ্দেশ্য নয়; বরং ইমাম মুসলিমের চারজন শায়খ আহমাদ ইবন হাম্বল র., আবু যুর‘আ রাযী র., ইয়াহইয়া ইবন মা‘ঈন র. ও আবু হাতেম রাযী র.-এর ইজমা উদ্দেশ্য।<sup>১২</sup> তাই আর কোন আপত্তি থাকে না। তবে এ বিষয়টি উল্লেখযোগ্য যে, আল্লামা তকী ওসমানী র. ‘ফাতহুল মুলহিমের’ ভূমিকায় আবু হাতিম র. ও আবু যুর‘আর স্থলে ‘উছমান ইবন আবী শায়বা ও সা‘ঈদ ইবন মানসুরের নাম উল্লেখ করেছেন। এর মাধ্যমে দু’টি উক্তির মধ্যে বিরোধ দেখা গেলেও প্রকৃতপক্ষে এটি কোন বিরোধ নয়। কারণ দু’টি উক্তির মধ্যে এভাবে সামঞ্জস্য বিধান করা যেতে পারে যে, মোট ছয় জনের ইজমা উদ্দেশ্য। আল্লামা সুযূতী র.ও ‘তাদরীবুর রাবী’ কিতাবে ‘উছমান ইবন আবী শায়বা ও সা‘ঈদ ইবন মানসুরের পরিবর্তে আবু হাতিম ও আবু যুর‘আর নাম উল্লেখ করেছেন।<sup>১৩</sup> ইবনুশ শারকী র. বর্ণনা করেন যে, আমি ইমাম মুসলিমকে বলতে শুনেছি, তিনি বলেন,

مَا وَضَعْتُ شَيْئًا فِي كِتَابِي هَذَا الْمُسْنَدِ إِلَّا بِحُجَّةٍ، وَمَا أَسْقَطْتُ مِنْهُ شَيْئًا إِلَّا بِحُجَّةٍ

‘আমি আমার এ মুসনাদ গ্রন্থে যা উপস্থাপন করেছি, তা দলীল প্রমাণের ভিত্তিতে করেছি। আর এ গ্রন্থে যা সন্নিবেশিত করিনি, তাও প্রমাণের ভিত্তিতে করেছি।’<sup>১৪</sup> মাল্কী ইবন আবদান বলেন, ইমাম মুসলিম র. কিতাব সমাপ্ত করে হাফিয আবু যুর‘আর খিদমতে পেশ করেন। যে হাদীসের ব্যাপারে তিনি কোন **علت** (ইল্লাত) বা দোষ-ত্রুটির দিকে ইশারা করেন, তা তিনি কিতাব থেকে বাদ দিয়ে দেন।<sup>১৫</sup>

ইমাম মুসলিম র. অধিকতর সতর্কতার জন্য তার সহীহ গ্রন্থের সর্বস্তরে দুজন বিশ্বেস্ত সাহাবী ও দুজন বিশ্বেস্ত তাবয়ী<sup>১৬</sup> থেকে হাদীস বর্ণনা করেছেন। এছাড়া ইমাম মুসলিম র. তাঁর সংগৃহীত হাদীস সমূহকে গুরুত্বানুযায়ী তিনভাগে বিভক্ত করেছেন। যথা: ক. তীক্ষ্ণ স্মরণ শক্তি ও বিশ্বেস্ততার অধিকারী রাবীগণ কর্তৃক বর্ণিত হাদীস সমূহ, খ. মধ্যম স্তরের স্মরণশক্তি ও বিশ্বেস্ততার অধিকারী রাবীগণ কর্তৃক বর্ণিত হাদীসসমূহ ও গ. য‘ঈদ বা দুর্বল স্তরের রাবীগণ থেকে বর্ণিত হাদীসসমূহ। ইমাম মুসলিম র. প্রথম স্তরের রাবীগণ কর্তৃক বর্ণিত হাদীসসমূহ তাঁর আস-সহীহ গ্রন্থে স্থান দিয়েছেন এবং কখনও কখনও মুতাবি‘আত বা সহায়ক হিসাবে দ্বিতীয় স্তরের রাবীগণের হাদীসও গ্রহণ করেছেন। কিন্তু তৃতীয় স্তরের রাবীগণের বর্ণিত হাদীস বর্জন করেছেন।<sup>১৭</sup>

#### সহীহ গ্রন্থ সংকলনের সময়কাল

সহীহ মুসলিম গ্রন্থটি সংকলনের সময় সঠিকভাবে নির্ণয় করা সম্ভব না হলেও একথা বলা যায় যে, ইমাম মুসলিম র. দীর্ঘ পনের বছর কঠোর পরিশ্রম, নিরবিচ্ছিন্ন সাধনা ও গবেষণার মাধ্যমে ‘সহীহ মুসলিম’ গ্রন্থটি সংকলন করেন। এ ব্যাপারে ইমাম মুসলিম র.-এর সহযোগী ও সফরসঙ্গী বিশিষ্ট মুহাদ্দিস আহমদ ইবন সালীমাহ বলেন,

كنت مع مسلم في تاليف صحيحه خمس عشرة سنة، وهذا اثنا عشر ألف حديث

‘আমি সুদীর্ঘ পনের বছরকাল সহীহ মুসলিম গ্রন্থটি সংকলনের কাজে তাঁর (ইমাম মুসলিম) কাছে ছিলাম। তিনি বার হাজার হাদীস সংকলন করেছিলেন।’<sup>১৮</sup> তবে আল-ইরাকী এবং হাজী খলীফার মতে হিজরী ২৫০ সালে তিনি গ্রন্থটি সংকলন করেন।<sup>১৯</sup> ইমাম মুসলিমের ছাত্র এবং আস-সহীহ গ্রন্থের বর্ণনাকারী ইবরাহীম ইবন মুহাম্মদ ইবন সুফিয়ান নিশাপুরী বলেন, ‘ইমাম মুসলিম র. ২৫৭ হিজরী সালের রমযান মাসে তার কিতাবটির পাঠ সমাপ্ত করেন।’<sup>২০</sup>

#### নামকরণ

হাদীস শাস্ত্রের ইতিহাসে ইমাম মুসলিম র. সংকলিত হাদীস গ্রন্থটি ‘সহীহ মুসলিম’ হিসেবে খ্যাতি ও স্বীকৃতি লাভ করেছে। তবে এ গ্রন্থটি জামে’<sup>২১</sup> কিনা এ বিষয়ে কেউ কেউ ভিন্ন মত পোষণ করেছেন। যেমন, শাহ আব্দুল আজিজ এ গ্রন্থটিকে জামে’ এর অন্তর্ভুক্ত করেননি। কারণ কোন হাদীস গ্রন্থ জামে’ হওয়ার জন্য তাতে বিশেষ আটটি বিষয়ের হাদীস থাকা প্রয়োজন। তবে এ গ্রন্থটিতে উক্ত আটটি বিষয়ের হাদীস থাকলেও তাফসীর বিষয়ক হাদীস খুবই কম থাকায় ‘আলিম সমাজ এ গ্রন্থটিকে জামে’ হিসেবে অভিহিত করতে অস্বীকৃতি জ্ঞাপন করেছেন। তবে পরবর্তী যুগের অভিজ্ঞ ‘আলিম সমাজের মতে এতে তাফসীর বিষয়ক হাদীস কম থাকলেও, যেহেতু এতে তাফসীর বিষয়ক হাদীস রয়েছে, তাই তারা এ

গ্রন্থটিকে জামি' এর মধ্যে অন্তর্ভুক্ত করেছেন।<sup>২১</sup> এ প্রেক্ষিতে 'কাশফুয় যুনুন' গ্রন্থকার এবং 'কামুস' গ্রন্থকার গ্রন্থটিকে জামি' বলে অভিহিত করেছেন। তাই পরবর্তী যুগের আলিমগণ ইমাম মুসলিমের গ্রন্থটিকে 'আল-জামি'উস সহীহ' বলে অভিহিত করেছেন। অবশ্য পূর্ববর্তী যুগের 'আলিমগণের অভিমতে এটি একটি সহীহ গ্রন্থ।'<sup>২২</sup> আলিমগণ

ইমাম মুসলিম র.-এর গ্রন্থটি যদিও আস-সহীহ নামে প্রসিদ্ধ, কিন্তু তাঁর যুগে এটি 'আল-মুসনাদ' (المسند)<sup>২৩</sup> নামেও অভিহিত করা হত। যেমন, ইমাম মুসলিম র. নিজেই এ সম্পর্কে বলেন,

ما وضعت شيئا في كتابي هذا المسند إلا بحجة، وما اسقطت منه شيئا إلا بحجة

'আমি আমার এ মুসনাদ গ্রন্থে যা উপস্থাপন করেছি, তা দলীল প্রমাণের ভিত্তিতে করেছি। আর এ গ্রন্থে সন্নিবেশন থেকে যা বাদ দিয়েছি, তাও দলীল প্রমাণের ভিত্তিতেই করেছি।'<sup>২৪</sup> এ প্রসঙ্গে তিনি আরও বলেন,

صنفت هذا المسند الصحيح من ثلاث مائة ألف حديث مسموعة

'আমি এ সহীহ মুসনাদ গ্রন্থটি তিন লক্ষ শ্রবণকৃত হাদীস থেকে যাচাই-বাছাই করে প্রণয়ন করেছি।'<sup>২৫</sup> তবে এখানে 'মুসনাদ' এর পারিভাষিক অর্থ গ্রহণ করা হয় নি। কেননা, মুহাদ্দিসগণের নিকট 'মুত্তাছিল' সনদযুক্ত হাদীসকে 'মুসনাদ' বলা হয়। এমনিভাবে 'মারফু' হাদীসকেও 'মুসনাদ' বলা হয়।<sup>২৬</sup> তাই সহীহ মুলিমের ক্ষেত্রে 'মুসনাদ' শব্দটি ব্যবহৃত হলে এর তখন অর্থ হবে, এমন গ্রন্থ যার হাদীসসমূহের বর্ণনা ধারা সরাসরি রাসূল সা. পর্যন্ত গিয়ে পৌঁছেছে।

### সহীহ মুসলিম প্রণয়নে শর্তাবলী

কতিপয় শর্ত সাপেক্ষে ইমাম মুসলিম র. তাঁর সহীহ গ্রন্থে হাদীস সন্নিবেশ করেছেন। তাঁর গৃহীত শর্তাবলী নিম্নে আলোচনা করা হলো:

ক. বর্ণনাকারী (রাবী) অবশ্যই বিশ্বস্ত হবে।

খ. হাদীস সংরক্ষণের ক্ষেত্রে তাঁর সদা জাগ্রত অনুভূতি থাকতে হবে।

গ. তাঁর নিকট বর্ণনাকারী থেকে রাসূল সা. পর্যন্ত বর্ণনার ধারাবাহিকতা অক্ষুণ্ণ থাকতে হবে।

ঘ. সনদ বা মতনে কোন প্রচ্ছন্ন ত্রুটি থাকতে পারবে না।

এ ছাড়াও আরও কতিপয় শর্তাবলী নিম্নে আলোচিত হলো:

১. (হাদীস সহীহ লিজাতিহি) হওয়া: হাদীস সহীহ হওয়ার জন্যে তার অন্যতম শর্ত হলো, তার সনদ متصل<sup>২৭</sup> এবং বর্ণনাকারী عادل<sup>২৮</sup> ও ضابط<sup>২৯</sup> হতে হবে এবং হাদীস شذوذ<sup>৩০</sup> ও علل<sup>৩১</sup> থেকে মুক্ত হতে হবে। ইমাম মুসলিম র. সর্বপ্রথম সহীহ হাদীস লিপিবদ্ধ করেন এবং কখনও কখনও إستهاده (প্রমাণস্বরূপ উদ্ধৃতকরণ) এর জন্যে কিংবা মৌলিকভাবেই حسن لعينه ও লিপিবদ্ধ করেন।

২. (হাদীস মুত্তাফাকুস সিহহাত) হওয়া: এ বিষয়ে ইমাম মুসলিমের র. একটি উক্তি বিশেষভাবে প্রণিধানযোগ্য। যেমন এ বিষয়ে বর্ণিত হয়েছে, وَأَمَّا وَضَعْتُهَا هُنَا مَا أَجْمَعُوا، যেগুলো কেবলমাত্র আমার বিবেচনায় সহীহ বরং এমন সমস্ত হাদীস এতে সংকলিত করেছি, যেগুলো সহীহ হওয়ার ব্যাপারে মুহাদ্দিসগণ একমত।"<sup>৩২</sup>

৩. ইমাম মুসলিম র. তার কিতাবের ভূমিকায় হাদীসের তিনটি প্রকার এবং বর্ণনাকারীদের তিনটি শ্রেণী উল্লেখ করেছেন। যথা: ক. যে সমস্ত হাদীসগুলো পুরোপুরি সহীহ এবং তার বর্ণনাকারী ضبط و إفتاء (ভালভাবে আয়ত্বকরণ) এর ক্ষেত্রে উঁচু পর্যায়ে অধিষ্ঠিত। খ. যে সমস্ত হাদীসগুলোর বর্ণনাকারী حفظ و إفتاء-এর ক্ষেত্রে প্রথম শ্রেণীর বর্ণনাকারীদের তুলনায় নিম্নমানের। তবে সত্যবাদিতা ও হাদীস শাস্ত্রের সাথে ঘনিষ্ঠতার বিষয়ে প্রথম শ্রেণীর চেয়ে কম নয়। গ. যে সমস্ত হাদীসের বর্ণনাকারীদেরকে অধিকাংশ মুহাদ্দিস مردود বা প্রত্যাখ্যাত বলে সাব্যস্ত করেছেন। সুতরাং ইমাম মুসলিম র. বলেন, আমি প্রথম ও দ্বিতীয় শ্রেণীর হাদীস উল্লেখ করব এবং তৃতীয় শ্রেণীর হাদীস বর্ণনাকারীদের উল্লেখ করব না।<sup>৩৩</sup> উপরোক্ত শ্রেণী বিন্যাস দ্বারা ইমাম মুসলিম র.-এর উদ্দেশ্য সম্পর্কে আলিমগণের মতবিরোধ রয়েছে। ইমাম হাকিম নিশাপুরী ও ইমাম বায়হাকীর অভিমত হলো, ইমাম মুসলিম র. একাধিক গ্রন্থ রচনা করতে চেয়েছিলেন, যার এক গ্রন্থে আলোচিত হবে প্রথম শ্রেণীর বর্ণনাকারীদের লিপিবদ্ধ হাদীস; আর দ্বিতীয় গ্রন্থে আলোচিত হবে দ্বিতীয় শ্রেণীর বর্ণনাকারীদের হাদীসসমূহ এবং তৃতীয় শ্রেণীর বর্ণনাকারীদের হাদীসের উপর তিনি কোন কিতাব রচনা করবেন না। তিনি এ ধারাবাহিকতায় প্রথম কিতাবটি রচনা করেন এবং দ্বিতীয় কিতাবটি লেখার পূর্বেই তাঁর ইন্তিকাল হয়।<sup>৩৪</sup> এ সম্পর্কে কাযী ইয়াদ র. বলেন, মূলতঃ

বর্ণনাকারীদের চারটি শ্রেণী রয়েছে। উপরোক্ত তিনটি শ্রেণী, আর চতুর্থ শ্রেণী ওই সমস্ত বর্ণনাকারী, যাদেরকে কিছু আলেম গ্রহণযোগ্য ও কতিপয় আলেম অগ্রহণযোগ্য বলেছেন। ইমাম মুসলিম র.-এর বর্ণিত তৃতীয় শ্রেণীটি হবে মূলতঃ চতুর্থ শ্রেণী। এর পরে কাযী আয়ায র. বলেন, সহীহ মুসলিমে তিন শ্রেণীর বর্ণনাকারীর হাদীস রয়েছে। ইমাম মুসলিম র. প্রথম শ্রেণীর বর্ণনাকারীর হাদীস মৌলিকভাবে উল্লেখ করেছেন। দ্বিতীয় শ্রেণীর বর্ণনাকারীর হাদীস এনেছেন প্রথম শ্রেণীর হাদীসের ব্যাখ্যা বিশ্লেষণের জন্যে। কোথাও প্রথম শ্রেণীর বর্ণনাকারীর হাদীস না পাওয়া গেলে দ্বিতীয় শ্রেণীর বর্ণনাকারীর হাদীসকেই মৌলিকভাবেই এনেছেন। এমনভাবে তৃতীয় শ্রেণী অর্থাৎ বিরোধপূর্ণ বর্ণনাকারীদের হাদীসও তিনি এনেছেন। তবে চতুর্থ শ্রেণীর বর্ণনাকারী, যাদেরকে তিনি তৃতীয় শ্রেণী সাব্যস্ত করেছেন, তাদের হাদীস তিনি পরিপূর্ণরূপে পরিত্যাগ করেছেন।<sup>৩৫</sup> তবে কেউ কেউ বলেন, উপরের বক্তব্য দ্বারা কাযী আয়াযের র. উদ্দেশ্য হলো, ইমাম মুসলিম র. কিতাবে বর্ণিত তিন শ্রেণীর বর্ণনাকারীর হাদীস সহীহ মুসলিমে উল্লেখ করবেন। অথচ সেখানে তৃতীয় শ্রেণী হলো, مجهول তথা অজ্ঞাত বর্ণনাকারীদের। এ কারণে কাযী আয়ায র.-এর কথার উপর তাদের আপত্তি সৃষ্টি হয়েছে।<sup>৩৬</sup>

৪. এ ব্যাপারে হাফিয ইবনু হাজার র. কাযী আয়াযের ব্যাখ্যাকে প্রত্যাখ্যান করে বলেন, মূল মতবিরোধ এ বিষয়ে যে, ইমাম মুসলিম র. প্রথম শ্রেণীর বর্ণনাকারীদের مفرد হাদীস যেমন মৌলিকভাবে লিপিবদ্ধ করেছেন, তেমনিভাবে তিনি দ্বিতীয় শ্রেণীর বর্ণনাকারীদের হাদীসও গ্রহণ করেছেন কী? বলাবাহুল্য যে, তিনি দ্বিতীয় শ্রেণীর বর্ণনাকারীদের مفرد বর্ণনা গ্রহণ করেননি, তাই এ বিষয়ে কাযী আয়াযের বিভ্রান্তি রয়েছে। তিনি মনে করেছেন যে, এ আলোচনা যে কোন হাদীসের ক্ষেত্রে প্রযোজ্য। অর্থাৎ দ্বিতীয় শ্রেণীর সমস্ত হাদীস তিনি এ কিতাবে উল্লেখ করেছেন কি না? অথচ বাস্তবে তা নয়। তবে এটি ভিন্ন কথা যে, কখনও তিনি দ্বিতীয় শ্রেণীর বর্ণনাকারীদের হাদীসকেও একাধিক সনদ থাকলে কিংবা إستهناد হিসেবে এনে থাকেন। তাই এ ব্যাপারে হাফেয ইবন হাজার র. লিখেন যে, ولو كان يخرج جميع أحاديث أهل القسم الثاني في الأصول بل و في المتابعات لكان كتابه أضعاف ما هو عليه, ‘তিনি যদি দ্বিতীয় শ্রেণীর বর্ণনাকারীদের সমস্ত হাদীস, أصول বা متابعات এর মধ্যেও উল্লেখ করতেন তাহলে কিতাব এর চেয়ে কয়েক গুণ বড় হত।’<sup>৩৭</sup> তবে এখানে প্রশ্ন থেকে যায় যে, ইমাম মুসলিম র. তৃতীয় শ্রেণীর অর্থাৎ বিরোধপূর্ণ বর্ণনাকারীদের হাদীস কেন উল্লেখ করেন। এর বিভিন্ন উত্তর রয়েছে। যেমন,

ক. ইমাম মুসলিম র. এই শ্রেণীর বর্ণনাকারীর হাদীস ব্যাখ্যা-বিশ্লেষণের জন্যে إستهناد-এর ভিত্তিতে এনে থাকেন, মৌলিকভাবে নয়। হাঁ, কোথাও প্রথম শ্রেণীর বর্ণনাকারীর হাদীস না পেলে তখন মৌলিকভাবেও উল্লেখ করেছেন।

খ. অনেক বর্ণনাকারীর স্মরণশক্তি শেষ বয়সে এসে দুর্বল হয়ে যায়। যে কারণে কেউ কেউ তাদেরকে ضعيف (দুর্বল রাবী) বলেন। ইমাম মুসলিম র. এ ধরনের বর্ণনাকারীর স্মরণশক্তি হ্রাস পাওয়া এবং إختلاط (সংমিশ্রণ) হওয়ার পূর্বের হাদীসসমূহ বর্ণনা করেছেন। যেমন, আহমাদ ইবন আব্দুর রহমান মুসলিম শরীফের একজন বর্ণনাকারী। তাঁর সম্পর্কে বলা হয় যে, ২৫০ হিজরীর পর তাঁর স্মরণশক্তির মধ্যে পরিবর্তন এসেছিল। অথচ ২৫০ হিজরীর মধ্যে ইমাম মুসলিম র. তাঁর কিতাব লিখে শেষ করেছিলেন।

গ. جرح مبهم (অস্পষ্ট ত্রুটি বা দোষ) গ্রহণযোগ্য নয়, যতক্ষণ না তা সবিস্তারে আলোচনা করা হবে।

ঘ. ইমাম মুসলিম র. নিজেই এ শাস্ত্রের ইমাম। অন্যদের উক্তি তাঁর জন্যে দলীল নয়। তা ছাড়া তিনি বলেছেন যে, আমি এ কিতাবে সর্বসম্মত বর্ণনাকারীদের হাদীস বর্ণনা করব। উপরন্তু লেখা শেষ করে হাফিয আবু যুর‘আর পক্ষ থেকে তিনি সমর্থন ও সত্যায়নও লাভ করেছেন। তাই এ সমস্ত বিষয়ের পর কারও আপত্তি গ্রহণযোগ্য নয়।<sup>৩৮</sup>

৫. إتقان راوي অর্থাৎ বলিষ্ঠ ও শক্তিশালী বর্ণনাকারী حافظ ও متقن (যথার্থ) হওয়া। তবে এটি আবশ্যিকীয় শর্ত নয়।

৬. ملازمة الشيخ (শায়খের সাথে সার্বক্ষণিক সম্পৃক্ততা) এর দিক থেকে বর্ণনাকারীদের পাঁচটি শ্রেণী রয়েছে। যথা:

(أ) كامل الضبط كثير الملازمة (ب) كامل الضبط قليل الملازمة (ج) ناقص الضبط كثير الملازمة (د) ناقص الضبط قليل الملازمة (ه) ضعفاء و مجاهيل

ইমাম মুসলিম র. প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বর্ণনাকারীর সমস্ত হাদীস উল্লেখ করেছেন। তবে তৃতীয় শ্রেণীর হাদীস কখনও কখনও إستهناد হিসেবে আনয়ন করেছেন।

৭. হাদীস জালকারীদের বর্ণনা সহীহ মুসলিমে নেই। ইমাম মুসলিম র. নিজেই বলেন,

أما ما كان منها عن قوم هم عند أهل الحديث متهمون ، أو عند الأكثر منهم ، فلنسنا نساغل بتخريج حديثهم

‘যে সমস্ত হাদীস এমন সব বর্ণনাকারী থেকে বর্ণিত হয়েছে, যারা সকল মুহাদ্দিস কিংবা অধিকাংশের মতে متهم (অভিযুক্ত) তাদের হাদীস এ সহীহ কিতাবে লিপিবদ্ধ করব না।’

৮. সহীহ মুসলিমে منكر হাদীস নেই। এ ব্যাপারে ইমাম মুসলিম র. বলেন,

وكذلك من الغالب علي حديثه المنكر او الغلط أمسكنا أيضا عن حديثهم

‘যাদের বেশীর ভাগ হাদীস ‘মুনকার’ বা গলত (ভুল) তাদের হাদীস বর্ণনা করা থেকেও আমি বিরত রয়েছি।’<sup>৯০</sup>

৯. **হাদীস: معنع** হাদীস ঐ হাদীসকে বলা হয়, যে হাদীসের বর্ণনাকারী **إخبار** বা **سَمِعَ** শব্দের পরিবর্তে **عن** শব্দযোগে হাদীস বর্ণনা করেন। তখন বর্ণনাকারী যার থেকে হাদীসটি বর্ণনা করেছেন তার থেকে সরাসরি শোনা ও না শোনা উভয়টির সম্ভাবনা থাকে। তাই প্রশ্ন উঠতে পারে যে, এমন হাদীসকে **متصل** বলা হবে না তবে **منقطع**<sup>৯০</sup> বলা যাবে। এক্ষেত্রে একটি অবস্থা এই যে, **عن** শব্দ যোগে যিনি বর্ণনা করেছেন এবং যার থেকে বর্ণনা করেছেন, উভয়ের মাঝে সাক্ষাত না হওয়ার বিষয়টি প্রমাণিত। যেমন, উভয়ে সমকালীন নন কিংবা সমকালীন হলেও অন্য কোন প্রমাণ ও লক্ষণের ভিত্তিতে তাদের সাক্ষাত না হওয়ার বিষয়টি প্রমাণিত। এমতাবস্থায় সর্বসম্মতিক্রমে হাদীসটি **منقطع** বলে গণ্য হবে। দ্বিতীয় অবস্থা হচ্ছে, যিনি বর্ণনা করেছেন এবং যার নিকট থেকে বর্ণনা করেছেন উভয়ে সমকালীন। ফলে উভয়ের মাঝে সাক্ষাত হওয়ার সম্ভাবনা রয়েছে এবং সাক্ষাত না হওয়ার কোন প্রমাণ নেই। এমতাবস্থায় বর্ণনাকারী যদি **مدلس**<sup>৯১</sup> হয় তাহলে সর্বসম্মতিক্রমে তার বর্ণনা গ্রহণযোগ্য নয়। আর যদি **مدلس** না হয় তাহলে সেক্ষেত্রে মতবিরোধ পরিলক্ষিত হয়।<sup>৯২</sup> যেমন বর্ণিত হয়েছে,

ক. এমন বর্ণনাকারীর সমস্ত বর্ণনা **متصل** বলে গণ্য হবে, যদিও উভয়ের মাঝে সাক্ষাত হওয়ার কোন প্রমাণ না থাকে। এটি ইমাম মুসলিম র.-এর সিদ্ধান্ত এবং তার দাবী হলো এটি **جمهور** বা সংখ্যাগরিষ্ঠ ইমামের অভিমত।

খ. হাদীস এই শর্তে **متصل** বলে গণ্য হতে পারে যে, যিনি বর্ণনা করেছেন এবং যার থেকে বর্ণনা করেছেন উভয়ের মধ্যে কমপক্ষে একবার সাক্ষাত প্রমাণিত হতে হবে। এটি ইমাম বুখারী র. ও তার উস্তাদ ‘আলী ইবনুল মাদীনী র.-এর অভিমত। তবে এ অভিমত সম্পর্কে দু’টি বিষয় থাকতে হবে। যথা: প্রথম বিষয় হলো ইমাম বুখারী র. কোন হাদীস সহীহ সাব্যস্ত হওয়ার জন্যে উপরোক্ত শর্ত আরোপ করেননি বরং কোন হাদীসকে তাঁর সহীহ গ্রন্থে লিপিবদ্ধ করার জন্য এ শর্ত মেনে চলেছেন।<sup>৯৩</sup>

তবে হাফিয ইবনু হাজার র. এ কথার সঙ্গে দ্বিমত পোষণ করে বলেন,

أدى بعضهم أن البخاري إنما التزم ذلك في جامعه لا في أصل الصحة وأخطأ في هذا الدعوى، بل هذا الشرط في أصل البخاري فقد أكثر من تعليل الأحاديث في تاريخه بمجرد ذلك

‘তবে কেউ কেউ দাবি করেছেন যে, ইমাম বুখারী র. তাঁর **جامع** (বুখারী শরীফের) মধ্যে হাদীস সংকলন করার জন্যে এ শর্তকে আবশ্যিক করেছেন, মৌলিকভাবে হাদীস সহীহ হওয়ার জন্যে নয়। তার এ দাবী সম্পূর্ণ ভুল। বরং ইমাম বুখারী র.-এর মতে মৌলিকভাবে হাদীস সহীহ হওয়ার জন্যেও এটি শর্ত। তবে তিনি তার ‘তারীখ গ্রন্থের’ মধ্যে মৌলিকভাবে হাদীস সহীহ হওয়ার জন্যেও এটি শর্ত। তিনি তার তারীখের মধ্যে শুধু এ কারণকেই অনেক হাদীসে **معلول** সাব্যস্ত করেছেন।’<sup>৯৪</sup> দ্বিতীয় বিষয় হলো যা মাওলানা রাশীদ আহমাদ গান্ধুহী উল্লেখ করেছেন যে, শুধুমাত্র একবার সাক্ষাত হওয়াই শর্ত। তিনি এ ক্ষেত্রে হাদীস শ্রবণ করার শর্ত আরোপ করেন নাই। তবে ইমাম আবু যুর’আ র. সাক্ষাতের সঙ্গে হাদীস শ্রবণ করার শর্তও আরোপ করেন।

গ. এ ব্যাপারে ইমাম কাবেসী র.-এর অভিমতে সাক্ষাতের সঙ্গে সঙ্গে **إدراك** (সামান্যসামানি দর্শন)ও আবশ্যিক।

ঘ. আবু মুযাফফার সাম’আনী র.-এর অভিমতে দীর্ঘ সান্নিধ্যও জরুরী।

ঙ. তবে কেউ কেউ বলেন, বর্ণনাকারী যার থেকে বর্ণনা করেছেন, তাদের মধ্যে সাক্ষাত প্রমাণিত হলে **معنع** হাদীস **منقطع** বলে সাব্যস্ত হবে। এ বিষয়ে মোট ছয়টি মত রয়েছে। তবে ইমাম আবু যুর’আর মতটি পৃথক গণ্য করা হলে মোট সাতটি অভিমত সৃষ্টি হবে। তবে এ বিষয়ে মূল মতানৈক্য ইমাম বুখারী র. ও ইমাম মুসলিম র.-এর মধ্যে। ইমাম বুখারী র. বলেন, যদি শ্রবণ করার শর্তারোপ না করা হয় তাহলে **إنقطاع** এর সম্ভাবনা থেকে যায়। পক্ষান্তরে একবার সাক্ষাত প্রমাণিত হলে শ্রবণ করার সম্ভাবনাটি প্রবল হয়ে যায়। আর এ সব বিষয়ে প্রবল ধারণার ভিত্তিতেই সিদ্ধান্ত নেওয়া হয়। শুধু সমকালীন হওয়ার দ্বারা এরূপ প্রবল ধারণা সৃষ্টি হতে পারে না। ইমাম মুসলিম র.-এরূপ কথাও বলেছেন যে, এটি পূর্ব যুগের সমস্ত মুহাদ্দিসের মত থেকে ভিন্ন নতুন উদ্ভাবিত একটি মত। পূর্ব যুগের ওলামায়ে কেরাম সনদ মুত্তাসিল হওয়ার জন্যে সাক্ষাতের সম্ভাবনা সহ সমকালীন হওয়াকে যথেষ্ট মনে করতেন।<sup>৯৫</sup> ইমাম মুসলিম র. তাঁর এ কথাকে প্রমাণিত করার জন্যে সহীহ মুসলিমের ভূমিকার শেষে এমন

অনেক হাদীস উপস্থাপন করেছেন, যেগুলো **معنع** হওয়া সত্ত্বেও মুহাদ্দিসীনে কেরাম শুধু সমকালীন হওয়ার কারণে গ্রহণ করেছেন। ইমাম মুসলিম র. দ্বিতীয় কথা এভাবে বলেছেন, যে কারণ এবং যে উপকারিতাকে সামনে রেখে সাক্ষাতের শর্ত আরোপ করা হয়েছে, শর্ত পাওয়া গেলেও তা লাভ হবে না। অর্থাৎ একবার সাক্ষাতের পরও **إنقطاع**-এর সম্ভাবনাও রয়ে যায়। কারণ হতে পারে, বর্ণনাকারী যার থেকে হাদীস বর্ণনা করেছেন, তার থেকে কিছু হাদীস সরাসরি শুনেছেন আর অবশিষ্টগুলো সরাসরি না শুনে **عن** শব্দযোগে বর্ণনা করেছেন। তাই প্রতিপক্ষের উচিত, তারা কেবল ঐ সমস্ত হাদীস গ্রহণ করবেন, যেগুলোর মধ্যে সরাসরি শ্রবণ করা প্রমাণিত রয়েছে। এ অবস্থায় বড় সমস্যা দেখা দিবে যে, তখন হাদীসের উল্লেখযোগ্য একটি ভাগের অগ্রহণযোগ্য হয়ে যাবে। তাই হাফিয ইবন হাজার র. বলেন,

من حكم على المعنع بالإنقطاع مطلقا شدد و يليه من شرط طول الصحبة و من إكتفى بالمعاصرة سهل و الوسط الذي ليس بعده إلا التعت ، مذهب البخارى

‘যারা **معنع** হাদীসকে সর্বাবস্থায় **منقطع** বলেছেন তারা কঠোরতা করেছেন। এমনভাবে যারা দীর্ঘ সান্নিধ্যের শর্ত লাগিয়েছেন তারাও কঠোরতা করেছেন। আর যারা শুধু সমকালীন হওয়াকে যথেষ্ট মনে করেছেন, তারা শিথিলতা করেছেন। তবে মধ্যমপন্থা হলো ইমাম বুখারী র.-এর মত।’<sup>৪৬</sup>

ইমাম বুখারী র.-এর উত্থাপিত দ্বিতীয় আপত্তির উত্তর দিতে গিয়ে তিনি বলেন, আপনি যে পন্থার কথা বলেছেন তা **غير مدلس**-এর পন্থা। তবে **مدلس** এর **عن** সর্বসম্মতিক্রমে অগ্রহণযোগ্য। আর আলোচিত বিষয়টি হলো, **مدلس** বর্ণনাকারীর ক্ষেত্রে। বিধায় এ ক্ষেত্রে তা প্রযোজ্য নয়। ইমাম নববী র. ইমাম মুসলিম র.-এর প্রথম কথাটি প্রত্যাখ্যান করে বলেন, সংখ্যাগরিষ্ঠ ওলামায়ে কেরামের মত এটিই, যেটি ইমাম বুখারী র. গ্রহণ করেছেন।<sup>৪৭</sup>

### সহীহ মুসলিম গ্রন্থের হাদীস সংখ্যা

সহীহ মুসলিম গ্রন্থের হাদীসের সংখ্যা নিরূপণে মুহাদ্দিসগণের মধ্যে কতিপয় ক্ষেত্রে মতানৈক্য পরিলক্ষিত হয়। নিম্নে বিভিন্ন বিশেষজ্ঞ হাদীস বিশারদগণের বিশ্লেষণে বিভিন্ন অভিমত উপস্থাপিত হলো:

এ সম্পর্কে ইমাম মুসলিম র. নিজেই বলেন, **المسند الصحيح ، من ثلث مائة ألف حديث مسموعة** ,<sup>৪৮</sup> এই ‘আল-মুসনাদুস সহীহ’ গ্রন্থকে আমার শ্রুত তিন লক্ষ হাদীস থেকে লিপিবদ্ধ করেছে।’

ইমাম মুসলিমের ছাত্র আহমাদ ইবন সালিমার মতে, সহীহ মুসলিমে হাদীসের সংখ্যা ১২০০০ (বার হাজার)। এ প্রসঙ্গে শামসুদ্দীন আয-যাহাবীও বলেন, পুনঃ পুনঃ বর্ণিত ( **تكرار** ) তাকরার হাদীস ১২০০০ হাদীস হবে। যেমন **حدثنا قتبية ، و أخبرنا ابن رمح يعد ان حديثين ، إتفق لفظهما أو اختلف في** ,<sup>৪৯</sup> ‘আমাকে কুতায়বাহ হাদীস বর্ণনা করেছেন, আমাকে ইবন রুমহ হাদীস বর্ণনা করেছেন। এরূপ ক্ষেত্রে দুটি হাদীসকে গণ্য করা হয়। হাদীস দু’টির শব্দ একই ধরনের হলে অথবা শব্দের মধ্যে কিছুটা পার্থক্য থাকলেও দু’টিকেই পৃথক পৃথক হাদীস হিসেবে গণ্য করা হয়।’<sup>৪৯</sup>

আবু হাফস মাইয়ানেজী র. বলেন, এতে আট হাজার হাদীস রয়েছে। শায়খ তাহের জাযায়রী র., শায়খ ইবন সালাহ র., ইমাম সুয়ূতী র. ও মুহিউদ্দীন নববী র.-এর মতে পুনরাবৃত্তি হাদীস ছাড়া এতে চার হাজার মূল হাদীস রয়েছে।<sup>৫০</sup> এ ব্যাপারে বিশিষ্ট মুহাদ্দিস হাফিজ ইবনু হাজার ‘আসকালানী বলেন, এ ধরনের বক্তব্য বেশ বিদ্রাস্তকর। তবে এ ব্যাপারে বিভিন্ন বক্তব্য ও উক্তি মध्ये বিশ্লেষণ করলে দেখা যাবে যে, বিভিন্নমুখী বক্তব্য থাকা সত্ত্বেও সে সবার মধ্যে আসলেই কোন বিরোধ নেই। কেননা হতে পারে বিভিন্নমুখী উক্তির মধ্যে প্রত্যেকের রয়েছে ভিন্ন ভিন্ন দৃষ্টিভঙ্গি ও নীতিমালা। যে কারণে বিভিন্নমুখী বক্তব্য ও সংখ্যা এসেছে। তবে সাম্প্রতিক কালে মিশরের বিখ্যাত আলেম মুহাম্মদ ফুয়াদ আব্দুল বাকী সহীহ মুসলিমের শুরু থেকে শেষ পর্যন্ত সমস্ত হাদীসের উপর নম্বর সংযোজন করেছেন। তাতে তিনি দেখিয়েছেন যে, সহীহ মুসলিমে পুনরাবৃত্তি ছাড়া হাদীস সংখ্যা হচ্ছে ৩০৩৩ টি।<sup>৫১</sup> ড. খলীল মোল্লা খাতিরও অনুরূপভাবে হাদীস গণনা করে হাদীসের সংখ্যা নির্ধারণ করেছেন ৪৬১৬ টি। প্রাচ্যবিদ ওয়ানসাক সহীহ মুসলিমের প্রত্যেকটি বাবের হাদীস গণনা করে সংখ্যা নির্ধারণ করেছেন ৫৭৮১ টি।<sup>৫২</sup> এ ব্যাপারে আল্লামা জালালুদ্দীন সুয়ূতী র. (মৃত. ৯১১ হি.) বলেন, **وافق مسلم البخارى علي تخريج ما فيه إلا** ,<sup>৫৩</sup> ‘ইমাম মুসলিম র. তাঁর সহীহ হাদীস গ্রন্থে হাদীস বর্ণনায় ৩২০ টি হাদীস ছাড়া অবশিষ্ট হাদীসে ইমাম বুখারীর র. আল-জামি’ গ্রন্থে অনুরূপ হাদীসই উল্লেখ করেছেন।’<sup>৫৩</sup>

ইমাম মুসলিমের সহীহ গ্রন্থে পুনরাবৃত্ত হাদীস ব্যতীত হাদীসের সংখ্যা ৪০০০ (চার হাজার)। এ ব্যাপারে Dr. Muhammad Zubayer Siddiqi বলেন, In order to compile this book, Muslim examined 300,000 traditions out of which he picked up only 4000 about the genuineness of which the traditions were unanimous; and included them in his Sahih. ‘ইমাম মুসলিম তিন লক্ষ হাদীস হতে যাচাই-বাছাই করে সর্বসম্মতভাবে চার হাজার হাদীস নির্ভুল ও সঠিক বলে নির্বাচিত করে তার গ্রন্থে অন্তর্ভুক্ত করেছেন।’<sup>৫৪</sup>

### সহীহ মুসলিমের অধ্যায় ও শিরোনাম

ইমাম মুসলিম র. তাঁর সহীহ গ্রন্থের মধ্যে **تراجم** বা অধ্যায়-শিরোনাম নির্ধারণ না করা একটি সর্বজন স্বীকৃত বিষয়। তার এ ধরনের নির্ধারণ না করার উদ্দেশ্য হচ্ছে গ্রন্থের কলেবর যেন বৃদ্ধি না পায়। তবে কেউ কেউ বলেছেন যে, এর উদ্দেশ্য ছিল তার সহীহ গ্রন্থের মধ্যে যেন সহীহ হাদীস ছাড়া অন্য কোন হাদীস অন্তর্ভুক্ত না হয়। এ ব্যাপারে ইমাম নববী র. বলেছেন যে, ইমাম মুসলিম র. যদিও **تراجم** বা অধ্যায়-শিরোনাম নির্ধারণ করেননি, তথাপি শিরোনামের ভিত্তিতেই তিনি সহীহ গ্রন্থকেই বিন্যস্ত ও সজ্জায়ন করেছেন। তাই পরবর্তী যুগের বরণ্য আলেমগণ সহীহ গ্রন্থে অধ্যায়-শিরোনাম স্থাপনের চেষ্টা করেছেন। এ প্রসঙ্গে আল্লামা নববী র. বলেন, আমি এ গ্রন্থে অতি-উৎকৃষ্টমানের অধ্যায়-শিরোনাম স্থাপনের চেষ্টা করেছি।<sup>৫৫</sup> কিন্তু আল্লামা তকী ওসমানী র. বলেন, এ মহান ইমাম ও তার সহীহ গ্রন্থের মর্যাদার উপযোগী **تراجم** বা অধ্যায়-শিরোনাম এখনও যথার্থভাবে স্থাপন সম্ভব হয়নি। হয়তো আল্লাহ তা‘আলা তাঁর কোন যোগ্য বান্দাকে এ গ্রন্থের যথার্থ ও মানোপযোগী অধ্যায়-শিরোনাম স্থাপনের সক্ষমতা দান করবেন।<sup>৫৬</sup>

### সহীহ মুসলিম ও জামি‘ গ্রন্থ

মুহাদ্দিসগণের পরিভাষায় হাদীসের ঐ কিতাবকে **جامع** (জামি‘) বলা হয় যে হাদীস গ্রন্থে আটটি বিষয়ের ভিত্তিতে হাদীস সজ্জিত থাকে। আল্লামা কাশমিরী র. নিম্ন কবিতার মাধ্যমে সে আটটি বিষয় তুলে ধরেছেন। যা নিম্নরূপ:

سير و آداب \* تفسير و عقائد  
رفاق و احكام \* اشراط و مناقب

‘(জামি‘ এর আটটি বিষয় হলো:) সিয়ার, আদাব, তাফসীর, ‘আকাঈদ ও রিকাক, আহকাম, আশরাত ও মানাকিব।’<sup>৫৭</sup> এ সংজ্ঞার আলোকে হযরত মাওলানা শাহ আব্দুল আযীয দেহলভী র. বলেন, সহীহ মুসলিমকে **جامع** (জামি‘) বলা যাবে না। কারণ, এর মধ্যে তাফসীর সংক্রান্ত হাদীস খুব কম।<sup>৫৮</sup> পক্ষান্তরে ‘কামুস’ গ্রন্থকার ইবন হাজার আল-‘আসকালানী র.-এর উস্তাদ শায়খ মাজদুদ্দীন সিরাজী [মৃ. ৮০৬ বা ৮০৭ হি.] সহীহ মুসলিমকে **جامع** (জামি‘) বলেছেন। এ সম্পর্কে তার এক কবিতায় তিনি উল্লেখ করেন,

ختمت بحمد الله جامع مسلم \* بجوف دمشق الشام جوف الإسلام

‘আল-হামদুলিল্লাহ! আমি জামি‘ মুসলিম সমাপ্ত করলাম। ইসলামের জর্ঠর সিরিয়ার দামেস্ক নগরীতে।’<sup>৫৯</sup> মোল্লা আলী কারীও র. মেশকাত শরীফের ভাষ্য গ্রন্থে সহীহ মুসলিমকে **جامع** (জামি‘) বলেছেন। তাই তিনি এ সম্পর্কে লিখেছেন, **وله مصنفات**।<sup>৬০</sup> হাজী খলিফাও ‘কাশফুয যুনূন’ এ ‘জীম’ বর্ণের অধীনে আলোচনায় সহীহ মুসলিমকে **جامع** (জামি‘) বলেছেন। যেমন এ বিষয়ে বর্ণিত হয়েছে, **الجامع الصحيح للإمام الحافظ**। আল্লামা শিকরী আহমাদ ওসমানী র. ও নবাব সিদ্দীক হাসান খানও এ ব্যাপারে শাহ আব্দুল আযীয দেহলভী র.-এর সঙ্গে দ্বিমত পোষণ করেছেন। তারা বলেছেন যে, সহীহ মুসলিম জামি‘ গ্রন্থ।<sup>৬১</sup>

### তাফসীর সংক্রান্ত হাদীসের জওয়াব

তাফসীর সংক্রান্ত হাদীসের স্বল্পতার প্রশ্নের উত্তর এভাবে দেওয়া যায় যে, তাফসীর সংক্রান্ত হাদীস মূলতঃ কমই। তবে বুখারী শরীফে বাহ্যিকভাবে তাফসীর বিষয়ক হাদীসের পরিমাণ বেশী দেখা যায় বটে তবে এর কারণ হলো, বুখারী শরীফে হাদীসের পুনরাবৃত্তি ও আভিধানিক উক্তি অনেক বেশী পরিমাণ রয়েছে এবং **موقوف أثر** ও যথেষ্ট পরিমাণে রয়েছে। আর এক্ষেত্রে ইমাম মুসলিম র. এগুলো বর্ণনা করা থেকে অনেক বেশী বিরত থাকেন। দ্বিতীয় উত্তর এভাবে দেওয়া যায় যে, তাফসীর বিষয়ে যত **مرفوع** ও **مسند** হাদীস রয়েছে, তার যথেষ্ট পরিমাণ মুসলিম শরীফে বিদ্যমান রয়েছে। তবে সেগুলো বিভিন্ন জায়গায় ছড়িয়ে রয়েছে। তৃতীয় উত্তর এভাবে বলা যায় যে, তাফসীর বিষয়ক হাদীস পরিমাণে কম হওয়া ‘জামি‘

## সহীহ মুসলিমের হাদীসের বিশুদ্ধতা

جميع ما حكم مسلم بصحته من هذا الكتاب فهو مقطوع بصحته، والعلم النظرى حاصل بصحته في الامر نفسه ، و هكذا ما حكم البخارى بصحته في كتابه، و ذلك لان الأمة تكفلت ذلك بالقبول ، سوى من لا يعتد بخلافه ووافقا في الاجماع

ইবনুস সালাহ আরও বলেন, ইমাম বুখারী ও ইমাম মুসলিম র. যে সব হাদীসের ক্ষেত্রে একমত্য পোষণ করেছেন ঐ সব হাদীসই চূড়ান্তভাবে সহীহ হিসেবে গৃহীত। আর তার দ্বারা প্রমাণ ভিত্তিক ‘ইলমে ইয়াকিনী’ অর্জিত হয়। তবে কেউ কেউ এর বিপরীত মত উপস্থাপন করে বলেন, মূলত: হাদীস দ্বারা যন<sup>৬৬</sup> বা ধারণা প্রসূত জ্ঞান অর্জিত হয়। সমগ্র উম্মতের সিদ্ধান্ত এই যে, যন্নী ‘ইলম আমলের ক্ষেত্রে কোন বাধা সৃষ্টি করে না। তবে কখনও কখনও যন দ্বারা ভুল সিদ্ধান্ত পর্যবসিত হয়ে থাকে।<sup>৬৭</sup> ইবনুস সালাহ এ ক্ষেত্রে মন্তব্য করেন যে প্রথম মতটিই বিশুদ্ধ ও সঠিক। কেননা, যারা ভুল-ভ্রান্তি থেকে মুক্ত তাদের যন বা ধারণা প্রসূত সিদ্ধান্ত ভুলে পর্যবসিত হয় না। আর সমগ্র উম্মতের ইজমা’ ভুল থেকে মুক্ত। আর এ কারণেই ইজতেহাদের উপর নির্ভরশীল ইজমা’ অকাট্য দলীল হিসেবে গৃহীত হবে। এ ছাড়া ‘আলিমগণের অধিকাংশ ইজমা’ ও এরূপ।<sup>৬৮</sup> এ আলোচনা থেকে প্রমাণিত হয় যে, ইমাম বুখারী র. ও ইমাম মুসলিম র. যে সব হাদীস তাদের নিজ নিজ গ্রন্থে বর্ণনা করেছেন সেগুলো চূড়ান্ত বিশুদ্ধ বলে বিবেচিত। কারণ স্বল্প সংখ্যক সমালোচক ছাড়া সমগ্র উম্মত তাদের গ্রন্থদ্বয়কে সর্বাধিক বিশুদ্ধ বলে গ্রহণ করেছেন।<sup>৬৯</sup>

সাধারণত সকল লেখক ও সংকলকদের এ চেষ্টা থাকে যে তার প্রণীত গ্রন্থ যেন অন্যান্য সকল গ্রন্থ থেকে অনন্য বৈশিষ্ট্যে সৌন্দর্যমণ্ডিত হয়। এ ক্ষেত্রে ইমাম মুসলিম প্রণীত সহীহ মুসলিমে এ চেষ্টার কোন ত্রুটি ছিল না। সহীহ মুসলিমে এমন কতিপয় বৈশিষ্ট্য রয়েছে, যা তাকে অন্যান্য হাদীসের সংকলন ও গ্রন্থ থেকে স্বতন্ত্র মর্যাদায় বিভূষিত করেছে। এ সম্পর্কে নিম্নে সংক্ষেপে আলোকপাত করা হলো:

১. **সহীহ মুসলিমের জ্ঞানার্জন খুবই সহজ:** ইমাম মুসলিম র. প্রত্যেকটি হাদীসকে তার উপযুক্ত ও যথার্থ স্থানে বর্ণনা করেছেন এবং একই স্থানে সে হাদীসের বিভিন্ন সনদ ও বিভিন্ন শব্দ উল্লেখ করেছেন। অথচ এ সব ক্ষেত্রে ইমাম বুখারী র. হাদীসের মধ্যে পূর্বাপর সংক্ষেপ ও উহ্য করে থাকেন। ফলে কোন কোন সময় জটিলতার সৃষ্টি হয়ে থাকে।
২. **শব্দের বিভিন্নতা উল্লেখ:** মুহাদ্দিসগণের কারও কারও নিকট কোন হাদীস দুই বা ততোধিক বর্ণনাকারীর সূত্রে পৌঁছলে, যার বিষয়বস্তু এক কিন্তু শব্দ ভিন্ন, সে ক্ষেত্রে তার জন্যে উভয়টিকে এক সনদে এনে এক বর্ণনাকারীর শব্দে বর্ণনা করা জায়েয রয়েছে। কিন্তু উত্তম হলো বর্ণনাকারী যে সনদে যে শব্দে শুনেছে তা চিহ্নিত করা। আর এক্ষেত্রে ইমাম মুসলিম র. উত্তম পন্থাটিই গ্রহণ করেছেন। যেমন, তিনি বর্ণনা করেছেন যে, **حَدَّثَنَا فُلَانٌ وَفُلَانٌ وَالْفَلْظُ لِفُلَانٍ**
৩. **সন্দেহ নিরসন:** কখনও একই শ্রেণীর বর্ণনাকারীদের মধ্যে একই নামের একাধিক বর্ণনাকারী থাকে। তখন পার্থক্য করার জন্য বংশ বা সম্বন্ধ যোগ করতে হয়। এমনভাবে কখনও কোন শব্দের বিশ্লেষণের প্রয়োজন হয়ে পড়ে। এমতাবস্থায় ইমাম বুখারী ও ইমাম মুসলিম র. এ কাজটি অবশ্যই করে থাকেন যে, তারা হাদীস বর্ণনার ক্ষেত্রে এমন কোন শব্দ যোগ করেন, যার দ্বারা বোঝা যায় যে ব্যাখ্যামূলক শব্দটি তারা যোগ করেছেন। এটি তাদের শায়খের কোন শব্দ নয়। যেমন এ সম্পর্কে বর্ণিত হয়েছে, **حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سُلَيْمَةَ حَدَّثَنَا سُلَيْمَانُ يَعْنِي ابْنَ**
- উপরিউক্ত উদ্দেশ্যই বন্ধি করা হয়েছে। **عَبْدُ اللَّهِ بْنُ سُلَيْمَةَ حَدَّثَنَا سُلَيْمَانُ يَعْنِي ابْنَ**

৪. **حَدَّثَنَا وَ أَخْبَرَنَا** এর পার্থক্য: মুহাদ্দিসগণের নিকট হাদীস শিক্ষাদানের দু'টি পদ্ধতি রয়েছে। একটি হলো উস্তাদ হাদীস পাঠ করবে এবং ছাত্র শুনবে। অপরটি এর বিপরীত। অর্থাৎ, ছাত্র হাদীস পাঠ করবে এবং উস্তাদ শুনবে। ইমাম মুসলিম র.-এর মাযহাব হলো ছাত্র উস্তাদ থেকে শুনলে **حَدَّثَنَا** শব্দ ব্যবহার করবে এবং ছাত্র উস্তাদকে হাদীস পাঠ করে শুনাতে **أَخْبَرَنَا** শব্দ বলবে। তাঁর মতে **أَخْبَرَنَا** এর জায়গায় **حَدَّثَنَا** শব্দ, কিংবা **حَدَّثَنَا** এর জায়গায় **أَخْبَرَنَا** শব্দ ব্যবহার করা জায়েয নেই। ইমাম শাফেয়ী<sup>১৮</sup> ইবন জুরাইজ, আওয়াযী, ইবন রজব ও **أهل شرق** (প্রাচ্যের) অধিকাংশ আলেমের মতও এটিই। কিন্তু ইমাম বুখারী র.-এর মতে উভয় শব্দের মধ্যে এ ধরনের কোন পার্থক্য নেই। ইমাম জুহরী, ইমাম মালেক, সুফইয়ান ইবন 'উয়াইনা এবং ইয়াহইয়া ইবন মা'য়ীন র.-এর মতও একই।<sup>১৯</sup> বলা বাহুল্য যে, ইমাম মুসলিম র.-এর মতই অধিকতর সতর্কতামূলক পন্থা।
৫. **موقوف أثر** এর স্বল্পতা: ইমাম মুসলিম র. যেহেতু মাসআলা উদ্ভাবন করেন নাই; তাই তার কিতাবে **موقوف أثر** ও **تعلیق** খুবই কম পাওয়া যায়। আর থাকলেও তা **تابع** ও **إستشهاد** হিসাবে ব্যবহৃত হয়েছে। পক্ষান্তরে ইমাম বুখারী র. এগুলো মৌলিকভাবে ব্যবহার করে থাকেন।
৬. **পূর্ণ হাদীসের উল্লেখ**: ইমাম মুসলিম র. তার এ গ্রন্থে বিভিন্ন অধ্যায়ে হাদীস সংক্ষিপ্ত না করে পূর্ণ হাদীস বর্ণনা করেছেন।<sup>২০</sup>
৭. **তাহবীল (تحويل) সনদের উল্লেখ**: ইমাম মুসলিম র. একই হাদীস বিভিন্ন সনদের মাধ্যমে বর্ণনা করার ক্ষেত্রে নতুন ইসনাদ বর্ণনা করতে যেয়ে 'হা' **ح** অক্ষর দ্বারা তাহবীল (تحويل) সনদের প্রতি ইঙ্গিত করেছেন।
৮. **বায়'আত, হাদীসের উল্লেখ**: সহীহ মুসলিমে **بایعات** হাদীস নেই। তবে এ গ্রন্থে **بایعات** হাদীসের সংখ্যা আশিটির উর্ধ্ব রয়েছে।
৯. **বর্ণনাকারীদের নাম সংরক্ষণ**: শামের বর্ণনাকারীদের হাদীস বর্ণনা করার ক্ষেত্রে ইমাম বুখারী র.-এর কখনও কখনও বিচ্যুতি হয়েছে। একই বর্ণনাকারীর নাম ও উপনামকে তিনি দুই ব্যক্তি মনে করেছেন। এর কারণ হলো শামের মুহাদ্দিসগণের হাদীসসমূহ তিনি **مناولة** এর পদ্ধতিতে পেয়েছেন। কিন্তু এ ধরনের বিষয় ইমাম মুসলিমের হয়নি।
১০. **رواية باللفظ (শব্দভিত্তিক বর্ণনা)**: ইমাম মুসলিম র. নিজের শহরে বসে সহীহ মুসলিম সংকলন করেন। সে সময় তাঁর অনেক শায়খই জীবিত ছিলেন। তিনি শব্দের পূর্বাপরের বিষয়ে গভীরভাবে চিন্তা-ভাবনা করে সংকলন করার সুযোগ পান। তাই তিনি **رواية بالمعنى** (অর্থের বর্ণনা) না করে **رواية باللفظ** (শব্দের বর্ণনা) করেছেন। পক্ষান্তরে ইমাম বুখারী র. তাঁর কিতাবটি বিভিন্ন দেশ ও শহরে রচনা করেছেন এবং নিজের স্মরণ শক্তির ওপর তাঁকে বেশী নির্ভর করতে হয়েছে। এ কারণে কখনও কখনও তাঁর থেকে উস্তাদের শব্দ ছুটে গিয়েছে।<sup>২১</sup>
১১. **অভিনব সজ্জায়ন পদ্ধতি**: সহীহ মুসলিমে হাদীস সংকলন ও সজ্জায়ন পদ্ধতি অতি চমৎকার ও অনিবার্চনীয়। তিনি তার গ্রন্থকে বিভিন্ন অধ্যায়ে বিন্যাস করেছেন কিন্তু ইমাম বুখারী র.-এর ন্যায় তিনি সেগুলোর শিরোনাম নির্ধারণ করেননি। বরং তিনি এগুলো পাঠকের ব্যক্তিগত উপলব্ধির উপর ছেড়ে দিয়েছেন। পরবর্তী মুহাদ্দিসগণ নিজ নিজ যোগ্যতা ও অভিজ্ঞতার আলোকে অধ্যায়গুলোর (বাবগুলোর) শিরোনাম নির্ধারণ করেছেন। তবে এ ব্যাপারে ইমাম নববী র. গৃহীত শিরোনামই সর্বাধিক প্রসিদ্ধ।<sup>২২</sup>
১২. **মুকাদ্দিমার উল্লেখ**: ইমাম মুসলিম র. তাঁর সহীহ গ্রন্থের শুরুতে একটি সুবিস্তৃত মুকাদ্দিমাহ লিপিবদ্ধ করেছেন। এখানে তিনি এ গ্রন্থ প্রণয়নের কারণ, হাদীস শাস্ত্রের মূলনীতি ও এ গ্রন্থ সংকলনে তার শর্তাবলী ইত্যাদি বিষয় উল্লেখ করেছেন।
১৩. **পূর্ণ হাদীস উপস্থাপন**: ইমাম মুসলিম র. তার গ্রন্থে পূর্ণ হাদীস একই সাথে বর্ণনা করেছেন। তবে আংশিক বা হাদীসের অংশবিশেষ উল্লেখ করেননি; বরং একই হাদীস একাধিক সনদে একই স্থানে একত্রিত করেছেন।
১৪. **ফিকহী তারতীব**: ইমাম মুসলিম র. তাঁর সহীহ গ্রন্থটি ফিকহ শাস্ত্রের তারতীব অনুসারে সাজিয়েছেন। এ কারণে গ্রন্থটিকে সুনান বলেও অভিহিত করা হয়। তবে এতে তাফসীর অধ্যায়টি স্বল্প পরিসরে স্থান লাভ করায় এটিকে জামি' বলা হয় না।<sup>২৩</sup>

#### সহীহ মুসলিমের ভাষ্যগ্রন্থ (শরাহ গ্রন্থ)

প্রাচীন ও অধুনা সমস্ত যুগের হাদীস শাস্ত্রের 'আলিম ও ইমামগণ সহীহ মুসলিমের মর্যাদা ও গুরুত্বের ভিত্তিতে নানাভাবে কাজ করেছেন। তারা **مستخرجات**, **شروحات** (ভাষ্যগ্রন্থ), **رجال** (হাদীস বর্ণনাকারীদের বৃত্তান্ত), **تلخيصات** (সংক্ষিপ্ত গ্রন্থ) ও **حواشی** (পাদটীকা) ইত্যাদি প্রণয়ন করেছেন। কতিপয় লেখক এর সংক্ষিপ্ত ও বিস্তারিত তালিকাও উপস্থাপন করেছেন।

তবে দামেস্কের বিশিষ্ট আলিম আল্লামা বাদীউস সাইয়েদ আল-লাহামের তালিকাটি পূর্ণাঙ্গ বলা যায়। তালিকাটি **الديباج على صحيح مسلم بن الحجاج**-এর ভূমিকায় লিখিত হয়েছে। তাতে তিনি মৃত ও সমকালীন ভাষ্যকারগণসহ মোট ৮৪ টি কিতাবের নাম উল্লেখ করেছেন। নিম্নে কতিপয় ভাষ্যগ্রন্থের বিবরণ উপস্থাপন করা হলো:

১. **আল-মুসনাদুস সহীহুল মুসতাখরিজু ‘আলা সহীহ মুসলিম (المسند الصحيح المستخرج على صحيح مسلم)**: আবু বকর মুহাম্মদ ইবন মুহাম্মদ আল-ইসফাহানী (মৃত. ২৮৬ হি.) কৃত প্রাথমিক পর্যায়ে রচিত একটি উন্নত মানের মুসলিম শরীফের ভাষ্যগ্রন্থ।
২. **রিজালু সহীহ মুসলিম (رجال صحيح مسلم)**: আহমাদ ইবন আলী আল-ইসফাহানী (মৃ. ৪২৮ হি.) কর্তৃক প্রণীত সহীহ মুসলিম গ্রন্থের একটি মূল্যবান ভাষ্যগ্রন্থ।
৩. **মুখতাসারু মুসলিম (مختصر مسلم)**: আবু আবদুল্লাহ মুহাম্মদ ইবন আবদুল্লাহ (মৃ. ৫২৪ হি.) কৃত এ শরাহ গ্রন্থটি মুসলিম শরীফের অতি উন্নত মানের ভাষ্যগ্রন্থ।
৪. **আল-মুফহিমু ফী শারহি গরীবে মুসলিম (المفهم في شرح غريب مسلم)**: এ শরাহ গ্রন্থটি ইমাম ‘আব্দুল গাফির ইবন ইসমাঈল আল-ফারেসী (মৃ. ৫২৬ হি.) প্রণয়ন করেন। এ গ্রন্থে তিনি সহীহ মুসলিমের গরীব হাদীসের ব্যাখ্যা করেছেন।<sup>৭৬</sup>
৫. **আল-মু‘আল্লিমু ফী ফাওয়াইদি মুসলিম (المعلم في فوائد مسلم)**: আবু ‘আবদিল্লাহ মুহাম্মদ ইবন ‘আলী ইবন আবী তামীম আল-মাযারী (মৃ. ৫৩৬ হি./১১৪১ খৃ.) এ গ্রন্থটি রচনা করেন। এ শরাহ গ্রন্থটির হস্তলিপি প্যারিসের আল-মাকতাবাতুল কাবীর, ইস্তাম্বুলের আস-সুলাইমানিয়া, আহমাদ আস-সালিস গ্রন্থাগারে, কায়রো এর আল-আযহার এবং দারুল কুতুবিল মিসরিয়্যা গ্রন্থাগারে সংরক্ষিত আছে।<sup>৭৭</sup>
৬. **ইকমালুল মু‘আল্লিম ফী ফাওয়াইদি মুসলিম (إكمال المعلم في فوائد مسلم)**: এ গ্রন্থটি কাযী ‘আযয (মৃ. ৫৪৪ হি./১১৪৯ খৃ.) রচনা করেন। তিনি তাঁর এ গ্রন্থের মাধ্যমে ইমাম মাযারী প্রণীত **المعلم** গ্রন্থটিকে পূর্ণতা দান করেছেন।<sup>৭৮</sup> এ গ্রন্থের পাণ্ডুলিপি দাশেকের ‘মাকতাবাতুয যাহিরিয়্যাহ, তিউনিসিয়ার ‘জামিউ’ আয-যাযতুনিয়্যাহ সহ অন্যান্য গ্রন্থাগারে সংরক্ষিত আছে।
৭. **আল-মুফসিহুল মুফহিমু ওয়াল মুওযিহুল মুলহিমু লি মা‘আনিই সহীহ মুসলিম (المفصّل المفهم والموضح للمفهم لعاني)**: আবু ‘আবদুল্লাহ মুহাম্মদ ইবন ইয়াহইয়া আল-আনসারী (মৃ. ৬৪৬ হি.) রচিত মুসলিম শরীফের এ ভাষ্য গ্রন্থটি একটি উন্নত মানের শরাহ।
৮. **তালখীসু সহীহ মুসলিম (تلخيص صحيح مسلم)**: যিয়াউদ্দীন আবুল ‘আব্বাস আহমাদ ইবন ওমর আল-কুরতুবী (মৃ. ৬৫৬ হি.) বিরচিত মুসলিম শরীফের এ শরাহ গ্রন্থটি একটি অন্যতম ভাষ্যগ্রন্থ।
৯. **আল-মুফহামু লাম্মা আশকালান মিন তালখিসি কিতাবি মুসলিম (المفهم لما أشكل من تلخيص كتاب مسلم)**: এটি আবুল আব্বাস আহমাদ ইবন ‘ওমর ইবন ইবরাহীম আল-কুরতুবী (মৃ. ৬৫৬ হি./১২৫৮ খৃ.) কর্তৃক রচিত। ইমাম কুরতুবী র. সহীহ মুসলিম গ্রন্থের একটি সংক্ষিপ্ত সংস্করণ করে তারই এ ব্যাখ্যা গ্রন্থ রচনা করেছেন। তিনি এতে হাদীসের জটিল অংশের ব্যাখ্যা করেছেন, ইরারের সূক্ষ্ম দিকের বর্ণনা দিয়েছেন এবং হাদীসের দলীল গ্রহণের দিকগুলো আলোচনা করেছেন।<sup>৭৯</sup> তবে এ কিতাবের হস্তলিখিত পাণ্ডুলিপি দামেস্কের ‘আল-মাকতাবাতুস যাহিরিয়্যাহতে সংরক্ষিত আছে। এ ছাড়া হালব, কায়রো, রাবাত, বসরা ও মদীনা মুনাওয়্যারার গ্রন্থাগারেও এর পাণ্ডুলিপি জমা আছে। ইমাম নববী র. তাঁর শরাহ গ্রন্থে এ গ্রন্থ থেকে প্রচুর উদ্ধৃতি দিয়েছেন।<sup>৮০</sup>
১০. **আল-মিনহাজ শারহে সহীহী মুসলিম ইবনুল হাজ্জাজ (المنهاج شرح صحيح مسلم بن الحجاج)**: এটি ‘আল্লামা ইমাম আবু জাকারিয়া ইয়াহইয়া ইবন শরফুদ্দীন নববী (মৃ. ৬৭৬ হি.) কৃত শারহে মুসলিম। এ প্রসিদ্ধ শরাহ গ্রন্থটি অধিকাংশ মুসলিম দেশে সবচেয়ে ব্যাপক সমাদর ও প্রসার লাভ করেছে।
১১. **ইখতিয়ারাতু মিনাল মিনহাজি শারহে সহীহ মুসলিম ইবনুল হাজ্জাজ লিন নববী (إختيارات من المنهاج شرح صحيح مسلم بن الحجاج للنووي)**: এটি আবদুল্লাহ ইবন মুহাম্মদ আল-আনসারী (মৃ. ৭২৪ হি.) কৃত সহীহ মুসলিমের একটি উন্নতমানের ভাষ্যগ্রন্থ।
১২. **আর-রুবা‘ঈয়াতু মিন সহীহ মুসলিম (الرباعيات من صحيح مسلم)**: এ গ্রন্থটি আমীনুদ্দীন মুহাম্মদ ইবন ইবরাহীম (মৃ. ৭৩৫ হি.) কৃত রুবা‘ঈয়াত হাদীসের উপর একটি দুর্লভ গ্রন্থ।

১৩. ইকমালু ইকমালিল মু'আল্লিম (إكمال إكمال المعلم) : এ শরাহ গ্রন্থটি আবু 'আবদুল্লাহ মুহাম্মদ ইবন খালিফাহ আল-উশতানী আল-মালিকী (মৃ. ৭২৭ হি.) কৃত সহীহ মুসলিমের অন্যতম ভাষ্যগ্রন্থ। শরহে নববী, ইমাম মাযারী, আল্লামা কুরতুবী ও কাযী আযাজ কৃত গ্রন্থ থেকে এর মূল উপাদান সংগৃহীত হয়েছে।
১৪. মুকাম্মালু ইকমালি ইকমাল (مكمل إكمال إكمال) : এটি মুহাম্মদ ইবন ইউসুফ (মৃ. ৮৯২ হি.) রচিত একটি পরিপূর্ণ শরাহ গ্রন্থ।
১৫. আদ-দিবাজু 'আলা সহীহ মুসলিম ইবনুল হাজ্জাজ (الديباج على صحيح مسلم بن الحجاج) : এটি আল্লামা সুয়ুতী (মৃ. ৯১১ হি.) রচিত সহীহ মুসলিমের উপর একটি উন্নত মানের শরাহ গ্রন্থ।
১৬. 'ইনায়াতুল মিলকিল মুন'ঈম লি শারহে সহীহ মুসলিম (عناية الملك المنعم لشرح صحيح مسلم) : 'আবদুল্লাহ ইবন ইউসুফ আফিন্দী যাদাহ (মৃ. ১১৬৭ হি./১৭৫৩ খৃ.) সহীহ মুসলিমের একটি শরাহ গ্রন্থ রচনা করেন। এর একটি কপি ইস্তাবুলের মাকতাবাতু নুরে 'উসমানিয়া লাইব্রেরীতে সংরক্ষিত আছে। এছাড়া স্বয়ং গ্রন্থকার কর্তৃক স্বহস্তে লিখিত কপি আল-মাকতাবাতুল হামীদীয়াতে সংরক্ষিত আছে।<sup>১</sup>
১৭. আস-সিরাজুল ওহাজ মিন কাশফি মাছালিবি মুসলিম ইবনুল হাজ্জাজ (السراج الوهاج من كشف مثالب مسلم بن الحجاج) : নওয়াব সিদ্দিক হাসান খান ভূপালী (মৃ. ১৩০৭ হি./১৮৯০ খৃ.) কৃত শরাহটি দুই খণ্ডে সমাপ্ত।
১৮. ফাতহুল মুলহিমে বি শারহি সহীহ মুসলিম (فتح الملهم بشرح صحيح مسلم) : আল্লামা শিকরী আহমাদ দেওবন্দী ওসমানী (মৃ. ১৩৫৩ হি.) কর্তৃক প্রণীত এটি একটি উন্নতমানের ভাষ্যগ্রন্থ। ভারতবর্ষের সুরাটের ঢাবিল জামি'আ ইসলামিয়া মাদ্রাসার শায়খুল হাদীস এবং দারুল 'উলুম দেওবন্দের শায়খুল হাদীস মাওলানা শিকরী আহমাদ ওসমানী দেওবন্দী কৃত মুসলিম শরীফের শরাহটি যথেষ্ট বিস্তৃত। এটি চার খণ্ডে সমাপ্ত এবং বিজনোরের মদীনা প্রেস এবং জলন্ধরের ভানদা প্রেস থেকে এর বিভিন্ন খণ্ড প্রকাশিত হয়েছে।<sup>২</sup>
১৯. তাকমিলাতু ফাতহিল মুলহিম (تكملة فتح الملهم) : মুফতি মুহাম্মদ তকী ওসমানী কৃত এ গ্রন্থটি ছয় খণ্ডে সমাপ্ত এবং এটি পাকিস্তান থেকে প্রকাশিত হয়েছে।

#### উপসংহার

সহীহ মুলিম ইমাম মুসলিমের জীবনের সর্বশ্রেষ্ঠ অবদান। ইমাম মুসলিম সরাসরি উস্তাদগণের নিকট থেকে শ্রুত তিন লক্ষ হাদীস হতে যাচাই-বাছাই ও চয়ন করে তাঁর এ গ্রন্থখানি প্রণয়ন করেছেন। ইমাম মুসলিম কেবলমাত্র নিজের জ্ঞান-বুদ্ধি বিবেচনার উপর নির্ভর করেই কোন হাদীসকে সহীহ মনে করে তাঁর এ গ্রন্থে অন্তর্ভুক্ত করেননি বরং প্রত্যেকটি হাদীসের বিশুদ্ধতা সম্পর্কে সমসাময়িক অন্যান্য মুহাদ্দিসের নিকটও পরামর্শ চেয়েছেন এবং সমসাময়িক মুহাদ্দিসগণ যে হাদীসের শুদ্ধতা সম্পর্কে একমত হয়েছে, কেবলমাত্র সেই হাদীসই তিনি এ অমূল্য গ্রন্থে স্থান দিয়েছেন। ইসলামী শরী'আহর বহু বিষয় এ গ্রন্থখানাকে অবলম্বন করে নির্ধারিত হয়ে থাকে এবং যুগ যুগ ধরে এভাবে হতে থাকবে। তাই এ গ্রন্থটির বিভিন্ন বিষয় নিয়ে যত চর্চা হবে, মানুষ এ গ্রন্থ থেকে তত সঠিক ইসলামী শিক্ষা লাভে ধন্য হতে পারবে।

#### টীকা ও তথ্যনির্দেশ

- <sup>১</sup> শামসুদ্দীন আয-যাহাবী, *সিয়ারু আ'লামিন নুবালা*, ১২শ খণ্ড (বৈরুত: মুওয়াসাসাতুর রিসালাহ, ১৯৯৬ খৃ./১৪১৭ হি.), পৃ. ৫৭২; মুহাম্মদ আবু যাহ, মুহাম্মদ আবু যাহ, *আল-হাদীস ওয়াল মুহাদ্দিসুন* (বৈরুত: দারুল কুতুবিল 'আরাবী, ১৯৮৪ খৃ./ ১৪০৪ হি.), পৃ. ৩৫৬।
- <sup>২</sup> প্রাপ্ত।
- <sup>৩</sup> ড. সুবহী সালিহ, 'উলুমুল হাদীস ওয়া মুসতাহাছ (বৈরুত: দারুল 'ইলম লিল মালাইন, ১৯৮৪ খৃ.), পৃ. ৩৬৮।
- <sup>৪</sup> আবুল হাজ্জাজ ইউসুফ আল-মিযযী, *তাহযীবুল কামাল*, ১৮শ খণ্ড (বৈরুত: মুওয়াসাসাতুর রিসালাহ, ১৯৮০ খৃ./১৪০০ হি.), পৃ. ৭৩; ইবন খাল্লিকান, *ওয়াফয়াতুল আ'ইয়ান*, ৩য় খণ্ড (বৈরুত: দারুল 'ইয়াযিয়াত তুরাখিল 'আরাবী, ১৯৯৭ খৃ./১৪১৭ হি.), পৃ. ৯৯।
- <sup>৫</sup> *সিয়ারু আ'লামিন নুবালা*, ১২শ খণ্ড, প্রাপ্ত, পৃ. ৫৬৬- ৫৬৮; ইবন খাল্লিকান, *ওয়াফয়াতুল আ'ইয়ান*, ৫ম খণ্ড (বৈরুত: দারুল 'ইয়াযিয়াত তুরাখিল 'আরাবী, ১৪১৭ হি./১৯৯৭ খৃ.), পৃ. ১৯৪; খতীব আল-বাগদাদী, *তারীখু বাগদাদ*, ১৩শ খণ্ড, (বৈরুত: দারুল ফিকার, তা.বি.) পৃ. ১০১; শামসুদ্দীন আয-যাহাবী, *তাহযীবুল হফফায*, ২য় খণ্ড (বৈরুত: দারুল কুতুবিল 'ইলমিয়াহ, তা.বি.), পৃ. ৫৮৯।
- <sup>৬</sup> *The Encyclopaedia of Islam*, Vol. 3, (Leeden: E. J. Brill, 1971), p. 757.
- <sup>৭</sup> ইয়াহইয়া আন-নাবাবী, *তাহযীবুল আসমা ওয়াল লুগাত*, ১ম খণ্ড (বৈরুত: দারুল কুতুবিল 'ইলমিয়াহ, তা. বি.), পৃ. ১২২।
- <sup>৮</sup> সহীহ মুসলিম, *কিতাবুস সালাত*, বাবুত তাসাহুদ, ১ম খণ্ড (আল-মানসুরাহ, জামে' আল-আজহার : মাকতাবাতুল ঈমান, তা.বি.) পৃ. ৪১৭।
- <sup>৯</sup> **ছিকাহ** (ছিকাহ): হাদীসের যে বর্ণনাকারীর মধ্যে 'আদালত ও যাবত উভয় গুণ পূর্ণভাবে বিদ্যমান থাকে, তাকে ছিকাহ রাবী বলে। দ্রষ্টব্য: মুহাম্মদ আবুল ফাতাহ ভূঞা, *সহীহ মুসলিম শরীফ*, ১ম খণ্ড (বাংলা) (ঢাকা: মোহাম্মদী লাইব্রেরী, ১৯৯৩ খৃ.), পৃ. ২৫।
- <sup>১০</sup> ইমাম মুসলিম, *মুকাদ্দিমাহে নববী*, (আল-মানসুরাহ, জামে' আল-আজহার : মাকতাবাতুল ঈমান, তা.বি.) পৃ. ৫; উছমান ইবন 'আদিস সালাহ বি ইবনস সালাহ, *উলুমুল হাদীস* (বৈরুত: দারুল ফিকার, ১৯৮৬ খৃ./১৪০৬ হি.), পৃ. ২০।

- <sup>১১</sup> **মুহাম্মদ তকী ওসমানী:** মুহাম্মদ তকী ওসমানী ইসলামী আইন বিশারদ এবং আল-কুরআন, হাদীস, ইসলামী আইন, ইসলামী অর্থনীতি এবং তুলনামূলক ধর্মের ক্ষেত্রে শীর্ষ স্থানীয় পণ্ডিত। তিনি ১৯৭৭ সাল থেকে ১৯৮১ সাল পর্যন্ত ইসলামী আদর্শ পরিষদের সদস্য, ১৯৮১ থেকে ১৯৮২ সাল পর্যন্ত ফেডারেল শরীয়ত আদালতের বিচারক এবং ১৯৮২ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত পাকিস্তান সুপ্রিম কোর্টের শরীআহ আপিল বেঞ্চের বিচারক ছিলেন। ২০২০ সালে, তিনি বিশ্বের সবচেয়ে প্রভাবশালী মুসলিম ব্যক্তিত্ব হিসেবে নির্বাচিত হন। দ্রষ্টব্য: [en.wikipedia.org/wiki/Taqi\\_Usmani](http://en.wikipedia.org/wiki/Taqi_Usmani).
- <sup>১২</sup> *সিয়ারু আ'লামিন নুবালা*, ১২ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ৫৬৮।
- <sup>১৩</sup> জালাল উদ্দীন আস-সুয়ুতী, *তাদরীবুর রাবী*, ১ম খণ্ড (মিশর: দারু তাইয়েবা, তা. বি.), পৃ. ৩৭৮।
- <sup>১৪</sup> *তারীখু বাগদাদ*, ৩১শ খণ্ড, পৃ. ১০১; ওয়াফাতুল আ'য়ান, ৩য় খণ্ড, পৃ. ৯৯।
- <sup>১৫</sup> *সিয়ারু আ'লামিন নুবালা* ১২শ খণ্ড, পৃ. ৫৬৬; ইমাম নববী, *মুকাদ্দিমায় মুসলিম*, পৃ. ১৫।
- <sup>১৬</sup> জালাল উদ্দীন আস-সুয়ুতী, *তাদরীবুর রাবী*, ১ম খণ্ড, পৃ. ৩৭৮; নওয়াব সিদ্দিক হাসান, *আল-হিতাহ ফী যিকরিস সিহাহ সিভাহ* (বৈরুত: দারুল কুতুবিল 'ইলমীয়াহ, ১৪০৫ হি./১৯৮৫ খৃ.), পৃ. ২০২; ড. মুহাম্মদ সাব্বাগ, *আল-হাদীসুন নববী* (বৈরুত: আল-মাকতাবুল ইসলামী, ১৪০৬ হি./১৯৮২ খৃ.), পৃ. ৩৭৬-৩৭৭।
- <sup>১৭</sup> সামসুদ্দিন আয-যাহাবী, *সিয়ারু আ'লামিন নুবালা* ১২ খণ্ড, পৃ. প্রাগুক্ত, পৃ. ৫৬৬; ড. মুহাম্মদ 'উজাজ আল-খতীব, *উসুলুল হাদীস* (বৈরুত: দারুল ফিকার, ১৪০১ হি./১৯৮১ খৃ.), পৃ. ২০৭; জালালুদ্দীন আস-সুয়ুতী, *তাদরীবুর রাবী* (মিশর: মাকতাবাতুল কাহিরা, ১৯৫৯ খৃ./ ১৩৭৯ হি.), পৃ. ৩০।
- <sup>১৮</sup> **হ** ২০. ألف كتابه سنة ২০. দ্রষ্টব্য: হাজী খলীফাহ, *কাশফু য়ুনুন*, ১ম খণ্ড (বৈরুত: দারুল ফিকার, তা. বি.), পৃ. ৫৫৫।
- <sup>১৯</sup> ইমাম নববী, *মুকাদ্দিমায় মুসলিম*, পৃ. ১৪; তাকীয়ুদ্দীন আন-নদভী, *মুহাদ্দিসীনে 'ইয়াম* (করাচী: মাজলিশ-ই-নাশারাত-ই ইসলাম, ১৯৮২ খৃ.), পৃ. ১৪৪।
- <sup>২০</sup> **জামে':** যে গ্রন্থে হাদীসসমূহকে বিষয় অনুসারে সাজান হয়েছে এবং যাতে 'আকায়েদ, সিয়ার, তাফসীর, ফেতান, আদাব, আহকাম, রেকাক ও মানাকিব এ আটটি প্রধান অধ্যায় রয়েছে তাকে জামে' বলে। দ্রষ্টব্য: মাওলানা নূর মোহাম্মদ আ'জমী, *হাদীসের তত্ত্ব ও ইতিহাস* (ঢাকা: এমদাদিয়া লাইব্রেরী, ১৯৮৬ খৃ.), পৃ. ১৪।
- <sup>২১</sup> তাকী উদ্দীন নদভী, *মুহাদ্দিসীনে 'ইজাম* (আযম ঘাট: নশর ওয়া ইশাআত জামি'আহ ইসলামিয়াহ, ১৯৯৫ খৃ.), পৃ. ১৪২।
- <sup>২২</sup> প্রাগুক্ত।
- <sup>২৩</sup> **মুনাদ:** যে কোন রকমের হাদীসের সনদ সম্পূর্ণরূপে মুত্তাসিল অর্থাৎ যে হাদীসের সনদ রাসূল (সা.) পর্যন্ত পৌঁছেছে তাকে হাদীসে মুনাদ বলে। দ্রষ্টব্য: মাওলানা নূর মোহাম্মদ আ'জমী, *হাদীসের তত্ত্ব ও ইতিহাস*, প্রাগুক্ত, পৃ. ১৪।
- <sup>২৪</sup> সামসুদ্দিন আয-যাহাবী, *তায়কিরাতুল হুফফায়*, ২য় খণ্ড (বৈরুত: দারুল কুতুবিল 'ইলমীয়াহ, তা. বি.), পৃ. ৫৯০।
- <sup>২৫</sup> ইবন খাল্লিকান, *ওয়াফয়াতুল 'আয়ান*, ৩য় খণ্ড (বৈরুত: দারু সাদীর, তা. বি.), পৃ. ৯৯; *তারীখু বাগদাদ*, ১৩শ খণ্ড, পৃ. ১০১; *তাদরীবুর রাবী*, পৃ. ৪৯।
- <sup>২৬</sup> ইবনুস সালাহ, *উলুুল হাদীস* (হলন্ড: ১৯৩১ খৃ.) পৃ. ৪৯।
- <sup>২৭</sup> **মুত্তাসিল:** যে হাদীসের সনদের মধ্যে কোন স্তরে কোন বর্ণনাকারী বাদ পড়ে নাই অর্থাৎ সকল স্তরে সকল বর্ণনাকারীর নাম যথাস্থানে উল্লেখিত হয়েছে, তাকে হাদীসে মুত্তাসিল বলে। দ্রষ্টব্য: মাওলানা নূর মোহাম্মদ আ'জমী, *হাদীসের তত্ত্ব ও ইতিহাস*, প্রাগুক্ত, পৃ. ৬।
- <sup>২৮</sup> **আদেল:** যে ব্যক্তি 'আদালত' তথা ন্যায় নিষ্ঠার গুণে গুণান্বিত তাকে 'আদেল' বলা হয়। দ্রষ্টব্য: মুহাম্মদ আবুল ফাতাহ ভূঞা, *সহীহ মুসলিম শরীফ*, ১ম খণ্ড (বাংলা), প্রাগুক্ত, পৃ. ২৫।
- <sup>২৯</sup> **যাবেত:** যে বর্ণনাকারী স্বীয় শায়খ হতে যা কিছু শ্রবণ করেন, তা যথাযথ স্মৃতিতে রক্ষা করতে সক্ষম অর্থাৎ যাবত গুণে গুণান্বিত ব্যক্তিকে 'যাবেত' বলা হয়। দ্রষ্টব্য: মুহাম্মদ আবুল ফাতাহ ভূঞা, *সহীহ মুসলিম শরীফ*, ১ম খণ্ড (বাংলা), প্রাগুক্ত, পৃ. ২৫।
- <sup>৩০</sup> **শুযু:** শুযু শব্দটি বহুবচন, এর একবচন হচ্ছে শায়। হাদীস বিশারদগণের পরিভাষায় 'শায়' এমন হাদীসকে বলা হয় যা নির্ভরযোগ্য রাবীর বর্ণিত হাদীসের বিরোধী হয়। যদি উক্ত হাদীসের রাবী নির্ভরযোগ্য না হয় তা হলে হাদীস গ্রহণযোগ্য নয়। আর যদি নির্ভরযোগ্য হয় তা হলে তাকে তার বিপরীত বর্ণনাকারীর সাথে হাদীসের সংরক্ষণ করা, মুখস্ত করা ও অন্যান্য দিক দিয়ে তুলনা করা হবে। তন্মধ্যে যে বর্ণনাকারী প্রাধান্য পাবে, তার হাদীসকে 'মাহফুয' আর অপ্রাধান্য রাবীর হাদীসকে 'শায়' বলা হবে। দ্রষ্টব্য: মুহাম্মদ আবুল ফাতাহ ভূঞা, *সহীহ মুসলিম শরীফ*, ১ম খণ্ড (বাংলা), প্রাগুক্ত, পৃ. ৩০।
- <sup>৩১</sup> **ঈলাল:** হাদীসে এমন কোন দোষ-ত্রুটি ইত্যাদি বিদ্যমান থাকে যাকে কোন শ্রেষ্ঠ হাদীস বিশেষজ্ঞ ব্যতীত তা ধরতে পারে না। হাদীসে বিদ্যমান এই প্রকার সূক্ষ্ম দোষ-ত্রুটিকে ঈলাল বা ইল্লাত বলা হয়। এ ধরনের ইল্লাত হাদীসের ক্ষেত্রে একটি মারাত্মক দোষ। দ্রষ্টব্য: মুহাম্মদ আবুল ফাতাহ ভূঞা, *সহীহ মুসলিম শরীফ*, ১ম খণ্ড (বাংলা), পৃ. ৩০।
- <sup>৩২</sup> *সহীহ মুসলিম, কিতাবুস সালাত, বাবুত তাহাজ্জুদ*, ১ম খণ্ড, পৃ. ৪১৭।
- <sup>৩৩</sup> ইমাম মুসলিম ইবনুল হাজ্জাজ, *মুকাদ্দিমায় সহীহ মুসলিম* (করাচী: মাতবা'আহ নূর মোহাম্মদ, ১৩৭৫ হি.), পৃ. ০২।
- <sup>৩৪</sup> *মুকাদ্দিমায় শরহে নববী*, পৃ. ১৫।
- <sup>৩৫</sup> প্রাগুক্ত।
- <sup>৩৬</sup> মুহসিন আল-জাবির, *ফাতহুল মুফহিম ফি শরহে মুসলিম*, ১ম খণ্ড (ঢাকা: আনোয়ার লাইব্রেরী, ২০২১ খৃ.), পৃ. ৬৫।
- <sup>৩৭</sup> প্রাগুক্ত।
- <sup>৩৮</sup> মুহসিন আল-জাবির, *ফাতহুল মুফহিম ফি শরহে মুসলিম*, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ৬৫।
- <sup>৩৯</sup> প্রাগুক্ত।
- <sup>৪০</sup> **মুনকাতি':** যে হাদীসের সনদের ধারাবাহিকতা রক্ষিত হয়নি। মাঝখানের কোন বর্ণনাকারী যদি উহা বা বাদ হয়ে থাকে, তবে তাকে মুনকাতি' হাদীস বলে। দ্রষ্টব্য: মাওলানা নূর মোহাম্মদ আ'জমী, *হাদীসের তত্ত্ব ও ইতিহাস*, প্রাগুক্ত, পৃ. ৬; মুহসিন আল-জাবির, *ফাতহুল মুফহিম ফি শরহে মুসলিম*, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ৬৭।
- <sup>৪১</sup> **মুদাল্লাস:** যে হাদীসের বর্ণনাকারী হাদীসের সনদে স্বীয় গুস্তাদের নাম উল্লেখ না করে গুস্তাদের উপরস্থ কোন শায়খের (বর্ণনাকারীর) নাম উল্লেখ করে এভাবে হাদীস বর্ণনা করেছেন যাতে বোঝা যায় যে, তিনি উল্লিখিত উপরস্থ শায়খের নিকট হাদীস শ্রবণ করেছেন। অথচ প্রকৃত অবস্থা এই যে, তিনি উপরস্থ শায়খের নিকট হতে হাদীস শ্রবণ করেননি। এরূপ করাকে 'মুদাল্লাস' বলা হয়। আর এ প্রকারের বর্ণিত হাদীসকে 'মুদাল্লাস' বলা হয়। দ্রষ্টব্য: মাওলানা নূর মোহাম্মদ আ'জমী, *হাদীসের তত্ত্ব ও ইতিহাস*, প্রাগুক্ত, পৃ. ৭; মুহাম্মদ আবুল ফাতাহ ভূঞা, *সহীহ মুসলিম শরীফ*, ১ম খণ্ড (বাংলা), প্রাগুক্ত, পৃ. ২৫।

- ৪২ প্রাগুক্ত।
- ৪৩ মুহসিন আল-জাবির, ফাতহুল মুফহিম ফি শরহে মুসলিম, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ৬৭।
- ৪৪ প্রাগুক্ত।
- ৪৫ প্রাগুক্ত।
- ৪৬ মুহসিন আল-জাবির, ফাতহুল মুফহিম ফি শরহে মুসলিম, ১ম খণ্ড, পৃ. ৬৮।
- ৪৭ প্রাগুক্ত।
- ৪৮ সিয়াকু 'আলামিন নুবালা' ১২ খণ্ড, প্রাগুক্ত, পৃ. ৫৬৬।
- ৪৯ প্রাগুক্ত।
- ৫০ আন-নুকাহু 'আলা কিতাবি ইবনিস সালাহ, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ২৯৬; তাদরীবুর রাবী, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ১০৪।
- ৫১ আন-নুকাহু 'আলা কিতাবি ইবনিস সালাহ, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ২৯৬।
- ৫২ এ. ই. ওয়ানসাক, অনুবাদ ও তাহকীক: ফুয়াদ আব্দুল বাকী, মফতাহ কুন্যিস সুন্নাহ (কাহেরা: দারুল হাদীস, ১৯৯৭ খৃ.), পৃ. ৫০।
- ৫৩ তাদরীবুর রাবী, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ১০৪।
- ৫৪ Dr. Muhammad Zubayer Siddiqi, *Hadith Literature* (Calcutta : Calcutta University, 1961), P. 99.
- ৫৫ শারহুন নববী মাতবু' মাআস সাহীহ, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ১৫।
- ৫৬ ফাতহুল মুলহিম, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ২৭৮।
- ৫৭ মুহাম্মদ ইউসুফ ইবন সাইয়েদ মুহাম্মদ জাকারিয়া আল-হুসাইনী বিল্লৌরী, মা' আরিফুস সুন্নাহ, ১ম খণ্ড (লাহোর: আল-মাতব'আতিল 'আরাবিয়াহ, ১৩৮৩ হি.), পৃ. ১৮।
- ৫৮ মুহসিন আল-জাবির, ফাতহুল মুফহিম ফি শরহে মুসলিম, ১ম খণ্ড, পৃ. ৬৩।
- ৫৯ মুহাম্মদ মুরতাদী আয-যুবাযদী, মুকাদ্দিমায়ে তাজুল উরুস, ১ম খণ্ড, (বৈরুত: মানসুরাতু দারী মাকতাবাতিল হায়াত, তা. বি.), পৃ. ১৪।
- ৬০ মোল্লা 'আলী আল-কারী, মিরকাতুল মাফাতীহ, ১ম খণ্ড (দেওবন্দ: মাকতাবাতুন নুরিয়াহ, ১৩৮৬ হি./১৯৬৬ খৃ.), পৃ. ১৭।
- ৬১ মুহসিন আল-জাবির, ফাতহুল মুফহিম ফি শরহে মুসলিম, ১ম খণ্ড, প্রাগুক্ত, পৃ. ৬৩।
- ৬২ আল-হিত্তাহ, পৃ. ৭২; ফাতহুল মুলহিম, ১ম খণ্ড, পৃ. ২৯৪।
- ৬৩ মারফু: যে হাদীসের সনদ পরম্পরায় রাসূল (সা.) পর্যন্ত পৌঁছেছে অর্থাৎ রাসূল (সা.) থেকে সংকলনকারী পর্যন্ত সনদের ধারাবাহিকতা সুরক্ষিত থাকে। মধ্যখান থেকে কোন বর্ণনাকারীর নাম বাদ পড়ে। এই প্রকারের হাদীসকে 'হাদীসে মারফু' বলা হয়। দ্রষ্টব্য: মাওলানা নূর মোহাম্মদ আ'জমী, হাদীসের তত্ত্ব ও ইতিহাস, প্রাগুক্ত, পৃ. ৭; মুহাম্মদ আবুল ফাতাহ ভূঞা, সহীহ মুসলিম শরীফ, ১ম খণ্ড (বাংলা), প্রাগুক্ত, পৃ. ২৫।
- ৬৪ মুহসিন আল-জাবির, ফাতহুল মুফহিম ফি শরহে মুসলিম, ১ম খণ্ড (ঢাকা: আনোয়ার লাইব্রেরী, ২০২১ খৃ.), পৃ. ৬৩।
- ৬৫ ইবনুস সালাহ, সিয়ানাতি সহীহ মুসলিম (বৈরুত: দারুল গারব আল-ইসলামী, ১৪০৮ হি.), পৃ. ৮৫।
- ৬৬ যন: কোন বিষয় শুনিবা মাত্র যদি তাতে দৃঢ় বিশ্বাস সৃষ্টি হয় না বটে তবে বিশ্বাসের পাল্লা যদি ভারী হয় তবে তাকে আরবী ভাষায় 'যন' বা 'গালিবুর রায়' বলা হয়। দ্রষ্টব্য: মুহাম্মদ আবুল ফাতাহ ভূঞা, সহীহ মুসলিম শরীফ, ১ম খণ্ড (বাংলা), প্রাগুক্ত, পৃ. ২৫।
- ৬৭ মুকাদ্দিমাতু ইবনিস সালাহ, প্রাগুক্ত, পৃ. ৪১-৪২; ইকমালুল মু' আল্লিম, প্রাগুক্ত, পৃ. ৩৬; আল-মুকাদ্দিমাতু লিল ইমামিন নববী, প্রাগুক্ত, পৃ. ১৪।
- ৬৮ ইমাম নববী, মুকাদ্দিমাহ, প্রাগুক্ত, পৃ. ১৪।
- ৬৯ কাযী আযায, ইকমালুল মু' আল্লিম বিফাওয়ায়েদি মুসলিম, তাহকীক: ইয়াহইয়া ইসমা'ঈল (মিশর: দারুল ওয়াফায়া, ১৯৯৮ খৃ./১৪১৯ হি.), পৃ. ২৬।
- ৭০ ইমাম মুসলিম, শরহ মুসলিম, পৃ. ১৫; মুহসিন আল-জাবির, ফাতহুল মুফহিম ফি শরহে মুসলিম, ১ম খণ্ড, পৃ. ৬৭; মাওলানা মুহাম্মদ হানীফ গানগুহী, যাকরুল মুহাসিলীন বি আহওয়ালিল মুসান্নিফীন (দেওবন্দ: হানীফ বুক ডিপো, ১৯৯৬ খৃ.), পৃ. ১৪৬।
- ৭১ তা'লীক : কোন কোন গ্রন্থকার হাদীসের পূর্ণ সনদ বাদ দিয়ে কেবল মাত্র মূল হাদীসটি বর্ণনা করেছেন। এরূপভাবে হাদীস বর্ণনা করাকে 'তা'লীক' বলা হয়। ইমাম বুখারী (র.) এর সাহীহ বুখারী নামক হাদীস গ্রন্থে বহু তা'লীক হাদীস রয়েছে। কিন্তু তার উল্লেখিত সমুদয় তা'লীক হাদীস মুত্তাসিল হাদীসের পর্যায়ভুক্ত। আর বিশ্লেষণে দেখা গিয়েছে যে ইমাম বুখারীর (র.) সকল তা'লীকেরই মুত্তাসিল সনদ রয়েছে। অধিকন্তু অন্যান্য সংকলনকারীগণ এ সকল হাদীস তাদের গ্রন্থে মুত্তাসিল সনদ দ্বারা বর্ণনা করেছেন। দ্রষ্টব্য : মুহাম্মদ আবুল ফাতাহ ভূঞা, সহীহ মুসলিম শরীফ, ১ম খণ্ড (বাংলা), প্রাগুক্ত, পৃ. ২৮।
- ৭২ খলীল ইবরাহীম মোল্লা খাতের, মাকানাতুস সহীহায়ন (আল-কাহেরা: আল-মাতব'আতুল 'আরাবিয়াতিল হাদীসাহ, ১৪০৬ হি.), পৃ. ৯১।
- ৭৩ মাওলানা তকীউদ্দীন নদভী, মুহাদ্দিসীনে 'ইজাম, (লন্ডো: মাকতাবাতু দারুল 'উলুম নদওয়াতুল 'উলামা, ১৯৯৫ খৃ.), পৃ. ১৪৬-১৪৮।
- ৭৪ মাওলানা মুহাম্মদ হানীফ গানগুহী, যাকরুল মুহাসিলীন বি আহওয়ালিল মুসান্নিফীন, পৃ. ১৪৫।
- ৭৫ আল-হাদীসুন নববী, পৃ. ৩৭৭।
- ৭৬ মুহসিন আল-জাবির, ফাতহুল মুফহিম ফি শরহে মুসলিম, ১ম খণ্ড, পৃ. ৬৯।
- ৭৭ তারীখুত তুরাখিল 'আরাবী, ১ম খণ্ড, পৃ. ২৬৪-২৬৫; কাশফুয যুনুন, ১ম খণ্ড, পৃ. ৫৫৭; তারীখুল আদাবিল 'আরাবী, ৩য় খণ্ড, পৃ. ১৮০।
- ৭৮ তারীখুত তুরাখিল 'আরাবী, ১ম খণ্ড, পৃ. ২৬৫; কাশফুয যুনুন, ১ম খণ্ড, পৃ. ৫৫৭।
- ৭৯ প্রাগুক্ত।
- ৮০ ইমাম মুসলিম, শরহ নববী, পৃ. ১৩১।
- ৮১ তারীখুত তুরাখিল 'আরাবী, ১ম খণ্ড, পৃ. ২৭০; তারীখুল আদাবিল 'আরাবী, ৩য় খণ্ড, পৃ. ১৮৩।
- ৮২ মাওলানা মুহাম্মদ হানীফ গানগুহী, যাকরুল মুহাসিলীন বি আহওয়ালিল মুসান্নিফীন, পৃ. ১৪৭।